পতঞ্জলি শ্রণীত ব্যাকরণ-মহাভাষা

পস্পণাহ্নিক

বঙ্গানুবাদ বিরতি ও পাদটীকা-সমন্বিত

অন্বাদক ও সম্পাদক দণ্ডিস্বামী দামোদর আ্প্রম কলিকাতা জ্যৈষ্ঠ ১৩৫১ প্রকাশক:—
দণ্ডিস্বামী দামোদর আশ্রম
দক্ষিণেশ্বর রাম ফুফসজ্ঞ আত্তাপীঠ, কলিকাভা— ৭৬

শ্রান্তিস্থান

সংস্কৃত পু**ন্ত**ক ভাণ্ডার

ফ নং বিধান সরণি, কলিকাত। ২০০০৬ ২। হাছাপ্রীঠ

মুন্ত্রণ:—

শ্রীঅরুণ রারণ

শ্রীকমলা প্রিন্টিং ওয়ার্কন্

৫৪।১বি শ্রামপুক্র ষ্ট্রীট্
কলিকাতা— ৭০০০৪

বিষয়সূচিক।

			পৃষ্ঠা
ব্যাকরণাধ্যয়নের প্রয়োজন	•••	•••)—.¢@
য়াকরণাধ্যয়নের আ মু যবিক প্রয়োজন	•••	•••	e9-309
*ৰাহ্শা গনের কর্তব্যতা	•••	•••	300-389
, শন্ধোপদেশের কর্তব্যতার প্রকার	•••	•••	>8৮ ÷७२
পদের অর্থ	•••	•••	365364
শব্বের নিত্যত্ব ও কার্বত্ব		•••	>4p>
শস্বার্থসম্বন্ধের নিত্যত্ত	•••	•••	393-366
জাতি ৭ ব্য ক্তির পদার্থত্ব	, <u>.</u> *	•••	³►9— २ ०১
অনাদি ব্যবহার ধারা শস্তার্থসম্বনতাতা	•••		507-50 4
ব্যাকরণশাল্তে ধর্মনিয়ম	•••	••	२०१—२১৮
শবের অপ্রযুক্তত্বের আক্ষেপ ও সমাধান	•••	•••	₹ ⟩> —₹ ७ ७
শব্দের জ্ঞান ও প্রয়োগের ধর্মজনকতা	•••	•••	208-245
ব্যাকরণশব্দের অর্থ	•••		3 67—543
বর্ণোপদেশের প্রয়োজন	•••	•••	545—597

উপক্রসপিকা

জগদ্ওকনবরত্বমালান্তব, বতিদার্বজোমোপহার, বালমনোরমা, নটরাজ্বর, নটেশবিজ্ঞয়, পাতঞ্জলবিজয় প্ণ্যলোকমঞ্জরী প্রভৃতি গ্রন্থ থেকে প্রাচীন ইতিহাস এইরপ জান। যায়। প্রাচীন কালে 'পণী' নামেএক মুনি ছিলেন। তিনি 'পাণিন' ৰীমক এক প্ত্ৰুলাভ করেন। পণী মৃনি তার পুত্র 'পাণিনকে' দক্ষের কন্তার সঙ্গে বিহাহ দেন। কালক্রমে দাক্ষীর গর্ভে পাণিনের এক পুত্র জন্মগ্রহণ করে। সেই পুত্রের নাম হয় পাণিনি। তিনি কার্তিকের মত রূপবান ছিলেন। পাণিনি কঠোর তপশ্চরণ করেন। তাঁর কঠোর তুপস্যায় সন্থষ্ট হয়ে মহানেব তাঁর সন্মুখে আবিভূতি হয়ে নিজ হতে ভিত ভীষণতে চতুর্দশবার দণ্ডাঘাত করেন। পাণিনি **म्**नि भक्तम्रहत शाकत्रन कतरा हेष्डूक, द्विलान। महाराग्दर्व ठाउूम्नतात ভমঙ্গুনি জনিত ১৪টি স্ত্রকে তিনি ব্যাকরণ্শান্তের আদিস্ত্র করে মহাদেবের **অফগ্রহে তাথেকে স্ত্রসমূহ র**চনা পূর্বক শব্দ সমূ**হের** ব্যাকরণ কর**লে**ন। ভাবপর কাত্যায়ন মূনি মহাদেবের কঠোর তপদ্যা করে পাণিনি হুত্তের পদার্থের বোধকরপে বার্তিকগ্রন্থ রচনা করেন। কোন একসময়ে ভগবান্ বিষ্ণু তাঁর मधाक्ति (सव नागरक [अनन्छ नाग] तरलन आमि अकतात्र महाराहरत्व नृष्ठाः দর্শন করেছিলাম; সেই নৃত্য শারণ করে আমার প্রথম আনন্দ হচ্ছে, আনন্দে আমার শরীরের ভার অভিশয় বৃদ্ধিপ্রাপ্ত হয়ে গেছে, তুমি আমাকে বহন করছ, তোমাত খ্ব কষ্ট হয়েছে। আর তুমি দীর্ঘ কাল আমাকে বহন করেছ, তুমি মহা-দেবের নৃত্যুদর্শন কর, তোমার পুত্র তখন আমাকে বছন কররে। তুমি তপক্তা কর,তপশ্যায় সম্ভষ্ট হলে মহাদেব তোমাকে দৰ্শ্বন দিবেন এবং তাঁর মৃত্য তোমাকে দর্শন করাবেন। আর তুমি পাণিনি স্তক্তের ছক্তহ বার্তিকের উপর ভায়ত্রচনা কর। মহাদেব সম্ভপ্ত হয়েই তোমকে ভাষ্যরচনায় নিযুক্ত করবেন। এইভাবে **७**भवात्नव कथाय जाननिष्ठ इत्य क्ष्मिणि अशाम्तिव नृष्ठा पर्मन, भानत्य अवः তাঁর নিয়োগ পাবার অভিপ্রায়ে পৃথিবীতে নিজের অবভরণের যোগ্য মৃনিবংশ 'ব্দৰেষণ করতে লাগলেই। তথন পৃথিবীতে গোণিকা নামী ছতি গুণবজী

এক রমণী পুজের প্রাপ্তির উদ্দেশ্তে দাকণ তপস্তার কালাভিবাহন করছিলেন 🛭 একদিন সেই রমণী স্থাদেবকে অর্ঘ্য দিবার জন্ত অঞ্চলি পুটে পবিত্র জল গ্রহণ্ড करत हकः नियोगन्भूर्वक चामिरछात धान कतर्छ नाभरमन; यस यस আদিত্যের নিকট প্রার্থনা করলেন—'হে আদিত্যদেব! আমাকে বিধান্ পুত্র প্রদান করুন।' তথন আদিত্যের আদেশে নিযুক্ত হয়ে ফণিপতি সেই बम्भीत चक्रित क्लान मरा अविष्टे श्लान। जातभत यथन स्मर्हे 'शानिका' রমগী সুর্যের উদ্দেশ্যে অঞ্জলির জল নিঃক্ষেপ করলেন তথন সেই জল থেকে ষণিপতি তপন্থীর আঞ্চতিরূপে পতিত হলেন। তথন গোণিকাদেবী আনন্দিতা হয়ে, আমার প্রণ্যের ফলে অগ্নির মত তেজমী আমার পুত্র প্রাত্ত্তি হয়েছে বলে পুত্তের মন্তক আদ্রীণ করলেন। পুত্ত জ্বনীকে প্রণাম করলেন, প্রণাম করার সময় জনুনী 'অঞ্চলি থেকে পতিত হয়েছে' বলে পুত্তের নাম পতগুলি রাখলেন এবং প্রুদ্রকে সেই নাম ওনিয়ে দিলেন। পুত পতঞ্লি জননীকে প্রণায় করে পললেন-মা-জামি আপনার নিকট আসব, এখন তপস্তায় যাচিছ। এই বলে পুত্র তেপস্তার জ্বন্ত চলে গেলেন এবং ছম্বর তপস্তা করতে লাগলেন। তাঁর তপস্তার প্রসন্ন হয়ে মহাদেব-উমার সহিত বুষভে আবো*হ*ণ করে, পতঞ্চলির সমুখে আবিভৃতি হলেন। আবিভৃতি হয়ে বললেন—হে শেষ ! আমি তোমার তপশ্যায় সম্ভষ্ট হয়েছি, তোমাকে বর দিবার জন্ম এসেছি, ভূমি বর চাও। ফণিপতি মহাদেবের কথায় প্রথমে পাণিনি হত্ত্ব ও বার্তিকের উপর ভাষ্যরচনার পটুতাবর প্রার্থনা করে মহাদেবের নৃত্যদর্শন করবার বোগ্যতা প্রার্থনা করলেন্। তথন মহাদেব তাঁকে তথাস্থ বলে বর প্রদান করে বললেন বংস ফলিপতে। তুমি এই বনপথে চিদম্বরক্ষেত্রে গমন কর। আমি ভোমাকে সেখানে আমার নাট্যলীলা সন্দর্শন করাব। এই কল্পা বলে মহাদেব অন্তর্হিত্ব হয়ে গেলেন। তথন পতঞ্চলি মহাদেবের নাট্যদর্শনলোভে চিদৰরে উপস্থিত হয়ে ইন্দ্রের আঞ্চায় বিশ্বকর্মাকর্তৃক রচিত মহাদেবেঁর নাটো প্রোগী স্বর্ণময় সভা সন্দর্শন করলেন। তারপর দেখলেন মহাদেব বুষ থেকে অবতরণ করে সেধানে উপস্থিত হলেন। মহাদেব রূপাপুর্বক পতঞ্চলিকে এবং ব্যাত্রপাদ নামক অপর ঋষিত্ব দিব্যচক্রদান করে বললেন, ভোমরা দেবতা মহাদেব্রের নৃত্যদর্শন করে ধন্ত হলেন। তারুপর পতঞ্চলি জগতের

উপকারের জন্ম পাণিনিস্ত্ত ও বার্তিকের উপর মহাভান্ম রচনা করলেন। তথন হাজার হাজার ছাত্র সেই ভাষ্য পড়বার জ্বন্য পতঞ্জলির কাছে উপস্থিত হলেন। বজ্ঞাল তথন একটা যবনিকার মধ্যে থেকে হাঞ্চার হাঞ্চার ছাত্তকে নিজের সহস্রম্থে ভাষ্য পড়াতে লাগলেন এবং বললেন ;় তোমরা আমার এই পর্দা উঠাবে না বা এর মধ্যে আমাকে দেশবার চেষ্টা করবে না। পাঠের পূর্বে এবং শেষে শান্তিমন্ত্র উচ্চারণ করে ভান্ত পড়াভেন,। শিন্তোরা এইভাবে পডছিল। একদিন শিষ্যদের বিশায় হল, গুরুদেব কি করে একম্থে যুগপৎ আমাদের সকলকে, ভায় পদান। শিষ্যেরা কৌতৃহল বশত পদা উঠিয়ে পঁতঞ্জলির সহক্ষেণা সমন্বিত সর্পরূপ যেই দেখেছে, অমনি পতঞ্জলির দৃষ্টিমাত্ত্ তাঁর। ভন্মীভূত হয়ে গেল। একশিষ্য সেই সময় বাহিরে গিয়েছিল, সে ফিরে এসে দেখে সতীর্থের। ভশ্মীভূত। তথন সে পতঞ্জলিকে বুলুল প্রভু আমি পদ। উঠাই নাই। আমি বাহিরে সিমেছিলাম তথন পঠগুলি বললেন কেন তুমি শান্তিমন্ত্র শেষ হবার পূর্বে আমাকে না বলে বাহিরে গ্রিছেলৈ— ভূমি রাক্ষ্য হও। তথন দে অনেক অঞ্চনয় বিনয় করে পতঞ্জলিকে প্রসন্ধ করলে পতঞ্জলি বললেন—আমার কথা অন্তথা হবে না। তবে তৃমি পণ্ডিতদের জিজাদা করবে পচ্ধাতুর ক্ত প্রত্যায়ে কি,রূপ হয়। যথন কোন লোক 'পক' এইরূপ প্রকৃত উত্তর দিবে, তথন তুমি রাক্ষদ থেকে মৃক্ত হবে— এবং তুমি আমার এই মহাভাষ্য জগতে প্রচার করবে—এই বলে পতঞ্জলি অন্তহিত হলেন।

তারপর পতঞ্জলি গোনদাথ্য দেশে গিয়ে জননী গোণিকাকে প্রণাম করলেন। কিছুকাল পরে তাঁর জননী স্বর্গারোহণ করলেন। তথন পতঞ্জলি কিছুকাল নিজ দেশে বাস করলেন। এদিকে পতঞ্জলির সেই প্রিয়া রাক্ষস হরে এক বটগাছে বাস করল। সেই বটগাছের প্রাস দিয়ে যে যায় তাকে রাক্ষস জিজ্ঞাসা করত পচ্ধাতুর ক্ত প্রত্যয়ে কিরপ হবে। কেউই ঠিক উত্তর বলতে পারতো না। অনেকে 'পচিতম্' এই উত্তর করতে। যারা 'পচিতম্' উত্তর করতো রাক্ষস তাদের থেয়ে ফেলত। এইভাবে বছদিন যাওম্বার পর এক বান্ধণ সেই বটগাছের নিকট দিয়ে যাজ্ঞিল। রাক্ষস তাঁকে জিজ্ঞাসা করল পচধাতুর ক্ত প্রত্যয়ে কিন্ধণ হবে। সেই বান্ধণ তাডাতাডি বলে কেললেন

"পক্ষ্"। ব্রাহ্মণের এই উত্তর শুনে রাহ্মস আনন্দে বটগাছ থেকে নেমে এল। জার খুব আনন্দ হল। সে বুঝলো আমার শাপ শেষ হয়ে গেল। এই মনে করে সে বান্ধণকে বলল, আপনি কে? কিজ্জাই বা এখান দিয়ে যাচ্ছিলেন। আপনি আমার নিকট ফুণি ভায় অধ্যয়ন ককন। রাক্ষস এই কথা বললে— সেই ব্রাহ্মণ বললেন আমার নাম চক্রশর্মা' আমার বাসস্থান উচ্চ্ছদ্বিনীতে। ইা আপন্মর নিকট°ফণিভাগ্য অধ্যয়ন করব। রাক্ষস শুনে সম্ভুষ্ট হলেন। ব্রাহ্মণ শুদ্ধ হয়ে ভোজন ও নিদ্রা ত্যাগ করে চুইমাদকাল নিরন্তর রাক্ষসের কাছণেকে সমগ্র ফণিভাষ্য শুনলেন। ব্রাহ্মণ প্রতিদিন যতটা শুনতেন, সেটা বটপাতায়, নিব্দের নথের বারা নিধে রাথতেন। অনস্তর রাক্ষ্স, রাক্ষ্সস্থরীর পরিত্যাস করে দিব্যমূর্ভি ধারণ করলেন এবং ব্রাহ্মণকে বললেন তুমি স্থথে পৃথিবীতৈ রিচরণ করে এই ফণিভাষ্য প্রচার কর। এই কথাবলে দেই পতঞ্জলি শিষ্য হিমালয়ে এনে বর্গমন করলেন এবং দিব্যদেহে ওক্ষ্নির শিষ্য গৌডপাদাচার্য হঙ্গেন। এদিকে সেই চক্রশর্মা ব্রাহ্মণ নথলিখিত 'বটপাতাগুলি নিয়ে বনের मर्था मिरम निरमद रमर्ग फिरद रिगर नागरनन। दाखात्र रगरा रगरा भरत এক স্থন্দর নদী দেখে-দেই নদীর জ্বলপান করে দেই নদীর তীরন্থিত এক বুক্ষমূলে বল্পের মধ্যে বটপাতাগুলি বেঁধে, সেট। মাথায় দিয়ে শ্রম দূরকরার জন্য **ওয়ে পডলেন। শোধামাত্রই নিদ্রাভিভৃত হ**য়ে পডলেন। ত**খ**ন এক বৎস [বাছুর] খাদ্য মনে করে তাঁর মাথার নীচেথেকে দেই কাপডে বাঁধা বটপাতা-গুলি টেনে নিয়ে থেতে আরম্ভ করছে; এমন সময়ে ব্রাহ্মণের নিদ্রাভঙ্গ হওয়ায় তিনি তাড়াতাডি বাছুরের মুখ থেকে সেই বট পাতাগুলি টেনে নিলেন। নিয়ে দেখলেন কিছু কিছু লেখা বটপাতায় সেই বাছুৱের দাত সংযুক্ত হওযায কিছু কিছু অক্ষর বিকল হয়ে গেছে। তারপর সেই ব্রাহ্মণ চলতে চলতৈ সিদ্ধ্ নদীর তীরে উপস্থিত হলেন, সেথানে তিনি ক্ষ্ধার্ত অবস্থায় ক্লান্ত হয়ে **উপবেশন করলেন। তথন এক ক**ন্তা তাঁকে নবনীত ভক্ষণ করতে দিলেন এবং বললেন আমাকে কোন তপস্বী বলেছেন, আমার সলে আপনার বিবাহ ছবে। স্বতরাং আপনি আমাকে গ্রহণ করুন ইত্যাদি। তারপর সেই কন্তার সহিও তার বিবাহ হলো। সেই কন্তার গর্ভে তার দেবোপম পুত্র হলো। কোন একসময় সেই ব্রাহ্মণ বটপাতায় লিখিত সেই ভায়পঙ্জিগুলি মেলাবার ৰস্ত সেওলিকে 'বের করে দেখতে লাগলেন, মাঝে মাঝে বংসকর্ত্ ক ভব্দিত হুপ্রায়, তিনি সেই সেই স্থানে বেডা পাঠ বলে লিখে রাখলেন। এইজন্ত শোনা যায় মহাভাষ্যের স্থানে স্থানে পাঠ মিলে না।

তারপর সেই চক্রশর্মা আহ্মণ সংসার ত্যাগ পূর্বক চতুর্থাশ্রমে গোডপাদা-চার্বের শিষ্যত গ্রহণ করে গোবিন্দপাদ নামে খ্যাত হৈলে। এই গোবিন্দ-পালের শিষ্য হচ্ছেন ভগবান্ শঙ্করাচার্ঘ। বিভারণ্য মুনির মতে ভগবান্ শঙ্কসাচার্য পতঞ্জলি মুনির শিষ্য।

ভূমিকা

নব্যমতাবলম্বীদের মতে পাণিনি, কাত্যায়ন, যাস্ক প্রভৃতি শন্ধ গ্রন্থকারগণের ব্যক্তিগত নাম নয়। প্রাচীনকালে এই সকল শন্ধ বংশের পরিচায়করপে ব্যবস্থত হয়ে গ্রন্থকারগণেরও নামরপে প্রচলিত হোত। এইভাবে ঠিক চাণক্য বা কোটিল্য নামও ব্যক্তিগত নাম নয়। কিন্তু প্রনামও বিষ্ণুগুপ্তের বংশগত নাম । যান্ধ শন্ধটি ষম্বের অপত্য এইরপ অর্থে [যম্বস্থাপত্যং যাস্কঃ। শিবাছাণ্ (শিবাদিভোগ্রুণ ৪০০০)১২ সিদ্ধান্থকোম্দী অপত্যাধিকার)] নিম্পান্ন হয়েছে। অমরকোষে অপত্য শন্ধকে পুত্র ও কন্তার, বাচকুরপে লেখা হয়েছে [আত্মজন্ত্যঃ স্ক্রুং ফুতঃ পুত্রঃ স্থিয়াংঅমী। আহ্মুইতিরঃ সর্বেঠ পত্যং তোকং তয়োঃ স্থে অমরকোষ-মন্ত্র্যর্ক] বটে কিন্তু পতঞ্জলি বলেছেন শ্যার দ্বারা পূর্বপুক্ষদের পতন হয় না তাকেই অপত্য বলে ১) এই বৃৎপত্তি অন্ত্যারে বংশের পরবর্তী যে কোন সন্তান পূর্বপুক্ষেরে অপত্য হয়।

পাণিনির গণপাঠে শিবাদির মধ্যে বর্তমানে যক্ষ শব্দের প্রচলন না দেখতে পোলেও পাণিনি 'যক্ষাদিভ্যে। গোত্রে'' [পাঃ স্থঃ ২।৪।৬০] এই স্ত্রে যক্ষ শব্দের উল্লেখ করেছেন। উক্তস্ত্রের অর্থ এইরূপ—অপত্যের বহুত্ব অর্থ ব্ঝালে যক্ষ প্রভৃতি শব্দের উত্তর অপত্য অর্থে যে প্রভ্যের হয়, তার লুক্ হয়। বন্ধবংশীয় এক অথবা তৃইক্ষন ব্যক্তি ব্ঝালে 'যাক্ষ' এইরূপ প্রয়োগ হবে, কিন্তু

⁽১) ''অপত্যশব্দ: ক্রিয়ানিমিত্রে। নতু আর্ত্রপর্যায়:। 'ন পতস্তানৈনেতাপত্যন্' ইতি বৃংপত্তে: ''পঙ্কি বিংশতি" ইতি হত্তে হু হাসাহত । হলিত্যাদ বাহলকাং করণে বং প্রতায়:। বরিমিত্র: যন্তাপত্তনং ভত্তমাণতামিতি ফলিতাহার্থ:। তথা চ পৌত্রাদিরণি পিতামহাদীনামপত্তন হেতুরিতি তেবামপতাত্বং ভবতি। প্রানিষ্কা চ ব্যবহিতোহণি পিতাসহাদানাম্মতেতি ভরংকার্যাদীনাম্পাথানের ''অপতাং পৌত্রগুভ্তী'' তি (৪।১)১৬:) ক্রেস্পাত্রাক্তর্ণম্। ' অমরন্ত হত্তহারাাদি বরোধার্থিকাঃ''—তর্বোধিনী অপত্যাধিকার।
ক্রিণায়নার্মা এবং শক্তেন্ত্রের এই প্রকার কথা বলা হয়েছে। ৪।১)৯০ হত্তে পদমক্সরীতেও
এই বিষয় বণিত হয়েছে। পুটী। অপত্যামিত্রপতনাধপত্যম্ — মহাভাব্য বাসুভাই।

বন্ধবংশীয় বহু ব্যক্তি বুঝালে 'বাস্ক' এইরূপ প্রয়োগ হবে না কিন্তু 'যস্ক' এইরূপ প্রয়োগ হবে। কারণ অপত্য অর্থে বহুবচনে অণ্ প্রত্যেরে লুক্ হয়ে যাবে।

পাণিনি তাঁর স্ত্রপাঠে ও গণপাঠে অনেক ঋষির নামোরের করেছেন।
তাঁরা যে সকলেই গ্রন্থকার ছিলেন তা নয়। কিন্তু সেইসব ঋষি ব্যাকরণের
তংকাল প্রচলিত শব্দ সম্বন্ধে যেরুপ মত পোষণ করতেন, সেইমত দেখাবার
জন্ম পাণিনি শব্দের প্রকৃতি প্রত্যয়বিভাগ দারা শব্দার্থ ব্যাতে প্রস্পক্রমে সেই
সকল ঋষির নামোরের করেছেন। এখানে দ্রন্তব্য এই যে পাণিনি বংশপ্রবর্তক
যন্ধ ঋষির নাম জানতেন, কিন্তু সেই বংশের যে ব্যক্তি নিরুক্ত রচনা করেছেন
তিনি বে পাণিনির পূর্ববর্তী, তাতে কোন প্রমাণ নাই। মৃলপুরুষ যন্ধ ঋষিরং
জ্বপত্য অর্থে "যান্ধ" শব্দ নিজার এইটা দেখানই পাণিনির অভিপ্রায়। সেই
যান্ধ পাণিনির প্রব্তী হলেও কোন অন্থপতি হয় না:

বরং নিরুক্তর্কার যাস্ক যে পাণিনির পরবর্তী এবিষয়ে প্রমাণ হচ্ছে—যাস্কের উক্তি। যাস্ক তাঁর নিরুক্তের প্রথম অধ্যায়ের ১৭শ গতে 'পরঃ সন্ধিকর্মঃ সংহিতা" পাঃ সং ১।৪।২। এই পাণিনির স্ত্রেটিকে অবিকল উদ্ধৃত করেছেন (২)।

আশন্ধা হতে পারে যে 'ষাস্ক পাণিনির স্থা উদ্ধৃত করেন নাই, কিন্তু পাণিনির পূর্ববর্তী কোন বৈয়াকরণের রচিত স্থাই উদ্ধৃত করেছেন। পাণিনি ও সেই পূর্ববর্তী বৈয়াকরণের স্থাটি অবিকল উদ্ধৃত করেছেন।

এর উত্তরে বক্তব্য এই, যে—এই বিষয়ে কোন প্রমাণ নাই অর্থাৎ পূর্ববর্তী বৈয়াকরণের স্বত্তই পাণিনি উদ্ধৃত করছেন এরূপ করনাতে কোন প্রমাণ নাই। উক্ত বিষয় প্রমাণিত করতে গেলে দেখাতে হবে পাণিনি তাঁর ব্যাকরণে আরও দ্ একটি স্বত্ত, অন্ত ব্যাকরণ থেকে উদ্ধৃত করেছেন। কিন্তু ত' আর কেউ দেখাতে পারবেন না। এইজন্ত পাণিনির স্বত্তলি তাঁর নিজের রচিত—এটাই দৃঢ় ভাবে সিদ্ধ হয়।

⁽२) যাস বেমৰ পাণিনির "পর: সরিকর্ষঃ সংহিতা' ক্রের উজতি করেছেন সেইরূপ শৌনকের প্রাতিশাখোরও ভক্তি করেছেন।

[·] যথা:--"পদপ্রকৃতি: দংহিতা" [ঝক্প্রাতিশাখ্য ২০১]। আর একটি বচনও উদ্ধৃত করেদেন-"পরপ্রকৃতীনি দর্বচরণানাং পার্বদানি।"

অতএব যান্ধই পাণিনিস্থত্ত ও প্রতিশাখ্য অবিকল উদ্ভ (৩) করেছেন।
যান্ধ পাণিনির পরবর্তী হলেও পতঞ্জলির পূর্ববর্তী। কারণ মহাভাষ্যে নিরুক্তের
ত চারটি কথার প্রতিধ্বনি দেখা যায়। যেমন নিরুক্তকার বলেছেন—"তাল্ডেতানি চন্দ্রারি পদজাতানি নামাখ্যাতে চোপদর্গনিপাতাল্ড (৯১৮)। মহাভাষ্যে
ঐকথা মাজিত ভাষায় উল্লিখিত হয়েছে "চন্দ্রারি পদজাতানি নামাখ্যাতোপ
দর্গনিপাতাল্ড" (মহাভাষ্য—পস্পাশাহ্নিক)। এখানে নিরুক্তকার ছটি সমাদের
ভীলেথ করেছেন, মহাভাষ্যকার একটি সমাদের উল্লেখ করে পকলকে চমৎকৃত
করেছেন। এর দ্বারাও পতঞ্জলি বাস্কের পরবর্তী বলে প্রমাণিত হয়। কারণ
পরবর্তিকালেই ভাষঃ প্রভৃতির মাজিত অবস্থা দেখা যায়। শাণিনিতে কিছ
এই চারিপ্রকার পদবিভাগের কোন ইঞ্জিত দেখা হায় না।

নিঞ্জকার আরও বলেছেন—"তত্ত্ব নামান্তাখ্যাতজানীতি শাকটায়নো নৈঞ্জকসময়শ্চ" অর্থাৎ সমন্ত নাম বা প্রাতিশদিক আখ্যাত । ধাতৃ । হতে উৎপন্ন —ইহা (৪) শাকটায়ন (একজন বৈয়াকরণ ঋষি) বলেছেন এবং ইহা নিঞ্জবিদ্যালের সন্মত। মহাভাষ্যকার এই কথার প্রতিগ্রনি করেছেন—"নাম চ ধাতৃজমাহ নিঞ্জতে ব্যাকরণে শকটশু চ তোকম্ (মহাভাষ্য ৬।২০১ ।। আবার তিনি (পত্রলী) নিজেই ঐ শ্লোকের ব্যাপ্যা করেছেন "নাম থহিপি ধাতৃজম্। এবমাহনৈ জ্জাঃ। বৈয়াকরণানাং শাকটায়ন আহ ধাতৃজং নামেতি।" অর্থাৎ নাম ধাতৃজাত একথা নিঞ্জকাইগণ বলেন। বৈয়াকরণদের মধ্যে শাকটায়নও বলেন নাম ধাতৃজাত। এখানে দেখা খ্রাছে নিঞ্জকারের ভাষা প্রাক্তে মহাভাষ্যকারের ভাষা প্রাঞ্জণ। নিঞ্জকার প্রথমে [১)১১১

তে) যাক্ক, পাণিনি বা পাতিলাথোর পঙ্ক্তি অবিজ্ঞ উক্তে করলেও আকরস্থান নির্দেশ করেন নাই বা সেইসব গ্রন্থের প্রস্থক বের নাম উট্রেখ কবেন নাই। তবে এথানে বিশেষ জ্ঞাতব্য এই যে যাক্তের সময় ব্যাকরণশাপ্র বেশ পরিপুর অবস্থাপ্রাপ্ত হয়েছিল, যেজস্তা বাক্ত বাহে কেল—"ভিনিলং বিভান্থান (নিক্লকং) বাকেরণক্তা কার্থিয়ে।" অর্থাৎ এই নিক্লকণ বিভান্থান [বেগার্থজানের উপকারক] বাক্তরণ শাপ্তের স্ক্রপ্তা। বাক্তরণের পরিশিষ্ট ক্রপ হছে নিক্লক। যাক্ষ নিক্লকে [১১০০] বৈখাকরণজ্বের মত গ্রন্থান করে অট্রেখাকরণকে নিক্লক শাবোপ্রেশের অবোগ্য বাল্ডেন। পাণিনির স্থ্য বা কাত্যায়নের বাত্তিকে নিক্লক সম্বন্ধে কোন ক্যার উল্লেখ দেখা যায় না। কেবল মগ্যভান্তে [৩৩০০ বিল্লক্তর নাথের উল্লেখ পাঙ্গাবাল্য।

⁽৪) পাণিনির স্তে শীকটারনের উবেধ আছে [৮.৩।১৮, ৮।৪।৫৭]। পরবর্তীকালে শাকটারন নামে একচন কৈন বৈয়াকরপীব্যাকরণ, রচনা করেছিলেনী জ্বার প্রস্থাও মুশ্রিত হয়েছে। ভটোকীদাক্ষিত এই পরবর্তী শাকটায়নকে প্রেট্ডমানারমা প্রস্থে "অভিনর শাকট যন" বলে উবেধ করেছেন। স

আধ্যাত শব্বের তিও বিভক্তি যুক্ত অর্থ (৫) করেছিলেন কিন্তু পূর্বোক্ত উদ্ধৃতিতে "আধ্যাতজানি" অংশের উল্লেখ থাকায় তিও বিভক্তিযুক্তপদের অংশ বে ধাতৃ, তাকে আখ্যাত বলে বৃথিয়েছেন। তাতে অর্থ দাঁডিয়েছে এই বে নাম ধাতৃজাঙ্গ। এতে নিরুক্তকারের উক্তিতে অস্পষ্টতা থেকে গেছে। কিন্তু মহাভাষ্যকার বলেছেন—"নাম চ ধাতৃজ্বমাহ নিরুক্তে।" এতে মহাভাষ্যকারের স্পষ্ট উক্তি দেখা যাছে।

নিক্ষক্তবার তার নিক্ষক্ত এছে বলেছেন—"ষড্ভাববিকারা ভবস্তীতি। বার্ষ্যায়নির্জায়তে ছি বিপরিণমতে বর্জতে পক্ষীয়তে বিনশ্রতীতি।" এ থেকে বুঝা যাছে যে বার্ধ্যায়নি নামে এক অতি প্রাচীন আচার্ষ ছিলেন। তার গ্রন্থ যাস্কের সমর্য ছিল্ল। কিন্তু এলন লেইগ্রন্থ পাওযা যায় না। স্কতরাং সেইগ্রন্থ লুপ্ত হয়ে গেছে। মহাভাষ্যকারও বলেছেন "বড্ ভাববিকারা ইতি হ আহ বার্ষ্যায়নিঃ জায়তেহন্তি বিপরিণমতে বর্গতেহ পক্ষীয়তে বিনশ্রতীতি" [মহাভাষ্য ১া৬৷১]। যাস্কের উক্তি দেখলে মনে হয় তার সময় বার্ষ্যায়নির গ্রন্থ ছিল। কিন্তু পতঞ্জলির উক্তি দেখে মনে হয়, তার সময় বার্ষ্যায়নির গ্রন্থ ছিল না।

বান্ধ পাণিনির পরবর্তী হলেও বার্তিককার কাত্যায়নের পরবর্তী নন।
কারণ পাণিনি অরণ্যশম্পের স্ত্রীলিকে অরণ্যানী শব্দের সাধন করেছেন
[অস্তাধ্যায়ী ৪।১।৪৯]। যান্ধ অরণ্যের পত্নী অর্থে অরণ্যানীশব্দের সাধন
করেছেন। [নিক্ষক্ত 'বাং>—অরণ্যানী—অরণ্যশ্য পত্নী]। কিন্তু
বার্তিককার অরণ্যানী শব্দের মহৎ অরণ্য অর্থ করেছেন। শব্দের ব্যবহার
কালে কালে পরিবর্তিত হয়। পাণিনি ও যান্ধের সময়ে অরণ্যের স্ত্রী অর্থে
অরণ্যানী শব্দের ব্যবহার হোত। বার্তিককারের সময় সেই অর্থে অরণ্যানী
শব্দের প্রয়োগ হোত না—এটাই সম্মান করা যায়। যারজভ্য বার্তিককার
মহৎ অরণ্য অর্থে অরণ্যানীশব্দ দিদ্ধ করবার জন্য বার্তিকর দনা করেছেন।
পাণিনি একই হেজে ইন্তু, বক্লণ, ভব, শর্ব প্রভৃতি শব্দের সঙ্গে অরণ্যশব্দের পাঠ
করেছেন। ইন্তেরে স্ত্রী ইক্রাণী, বক্লণের স্ত্রী অরণ্যানী এই শব্দ
দিদ্ধ হয় বলেই অন্ধুমান করবার যথেই অরকাশ আছে গ্লাতানী এই শব্দ
দিদ্ধ হয় বলেই অন্ধুমান করবার যথেই অরকাশ আছে গ্লাতানী এই শব্দ

⁽৫) পূৰ্বাপরী গৃত: ভাৰমাখাতেনাচটে ব্ৰহুতি পচতীভূগক্ষপ্ৰভৃত্যপ্ৰগণ্ধস্থম [[নিক্লক ১৷১ ১১]

ইন্দ্র প্রভৃতি শব্দের সামে সাধারণভাবে একই স্ত্রে অরণ্যশব্দের গ্রহণ না করে অরণ্যানীশব্দের সিদ্ধির জন্ত ভিন্ন স্ত্রের রচনা করতেন। পূর্বেই বলেছি একটি নির্দিষ্ট অর্থেই একটি শব্দের চিরকাল প্রয়োগ হয় না। নতুন ভাষার বেমন কালে কালে অর্থভেদে শব্দের ব্যবহার বদলে বার সেইরূপ প্রাচীন ভাষারও কালে কালে ভিন্ন ভিন্ন অর্থে অনেক শব্দের ব্যবহার হয়। বৈদিক ভারার পূর্বে কর্ম অর্থে ধী শব্দের (৬) ব্যবহার হোত এখন সেরূপ হয় না। কর্ম অর্থে বেদে (৭) শক্তি শব্দেরও ব্যবহার হয়েছে, এখন সেরূপ হয় না। সামর্থ্য অর্থে শক্তি শব্দের (৮, ব্যবহার বিষ্ণুপুরাণে দেখা যায়। নিঘণ্টব্রতে কর্মনামের মধ্যে শিক্ষ শব্দ (৯) পঠিত হয়েছে। পাণিনি কলাকোশল মর্থে শিল্প শব্দের।

লোকিক সংস্কৃতেও অনেক শক্ষের পূর্বব্যবহৃত অর্থের পরিবর্তন হবে গেছে। পাণিনিব্যাকরণে ব্যবধান অর্থে ব্যবায়শব্দের (১২) প্রয়োগ দেখা যায়। পূর্বমীমাংসাতেও 'ব্যবধান অর্থে ব্যবায় শব্দের (১২) প্রয়োগ দেখা যায়। অমরকোবে
ব্যবায় শব্দের (১৩) যৌনসংযোগ অর্থে ব্যবহার করা হয়েছে। এইরূপ পাণিনি
ইচ্ছা অর্থে মতি শব্দের (১৪) ব্যবহার করেছেন, পরবতিকালে বৃদ্ধি অর্থে মতি
শব্দের (১৫) ব্যবহার করা হয়েছে। এইজন্ম বৈয়াকরণগণ বলেন—"সর্বে স্বার্থন
বাচকা:।" অর্থাং সব শব্দ সব অর্থের বাচক।

শব্দের অর্থ এইভাবে কালে কালে পরিবর্তিক্ত হয় বলে বার্তিককার

⁽৬) নিঘণ্ট_ৰ ২র অধ্যার। (৭) নিঘণ্ট_ৰ ২য় অধ্যার। কোমেন^০টি দিনি দেবামে। অগ্নিমনীক-ইংক্তিটী রোদ্দিপ্রাম**্। তম্ অকুখংল্লেখা ভূবে কং স ওবধীঃ পচ**িড বিশ্বরূপাঃ। [বক্সংহিতা ৮।৪।১১।৫]। শক্তিভি: কম্ভিঃ। নিজক গ২৮।১।

⁽৮) শক্তর: সর্বভাগনামচিন্তাজ্ঞানপোচরা:। স্কুতাক্তো ব্রহ্মণভান্ত সর্গান্ধ। ভাবশক্তরঃ। [বিশ্বপুরাণ প্রথম অংশ ৩।২]

^{(&}gt;) নিবট ১১শ অধায়। (১০) অটাধারী ৪।৪।৫৫। শিক্স কৌশলম, কাশিকা। কৌশলমিতি জিয়াভাগসূর্বকো জ্ঞানবিশেষঃ। পদমঞ্জরী।

^{ं (}১১) चडीशाबी भाषार ; ७४।

⁽३२) व्यक्तिनिक्ष २।३।७३।

⁽১७) वार्वाक्षा श्रीमांपर्या निरिम्पनः निध्यनः ब्रज्जः । [व्यमक्रताव २ कुः वः का ००

⁽⁾⁸⁾⁻ खडीबाडी ७.२।३४४

^{(&}gt;e) অমরকোর প্রথম কান্ত ধীরগ >।

কাত্যারনের সময় অরণ্যানী শব্দ মহারণ্য অর্থে পরিবর্তিত হবে বার। অবস্থ এবনও সেই অর্থে অরগ্রানী শব্দের ব্যবহার হয়। পালিনি তৎপ্রণীত অঞ্জলাই।, কিন্তু কাত্যায়নের বার্তিকে দার্শনিক বিষয়ের অবতারণা করেন লাই।, কিন্তু কাত্যায়নের বার্তিকে দার্শনিক বিষয়ের বিচার দেখা বার। কাত্যায়ন তাঁর প্রথম বার্তিক গ্রন্থেই শব্দ অর্থ ও তত্ত্তারের সম্বন্ধের নিত্যতা। (১৯) প্রতিপাদিত করেছেন। যাস্কও তাঁর নিকন্ধ্রান্থের প্রারম্ভে দার্শনিক বিচারের অবতারণা করে শব্দের নিত্যতার উল্লেখ করেছেন (২৭)। বার্তিককার কাত্যায়ন পাণিনির ক্রেরে উপর নানাহানে নান্ধ্রেসকে অনেক বিচার প্রধানীর প্রদর্শন করেছেন। যাস্কও তাঁর নিকন্ধ্রান্থে আনেক বিচার প্রধানীর প্রদর্শন করেছেন। এই পরণের বিচারপন্ধতি পাণিনির পরবার্তিকালে উদিত হয়েছে। পাণিনির ঘটাধ্যায়ী ক্রেয়ুগের গ্রন্থ। ক্রের ব্যব্দ করেলই বহু অর্থের ক্লচক্ত্রপে রচিত হয়েছিল। বান্ধের নিক্লক্তে নানাপ্রকার বিচারের অবতারণা দেখেও নিশ্চর করা যায় বে বান্ধ পাণিনির পরবর্তী।

খাদশ খৃষ্টাব্দে জাত কাশ্মীরদেশীয় সোমদেব ভট্টের রচিত কথাসরিৎসাগতের উপাখ্যানের উপর ভিত্তি করে অধ্যাপক মোক্ষমূলর বলেছেন "পাণিনি ও কাত্যায়ন সমসাময়িক। ক্যাত্যায়ন পাণিনির প্রত্তের অনেক সংস্থার করেছেন।"

কিন্তু এটা যুক্তিযুক্ত মনে হয় না। কারণ ঐতিহাসিক দৃষ্টিতে কথাসরিৎ-সাগরের গল্পের প্রামাণ্য যথেষ্ট শিথিল। কাত্যায়ন পাণিনির স্থতের উপর

⁽১৬) ''নিদ্ধেঁ শকার্থসহস্কো' ৷ [কান্তারন বার্তিক — পশ্পণাহিক মহাতাবো উচ্ছ, ড) ৷ আচার্য ভত্তিরি তার বাকাপনীর প্রাণ্টে বংগছেন — সূত্রে, বাতিক ও ভাবেরে প্রণেডা তিন্দন ববি পাণিনি, কান্তায়ন ও পতঞ্জলি, শক্ষ, অর্থ ও ভত্তরের সম্বন্ধকে নিতা কলেছেন : [বাক্য-প্রীয় ১২০] ৷

⁽১৭) बिङ्गक अश

⁽১৮) নিক্ষত ১৷১২ এই স্থান নাম যে ধাতু থেকে টেৎপর চরেছে—নিক্ষক্ত শান্তের সিছান্ত ক্লপে তাব সমর্থন করা হরেছে। নিক্ষেত্রর ১৷১১ এছে, বেশের ক্ষেত্রর ক্ষর্প ক্ষ্ণিছে, মন্ত্র সকল নির্থক শব্দমন্তি নক্ষ-এই শিক্ষান্তকে বিচার বারা স্থিনীকৃত করী। হরেছে। প্রমীদাংলগদেশনের স্ত্রে এবং শাব্দতাব্যেও মধ্যের ক্ষর্প আছি—এই বিবয়ে বিচার করা চরেছে। নির্ক্ত ৭৷৪ —এছে দেবতাসক্ষে বিচার করা হয়েছে।

খ্রায় ৪০০০ বার্তিক রচনা করেছিলেন। কাত্যায়ন যেমন অরণ্যাণী শব্দের অর্থের পরিবর্তন দেখে বাতিক রচনা করেছেন, সেইরূপ পাণিনি যে অর্থে যে শব্দের প্রয়োগ দেখে স্তা বচনা করেছিলেন, বার্তিককার তাঁর সময়ে সেই শব্দের দেই অর্থের পরিবর্তন দেখে অন্ত অনেক স্থলেও বাতিক রচনা করেছেন এবং অনেকস্থলে পাণিনিস্তা ছারা যে শব্দের যে আকার সিদ্ধ হতে পারত, বাতিককার তার আকারেরও পরিবর্তন করেছেন। মহাভায়কার পভঙ্গলি পাণিনিকে 'প্রমাণভূত আচার্য' বলেছেন। এইরপ প্রামাণিক আচার ্বপাণিনির স্থতের সংশোধন তার সমসাময়িক **অন্ত কোন** বৈয়াক**রণ করে** দিবেন এটা কোন রূপেই যুক্তিযুক্ত হতে পারে না। কিন্তু এই মধ দিদ্ধান্ত করা উচিত যে পাণিনির সময়ে যে ভাবে ভাষার প্রচলন ছিল, প্রবর্তিকালে ডার পরিবর্তন হয়ে গিয়েছিল। কাত্যায়ন সেটা লক্ষ্য করে তদস্যায়ী বার্ডিক রচনা করেন। তার ধারা পাণ্ডিনির স্তত্তের সংস্কার হয়েছে বঁশা থেতে,পারে। অতএব কাত্যায়ন পাণিনির পরবর্তী ইহাই সিদ্ধ হয়। কাত্যায়নের অনেক পর্বতিকালে কাশিকাকার ভাষার এইরূপ পরিবর্তন লক্ষ্য করে সংস্থারের চেটা করেছিলেন, কিন্তু সেই সংস্থার বৈয়াকরণ সম্প্রদায়ে গৃহীত হয় নাই। কিন্তু তারও বহু পরবর্তিকালে ভট্টোঞ্চ্ দীক্ষিতের উক্ত সংস্থারসাধন ফলবং হয়েছে।

কাত্যায়ন যদি পাণিনির সমসাময়িক হতেন, তা'হলে তিনি পাণিনির ব্যাকরণের সংস্কার না করে নিজে শ্বতন্ত্র একটি ব্যাকরণ রচনা করতেন। কারণ অপরের ব্যাকরণের সংস্কার অপেক্ষা নিজে শ্বতন্ত্র ব্যাকরণ রচনা করলেই, গ্রন্থকারকে লোক অধিক সম্মান প্রদর্শন করে। কিন্তু কাত্যায়ন পাণিনির পরবর্তী হলে বরং তাঁর এই পাণিনি ব্যাকরণের উপর সংস্কার করা যুক্তিযুক্ত বলে মর্নে হয়। কারণ কাত্যায়ন যখনু আসেন তখন পাণিনির ব্যাকরণ লোকসমাজে প্রচলিত হয়ে গেছে এবং সমস্ত প্রামাণিক ব্যক্তি কর্তৃক আদৃত হয়ে গেছে এটা তিনি দেখলেন। দেখে তিনি ব্যাকরণ থাকতে থাকতে আমাব গ্রন্থকে লোকে গ্রহণ করবে না। অতএব আমি পাণিনি ব্যাকরণের উপর সংস্কার করি। সেই, সংস্কার বিধানগণ গ্রহণ করবেন। অতএব পাণিনি ও কাত্যায়ন সমসাময়িক নন।

মহাভান্তকার পত্ৰশির কাল সহছে বিদেশীয় ও ভারতীয় অনেক বিদান্
পর্বালোচনা করেছেন।

অধ্যাপক গোল্ড ট্রকার খৃইপূর্ব .৪০— .২০ অস্ব, পতঞ্চলির সমর নির্দেশ করেছেন (১৯)। অধ্যাপক ম্যাক্ডোনেলের মতে পতঞ্চলির সময় হচ্ছে খৃইপূর্ব দিতীয় শতাস্কীর দিতীয় অর্দ্ধ। তাঁর মতে পতগুলির সময় খৃষ্টান্দের আরম্ভের প্রবর্তী হতেই পারে না (২০)।

অধ্যাপক ভিন্দেউ এমিখ, নানাপ্রকার প্রমাণ দারা পতঞ্জির দমর
শৃষ্টপূর্ব ১৫০ হতে ১৪০ বলে সিদ্ধান্তিত করেছেন (২১)। স্থাপাপক কীর্বের
মতে পতঞ্জির সমর ধ্টপূর্ব ১৫০। (২২)। অধ্যাপক বেলভেলকারও
শৃষ্টপূর্ব ১৫০ অন্ধকে পভঞ্জির কাল বলে স্বীকার করেছেন (২৩)।

ভলবংকের' প্রথম রাজা পৃত্তমিত্র খৃইপূর্ব ১৮৫ অবল মৌর্য বংশের শেষ অকর্মণ্য রাজা বৃহস্তথকে বধ করে রাজ সিংহাসনে আরোহণ করেন। পৃত্তমিত্রের পূত্র অগ্নিমিত্র পিতার মৃত্যুর পর পৃত্তপূর্ব ১৪৯ অবল রাজ সিংহাসনে উপবেশন করেন। তা হলে দেখা বাজে যে পৃত্তমিত্রের রাজস্বকাল খৃইপূর্ব ১৮৫ হতে ১৪৯, প্রায় ৩৬ বংসর। কিন্তু পৃত্তমিত্র শান্তিতে রাজ্য শাসন কর্তে পারেন নি। তাঁর রাজ্য লাভের প্রায় ২০ বংসর পরে সম্ভবত খৃইপূর্ব ১৬৫ অব্রে কলিঙ্গের কোজা পারবেল পৃত্তমিত্রের রাজ্য আক্রমণ করেন। উক্ত আক্রমণে ধারবেল বিশেষ কিছুই স্থবিধা কর্তে না পেরে স্থাদেশে প্রত্যাবর্তন করেন। তার সাবার ৪ বংসর পরে ধারবেল অতর্কিত ভাবে পুনরায় পৃত্তমিত্রের রাজ্য আক্রমণ করে পৃত্তমিত্রকে কন্ডিগ্রম্ভ করেন। ধারবেল কর্তৃক উৎকীর্ণ একটি শিলালিপিতে এই ঘটনা বর্ণিত আছে। এর পর খৃইপূর্ব ১৫৫—১৫৩ অবল কাবুল ওাপাঞ্জাবের গ্রীক রাজা মেনাণ্ডার পৃত্তমিত্রের রাজ্য আক্রমণ করেন। পৃত্তমিত্র এই গ্রীক রাজাকে ভারত্বর্ব থেকে বিতাত্তিত করেন। এর পাচ বংসর পরে পৃত্তমিত্র

^{(&}gt;>) Proffessor Goldstucker's Panini (2nd Edn) P, 180.

^(2.) A History of Sanskrit Literature (Macdonell) fourth impression, P. 481.

⁽²³⁾ The Early History of India (4th Edn) P. 228

⁽²⁾ A History of Sanskrit Literature (Dr. A, Keith) P. 423.

⁽²⁰⁾ System of Sanskrit Grammar (1915) P. 32.

পরলোকগমন করেন। অথচ ইতিহাসে দেখা যায় যেপুরামিত তাঁর রাজত্ব কালে অখনেধ যজ্ঞের অষ্ঠান করেছিলেন।

মহাভাশ্রে পুয়মিত্রের নাম পাঁচবার উল্লিখিত দেখতে পাঁওয়া যায়। প্রথমে ১৷১৷৬৮ স্ত্রের ভাশ্যে (২৪) পুয়মিত্রসভা শব্দটি দেখা যায় এবং পুয়মিত্র যে একজন রাজা তাও সেই প্রকরণের পর্যালোচনা করলে ব্রুত্তে পারা যায়। মহাভাষ্যে 'পুয়মিত্রসভা' এই শব্দের পর 'চক্রপ্রপ্রসভা' শব্দটি দেখা যায় এবং চক্রপ্রপ্র যে একজন রাজা তাও সেখানে বলা হয়েছে। এর পর ৩৷১৷২৬ স্ত্রের মহাভাশ্যে (২৫) পুয়মিত্রের নামের তিনবার উল্লেখ দেখা যায় (২৬)। তারপর 'বুর্তমানে লট্' [-৷২৷১২১] স্ত্রের মহাভাষ্যে "ইহ পুয়মিত্রং বাজয়ামঃ" এই উলাহবণ দেখতে পাওবা বায়।

এইভাবে মহাভাষ্যে পুষামিত্রের নামের অনেকবার উল্লেখ দৈখে এবং বর্তমানকালের ক্রিয়াপদের সঙ্গে তর নামের প্রয়োগ দেখে পুরাত্ত্বিদ্রাণ মহাভাষ্যকার পতঞ্জলিকে পুষামিত্রের সমসাম্যক্রি বলে সিদ্ধান্ত করেছেন। এর উপর আশক্ষা হতে পারে যে মহাভাষ্যে পুষামিত্রের নামের উল্লেখ দেখে মহাভাষ্যকার পতঞ্জলিকে পুষামিত্রের সমসাম্যকি বলা যেতে পারে না। মহাভাষ্যে চন্দ্রগুপ্তেরও নামের উল্লেখ আছে। তজ্জ্যু কেহই পতঞ্জলিকে চন্দ্রগুপ্তের সমসাম্যকি বলানা। ১০০৮ প্রের মহাভাষ্যে চন্দ্রগুপ্তের নামের উল্লেখ কাশিকাবৃত্তিতে একইভাবে পুষামিত্র ও চন্দ্রগুপ্ত এই উভয়ের নামের উল্লেখ দেখে যেমন কাশিকাকার ক্ষাদিত্যকে (২৭)

⁽২৪) **স্থার**পংশকস্যাশক্সণ্তা।

⁽২০) উ্হতুমতি চ।

⁽২৬) যদ্মাদিয় চাধিপর্বাসো বক্তবঃ: পুরামিত্রো যন্ততে যান্ধঃস্তীতি। তত্র ভবিতবাং পুরামিত্রো যান্ধ্যতে যান্ধক। বজনীতি। তলনাবশুং স্কুলিইবিপ্সকেপণে এন বর্ততে, কিং ভর্ছি, জ্যা গংশি বর্ততে। অংহা যক্ত ইত্যানতে ষঃ স্কুল্ব ত্যাগং করোতি। তং চ পুরামিত্র: করোতি যান্ধকাঃ প্রয়োজয়ন্তি।

⁽২৭) বামন ও জয়াদিত। নাম গ ছুইজন বৌদ্ধণিত এক এ কাশিকাবৃত্তি রচন। করেন। জয়াদিতা পাণিনিব প্রথম, বিতীয়, পঞ্চন ও ষঠ অখাত্যির কাশিক। রচন। করেন অবনিট আংশ-নামন রচিন।

প্রথমদিতীরপঞ্চমবঠা জিয়াদিতাকৃতবৃত্তর:। ইতর।—

[—] বামনকৃত। বৃত্তম: ইতাভিযুক্তা: । শব্দরত্ন — সংথ্যৈক বচনাচ্চ বী লান্তাম[®]।

পুরামিত্রের সমসাময়িক বলে সিদ্ধান্ত করি না বা কাশিকার প্রত্যুদাহরণরপে পুরামিত্রেরস্থানিকে উল্লেখ দেখে অয়াদিত্যকে পুরামিত্রের সমকালিক বলি না। কারণ জয়াদিত্য পুরামিত্রের বহু পরবর্তী ব্যক্তি—এটা ইতিহাসবিদ্গণ জানেন। সেইরপ মহাভাব্যে "পুরামিত্রের" নামের উল্লেখ দেখেও মহাভাগ্যকার পতঞ্জলিকে পুরামিত্রের সমসামগ্রিক বলা বৃক্তির্ক্ত নয়। কাশিকাকার জয়াদিত্য যেমন পরবর্তিকালে গ্রন্থ লিখে পূর্বজাত পুরামিত্র বা চক্ত্রপ্ত নাম উল্লিখিত করেছেন, সেইরূপ পতঞ্জলিও পরবর্তী বাক্তি হয়ে পূর্বজাত পুরামিত্র ও চক্তর্প্তরের নামের উল্লেখ করেছেন। নতুবা মহাভাব্যে চক্তর্প্তরে নামের উল্লেখ করেছেন। নতুবা মহাভাব্যে চক্তর্প্তরে নামের উল্লেখ করেছেন। নতুবা মহাভাব্যে চক্তর্প্তরে নামের উল্লেখ করেছেন। ক্র্বা মহাভাব্যে তক্তর্প্তরে প্রামিত্রকেও পতঞ্জলির পূর্ববর্তী বলা হয়েছে। সেই যুক্তিতে পুষামিত্রকেও পতঞ্জলির পূর্ববর্তী বলা ইটিত।

এর উত্তবে বক্তব্য এই যে যার গ্রন্থে পুষ্যমিত্রের নামের উল্লেখ আছে তাঁকে কোন প্রকারে চন্দ্রগুপ্তের সমসাময়িক বলা যেতে পারে না এইজনা বিদেশীয় পণ্ডিতগণ পতঞ্জলিকে চন্দ্রগুপ্তের পরবর্তী বলে সিদ্ধান্ত করেছেন। কিন্তু পতঞ্জলির মহাভাষ্যে অনেকবার পুষ্যমিত্রের নামের উল্লেখ থাকায় পুষ্যমিত্রের সহিত তাঁর ঘনিষ্ঠত। ছিল—ইহা মনে হয়। এইরূপ মনে হওয়ার আরও কারণ এই যে মহাভাষ্যকার পাণিনির খায়ে২১ স্ক্রের মহাভাষ্যে উদাহরণরূপে তিনটি বাক্যের উল্লেখ করেছেন—

- वथा:-[১] "इंट वनामः" [अथारन आमत्र। वान कवि]
 - [খ] ''ইহক্ষিমতে'' [এখানে আমর। অধ্যয়ন করছি]
- [৩] ''ইহ প্রামিত্রং বাজরামঃ" [এখানে আমরা প্রামিত্রতৈ বজ করাছি]। এই উদাহরণ তিনটির ক্রমিক বিভাস থেকে মনে হয় পতঞ্জলি প্রামিত্রের বজ্ঞের সময় বজ্ঞে উপস্তিত ছিলেন এবং দেই বজ্ঞে ঋত্বিক্তর্গে ব্রতী ছিলেন। ৩।১।২৬ এবং ৩।২।১২১ এই ঘটি সত্রে বেভাবে বর্তমানকালের লট্বিভক্তি বারা প্রামিত্রের বজ্ঞের উল্লেখ করা হয়েছে তাতে স্পষ্ট ব্যা বায় বে মহাভাব্যের উক্ত অংশ প্রামিত্রের বজ্ঞের সময় রচিত হরেছিল। কাশিকাকার জ্বাদিত্য, চন্দ্রগুপ্ত ও প্রামিত্রের নামষ্ক্ত প্রত্যালাহরণ মহাভাব্য থেকেই সংগ্রহ করেছেন—হৈ। স্পষ্ট প্রতীত হয়। কিছ মহাভাব্যর যে প্রামিত্রের নামষ্ক উদাহরণ ও প্র্যাদহরণগুলি অভ্যের গ্রন্থ থেকে সংগ্রহ করেছেন—এ

বিষয়ে কোন প্রমাণ পাওয়া যায় না। বিদেশীয় পণ্ডিভগণের ইভিছাসে পুষ্যমিজের যঞ্জের উল্লেখ থাকলেও তাঁরা সেই যজ্ঞের কালের নির্দেশ করেন নাই। যুবরাঞ্চ অগ্নিমিত্ত পুষামিত্তের মৃত্যুর পর ধৃষ্টপূর্ব ১৪৯ অব্দে সিংহাসনে আবোহণ করেছিলেন—একথা পূর্বে বলা হয়েছে। তাইলে মনে হয় যে সেই शः शः ১৪२ অ**ल्येट भ्**राभित वर्गारवाहन करवन । स्मेनाशास्त्र आक्रमानद উরেথ মহাভাষ্যে (২৮) আছে। মহাভাষ্যকার যেভাবে মেনাগুরের আক্রমণের উল্লেখ করেছেন তাতে বুঝা যায়, মেনাগুারের আক্রমণের সময়ে মহাভাষ্যকার জীবিত ছিলেন এবং মেনাগুরের আক্রমণের পরে মহাভাষ্য রচনা করে-ষ্ঠিলেন। তবে মহাভাষ্যকার আক্রমণ প্রতাক্ষ করেন নাই।' এই সমত শ্রমাণ থেকে নিশ্চিতভাবে বলা বেতে পারে বে—পুষামিত্রের জীবিতকালের শৃষ্টপূর্ব ১৫৩ হতে ১৪০ অব্দের মধ্যে মেনাগুারের আক্রমণের শরে মহাভাষ্য বচিত হয়েছিল এবং দেই সময়েই প্রামিত্তের, য**ঞ্চান ও তাতে মহাভাষা**-কারের ঋত্বিক্ কর্মে নিয়ে । হরেছিল। নব্যমতাবলম্বিদের মত এই ব মহাভাষাকার পতপ্রলি যে অলৌকিক ম্হাভাষা রচনাকরেছিলেন, সেটা তিনি অধিক বয়দেই করেছিলেন। কারণ এইরূপ অধাধারণ পাণ্ডিতা ব্দর্জন কর্তে তার অনেক সময়ই লেগেছিল। এই পাণ্ডিত্য শঙ্করাচার্যের মত অৱবেষ্দে দন্তব হয় নাবা তদ্বিধয়ে কোন প্রমাণ ও পাওয়া যায় না। আমরা প্রস্তাবনায় প্রাচীন মতামুদারে বর্ণনা করেছি।

⁽২৮) ''পরোক চ লোকবিজ্ঞাতে প্রবাদ_ৰদুর্শন বিষয়ে [কাছ্যারনবাতিক]। ''পরোকে চলোক বজ্ঞাতে প্রবাদুদুর্শন বিষয়ে লঙ্বজবা:। অক্লপদ ধ্বন; সাকেওম্। অক্লপদ্ধ্বনে। মধ্যমিকান" [মহাভাগ ৩২।১১১]।

[&]quot;অমুভূতজাং পথেকো>পি প্রত্যক্ষোপ্রভাষাত্রাশ্রেণ দর্শনবিষয় ইতি বিরোধাভাবঃ।" [কৈয়ট়] •

ধে বাপোরটি পবোক্ষ অপচ লোকপ্রসিদ্ধ এবং বিনি শব্দ প্রবোগ কচ্ছেন তার প্রত্যক্ষের ধোগ্য অর্থাং তিনি চেষ্টা করলে নেই বাপোর প্রত্যক্ষ করতে পারতেন—এরপ স্থলে লঙ্ হয়। ববন সাক্ষেত্র অবরোগ করেছিল। ভা: কীলার্থ সিদ্ধান্ত কংছেন—
বধ্যমিকা হিতোরের নিকটবতী একটা প্রাচীন নগরী। \$ Indian Antiquary VII P 266]।
আনেকে সাকেনের অর্থ করেছেন—উত্তর অ বাধ্যা প্রদেশ।

काणिकाम এই इति खेबाहत में बिवक शकारत हैक्, उ इत्याद ।

মহাভান্ত বিশাল গ্রন্থ। (পরিমাণে উহা বাল্মীকি রামায়ণের সমান।
২৪০ ০ অফুটুপ্ ছন্দোযুক্ত) অভিজ্ঞাণ বলেন ২৪০০০ অফুটুপ্ছন্দের
(শ্লোকে পরিমিত মহাভাষ্য) শ্লোকে যত অক্ষর থাকে মহাভাষ্য সেই
পরিমিত অক্ষরে নিবন্ধ।

অবশ্য বান্মীকি রামায়ণে অম্মুষ্ট্রপ ছলের শ্লোক ব্যতীত অস্তছলের শ্লোকও আছে।

পুষ্যামিজ প্রীষ্টপূর্ব ১৮৫ অব্দ হতে ১৪৯ অব্দ পর্যন্ত রাজ্যশাসন করেন—ইহা পতঞ্জলির কাল। পূর্বে বলা হয়েছে। তিনি যথন মেনাণ্ডারকে ভারত হতে বিতাডিত করেন তারকাল হচ্ছে খৃষ্টপূর্ব ১৫০—১৫৩ অক্ষ।

মনাতাতের বিতাভিত হবার পর পাশ্চান্তাদেশীয় কোন আক্রমণকারী
ছলপথে ভারত আক্রমণ করেছিলেন এই সংবাদ ইতিহাসে পংওয়া যায় না।
ছতরাং বুবা যাছে যে খৃষ্টপূর্ব ১৫৬—১৪৯ অন্ধ পর্যন্ত নিরুপদ্রবে
রাজ্যশাসন করতে পেরেছিলেন। অতএব পেই নিরুপদ্রব কালেই তিনি অখমেধ যজ্রের অন্থল্ভান করেছিলেন। পতঞ্জলি যথন সেই যজে ঝতিক হয়েছিলেন
এবং তার অনতিবিলম্বকালে মহাভাষ্য রচনা করেছিলেন তথন অন্থমান করা
যায় যে পতঞ্জলি তথন প্রোচ্ন বয়সে উপনীত হয়েছিলেন। স্করাং পতঞ্জলির
ছলা, খৃষ্টপূর্ব ২০০ বৎসর সময়ে হওয়া সমীচীন মনে হয় এবং তিনি খৃষ্টপূর্ব ২০০
ছতে ১০০ অন্তের মধ্যে বিজ্ঞান ছিলেন।

আচার্য ভর্ত্তর বলেছেন—পতঞ্জলির মহাভাষ্য রচিত হবার পূর্বে পাণিনি ব্যাকরণে "নংগ্রহ" নামক বিশাল বিস্তৃত নিবন্ধ ছিল। কালক্রমে সেই বল বিস্তৃত প্রস্তের পঠরু, পাঠনে শিথিলতা উপস্থিত হয়। তথন বৈয়াকরণগণ বিস্তৃত গ্রন্থ অপেকা সংক্ষিপ্ত গ্রন্থ পাঠেই ইচ্ছুক হন। বৈয়াকরণধের এই শিথিলতার জ্লা সংগ্রহের পঠনপাঠন ল্পুপ্রায় হয়ে যাওয়ায় সকল শাস্তার্থদশী ভগবান পতঞ্জলি মহাভাষ্য (২০ ক্লচনা করেন।

⁽২৯) প্রাক্তেপক্ষতীনস্কবিতাশরি গ্রাংনি।
প্রাপ্ত বৈয়াকরপান বৈ পংগ্রহে জমুপাপতে।।
ক্তেইপ পতন্ত কিনা জরণা তার্থ-শিনা।
সর্বেবাং ভারবীজানা, মহাভাবে নিবজনে।।
প্রক্রগানে গান্তীবাহুতান ইব সোঁইবাং। ্বাব্যপদীয় ২০৮৪—৪৮৮)

স্ত্রেগ্রন্থলির উপর ভাষ্যযুগে ভাষ্যগ্রন্থ লিখা হয়েছে। বেমন লৈমিনি স্ত্রের উপর শাবর ভাষ্য। গোতম স্ত্রের উপর বাৎস্থায়ন ভাষ্য। কণাদ (মহাভাষ্যের মহাভাষ্যত্ব) স্ত্রের অর্থাবলম্বনে প্রশস্ত পাদভাষ্য।

এইভাবে পাণিনি ও কাত্যায়ন স্ব্ৰের উপর পতঞ্জলির ভাষ্য। কিছ কোন ভাষ্যকে মহাভাষ্য বলা হয় না। কেবলমাত্র এই পতঞ্জলির ভাষ্যকে মহাভাষ্য বলা হয় কেন ? এই প্রশ্নের উত্তরে আচার্য ভর্তৃহরি '৩০) ক্বত বাক্য পদীয়ের টীকাকার '৩১), কৈয়ট ও চার টীকার ব্যাখ্যাকার নাগেশ প্রভৃতি (৩২) বলেছেন এই মহাভাষ্য মর্থগান্তীর্যে অতলম্পর্শ অথচ ললিত পদবিস্থানের 'সৌদবে সরল বলে প্রভীয়মান হয়। ভগবান্ পতঞ্জলি ''সংগ্রহ" প্রস্তের অম্বরণ মহাভাষ্য রচনাকরে প্রতিপাত্ম বিষয়ে সংক্ষেপপদ্ধতি দেবিয়েছেন। সমস্ত স্থারের [যুক্তির] মূলতত্ব সকল এই গ্রন্থে নিবদ্ধ থাকায় এবং অর্থগান্তীর্য ও ভাষ্ব-দেশিরতে এই গ্রন্থটি অতুলনীয় হওয়ায়—ইহার [ভাষ্যের] টুওকুর্য খ্যাপনের জন্ত 'মহৎ' শব্দের যোগ করে ইহাকে মহাভাষ্য বলা হয়েছে। বাক্যপদীয়ের টীকাকার পুণ্যরাজ মহাভাষ্যের মহত্বের কারণ স্পষ্টভাবে বিবৃত্ত করেছেন [৩১নং পাদটীকা]।

নাগেশভট্ট মহাভাষ্য প্রদীপোদ্যোতে মহাভাষ্যের নামের কারণ বলেছেন
—"মহাভাষ্য প্রস্থ ব্যাখ্যাগ্রন্থ হলেও অন্ত ভাষ্য অপেক্ষা এর বৈলক্ষণ্য আছে।
অপর ভাষ্যে কেবল মূলের ব্যাখ্যা থাকে। এই ভাষ্যে ব্যাখ্যা আছেই, তথ্যতীত
আবশ্যক হলে শব্দসিদ্ধির জল শতন্তভাবে বচন রচনা করেছেন। এই শব্দ ভাবে রচিত বচন গুলিকে ইষ্টি বলা হয়। এই বৈলক্ষণ্যের জন্তু অন্ত ভাষ্য অপেক্ষা এই ভাষ্যের মহত্ব আছে। সেই জন্ত ইহাকে মহঃভাষ্য বলা হয়।(৩২)

⁽৩০) 'অতেন সংগ্রহানুসারেল ভগরতা প্তঞ্জলিন সংগ্রহসংক্ষেপ গৃত্যের প্রারশ্যে ভাত্তমূপ-নিবন্ধমিত্যুক্তং বেদিত কাম্। প্রণারাজ্যীকা বাক্যপদীয় ২৪৮৫]

⁽৩১) 'অন্তএৰ সৰ্বস্থায়ৰীক্সহেতৃত্বাংগৰ মহজ্জুনন বিশিষা মহাভাষ্যমিতৃচিতে লোকে।
'অৰ মহৰ্মেৰ বিশেষণহাৱেশাদোগিপাদগ্নিতৃমাহ—অসৱগাৰে•••।" [পুণারাজ্টীকা বাঝাপদীয়
২া৪৮৫]

⁽০২) "ব্যাখাত্, মং পাছেট্রানি কথনেনামাথাত্তাদিতরভাষাবৈলক্ষণাম্"। [কৈরট্রত উপক্রমন্থ «মইলাকের নাগেণভট্টকৃতবাখা। উদ্যোত]

বৈরাকরণ সম্প্রদায়ে স্তরকার পাণিনি অপেক্ষা বার্তিককারের অধিক-প্রামাণ্য, আবার বার্তিককার অপেক্ষা মহাভাষ্যকারের অধিক প্রামাণ্য শীকার করা হয় (৩৬)।

প্রাচীনকালে মহাভাষ্যকৈ চূর্ণি বা চূর্ণিন্ নামে আখ্যাত করা হোত। ভর্তৃহরির মহাভাষ্যটীকার যে খণ্ডিত অংশ বালিন লাব্রেরীতে বক্ষিত আছে ভাতে মহাভাষ্যকারকে চূর্ণিকার বলে তিনবার উল্লেখ করা হয়েছে। [ডাঃকীলহর্ণ সম্পাদিত মহাভাষ্য দ্বিতীয় খণ্ড ভূমিকা]।

ৰুক্তি দীপিকাতেও মহাভাষ্যকারকে চূর্ণিকার বলা হয়েছে এবং মহাভাষ্য হতে কিছু কিছু পঁডুক্তি উদ্ধৃত করা হয়েছে।

গৌতমস্ত্রের ব্যাৎস্থারনক্বত ভাষ্যের উপর উদ্যোতকরক্বত ব্যাধ্যাকে ব বার্তিক বলা হয়। ' ফৈমিনিস্ত্রের শবরস্বামিক্বত ভাষ্যের উপর ক্মারিলভট্টকত ব্যাধ্যাকেও বাঁত্রিক,বলা হয়। ন্বৃহদারশ্যক উপনিধদের শাক্ষর ভাষ্যের স্থবেশ-ব্যাচার্য প্রশীত ব্যাধ্যার ক্ষন্ত বার্তিক গ্রন্থ বচিত হুর্যেছে (১০৪)।

(৩৩) ''वरशास्त्रः हि म्निजवन्त्र आभागीम् [टेकवरे ১ ১।२३]

"উত্তরোক্তঃস্যা বহলক্ষাণশিত্বং প্লষ্টং চেদং ধিনিকুগোরিতি পুত্রে [অ১৮৮০] ভাগে।" [মহাভাষ্যপ্রদাণোক্ষ্যেত]

"এজচে ধিবিকুবোরচেতি স্ত্রেভাষো ধ্বনিতম্" (লঘুশবেন্দুশেশর সর্বনামপ্রকরণ) নাপেশভট্ট বলেছেন পূর্ববতী মৃনি অপেক। পরবর্তী মৃনির অধিক প্ররোপের জ্ঞান খাকে পরবর্তীকালে ভাষার অধিক পরিপুটি হয় বলে গরবর্তী মৃনির অধিক প্রামণ্য।

(৩০) ''ৰদ্ধাক্ষমদন্দিক: সাৰবদ্বিৰতোম্পম্। অন্তোভমনৰণাণ প্ৰ: প্ৰিবিশো ৰিছ: ॥" [যুক্তিণী পিকাদিতে উক্ত] ''লব্নি স্চিতাপুনি বলাক্ষমণানি চ সৰ্বতঃ সাৰত্তানি প্ৰান্যান্ত্যনীবিশঃ [বাচন্দতি মিঅকৃত তাৎপ্ৰটীকাল #উক্ত ভাঃ প্: ভায়ু বাঃ ১১১১]

ভাষ্যের লকণ "স্থার্থো বর্ণাতে যত্র পদ্মৈ স্ত্রাস্কারিভি:।

ৰপদানি চ বৰ্ণান্তে ভাষ্য⁻ভাষ্যবিদে**। বিহু:।''** [ব্ৰ: মু: ভাষ্য চীক। আনৰ দিৱি]

ৰাৰ্ডিকের লকণ—"উক্তাসুকত্বকাৰ্থচিন্তা ৰত্ৰ প্ৰবৰ্ততে।

°তং প্রস্থং বার্তিকং প্রা**হঃ থাতিকজা মনীবিণঃ।** ° [বৃহদারণাক স**বস্থবার্তিকের** আনন্দ সিরিটীকা]

টাকার লকণ —''টাকা নিরগুরং যাথা''

[পরীকাম্থ প্রের টাকার উক্ত]

কিন্তু পতঞ্জনিক্বত মহাভাষ্যে কাত্যায়নকৃত বাতিকেরই প্রধানভাবে ব্যাখ্যা কর' হয়েছে এবং প্রসক্তমে আস্থাকিকভাবে কিছু কিছু পাণিনিস্থজ্ঞেরও ব্যাখ্যা করা হয়েছে। মোটকথা মহাভাষ্যটি বাতিকের ব্যাখ্যা। পতঞ্জনি কোন কোন হলে পাণিনি স্জেরও অতন্তভাবে মহাভাষ্য রচনা করেছেন। সমন্ত পাণিনি স্জের ব্যাখ্যা মহাভাষ্যে দেখা যায় না। সে স্ক্তে বিশেষ কোন বিচার্য বিষয় পতঞ্জনির লক্ষ্য হয় নাই সেই স্ক্তেরে উল্লেখ তিনি করেন নাই। কাশিকাতে কিন্তু সমন্ত পাণিনি স্ত্তের ব্যাখ্যা আছে।

মহাভাষ্যকার পতঞ্জলির কালের কথা বলা হয়েছে, দেশের সম্বন্ধেও নানা পত্তিতের নানা বিবাদ আছে। তবে ভাষ্যকার "গোনদীয়ভ্রাহ" এইরপ পরেলক ভাবে নিজের পরিচয় দেওয়ায় গোনদ দেশে ভাষ্যকারের জুলা বলে অহমান করা যায়। গোনদ দেশকে দেশীর ভাষায় গৈছিল বলে কর্পন করা হয়। এইগোডা সম্ভবত অযোধ্যাদেশই হবে। য়দিও পৃষ্যমিত্তের আযোধ্যাদ সক্ষ পাটলিপুত্র তথাপি ঐতিহাসিকগণ বলেন পৃষ্যমিত্তের অযোধ্যার সঙ্গে সম্ম ভিল। সেই সম্বন্ধ হতে বুঝাযায় পতঞ্জলির সঙ্গে পৃষ্যমিত্তের সম্বন্ধ হয়েছিল।

বাতিককার কত্যায়নের দেশ, কাল সন্থন্ধে ও স্পষ্ট প্রমাণ পাওয়া যায় না। কাত্যায়নের অপর নাম বরফচি বলে আমরা মহাভাষে। পাই। আর মহাভাষে। 'প্রিয়তদ্ধিতা দাক্ষিণাত্যাঃ" [পম্পশাহ্নিক মহাভাষ্য] এইভাবে বাতিককারের সন্থন্ধে উক্তি আছে বলে—দাক্ষিণাত্যের কোন স্থানে, কাত্যায়নের ক্রম এই পর্যন্ত বুঝা যায় কিন্তু দাক্ষিণাত্যের কোন দেশে কি কোন নগরে তাঁর ক্রম তা দঠিক ভাবে এখনও জানা যায় না। কাল সম্বন্ধেও কাত্যায়ঃমর বিষয়ে বিবাদ আছে। তবে সর্পস্ত্রের বাতিককার 'প্রব্যাভিধানং ব্যাভিং" এইকখা বলেছেন বঙ্গে ব্যাথান্ন পাণিনির স্ত্রের উপর ব্যাভির বে সংগ্রহ নামক বিশাল গ্রন্থ ছিল, দেই গ্রন্থরানার বা ব্যাভির পরবর্তী হচ্ছেন কাত্যায়ন। আবার কাত্যায়নের বাতিকের উপর পভঞ্জলি মহাভাষ্য প্রথম করায় সম্ভবত পভঞ্জলির হার মত বংশর পূর্বে কাত্যায়নের কাল। স্থভরাং খৃইপ্র ষষ্ঠ বং সংগ্রম শতাক্ষী কাত্যায়নের কাল বলে মনে হয়।

পাণিনির দেশ সুষদ্ধে অনেকে গান্ধার দেশকে পাণিনির জন্মস্থান বলে অস্থান করেন। অবশ্বা এবিষয়ে স্পষ্টভাবে ও জানা কঠিন। কাল সম্বন্ধে অস্থান করা যায়ু যে পাণিনির স্বত্তের উপর সংগ্রন্থ গ্রন্থ ছিল। সেই গ্রন্থ নিশ্চয় অনেকদিন প্রচারিত হয়েছিল, তারপর বার্তিককার বার্তিক রচনা করেন। তারপর পতঞ্চলি মহাভাষ্য রচনা করেন। স্থতরাং পতঞ্চলির অস্তত এক হাজার বংমর পূর্বে পাণিনি স্ত্রে রচনা করেন। আর বার্তিককারের বার্তিকের অস্তত পাঁচশত বংশর পূর্বে পাণিনি-স্ত্রে রচিত হয়েছিল। নতুবা পাণিনির অল্পকালের পরে বার্তিক রচিত হয়েছে—ইহা বলা যায় না। কারণ পাণিনি ও বার্তিকের মধ্যে সংগ্রহ গ্রন্থের পঠন পাঠনের নির্দেশ পাওয়া যাছে। স্থতরাং খৃষ্টপূর্ব ঘাদশ কি ত্রয়োদশ শতান্ধী পাণিনির কাল বলে মনে করা যেতে পারে। পাণিনির সমগ্র অষ্টাধ্যায়ীতে আটটি অধ্যায় আছে, এবং তার প্রত্যেক অধ্যায়ে চারটি চারটি পাদ আছে। স্থতরাং পানিনি ব্যাক্রণে সর্বভন্ধ ৩২ টি দাদ আছে। মহাভাষ্যকার পতঞ্জলি পাণিনির ঐ পাদগুলিকে বিভিন্ন আহ্নিকে বিভক্ত করেছেন। মহাভাষ্যে সর্বসমেত ০৪ টি আহ্নিক আছে। তার সধ্যে প্রথম আহ্নিককে পস্পশা আহ্নিক বলা হয়।

শার্নার্থক স্পৃশ থাতুর উত্তর যন্ত্র করে সেই যন্তন্ত স্পূল পাস্পানামের অর্থ। থাতুর উত্তর কর্ত্বাচো অচ্ প্রভার করে তার উত্তর স্থানিকে টাপ্ প্রভায় করে গস্পানা শব্দ সিদ্ধ হয়। পস্পানা শব্দ অন্তাহ করে গস্পানা শব্দ সিদ্ধ হয়। পস্পানা শব্দ অন্তাহ করে। করিছার প্রকৃতি-প্রভায় লভ্য অর্থ হচ্ছে—যা অধিকভাবে স্পর্শ করে। এই আছিকটি ব্যাকরণ শাল্পকে বা বাকরণাধ্যায়ীকে অভিশব্ধ স্পর্শ করে। কারণ ব্যাকরণ শাল্প অধ্যয়ন করা অভ্যন্ত প্রয়েজনীয় এই কথা পস্পানাআছিকে থাকার ব্যাকরণাধ্যয়নে পাটার্থীকে এই আছিক প্রবৃত্তিত করে। কেহ কেহ বলেন স্পানা বাধনে একটি কুস্পান্ধ থাতু আছে। সেই থাতুর পূর্বাক্তরণে যন্তন্তর্পরে উত্তর অচ্, দ্বীলিকে টাপ্ করে পস্পানা শক্ষ সিদ্ধ হয়। অর্থ হচ্ছে যে অন্তন্তিককটি ব্যাকরণ শাল্পের অধ্যয়নে পাঠার্থীর বাধা দূর করে দেয় তা পস্পানা। অধ্যয়নার্থী স্থাকত ব্যাকরণশান্ধ নীরস বলে স্থায়নে প্রস্তুত্ব হয় না। কিন্তু এই প্রপ্রাক্ষ আহিকে ব্যাকরণের অধ্যয়ন অবশ্য কর্তব্য এর প্রয়োজন আছে ইত্যাদি বলে অধ্যয়নার্থীর অধ্যয়নে প্রস্তিত্ব বাধা দূর করে দেয়।

এই পশ্শশ্ম আহ্নিকটিকে ব্যাকরট্ল শাস্ত্রের ভূমিকা বলা ষেতে পারে। এই আক্রিকে যদিও কোন ক্রের ব্যাধ্যা নাই তথাপি শব্দের অরপ কি শব্দ শাস্ত্রে অধ্যয়নের প্রয়োলন কি ইত্যাদি বিষয় সমূহের ক্ষম পর্যালোন করে পতঞ্জলি শাণিনি ব্যাকরণসম্বাধীয় বছতত্ত্বের বৈজ্ঞানিকভাবে বিচার করেছেন বলে

শাণিনিব্যাকরণাধ্যারার নিকট এর মূল্য যথেষ্ট আছে । গুধু তাই নয় এই আছিক হতে ভাষাতত্ত্বর অন্থূশীলনকারিগণও অনেক উপাদান দংগ্রহ কর্তে পারেন। এই গ্রন্থে সেই পম্পশা আছিকের অন্থবাদ ও বিবৃতি করার ষথাশক্তি বগারুদ্ধি প্রবৃত্ব করা হয়েছে।

ইভি ভগবৃদ্ধরবাচার্য পূজ্যপাদ শ্রীষ্কবিকেশাশ্রম শিব্য দাম্যেদরাশ্রম।

পতঞ্জি প্রণীত ব্যাকরণ মহাভাষ্য

পস্পশাহ্নিক

[অন্যবাদ ও বিরভি]

মৃক

অধ শকারশাসনম্। অথেত্যরংশকোত্যিকারার্থ গ্রন্থাতে। শকারশাসনং নাম শাস্ত্রমধিকৃতংুবেদিতব্যম্॥ ১॥ ় '

অনুবাদ—অথ শকারশাসন (শকোপদেশ)। "অথ" এই শকটি অধিকার (আরম্ভ) অর্থে প্রযুক্ত [বাবস্বত) হচ্ছে। শকার্শাসন নামক শাদ্ব অধিরত (আরক্ষ) হচ্ছে—ইহা বুঝতে হবে॥ ১॥

বিরু ভি—কোন শাস্থ আরম্ভ করতে গেলে সেই শাস্ত্রে বৃদ্ধিমান ব্যক্তি গণের প্রবৃত্তির উপযোগিরূপে চাবটি অয়ুবন্ধর বর্ননা করতে হয়। অয়ুবন্ধ-চতুইয়ের জ্ঞান না হলে বৃদ্ধিমান্ লোকদের সেই শাস্ত্রে প্রন্থাজন (১)। যে বৃদ্ধি বে শাস্ত্র অধকারী, বিষয়, সম্বন্ধ ও প্রয়োজন (১)। যে বৃদ্ধি বে শাস্ত্র অধকারী বলা হয়। বে পদার্থ যে শাস্ত্রের প্রতিপাদ্য তাহাই সেই শাস্ত্রের বিষয় ও বিষয়ের সহিত শাস্ত্রের বী শাস্ত্রের সহিত প্রয়োজনের যে সম্বন্ধ তাকে সম্বন্ধ বলা হয়। বে শাস্ত্র অধ্যাজন বল হয় সেই শাস্ত্রের বিষয়ের করলে যে ফললাভ হয় তাকে প্রয়োজন বল হয় সেই শাস্ত্রের। অবিবেকী বা উন্মন্ত ব্যক্তি ভিন্ন যে ব্যক্তি যে কাথে প্রবৃত্ত হয়, তাহার প্রবৃত্তি হওপার পূর্বে "এই কার্য আমি করতে পারব" এইজ্ঞান হয়। প্রবৃত্তির উপযোগী এইরপ জ্ঞানকৈ ভাষের ভাষায় 'ক্রতিসাধ্যতাজ্ঞান' বলে—"ইদং মৎকৃতিসাধ্যম্ ।"

[া] প্রবৃত্তিপ্ররোজকজ্ঞানবিষয়ক্য অনুবন্ধক্ম [তেকঁদংগ্রহ টীকা] অর্থাৎ বে বিষরের জ্ঞান ক্লে গোকের শাল্পে প্রবৃত্তির উপবোগী হয় ৮ আর বিরুদ্ধ সৰ্বৰ পূ প্রয়োজনেই জ্ঞান ইষ্ট্রদাধনত — জ্ঞানেই উৎপাদন করে শাল্পে প্রবৃত্তির উপবোগী হয় ৮ আর বিরুদ্ধ সৰ্বৰ পূ প্রয়োজনেই জ্ঞান ইষ্ট্রদাধনত —

এইকাজ আমার ক্বতি বা বত্বদারা সাধিত হবার বোগ্য। শান্তে অধিকারীর জ্ঞান না হলে, সেই শাল্ধাধ্যয়নে ক্বতিসাধ্যত। জ্ঞান হয় না। ক্বতিসাধ্যত। कान ना रल भारत विচादभीन वाकित প্রবৃতি হয় ना। অধিকারীর জান হলে অধিকারী নিজের সামর্থ্য প্রভৃতির চিস্তা করে, নিজের ভিতর সেই অধিকারীর অহ্বৰূপ সামৰ্থ্য আছে—ইহা যদি জানতে পাৱে তাহলে সেই বিষয়ে প্ৰবুত্ত হয়। এই জ্ञাকোন বিষয়ে বা শান্তে প্রবৃত্ত হবার পূর্বে অধিকারীর জ্ঞান আবশ্যক। ইষ্ট্রসাধনতাজ্ঞানও শাস্ত্রে প্রবৃত্তির প্রতি কারণ। বুদ্ধিমান্ ব্যক্তি 'हेनः मिन्हिभाधनम्' हेहा आमात अखिलियि तस्त्रत मिन्नित खेशात्र—हेहा त्यात সেই ইট্যাধন ধিষয়ে প্রবৃত্ত হয়। এইজন্য যে কার্যে নিজের কোন ইট্রসিদ্ধির সম্ভাবনা আছে - বলে মনে হয় ন। সেই কার্ষে কোন বুদ্ধিমান্ ব্যক্তি প্রত্নন্ত इस्र नां। भाष्युव अर्याकन कान क्नाल तरे भाष्य वृद्धिमान व्यक्ति है সাধনতাজ্ঞান হয়ে প্রবৃত্তি হয়। এই হেতু শাধের প্রয়োজন জ্ঞান আবশ্রক (২)। বিষয়ের জ্ঞান ও ইষ্টসাধনতাজ্ঞানের উপযোগী। বে বিষয়কে অবলম্বন করে শান্ত রচিত হয় সেই বিষয়ের জ্ঞানই শান্তের সাক্ষাৎ প্রয়োজন। এই বিষয় জ্ঞানটি পাত্মের উদ্দেশ্যরূপ যে প্রয়োজন, দেই প্রয়োজন জ্ঞানের মহায়ক। এইভাবে শান্ত্রের সহিত বিষয়ের, বিষয়ের স্থিত প্রয়োজনের, শান্ত্রের সহিত প্রয়োজনের যে সম্বন্ধ দেই সম্বন্ধজানও ইট্সাধনভাজ্ঞানের সহায়ক হয় যে প্রয়োজনকে উদ্দেশ্য কর্মে শাস্ত্র বচিত গ্রা, সেই প্রয়োজনটি সেই শাস্ত্রজান দারা হতে পারে—,এরপ দৃচজ্ঞান না হলে শাস্ত্রে প্রবৃত্তি হতে পারে না। শান্ত্রের সহিত বিষয় এবং প্রয়োজনের সম্যগ্রান যদি ন। হয়, তা হলে সেই শাস্ত্রকে অসম্বন্ধ এলাপ বলে মনে হয়, তাব ফলে সেই শাস্ত্রে বুদ্ধিমান ব্যক্তির প্রবৃত্তি হয় না। বিষয় ও প্রয়োজনোর জ্ঞান হলে তা থেকে সম্বন্ধ ও অধিকারীর জ্ঞান অনায়াদে হতে পারে। এইহেতু মহাভায়্যকার পতঞ্জলি দর্বপ্রথম 'শব্দা-কুশাসন' এই সার্থক নামের উল্লেখ করে ব্যাকরণ শাস্ত্রের বিষয় ও প্রয়োজন স্থচিত করেছেন।

২। 'সর্বস্থাপি হি শাপ্তস্ত কর্মণো বানি কস্তাচিং। ব্যবং প্রয়োজনং নোডেং ভাবতং কেন গৃঞ্জে॥"

শব্দাস্থাসন নার হারা অসাধু = অশুদ্ধ-অপভ্রংশ প্রভৃতি শব্দ হতে পৃথগ্ভাবে সাধু ! শুদ্ধ] শব্দের জ্ঞানোংপাদন করা হর প্রাক্তি শব্দের জ্ঞানোংপাদন করা হর করণবাচ্চে লুটি [অনট] প্রভার করে অন্ধ্যাসন শব্দিটি সিদ্ধ হযেছে। ["করণাধিকরণযোশ্চ" ইতি লুটি পাঃস্থঃ তাল্চি হরপ শ্লামামন্ত্যাসনম্" এইরপ ষষ্টীতংপুক্ষ সমাস করে "শব্দান্য্যাসনম্" শব্দ সিদ্ধ হয়েছে। এবানে "আচার্য কর্তৃক" [আচার্যেণ] এইরপ ক্তৃবাচক পদের উল্লেখ না খ্লাকার কর্মে ষদ্ধী সমাসের কোন বাধা হয় নি। কর্তা কর্ম উভর্ত্ত ষদ্ধী প্রাপ্ত হলে কর্মে বে ষদ্ধী হয়, সেই ষদ্ধান্ত পদের সন্ত্যাসন্ম হয় না। এবানে কর্তৃপদেব উল্লেখ না থাকায় উভর্ত্ত ষদ্ধীপ্রার সন্তাবনা না থাকায় ইজর্ম স্থাবনা না থাকায় হ

"ব্রাহ্মণেন নিকারণে। ধর্মং ষডকো বদোহধোয়ে জ্ঞেষ্ণ্ড" [মহাভায় পশ্প-শাহ্নিক]। শিক্ষা, করা, ব্যকরণ, নিক্ষক্ত, ছন্দােশাস্ত্র ও জ্যোতিষশাস্ত্র— এই ছয় অঙ্গের সহিত বেদের অধ্যয়ন অর্থাৎ অক্ষর-গ্রহণ ও তার অর্থজ্ঞান—ইহা ব্রাহ্মণের নিকারণ ধর্ম। অভিপ্রায় এই যে বেদের অধ্যয়ন ও অর্থজ্ঞান—ব্রাহ্মণের অবশ্যকর্তব্য। এরজন্ম ব্রাহ্মণের কোন প্রকাব কোনিক ফলের মণেক্ষা করা উচিত নয। এখানে নিকারণ ধর্ম বলায় সক্ষয় বন্দনার মত ষদক্ষের সহিত বেদাব্যয়ন ও তাব অর্থজ্ঞান ব্রাহ্মণের পক্ষে একটি নিতাকর্ম বলে প্রতিপাদিত হয়েছে। সন্ধ্যাবন্দনা ন করলে যেম্ম ব্রাহ্মণ পাপভাগী হয়, সেইরূপ ষড্মণহিত বেদের অধ্যয়ন ও অর্থজ্ঞান না করলেও পাপভাগী হয়। যারা উত্তম অধিকারী, তাঁদের ব্যাকরণাধ্যয়নের প্রয়েশন না বনলেও এই শান্ধবাক্যান্স্পারে ব্যাকরণাধ্যয়নে প্রবৃত্তি হতে পারে এই মনে

[পদমপ্লবী]

 ^{&#}x27;'অনুশিক্ত অসাধ্শলেভা। বিবিচা ভাগাতে অনেনেভি''
 মহাভাব্প্রদীপোন্দোভ।।

অনুশিয়তে বিবিচা অসাধুভো বিভন্ধ বোধাতে বেৰে'ত করপেল্ট [শনকোন্তভ] । বিবিকাঃ সাধবঃ শনাঃ প্রকৃত্যাদিবিভাগতো জাণ্যতে বেন তছান্ত্রমত্র শনানুশাসন্ম।

 [।] শিক্ষা কলো বাকেবণং শিক্ষতং জ্যোতিবাং গতিঃ।

 ছন্দোবিচিতিরিভা
েঃ বড্লেগ বেদ উচাতে। । [অমরকোব দর্শাদিকা ভাত্নীকিত
টাকাঃ]

करत छगवान् भाभिनि वाकित्रलात कान अरहाकरनत छरत्रव करतन नि। বার্তিককার বলেছেন--ব্যাকরণ শান্ত্রের প্রক্রিয়াজ্ঞান পূর্বক সাধুশব্দের প্রয়োগ করলে ধর্ম হয় (e) i. তার দারা ধর্মলাভ ব্যাকরণাধ্যয়নের প্রয়োজন ইহা স্থাচিত হয়েছে। থারা মধাম অধিকারী তাঁরা ধর্মলাভের জন্য ব্যাকরণাধ্যয়নে প্রবৃষ্ট হতে পারেন, এইহেতু বাতিকারের এই প্রয়োজন মধ্যম অধিকারীর 🗷তি কথিত হয়েছে বলা ধেতে পারে। কিন্তু স্ত্রকার পাণিনি এবং বার্তিককার কাত্যায়ন--এ রা কেউই নিরুষ্ট অধিকারীর ব্যাকরণাধ্যয়নে প্রবৃত্তির জন্ম কোন প্রয়োজনের উল্লেখ করেন নাই। য°ারা •নিরুষ্ট অধিকারী উাদের শাস্ত্রের প্রতি তাদৃশ প্রদ্ধা না থাকায তারা জনান্তরে প্রাপ্তব্য স্বর্গাদি-·**ফ**লের **প্**তি বিশ্বাসন্থাপন করতে পারেন না। এইজন্ম তাঁরা প্রত্যেক **কর্মে**র ঐহুলৌকিক ধ লের অন্সন্ধান করেন। মহাভায়কার পতঞ্জলি ইহা লক্ষ্য করে অধম অধিকারীর প্রকৃত্তির উপযোগী প্রয়োজন স্থচিও করেছেন। 'শব্দান্তশাসন' এই দার্থক নামের প্রযোগ করায়, শব্দজ্ঞানই [সাধুশব্দজ্ঞান : যে ব্যাকরণ শাস্ত্রের দাক্ষাৎ প্রয়োজন—তাহা স্থচিত হয়েছে। এখানে শব্দ বলতে ধে সাধু (শুদ্ধ) শব্দ এবং ব্যাকরণ বলতে ষে সাধু শব্দের অন্তশাসন [জ্ঞাপন] তাহ। ভায়কার একটু পরে নিজেই বলবেন। শকান্ত্শাসন—এই নামের শব্দের [শকানাম : অফুণাসন [অফুণাসনম্] এইরপ অর্থ হওযায়, শক্ষ যে ব্যাকরণ শান্ত্রেব বিষ্য তাহাও স্থচিত হয়েছে। মহাভাষ্যপ্রদীপ নামক মহাভার্যের টীকায় আচার প্রতি বলেছেন-বে শ্রান্থশাসন—এই সা**থক** নামের ছারা মহাতায়কার যে ব্যাকরণ শাস্ত্রের সাক্ষাৎ প্রয়োজন শব্দের জ্ঞান ভাহা স্চিত করেছেন। শব্দালুশাসন এই সাধক নামের দারা ব্যাকরণ শান্ত্রের প্রতিপাত্ত বিষয় যে সাধু শব্দ তাহা স্টিত হরেছে একথা জিনেন্দর্ত্বি প্রণীত কাশিকাবিবরণ পঞ্জিকার ভট্টোজীদীক্ষিতপ্রণীত শব্দকৌম্বভে এবং হরদত্তপ্রণীত পদমঞ্জরীতে বলা হয়েছে। মহামতি নাগেশভট্ট মহাভান্ত প্রদীপোন্দোতে এই ছুইপ্রকার মতের সামঞ্চত করে বলেছেন যে, ব্যাকরণ শাস্ত্রের প্রয়োজন শক্ষান ও প্রতিপাছ বিষয় শব্দ এই উভয়ই শব্দান্থশাসন— এই সার্থক নামের ধারা স্চিত হয়েছে। এইভাবে শক্তান ব্যাকরণশাস্তের সাকাৎ প্রয়েভন হলেও মূল প্রোজন হেছে—ধর্ম এবং মোক। স্থপ বা

⁽⁴⁾ শারপুর্বকে প্ররোগেংভাদরভব্ লাং কেল বদেন। । বহা ভাষাপশ্পশাহিকে উদ্বত)

কংশনিবৃত্তিই হচ্ছে আসন প্রয়োজন। শক্তজান — ক্রখ নর বা ত্রংখ নিবৃত্তি নয়।
কিন্তু ক্রথের বা ত্রংখ নিবৃত্তির উপার হচ্ছে শক্তজান। এই জন্ত নাগেশ ভট্ট
বলেছেন — প্রয়োজন হচ্চে ধর্ম এবং মোক্ষ। ব্যাকরণাধ্যয়নের ছারা শক্তজান
হলে তার ছারা শক্তের অর্থেরও জ্ঞান হয়। তার ছারা বেদের অর্থজ্ঞান হয়।
বেদের অর্থজ্ঞানপূর্বক শুদ্ধ মন্ত্রের ছারা বৈদিক কর্মাস্কুটান করলে ধর্ম উৎপন্ন হয়।
সেই ধর্মছারা স্বর্গন্ত্রথ হয়। আবার ব্যাকরণাধ্যয়ন হতে শক্তজান হলে
উপনিষদের অর্থজ্ঞান হয় বা ব্যাকরণশক্ষ প্রক্রিয়াজ্ঞান পূর্বক আসল শক্ষ
বন্ধেরজ্ঞান ছারা মৃক্তি হয়। অতএব শক্ষ্পানটি সাক্ষাৎ প্রয়োজন হলেও
ব্যাকরণাধ্যয়নের পরস্পরায় ফল হচ্ছে গর্ম ও মৃক্তি। তবে মহাভান্ত্রকার
শত্ত্বিলি নিকৃষ্ট অধিকারীর ব্যাকরণশাল্রে প্রবৃত্তির উপযোগিরূপে শক্ষ্পানকে
শক্ষাৎ প্রয়োজন বলে স্চিত করেছেন—ইহাই অভিপ্রায়।

ভাগ্যের লক্ষণ পরাশর উপপুরাণে নিম্নলিখিত ভাবে বর্ণিত হয়েছে—
"স্ত্রন্থং পদমাদায় পদৈঃ স্ত্রাম্নারিভিঃ।

স্পদানি চ বর্ণাস্তে ভাষ্যং ভাষ্যবিদ। বিদ্নঃ ॥" [১৮ অধ্যায়] খে প্রন্থে স্থেষিত পদকে গ্রহণ করে, স্ত্রের অন্তর্কুস পদের ছারা ভার ব্যাখ্যা করা হয় এবং নিজের পদেরও ব্যাখ্যা করা হয়, ভাষ্যাভিজ্ঞগণ সেই গ্রন্থকে ভাষ্যকপে অসীকার করেন। পতঞ্জলিপ্রত ভাষ্যকে মহাভাষ্য বলার (৬) কারণ এই বে এই পতঞ্জলি প্রণীত ব্যাকরণভাষ্য ব্যাখ্যা গ্রন্থ হলেও, ইহাতে অনেকস্থলে স্ত্রে ও বাতিকের অপেক্ষা না করে, ইষ্টি অর্থাৎ স্বত্তম্ব বচনের প্রণয়ন করে স্বাধীনভাবে শব্দের সাধন করা হয়েছে। ইহাই এই ভাষ্যের অস্তভাষ্য হতে বিশেষত্ব এবং এই বিশেষত্বের জন্মই এই ভাষ্যের মহত্ব। কেইজন্য একে মহাভাষ্য বলা হয়। বাক্যপদীয়ের দ্বিতীয় কাণ্ডের শেষে ভত্ত হরি আই ভাষ্যের অন্তপ্রকার মহত্বের কথা বলেছেন এবং বাক্যপদীয়ের টীকাকার প্রান্থাজ্ব সেইস্থলের অ ভপ্রার স্পষ্টকরে বলেছেন। তিনি বলেছেন এই ভাষ্য কেবল ব্যাকরণের নিবন্ধ নয়, কিন্তু ইহা সমস্ত স্থায়বীজের অর্থাৎ সমগ্রযুক্তি কলাপের মৃগতত্বের সংগ্রহ। এই জন্য এইগ্রন্থকে 'মহ্ৎ' শব্দের দ্বারা বিশেষিত করে মহাভাষ্য নামে অভিহিত করা হয়। এই গ্রন্থে প্রতিপাত্য বিষ্যের বাহুল্য

৬। "ব্যাঝাত্ত্বংশ্যনেষ্ট্রাদকখনে নাবাঝাত্যাদিত ব ভাষ্টবৈলকশোন মহুদ্দ্ ।"

থাকার ইহা অতি গন্তীর অর্থাৎ অতলম্পর্শ এবং প্রতিপাদন রীতির স্থন্দরভার জন্ত ইহা অতিম্পষ্ট। অতএব সজ্জন ব্যক্তিগণের চিন্তের মত এই গ্রন্থ অভাবত স্থক্মার অথচ অতিগন্তীর। এই কারণে ইহাকে মহাভাষ্য বলা হয় (१)। এই গ্রন্থ ভাষ্য বলে এতে স্থকীয় পদেরও ব্যাখ্যা করা হয়েছে (৮) এই জন্ত ''অপেত্যয়ং শন্দোহধিকারার্থ: প্রযুজ্যতে'' বলে অথ শন্দের ব্যাখ্যা প্রদর্শিত হয়েছে। অথ শন্দের বাচ্যার্থ ছটি এবং আর তিনটি আমুষ্পিক অর্থ বা প্রয়োজন । ৯)। এখানে আরম্ভ অর্থেরই গ্রহণ করতে হবে ইহা ব্যাবার জন্ত ব্যাখ্যার প্রয়োজন হয়েছে। 'অথ শন্দামুশাসনম।' এই বাক্যে অথ শন্দের আরম্ভ অর্থ গ্রহণ করলে সমগ্র বাক্যটির বে অর্থ পর্যবিদিত হয়, তাই ব্যাখ্যায় বলেছেন "শন্দামুশাসনং নাম শাস্ত্রমধিকতং বেদিতব্যম্' শন্দামুশাসন নামক শাস্ত্র আরম্ভ হুছে ইহা ব্যাতে হবে।

আর একটা বিষয় এখানে লক্ষণীয় এই ষে—কোন গ্রন্থকার বা কোন বক্রা যে বিষয়ের বর্ণনা করবেন, সেই বিষয়টির প্রথমে যদি নির্দেশ করেন, তাহলে শিষ্যদের বা শ্রোভ্ বর্গের তাতে মনোনিবেশ করা সম্ভব হয়, নতুবা আলোচ্য বিষয়ের জ্ঞানের অভাবে শ্রোতার মনোনিবেশ ঘটে না। কোন গ্রন্থ বা প্রকরণের আরম্ভে সেই গ্রন্থ বা প্রকরণের আলোচ্য বিষয়ের নির্দেশকে প্রতিজ্ঞা বলে। গ্রন্থকার বা বক্রা যদি নিজের ভাবী কর্তব্য সম্বন্ধ কোন আভাষ না দিয়ে প্রথমেই প্রতিপাদ্য বিষয়ের অবতারণা করেন তাহলে শিষ্য বা শ্রোভ্রন্দের স্বে বিষয়ে মনোনিবেশ না থাকার তাঁর সেই প্রতিপাদন অরণ্যরোদনের মত ব্যর্থ হয়। এই জন্ত প্রাচীন গ্রন্থকারণণ তাঁক্ষের

 [&]quot;জুত্তেহৰ পতঞ্জলনা গুরুণা তীর্জানিনা!
সর্বেষাং জ্ঞায়নীজানাং মহাভাব্যে নিবন্ধনে ।
অলকগাধ্যেগান্তীর্যান্ত্রান ইব্নেস্ট্রাং ॥

[[] ৰাকাপদীয় ২।৪৮৫।৮৩]

[&]quot;তচ্চ ভাষাং ন কেবলং ব্যাক এণক নিবকনং……. সজ্জনমানসমিব" [পুণারা জ্যাকারী

भा भाषाकृषः भाषार्थाकिर्विश्वादा वाकारवास्त्रना ।

আক্রেপোঞ্ছ সমাধান ব্যাখ্যানং ষড় বিধং মতন। [পরিভাবেন্দুলেশবর ভৈরবী টকা]
পদক্ষেদ, পদার্থের বর্ণনা, সমাসাদির বিগ্রহণদর্শন, সমগ্র বাকোর অন্তর্গত পদসমূহের পরন্দার
ক্ষম্য প্রছর্ণন, পতিপাদ্য বিহায়ের উপরে সম্ভাবিত আশকা এবং সেই আশকোর সমাধান। বাবি।
এই ৬ প্রকার।

२। ''यलमानीखद्रादश्च श्रद्धकार (स्वाबद्धना काल ।"

প্রতিপাল্যবন্ধ বলার পূর্বে প্রতিপাল বিষয়ের এইরূপ আভাষ দিয়ে থাকেন।
মহাভাগ্যকারও তাঁর গ্রন্থের আরন্তে ''অথ শব্দান্ধশাসনম্'' এই প্রতিজ্ঞা বাক্যের
দারা নিজের বক্তব্য বিষয়ের প্রতি শিগ্যদের মনোযোগ আরুষ্ট করেছেন।
অতএব ''অথ শব্দান্ধশাসনম্'' এই বাক্যটি যেমন শাশ্বের বিষয় ও প্রয়োজনের
প্রতিপাদক সেইরূপ শিগ্যদের মনোনিবেশের হেতুভূত প্রতিজ্ঞাবাক্যও বটে।

প্রশ্ন হতে পারে আন্তিকগ্রন্থকারগণ সকলেই গ্রন্থারন্থের পূর্বে মন্দলাচরণ করে থাকেন, মহাভাষ্যকাব এতবড বিশাল গ্রন্থ করার পূর্বে মন্দলাচরণ করলেন না কেন? তার উত্তরে বৈযাকরণগণ বলেন "অথ শন্ধায়শাসনম্" এই বাক্যে প্রথমে 'অথ' শন্ধের উচ্চারণ করায় মহাভাগ্যকারের মন্দলাচরণ দুবুলাই দিদ্ধ হয়েছে। মহাভাগ্যকার অতি আন্তিক ছিলেন। তিনি নিজেই শান্ধের আদিতে মধ্যে ও অন্তে মন্দলাচরণের গুণাবলী (১০০ কীর্তিত করেছেন। বে শান্ধের আদি, মধ্য ও অন্তে মন্দল থাকে, সেই শান্ধের বিভাব, অর্থাৎ প্রচার হয়, যারা সেই শান্ধের অধ্যাপনা করেন তারা বীরপুরুষ হয়ে থাকেন অর্থাৎ প্রাম্থা বিচারে তারা কর্ষন ও পশ্চাৎপদ হন না এবং দীর্ঘায় লাভ করে থাকেন। মহাভাষ্যকারের গ্রন্থারন্তে প্রযুক্ত অর্থ শন্ধি যদিও আরম্ভ অর্থের বাচক তথাপি এই অথ শন্ধ উচ্চারণ করাতে মন্দল হয়েছে শ্রোতার ও মন্দল হয়েছে (শ্রাতার ও মন্দল হয়েছে (গ্রাতার ও মন্দল হয়েছে)) ।। ১ ।।

> । মহভোষ্য পম্পণাহ্নিকের 'নিজে শদার্থসম্বন্ধে এই বাভিকের বাখায় পতঞ্জলি বনেছেন—"মঙ্গলানীনি হি শাস্ত্রাণি প্রগন্ধে বারপুকষাণি চ ভবস্থায়ুদ্মৎপুরুধাণি চ 'অধ্যেতারক্ষ সিঞ্জীধা যথা স্থারিতি। "বৃদ্ধিরাদৈন্" ১০১] "ভ্বাদরো ধাতবং" [১৯৭৯] স্ক্তের মহাভাবো গাপ্তের অংশি মধ্য ও অত্তে মঙ্গলের কর্তব্যতা বলা হয়েছে।

১১। উকারশ্চাথশন্দত হাবেতৌ এঞ্চাঃ পুরা।
ক্ষাং ভিন্তা বিনির্যাতী তত্মানাকালকাবৃত্তী ।

বক্তত্তের [১১৯১] ভাষ্যে শক্ষাচার্য বলেছেন—''এর্বান্তর প্রযুক্তে কৃথশক্ষঃ শ্রুত্যা মঞ্চল গ্রেষাঞ্জনো ভবতি।'' অর্থাৎ অন্য অর্থে উচ্চারিত ক্লুখশন্দ শ্রুবন মাত্রে মঞ্চল ক্লুবন ক্রু। মঞ্চলতি মিশ্র বলেছেন বেমন পানের জন্ত কেইডক্লেরের কলসী জ্লুলপূর্ণ করে নিয়ে গেলে তা কর্মন করে অপারেন মঞ্চল হয় সেইক্লপ, অন্য অর্থে উচ্চারিত অথ শক্ষ শ্রুবন করে শ্রুমাদিক্ষনির মন্ত স্থাল হয়।

মূল

কেষাং শব্দানাম্ ? সেকিকানাং বৈদিকানাং চ।
তত্ত্ব লৌকিকান্তাবদ্ গৌরশ্বঃ পুরুষো ইন্তী
শক্নিমৃগো ত্রাহ্মণ ইতি। বৈদিকাঃ ধ্বপি--শন্ধা দেবীরভীষ্টয়ে [অঃ সং ১৬১]। ইবেলোর্জে,ছা
[তৈঃ সং ১০১১]। অগ্নিমীলে পুরোহিতম্[ৠঃসং১১১১]।
অগ্ন আয়াহি বীতর [সাঃ সং ১১১১] ইতি॥ ১॥

অমুবাদ: —কোন্াক সকলের [অনুশাসন]? লোকিক' ও বৈদিক শক্ষসকলের। তার মধ্যে লোকিক শক্ষ [দেখান হচ্ছে] গোঃ, অশঃ, পুরুষঃ, হন্তী,, শক্নিঃ মৃগঃ, ব্রাহ্মণ ইত্যাদি। বৈদিক শক [দেখান হচ্ছে]। শক্ষো দেবীরভীষ্টমে [অথব বেদ] ইষে ছোড়েছ্ ছা [যজুর্বেদ]। অগ্নিমীলে পুরোহিত্য [খ্যাদে]। অগ্ন আয়াহি বীতয়ে [সামবেদ] ইত্যাদি॥ ২॥ গ

বিবৃত্তি: —মহাভাষ্যকার প্রথমেই বলেছেন — "অথ শব্দায়শাসনম্" অথাৎ শব্দের অফুশাসন বা উপদেশক শাস্ত্র আরম্ভ করা হচ্ছে। এখন আশ্বা হতে পারে কোন্ শব্দের উপদেশ করা হবে। শব্দ বলতে তো অনেক রকম শব্দ ব্রায় —কাকের শব্দ, হাতীর শব্দ, ঘোডার শব্দ, মৃদ্ধ, শহ্ম প্রভৃতির শব্দ আবার মান্ত্র্যের ব্যবস্থত শব্দ। কোন্ শব্দের উপদেশ করা হবে ? এই আশ্বা মহাভাষ্যকার নিজেই, উঠিয়েছেন "কেষাং শব্দানাম্"। এই বাক্যে। এই শাল্রে ব্যাকরণে] কাক প্রভৃতির শব্দের জ্ঞাপন করা হবে না, কিছ লোকিক শব্দের ও বৈদিকশব্বের। লোকে বিদিতঃ [জ্ঞাতঃ] এইরপ স্থে

^{*} পাদটা না:—মহাভাবো 'তাবং' এই একট অবার পদ প্রমুক্ত হবেছে, তার কোন অর্থ নাই।

ই শন্দটে বাক্যালয়,রে প্রযুক্ত হবেছে। বাক্যের স্মৃতিষার্থ সম্পাদনের অগ্রুই উধার প্রয়োগ।
আবার এই 'তাবং' শন্দর 'আদে' অর্থ প্রথম এইরপ অর্থও ধরা বেতে পারে। তাতে
আর্থছবে—প্রথমে লৌকিক শন্ধ দেখান হল্ছে। তারণর "বৈদিকাঃ ব্রণি" এবানে 'ব্রণি' শন্দ দেখা বাচ্ছে। ওটা এক্টা শন্দ নর কিন্ত 'ধন্' প্র' অণি' এই ছটি অবার শন্দের সন্মিলিভভাবে প্রয়োগ হরেছে। এইছটি শন্ধও বাক্যালয়ারে প্রযুক্ত। কোন অর্থ নাই। অথবা খন্ ও অপি এই ছটি শন্দের সমৃত্যুর অর্থত ধরা বেতে পারে। তাত্তে অর্থ চল্ল ভূই বে—বৈদ্যিক শন্মও

ব্দেখনা লোকে ভন: [ন্যবন্ধত:] এইরুপ অর্থে লোক শব্দের উত্তর ঠক্ প্রত্যয় করে লৌকিক শব্দ এখানে সিদ্ধ হয়েছে। তার অর্থ হচ্ছে—মাহুষেরা যে শব্দ জানে বা ব্যবহার করে। অবশ্য এখানে অপভংশকে বাদ দিয়ে মাতুষের ন্যবন্ধত সাধু অর্থাং সংস্কৃত ভাষাশন্ধকেই মহাভাষ্যকার 'লোকিক কথা দ্বাবা শে বুঝিয়েছেন সে বিষয়ে সন্দেহ নাই। কারণ পূর্বেই বলা হয়েছে— শকাহশাসন মানে সাধু শব্দের জ্ঞাপন। লোকব্যবহারে যে সকল শ্রব্দের প্রোগ হয়, সেই সকল শব্দ লোকিক শব্দ। আর যে সকল শব্দ কেবল বেদেই প্রযুক্ত হয় সেগুলি বৈদিক শব্দ। প্রশ্ন হতে পারে মহাভায়কাব প্রথমে "লৌকিক্লানাং" এই কথা বললেন কেন? বৈদিক শব্দেব প্রামাণ্য ন্দত:সিদ্ধ বলে গুরুত্বশত বৈদিকশব্দের প্রথমে উল্লেখ করা উচিত ছিল ? তাব উত্তর এই যে লোকিক শব্দের ব্যবহার সর্বদ। হয়, এই জন্ম লোকিক শব্দ, শামাদের স্থপরিচিত, আমাদের বৃদ্ধিতে সন্নিহিত। এই সানিধাবণত প্রথমে লোকিক শব্দের উল্লেখ করে পরে বৈদিক শব্দের উল্লেখ করা হযেছে: সোকব্যবহাবে যে দকল শন্দের প্রয়োগ কঞা হয়, তার আরুপূর্বী অর্থাং ক্রমের নিয়ম নাই। বেমন 'গৌরন্তি' এও ধেমন ব্যবস্ত হয়, দেইরূপ ''অন্তি গো:" এই ৰূপও ব্যবস্থাত হয়। ঐ উভয় ব্যবহারই গুদ্ধ। এই জন্ম লৌকিক শব্দের উদাহরণ দেখাতে গিয়ে ভাষ্যকার কতকগুলির পদের উল্লেখ করেছেন। তার মধ্যে গো শব্দটি মঙ্গল বাচক এবং বহু অর্থের বোধক বলে প্রথমে ''গৌঃ'' এই পদের উল্লেখ করেছেন। এইরূপ পদের উল্লেখ থেকে লৌকিক সংস্কৃত বাক্যকেও শব্দ বলে বুঝে নিতে হবে।

কিন্ধ বেদে পদের আমুপূর্বী বা ক্রম নিয়ত বলে 'অগ্নিণীলে পুরোহিত্ম' ইত্যাদিরপে বাক্যের প্রয়েগ করেছেন। "অগ্নিমীলে পুরোহিত্ম" বললে এই বাক্যের যেমন বেদত্ব থাকে, 'পুরোহিত্ম্ অগ্নিমীলে' বললে কিন্দ্র বাক্যের আর বেদত্ব থাকে না। করিন বৈদিক বাক্য নিয়তক্রম বিশিই। এইজন্ম ভাষ্যকার বৈদিক শন্দের উদাহরণ প্রদর্শনে নিয়তক্রমযুক্ত বেদবাক্যের উল্লেখ করেছেন, কেবল কতকগুলি কৈদিক পদের উল্লেখ করেন নাই। এথেকে বুঝা যায় যে পূর্ববর্তী গুরুনিষ্ট পরম্পরায় যে ক্রমে বৈদবাক্যের উল্লেখ চলে আসছে ঠিক সেইরপ উদান্তাদি স্বরসংযুক্ত উচ্চারণেই বেদের বেদত্ব রক্ষিত হয়, অন্তথা হয় না। এথানে একটা প্রশ্ন স্বাভাবিক্ত ভাবে উদিৎ

হতে পারে এই যে, ভাষ্যকার বৈদিকশব্দের উদাহরণ দিতে গিয়ে বৈদিক মন্ত্রের উদাহরণ দিয়েছেন [বৈদিক] আহ্মণ বাক্যের উদাহরণ দিলেন না কেন? মশ্বেরও বেমন বেদত আছে ব্রাহ্মণেরও সেইরপ বেদত আছে। আপত্তম বলেছেন—''মন্ত্রাহ্মণয়ো বেঁদনামধেয়ম্।'' আর ভাষ্যকারও ব্রাহ্মণের বেদত্ব স্বীকার করেন। নতুবা তিনি "ব্রাহ্মণেন নিষ্কারণো ধর্ম: বডলো বেদ্যেংধ্যয়ো তেজ্যুশ্চেতি।" এই ব্ৰাহ্মণবাক্যকে "আগমঃখৰপি" বলে উদাহরণরূপে উল্লেখিত করলেন কি করে? এর উত্তরে বলা যেতে পারে ষে মহাভাষ্যকারের মতে বেদ বিভিন্ন ঋষিপ্রণীত। তার মধ্যে মন্ত্রগুলিই আগে রচিত হয়েছে, পরে বান্ধণবাক্য রচিত হয়েছে। তাছাডা যজ্ঞাদিতে মজোচ্চারণ করেই অফুষ্ঠান হয়, বান্ধণ বাক্যের উচ্চারণ করে অফুষ্ঠান বা অর্থের স্মরণ করা হয় না। এইহেতু মন্ত্রের প্রামাণ্য অধিক। ব্রাহ্মণবাক্য সেই মন্ত্রের ব্যাখ্যাদি বলে মন্ত্রের উপজীবক [আদ্রিত]। এই হেতু ভাষ্য কার মন্ত্রেরই উদাহরণ বলেছেন। আর বের্দকৈ যারা অপৌরুষেয় বলে স্বীকার করেন তাঁদের মতে যদিও ধেদ নিত্য তথাপি মানুষের মাঝে প্রথমে মন্ত্রগুলি অভিব্যক্ত হয়েছে, তাৰপর ব্রাহ্মণের অভিব্যক্তি। এই হিসাবে এবং যঞ্জাদিতে মন্ত্রের প্রাধান্যবলে মন্ত্রবাক্যই বৈদিকশব্দের উদাহরণরূপে বর্ণিত হয়েছে।

আর একটা প্রশ্ন শ্বতই উদিত হয় এই যে—সর্বত্ত বেদের ক্রমে ঋক্, সাম, যদু ও অথর্ব এইভাবে উলিথিত হয়। মৃগুক, ছান্দোগ্য, বৃহদারণ্যক প্রভৃতি উপনিষদে উক্ত ক্রমই দেখা সায়। ভাষ্যকার সেই ক্রমকে পরিত্যাগকরে বৈদিক শব্দের উদাহরণ প্রদর্শনে অথব, যজুং, ঋক্ ও সাম-এই ক্রম দেখিয়েছেন কেন ? এর উদ্ভূরে বৈয়াকরণগণ বলেন যজ্ঞে মস্তের প্রয়োগ হয়ে থাকে। যজ্ঞ ছই প্রকার-শ্রোত ও শার্ত। বেদের ব্রাহ্মণ গ্রন্থে যে যজ্ঞের বিধান করা হয় ভার নাম শ্রোত্যক্ত। গৃহস্ত্রে বিহিত যজ্ঞের নাম শ্রাত্যক্ত। যজ্ঞীয় অগ্নি আবার প্রধানভাবে তিনপ্রকার আহ্বনীয়, গার্হ পত্য ও দক্ষিণাগ্রি। এই তিন অগ্নিকে ত্রেতা বলে। যিনি বেদবিধি অন্থ্যারে ত্রেতাগ্রির আধান করেন তিনি শ্রোত্যক্তের অধিকারী হন। যিনি লোকিক অগ্নি অর্থাৎ গৃহস্ত্রপ্রতিণাদিত শ্রাক্ত অগ্নির আধান করেন তিনি শ্রোত্যক্তে অধিকারী হন না কিন্তু শ্রাত্যক্ত অধিকারী হন। শ্রোত্যক্তে যজুং, ঋক্ ও সামবেদের উপযোগিতা আহে, অর্থবৈদ্যের কোন উপযোগিতা নাই। কিন্ত শ্রোত্যক্তের উপযোগীত

অগ্নিকৃত, বেদি প্রভৃতির নির্মাণের পূধে অথর্ববেদের উপযোগিত। আছে। ষাক্তিত, বেদি এবং ব্রহ্মা প্রভৃতি ঋষিগ্ গণের উপবেশনের স্তান—এই সকলকে ষাজ্ঞিক পরিভাষায় বিহার বলে। আবার অথর্ববেদে অভিচার শাস্তি প্রভৃতি ৰুৰ্মেরও বিধান আছে। বিহার নির্মাণের পূর্বে রাক্ষ্য পিশাচ প্রভৃতি থেকে বে যজ্ঞের বিম্ন হয়, সেই সকল বিম্ন দূর করবার জন্ত শান্তিকর্ম করতে হয়। ৰজ্ঞ আরম্ভ করবার পূর্বে যজ্ঞের উপযোগী বিহারনির্মাণ করতে ৃহয়। বিহার নির্মাণের পূর্বে শান্তিকর্ম করতে হয়। এই শান্তিকর্মের জ্বন্য অথববেদেব প্রয়োজন। অতএব যজামুষ্ঠানের পূবেই অথববেদের উপ্যোগিতা আছে বলে মহাভাগ্যব্দার প্রথমে অথর্ববেদের মন্ত্রের উল্লেখ করেছেন। সন্ধূর্বেদে আধ্বর্ষব অর্থাৎ অধ্বর্যুর কর্তব্য বলা হয়েছে। অধ্বর্গুই প্রথমে ধন্ধমানকে দীক্ষিত করেন। "অধ্বর্গৃহপতিং দীক্ষয়িত।" ইত্যাদি বেদে অধ্বর্গ যজে প্রথম কর্তব্যতার কথা বলা আছে। এই অঞ্চুর কর্ম বজ্ঞে প্রধান ব্যাপার। আঞ্চর্ ৰজুঠেদে বিহিত হয়েছে আবার নিত্য কর্তব্য অগ্নিহোত্রহোম কেবল ষজ্বেদের [মন্ত্রের দার। সম্পাদিত হয়। এই হেতু ভায়কার অপর্ববেদের উল্লেখের পর ঝক্ ও সামের পূর্বে যজুে শেদর উল্লেখ করেছেন। দর্শপূর্ণমাস প্রভৃতি ইষ্টিতে [ঔষবিদ্রব্যক যাগবিশেষ] আধ্বয়বের সঙ্গে হোত্রকর্মেরও সমাবেশ আছে, এই হোত্রকর্ম ঝগ্নেদের সাহাযে অক্স্ক্সিত হয় বলে যজুর্বে দের-পর ভান্তকার ঝয়েদের উল্লেখ করেছেন। অগ্নিষ্টোম জ্যোতিষ্টোম প্রভৃতি দোমবাগে আধ্বর্ষর ও হৌত্তের দক্ষে উদগাত্তকর্ম এথাৎ দামবেদের কণ্ড विश्वि श्रिक्त । এইজন্ম अर्थरम्य পর সামবেদের উল্লেখ করা হয়েছে। ভাষ্যকার এইরূপ গৃঢ অভিপ্রায়বশতই প্রসিদ্ধ ক্রমণ পরিত্যাগ করে এইরূপ ক্রমের উল্লেখ করেছেন। কুমারিল ভট্ট তম্ববাভিকে অথর্ববেদের বেদ্ব অস্বীকার করেছেন। এটা ভট্টপাদের প্রৌটিবাদ বলে মনে হয়। নতুবা ভট্টপাদের মত এতবড আম্বিক কি করে বললেন। বেদেই সর্বত্ত অথববেদের উল্লেখ আছে। আর অথববেদের মহাবাক্য "অম্বমাত্মা ব্রহ্ম" ইত্যাদি। শঙ্করাচার্য মাণ্ড,ক্যোপনিষদের ব্যাধ্যা করে ধনই মহাবাক্যের কথা বলেছেন। ন্যায়মঞ্জরীকার জয়ত্তভট্ট শব্পপ্রকরণে কুমারিলের উক্ত মত খণ্ডন করে অধর্ববেদের বেদত্বের উল্লেখ করছেন। মহাভাষ্যকার প্রথমেই অথর্ববেদের উল্লেখ করে এখানে তার বেদত্বের স্বীকার করেছেন। ১॥

মূল

অথ গৌরিত্যত্ত কঃ শব্দঃ । কিং যত্তং সাক্ষালাজ লকর্দধ্ববিষাণ্যর্প্রপং স শব্দঃ । নেত্যাহ ।
দ্রব্যং নাম তং । যত্ত তি তিদিকিতং চেষ্টিভং
নিমিষিতমিতি স শব্দঃ ! নেত্যাহ । ক্রিয়া
নাম সা । যত্ত তি তেছুক্লো নীলং কপিলঃ
কপোত ইতি স শব্দঃ ! নেত্যাহ । তুণো নাম
সং । যত্তি তিন্তিয়েষভিন্নং ছিন্নেষ্চিত্নং সামান্তভূতং স শ্বাং ! নেত্যাহ । আকৃতিন্যি সা । ৩ ॥

আৰুবাদ — "গোঃ" এই স্থলে কোন্টি শব্দ ? যে বন্ধর সামা [গলকবল]
লাক্লে লেজ] ককুন [ঝু'টি] খুঁর ও বিষাণ [িশিং] আছে সেই বন্ধটি কি
শব্দ ? না। এই উত্তর বলছেন। সে বন্ধটি দ্রব্য। তা হলে কি বা, ইকিত
[ইসারা] চেষ্টিত, [িচেষ্টা] এবং নিমিবিত [িনমেষ] তাই শব্দ ? না।
এই উত্তর বলছেন। সেগুলির প্রত্যেকটি ক্রিয়া। তা হলে বা শুক্ন নীল,

কশিল, কপোত তাই শব্দ ? না। এই উত্তর বলছেন। সেগুলি গুণ। তাহলে কি বিভিন্ন গরুতে অভিন্ন, গোর বিনাশ হলেও বার বিনাশ হয় না, সকল গরুতে সামান্যরূপে অর্থাং সাধারণভাবে অবস্থিত তাই শব্দ ? না। এই উত্তর

বলছেন। সেটি আক্বতি [জাতি]।। ৩॥

শকার্থ—"অথ গোঃ" ইত্যাদি মৃলের "অথ" শক্ষটির অর্থ অনন্তর। অথবা এখানে প্রশ্ন ব্যাবার ক্লঞ্চ অথ শক্ষটি প্রযুক্ত হরেছে। অথ এই অব্যয়টি প্রশ্নের দ্যোতক। উহার এখানে কোন বাচা অর্থ নাই। বাক্যে প্রযুক্ত হলে প্রশ্ন ব্রীয়ে। লৌকিক শন্দের মধ্যে ভাষ্যকার প্রথমেই "গোঃ" শন্দের উচ্চারণ করেছেন বলে তারই উল্লেখ এখানে করেছেন। তার মানে "গোঃ" এই নির্দিষ্ট শব্দ নয়। কিন্তু শব্দ বলতে কাকে ব্যায়—এই অভিপ্রায়েই উহা উদ্ধিতি হয়েছে।

সাম্বা = গরুর সঁলার নীচে লম্বমান মাংস্থণ্ড, বাকে গলকম্বল বলা। হয়।
কর্দ = গরুর কাঁধের উপর যে মাংস্পিণ্ড থাকে তাই, লৌকিক ভাষার পুঁটি
বিষাণ = শিং। নেতাক্ = না, এই কৃথা বলাছেন। কে বলছেন? ভাষ-

কারই বলছেন, তবে তিনি "আমি বলছি" এইরুপ না বলে নিজেকে প্রথম প্রক্ষরণে পরোক্ষানে বলছেন, বিষয়াকরণের নিদ্ধান্তরূপে। প্রত্যেক প্রশ্নে ভাষ্যকার বে 'বং" শব্দের নপুংসকে প্রয়োগ করেছেন— সেটা সামান্যে অর্থাৎ সামান্য ভাবে কোন অর্থ ব্যাতে শব্দ নপুংসকলিক হয় এই নিয়মে নপুংসকের প্রয়োগ করেছেন। স গুণ:, সা ক্রিয়া ইত্যাদি উত্তরবাক্যে বিশেষ্ট্রের লিক ক্ষম্পারে তৎ শব্দের লিকের প্রয়োগ করা হয়েছে।

ইন্সিতম্ = যার ধারা মনের অভিপ্রায় স্টিত হয় এরপ শরীরব্যাপায়কে ইন্সিড বলেণ

চেষ্টিতম্ = শরীরের সাধারণ ক্রিয়ার নাম চেষ্টা। নিমিষিতম্ = চক্ষুর পলক ফেলা প্রভৃতি ব্যাপারের নাম নিামষিত বা নিমেষ। কপিল = পিলল বর্ণ।

কপোত = চিত্র বর্ণ। ছিল্লেষ্ = (এখানে) বিনষ্ট হলে। অচ্ছিল্লম্ = অবিনষ্ট।

সামান্তভূতম্ = সমানত্তপ্রাপ্ত। আকৃতি: = (এখানে) জাতি।

মীমাংসাদর্শনে ভাষ্যে ও বার্তিকপ্রভৃতি গ্রন্থে আকৃতি শব্দটি জাতি অর্থে ব্যবহৃত হয়েছে। "আক্রিয়তে অভিব্যক্তত অদেশ" এইকপ কর্মবাচ্যে জিন্ প্রভায় করে অব্যব সংযোগাদি ছারা যা অভিব্যক্ত হয় তা আকৃতি। অব্যব সনিবেশছারা জাতি অভিব্যক্ত হয় -। অতএব গোডাদি জাতিকে মীমাংসাদর্শনে আকৃতি শব্দে অভিহিভ করা হয়। আয়দর্শনে "জাত্যাকৃতিব্যক্তয়ং পদার্থ্য" [আঃস্থ: ২।২।৬৮] আকৃতি শব্দের অর্থ কর্মী হয়েছে সংস্থান = অব্যবসন্ধিবেশ অর্থাৎ অব্যবসন্ধা। [শব্দশক্তিপ্রকাশিকা-২৩ কারিক।] "জাতেরন্ত্রীবিষয়াদযোপধাৎ" [পাঃ স্থ: ৪।১।৬৩] এই স্ব্রের মহাভাষ্যে পতঞ্জলি "আকৃতিগ্রহণা জাতিঃ" বলে আকৃতিশব্দের আকার অর্থাৎ অব্যবসন্ধিবেশ অর্থ করেছেন। তবে মহাভাষ্যের অন্তর্জ অধিকাংশস্বলেই মহাভাষ্যকার জাতি অর্থে আকৃতি শব্দের প্রয়োগ করেছেন।। ৩।।

ৰিব্বত্তি — "গৌরিত্যত্ত ক: শব্দ:" "গৌ:" এই স্থলে কোন্টি শব্দ ? এই প্রশ্ন উঠিয়েছেন ভাষ্যকার। এই শ্রমটি কেবল "গোঃ" এই অক্ষর সমূহকে অবলম্বন করে হয় নাই। কেবলমাত্ত অক্ষরসমূহই যদি এশ্রের বিষয় হোতো, তাহলে সেই অক্ষর ওলি শ্রোত্তে প্রিয়হারা প্রত্যক্ষ হওরার, তার সক্ষেত্র বস্তুর জ্ঞান না থাকার কোন সন্দেহ হোতো না, সন্দেহ না হলে জিজ্ঞাসা হতো না।
জিজ্ঞাসা না হলে প্রশ্নও হতে পারতো না। এই জ্ঞান্ত শীকার করতে হবে
বে প্রশ্নটি—জক্ষরসমূহকে গক্ষ্য করে করা হয় নাই। কিন্তু "গোঃ" শক্ষ্য উচ্চারণ করলে আমাদের বৃদ্ধিতে শব্দ, অর্থ ও জ্ঞান তিনটি পদার্থ অবিবিক্তক্ষণে
[বেন মিশ্রিত ভাবে] ভাসমান হয়।

আবার অর্থটিও পরিষ্কৃত ভাবে সাধারণের প্রতীত হয় না। গোপদার্থটি দ্ৰব্য বলে তাতে গুণ, ক্ৰিয়া ও জাতি বিছমান থাকে। দ্ৰব্যের জান হতে গেলেই তাতে বিদ্যমান ক্ষপাদি গুণ, ইন্দিত প্রভৃতি ক্রিয়া এবং শেই দ্রব্যে विश्वमान बाजित्क. निराष्ट्रे सरगुत ब्लान शरत। अन अञ्जितक वाम मिरा ভব্যের জ্ঞান •হয় না। মহাভায়ক।রের মতে শব্দের **ঘা**রা দ্রব্যের **প্রতীতি** হলেই জুব্যের সঙ্গে গুণাদির অভেদ থাকার জ্রব্যের জ্ঞানের সময় কেবল জ্রব্যের জ্ঞান হয় না কিন্ত গুণাদিলারা সুমিশ্রিত রূপেই দ্রব্যের জ্ঞান হয়। ঐক্রপে **खरतात खारने गरक खरतात तारक गर्क७ खारने विषय राय थारक — टेंश** মহাভাগ্যকার প্রভৃতি বৈয়াকরণ আচার্যদের মত। গুণাদির সহিত দ্রব্যের বেমন অভেদ আছে সেইরূপ বাচকশব্বের সহিতও দ্রব্যের অভেদ আছে। অবশ্র বাচকশব্যের সহিতও গুণাদিরূপ অর্থের [দ্রব্যের] সহিত পরস্পর ভেদাভেদ সাছে – ইহা মহাভাষ্যকারামুখায়ী বৈয়াকরণগণের মত। স্থতরাং গুণ, ক্রিধা, জাতি ও বাচক শব্দের সহিত দুবেয়ের ভেদাভেদ থাকার গোশব্দ উচ্চারণ করলে অর্থের জ্ঞান, জ্বাতি, গুণ, ক্রিয়া ও শব্দের সহিত দ্রব্যের জ্ঞান হয়। এগুলিকে পরিত্যাগ করে কেবল দ্রব্যের জ্ঞান হয় না। একটি ভার বা যুক্তি আনুহে "ভদভিন্নাভিন্নস্য তদভিন্নঅম্।" ইহার অর্থ হচ্ছে তুই বা তাহার অধিক[ঁ]বস্ত যদি কোন এক বন্ধর সহিত অভিদ্ল হয়, তাহলে ঐ ছই বা অধিক বন্ধগুলিও পরস্পর অভিন্ন হবে। গোশব্দের ঘারা যেখানে দ্রব্যের প্রতীতি হর, দেখানে গুণ, ক্রিয়া, জাতি ও শব্দ উক্ত প্রতীতির বিষয় হওয়ায়, দ্রব্যের সঙ্গে গুণাদির অভেদ থাকার গুণ, ক্রিয়া, জাতিও শব্দের পরস্পর অভেদ প্রাপ্তি হয়ে যায়। স্তরাং গুণ, ক্রিয়া, জাতি, শব্দ ও দ্রব্য এগুলি পরস্পর অভিন্ন ভাবে একটি জ্ঞানের বিষয় হয়ে,যাও্যায় তাহাদের মধ্য থেকে শব্দকে সুহসা পৃথক করা বার না। মহাভাষ্যকার কৈবল শন্ধটিকে গ্রাদি থেকে পৃথক করে বুঝাবার জন্ত -''গৌরিত্যত্র কঃ শক্ষঃ'' এই রূপে প্রশ্নের অবতারণা ক্রেছেন।

এই প্রশ্নের উত্তবে বা বলা হরেছে, তা আলোচনা করলেও উক্তসিদ্ধান্তই স্থচিত হয়। প্রথম প্রশ্নের উত্তরে বলা হয়েছে, "দ্রব্যং নাম তৎ" সেটি स्वा। मौभाः मत्कत्र माज मन स्वा প्रनार्थत असर्गेष्ठ। यनिष ম্বব্যত্মতটি কুমারিলের সম্প্রদায়েই এখন প্রচলিত তথাপি পূর্বেও মীমাংসকদের মধ্যে এই মত প্রচলিত ছিল। এই মতের অন্তিত্ব স্বীকার করলে, শব্দপদার্থটি ম্ব্য হওয়ায় ''দ্রব্যং নাম তং'' এই উত্তরের দার। সাম্মালাকুলাদি বিশিষ্ট বস্কর শব্দত্ব নিষিদ্ধ হতে পারে না। কারণ শব্দও দ্রব্য বলে সেই সাম্মাদিবিশিষ্টবন্ধ শব্দ হবে না, এক কোন হেতু নাই। স্তায় ও বৈশেষিক মতে শব্দকে গুণ শ্বীকাব করা হয় বলে 'গুণো নাম সং' সেটিগুণ এই উত্তরের দারা শব্দ শুক্লাদি রূপ গুণ নয় = এইভাবে নিষেধ করা সঙ্গত হয় না। কেবল ন্যায় বৈশেষিক মৃতেই বে শব্দ গুণ তা নয়। মহাভাগ্যকারের মতেও শব্দ গুণ। মহাভাগ্যকার "তক্ত ভাবন্তনে।" [৫।১।১ ১٠] স্ত্রে বলেছেন—"শব্দপর্শ রপরসগন্ধাঞ্গাঃ" শব্দ, স্পর্ম, রস, গন্ধ এগুলি গুণ। স্থতরাং গুণ হলেও শব্দ হতে পারে, বেহেতু শব্দ গুণ হতে ভিন্ন জাতীয় পদার্থ নয়। অতএব ভায়্যকারের—উক্ত উত্তর হুটি সঙ্গত হচ্ছে না। এর উত্তরে বলা যায় = ভাষ্যকার কোন স্থলেই শব্দকে দ্রব্য বলে উল্লেখ করেন নি। স্থতরাং তাঁর মতে শব্দ দ্রবা নয়। তা হলে 'দ্রব্যং নাম তং' দেটি দ্ৰব্য – এই কথায় = দাস্লালাক্ৰ্"লাদি বিশিষ্ট বন্ধর শব্দথের আশহং পাকে না। এইভাবে = প্রথম উত্তর দঙ্গত হয়। কিছুর "গুণো নাম দঃ" দেটি গুণ-এই উত্তরের দ্বারা শুক্লাদিরপের শব্দত্ব নিবারিত হয় না। এই জ্ল 'গুণো নাম সং' এই অংশের পূর্বে "ভিলেক্সিয়গ্রাছাং" পদন্টীর অধ্যাহার করে ব্যাখ্যা করতে হবে। তাতে সমগ্র উত্তর বাক্যটি হবে –''ভিন্নেন্দিয়গ্রাহো গুণো নাম সঃ" সেটি [গুক্লাদি] ভিন্নইন্দ্রিয়গ্রাহ্ গুণ, কিন্তু শব্দ শ্রোত্রেন্দ্রিয় গ্রাহ্ গুণ। গুক্লাদি রূপ গুণ হলেও চক্ষ্রিন্দ্রিয় গ্রাহ্ন। শব্দটি শ্রোত্রগ্রাহ্ন। অতএব শুক্লাদিকপ শব্দ হতে পারে না। সদি শব্দকে দ্রব্য বলে মনে করা হয় তা হলে প্রথম উত্তরেরও পূর্বে অর্থাৎ "দ্রব্যং নাম তৎ" এর পূর্বে "ভিল্লেক্তিরগ্রাছ্ম্" পদের অধ্যাহার করে উত্তর দিতে হবে। তাতে উত্তরটি হৈবে এইরূপ माञ्चानान्त्वानि विभिष्टे भनार्थ हि हक् वा चक्त्रभ ভिन्न देखिय श्राक् खवा। কিন্তু শ্রোত্রগ্রাহ্ন দ্রব্য । স্তরাং ,শব্দ দ্রব্য হলেও সাম্বাদি বিশিষ্ট ব**ন্ধ** হতে পারে না।

তৃতীয় উত্তরে 'ক্রিয়া নাম দা' সেটি ক্রিয়া এই স্বংশে অনুপ্পত্তি নাই। ইনিত প্রভৃতি ক্রিয়া। কিন্তু শব্দ ক্রিয়া একথা কেউই বলেন না। স্থভরাং ইনিত প্রভৃতি ক্রিয়া শব্দ হতে পারে না।

চতুর্থ উত্তরে শব্দের জাতিত্ব নিষেধ করা হয়েছে। শব্দকে কেউ জাতি বঙ্গেন না। চতুর্থ প্রশ্নে ''সামান্তভূতম্' শব্দটি আছে। কৈয়ট মহাভাষ্য প্রদীপে তার অর্থ করেছেন 'সামান্তসদৃশ'। আর তার ব্যাখ্যায় বলেছেন – দ্রব্য, গুণ ও কর্ম—এই তিনপদার্থে সন্তা জাতি থাকে। সন্তা জাতি গোত্বাদি সকল জাতির ব্যাপক। এই হেতু এই সন্তা কেবল সামান্ত [জাতি] নয়, কিন্তু মহাসামান্ত বা মহাজাতি। এই সতা জাতিটি ভাষ্যের প্রশ্নে গোত্মাদি জাতির উপমান রূপে ক্রেছে। সামাঅভ্তম্ = সামাঅমিব [সভারপ] সামাঅসদশ [পাত্তকাতি]। কিন্তু নােগণ ভট্ট কৈয়টের এই ব্যাখ্যা অন্বীকার করে বলেছেন—এথানে [সামান্তভ্তমন্থলে] উপমান্-উপমেয় ভাব কল্পনা করার কোন প্রয়োজন নাই। বৃথিরাদৈচ [১।১।১] স্থত্তের মহাভাষ্যে "প্রমাণভূত" প্রয়োগ আছে। দেখানে কৈয়ট প্রমাণ শব্দকে ভাব প্রধান রূপে নির্দিষ্ট করে ছেন। প্রমাণ শব্দের প্রামাণ্য অর্থ গ্রহণ করে—ভূত শব্দটিকে প্রাপ্ত্যাঞ্চক চুরাদিগণীয় ভূ ধাতৃর উত্তর কর্ত্বাচ্যে ক্ত প্রত্যয়ান্ত রূপে সিদ্ধ করে – প্রমাণ ভূত শব্দের অর্থ করেছেন প্রামাণ্যপ্রাপ্ত।(১২)]। সেখানকার মত 'দামান্তভূত' শব্দটির ব্যাখ্যা করা থেতে পারে। সমান শব্দটিকে "চাতুর্বর্গাদি" আক্তৃতিগণের মধ্যে ধরে তার উত্তর স্বার্থে 'ব্যঞ্' [৫৷১৷১২৪ স্ত্তের ১ সংখ্যক বার্তিক ও তার কৈ:টে এবং সিদ্ধান্ত কৌমুদীর ভাবতদ্ধিত প্রকরণ] করলেও সামান্ত শব্দ সিদ্ধ হয়। তার অর্থ হয় 'সমান'। তারপর "সামান্তভূত" স্থাল সমানার্থক সামান্ত শব্দটিকে ভাবপ্রধান নির্দেশ করে, 'ভূত' শব্দের সহিত বিতীয়াতংপুক্ষ বা অপ্তপা সমাদ করে—সামাক্তত শব্দটি নিষ্পন্ন হয়। তার অর্থ হয় সমানত্ব প্রাপ্ত অর্থাৎ সাধারণত্বপ্রাপ্ত। গোড়জাতিটি তার সকল অভারে [গরুতে] একভাবে থাকে বলে তাকে সমানত্ব প্রাপ্ত বলায় কোন বাধা নাই। এখানে সমান শব্দের উত্তর ভাবে ষ্যঞ্ প্রত্যয় করলেও সামান্ত শব্দ ি সিদ্ধ হয় বটে, কিছু তাতে সামান্ত শব্দটি বিশেষ্য হয়ে বাবে। কিন্তু এথানে

⁽১২) প্রমাণ্ঠুত ইতি। প্রামাণ্যং প্রাপ্ত' ইতার্থঃ। ভূপান্তাবিতাস্য আধ্বাবেতি নিজ্ভাব লগকে রূপষ্ I বৃত্তিবিবরে চ প্রমাণ্যকঃ প্রামাণ্যে বর্ততে। মহংভাব্যবাদীণঃ ১।১।১।

সামান্য শক্টি বিশেষণক্ষপে ব্যবহৃত হবে আগছে। সমান শক্ষের স্বার্থে যুক্ত প্রত্যয় করলে তার বিশেষণত্তি রক্ষিত হয়। অবশ্য ভাবে যুক্ত, প্রত্যয় করেও সমাস্ত ভূত শক্ষ র সামানত্তপ্রাপ্ত অর্থ গ্রহণ করা যায়। (৩)।

এথানে আর একটি প্রশ্ন হতে পারে এই যে, ভাষ্যকার শব্দের স্বরূপ নির্ধারণ প্রসাদে শব্দের স্বব্যন্ত, ক্রিয়ান্ত, গুণত্ব ও জাতিত্ব ক্রমে ক্রমে নির্বারিত করেছেন। কিন্তু এই ক্রমে নিষেধ না করে অন্তর্ন্ধাপ করলে কি হানি হোতো? এর উত্তরে বলা ষায় গুণ, ক্রিয়া ও জাতির আধার হচ্ছে প্রব্য। এইজন্ম গুণ, ক্রিয়া প্রভৃতির অপেকা হব্যের প্রাধান্ত আছে (১৪)। অতএব প্রথমে শব্দের প্রয়ন্তের আশহা করা হয়েচে। তারপর শক্ষ ম্পর্শাদি যে সকল গুণ জন্ম পদার্থ ক্রিয়া তাদের একটি কারণ। কার্যের অপেকা কারণের পূর্ববর্তিতা থাকার দ্রব্যের, পরে অথচ গুণের পূর্বে শব্দের ক্রিয়ান্তের আশহান করে হয়েছে। ক্রিয়ার পর গুণের আশহান করে শেষে জাতির আশহার হেতু এই যে জ্বাতির দ্রব্য ক্রিয়া ও গুণ এই তিনে আপ্রিত। এই জন্ম পূর্বে জাতির আশ্রম বলে তারপর জ্বাতির কথা বলা হয়েছে। "কিং যত্তং" ইতাদিন্থলে "যত্তং" এই চুই শক্ষকে মিলিত ভাবে শব্দের সমানার্থকরণে ব্যাখ্যা করতে হবে। অথবা 'তং' শক্ষ্টিকে।

শ্বতন্ত্র ভাবে ব্যাথ্যা করা যেতে পারে। এথানে প্রদিদ্ধ অর্থে তংশব্দের প্রয়োগ করা হয়েছে। পরবর্তী প্রশ্নগুলিতেও অফুরূপ অভিপ্রায় ব্যুতে হবে। "কিং যত্তং……" এই স্থলে প্রশ্নবাক্যে প্রথমে ক্লীবলিঙ্গের দ্বারা নির্দেশ করে পরে "স শব্দঃ" এইভাবে পুংলিঙ্গের দ্বারা নির্দেশ কর্যু- হয়েছে ; প্রথমে যংশব্দের দ্বারা যে বন্ধকে নির্দিষ্ট করা হয়েছে পরবর্তিস্থলে তংশব্দের দ্বারা সেই বন্ধকে নির্দিষ্ট করায়, এই ঘৃটি 'যং' তং' শব্দের সমান লিঙ্গ হওয়া উচিত ছিল। অথচ তা না করে ভাষ্যে তিরলিঙ্গের নির্দেশের কারণ কি ? এই প্রশ্নের উদ্ভেরে বলা যায় যে — যং, তং প্রভৃতি সর্বনাম শব্দ উদ্দেশ্যও বিধেরের একত্ব প্রতিপাদন করে। এই জন্ম ঐ সকল সর্বনাম শব্দ

^{(&}gt;०) श्वनदान्त्रवान्त्रमा प्रकाः कश्वनि ह वा >२३।

⁽১৪) গুণদংলাণে জ্ঞান্—মহাভাগ এ১:১১৯। গুণানামাল্লের। এবানিভার্থঃ। বৈষ্ট ৫১১১৯।

উদ্দেশ্য ও বিধেষের লিন্ধকে গ্রহণ কর্তে সমর্থ। বক্তার ইচ্ছামুসারে কোন স্থলে উদ্দেশ্যের এবং কোন স্থলে বিধেষের লিন্দে উহাদের প্রয়োগ হয় (১৫)। স্থতবাং একস্থলে উদ্দেশ্যের প্রাধান্ত বিবক্ষায় নপুংসকলিক্ষের এবং অন্তস্থলে বিধেষের প্রাধান্ত বিবক্ষায় পুংলিন্ধ বা স্ত্রীলিক্ষের নির্দেশ করা হয়েছে॥ ৩॥

मून

কন্তহি শব্দঃ ? বেনে চোরিতেন সাম্লালাক্ত্র-ককুদধুরবিষাণিনাং সংপ্রত্যয়ে ভবতি স শব্দঃ ৪ ৪

অনুবাদ—তা হলে কোন্টি শব্দ ? যাহা উচ্চারিত [অভিব্যক্ত] হলে, সাম্মা, লাক্লে, কুদ, খুর ও শৃঙ্গ বিশিষ্ট বস্তুর জ্ঞান হয়, তাহাই শব্দ ॥ ৪ ॥

বিশ্বিভি—এখানে ভাষ্য,কার যে ভাবে বলেছেন, তাতে সহজে মনে হয় যে বর্ণসমূহই শব্দ। কারণ লোকে বর্ণকে 'উচ্চারণ করে। যাহা উচ্চারিত হলে সাম্মালাল,লাদিবিশিষ্ট বন্ধর জ্ঞান হয় তাহা শব্দ। ''গ্, ঔ'," উচ্চারিত হলে সাম্মাদিবিশিষ্ট বন্ধর জ্ঞান হয়। স্ক্তরাং গকার ঐকার ও বিদর্গ এই বর্ণগুলিই শব্দ, এইরূপ অর্থ সহজেই প্রতীত হয়।

কিন্ত মহাভাষ্যকার "তপরস্তৎকালশু" [১।১।৯— १०] স্থত্রে ক্ষোটকেই শব্দব্বপ বলেছেন। ভর্ত্হরি বাক্যপদীয় গ্রন্থে অতি বিস্তৃতভাবে ভাষ্যের মত ব্যাধ্যা করে শব্দের ক্ষোটস্বরূপতা প্রতিপাদন করেছেন। স্থতরাং "যেন উজারিতেন্" এর সহজ্প অর্থ বা উজারিত হলে—এরপ অর্থ গৃহীত হতে পারে লা। এইজন্ম এর বাধ্যায় কৈয়ট বলেছেন "প্রকাশিতেন" যাহা প্রকাশিত হলে। 'অভিব্যক্তির অর্থ জ্ঞান, অভিব্যক্তের অর্থ জ্ঞানবিষয়তা।।।প্র—। জ্ঞানবিষয়তাপ্রপ্রত -আর প্রকাশিত একই অর্থ । কৈয়ট বলেছেন—(১৬)

^{(&}gt;4) উদ্দিশ্রমান প্রতিনির্দিশ্যানরে ছেক ত্রমাণাদয়তি সর্বনামানি পর্যায়েণ তলিজমূপাদণত ইতি কামচারতঃ দ শব্দ ইতি প্রতিকেল নির্দেশঃ। কৈরট। উদ্দেশপ্রতিনির্দেশ গ্রেরিকামাণাদরৎ সর্বনাম পর্যায়েণ তত্তরিক্সভাক্ [লঘুশ্যেন্দুশেশর অনসন্ধি প্রকৃতি ভাব
প্রকরণ]।

⁽১৩) ''বৈশ্ব করণা বর্ণবাতিরিক্তন্য পদাস্য বা কাস্য বা বাচকৰ্মিচ্ছন্তি। বর্ণানাং প্রত্যেকং বাচক্ত্রে বিত্তীয়াদিবর্ণোচ্চারণানর্থক্যপ্রসঙ্গাৎ। উৎপত্তিপক্ষে যৌগপজ্পেনাংশগুভাবাং অভিযাক্তিপক্ষে ক্রমিণবাভিবাক্তা সম্পায়াভাবাদ্দকস্বত্যুপার্দানাং বাচক্ত্রে সরোগ্রস
ইত্যান্ত্রাবর্গপ্রতিপর্তাবিশেবপ্রসঙ্গাতিরিকঃ 'কোটো নাগাভিব্যঙ্গো বাচকো বিভ্রেপ বাক্য প্রায়ে বাবস্থাপিতঃ। উচ্চারিতেন প্রকাশিতেনেভ্রেগঃ॥

বৈয়াকরণেকা বর্ণব্যতিবিক্ত পদ বা বাক্যকে বাচক স্ব'কার করেন।' বৰ্ণকে অৰ্থেত্ব বাচক বললে প্ৰত্যেকে বৰ্ণ অৰ্থেব বাচক অথবা বৰ্ণ সমুদায় অর্থের লাচক [এইরূপ বিকল্প হলে], যদি প্রত্যেক ধর্ণকে বাচক বলাহয় তা হলে, প্রথম বর্ণ থেকেই অর্থের জ্ঞান সম্ভব হওয়ায় দ্বিতীয় তৃতীয় প্রভৃতি বর্ণের ·আনর্থক্য হয়। আর সমস্ত বর্ণকে বাচক বললে - বর্ণের উৎপত্তিপক্ষে একসঙ্গে অভাবে অর্থের 🕬ন অম্পুপন্ন হয়। আর বর্ণের অভিব্যক্তি স্বীকার করলেও অভিব্যক্তি ক্লুমে ক্রমে হওয়ায় যুগপৎ সকল বর্ণের উপস্থিতির অক্তাবে অর্থজ্ঞান হতে পারে না। প্রথমে বর্ণগুলির ক্রমে ক্রমে অভিব্যক্তি হয়, তারপর সমূদায় বর্ণ একটি শ্বতির বিষয় হয়ে যুগপৎ অর্থবৌধ জন্মায় এই কথা বললে 'সর' 'রস' এইরূপ বিপরীত ক্রমে জ্ঞাত বর্ণ সমুদায় হুঁতে এক্রপ অর্থের জ্ঞানের আপত্তি হয়ে যাঁবে। এই হেতৃ বর্ণ থেকে অতিরিক্ত নাল বা ধ্বনির বারা অভিব্যন্ন ফোটকেই শব্দম্বরূপ বলতে হবে। সেই ফোটই অর্থের বাচক হয়। নাপেশ ভট্ট প্রদীপোদ্যোতে মহাভাষ্যের ''উচ্চারিতেন'' পদের অর্থ করেছেন শরীরের ভিতর হতে অর্থ: মূলাধার বা নাভি হতে যে वायू উঠে দেই वायूत অভিঘাত নামক সংযোগ হলে সেই वायूमः युक्त कर्श्वमान প্রভৃতির মারা অবয়বক্রমে অভিব্যক্ত হয় যে বস্তু [ক্লোট] তার মারা (১৭)। স্থতরাং উক্ত মহাভাগ্য প : ক্তির অর্থ হচ্ছে যা অভিব্যক্ত হলে সাম্মানাস্থ্যাদি-বিশিষ্ট বন্ধর প্রতীতি হয় তাহাই শব্দ।

শব্দ হতে কি ভাবে অর্থের জ্ঞান হয়, তাহা সংক্ষেপে আলোচুত হচ্ছে।
অপর ব্যক্তির অর্থজ্ঞানের জন্ম আমরা শব্দপ্রবোগ করে থাকি। সেই শব্দ থেকে অপুণরের অর্থজ্ঞান হয়। এই অর্থজ্ঞান কি ভাবে জন্মে— সে বিষয়ে বিভিন্ন চিস্তাশীল ব্যক্তিগণ বিভিন্ন সিদ্ধান্তে উপনীত হন। তন্মধ্যে ভাষ ও বৈশেষিক দর্শনের মতান্থ্যায়ী পণ্ডিভগণ মনে করেন—অকার প্রভৃতি প্রত্যেক বর্ণ উৎপদ্ধ ও বিনাশশীল। উচ্চারণ প্রষত্তের ছারা অকীরাদি বর্ণ উৎপন্ন হয়, তারপর ছিতীয়ক্ষণে তাদের ছিতি আর তৃতীয়ক্ষণে তাদের বিনাশ হয় (১৮)। এইরপ

⁽১৭) 'উচ্চারিতেনেতি'— শরীরমারতাভিহতকণ্ঠাদিহানৈঃ বুরববারাভিব্যক্তেন বৈনেত্যথ:। পম্পনাহিক মহাভাব্যপ্রদীপোদ্যোত।

⁽১৮) বে সকল প্রাচীন নৈরান্তিক জান্তমান শব্দকে শাক্ষবোধের করণ থাকার করতেন তাঁলের নতে শব্দ ভিনক্ষণহারী। এ বৈর নতে প্রথম ক্ষণে শব্দের উৎপত্তি, বিতীর ক্ষণে শব্দের প্রজাক ও শব্দের শক্তিশারণ [সমূহালম্বন্ধকা] একসঙ্গে হরে থাকে, তৃতীর ক্ষণে শুক্ত হতে শব্দবোধের উপবোগী পদার্থের প্ররণ এবং শাক্ষবোধের সুক্ষানী আকাজ্জান, বোপাড্রাজ্ঞান ও ভাংপর্থজ্ঞান একসঙ্গে [সমূহালম্বন্ধকা] হয়। চতুর্থক্ষণে শব্দের নাশ ও শাক্ষবোধ মূপপ্র ইর। এই মডের আভাস স্থান্নিদ্ধান্তম্বাবানীতে দেখুতে পাওরা বায়।

উৎপত্তি বিনাশণ ল বর্ণসম্দায়ই পদ এবং এইরপ পদ সম্দায়ই বাক্য। এই স্থায় বৈশেষিক দিছাত্তে সম্দায়ের অন্তর্গত প্রত্যেক থেকে সমৃদায় ভিন্ন নয় বলে পদ বা বাক্য, বর্ণ হতে কোন অতিরিক্ত বন্ধ নয়। এ দের মতে অ-কার প্রভৃতি সব বর্ণই অসংস্য।

দ্রৈমিনির মতাবলম্বী অধ্বরমীমাংসকগণ অকার প্রভৃতি বর্ণের অসংখ্যতা খীকার করেন না। তাঁদের মতে অকার প্রভৃতি সব বর্ণের প্রত্যেকটি নিতা এক ও বিভূ অর্থাৎ দর্বব্যাপী। কণ্ঠ, তালু প্রভৃতি উচ্চারণ স্থানগুলিতে বায়ুর বিচিত্র সংযোগবশত: 🖈 সকল বর্ণের অভিব্যক্তি হয়, উৎপুত্তি হয় না। **অভি**ব্যক্তিবিশিষ্ট বর্ণে**র যে সম্**দায় তাহাই পদ এবং এইরূপ পদের যে সম্দায় তাহাই বাক্য। অবশ্য বাক্য হতে অর্থের জ্ঞান এ বিষয়ে সকলের ঐকমত্য আছে। গ্রায় ও বৈশেষিক মতে **বিতী**র বর্ণের স্থিতিকালে প্রথম বর্ণের ধর্ণংস হয়ে যায়। এইরূপ তৃতীয় বর্ণের স্থিতিকালে দ্বিতীয় বর্ণে ধ্বংস হয়। 'ঘট' এই শব্দে घ ॰ জ ট 🕂 অ এই চারটি বর্ণ আছে। ঘট' শব্দের অন্তিম অকারের স্থিতিকালে পরবর্তী ভিনটি বর্ণ ই নষ্ট হয়ে যায়। এরপ অবস্থায় চারটি ২র্ণের এককালে স্থিতির সম্ভাবনা নাই। স্বতরাং বর্ণসমুদায়ের এককালে স্থিতি না হওয়াই চারটি বর্ণের যুগপৎ প্রত্যক্ষ হতে পারে না পরবর্তী বর্ণগুলির ক্রমিক প্রত্যক্ষ হয়ে, সেই প্রত্যক্ষ থেকে সংস্কার উৎপন্ন হয়। প্রত্যক্ষজানজনিত ঐ সংস্কারের স্থিত অন্তিম বর্ণের যে প্রত্যক্ষ সেইটি পদের প্রত্যক্ষ। এইরূপে পদের জ্ঞান হয়ে থাকে। যে পুদ পে যে অর্থের জ্ঞান হয়, সেই অর্থের সহিত সেই পদের একটি সম্বদ্ধ আছে ইহা অবশ্রই বলতে হবে। ঘটা শদের সহিত ঘট পদার্থেরই এই সম্বন্ধ আছে, পট পদার্থের সহিত ঘট শব্দের অৰ্থজ্ঞানজনক সমন্ত নাই। এই জন্ত ঘট শব্দ থেকে ঘটের জ্ঞান হয় পটের জ্ঞান হয় না। শব্দ ও অর্থের এই সম্বন্ধকে শক্তি বলে। যে ব্যক্তির এই শক্তিফান আছে তার পূর্বোক্তরূপে শক্তান হওয়ায় অর্থের উপস্থিতি হয়। যে চুটি বস্তুর মধ্যে পরস্পর সমন্ধ থাকে—সেই সমন্ধের জ্ঞান থাকলে একটি বস্তুর জ্ঞান হলে অপর বস্তুর শ্বরণ হয়। যেমন হাতীকে দেখলে মাহুতের স্মরণ হয়। এই খীতিতে শব্দ খেকে অর্থের স্মরণ হয়। '

মীমাংসকর্মতে বর্ণ নিত্য হলেও বর্ণের জ্ঞান সর্বদা থাকে না। যেমন ভাট বন্ধটি পূর্ব হতে বিভাষান থাকলেও অন্ধ্বারে ঘটের প্রত্যক্ষ হয় না। ঘটের

সহিত আলোকের সম্বন্ধ হলে ঘটের প্রত্যক্ষ হয়। এই আলোক ঘটের ষ্ষভিব্যঞ্জক। এইরূপ নিত্য বর্ণগুলি দর্বদা বিশ্বমান থাকলেও আমাদের খোজদেশে বাহ্ববাহ্ব দার। বর্ণগুলি আবৃত থাকে। যথন কোন ব্যক্তি উচ্চারণ করে তথন তার শরীরের ভিতর থেকে বায়ু উঠে কণ্ঠ, তালু প্রভৃতিতে ষভিব্যক্ত [সংষ্ক] হয়ে মৃধ দিয়ে বেরিয়ে আদে। দেই মৃধনির্গত বায়্র সংবোগ বিভাগগুলি শ্রোত্রদেশস্থ বাহ্য বায়্কে অপস্ত করে দেয়। তথন বর্ণ বা বর্ণনমূহাত্মক পদ বা বাক্য অভিব্যক্ত হয় অর্থাৎ প্রত্যক্তের বিষয় হয়। °এই বায়ণীয় সংযোগ বিভাগরপ অভিব্যঞ্জক বখন থাকে না তথন বর্ণের অভিব্যক্তি হয় না অর্থাং জ্ঞান হয় না। অভিব্যক্তি হচ্ছে জ্ঞান। জ্ঞান বিক্লপস্থায়ী পদার্থ। প্রথমক্ষণে জ্ঞানের উৎপত্তি দ্বিতীয়ক্ষণে স্থিতি ও তৃতীয়ক্ষণে বিনাশ হয়। স্তরাং বর্ণ নিত্য হলেও অভিব্যক্তিবিশিষ্ট বর্ণের স্থায়িত্ব দুইকুণ। এইজ্ঞ পূর্বমীমাংসকমতে ও বর্গসমূদায়াত্মক পদের সকল বর্ণ এককালে না থাকায় (অজ্ঞাত পাকায়) যুগপং সকল বর্ণের প্রত্যক্ষ হ্রতে পারে না। ^{*} স্বতরাং ইহাদের মতেও একটি শব্দের [পদের] অন্তর্গত পূর্ববর্তি বর্ণ গুলির অন্তভব থেকে যে সংস্কার জন্মে দেই সংস্কার সহিত যে অস্তিম বর্ণের জ্ঞান তাহাঁই পদজ্ঞান। এই পদজ্ঞান থেকে অর্থের জ্ঞান হয়। এংদের মতে পদের সহিত পদাথের প্রত্যায্য প্রত্যায়ক সম্বন্ধ থাকে বলে-পদের জ্ঞান হতে স্থয়জ্ঞান থাকলে পদার্থের উপস্থিতি হয়। পদ প্রত্যায়ক=অর্থের বোধক। অর্থ=প্রত্যায্য=পদের षाता (ॐय ।

বৈষাকরণগণ – এই তৃই মতই স্বীকার করেন না। তাঁর: বলেন পূর্ব পূর্ব বর্ণের সংস্থার সহিত অস্তিম বর্ণের জ্ঞানকে পদজ্ঞান বলে স্বীকার করলে যেখানে এক একটি বর্ণের উচ্চারণ করে মধ্যে বিরাম দিয়ে পরে অস্তিম বর্ণের উচ্চারণ করা হয় সেখানেও পদজ্ঞান হতে পারে। স্থতরাং সে স্থলেও অর্থজ্ঞান অনিবার্য হয়ে পডে। কিন্তু একপ স্থলে ঐভাবে উচ্চারিত বর্ণ থেকে অর্থপ্রতীতি হয় এরপ কেহ স্বীকার করেন না। আমাদের সেরপ অস্থতবও ঐরপ অর্থজ্ঞানের সমর্থন করে না। এইজন্ম বর্ণসমৃদায় থেকে বৈয়াকরণেরা অর্থপ্রতীতি স্বীকার করেন না।

বৈয়াকরণ সম্প্রদায় ''ক্যোট" স্বীকার করেন। যা থেকে অথেরি জ্ঞান হয় তার নাম স্ফোট। ক্ষোট-শব্দের প্রকৃতিপ্র শুয়লভ্য অর্থ পঞ্চাটীকায় প্রদৃত্ত হলো (১৯)। এই 'ম্ঘেট' শব্দটি ঠিক যৌগিক শব্দ নক্ষ কিন্তু পদ্ধন্দ্ৰ প্ৰকৃতি শব্দের মত এটি যোগদ্ধঢ় শব্দ (২০)। বৈয়াকরণ মনীষিপাণ প্রথমতঃ আটপ্রকার ক্যেটি স্থীকার করেছেন। যথা—(১) বর্ণস্ফোট, (২ পদক্ষোট (সথগুপদক্ষোট । (৩) বাক্যম্ফোট (সথগুবাক্যফোট)] (৪) অথগুপদক্ষোট । (৫) অথগুবাক্য ফোট । (৬) বর্ণজাতিক্যেট । (৭) পদজাতিক্ষোট ৷ (০) বাক্যজাতিক্ষোট ৷ এইসব্ ফোটই যে পারমাথিক তা নয়। বাক্যক্ষোটকে ব্যাবার জন্য পূর্ববর্তী ক্যেটিগুলি কল্পিত হয়েছে।

পচতি এই পদে 'পচ' ধাতু এবং 'তি' প্রত্যয় আছে। এদের মধ্যে 'শপ্' [অ] প্রত্যয় হয়। প্রকৃতি ও প্রতায়ের মধ্যবর্তী এরপ প্রত্যয়কে ব্যাকরণের ভাষায় 'বিকরণ' বলে। বৈয়াকরণেরা বিকরণের ১। বর্ণন্দোর্টা। কোন অর্থ স্বীকার করেন না। প্রকৃতি ও প্রতায় মিলিজভাবে বে অর্থ প্রকাশ রূপ কার্য করে, বিকরণ সেই অর্থ প্রকাশ সহায়তা করে, স্বতম্বভাবে কোন অর্থপ্রকাশ করে না। যার [বে শব্দের] অর্থপ্রকাশ করবার শক্তি আছে অর্থাৎ যার বাচকতা আছে "ন্দোট" শব্দে তাহাদিগকে অভিহিত করা হয়। ক্রমিকবর্ণসমূহ থেকে অর্থপ্রতীতি হয় বলে ক্রমিক বর্ণসমূহ ক্টোট শব্দের বাচ্য। ইহাই হলো

⁽১৯) ক্টুতি প্রকশেতে অথা অস্মাণিতি কোটো বাচক ইতি যাবং—বৈরাকরণভূষণদার—
৬১। ক্টুতি অভিবাক্তীভবতি অর্থোহস্মাণিতি কোটো নামালাক্সক শব্দং, ব জনকাদপাদানে যঞ্
[বৈরাকরণ ভূষণদারদর্পণিটীকা] ে বা থেকে অর্থ অভিবাক্ত হয়, তার নাম কোট। কুট ধাতুর
উত্তর অপাদানে যঞ্। এথানে দর্পণকার বাহুলকাদপাদানে যঞ্বলেছেন। তংব অবর্ডরি ।
চ কারকে দক্তারাম্ (শাঃ হঃ ৩৩ ১৯] এই হৃত্ত হারা যঞ্ প্রভার বদলে ভালোহ্য।

⁽২০) স্কৃতিত অর্থা বন্দান্থিতি বুংশন্তা। পরজানিবদ্ যোগরাচঃ ফোটশন্ধঃ। ফে ট চল্লিকা। ফে সকল শব্দ থেকে কেবল প্রকৃতিপ্রতায়ণভা অর্থেব প্রতীতি হয় তানের নাম বৌধিক শব্দ। যেনন পাচক, পাঠিক প্রভৃতি শব্দ। এই সব স্থলে ধাতুর অর্থ পাক, পাঠি প্রভৃতি। এবং প্রতারের অর্থ কর্তা—এই দুই অর্থেরই বোধ হয়। যে সকল শব্দ থেকে প্রকৃতিপ্রতারলভা অর্থের প্রতীতি মিলিতভাবে আর একটি বতন্ত্র অর্থের প্রতীতি হয়, তাবের নাম বোগরাচ়। যেমনু পর্কক শব্দ। এথানে পর + জন + ৮। পর শব্দের উত্তর জন ধাতু, তারপর ড প্রতার আছে। এই প্রকৃতি প্রতারের অর্থ বাহা কর্ম হৈ বিশ্ব হব প্রের হয় বিশ্ব এথানে কেবল বে এইটুকু বুরার তা নয়। পরক্র শব্দ থেকে কর্ম হব বিশ্ব প্রতীতি হয়। কর্ম ক্রি উৎশার শেবাল, কুমুক্ প্রভৃতির প্রতীতি হয়। কর্ম কেবি উৎশার শেবাল, কুমুক্ প্রভৃতির প্রতীতি হয়। কর্ম ক্রি উৎশার শেবাল, কুমুক্ প্রভৃতির প্রতীতি হয়। না।

বর্ণস্ফোটের ভাৎপর্য। এই পক্ষটি নৈয়ায়িক ও মীমাংসকদের অভিমত হলেও বৈয়াকরণগণ ইহা স্বীকার করেন নি— একথা পূর্বে আমরা বলেছি।

একটি পদে যতগুলি বর্ণ আছে, সেই বর্ণসমূহের কোন্ অংশের ঘারা কতটুক্ অর্থ প্রকাশিত হয়, তা বলা কঠিন। যে হেতৃ ২। পদফোট। ব্যবহার কেজে কেবল প্রকৃতি বা কেবল প্রতায়ের প্রয়োগ হয় না। স্থতরাং প্রকৃতি প্রতায় বিভাগ কয়না করে তার মধ্যে ভিন্ন ভিন্ন অর্থ আছে এরপ নিদেশ করা একটা কয়না ব্যক্তীত আর কিছু নয়। "পচতি" "দেবদত্তঃ" প্রভৃতি পদে যে প্রকৃতি ও প্রতায় কয়িত হয়—তাদের স্বতয়ভাবে কোন অর্থ নাই। কিন্তু এই সকল পদ হতে যে অর্থের প্রতীতি হয় তা সমগ্র পদের ঘারাই প্রকাশিত হয়। পদই ব্যবহার ক্রেজে আমাদের অর্থ জ্ঞানের উপায়। স্থতরাং অর্থ প্রকাশের শক্তি [সামর্থ্য) পদে আছে বলে বর্ণসমূহাত্মক পদই 'ফোট' [বাচক]। প্রকৃতি-প্রতায়ের বাচকতা নাই। ইহাই পদফোট পক্ষ।

প্রত্যেক পদকে পৃথগ্ভাবে প্রয়োগ করলে তা থেকে লোকৈর
ব্যবহারোপযোগী কোন অর্থের জ্ঞান হয় না। "আমরা নিজের অভিমত বিষয়
অপরকে বোঝাবার উদ্দেশ্যে কেবল পদের প্রয়োগ না
০। বাক্যম্ফোট। করে বাক্যের প্রয়োগ করে থাকি। অন্য ব্যক্তিও
আমাদের অভিমত বিষয় বাক্য হতে বুঝে থাকে।
তাহলে দেখা যাচ্ছে যে বাক্যই অর্থজ্ঞানের সাধন। স্থত্রাং অর্থজ্ঞানের
অন্তর্কুল শক্তি বাক্যেই আছে, পদে নাই। এই বাক্য ক্রমিক বর্ণের সমষ্টিমাত্ত।
এইটি বাক্যম্ফোট পক্ষ।

উপ্তুর যে তিনটি পক্ষ দেখান হলো, সেই দব পক্ষেই •বর্ণের সদ্ধা স্বীকৃত হয়েছে। অতএব প্রকৃতি, প্রত্যয়, পদ এবং বাক্যের বর্ণরূপ অবয়ব আছে বলে সেই প্রকৃতি, প্রত্যয়, প্রভৃতি সধণ্ড।

পদের কোন অবয়ব নাই। বর্ণবাদীরা যেমন বর্ণের কোন অবয়ব স্বীকার করেন না—বর্ণকে নিরবয়ব – অথগু বলে ৪। অথগু পদস্ফোট। স্বীকার করেন। সেইরূপ অথগুপদস্ফোটবাদীরাও পদকে অথগু বস্তু বলেন। এই অথগু পদ থেকেই স্থামাদের অর্থ জ্ঞান উৎুপন্ন হয়। স্ত্তরাং অথগু পদেই অর্থ প্রকাশের শক্তি আছে। অতএব অথগুপদই বাচক [ক্ষোট]। ইহাই অথগু-পদক্ষোটপক।

পদের বেমন কোন অবয়ব নাই, সেরপে বাক্যেরও কোন অবয়ব নাই।
বাক্যের অর্থ জানের স্থবিধার জন্ত পদগুলিকে

া অথও বাক্যম্পেটি। বাক্যের অবয়বরূপে কয়না কয়া হয়। পদের
কোন পারমার্থিক সন্তা নাই। অথওবাক্যেই অর্থ
প্রতীতির অন্তুক্তিশক্তি আছে। অতএব অর্থওবাক্যই বাচক [ম্ফোট],
ইহাই অর্থও বাক্যম্ফোট পক্ষ।

উপরে যে পাঁচ প্রকার স্ফোটের বিবরণ দেওয়া হয়েছে—রুণই পাঁচপ্রকার ফোটকে সাধারণভাবে 'ব্যক্তিস্ফোট' নামে অভিহিত করা হয়। (২১)

মহর্ষি, জৈমিনির অন্থায়ী পূর্বমীমাংসকগণ জাতিশক্তিবাদী। তাঁরা ঘট প্রভৃতি ব্যক্তিকে দুট প্রভৃতি শব্দেরবাচ্য বলে স্বীকার ৬। বর্ণজাতি স্ফোট। করেন না, কিন্তু ঘটন্ত, পটত্ম জাতিকেই ঘটাদি শব্দের বাচ্য বলেন। মীমাংসকদের মতের অন্থকরণ করে জাতিফোটবাদিগণ দিন্ধান্ত করেছেন—যেভাবে ঘটাদি পদার্থনিষ্ঠ জাতি বাচ্যরূপে স্বীকৃত হয়, সেইভাবে শব্দনিষ্ঠ জাতিরও বাচকতা সমর্থিত হয়। অতএব প্রকৃতি ও প্রত্যয়, অর্থের বাচক নয় কিন্তু প্রকৃতি ও প্রত্যয়গত জাতিই অর্থের বাচক। এই প্রকৃতি ও প্রত্যয়গত জাতিই অর্থের বাচক। এই প্রকৃতি ও প্রত্যয়গত জাতির বাচকতা যে মতে স্বীকৃত হয়, সেইমতই বর্ণজাতিফোটপক। এই পক্ষের সংক্ষেপে অভিপ্রায় এই—প্রকৃতি ও প্রত্যয়নিষ্ঠ জাতিই বাচক [ক্যোট]। এখানে বর্ণ বলতে প্রকৃতি ও প্রত্যয়নেত্র ব্রুবতে হবে।

একটি পদে যে প্রকৃতি প্রত্যবের সমষ্টি থাকে, সেই সমষ্টির অন্তর্গত প্রকৃতি ও
প্রত্যক্ষের প্রত্যেকে যে বিভিন্ন ভাতি বিভামান

। পদজাতিক্ষোট। তাদের বাচকতা নাই। তাদের অর্থ বাধের অন্তর্কুল কোন শক্তি নাই। প্রকৃতিপ্রত্যবের সমষ্টি বে পদ, সেই সমগ্র পদে যে 'একটি জাতি বিভামান, সেই জাতিই অর্থের বাচক [ক্ষোট]। ইহাই পদজাতিকোটপক্ষ।

⁽२) शकांति वीक्षिरकाठावास्त्रतस्याः । नवत्के खड शन्त्रमाक्रिक ।

ব্যবহারক্ষেত্রে প্রত্যেকটি পদের পৃথগ্ভাবে প্রয়োগ করা হয় না। নিজের যে জ্ঞান, সেই জ্ঞানকে অন্তের নিকট প্রকাশ করবার

৮। বাক্যজাতিকোট। জন্ম আমরা শব্দ প্রয়োগ করি। ইহাকে শব্দব্যবহার বা ব্যবহারশব্দে অভিহিত করা হয়। বাক্যের ঘারা আমাদের এই ব্যবহার সম্পন্ন হয়। যদি কেবল এক একটি পদ থেকে অন্তের অর্থজ্ঞান হোত, তা হলে আমরা অপরের জ্ঞানের জন্ম কেবল এক একটি পদেরই প্রয়োগ করতাম, রাক্যের প্রয়োগ করতাম না। স্কুতরাং থেখা শাছে যে, কেবল পদ থেকে ব্যবহার ক্ষেত্রে অর্থের জ্ঞান হয় না, বাক্যের ঘারাই অর্থপ্রতীতি হয়। এই বাক্যের অর্থপ্রকাশ করার সামর্থ্য—ইহা বাক্যে নাই। সমান আকৃতিবিশিষ্ট বিভিন্ন বাক্যে একটি জাতি আছে। বাক্যনিষ্ঠ সেই জাতিই অর্থের বাচক [কোট]। বাক্য অর্থের বাচক নয়। ইহাই বাক্যজাতিকোটপক্ষ।

যারা জাতিফোটবাদী তাঁদের মধ্যে শব্দ নিষ্ঠ জাতির আধারভূত, প্রকৃতি, প্রত্যয়, পদ ও বাক্যের বছত্ব স্বীকৃত হয়েছে—ইহা অবশ্রুই বলতে হবে। অনেক পদার্থে একাকার জ্ঞানের কারণ রূপেই জাতি স্বীকৃত হয়। ভিন্ন ভিন্ন বং এর ও ভিন্ন ভিন্ন অবস্থার গোব্যক্তিসমূহ গোজ্ঞাতি স্বীকৃত হয়। যদি কোন বস্তুর একত্বটি যাভাবিক হয়, তা হলে সেখানে জাতিস্বীকার করা হয় না। সমান আকারের অনেক বস্তুতে একটি জাতি থাকে—এইরূপ নিয়ম দেখা যায়। স্বত্যাং দেখা যাছে যে জাতিফোটবাদীর মতে তাঁদের স্বীকৃত শন্ধনিষ্ঠ জাতিগুলির প্রত্যেকের আশ্রয় শব্দের অনেকত্ব অনুবার্য। অতএব ই হাদের সিদ্ধান্তে প্রত্যেক জাতির আধারভূত প্রকৃতি প্রত্যের প্রসৃত্তি অনন্ত। গুইটা লক্ষ্য করেই আচার্য ভত্ত্বির জাতিফোটপক্ষের পরিচয় প্রসঙ্গে ২ইলছেন —

"অনেকব্যক্ত্যভিব্যক্ষ্যা জাতিঃ ক্ষোট ইতি স্মৃতা। কৈশ্চিদ্ ব্যক্তয় এবাস্থা ধ্বনিজ্বেন প্রকল্পিতাঃ।।

[राकाभनीय ११२९]

এর তাৎপর্য হচ্ছে এই বে, গোছাদি জাতি যেমন সমানাকার অনেক গবাদি ব্যক্তিষারা অভিব্যঙ্গ দেইরূপ সমানাকার অনেক শব্দের দ্বারা অভিব্যঙ্গ যে শব্দনিষ্ঠ জ্ঞাতে উহাই ক্ফোট [বাচক] । ক্ফোটের অভিব্যক্তির কারণকে ধ্বনি বলা হয়। স্থতরাং এক্ষেত্রে জ্ঞাতিরূপ ক্ফোটের অভিব্যক্তির কারণ যে শব্দব্যক্তি সেই শব্দব্যক্তিগুলিই ধ্বনিরূপে পরিকল্পিত হয়। এই জ্ঞাতিক্যোট পক্ষ ভর্ত্হরির নিজের সিধাস্ত নয় (২০)। ভত্ত্রির এই সিদ্ধাস্থকে কোন সম্প্রদায় বিশেষের মত রূপে উল্লেখ করেছেন এবং বাক্যপদীয়ের টীকাকার পুশ্যরাজ একে মতাস্তর বলে নিদেশি করেছেন। ভত্ত্রির অখণ্ড বাক্যক্ষোট স্থীকার করতেন।

পদে ন বর্ণা বিভাস্তে বর্ণেশ্বয়বা ইব।

বাক্যাৎ পদানামত্যন্তং প্রবিবেকো ন কল্টন।। বিকাপদীয় '।৭৯]
ঋ, ৯, ৩, ৬, ঐ, ঔ এই সকল বর্ণের মধ্যে যথাক্রনে র, ল, ঋ + ই, ঋ ' উ,
ঋ + ৩, ঋ + ও এই সকল বর্ণ আছে—ইহা আমাদের নিকট আপাতত প্রতীত
হলেও বস্তুত এই সকল বর্ণের [ঋ ৯ এ, ও ঐ ঔ] কোন অবয়ব নাই, ইহারা
নিরবয়ব, ঋথও বর্ণ ইহা মীমাংসক প্রভৃতি বর্ণবাদী দার্শনিকণণ স্বীকার
করেন। বর্ণবাদীর মতে বর্ণগুলি যেমন ঋথও, ফোটবাদীর মতে দেইরপ
বাক্য ঋথও, অবয়বশৃস্থা। বাক্য থেকে পদের কোনরূপ ভেদ নাই।
বাক্যে পদের সত্তা প্রতীয়মান হলেও বস্তুতঃ পদের কোনরূপ পৃথক্ সত্তা
নাই। ব্যাবার স্থবিধার জন্ম বাক্যে পদের অভিজ্যের কল্পনা করা হয়।
এ কথা ভর্তুহরি নিজ্ঞেই স্পষ্টভাবে বলেছেন—

'যথা পদে বিভজ্ঞান্তে প্রকৃতি প্রত্যয়াদয়:।

অপোদ্ধারন্তথা বাক্যে পদানামূপবর্ণ্যতে।। বিকাপদীয় ২।১০]
পদগুলি অখণ্ড বলে তাতে বস্তুতঃ প্রকৃতি ও প্রত্যায়ন্ত্রপ অব্যব নাই।
কেবল অজ্ঞব্যক্তির সহজ্ঞ উপায়ে জ্ঞানের জ্বন্য পদে প্রকৃতি-প্রত্যায়ের কল্পনা করা
হয়। এইন্ধুপ বাক্যেও বস্কুত পদ না থাকলেও বাক্যে পদের অপোদ্ধার অর্থাৎ
কল্পনা করা হয়।

এই অথও বাক্যফোটই যদি সিদ্ধান্ত হয়, তা হলে তার পূর্ববতী বর্ণফোট প্রভৃতি স্বীকার করবার অমুক্ল কোন প্রমাণ নাই। এই সকল নিপ্রমাণ পক্ষ স্বীকারের পক্ষে কোন সমূচিত যুক্তিও দেখা যায় না। এই

[ে]২) প্রাচীন কালে কোন্ সম্প্রদার এই জাতিকোটণক খীকার করতেন তা জানা বার না। বাকাপণীর প্রস্থে এর উরেধ দেখে আমরা কেবল অমুমান করতে পারি—এই সিদ্ধান্ত ভত্ হবির পূর্ববর্তী কোন সম্পূদারের ছিল। পর এতিকালে বোপদেব ই সিদ্ধান্তের সমর্থন করতেন—ইহা শদকৌস্ততের পম্পূদাহিক এবং বৈরাকরণ ভূবণের কোটিনির্গন প্রকরণের ৭১ কারিকার অবতর শিকা হতে জানা যায়। বোপদেব কোন গ্রন্থে জাতিকোটের কথা বলেছেন—তা জানা যায় না।

অবস্থায় অথণ্ড বাক্যাক্ষেটি ব্যতীত অপর ক্ষোটগুলির অন্তিত্ব কেন স্বীকার করা হয়েছে তা চিন্তা করে দেখা আনশ্যক। কিন্তু পূর্বাচার্যণণ আমাদের চিন্তার অবকাশ দেওয়ার জ্বন্ত কোন বিষয়ই উপেক্ষা করেন নি। তাঁরা বলেছেন— অথণ্ড বাক্যাক্ষোট বস্তুটিই পারমার্থিক—এটা সত্য। এই পারমার্থিক বস্তুকে বুঝাবার উদ্দেশ্যে তার পূব্বতী ক্ষোটগুলি কল্পিত হয়েছে, তাদের কোন পারমার্থিক সন্তা নাই।

এখানে একথার পুনরায় উল্লেখ করা অপ্রাসন্ধিক হবে না যে, জাতিস্ফোট পক্ষ ভত্হরির সম্মত নয়। উহা ভত্হিরি অপর বাদীদের মতরূপে উল্লেখ করেছেন। অথগু বাক্যক্ষোটের—জ্ঞানের জন্ম এই জাতিস্ফোট কল্পিত হয় নাই। এটা একটা স্বতন্ত্র প্রস্থান।

স্ফোটবাদী আচার্যগণের মতে বাক্ [শব্দ], জ্ঞান থেকে পৃথক্ বস্তু নয়।
জ্ঞান বা হৈতন্তে এই বাগ্রপ্তা থাকে। স্বতরাং জ্ঞান ও বাক্ এই ছুইটি
অভিন্ন বস্তু—

বাগ্রপতা চেতুৎক্রামেদববোধর্কী শাখতী। ন প্রকাশঃ প্রকাঞ্চেত সা হি প্রত্যবমর্শিনী॥

[বাকাপদীয় ১৷১২৫]

জ্ঞানে ৰাগ্ৰূপতা যদি না থাকত, তা হলে সেই জ্ঞান কখনও প্ৰকাশিত হতে পারতো না। গেহেতু জ্ঞানের এই যে বাগ্ৰূপতা—ইহাই জ্ঞানের প্রকাশক। বৈয়াকরণ সম্প্রদায় সকল জ্ঞানকেই সবিকল্পক বলুল স্বীকার করেন। তাঁদের মতে জ্ঞানের এই সবিকল্পক অবস্থা, তার বাগ্ৰূপতা থেকেই সম্পাদিত হয়।

বঠ তালু প্রভৃতির ব্যাপারের দ্বারা ২০ অথবা সেই ব্যাপার থেকে বর্ণের উচ্চারণ স্থানে যে বাযুসংযোগ হয় সেই বাযুসংযোগ দ্বারা ক্লোটের অভিব্যক্তি হয়, উৎপত্তি হয় না।

⁽২৩) ''অটো স্থানানি বর্ণানামূর: কঠ: শিরভথা।

ভিহ্বামূলং চলতাক নাদিকোঠোচ তালুচু॥ [পাণিনীয় শিকা১৩] বৰ্ণের ইচারণ স্থান আটটি উর: হলয়), কঠ, শির: [মুহ্বা]. ভিহ্বামূল, দত্ত,নাদিকা, ৬ঠ এবং ভালু।

ফোটের অভিবাঞ্চককে 'ধানি' বলা হয়; আবার বর্ণকেও ফোটের অভি-ব্যঞ্জক বলা হয়। বাছবিক পক্ষে বৈয়াকরণ সিধান্তে ফোটই বর্ণরূপে প্রতিভাত হয় (২৪)।

মহাভাগ্যকারের পরবর্তী বৈয়াকরণগণ প্রাচীন ও নবীন তুইভাগে বিভক্ত। নাগেশভট্টের পূর্ববর্তী বৈয়াকরণগণ প্রাচীন বিভাগের অন্তর্গত। নাগেশ ছট্ট এবং তাঁর পরবর্তী বৈয়াকরণগণ নবীন সম্প্রদায়ের অন্তর্গত। প্রাচীন বৈয়াকরণগণ বলেছেন—কণ্ঠ, তালু প্রভৃতিতে বায়ুর যে অভিঘাত [সংযোগ-বিশেষ] হয় তারই ফলে প্রথমে ধ্বনি উৎপন্ন হয়। সেই ধ্বনি থেকে ক্যোটের অভিব্যক্তি হয়। এই বিষয়ে তাঁরা যুক্তি দেখিয়েছেন—বর্ণ উচ্চারণের উদ্দেশ্রে কণ্ঠ, তালু প্রস্থৃতির ব্যাপার করলে যখন প্রমাদবশত জিহ্বার ঠিক্টানে দংযোগ না হয়ে যদি একটু ব্যব্ধানে সংযোগ হয় তথন বর্ণের উপগন্ধি হয় না, কিন্ত ধ্বনির উপলব্ধি হয়ে থাকে। এতে বুঝা যায় কণ্ঠ, তালু প্রভৃতির সংযোগ ধ্বনির উৎপত্তির প্রতি কারণ। যে স্থলে ফ্রোটের অভিব্যক্তি হয়, দেখানেও ধানির উৎপত্তি অবশ্রই হয়। খদি দেরপ স্থলে ধ্বনির উৎপত্তি স্বীকার নাকরা হয়, তা হলে বলতে হবে যে কেটের উৎপত্তির প্রতি যাহা কারণ তাহা ধনির উৎপত্তির প্রতিবন্ধক। এরপ প্রতিবন্ধকতা স্বীকার করলে কলনাগোরৰ হয়। এই জন্ত বলতে হবে বে স্থলে স্ফোটের অভিব্যক্তি হয়, দে স্থলেও কঠ, তালু প্রভৃতির ব্যাপার থেকে ধ্বনির উৎপত্তি হয়ে স্ফোটের **অভিব্যক্তি হয়। কিন্তু এরপ স্বীকার করলে একটি আশহা উপস্থিত হয়।** যেখানে ঘট শব্দের উচ্চারণের জন্ম কণ্ঠাদির ব্যাপার করা হয়, দেখানে "ঘট" এই শব্দের জ্ঞান হয়। এই ''ঘট" জ্ঞানটি ফোটের অভিব্যক্তি ভিন্ন আরু কিছু নয়। এমূলে 'ঘট' শন্ধি ভিঃ ধানির কোন উপলব্ধি হয় ইহা বুঝা যায় না। যদি ধ্বনি থেকে ক্যোটের অভিব্যক্তি হয় –ইহা স্বাকার করা যায়, তা হলে যে যে স্থালে ক্যোটের অভিব্যক্তি হয়, সেই দক্ত স্থালেই ধ্বনি বিভয়ান থাকায় ধ্বনির উপলব্ধি হওয়া উচিত; কিন্তু তা হয় না। স্বতরাং ধ্বনি থেকে ক্ষোটের অভিব্যক্তি হয় এই সিদ্ধান্ত যুক্তিযুক্ত নয়।

⁽২৪। বাপ্লকারনিবিশেবোশনিত কোট এব ককারালাক্সনা ব্যবস্থিতে ইতাভূাপগমাং। ভাট্টমতে ভারো মন্দো গকার ইতিবদ্ অধৈ চণিকান্তে বিবয়সগক ক্মন্তু ন্তিবৈচিয়েণ বাকে অরপদ্ধ থ বৈচিত্রাবচ্চ। অতএব বাচম্পনিবি ভাতত্বিলেণ বন্ধতঃ ককারালতিরিচামানমূর্তেঃ প্রকারসালোবাং ইতি কোটবাদিসত প্রস্তুপ্ত । শিক্ষান্ত ১)

এর উত্তর বাক্যপদীয়ে ব**িত হয়েছে। যে স্থলে ফোটের অভিবাজি** হয়, সে স্থলে ভর্ত্তি ধ্বনি সম্বাচ্চ ভিনপ্রকার মতের উল্লেখ করেছেন—

> স্ফোটরূপাবি ভাগেন ধ্বনেগ্র হিণমিষ্যতে। কৈশ্চিদ্ ধ্বনিরসংবেল্ডঃ স্বভন্তোহক্তৈঃ প্রকাশকঃ॥

> > [বাকাপদীয় ১৮২]

কোন আচার্যের মতে স্ফোটের সহিত অভিন্নভাবে ধ্বনির প্রতীতি হয়. স্বতন্ত্রভাবে ধ্নির প্রতীতি হয় না। অন্ত আচার্যের মতে ধ্বনি অসংবেশ্ব অর্থাৎ জ্ঞানের অযোগ্য। চক্ষ্ণ, রদন। প্রভৃতি ইন্দ্রিয় রূপ, রদ প্রভৃতি বিষয়ের উপলব্ধির হেতু। কিন্তু চক্ষু: বা তার রূপ আমাদের উপলব্ধির যোগ্য নয। এইরপে রদনে দ্রিয় বা ভার রস আমাদের জ্ঞানের বিষয় হয় না। সব ইন্দ্রিয় সকলেই এই নিয়ম; ইন্দ্রিয় কিংবা ভার ভণ জ্ঞানের যোগ্য নয়। যে ইন্দ্রিয়ে যে গুণ থাকে, সেই ইন্দ্রিয় সেই গুণকেই গ্রহণ করতে পারে। চক্ষু রূপকেই গ্রহণ করতে পারে, রদ বা গন্ধকে গ্রহণ করতে পারে না। চক্ষঃ ও ত্বগিদ্রিয় দ্রব্যের প্রত্যক্ষ করতে পারে। কিছ যে দ্রব্যে রূপ থাকে, চকু: তাকেই গ্রহণ করতে পাবে, রূপহীন দ্রব্যকে গ্রহণ কংতে পারে না। ঘটের রূপ আছে, চকু: তাকে গ্রহণ করে। বায়্র রূপ নাই, চক্ষু: তাকে গ্রহণ করতে পারে না। এইভাবে যে দ্রব্যে স্পর্শ থাকে ত্রিন্তিয় তাকে গ্রহণ করে, স্পর্শহীন দ্রাকৈ গ্রহণ করতে পারে না। অগিলিয় স্পর্শবিশিষ্ট বৃক্ষ, জল ও বায়ুকে প্রত্যক্ষ করে, কিন্তু আলোকের বা স্বাদিতৈজের প্রভাতে স্পর্শ থাকে না বলে ঘণিন্দ্রিয় প্রভাকে প্রত্যক্ষ করতে পারে না। অবশিষ্ট রদনা, ভাগ ও শ্রোতা নামক তিনটি ইন্দ্রিয়, রদ গন্ধ ও শব্দ – এই তিনটি গুণকেই যথাক্রমে প্রতাক করে। দ্রব্যকে গ্রহণ করতে পারে না। ইন্দ্রিয় এবং ইন্দ্রিয়ের গুণ স্বয়ং জ্ঞানের অংগাগ্য হয়েও যেমন অভ্যের জ্ঞানের কারণ হয়, সেইরূপ এই মতে ধ্বনিও নিজে জ্ঞানের অযোগ্য হয়েও ক্ষোটের অভিব্যক্তির কারণ হয়।

অপর বৈয়াকরণ সম্প্রদায় মতে কোট থেকে ধ্বনির সম্পূর্ণ পার্থক্য আছে।
এইজ্বন্ত দ্বতাদিদোষবলীতঃ যে ছুলে আমাদের কোটের জ্বান হয় না, সে
ছলে কেন্তা ধ্বনির প্রতীতি হতে পারে। কোটের জ্ঞানকালে ধ্বনিও
ক্যোটের মিলিত ভাবে জ্ঞানী হয় বলে, আমরা ধ্বনিকে স্বতন্ত ভাবে উপলব্ধি

করতে পারি না। কিছু সে স্থলেও ধ্বনির সন্তা থাকে এবং ভার প্রতীতি হয়। যেমন তুধও জল মিলিত হলে স্বতম্বভাবে জলের জ্ঞান হয় না, সেইরপ ধ্বনি ও ক্যোটের মিলিত ভাবে প্রতীতি স্থলে স্বতম্ব ভাবে আমরা ধ্বনির নিশ্চয় করতে পারি না।

वर्गमृशाय (थरक व्यर्थत कान इय-जायरेवर विक ও मौमारमात अंह मज বৈয়াকরণেরা স্বীকার করেন নাই এবং বর্ণ থেকে অর্থজ্ঞানের সম্ভাবনা নাই ইছা তাঁরা যুক্তির বারা প্রতিপাদন করেছেন। আবার ধ্বনি থেকে ন্দোটের অভিব্যক্তি হয়—বৈয়াকরণদের এই দিদ্ধান্তের বিরুদ্ধেও পূর্বে কি मार्ननिकशन ज्यानक युक्ति अमान करबरहन। वर्गवामीका वरलरहन यमि বর্ণসমুদার ধথকে অথেরি জ্ঞান অসম্ভব হয়, তা হলে ধ্বনি সমুদায় থেকেও স্ফোটের অভিব্যক্তি অসম্ভব। প্রত্যেক বর্ণ ক্ষণস্থায়ী হওয়ায় যেমন তাদের সকলের এককালে অবস্থিতি হতে পারে না, এই জ্বল্য বর্ণের একটি সমুদায় কোন কালেই হতে পারে না, সেইরপ প্রত্যেক ধ্বনিও ক্ষণস্থায়ী বলে, তাদের কোন একটা সমূদায় সম্ভাবিত হয় না। আর প্রত্যেক ধ্বনি থেকে ক্লোটের অভিব্যক্তি হয় এরপ স্বীকার করা যায় না। কারণ এরপ স্বীকার করলে প্রথম ধ্বনি থেকে ক্ষোটের অভিব্যক্তি সিদ্ধ হয়ে বায় বলে বিতীয় তৃতীয় প্রভৃতি অন্ত ধ্বানগুলি বুধা হয়ে যায়। এইজন্ত ক্যোটবাদীকেও বলতে হবে ধ্বনিসমূদায় থেকেই খোটের অভিব্যক্তি হয়। কিন্তু এক্রপ বললে ধ্বনির সমুদায় কোন কালেই সম্ভাবিত না হওয়ায় ফ্যোটের অভিব্যক্তি সম্ভব হবে না। স্থতরাং যে যুক্তির বারা শ্রেটবাদিগণ বর্ণবাদীর মত খণ্ডন করেন, তাঁদের সেই যুক্তির बाजाहे टच्हाटेंद्र थेश्वन हरा यात्र। अञ्चर ट्यांटेरामीता दर्गरामीत छेनद्र य লোষ **नि**য়েছেন সে লোষ তাঁলের পুক্তেও আছে! যে লোষ উভয়পকেই থাকে, (म मात्र अक्क्न अभरत्व भिक्षां विवास छेंद्वांचन कवां भारतन ना (२६)।

ক্ষোটবাদিগণ এর উত্তর দিয়েছেন। তাঁরা বলেছেন—ধ্বনিসম্দার থেকে ক্ষোটের অভিব্যক্তি হয় ইহা আমুরা স্বীকার করি না। প্রত্যেকটি ধ্বনিই ক্ষোটের অভিব্যক্তক। প্রথম ধ্বনি থেকে অস্পষ্টভাবে ক্ষোটের অভিব্যক্তি হয়, বিতীয় তৃতীয় প্রভৃতি ধ্বনি থেকে পূর্বাপেক্ষা কিছু কিছু স্পষ্টভাবে ক্ষোট প্রকুশিত হয়। তুর্ম ধ্বনির দারা স্ক্রুষ্টরপে ক্ষোট অভিব্যক্ত হয়। স্ক্রুষ্টভাবে

⁽২০) ' ব্যোভবেঃ সমো কোষ: পরিহারেছেলি বা সম: নৈক: পর্যন্থোক্তব্যভাল্গর্থবিচারণে ॥''
[ক্রমবলুর্বেদসংহিতার মহীধরভাষে উচ্চুত]

অভিব্যক্ত স্ফোট থেকেই অর্থের জ্ঞান উৎপন্ন হয়। এই জ্ঞা পূর্ববর্তী ধ্বনিগুলি থেকে স্ফোটের কিছু কিছু অভিব্যক্তি হলেও সে সময় স্ফুল্টরেপে স্ফোটের অভিব্যক্তি না হওয়ায় অর্থপ্রতীতি হয় না। বৈয়াকরণগণ স্ফোট ভিন্ন অন্থাকান পদার্থের অভিব্যক্ত ব্যাকার করেন না। ধ্বনি স্বারা এই স্ফোট অভিব্যক্ত হয়ে অর্থজ্ঞানের কারণ হয়। এই স্ফোটই চক্ষ্রাদি ইন্দ্রিযের বিষয়র্ক্সপে প্রতিভাত হয়ে জাগতিক সমস্ভ ব্যবহারের বিষয় হয়ে থাকে।

শব্দকে স্থিভকার ফেলাট সম্বন্ধে অস্ত মতের কথা বলেছেন। শব্দকে স্থিভে বলা হয়েছে—ফেলাট অবিভাকল্পিত পদার্থ। ফেলাট অবিভাকল্পিত পদার্থ হলে তার অধিষ্ঠানরূপে একটি অকল্পিত বস্তু স্থীকার করতে হবে। কল্পনার মূলে কোন অকল্পিত বস্তু স্থাকার তুনা করলে কল্পনা দিভাতে পারে না। কল্পিত পদার্থ শূল্যে অবস্থান করে মা। বৈয়াকরণগণ নিজেদের শৃন্তবাদী বলে স্থাকার করেন না। স্থতরাং শব্দকে স্প্তিমতে অকল্পিত ব্রহ্মবস্তু স্বতন্ত্র স্থানি করতে হয়। বৈয়াকরণ পরমাচার্য ভর্হরির এই মত নয়। তিনি ফেলাটকেই ব্রহ্মরেপ স্থীকার করেছেন। তাঁর মতে উৎপত্তি বিনাশরহিত, অবিকারী, দর্যবাপী, স্কোটরূপ শব্দ ব্রহ্ম থেকে জগতের স্পৃষ্ট হয়েছে (২৬।

ভ হ'হরির সিদ্ধান্ত অনুসরণ করে কোণ্ডভট্ট বৈয়াকরণ ভূষণগ্রন্থে শেফাটকে ব্রহ্মকপে প্রতিপাদন করেছেন ২ १)।

তিনি বলেছেন অবিভাকে অবলম্বন করে জাতিস্ব্যুট্টর কল্পরা কর। হয়েছে।•

বিবৰ্ততেহৰ্যভাবেৰ প্ৰক্ৰিয়া জগতো যতঃ ॥ [বাকাপদীয় ১৷১]

জায় ও বিনাশ শুদ্ধ শাল কর্মন বে জাকার ব্রহ্ম, তিনি পদীর্থক্সাপে বিবর্তিভ ছুন, বা খেকে জাগতের সুষ্টে প্রভাত হর।

⁽২৬) ''অনাছিবিধনং ব্ৰহ্ম শক্তব্বং যদক্রম্

⁽২৭) কৌপ্তভট্ট সিদ্ধান্তকৌমূদী, প্রোচ্মনোরমা শব্দকৌপ্তত প্রভ্,তির প্রণেতাভট্টোজীদীক্ষিতের আতৃপদ্ব ছিলেন এবং নিজেও মলীপতিত ছিলেন—

বাগ্দেৰী যক্ত জিহ্বাথে নৱীনতি সদ্। মুদা। ভটো সাদীকিত ≀ংং শিত্ৰাং ধুনীমি সিক্ষরে ॥ [বৈয়াকরণ ভূষণ ৩য় শ্লোক]

স্ক্ষবিচার করলে দেখা যায় ব্রহ্মই কেনাটঃ ব্রহ্ম থেকে কেনাটের কোন ভেদ নাই বিল)।

এই স্ফোটের অবস্থা ডেদে তিন প্রকার ডেদ ভর্ত্ররি বর্ণনা করেছেন। স্ফোট যথন আমাদের শ্রোত্রেপ্রিয়ের থারা প্রতীয়মান হয়, সেই অবস্থায় ডাকে 'বৈথরী' নামে অভিহিত করা হয়। এই 'বৈথরী' প্রয়োগের পূর্বে বক্তার অন্তঃকরণে এবং বৈথরীশ্রবণের পর শ্রোতার অন্তঃকরণে স্ফোটের প্রতিভাগ হয়ে থাকে। সেই অবস্থায় স্ফোটকে 'মধ্যমা শঙ্গে অভিহিত করা হয়। এই মধ্যমা থেকেই আমাদের অর্থজ্ঞান জন্মে। লোকব্যবহারের অতীত পারমার্থিক অবস্থায় স্ফোটকে 'পশ্রভী' শক্ষ থারা অভিহিত করা হয়। এই পশ্রভী'ই ভর্ত্ররি প্রভৃতি বৈয়াকরণাচার্যদের মতে 'পেরা বাক্" (১৯)।

এই পশুস্থীই অনাদি অনস্ত চৈতন্ত্রপ সর্ববিকারবর্জিত প্রমন্ত্রন্ধ (৩০)। এই শব্দ ব্রহ্মই বৈয়াকরণদিগের সিহান্তে আত্মা (৩)। "পশুস্তীর"

এতদ বাকরণম্। অনে + তার্থেতি। লিইণাজবর্ণরূপা প্রাথ্যান্থাবাই প্রস্থা হুল্ভিবেণু বীণাদিশকারূপা চেতার্থঃ। লব্দপুবো কোটপ্রকরণে উক্তণাথ্যা। তত্র শোরবিষয়া বৈথরী। বিধান-জ্বদ্বদেশ্যা ••• শশান্তী কোকবাবহাগেতীতা নাগেশভট্ট ১'১৷১ ৷

(৩•) অধাপ্তাকং জানশন্তি হি। সংগিতকাপতা।
বৈশে ইবাস্থ্নাংপগুড়ী সাপরাছিতিঃ।
ইত্যান্ত প্তং ব্ৰহ্ম যদনাদি তথাকরম।
তদক্ষরং শব্দ্ধপং সাপগুড়ী পরাহি বাক্।। [সোমানন নাধ প্রণীত

निवपृष्टि २।১-२]

ষদনাকি অসন্তঃ চ পরং ক্রফা চিজ্রপং তকক্ষরং নির্বিকারং শব্দরপুষ্। সৈব প্রস্থানীসংজ্ঞা পরা বাক্।—উৎপ্রদেবকৃত নিবদৃষ্টিগৃত্তি ২।২।

(৩১) স এবা রা —ইতাাহ (উৎপদ দেব কৃতবৃত্তি)
ূস এবা রা । সর্বংবছবাাপকংন বর্ততে।
ক ভঃ পঞ্চনবৈধন ডিক্রপথসর গবান, ঃ [শিবদৃষ্টি ২।৩]
শব্দপ্রক্রমন্যং পঞ্চন্তীর শব্দ হন্দমিতি বৈদ্যাকরণাঃ।—
কেন্তেক্স প্রদীত প্রভাক্তিজাক্ষর — ৮ ক্রেযাখা।

⁽১৮) ত সাংৰিফা শামানুকরীতা। জাত রব ফোটা। নিকংগ তু ব্রৈজন ফোটাইতি ভাব: । ০০০ - ব্রেজনের ননাত্রারং প্রকাং ধরণ দ্যোতি: [বু: ই: ৪।৩৯] তমেব ভারুমমূভাতি সবং তদা ভাবা সর্বানিং বিশাতি [কঠ ৫ ১৫, মুভক ২ ২০১০ থেতা তের ৬।১৪] ইতি আতি সিদ্ধারণ প্রকাশকরং ক্রেন্ ক্রেতা থাংলাদি ত কাটি ইতি ধৌসিকক্র্টশকাভিধেরজং ক্রেতীতি সিদ্ধান্ত । [বৈরাকরণ চুবণফোটা নির্ণার ৭০ কারিকাবনাগা]

⁽২৯) বৈহ্যা। মধামালক পগুস্তালৈত কছুতথ্। অ নকতার্বভেদা শিল্পা বাচঃ পরং পদম্॥ িশক্যপদীয় ১:১৪০]

ন্দ্রশাবে ক্রিয় প্রাহ্ রূপে অভিব্যক্তিকে বৈথরী এবং অস্কঃকরণের প্রাহ্ রূপে অভিব্যক্তিকে মধ্যমা বলা হয়—এরপ বললে কোন দোষ হয় না। প্রভ্যতিক্রাদর্শনে
এবং শাক্তসম্প্রদায়ে 'পশুন্তী' থেকেও স্ক্রভর অবস্থা স্বীকার করা হয়েছে এবং
সেই অবস্থাতেই বাক্কে "পরা" সংজ্ঞায় অভিহিত করা হয়েছে। ভত্তিবি
পশুন্তী থেকে কোন স্ক্রভর অবস্থা স্বীকার করেন নি। স্ক্তরাং তার
শিক্ষান্তে পশুন্তীই "পরা বাক্"।

মহাভায়কার ধানি ও কোটের উল্লেখ করেছেন (৩২ । তবে তিনি কোটকেই শব্দের অরপ এবং ধানিকে তার ব্যঞ্জক বলেছেন। মহাভাষ্যকার ও বাতিককার উভুয়েই শব্দের নিত্যতা স্বীকার করেছেন (৩৩। কিন্তু তাঁরা কোট সক্ষমে কোনরূপ করে বিচার প্রদর্শন করেন নাই। মহাভাষ্যকারের পদাহ অহ্মসরণ করে আচার্য ভর্তৃ হবি কোট সম্বন্ধে বহু কম বিচার প্রদর্শন করেছেন। কোট সম্বন্ধে বিশেষ জ্ঞান অর্জন করতে হলে বাক্যপদীয়, শব্দকৌত্তভ্ন, বৈয়াকরণ ভূষণ, লঘুমঞ্জনা, কোটচন্দ্রিকা, কোটিসিদ্ধি, শারদাভিলক ও তার টীকা প্রভৃতি গ্রন্থের অহ্মশীলন করতে হবে। বৌদ্ধ, বৈয়ায়িক, বৈশেষিক, সাংখ্য প্রভৃতি বৈদিক দার্শনিকগণও কোটের ধণ্ডন করেছেন। ভগবান্ শঙ্করাচার্য এবং তাব অহ্মগামী বাচম্পতি মিশ্র, অমলানন্দ প্রভৃতি বৈদান্তিক আচার্যগণও ক্যেট স্বীকার করেন নাই (৩৪)। শ্রীমুগেন্দ্রাগমের বৃদ্ধিকার ভট্টনাহারণ কঠেব

ধ্বনি: ফোটণ্ট শ্পানাং ধ্বনিত্ত থলু লক্ষাতে। অলোমহাংশ্য কেয়াকিন্তভাং ডংশ্বভাষত: ॥ (মহাভায় সামানাণ

শকগুণ-ইতি। শশশু গুণ উপকারকো বাল্লক্ষ্ণেনেতার্থঃ।

উভয়মিতি। ব্যব্দোগ বাপ্তকণ্ঠ প্রমাণেন বভাবতঃ বরূপেণ সিদ্ধাবিতার্থঃ। কেয়াভিকিতি—বাস্তাবাম্ভয়ং গৃহতে অব্যক্তানাং তু ধ্যমিরেকঃ।— কৈচট ।

⁽৩২) **অধবা উভয়ত: কোটমাত্র: নির্দিগুতে। মহাজা**ল সাস্থাণ,৪৪ এবং ত*্রি* কোটা শব্দা । **ধানি: শব্দুণা ।—কোটজাবানের ভবতি। ধানিক্তা** বৃদ্ধি।

⁽৩০) সিহাতু নিজাৰলহাং। [কাজায়ন রাঠিক]...নিয়াঃ শবাঃ। বহাভায়-- ১০১০১১ লকের নিজাতার কথা মহাভাবে। আরও অনেক বলে বলা হয়েছে।

⁽৩০) ব্ৰহ্মকুত্ৰপান্তরভাষ্য**ঞা**ষ্ঠী—কল্লডফুপরিষল। **পেবডাধিক**রণ ১াণ্,০৮। ত

পুজ ভট্টরামকণ্ঠ তাঁর "নাদকাবিকা" গ্রন্থে ক্লোটের খণ্ডন করে, তার পরিবর্তে নাদকেই অর্থ জ্ঞানের সাধনরপে বর্ণনা করেছেন এবং এই "নাদকারিকার" টীকাকার অংঘার শিবাচার্য এই নাদের অর্থবাধকত্ব স্থীকার করেছেন ৩৫)। আচার্য মণ্ডন মিশ্র মীমাংসক হলেও ক্লোট স্থীকার করেছেন এবং ক্লোটসিদ্ধি নামক গ্রন্থ রচনা করে ক্লোট সমর্থন প্রসাক্তে ক্মারিলভট্ট প্রভৃতির ক্লোটবিরোধী বৃক্তির বন্ডন এই মণ্ডন মিশ্র তাঁর 'ব্রন্ধসিদ্ধি" নামক বেদান্ত গ্রন্থে বন্ধাক্তির বন্ধাক্তির বন্ধাক্তির করেছেন। এই মণ্ডন মিশ্র তাঁর 'ব্রন্ধসিদ্ধি" নামক বেদান্ত গ্রন্থে বন্ধাক্তির বন্ধাক্তির বন্ধাক্তির করেছেন। বির্বাধী

এখানে দ্রন্থবা এই যে—বে যে স্থলে অর্থের জ্ঞান জন্মে, সেই সকল স্থলেই বৈয়াকরণেরা কোট স্বীকার করেন। শুদ্ধ সংস্কৃত শব্দ, অপভ্রংশ শব্দ এবং ক্ষেদ্দের ব্যবস্থত শব্দ—এই সকল স্থলেই ক্ষোটের অভিব্যক্তি হয়; তারপর অর্থের জ্ঞান হয়—ইহ। বৈয়াকরণদের সিদ্ধান্ত। তবে এই প্রসঙ্গে এটা মনে রাখতে হবে যে শব্দান্থশাসন শাস্ত্র কিছু সাধু [সংস্কৃত] শব্দের অনুশাসন—অপভ্রংশ বা ফ্রেছ্সম্প্রাণারে ব্যবহাত শব্দের অনুশাসন নয়।। ৪।।

মূ ল

অথবা প্রতীতপদর্থকো লোকে ধ্বনি: শব্দ ইতি উচ্চতে। তদ্যধা—শব্দং কৃক্, মা শব্দং কার্যীঃ, শব্দকার্যয়ং মাণ্যক ইতি ধ্বনিং কুর্বন্নেবমূচ্যতে। তত্মাদ্ধ্বনি: শব্দঃ॥৫॥

আকুবাল—অথুবা ''শব্দ'' এই শব্দটি প্রসিদ্ধার্থক। লোকে ধ্বনিকে শব্দ বলা হয়। যেমন—'শব্দ কর' 'শব্দ করো না' 'এই মাণবক [ব্রহ্মচারী বা বালক] শব্দকারী' বে ধ্বনি করে ভাকে এরূপ বলা হয়। [স্কুতরাং] সেইহেড়্ ধ্বনি [ই] শব্দ ॥ ৫ ।

পদার্থবর্ণনা—প্রতীতপদার্থক: = প্রতীত: [জ্ঞাত] পদার্থ: [অর্থ] যস্ত [যাহার—বে শব্দ এই শক্ষের], এইভাবে বছন্ত্রীহি সমাসে—যার অর্থ প্রতীত অর্থাৎ প্রসিদ্ধ লোকে জ্ঞাত ।—'এইরূপ অর্থে ''প্রতীতপদার্থক:'' শব্দটি নিম্পন্ন । বছন্ত্রীহি সমাসে 'ক' আগম হয়েছে।

⁽७०) नामकात्रिका- ५, २०, २३ धनः इहेशनित्र अध्यात्र निवाहार्यथनीजीका।

অথবা—পদার্থ এব পদার্থক—এইরূপ স্বার্থে কন্প্রত্যয় করে পদার্থক শব্দ দিক হয়েছে। তারপর প্রতীতঃ পদার্থকঃ এইরূপ কর্মধার্য সমাস করে জ্ঞাত পদার্থ এইরূপ অর্থণ্ড পাওয়া যায়। লোকে জ্ঞাতপদার্থ ধ্বনি শব্দ বলে ক্থিত হয়। মাণ্যক - ব্রহ্মচারী বা বালক। ধ্বনি → [এখানে] বর্ণসমূহকে ধ্বনি বলে উল্লিখিত করা হয়েছে । ে।

বিব্বজি—বৈষাকরণগণের সিদ্ধান্তে ফোটই শব্দব্রপ, ধানি সেই কোটের অভিব্যঞ্জক, ক্ষোট থেকে ধ্বনি ভিন্ন প্ৰদাৰ্থ—ইহা আমরা পূৰ্বে দেখিয়েছি। বৈয়াকরণগণ প্রানিকে অর্থবোধক স্বীকার করেন নি। ধ্বনির ছারা অভিব্যক্ত ক্ষোটকেই মর্থবোধক বলে স্বীকার করেছেন। পূর্বে যেরূপ দেখা গেছে তাতে জানা যায়, ব্যাকরণে অর্থ বোধক শব্দেরই নিরূপণ করা হয়েছে। এই অবস্থায় এধানে মহাভাষ্যকার ধ্বনিকে শব্বলে নির্দেশ করায় ধ্বনি ও ক্ষোটের অভেন প্রতিপাদিত হয়েছে। কিন্তু ধ্বনি ও ক্ষোটের অভেদ্ বৈযাকরণ সম্প্রদায়ের দিকাতবিক্ষন। এইকপ একটি আশ্বঃ উপস্থিত হয়। এই আশ্বার উত্তরে কৈয়ট বলেছেন –মহাভাষ্যের পূবে ব্যাভিপ্রণীত 'দংগ্রহ' নামক বৈয়াকরণদের সিশান্ত প্রতিপাদক এক গ্রন্থ ছিল। তাব পঠন পাঠন মহাভাষ্যের রচনার পূর্বে লুপ্ত হয়ে গিয়েছিল। সেই গ্রন্থে ধ্বনি ও ফোট বিভিন্ন পদার্থ ইহা স্ম্থিত হ্যেছিল এবং "তপ্রস্তংকাল্ম্র" [১/১/ ২/৭০] স্ত্রের মহাভাষ্যে ও ধ্বনি ও স্ফোটের ভিন্নপদার্থতা উক্ত হ্যেছে। ক্রিন্ত সাধারণ লোক মনে করে প্রনি থেকেই তাদের অর্থের জ্ঞান হয়, তারা ধ্বনি ও ক্লোটের পার্থক্য অন্বেষণ করে না। স্থতরাং ধ্বনি ও কোটের ভিন্নতা লোকৈর বৃদ্ধির বিষয় হয় না মহাভায়কার পতঞ্জলি সেই লোকবৃদ্ধির অমুসরণ করে এখানে ধ্বনি ও স্ফোটের অভেদ আবোপ করে শব্দের সক্তপ ব্ঝাতে প্রবৃত্ত হয়েছেন। লোকে আপাতত শব্দস্ত্রপ বৃষ্ক; পরে তারা প্রজাশীল হলে—ফোটকে শব্দম্বরূপ বলে বুঝতে পারবে। লোকে যাতে দ্রব্য, গুণ, ক্রিয়া, ঙ্গাভি---এগুলিকে শব্দস্বরূপ বলে না বুঝে। এই অভিপ্রায়ে ধ্রনিকে শব্দ বলেছেন। ধ্বনি ও ও স্ফোটের অভেদ পতঞ্চলির অভিপ্রেত নয। এইরূপ অভেদ তার অভিপ্রেত এইরূপ কল্পনা করলে পভঞ্জলির পূর্বাপর গ্রন্থের বিরোধ উপস্থিত হরে। "তপরস্তং-কালসা" এই স্ত্রের ভাষ্টের সঙ্গে এখানকার ভাষ্টের সামঞ্জ প্লাকবে না :

স্বভরাং বগতে হরে যে "শব্দ" দ্রব্য, ৩০, ক্রিয়া ও জাতি থেকে ভিন্ন বন্ধ— কেবল এইটুক্ ব্যান এথানে পতঞ্চলির অভিপ্রায় (৩৬)।

এখানে আর একটি আশহা উঠে এই যে—বিধি ও নিষেধ অনারক কার্যেই প্রবৃত্ত হয়। লোকে যে কার্য করতে জানে না এবং যে কার্যে প্রবৃত্ত হয় নাই বিধি লোককে সেই কার্য করতে হবে —এইটা জানিয়ে দেয়। আর লোকে কোন व्यमिष्टेमाधन कार्ष श्राप्त हत्व व। श्राप्त हत्व ; निरवध रमहे लाकरक रमहे কাৰ্য থেকে নিবৃত্ত করে। কিন্তু বে কাৰ্য অন্ত্রন্তিত হচ্ছে তাতে প্রবৃত্তির জন্য বেরপ বিধি নির্বেক, সেইরপ তা থেকে নির্ব্ধ হবার জন্য নিবেধ ও নির্থক। সে কার্য তো অহাটিত হচ্ছেই। এথানে ভারুকার বলছেন—যে ব্যক্তি ধ্বনি कद्राह [श्विनिर कूर्वन] जारक मंत्र कद्र [मंत्रर कूक] मंत्र करता ना [मा मंत्रर कार्यी:] এইরূপ বলা হয়। किছ যে শব্দ করছে, তাকে শব্দ কর-এই কথা বলৈ শব্দ করতে প্রবৃত্ত করা যায় না। অপ্রান্তের ই প্রবর্তনা হয়। কিছু যে ব্যক্তি যে কার্যে প্রবৃত্ত তাকে সেই কার্যে প্রবৃত্ত করার কোন মাবশ্যকতা নাই। যে भन করছে, সে তো শক করেছেই, তাকে নিষেধ করাও রুখা। বে ব্যক্তি কোন অনিষ্ট বিষয়ে প্রবৃত্ত হওয়ার উপক্রম করছে, এখনও প্রবৃত্ত হয় নাই. সেই ব্যক্তিকে নিষেধ করলে, সে নিষেধ দার্থক হয়। একেতে কিছ নিবেধও নির্থক। কারণ মাণ্যক [বালক] তো শব্দ করতে। স্তরাং দেখা যাতে এছলে ভাত্তকাণের গ্রন্থ অসকত। এই আশহার উভবে বক্তব্য-যে শ্রুতিমধুর মনোরম শ্রুপ করছে, তার সেই কার্য থেকে বিরতির সম্ভাবনা **(मर्थ, विदार्श्यक्: निरुष्टित ख**र्च "मक कर" [मक्द कुक] এक्रभ वना यात्र। **আবার বে ব্যক্তি কঠোর অশ্রাব্য শব্দের উচ্চারণ করে** শ্লোভার বিরক্তি উৎপাদন করছে, ভাকে দেই শব্দের উচ্চারণ থেকে নিবৃত্ত করবার জন্ম "শব্দ করো না" [মা শব্ধ কার্যা:] এরপ বলা যার। এইরপ সুস্কে লক্ষ্য করেই মহাভাৰ্যকাৰ এখানে—"শৰুং কুৰু" এই বিধি এবং "মা শৰুং কাৰ্যীঃ" এই নিবেধের উলেথ করেছেন। হতরাং ভায়কারের কোন অসকতি এখানে হয় नारे । ।

^(%) অশ্বত্ৰ ক্লানিকোটবোৰ্বাৰক্লানিভজাদিলাকেশে ব্যব্দানেছণি ন বোৰ: । তাৰ্যাৰজে ন শক্ষণবালা ইউন্ত ভাষণ্ৰ্যাল — কৈন্ট । •

व्यक्टवर्कि - मरबहारनी जनवद्रवारनी कारवा रहकार्थः । वहांकावाधनीरभारता छ ।

মূল

কানি পুন: শব্দামূশ সন্ত প্রয়োজনানি ?॥ ७॥

অনুবাদ – শব্দামূশাসনের [ব্যাকরণশাত্মের] প্রয়োজন [ফল] কি
কি ? ৬॥

বিবৃত্তি – ভাষ্যকার শব্দায়শাদন অর্থাৎ ব্যাকরণ শাল্পের প্রয়োজন বিষয়ে প্রশ্ন নিজেই উঠিয়েছেন —এর একটা অভিপ্রায় **আছে। অভিপ্রায়[®]হচ্ছে** এই বে-ব্যাকরণের অধ্যয়ন নিত্য কর্ম অথবা কাম্য কর্ম-ইছা পরিষ্ঠার করে বুঝিয়ে দেওবা। বে **কর্মের অন্ত**র্চান না **করলে প্রত্যবার [পাপ] হর** সেই কর্ম নিত্তী কর্ম। যেমন বিজ্ঞাতির [ব্রাহ্মণ, ক্ষরের ও বৈশ্চ] পকে সন্ধাবন্দনা প্রভৃতি। যে কর্মের অস্কান না করলে কোন প্রত্যবায় হয় না অথচ করলে কোন একটি অভীষ্ট ফললাভ হয়, ভাকে কাম্য কর্ম বঙ্গে। ধেমন पर्नरभोर्गमामगान, स्क्रां किरहोस याश हे छानि। **এই अनित्र असूर्धान कर्तान् वर्ग** হয়, বেদে বণিত আছে—''দর্শপূর্ণাসাভ্যাং বর্গকামে বলেড' [শতপর ব্রাহ্মণ ১।৬।৪।১৭] ইত্যাদি। ব্যাকরণের অধ্যয়ন সন্ধাবন্দনার মত অবস্ত কর্তব্য নিত্য কর্ম অথবা কোন কাম্য ফলের উদ্দেশ্তে ব্যাকরণের অধ্যয়ন কর্তব্য ? ইহাই পতঞ্জনির প্রশ্নের অভিপ্রায়। এর উত্তরে বা বলা হয়েছে— তাব তাংপর্য এই বে—ব্রা**ন্ধণের পক্ষে বড়ন্সনহিত বেদ অবস্থ অধ্যয়নী**য়। এগানে ব্রাহ্মণ * দ ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য ভিনের উপ**লক্ষণ। ব্যাকরণ বেদের** অঙ্গ বলে তার অধ্যয়নও অবশ্য কর্তব্য। ক্রতবাং ব্যাকরণের অধ্যয়ন নিজ্য আবার বেদরকা **প্রভৃ**তি ফলের কথা পরেই বলছেন। স্বভরাং वाक्रवनाथायन कामाक्रय वर्षे ॥ ७॥

মূ**ল**

রকোহাগমলদ্দনেলহা: প্রয়েজনম্। রক্ষার্থং বেদানামধ্যেরং ব্যাকরণম্। লোপাগমবর্ণ-বিকারজ্ঞো: ছি সমাগ্রেদান্ পরিপালরিয়াভীতি।।৭।।

অনুবান্ধ—[বেদের]রকা, উহ, আগম, লঘু [লাখব] ও অসন্দেহ [সন্দেহাভাব] এইওপি ব্যাকরণের অধ্যয়নের প্রয়োজন। বেজের রকার জন্ত ব্যাকরণের অধ্যয়ন কর্তব্য। লোগ, আগম এবং বর্ণবিকারে অভিজ্ঞ ব্যক্তি বেদের সম্যক পরিপালন [রক্ষা] করবেন—এই জ্বন্ন [ব্যাকরণাধাষন কর্তব্য]।। ৭।।

শকার্থবর্ধন: বক্ষা = বেদের রক্ষা। উহ: = সঙ্গতার্থকপদের কল্পনা।
আগম: = শ্রুতি। লঘু = লাঘ্য — সহজ উপায়। অসন্দেহঃ = সন্দেহের
নির্ভিন প্রয়োজনম্ = ফল, [ব্যাকরণঅধ্যানের ফল] হি = ব্যহেতু ।
লোপ: = জ্ঞাত বর্ণের অদর্শন। আগম: = অতিরিক্ত বর্ণের উপস্থিতি।
বর্ণবিকার: = একর্ণের অন্তথাভাব।।।।

বিবৃত্তি—ভাষ্যের আরভেই ''অং শকাফুশাসন্'' এই কথা বলে সাধু [শুদ্ধ-সংস্কৃত] শব্দের জ্ঞান ব্যাকরণের অর্থাৎ ব্যাকরণাধ্যয়নের প্রযোজন [সাকাং]—ইহা স্চিত হয়েছে। এখন এই সাধু শব্দের জ্ঞানের প্রয়োজন [প্রয়োজনের প্রয়োজন] বেদরকা প্রভৃতি—ইহাই দলা হচ্ছে। আমর। যে সংস্কৃত ভাষা সাধারণভাবে ব্যবহার করি, কাব্য, নাটক, পুরাণ প্রভৃতি যে সংস্কৃত ভাষায় লিখিত তাকে লৌকিক সংস্কৃত বলে। বেদের সংস্কৃতকে বৈদিক সংস্কৃত বলা হয়। যে সকল কাৰ্য লোকিক সংস্কৃতে দেখা যায় না। সেইরপ অনেক কার্ধ বৈদিক সংস্কৃতে দেখা যায়। গারা ব্যাকরণ অধ্যহন করেন, তারা লোকিক ও বৈদিক সংস্কৃতে যে সকলন্তলে ভিন্ন ভিন্ন আকার হয় তাহা অনায়াদে বুঝতে পারেন। কিন্তু যারা ব্যাকবণ অধ্যয়ন করে নাই, তারা ভাষার ব্যবহার থেকেই ভাষা শিক্ষা করে—ইহাই তাহাদের পকে সম্ভব ৷ এইরপ কেত্রে এই দকল ব্যক্তি লে)কিক সংস্কৃতে ব্যবহার ক্ষেত্রে যে লকল পর্দের প্রয়োগ দেখে, সেই সকল পদকেই শুদ্ধ বলে নিশ্চয করে। লৌকিক সংস্কৃত ভাষার যে সকল শব্দের প্রযোগ হয় না, অথচ বেদে তাহাদের বছল প্রয়োগ হৃত্ব, এরূপ বছপদ আছে। যারা ব্যাকবণ অধ্যয়ন করে নাই, সেই সকল ব্যক্তি, সেই বৈদিক শব্দকে অশুদ্ধ বলে মনে করে, শুদ্ধ করতে প্রবৃদ্ধ হবে। বৈদিক মন্ত্র প্রভৃতিতে দেই সেই বৈদিক শব্দের স্থলে, উহাদের সমানার্থক ও অনেকাংশে সমানাকার লৌকিক সংস্কৃত শব্দের সহিবেশ করতে পশ্চাৎপদ হবে না। তাতে বেদ বাক্যের আহুপূর্বীর [ক্রমবন্ধ সন্নিবেশের] পরিবর্তন হওয়ায় সেই বাক্যের বেদত্বই থাকবে না। বৈদিক গ্রন্থে নে শব্দ যে আকারে ও যে ক্রমে পঠিত হয়ে আসছে—ঠিক সেই ষ্মাকারে ও সেই ক্রমে পঠিত হলেই দেটি বেদহবে। যদি কোন প্রকারে বৈদিক

বাক্যের অন্তর্গত প্রত্যেকটি পদের মধ্যে কোন একটি পদ বা পদাংশের উদান্তাদি স্বর এবং অকারাদি বর্গের ব্যাত্যয় অথাৎ অন্তর্গে পরিবর্তন করা হয়, কিষা গুরু পরম্পরাক্রমে যে ক্রমে বেদবাক্য পঠিত হয়ে আসছে, সেই ক্রমের স্ক্রে ব্যতিক্রমণ্ড করা হয়, তাহলে সেন্তলে সেই বাক্য বেদ বাক্যরূপে পরিগণিত হবার যোগ্যতা থেকে বঞ্চিত হবে। পূর্বেও একথা বলা হয়েছে। এখন দেখা বাচ্ছে যে, কোন অনৈয়াকবণ নিক্রের ব্যাক্রণ জ্ঞানের অভাব বশতঃ বেদ বাক্যের অন্তর্গত কোন শক্রে কোন প্রবিশ্বন পরিবর্তন করলেই সেই বাক্যের বেদম্ব নই হবে। এই কারণে বেদের যথায়থ রক্ষার জন্য ব্যাক্রণ শাস্ত্রের অধ্যয়ন অবশ্য কর্ত্বা। এই বিষয়টি স্পষ্ট করার জন্য করেকটি উদাহরণ দেওয়া বাচ্ছে।

লৌকিক সংস্থাতে তৃহ্ ধাতৃর লাঙের [মনদাতন অতীতের] আত্মনে পদের প্রথম পুরুষের বছবচনে "অতৃহত" এইরূপ পদ হয়। কিন্তু বৈদে "অতৃহ" এই প্রকার কপেরও প্রয়োগ হয়। দেবশন্দের প্রথমার বছবচনে লৌকিক সংস্থাতে ''দেবাং'' এই প্রকার রূপ হয়, কিন্তু বেদে ''দেবাং'' এই প্রকার প্রয়োগও হয়ে থাকে। আত্মন্ শন্দেব তৃতীয়ার একবচনে লৌকিক সংস্থাতে "আত্মনা" এইরূপ প্রয়োগও দেখা যায়। লৌকিক সংস্থাতে গ্রহু ধাতৃর লাটের [বর্তমানার] উত্তম পুরুষের একবচনে "গৃহামি" এইরূপ প্রয়োগ হয়; বেদে এরূপস্থলে "গৃহ্ণামি" এইরূপ প্রয়োগ হয়; কৌকিক সংস্থাতে জ্রুপস্থলে "জভার" এইরূপ প্রয়োগ হয়; লৌকিক সংস্থাতে জ্রুপস্থলে "জভার" প্রয়োগ হয়।

এখন অনায়াসেই ইছা বৃঝতে পারা যাছে যে যাদের ব্যাকরণশামে জান নাই, তাদের হাঙে পডলে বেদের কিরপ ফুর্ন শা হতে পারে। পূর্বে কিন্তুলগুলিতে এবং এরপ আরও মনেকস্থলে ভারা বৈদিক প্রয়োগগুলিকে অন্তর্মনে করে, তাদের সংশোধনের চেষ্টা যদি করে তা হলে আর বেদের বেদম্ম থাকবে না। অতএব বেদের যথার্থ স্বর্বপ রক্ষার জন্ম ব্যাকরণের অধ্যয়ন যে অবশ্ কর্তব্য তাতে কোন সন্দেহ নাই। এখানে দ্রষ্টব্য এই যে বেদরক্ষার পাণিনি ব্যাকরণই অধ্যতব্য। বর্তমানে প্রচলিত অন্যান্ম র্যাকরণের মারা বেদরক্ষা হবে না। অতএব সেইসব ব্যাকরণ অবৈদিক ॥।॥

মূল

উঃ ধ্ব পি। ন সবৈদিকৈন' চ স্বাভিবিভাজি ডিঃ
বেদে মন্ত্রা নিগদিতাজে চাবপ্রং পুরুষেশ বজ্ঞ
গতেন ঘণাবধং বিপরিণময়িতব্যাঃ। তারাবৈরাকরণঃ শক্রোতি বধাবধং বিপরিণময়িত্ম।
ভশ্যাদধ্যেরং ব্যাকরণম্।৮॥

আৰুবাদ—উহ [বলা হচ্ছে] বেদে সমস্ত লিক এবং সমস্ত বিশুক্তির ছার!
মত্র পঠিত হয় নাই। বজ্ঞান্দ্র্গানে ব্যাপৃত মাকুবকে সেই সকল মন্ত্রের বথাবথ
বিপরিণাম [পরিবর্তন] করতে হবে। যে বৈয়াকরণ নয়, সে ব্যক্তি ঠিক্ঠিক্
ভাবে দেই সকল মন্ত্রের বিপরিণাম করতে সমর্থ হয় না। সেই হেতু
ব্যাকরণের অধ্যরন কর্তব্য ॥ ৮॥

বিশ্বতি নেবের বিহিত যজ্ঞকর্ম চই প্রকার, প্রকৃতি বাগ ও বিশ্বৃতি বাগ। প্রত্যেক যজ্ঞজ্ঞিরার অফুটানোপবোগী পদার্থগুলি চুই শ্রেণীতে বিজক্ত অন্ন ও প্রধান। বাহা অর্গাদি ফলের উৎপত্তির হেতু অর্থাৎ করণরপে বেদে বিহিত হয়েছে জাকে 'প্রধান' বলা হয়। অর্গাদি ফলের উৎপাদনে ব্যাপৃত প্রধানের সহায়ক রূপে থেজালি বেদে 'বর্ণিত হয়েছে, সেগুলিকে অন্ন বলে। এই অন্ধ্যুলির প্রতি লক্ষ্ম করে ক্রেক্সিয়ার প্রকৃতিবিশ্বৃতিভাব ব্যতে হবে। যজ্ঞক্রিয়ার বিভিন্নতার হেতু হচ্ছে ভার অন্তর্গত প্রধান কর্মের বিভিন্নতা। অন্ধ্রুলির সম্পূর্ণ ঐক্য থাকলেও যদি প্রধান কর্মের ভেদ হয়, তা হলে যজ্ঞকর্মের ভেদ হয়ে থাকে। কেদে কতকগুলি কর্ম এরপজাবে বর্ণিত হয়েছে বে, সেই সকল কর্মের সন্দে তাদের উপযোগী অন্ধ্যুলিও সাক্ষান্তাবে উপদিই হয়েছে। এই সকল কর্মকে প্রকৃতি [যাগ] বলে। বৈদিক যজ্ঞগুলির অন্তপ্রকার অবান্তর ভেদ আছে।' এই যজ্ঞগুলির মধে। কতকগুলিকে হোম বলে। জুহোত্যাদি ক্রেণ পঠিত হথাজুর উচ্চারণের হারা বে সকল কর্মের বিধান করা হয়েছে সেওলি ক্ষেম । ' ক্রাত্যায়ন শ্রোতস্ত্রে হোমের লক্ষণ বঁগা হয়েছে (৩৭)।

⁽৩৭) "উপৰিষ্টাৰা বাহাকারপ্রধানা কুহোক্তর:। [কান্ত্যারনজৌ: সু: ১١২৮]

যে সকল যজ্ঞক্রিয়ার উপবিষ্ট অবস্থায় আছতি দেওয়া হয় এবং যাতে "বাহা" শব্দের উচ্চারণ করে দেবতার উদ্দেশে প্রব্যের ভাগে করতে হয় তাদের নাম ছোম। বেদে অনেক প্রকার হোম বিহিত হরেছে। যে যজ্জিয়ার দণ্ডারমান অবস্থায় অগ্নিতে মন্ত্রপুত আহতি প্রক্ষেপ করা হয়, যাতে "বৌষট্" শব্দের উচ্চারণপূর্বক দেবভার উদ্দেশে দ্রব্যের ত্যাগ করা হয় এবং যাতে বেদোক্ত "বাজ্যা" ও "পুরোছবাক্যা" ৬৮) নামক মন্ত্রের উচ্চারণ বিহিত হঁরেছে সেই স্কল ক্রিয়ার নাম ধাগ। এই বাগের লক্ষণও কাঙাায়ন খ্রোত ক্ষে উক্ত হয়েছে: ুবে দক্ত যাগ বা হোমে কোন অব্বের উপদেশ করা হয় নাই, অথবা আবশ্যক মন্ত্রির মধ্যে কয়েকটি মাত্র অন্ন উপদিষ্ট হয়েছে, অন্ত অস্থলি অপর যাগ বা ছোন থেকে গৃহীত হয়ে থাকে এইরূপ যাগ বা হোমকে বিকৃতি বলা হয়। মীমাংসকগণ বলেছেন "প্র**কৃতিবদ্বিকৃতি: ক**র্তব্যা" প্র**কৃতির** লায় বিহ্নতি করবে। ধার বারা অকের ধর্ম অপরে বোধিত হয়, ভার নাম অভিদেশ। স্তরাং "প্রকৃতিবদ্ বিক্রতিঃ কর্ত্ব্যা" এটাও একটা অভিদেশ। भौभारतानर्नट्रनत मश्चमावादव त्राभाग अख्टिम् ७ अहेम अवतादव विस्थ अख्नि দেশের বিচার করা হয়েছে। নবম অধ্যামে উহের বিচার করা হয়েছে। এখানে পভঞ্জলি বলছেন - উহের নিমিত্ত ব্যাকরণ অধ্যয়ন করা আবশ্যক। উহ বিতকে—ধাতু + দঞ্প্রভায় করে উহ শব্দটি সিদ্ধ হয়েছে। তার অর্থ হলো কল্পনা। প্রহৃতির মত বিকৃতির অনুষ্ঠান করবে, এরপ অভিদেশের ৰারা প্রকৃতিব সকল প্রকার সঙ্গই বিকৃতিতে অতিন্তি [বোধিত] হয়। মন্ত্র অতিদিট 🕶 । প্রকৃতিযাগের যে মন্ত্র অতিদেশবশত বিকৃতিতে প্রাপ্ত হয়,

⁽৩৮) 'ৰাজা' "ৰে ষ্ডালটে" এই বাকা উচ্চারণ পূর্বক বৈদিক বজজিরায় হোতা বে মন্ত্র গাঠকৰে থাকিন, যে মন্ত্রের স্বান্তিতে 'বৌষট', শব্দ উচ্চারিত হয়, দেবতার উদ্দেশ্যে ছবিঃ পরি-ড্যাগ্যের স্ময় এইরূপ বে দল্প পঠিত হয় তার নাম বীজা।। [ভৌতপ্রার্থনির্বচন ইপ্তিপ্রক্রন ২০০ কান্তান্ত্রন্ত্রে ক্রেডার.—১৮৪]

প্রেম্বাক্যা'—বেষতার আবাহনেব উদ্দেশ্যে জ্ঞানুর ছারা প্রেরিত হয়ে হোতা একজডি-স্বর্যোগে ইটিনামক বজ্ঞে যে এক্মন্ত পাঠ করেন এবং গ্রুমান্যাগে জ্ঞানু প্রিরিড হৈত্রাবকণ নামক স্থিক, বেষতার আবাহনের স্বস্থ বে কক্ পাঠ করেন তার নাম "পুরোহমুবাক্যা" বা "জ্পুবাক্যা" [মৌডপদার্থনির্বন—ইটিপ্রাক্তরণ এবং উক্ত কর্মভাষা]।

ৰাজ্ঞিকপুণ সাধান্ত্ৰৰ "বেষট^{্ৰ} শক্ষকে "বেষট্কার" শান্তর দারা উল্লেখ করেন। পিজ্ঞেষ্টিও "ব্যানসং" এই মন্ত্ৰকে ব্যট্কার বলা হয়। [ব্রেট্ডশ্লার্থনির্বচন ইষ্টিপ্রকরণ ২০১, ২০১]

বিকৃতির দেবতা স্বভাবতঃ ভিন্ন হয়। প্রকৃতিতে দেবতার প্রকাশের নিমিন্ত যে মন্ত্র প্রকৃতিতে দেবতার প্রকাশের নিমিন্ত যে মন্ত্র প্রকৃতিতে সেই মন্ত্র অবিকল প্রযুক্ত হয়, বিকৃতিতে সেই মন্ত্র অবিকল প্রযুক্ত হতে পারে না। বিকৃতির দেবতার প্রকাশের জান্ত বিকৃতিতে প্রয়োগকালে সেই মন্ত্রের দেবতাবাচক পদের পরিবর্তন করা আবশ্যক হয়। তা না হলে, সেই মন্ত্রের হারা বিকৃতির দেবতার প্রকাশ বা জ্ঞান হতে পারে না। দর্শও পৌণমাস যাগের একটি দেবতা হচ্ছে অগ্নি। এই অগ্নির উদ্দেশ্যে যে যাগ করা হয় তাকে আগ্নেয় যাগ বলে। এই আগ্রেয়যাগের বিকৃতি হচ্ছে সৌর্য্যাগ। শ্রুতিতে আছে 'সৌর্য্য চক্রং নির্বাপদ্ বহ্মবর্চসকামঃ" অর্থাৎ যে বহ্মতেজ কামনা করে সে স্থাদেবতার উদ্দেশে চক্র নির্বাপ করবে। এখানে নির্বাপশক্ষের মুখ্য অর্থের সঙ্গতি নাই বলে লক্ষণান্থীকার করে যাগ অর্থ গ্রহণ করতে হবে। ৩৯)।

যাগে**র মঙ্গ হচ্ছে নির্বাপ। প্রকৃতি** কার্গে [^{*}আর্থেরবাগে] মন্ত্র পঠিত আছে "অগ্নয়ে আ জুটং নির্বপামি।" [রাস্কল সংক্তির ১১১৩]

"অগ্নিদেবতা তোমাকে সেবিত পদাথ প্রদান করি।" প্রকৃতি যাগে অগ্নিদেবতা বদে মন্ত্রে অগ্নিবোধক 'অগ্নয়ে' পদ আছে। বিকৃতি যাগে স্থ্ দেবতা হওবায়, অগ্নিপদের স্থানে স্থ্পদের প্রক্ষেপ করতে হবে এবং প্রকৃতি যাগে দেবতা বোধক পদেব উত্তর যে বিভক্তি আছে, স্থ্পদের উত্তরও সেই বিভক্তির প্রযোগ করতে হবে অর্থাৎ "অগ্নয়ে" পদের স্থানে "স্থায়" এই পদের প্রয়োগ করতে হবে। একেই মন্ত্রের উহ বলে। ব্যাকরণ অধ্যয়ন না করলে এরপ "উহ" করতে পারা যায় না। এইজন্ম ব্যাকরণ অধ্যয়ন আবশ্রক। যদিও উহ করলে বিদের বেদত্ব থাকে না বলে মন্ত্রের মন্ত্রত্ব থাকে না, তথাপি মন্ত্রে অনেক পদ থাকায়, তার মধ্যে একটা পদের পরিবর্তন করলেও 'সেই মন্ত্র' বলে প্রতাভিক্তা হয়। স্ক্রেরাং সেই উহ অর্থাৎ পরিব্রতিত পদঘ্টিত বাক্যকে মন্ত্র বলে ব্যবহার করা হয় এবং তার দ্বারা

⁽৩১) শকটাবস্থাপিতরা ইনজারিদ্র। মৃষ্ট্রভুষ্টপ্রমিত'নাং রাহীণাং শূর্পে প্রকেপো নিবাল পভংপ্রকো বাংলাহত্র নির্বাপেশোপলকাতে (ঐতরেয়রান্ধন সাধনভাষা ১০১৮)।

শকটে অব্যন্তি ত্রীহিসমূহ [ধান] হতে নিদাশন পূর্বক চারমুঠো ুরীহিত্ব শূর্গে [বুলাডে] প্রক্রেমের নাম নির্বাণ । এসেই নির্বাণ পূর্বক হে ফাগ তাকে এখানে নির্বাণ শব্দের স্থারা অভিনিত্ত করা হয়েছে।

ষাগের অব সম্পাদিত হয়। উহ তিন প্রকার—যজ্জের অব্দ্ধপ সংস্থার নামক উহ (১) সামমন্ত্রোহ (২)। মন্ত্রের উহ (৩)। এই তিন প্রকার উহ্তের মধ্যে এখানে শেষোক্ত "মন্ত্রোহের" কথাই বলা হয়েছে। এই মন্ত্রের উচ্চেই ব্যাকরণজ্ঞানের প্রয়োজন। পূর্বোক্ত ফুটি উহ্নে ব্যাকরণের অপেক্ষা নাই। মীমাংসা দর্শনের নবম অধ্যায়ে উহ বিষয়ে বিশাদ বিচার আছে॥৮॥

মূল

আগম: বলপি। ''বাক্ষণেন নিজ রণো ধর্ম: ষড়কো বেলোহংধ্যায়ো জেল্পেটে'ভি। প্রধানং চ ষট্বকেষু ব্যাকরণম্। প্রধানে চ কুভো ষত্ম: ফলবান ভবভি॥ ৯॥

আকুবাদ— আগমও [শ্রুতি বা শ্রুতি] (বাাকরণ অধায়নের একটি প্রয়োজন)। ব্রাহ্মণের পকে ছঁয অন্ধেব ৪০) সহিত বেদের মধ্যুমন ও অর্থজ্ঞান কর্তব্য—ইহা নিষ্কারণ ধর্ম। .ছয় অক্সের মধ্যে ব্যাকরণ প্রধান। প্রধানে যত্ন করলে, সেই যত্র, সফল হয়ে থাকে। [এইজ্লা ব্যাকরণ অধ্যয়ন করা উচিত]।। ১।।

সংক্রিপ্ত পরিচয়: - "ব্রান্ধণেন নিদারণো ধর্মঃ বড্সাং বেদোইধ্যেয়ে। জেরক্তেতি।" এটি একটি শালুবাক্য। পদমঞ্জরীকার হরপত্তপ্রভূতি বৈধাক্ষণগণ বলেন এই বাক্যটি শ্রুতি বাক্য। ক্মাবিলভট্ট প্রভৃতি মীমাংস্ক্রগণ বলেন—ইহা শ্রুতি নয় কিন্তু ইহা শ্রুতিবাক্য ৪১।

এই উদ্ধৃত আগমবাক্যে যে বেদ শক আছে, তার মুর্থ সমগ্র বেদ নয়, কিন্তু নিজ নিজ শাধামাত্র —ইহা মহাভাগ প্রদীপোদ্যোত গ্রন্থে বলা হয়েছে। নাগেশ ভট্ট "আধ্যাগ্যেহিগ্যেতব্যঃ [তৈভিরীয় আরণাক ২০১৫০১] এই শ্রুতিবাক্যের সঙ্গে মহাভাগ প্রদূশিত উক্ত আগম বাকোর একবাক্যতার প্রতি লক্ষ্য

⁽৪॰) শিক্ষা, কল্প, বাক্ষবণ, নিক্তু, জ্যোতিষ ও ছন্দঃশাস্ত্র এই ছক্ষ্ট বেদেব অস। [এই বইন ও পুঠার বলা হরেছে]

⁽৪১) শ্রতিরেবেতি হরণভালর:। স্তরিতি চুকটাচার্যাঃ। তত্র বলি স্থিরেবেতি প্রানাগি-কম্ তর্হি ''আগমঃ থবণীতি'' ভাষেহিনি আগসমস্লক হালাগমঃ স্তিরেবেতি বাংখারম্।। ুল জ-কৌস্তুক ১৷১৷১] আঞ্জনগদেন শ্রতিঃ। [বহাভাষাপ্রদীপোদ্দেশত ১১ৄ৷১]

ইরং চ শ্রুতিঃ, আগমপদক্ত বেদে রচজাদিতি শাক্তিকাঃ। স্থৃতিরিতি শীমা সুকাঃ। [বিখে-শার পণ্ডিকুত ব্যাকরণসিদ্ধান্ত ক্থানিধি ২০১০]

করে এইরূপ ব্যাথ । করেছেন—"বাধ্যায়োহধ্যেতব্যঃ" এই বাক্যের বাধ্যার শব্দের বারা সমগ্র বেদ গৃহীত হর নাই, কিন্তু এ হলে বাধ্যার শব্দের বারা নিজ নিজ শাধারূপ বেদই ব্যুতে হবে—ইহা মীমাংসকগণের সিন্ধার্ত ৪২)।।১॥

বিরুত্তি—ভাগম অর্থাং শার ব্যাকরণ অধ্যয়নের একটি প্রয়োজন ইহা বল। হয়েছে। এখানে প্রয়োজন শব্দটি করণবাচ্যে ল্যুট্ [অন] প্রত্যারের দারা নিষ্পন্ন হয় নাই কিছ "কুতাল্যটো বছসম্" [এ০১৩] এই স্তে কর্ত্বাচ্যে ল্যুটপ্রত্যারের দারা দির হয়েছে। অতএব এথানকার এই প্রয়োজন শক্রে অর্থ প্রয়োজক। "ব্রাক্ষণেন নিকারণঃ" ইত্যাদি শাল্প ব্যাকরণ অধ্যয়নের প্রয়োজক অর্থাং হেতু। পূর্বে ভালের বে সংক্ষিপ্ত উক্তি প্রদাণিত হরেছে অर्थार ''त्रक्षाङ्ग्यमण्यूमत्मकाः" এই ভাষ্যের সম্বন্ধে আলোচনা কর। বাছে। 'রকোহাগমলঘুসন্দেহাঃ" এগানে পুংলিগের বছবচন আছে, আর 'প্রয়োজনম্" अथारन क्रीवलिएक अक्वरून चार्छ। अरेखास्य लिय ७ वहरनद देवमानुरश्चत কারণের অনুস্কান করলে দেখা যায়, রকা, উহ, লঘু এব অসনেহ –এই চারটি ব্যাকর: অধ্যয়নের প্রয়োজন অর্থাং ফল। কিন্তু আগম **অর্থাং** শাস্ত্র ব্যাকরণ অধাহনের ফল হতে পারে না, কিন্তু ব্যাকরণ অধ্যয়নের প্রবর্তক। ঐব্ধপ শাস্ত্র হুনে লোকের ব্যাকরণ অধ্যয়নে প্রবৃত্তি জন্মে। ফলবাচক প্রয়োজন শব্ধ নিত্য নপুংদকলিশ। কিন্তু প্ৰবৰ্তকবোধক প্ৰয়োজন শব্ধ কহুবিচেন লুটে প্রত্যেয়নিষ্পার; এইজন্ত উহ' নিয়তলিক শব্দ নয়; বিশেষ্যের যেরূপ লিক হবে উহারও সেরপ লিক হতে। এথানে প্রবর্তকবোধক প্রয়োজন শব্দটি ''আগমের" বিশেষণ। 'আগম' শব্দ নিত্য পুংলিক। অতএব ভার বিশেষণ "প্রয়োজন" শন্দটিও পুংলিক হবে। স্বতরাং পূর্বোক্ত রক্ষা, উহ, লঘু ও অনন্দেহের বিশেষণ বে ফলবাচক শব্দ, সেটি নপুংসকলিক; এই চারিটির বিশেষণ চারিটি নপুংসকলিক প্রয়োঞ্জন শাল এবং স্বাগমের বিশেষণ একটি পুংলিক প্রয়োজন শব্দ ; এই পাঁচটি প্রয়োজন শব্দের একশেষ হয়েছে। এঞ্চনে নপুসংকলিৰ প্রয়োজন শব্দেষ্ট একশেষ হবে। এরূপ স্থলে আবার বি**করে**। একবচন হর। ুস্করাং পক্ষান্তরে "প্রয়োজনানি" এরপ প্রয়োগও হতে. পারে।

⁽৪২) "ক্ষম থাধ।লিং শশাধান্তৰ্। গ্ৰহণ গ্ৰন্থান্তৰিয়গুৰুত্বানিবহান্তঃ (জন্দ বেদান্ত্ৰান্ত্ৰিতকৈ কশাধাপনঃ শাধান্তন্দঃ। [ভাট্টিভাগনি ১ম অধিকরণ]

"নপুংসক্মনপুংসকেনৈক্বচ্চান্তান্তত্বতাম্" [১\২।৬৯]। অধাং অনপুংসকলিক শব্দের সহিত প্রয়োধেন নপুংসকলিক শব্দের শেষ (অন্ত শব্দের নিবৃত্তি
পূর্ব ছিতি হয় এবং বিকল্পে উহার একবদ্ভাব অর্থাৎ একবচন হয়। অতএব
"রক্ষোহাপ্মল্মন্নয়েঃ প্রয়োজনম্" এই স্থলে বিশেষ্যপদে পুংলিক বছৰচন
থাক্ষেও "প্রয়োজনম্" এই বিশেষণ পদে নপুংসকলিক একবচন অক্সপন্ম নয়।

বেদের ৬টি অন্ন পূর্বে বলা হয়েছে — শিক্ষা, কয়, ব্যাকরণ, নিরুক্ত, জ্যোতিঃ – শাল্প ও ছন্দঃশাল্প। ইহাণের সংক্ষেপে পরিচয় দেওয়া যাছে —

- (১) বে শান্তের সাহায্যে উদাত্ত, অন্থদাত্ত, অবিত প্রভৃতি অরমুক্ত বেদমান্তের ভন্নভাবে উদ্ধারণপ্রণালী জানতে পারা থার, সেই শান্তের নাম শিক্ষা।
 তৈতিরীয় উপনিষদের আরম্ভে এবং গোপণ ব্রাহ্মণে (৪৩) শিক্ষার স্ট্রনা দেওয়া
 হয়েছে। পাণিনি প্রণী শিক্ষা সাধারণভাবে সকল বেনের উপযোগী হওয়ায়
 ইহাকে সর্ববেদ-সাধারণী শিক্ষা বলা থার। পাণিনি ব্যক্তীত যাজ্ঞবক্তা, নারদ,
 লোমশ প্রভৃতি অনেক ঝবি শিক্ষা শাস্ত্র প্রথমন করেছেন। সেই সকল শিক্ষায়
 ভিন্ন ভিন্ন বেদের বর্ণোচ্চারণের পদ্ধতি বণিত আছে। দেগুলি সব্ববেদ
 সাধারণ শিক্ষা নয়। শৌনক, কাত্যায়ন প্রভৃতি ঝবিগণের রচিত "প্রাতিশাধ্য"
 নামে প্রসিদ্ধ প্রসমূহও শিক্ষার মধ্যে পরিগণিত। এই সকল প্রাতিশাধ্য
 প্রাক্তে বণিত আছে। এই জন্মই এই প্রস্তমমূহকে প্রাতিশাধ্য নামে অভিহিত
 করা হয়।
- (২) আখলায়ন, আপছম, বৌধায়ন, সাংখ্যায়ন, লাট্যায়ন প্রভৃতি ঋষিগণের প্রণীত স্ত্রগ্রন্থকে "কল্ল" বলা হয়। পূর্বমীমাংসার শারর ভাষেন মাশক, হাছিক, কোণ্ডিশুক এই ভিনটি কল্লস্ত্রের নাম দেখা যায়। ইহাদের মধ্যে মাশক কল্লস্ত্র কাশী সংস্কৃত বিশ্ববিদ্যালয়ের পূন্তকালয়ে হন্তলিখিত অবস্থায় আছে—বলে শোনা যায়। শবর স্থামী আখলায়ন প্রোতস্ত্রে প্রভৃতি প্রচলিত কল্লস্ত্রের উল্লেখ করেন নাই। এই সকল কল্লস্ত্রের স্থামীনভাবে কোন প্রকার অম্প্রান পদ্ধতি বলা হয় নাই। বেদের ব্রাশ্বণ ভাগে যজের অম্প্রান পদ্ধতি বিশ্বপ্রভাবে বর্ণিত আছে। আখলায়ন প্রভৃতি ঋষিগণ

⁽au) তৈত্তিরীয় উপনিবং > সাহ। গোপগুরাহ্মণ পূর্বভাগ এরেঃ ১৯ ।

ব্রাহ্মণ ভাগ থেকে সেই সকল শ্রুতিবাক্য আহরণ করে এবং তাদের অভিপ্রায় মীমাংসাদর্শন প্রদর্শিত বিচার পদ্ধতির বায়া স্থির করে ক্লস্থতে যজ্ঞের অন্তর্গান পদ্ধতির উপদেশ করেছেন।

(৩) যে শাল্তে প্রকৃতি প্রতায় বিভাগ ছারা সাধু [শুদ্ধ সংস্কৃত] শব্দের উপদেশ করা হয়, সেই শাল্পের নাম ব্যাকরণ। বৈদিক মুগ থেকেই এই ব্যাকরণ শান্তের আরম্ভ হয়েছিল-এ বিষয়ে প্রমাণ পাওয়া যায় (৪৪)। अधि-যুগের স্ত্রকার বৈয়াকরণগণের মধ্যে পাণিনি সকলের অন্তিম। পাণিনির পূর্বে আপিশলি, গার্গ্য, শাকল্য, দেনক, ফোটায়ন, চাক্রবর্মণ, গালব, ভারদান্ত, শাক্টায়ন [ইনি ঋষি শাক্টায়ন কৈন শাক্টায়ন নয়] প্রভৃতি বৈয়াকরণ ঋষি ছিলেন। বর্তমানে ই^{*}হাদের গ্রন্থ পাওয়া যায় না। পাণিনির অটাধ্যায়ীতে এই স্কল বৈয়াকরণের নাম প্রস্কর্মে উল্লিখিত হয়েছে (80)। शाधिन है हाराय श्रध भवाद्याहन। करत अक्षेष्णायी तहना करत्रहिन। পাণিনির পরে তুর্গদিংহ, চক্রণোমী প্রতৃতি আরও অনেকে ব্যাকরণের স্ত্রপ্রণয়ন করেছিলেন বটে, কিন্তু তাঁদের স্ত্রগ্রন্থ পাণিনির মত আদরলাভ করতে পারে নাই। পুরুষোত্তম দেব (৪৬) জিনেক্রবৃদ্ধি (৪৭) প্রভৃতি বিশিষ্ট বৌদ্ধ বৈয়াকরণগণ পাণিনি স্তত্ত্বের উপাদেয়তা লক্ষ্য করে পাণিনি ব্যাকরণেরই ব্যাখ্যা লিপে গেছেন। শোনা যায় বৌদ্ধবহুল তিব্বত দেশেও তিব্বতীভাষায় পাণিনি ব্যাকরণের ব্যাখ্যা লিখিত হয়েছিল। পাণিনির পরে কাত্যায়ন পাণিনি ব্যাকরণের অসম্পূর্ণতা পরিহাবের উদ্দেশে পাণিনি স্থতের উপর প্রায় ৪০০০ বাতি ক রচনা করেছেন। এই বাতিকের পরেও যে অসম্পূর্ণতা ছিল,

⁽৪৪) তৈত্তিরীয় সংহিত। ১)৫।২ ; এথানে প্রসক্ষম ব্যাকরণগ্রতিশাদিত বিভক্তির উল্লেখ আছে। গোণধন্রান্ধণেও ব্যাকরণের প্রসক্ষ আছে। গোণধন্রান্ধণ পূর্বভাগ ১)২৪,২৬,২৭, এতবাতীত বেদের অস্তান্ত ব্যান্ধণগ্রন্থেও স্থগবিশেব শব্দের বৃৎপত্তি প্রবর্ণন করা হরেছে— দেখাবার।

⁽৪৫) পাণিনির স্ত্রে বৈরাক্ষণণের নামের করেকটির উল্লেখ করা হলো আপিশলি ভাচান্ত। গার্গা গাতান্ত, চাঙাভণ। শাক্লা ১০০৬, চাতাহ্ব, চাতা

^(8%) श्रामित्रदात्रं कार्यादृष्टि शत । (89) कामिकात्र-बार्शाकामकात्र ।

তার নিরাকরণের জন্ম মহাভাষ্যকার পতঞ্চলি স্বতন্ত্র ভাবে কতকগুলি বিধি নিবেধ প্রবৃতিত করে গেছেন। ব্যাখ্যা রচনা ভাষ্যকারের কর্ত্তব্য হলেও পতঞ্জলির দৃষ্টিতে পাণিনীয় ব্যাকরণে যে সকল ক্রটি লক্ষিত হয়েছিল তিনি তার সমাধানে উপেক্ষা করেন নাই (৪৮) ভাষ্য কারের প্রবৃতি তি এই সকল বিধি ও নিষেধের নাম "ইষ্টি"।

(৪) নিক্ষক নিক্ষক্তকে খতন্ত বেদাৰ্শ্বপে বর্ণনা করলেও, নিক্ষক্তশান্তে ব্যাকরণের অপেক্ষা অতিশয় থাকায় নিক্ষক্তকৈ ব্যাকরণের পরিশিষ্ট বললে কোন দোষ হয় না। পদের সাধনের জন্ম ব্যাকরণ শান্তে স্ত্রেরচনা করা হয়েছে। ব্যাকরণের স্ত্রে যে সকল পদের স্থাকরণ শান্তে স্ত্রেরচনা করা হয় নাই, অথচ পদসাধনের স্থচনা করা আছে, নিক্ষক্তে অনেকক্ষেত্রে সেই সকল শক্ষের সাধন প্রণালী নেথানো হয়েছে (৪৯) এই জন্ম নিক্ষক্তকার যান্ধ বলৈছেন এই নিক্ষক্তশান্ত ব্যাকরণের অসম্পূর্ণতা পরিহার করে তার পূর্ণতা সম্পাদন করেছে (৫০)। যার ব্যাকরণজ্ঞান, নাই, তার নিক্ষক্তে ব্যথপত্তি হবার কোন সন্থাবনা নাই। এই কারণে যান্ধ অবৈয়াকরণকে নিক্ষক্তের উপদেশের অযোগ্য বলেছেন (৫১)।

যদিও ব্যাকরণের প্রতিপাদ্য বিষয়ের সঙ্গে নিরুক্তের প্রতিপাদ্য বিষয়ের ঘনিষ্ঠ সম্বন্ধ আছে, তথাপি ব্যাকবণশাস্ত্রের সহিত নিরুক্তের কোন অংশে বৈলক্ষণ্য নাই, একথা বলা যায় না। এই বৈলক্ষণ্য লক্ষ্য করে যাস্ক বলেছেন নিক্তু শাস্ত্রেব স্বতন্ত্রমণেও প্রযোজন আছে। সেই প্রয়োজনটি যাস্ক স্পষ্টভাবে

ষদ্বিশ্বতষদৃষ্টং ৰা হত্ৰকাণ্ডেণ তংক্ষ_ৰটম্। বাক্য**কাৰো** ব্ৰবী:ত্যবং তেনাদৃষ্টং চ ভাষাকুৎ ॥

পুত্ৰকার ষা বিশ্বত হয়েছেন বা লক্ষা করেন নি, বাতিককার [পদমঞ্জরী ১৷১] তা বলেছেন, বাতিককার ষা লক্ষ্য করেন নি ভাষাকার তা বলেছেন।

⁽৪৮) পদমঞ্জরীকার হরদত্তমিশ্র বলেছেন

⁽৪৯) নিজ্ঞ: তু বাকেরণলৈয়ব পরিশিউপ্রাংম্। বাহলকাদিসাধ্যানাং লোপাগ্মবিকারাদীনাং প্রায়শভ্রে সংগ্রহার। [শক্তবিভ্রাভ্যাস্য]

⁽৫০) তদিদং বিভাস্থানং ব্যাকরণ্য কাংগ্রাম্ ৷ [নিজ্ঞ ১০০এ১] পদম**ন্ত্রা**কার হরদ্ত্তমিশ্র বান্দের এই উক্তির সমর্থন করেছেন —নিজ্ঞাং ব্যাকরণ্ডেব কাংগ্রাম**় পদ্মশ্র**ী ১৮১

^{(45) &}quot;नारेवशक्तर्यात्र" [निकक राण)

যন্তাবদৰৈয়াকরণঃ তলৈ ন নিৰ্বিত্ৰেগাংসং সমায় য়ঃ, ন স্থাবলুকণজন্বাদ্ ব্যুৎপান্ত নান্যতেন্ বুধ্যেত, ততো বাৰ্থ এব শ্ৰমং সাদিতি । তুৰ্গাচাৰ্যনীকা ।

- বলেন নাই। নিজকের টীকাকার ত্র্গাচার্য স্পইভাবে বলেছেন—নিজকে শাল্রে পদন্দ্র অর্থ স্পষ্ট ভাবে বলা হয়েছে। ব্যাকরণে কেবল স্ত্রে আছে, সেই স্থানের ইন্সিড থেকে পদের অর্থ জ্ঞাপিড হলেও প্রত্যেক পদকে স্বতন্ত্রভাবে গ্রহণ করে স্থানিউভাবে ভার অর্থ প্রদর্শন করা হয় নাই। ব্যকরণশাল্প স্ত্রে প্রধান। কিন্তু নিজকশাল্প সেরপ নয়। এইটুক্ই ব্যাকরণ থেকে নিজকের বিশেষদে। এই বিশেষদের জন্মই নিজক শাল্পকে একটি স্বতন্ত্র শাল্পরণে গণনা করা হয়। পাশিনির পূর্বে আপিশলি প্রভৃতি বৈয়াকরণ ছিলেন এবং তানের ক্রম্ম অবলয়ন করে পাশিনি অষ্টাধ্যায়ী রচনা করেছেন। এইরূপ যাল্পের পূর্বেভ শাক্ষপুনি, উর্গনান্ড, ক্রোইন্কি, প্রচর্মশিরা প্রভৃতি নিজককার ছিলেন। যাক্ষ তাদের অন্তর্মাকরণ করে নিজের প্রস্থারনা করেছেন। সেই সকল অবির গ্রন্থ এখন পাওয়া যায় না। বাল্পের নিজকের অনেক স্থলে এন্দের মত উদ্ধৃত
- (৫) ভোতিষ [ভোতিষ]। বেদের অধ্যয়ন কাল এবং বেদবিছিত ক্রিয়ার অমুষ্ঠানের কালের নির্ণয়ের জন্ত জ্যোতিঃশাল্পের প্রয়োজন আছে। এই জ্যোতিঃশাল্পও প্রথমে ক্ষরিরা রচনা করেছিলেন। পরবৃতিকালে এর অনেক বিভার সাধিত হয়েছে ঋগ্রেদ, অর্থবিদে এবং যজুর্বেদের অঙ্গ জ্যোতিষের কথা এখন প্রবৃত্ত জ্ঞানা প্রেছে।
- (৬) ছল: —বেদে তিনপ্রকার মন্থ অছে খক্, বজুং এবং সাম। বে সকল মন্ত্র ছলোবদ্ধ তাদেব নাম ঋক্। যে সকল মন্ত্রের ছলঃ নাই গতকপ্রের পঠিত, তাদের নাম গজুং। যে সকল মন্ত্র ঋক্ ও যজুং হতে ভিন্নজাতীয়, গানরপে উচ্চারিত হয়, তাদের নাম সাম। এই সামমন্ত্রিল অক্মন্তেরই গানরপে পরিবর্তিত অবস্থা ব্যতীক্ত জনত কিছু নয়। ঋগ্ মন্ত্রের ছলোজানের জন্ত ছলং শান্তের প্রয়োজন আছে। অধুনা অন্ত ঋষি প্রণীত ছলং শান্ত দেখা যার না। কেবল পিল্লের ছলং শান্ত এখন প্রচলিত।

এই ছয় আন্তের মধ্যে ব্যাকরণই বেদের প্রধান অন্ত। পাণিনীয় শিক্ষায়

⁽৫২) নিজ্জানীকপূণি থাসসং,চাস-।থা উপনাত বাংডাস,সংসাম। জৌটুকি চাংসা প্রচর্মনিরা থাসনাম। কর্মানীত আর্মন, উত্তরায়ণ, কৌংস, কাবকা প্রভৃতি পূর্বতী হঠ নৈজক আচাংকা উল্লেখ বাবের নিজকে পথা বার। ইয়াবের সংখ্যাকপূর্ণির নাম অধিকস্থান উলিখিত।

चाहि-

(৫৩) ছনা: পাদে তু বেদস্য হছে কলোহথ পঠাতে।
ক্যোতিযাময়নং চন্থনিকজং শ্রোত্তম্চাতে।।
শিক্ষা জাণং তু বেদস্য মুখং ব্যাক্রণং শ্বতম্না। [পাঃশি ৪০—৪২]

'ছন্দঃশাস্ত্র বেদের পদ্ধয়, কল্প অর্থাৎ শ্রেডি ক্রুত্র বেদের হস্তব্যু, ক্যোতি:শাস্ত্র বেদের চকুং, নিক্লক বেদের শ্রোত্ত, শিকা বেদের **প্রাণে**জিয়, ব্যাকরণ বেদের মুখবরপ। মাছবের সমস্ত অবের মধ্যে মুখ প্রধান অব, সকল অন্ন থেকে মুধ না থাকলে আহার কার্য অনিপান্ন হতে।; আহার কার্য অনিষ্পন্ন হলে শরীর রক্ষা সম্ভব হতো না এবং শরীরে বলও থাকতো না। বল না থাকলে হম্বপদাদি কর্মেক্সিয় এবং চক্ষুংশ্রোত্ত প্রভৃতি জ্ঞানেক্সিয় কর্মক্ষম হতো না। তাদের সন্তা নিরর্থক হোত। এইরূপ ব্যাকরণ শান্ধ না থাকলে বেদের কোনরূপ অর্থজ্ঞান সম্ভব হোত না। অর্থজ্ঞান না হলে বেদের বারা যজাদির অমুষ্ঠান সিদ্ধ হোত না। তাতে বেদ বার্থ হয়ে বেত। বাকরণ শান্ত্রের মারা আমরা বেদের অর্থজ্ঞান করতে পারি ও সেই অর্থজ্ঞান থেকে যজ্ঞাদি কর্মে যথায়থ ভাবে বেদের উপযোগিতা লাভ করতে সমর্থ ছই। অতএব ব্যাকরণই বেদের প্রধান অন্ধ। বেদান্তের মধ্যে ব্যাকরণ প্রধান হওয়ায় "ব্রাহ্মণেন নিভারণোধর্ম:" ইত্যাদি আগম [শাস্তা] অসুসারে ব্যাকরণের অধ্যয়ন কর্তব্য। কারণ প্রধান বিষেয় যে যত্ন সম্পাদিত হয়, সেই যত্নই ফলের জনক হয়ে থাকে। এখানে "ফলবান" এই শশ্বের অন্বর্গত "ফল" শব্দটির অর্থ বাক্যার্থজ্ঞান। এই ব্যাকরণ শাস্ত্র পদ ও পদের অর্থজ্ঞান-দারা বাক্যার্থজ্ঞানের উপযোগী। অতএব বেদের প্রধান অঙ্গ ব্যাকরণের অধ্যয়ন থেকে বাক্যের অর্থজ্ঞানরূপ ফললাভ হয়ে থাকে।

(৫৩) শব্দ কৌছভের পশশাহ্নিকে এই অং.শর গাঠব্যক্তরূপে গুণীত হয়েছে—
মুথং বা ধরণং তদ্য ক্রোতিবং নেত্রমূচ্যতে।
নিক্লকং শ্রোত্রমূদিক্টং ছন্দদশং বিচিতিঃ পদে।
শিক্ষা আণং তু বেষদা হক্ষো করানু প্রচন্দতে।

বিবেশন পণ্ডিত প্রণীত ন্যাকরণ নিদ্ধান্ত অধানিধিতেও এইরূপ পাঠ গৃহীত ইংল্লছে। শক্ত কৌন্তুতকার ভটোপ্তী দীক্ষিত বলেছেন অল যেমন অলীর উপকার করে থাকে, সেইরূপ ব্যাকরণ প্রভৃতি ছর্মটাশার বেদের উপকারীক হওয়ার উহাদিশকে বেদের অলু বলা হ্রুং উপকারকতর। পালত্ম (শক্তবিন্তুত ১০১৮) "বান্ধণেন নিষারণো ধর্ম: বডলো বেলোহধ্যেরো ক্তেয়ল্ট"। এই আগম-বাক্যের অন্তর্গত "নিষ্কারণো ধর্ম:" এই অংশের দারা ইহাই অভিব্যক্ত হয়েছে বে, কোনরপ ফলের আকাজ্জা না করেই ব্যান্ধণের পক্ষে বেলের অধ্যয়ন ও তার অর্থজ্ঞান অবশ্য কর্তব্য (৫৪)

মীমাংসকেরা শাস্ত্রবিহিত কর্মস্থকে নিত্য ও কাম্য ভেদে ছই শ্রেণীতে বিজক্ত করেছেন। যে সকল কর্মের অন্ধান না করলে সেই কর্মের অধিকারীর প্রত্যবায় [পাপ] হয়, সেইগুলিকে নিত্য কর্ম বলে। আর যে সকলকর্মের অন্ধান না করলে সেই কর্মের অধিকারীর কোনরূপ প্রত্যবায় হয় না, কিছু অন্ধান করলে কোন কাম্যফলের লাভ হয় তাদের নাম কাম্য কর্ম। উপনীক্ত বিজাতি সন্ধা। বন্দনাদি না করলে পাপ হয় বলে সন্ধাবন্দনাদি বিজাতির নিত্য কর্ম। এইরূপ আরও যে সকল কর্ম যে সকল আধিকারীর জন্ত শাম্মে উপদিষ্ট হয়েছে, যাদের অন্ধানে কোন ফল নাই, কিছু না করলে অধিকারীর পাপ হয় সেই সমন্ত কর্মও নিতাকর্মের অন্ধাত। "বাজপেয় যজ্ঞ" প্রভৃতির অন্ধান না করলে যার। এসকল কর্মের অধিকারী তাদেব কোন পাপ হয় না কিছু অন্ধান করলে বিশিষ্টফললাভ হয়; এইজন্ত এই শ্রেণীর কর্মসমূহ কাম্যুণ কাম্যুণ কর্মের অন্ধর্গত।

শান্ত্রে এরপ অনেক কর্মের, বিধান আছে, যে সকল কর্মের অন্থর্চান না করলে, বাঁরা সেই সব কর্মের অধিকারী তাঁদের পাপ হয়, অথচ অন্থ্রান করলে বিশিষ্টকললাভ হয়। এই সকল কর্ম একাধারে নিত্য এবং কাম্য উভয়ই। বাহ্মেরের পক্ষে বড়লবেদের অধ্যয়ন কলের প্রতি লক্ষ্য না রেখে করা উচিত—এইরপ উপদেশ ধাকার বুঝা যাছে যে বডলসহিত বেদাধ্যয়ন বাহ্মেণের নিত্য কর্ম। ব্যাকরণ বেদের একটি অল বলে ভার অধ্যয়নও বাহ্মণের নিত্যকর্মনেপে বিহিত হয়েছে। ব্যাকরণধ্যরনের সাধুশক্ষজান ও বেদরকাদি ফল আছে বলার উহা যে কাম্যকর্ম ভাও বলা হয়ে গেছে।

"ব্রাহ্মণেন নিকারণে: ধর্ম: বড়বেগ বেদোইধ্যেরো জ্বেয়ন্ত" এই আগম বাক্যের বারা বেদের অধ্যয়নের মত ব্যাকরণের অধ্যয়নও ব্রাহ্মণের পক্ষে

⁽৫৪) উক্ত বাকোর অন্তর্গত "কারণ" শমটির অব কল। 'কারণশনঃ কলণরঃ (মহাতাব্য প্রদাশোদ্যোত] কার্বতেঃ করণলাটা প্রবৃত্তিজনকৈছাবিষয়খনক্ত্রেন প্রবৃত্তিজনকলা কলনা কারণপদেন লাভাব। [বাকেরণ নিজ্ঞান্ত ক্যানিধি]

নিত্য কর্মরণে প্রতিপাদিত হওয়য়, এর অমুষ্ঠান না করলে বান্ধণেব প্রত্যবায় হবে—ইহা স্টিত হয়ে গৈছে। অতএব এইরূপ প্রত্যবায় বাতে না জয়য় তার জয়য় বাদকরণাধ্যয়ন অবশ্য কর্তব্য—ইহাই মহাভাষ্যকায় উক্ত আগম উদ্ধৃত করে প্রতিপাদন করেছেন। যদিও "বান্ধণেন নিদারণঃ" ইত্যাদি বাক্যের দ্বাবা ছয়টি বেদাক্রেই অধ্যয়ন বান্ধণের অবশ্যকর্তব্যরূপে নির্দিষ্ট হয়েছে, তথাপি মহাভাষ্যকায় অভাভ্য অক্রেঅধ্যয়ন অপেক্ষা ব্যাক্ররণেব অধ্যয়ন অতিশয় আবশ্যক —ইহা প্রতিপাদন করবার জভ্য তার মৃতিশৃক্তত্যয় প্রদর্শন করেছেন—

"প্রধানং চক্ষটন্থকেষ্ ব্যাকরণষ্ । প্রধানে চক্কতো যত্ত্বঃ ফলবান্ ভবতি।"
বেদের ছ্য অলের মধ্যে ব্যাকরণই প্রধান । প্রধান বিষয়ে যে বত্ত্ব করা হ্র,
সেই যত্ত্ব ফলবান [সফল] হয়। এখানে মহাজাষ্যকারের এইরূপ অভিপ্রায়
ব্যা যায় ব্যাকরণের অধ্যয়ন না কুরলে ছটি দোষ হয়। (১) ত্রাক্ষণের পক্ষে
ব্যাকরণাধ্যয়ন যে অবশ্য কর্তব্য, তা না করলে একটি ক্র্ব্যের অষ্টান
করা হ্য না। (২) ব্যাকরণের অধ্যয়ন না করায়, বেদের অধ্জ্ঞান যা
ব্যাক্ষণের পক্ষে অবশ্য ক্রব্য ভাহাও হয় না॥ ১॥

्यूम

লঘর্থং চাধ্যেরং ব্যাকরপুম্। ব্রাহ্মণেনাবশ্যং শক্ষ ক্ষের্য ইন্তি। ন চাস্তরেশ ব্যাকরণং লঘুনোপায়েন শক্ষা: শক্যা জ্ঞাতুষ্ ৪১০ ॥

অপুবাদ—লঘুর [লাঘবের] নিমিত্ত ব্যাকরণের অধ্যয়ন কর্তব্য । ক্লাজণের পক্ষে শব্দসমূহ [দাধু সংস্কৃত শব্দ] অবশ্য জ্ঞাতব্য । ব্যাকরণ ব্যতীক্ত লম্উপায়ের হারা শব্দ সমূহ জানতে পারা বায় না ॥ ১০ ॥

শব্দার্থ বর্ণন। :---মহাভাব্যের এখানে 'লঘুর্থম্' পদের অন্তর্গত লছু শব্দার অর্থ লাঘব। সাধারণত ''লঘু" এই শব্দের ঘারা যে বন্ধ, লাঘববিশিষ্ট তাকেই বোঝার; কেবল লাঘব অর্থ বুঝার না। বেমন 'ঘট' শক্দের ঘারা ঘটছবিশিষ্ট বন্ধকে বুঝার, কেবল ঘটছকে বুঝার না। এখানে ''লঘু" শব্দাটি নিব্দের স্বাভাবিক অর্থ পরিত্যাগ করে ''লাঘব" অর্থকে বুঝাছে। এরণ প্রয়োগকে ভাবপ্রধান নির্দেশ করে। '[ভাবপ্রধান: নির্দেশ:]। প্রক্রপ বলার অভিপ্রার এই; যে শব্দাটি ধর্মবিশিষ্টের [ধর্মীর] বাচক, সেই শক্ষাটকে ভাব

স্থা অর্থা করা হয় নাই। ভার ম্থা অর্থ ধর্ষী; সেই ম্থা অর্থটিকে পরিত্যাগ করে "ধর্ম" রূপ অর্থে ভার লক্ষণা প্রয়োগকরা হয়েছে। এরূপ ছলে একটিমাত্র বন্ধ [ধর্ম] ই প্রকারতা [বিশেষপতা] ও বিশেষ্যতা এই উভয়রপে প্রতীয়মান কয় [নাগেশভট্ট লঘুমঞ্বা ক্ষেটি প্রকরণ]॥ > ॥

বিবৃত্তি:— বান্ধণের একটি বৃত্তি [ভীবিকা] অধ্যাপনা। যার শক্ষান নাই ছাত্রগণ তাকে অবৃৎপন্ন মনে করে, তার নিকট অধ্যয়নের জন্ম উপস্থিত হয় না। ছাত্র উপস্থিত না হলে অধ্যাপনা কার্ব সম্পন্ন হয় না। এই জন্ম বান্ধণের পক্ষে শক্ষান অবশ্য কর্তব্য। ব্যাকরণ ব্যতীত শক্ষানির অন্যকোন রূপ লাখব বিশিষ্ট উপায় নাই। এই জন্ম বান্ধণের পক্ষে শক্ষানার্থ ব্যকরণের অধ্যয়ন অবশ্য করণীয়। (৫৫)

একটি ফল বঁলা হরেছে। কিন্তু লাঘব ব্যাকরণাধ্যয়নের থকটি ফল বঁলা হরেছে। কিন্তু লাঘব ব্যাকরণাধ্যয়নের ফল হতে পারে না। থেছেতু ব্যাকণের প্রেন্তুলি লোকবাবহারে অক্সাত নানা প্রকার সংক্ষা, পরিভাষা অবলঘন করে রচিত হয়েছে। সেই সব সংক্ষাও পরিভাষার অর্থজ্ঞান সহত্যাধ্য নয়। ব্যাকরণে যে সকল বার্তিক সমিবিট্ট আছে, তাদের অর্থপ্ত অত্যন্ত গভীর বলে সেই সকল বার্তিকের তাৎপর্ব অবগত হওয়া সাংবিশ বৃদ্ধির মাহুবের পক্ষে অত্যন্ত কঠিন। এই সকল ক্ত্রেও বার্তিকের অর্থজ্ঞানের অতি প্রাচীন কাল থেকে ক্ষ্মিগণ যে সকল ভাষ্যাদি ব্যাখ্যাগ্রন্থ রচনা করেছেন, সেই সকল গ্রন্থের অর্থপ্ত অত্যন্ত গভীর। এই হেতু ব্যাকরণের ঘারা শক্ষমান কোন লাঘব দেখতে পাওয়া যায় না। ঐ সকল গ্রন্থের অধ্যয়ন করে যদি শক্ষমান অর্জন করেছেন, তা হলে ভাতে অত্যন্ত পরিশ্রম স্বীকার ক্ষাতে হবে,—এতে সন্দেহ নাই। তা হলে দেখা যাচ্ছে, মহাভাষ্যকার পদ্যালি ব্যাকরণের অধ্যয়নে যে লাঘব প্রদর্শন করেছেন তা বস্ততঃ গৌরবে পর্যসিত হয়েছে।

এর উত্তরে বক্তব্য - শব্দশন্ত্র বা শব্দরাশি অনস্ক। সেই শব্দাশির প্রত্যেক শব্দকে, পৃথক পৃথক ভাবে পাঠ করে যদি সমন্ত শব্দের জ্ঞানলাভ করতে হয়— তাহলে তা একে বারে অসম্ভব হবে। আর এইভাবে পেঠিত প্রত্যেক শব্দকে পৃথক ভাবে থেনে কারও সমগ্র ভাষার ব্যুৎপ্রক্তি হবে ইহাও অসম্ভব। বহু-

⁽१६) देवब्रहेक् इ श्रमीम, "सरकोष्ठ अवः वा क्वनिका गर्मानिधि ।

পরিশ্রম করলে অনম্ভশবরাশির কতকগুলি শব্দের জ্ঞান হতে পারে এইপর্যন্ত । ব্যাকরণের সাহায্যে শক্ষণান করতে যত্ন করলে অত্যন্ত লাঘব দেখা যার। দামান্তস্ত্র [উৎসর্গ শান্ত্র] এবং সামান্ত স্ত্রের বাধক বিশেষস্ত্রের [অপবাদ শান্ত্রে] সাহায্যে অনম্ভ অনম্ভ শক্ষরাশির জ্ঞানলাভ কিছু আয়াসসাধ্য হলেও অসাধ্য বা অত্যন্ত ভূংসাধ্য নয়। মহাভাষ্যকার এই হেতৃ ব্যাকরণে বলেছেন, ব্যাকরণ ব্যতীত লঘু উপায়ে শক্ষণান সম্পাদিত হতে পারে না ['ন চান্তরেশ ব্যাকরণং লঘুনোপায়েন শক্ষাঃ শাক্যা জ্ঞাতুম্']॥ ১•॥

মূল

অস্ফ্রের্ছার্থ চাধ্যেরং ব্যাকরণম্। বাজিকাং পঠন্তি 'কুগপ্রতামাগ্রিধারুণীমনত্বাহামালভেড' ইতি। তজাং সাক্রের্ছা, সুলা চাসো প্রতাচ সুলপ্রতী, সুলানি বা প্রন্ধি বফুাং সেরং সুলপ্রতী। তাং নাবৈরাকরণঃ স্বরতোহধ্যবস্ততি। বদি পূর্বপদ্দ প্রকৃতিস্বর্থং ততো বছরাহি:। অধ্যন্তোহং ভতত্তংপুরুষ ইতি॥ ১১॥

অনুবাৰ: সন্দেহের অভাবের জন্ম ব্যাকরণের অধ্যরন কর্তব্য। বাজিকের। পাঠ করেন [স্থুলপৃষতীম্ আগ্রিবাফণীম্ অনভাহীম্ আলভেড] অগ্নি ও বরুণ দেবতার উদ্দেশে স্থুলপৃষতী [যার হ'ল বিন্দু আছে] অনভাহী [স্থী গোকে] কে আলজন [বধ] করবে। তাহাতে [স্থুলপৃষতী এই হুলে] সন্দেহ [হর] যেও সুসা সেই পৃষতী স্থূলপৃষতী [স্থুলা চাসে) পৃষতী চ] (এইরপ বিগ্রহে কর্মধারয় নামক তংপুক্ষনমান) অথবা স্থূলে পৃষং [বিন্দু] সমূহ যার [গায়ে] সেই স্থুল পৃষতী [স্থুলানি বা পৃষপ্তি ষদ্যাং সেয়ং স্থূলপৃষতী] (এইরপ বিগ্রহে বছরীহি সমান) ? যিনি বৈয়াকরণ নন, তিনি তাকে [স্থুলপৃষতীকে] [উলাজানি] স্থরের খায়া নিশ্চিত রূপে আনতে পারেন না। যদি পূর্বপদের প্রস্কৃতি স্থর হয় ["বছরীহে প্রকৃত্যা পূর্বপদম্" ভাব। এই স্থ্র অনুসারে পূর্বপদের প্রকৃতি স্থর হয়], তাহলে বছরীহি [ব্রুত্বতে হবে] বদি [সমাননিমিন্ত] অন্তোলান্ত [সমানপ্ত ভাবাবং এই স্ত্রে অনুসারে সমন্ত

^{* &#}x27;অৰ সমাসাকোদাউক্ব" এই পাঠা তর অনেক পৃত্তকে দেখা বায়

পদটির অস্তা স্বর উদাত্ত] হয়, তা হলে তৎপুক্ষ [কর্মধার্য নামক তৎপুক্ষ] (বুঝতে হবে)।। ১১ ॥

বিবৃত্তি: - পৃষৎ শব্দের অর্থ হুইপ্রকার - (১) বিন্দু, (২) শ্বেতবিন্দুযুক্ত ৫৬)। শ্বেতবিনূষ্ক্ত এই অর্থে পৃষৎ শব্দের উত্তর স্থীলিকে "উগিডক্ট" হা১।৬ এইস্ত্তের শারা দ্রীপ্ প্রত্যয় করলে "পৃষতী" শব্দ সিদ্ধ হয়। তার অর্থ হয়, খেতবিন্যুক্ত ন্ত্রী। তার পর 'স্থুলা চাসে পৃষতী চ' এরপ বিগ্রহ্বাক্যে কর্মধারয় সমাদ করলে ''কুলপৃষতী" শব্দ দিক হয়। তার অর্থ হয় এই, যে নিজে সুল এবং যার শীররে খেতবিন্দু বিভাষান। স্থলানি পৃষ্ঠি যন্তাঃ" একপবিগ্রহ বাক্যে বছত্রীহি সমাস করলে "মুলপৃষৎ" শব্দসিদ্ধ হয়। তার পর সেই শব্দে^র উত্তর স্ত্রীলিঙ্গে ''উগিতশ্চ'' [৪।১। ।] স্ত্রান্থ্নারে ঙীপ্ প্রত্যয় করলে স্থূলপৃষ্তী পদসিদ্ধ হয়। ভার অর্থ হয় যার শরীরে স্থল/বিন্দু সকল বিদামান আছে। এখানে কর্মধারয় ও বছত্রীহি সমাদের অর্থভেদ অনুসন্ধেয়। কর্মধারয় সমাদে "সুলপ্যতী" भक्तिं वर्ष इतम्ह (स शाष्टी, तम नित्य कुर्ना इतन, जांद्र शास्त्र (य दिन् গুলি থাকে সৈই বিন্দু সুল বিড] হবে কি প্তক্ [ছোট] হবে তার কোন নিষম নাই। গাভীটি স্থুলা হবে এবং সে [গায়ে] শেতবিন্যুক্তা হবে। আর বছরীহি সমাসে সেই গাড়ীর শরীর স্থুল হবে কি কুশ হবে তার কোন নিয়ম বুঝায় না। কিছু তার শরীরে যে বিন্দুওলি থাকে সেওলি चुल [वफ] हत्त । यात्रा यक्षकर्म श्रेवुख हम, जारमत शर्क कर्मिटक मधानध ভাবে নিষ্পাদিত করার জন্ম ''ছুলপুষতী" শক্টির অর্থ পরিজ্ঞাত হওয়া উচিত। এবানে কর্মধারয়ে ও বছরীহি সমাদে উভয় ক্ষেত্রে ''সুলপুষতী" এই আকারটি সমানভাবে থাকে বলে টেদাতাদি পরের (৫৭) ঘারাই তার অর্থের নিশ্চয় করতে হয়।

⁽৫৬) 'পৃষ ভক্ত মূর্গে বিন্দোদরোহিতে। অনরকোষ বাহিবপ'ও বেতবিন্দুযুক্তে সাং"— [ভামুজীদাকিতের টীকাম উদ্ধৃত হৈমকোষ।

⁽৫৭) সম্বাসস্য [৬।১)২২৬] স্বাসসান্ত দ্বাত্তা ভবতি। কা শ্রুণা সমাসের অন্ত দ্বাত্ত হয়। এই সূত্রট সামাল্প সূত্র। কোন নিশেব সূত্র না থাকলে এই সূত্রের প্রবৃত্তি হবে। সমাস বলে সমাসের অন্তর্গত প্রত্যেক পদের ভিন্ন ভিন্ন ভব হর না কিন্তু সম্বাহের অন্যম্বাট উলাত্ত হয়। ইংগই এই সূত্রের তাৎপর্ব। 'স্বাহিষো ব্যাত্তন্ত হলেও তার ব্যাব্র মধ্যে বেটি অন্তঃ স্বাহ স্থাতিক বিশ্ব হবে। তাকেই সমাসের অন্ত বলে ধরতে হবে।

এখানে বিশেষ জাতবা এই—বিধি কোন পাদের কোন একটি শ্বর উদান্ত অথবা শ্বিত হয়, ভাঙ্গে নেই পাদের অংশিষ্ট সমস্থ শ্বর অনুষান্ত হয়ে যায়। "অনুষান্তং পদামকবর্জন্" [৬।১।১৫৮] শপরি ছাবেয়ং স্বর্থি বিষয়। যায় শ্বর উলান্তেঃ শ্বরিতো বা বিধীয়তে তার অনুষান্তং পদামকং বর্জনিশ্বা ভবতীতে। তত্বপশ্বিতং জেইবাম্। অনুষান্তা, কমসুষান্তম্পান্তম্প্রিক। ক্রিয়া বিধীয়তে।" কালিকা। বিশ্ব পুঠাব পাদ্যীকা জেইবা]

শেষ্ট্রন করে নাই তারা উদান্তাদিস্বরের বহারতায় এরপ সন্দিশ্ধস্থলে শব্দের স্থিনির্গয় করতে পারে না। অথচ বেদের এই সকল সন্দিশ্ধ শব্দের অর্থ নির্গয় দা হলে যাগাদির অস্কুটান যথাযথভাবে সম্পন্ন হতে পারে না। এই সকল সন্দিশ্ধ শব্দের উদান্তাদি স্বরের ধারা অর্থ নির্ণয়ে নিমিত্ত ব্যাকরণ অধ্যয়ন করা উচিত। অতএব ইহাও [স্বর্গরা অর্থনির্গয় বিমিত্ত ব্যাকরণ অধ্যয়নের একটি প্রয়েজন। এথানে পূর্বপদের প্রকৃতি স্বর অর্থাৎ সমাসের পূর্বে যে স্বর্গ ছিল সেইস্বর থাকায় "স্থুলপৃষ্তী" এই শব্দটির বহুত্রীহি সমাস অস্কুসারে যে অর্থ প্রাপ্তরা যায় (য় গাভীর শরীরে স্থুল বিন্দু সকল আছে) সেই অর্থটি প্রহণ করতে হবে। এথানে 'স্কুল' শব্ধটির অন্তান্থর সমাসের পূর্বে উদান্ত ছিল। এথন সমাস হওয়ার পরেও তাহাই থাক্বে।

এইজন্য এটি বহুত্রীহি সমাস বলে ব্রাতে হবে। *।

এখানে কৈষ্ট বলেছেন মহাভান্তের 'অসন্দেহ' শব্দটি সন্দেহের অভাব অর্থ ব্ঝাছে। কিন্তু এই অভাবটি সন্দেহের ধ্বংসাভাব নয়। সন্দেহ উৎপন্ন হয়, ভা হলে তবে তার ধ্বংস হয়। এখন যে বৈয়াকরণ তার যদি সন্দেহ উৎপন্ন হয়, ভা হলে তাকে বৈয়াকরণ বলা যায় না। অস্ততঃ যে বিষয়ে সংশয় উপস্থিত হয় সেই পদাদি বিষয়ে সে বৈয়াকরণ নয়। এইজন্ম এখানে সন্দেহের প্রাগভাবই অসন্দেহ শব্দের অর্থ ব্ঝাতে হবে। বৈয়াকরণের সন্দেহের প্রাগভাব থাকতে

^{[(}৭৭) টাকার শেবাংশ] এই নিয়ম ত্রিপানীতে [অষ্টাধানীয় কাইম অধ্যায়ের বিতীর পাদ থেকে চতুর্থ পাদ পর্যন্ত অংশ] যে সকল পর বিহিত আছে তাদের বিষয়ে প্রবৃত্ত হবে না। বধাঃ—— 'উপান্তালফুলান্তনা পরিতঃ'' [৮।৪।৬৬] এই স্থেরে হারা বিহিত গৈ পরিত, দেই পরিত পর হলে, ''অফুলান্তং পদ্যেকবর্জ ম'' এই পূর্বোক্ত লান্ত ক্ষমুসারে পদের অন্তর্গ ভ ক্ষম্প স্থানের হানে অনুদান্ত পর হবে না।

বছরীতি ছলে সমাদের প্রপদের প্রকৃতি হব হওরার হত বধা:—"বত্রীহো প্রকৃতা।
পূর্বপদম," [৬)০০০ নৈ বহরীতি সমাস হওরার পূর্বে পূর্বপদটির যে হর ছিল বহরীতি সমাস
হওরার পরেও সেই হবই পাকে, তার কোন পরিবর্তন হয় না। প্রপদের এই প্রকৃতিহব
হবেও পূর্বোক্ত "অনুদান্তংপদমেকবর্জম," এই হত্তের হারা সমগ্র সমাস পহটির অবশিষ্ট
হরণ্ডল অনুদান্ত হবে। এখানে হত্তিছিত 'পূর্বপদ" লকের হারা উহাত অথবা হারিও
হর্মাকু পূর্বপদ ব্যতে হবে অর্থাৎ যেল্লে বহুরীতি সমাসের পূর্বপদে উদ্ধান্ধ বা হারিও
হর থাকবে সেথানেই বহুরীতি সমাসে পূর্বপদের প্রকৃতিহর হবে। যদি পূর্বপদের সমন্ত হর
হর্মাকুলি হয়, ভাহলে সেরাণ ছলে এই হত্তের প্রবৃত্তি হবে না। সেহলে পূর্বোক্ত "সমাসত"
কুই সামান্ধ স্বতাস্থারে স্থিতা সমাসের অন্তাহর প্রবৃত্তি হবে না। সেহলে পূর্বোক্ত "সমাসত"
কুই সামান্ধ স্বতাস্থারে স্থিতা সমাসের অন্তাহর প্রবৃত্তি হবে না। বিহুলি পূর্বোক্ত "সমাসত"
কুই সামান্ধ স্বতাস্থারে স্থিতা সমাসের অন্তাহর উহাত হবে। [মহাভাষায়েও কালিকা ত্রেইবা]

* পূর্বপদপ্রকৃতিহরাবহর হার্থাবিদার ইতার্থাং [মহাভাষাপ্রহীণ]

পারে। উৎপত্তিশীল বন্ধর উৎপত্তির পূর্বে উপাদান কারণে প্রাগভাব থাকে।

ঘটের উৎপত্তির পূর্বে কপালে প্রাগভাব থাকে। সেইরূপ সন্দেহের উপাদান
কারণ অস্কঃকরণ বলে বৈয়াকরণের অস্কঃকরণে সন্দেহের প্রাগভাব থাকে।
প্রাগভাব থেকে বন্ধর উৎপত্তি হয়। বৈয়াকরণের অস্কঃকরণে সন্দেহের প্রাগভাব থাকার, কোনদিন সন্দেহেব উৎপত্তি হতে পারে—এইরূপ আশহা হতে পারে না। কারণ বৈয়াকরণের শস্কবিষয়ে বৃহৎপত্তি থাকার ঐ বৃহৎপত্তিই সন্দেহর প্রাগভাবকে সর্বদা রক্ষা করে থাকে অর্থাৎ সন্দেহকে উৎপত্র হতে দের না।

মহাভাষ্যে একটি বাক্য আছে—''যাজ্ঞিকা: পঠন্তি।" এখানকার ''যাজ্ঞিকা:" শব্দের সোজাহন্তি অর্থ যজাহুষ্ঠানকারীরা। যজের অহুষ্ঠান যারা করতেন তারা "সুসপুষতীমৃ" ইত্যাদি বেদভাগটি পাঠ করেন অর্থাং ঐ বেদভাদের স্ষ্টি করেন-এইব্রপ অর্থ পাওয়া গায়। তাতে দোর হয় এই যে 'বেদ - ষক্ত-কারী ঋষিগণ কর্তৃক রচিত'' ইহাই প্রতিপাদিত হওয়ায় বেদের অপৌরুবেয়ক বা নিভাদ্ধ ব্যাহত হয়ে যায়। মীমাংসক প্রভৃতি বেদের নিভাদ্ধ স্বীকার করেন। এইব্যন্ত নাগেশভট্ট "বাজিকাঃ" শব্দের অর্থ বলেছেন "যজ্ঞকাণ্ডভবাঃ শব্দাঃ যাজিকা:"। অর্থাৎ ষজ্ঞকাণ্ডে = ষজ্ঞপ্রকরণে অবস্থিত যে সকল শব্দ সেই শব্দ সকল জ্ঞাপন করছে—"কুলপুষতীম্" ইত্যাদি। শব্দ জ্ঞাপন করে অর্থ। अख्डार देविकमञ्च कात्र व बाता विकि वर्ग जात त्या त्या ना। जाज्य व "বেদ নিতা" এই সিদ্ধান্তের হানি হলো না। তবে মহাভাগ্যকার "তেন প্রোক্তর্'' [৪।৩।১০] এই ফত্রে সিদ্ধান্ত করেছেন বেদের প্রতিপাগ্য অর্থব্ধশ বছ নিত্য হলেও তার শব্দ রচনার কর্তা হচ্ছেন ঋষিগণ। স্থতরাং "যাঞ্জিকাঃ" শব্দের অর্থ যক্ষকর্মের জাতাি বা বজ্ঞকর্মের উপদেষ্টা ঋষিগণ বললে এখানে কোন অসম্বৃতি হয় না। আর এক জ কষ্টকল্পনা করে ''যঞ্জকাণ্ডে স্থিত শস্তু" এই অর্থ করবারও আবশ্রকতা থাকে না। "বুলপৃষতী" শব্দটি এগানে বছব্রীছি मयान निष्मन्न (१७)। । ১১॥

⁽৫৮) কৈয়টের উক্তি থেকে বুঝাবায় 'সুলপুৰতী" শব্দটি উক্ত বেদভাগে বহরীচি সহাস্ নিজ্পর।

[&]quot;পূৰ্ব শ্ব প্ৰকৃতি স্বরাবহরী হৃষ্ণাৰ সামে" ইতার্থ:। [মহা ভা বাপ্রহীপ]

[&]quot;ফিবোংড উণাত্তঃ" [ফিট্সত ১١১]। "প্রাতিপদিকং ফিট্, তদাভি: উণাভ: সাপ্ত [দিল্লাভকৌনুদা বরপ্রকরণ]। প্রাতিপদিকের অভাবর ট্যাত্র হয়। এই স্ট্রান্সারে স্থুল শক্ষেত্র প্রাতিপদিক হব্যার ভার অভ্যবর উলাও ধরে গাকে। সমাস হব্যার পরও এই স্থুল শক্ষেত্র অভ্যবর উদাভ থাকবে। এর বারা বুঝা বাচ্ছে বে "সুলপুষতী "শক্ষ বহুত্রী হিসমাসেনিস্পন্ন হংক্ষেত্র।

ত্র স্থারাকারে উণাত্ত্র দৃট্না পূর্বপদগ্রকৃতিখনেশ বছরীকিং বৈয়াক্রণো নি কিংকান্তি '' [শনকৌত্তত—পশ্পশাহ্নিক]। তার পূর্বপণান্তোলাত্ত্বং দৃট্না পূর্বপদগ্রকৃতিখনেশ বছরীকিছ নিশ্চরঃ। [ব্যাক্রণসিভাতক্রধানিধি পশ্শশাস্ত্রক]

মূল

ইমানি চ ভূরঃ শকান্তুশাসনস্থ প্রব্যোজনানি।

- (১) ''(७३-- द्वाः'', (২) ''ছहः समः'', (७) 'वपशेष्ठम्'',
- (৪) 'বল্প প্রবৃত্ত্তে', (৫) "অবিদ্ব'ংদাং" (৬) "বিভক্তিং কুর্বন্তি', (৭) 'বো বা ইমাম্'', (৮) ''চন্দারি', (৯) ''উত দং',,
- (১০) "সক্তৃমিব", (১১) "সারস্বভীম্', (১২) ''দশম্যাং পুত্রস্তু'',
- (১৩) "সু:দবে। অসি বরুণ", ইভি । ১২ ।

আনুবাদ্ধ-এইগুলি পুনরায় শ্রান্থশাসনের [ব্যাকরণের] প্রয়োজন । "তেহস্থরাঃ", "ঘৃষ্টঃ শল্কঃ", "বদধীতম্", বন্ধ প্রমূহ্ছে", "অবিদাংসঃ", "বিভাজিং ক্রিটি", "যো বা ইমাম্", "চ্ডারি", 'উত দ্বং", 'সজ্মিব", "শারন্ধতীম্", "দশম্যাং পুরস্ত", "স্বদেবো অসি বরুণ", ॥ ১২ ॥

বিবৃত্তি—এখানে মহাভাব্যে 'ভ্য়ং" শক্টির অর্থ পুনং। (১৯)। মহাভাব্যকার 'অথ শক্ষান্থশাসনম্"-এইরপে ভাব্যের আরম্ভ করে সাধু শক্ষই ব্যাকরণ
শাস্ত্রের প্রতিপাদ্য ইহা স্চিত করেছেন। তা থেকে আরপ্ত স্থানিত হয়েছে
বে—অসাধু [অন্তম্ক, অপভ্রংশ ইত্যাদি] শক্ষ থেকে পৃথগ্ ভাবে সাধু [তদ্ধ]
শক্ষের জ্ঞান ব্যাকরণ শাস্ত্রের সাক্ষাৎ প্রয়োজন। তারপর 'রক্ষোহাগমলন্থসন্দেহাং প্রয়োজনম্" এই বাক্যের দারা সাধুশক্ষের জ্ঞানের যা ফল তা বকা
হয়েছে। আর ঐ "রক্ষোহাগমলন্থনদেহাং" বাক্যে আগম অর্থাৎ শাস্ত্রকে
ব্যাকরণ শাস্ত্রের অধ্যরনের প্রেরক বলা হয়েছে। ত্রান্ধণের পক্ষে
সন্ধ্যাবন্দনাদির মত ব্যাকরণের অধ্যরন নিত্যকর্ম, ইহা •"ত্রান্ধণের নিভারণো
ধর্মঃ" ইত্যাদি শাস্ত্রের দারা প্রতিপাদিত হয়েছে। এখন অপর কতকণ্ডলি
শাস্ত্র বাক্য প্রদর্শন করে মহাজাষ্যকার ব্যাকরণাধ্যহনের কর্তব্যতা প্রতিপাদন
করছেন।

এখানে প্রশ্ন হতে পারে ভাষ্যকার পূর্বে যখন 'রক্ষোহাগম'' ইত্যাদি বাক্যে ব্যাক্ষণ অধ্যয়নের প্রয়োজন যে শব্দজান—সেইশক্ষ্পানের প্রয়োজনরূপে বেদ-রক্ষা প্রভৃতির কথা বলেছিলেন—তথন আগমের ব্যাধ্যাকালৈ 'রাক্ষণেন'' ইত্যাদি শাস্ত্র বাক্য উদ্ধৃত করেছিলেন, যে শাস্ত্রবাক্য ব্যাক্রণ অধ্যয়নের

⁽c>) "ভূম ইতি পুনৱিভাৰ্ম:৷" [মহাভাৰাঞ্জীণ]

প্রবর্তক। সেই শাস্ত্র বাক্যের সঙ্গে এই "তেহস্থরাং" ইত্যাদি শাস্ত্র বাক্যগুলি প্রদর্শন করলে বলার লাঘব এবং শাস্ত্রবাক্য প্রদর্শন রূপ একটা প্রকরণ ও রক্ষিত্রতো। তা না বলে ভায়াকার এই শাস্ত্রবাক্যগুলিকে পৃথগ্ভাবে পরে বর্ণনা করেছেন কেন ?

এর উত্তরে কৈয়ট বলেছেন পূর্বোক্ত বেদরক্ষা প্রভৃতি পাঁচটি প্রয়োজন প্রধান প্রয়োজন, আর "তেহত্বরাঃ" ইত্যাদি প্রয়োজনগুলি আমুষ্দিক প্রয়োজন। এই হেতু প্রথমে প্রধান প্রয়োজনের কথা বলে ভাষ্যকার পশ্চাৎ আছ্বস্থিক প্রয়োজনগুলির উল্লেখ করেছেন। এখানে 'প্রধান"ও "আহুবদিক" এর ভেদ উল্লিখিত হচ্ছে। যা কারও অধীন নয় স্বয়ং স্বতন্ত্রভাবে বিশ্বমান তাকে প্রধান 'বলে। প্রধানের উদ্দেশ্যে কার্য করলে, যেগুলি অনায়াদে সিদ্ধ হয়ে যায় তাকে আহ্বলিক বলে। এথানে "শকাহ্যশাসন" এই সার্থক নাম থেকে—সাধুশব্দের জ্ঞানই ব্যাকরণ অধ্যয়নের সাকাৎ প্রয়োজন ইহা স্থচিত হয়েছে। সেই 'সাধুশব্দের জ্ঞানের ফল হচ্ছে, বেদরক্ষা প্রভৃতি পাচটি। এই বেদকক্ষা প্রভৃতি পাঁচটি ফলের উলেশে সাধুশব্দের জ্ঞানের ছতা ব্যকরণ অধ্যয়ন করলে তার দলে বে ফলগুলি দিদ্ধ হয় ভাহাই আহুবলিক ফল। ভাহলে দেখা গেল যে—লোকে যার উদ্দেশে কোন বিষয়ে প্রবৃত্ত হয়, সেটি তার মৃধ্যফল বা প্রধান প্রয়োজন। আর সেই প্রধান ফলের সঙ্গে সঙ্গে বে সকল ফল সিদ্ধ হয় সেগুলি আফুষলিক ফল বা প্রয়োজন। বেমন কেহ যদি ক্রমিকর্মের উদ্দেশে কুপ বা খাল খনন করে সেইকুপ বা খাল খননের প্রধান প্রয়োজন হচ্ছে কৃষি আর সেই কৃপ বা খালের জলের ছারা যে স্নান পানাদি প্রয়োজন সাধিত হয়, সেই স্নান পানাদি কুপাদি ধননের আছ্যুলিক প্রয়োজন।

এতছাতীত ভাষ্যকার বে ''ব্রাহ্মণেন'' ইত্যাদি শ্রুতি প্রথমবারে উদ্ধৃত করে তার সঙ্গে ''তেহ্ম্বাঃ'' ইত্যাদি শ্রুতির উল্লেখ না করে বিতীয়ন্তরে এইশুন্তি গুলি উদ্ধৃত করলেন তার আরও অভিপ্রায় আছে। যথা:— পূর্বের ''ব্রাহ্মণেন'' ইত্যাদি আগম্বাক্য ছারা ব্যাকরণের অধ্যয়ন নিত্যকর্ম ইহা প্রতিপাদন করা হয়েছে। এই বেদবাক্যটি বেদরক্ষা প্রভৃতি প্রয়োজনের সঙ্গে উলিখিত হয়েছিল। আর ঐ বেদবাক্যটি ব্যাকরণ অধ্যয়নের প্রয়োজন মানে প্রবর্তক [পূর্বে ইহা বল্লা হয়েছে]। বেদরক্ষা প্রভৃতি প্রয়োজনের সঙ্গে গরে ''ব্রাহ্মণেন''

ইত্যাদি প্রবর্তক শাস্ত্র বাক্যকে ব্যাখ্যা করবার জন্য যদি "তেইস্থর," ইত্যাদি শাস্ত্র উল্লেখ করে তার বিভ্ত ব্যাখ্যা করা হোত তা হলে—"বেদরক্ষা" প্রভৃতি অন্ত প্রয়েজনগুলি বৃঝতে অস্থবিধা হোত। এইজন্য মহাভান্যকার বেদরক্ষা প্রভৃতি প্রয়োজনগুলি বৃঝতে অস্থবিধা হোত। এইজন্য মহাভান্যকার বেদরক্ষা প্রভৃতি প্রয়োজনবর্ণনের সমাপ্তি করে ঐ "রাক্ষণেন" ইত্যাদি শাস্ত্রের কথা করে বেদরক্ষা প্রভৃতি পাচটি প্রয়োজনবর্ণনের সমাপ্তি করে ঐ "রাক্ষণেন" ইত্যাদি শাস্ত্রের কথা বলেছেন। "রাক্ষণেন নিদ্ধারণো" ইত্যাদি বাক্যও আগম আর "তেইর্বাং" ইত্যাদি বাক্যও আগম। স্থতরাং "রাক্ষণেন" ইত্যাদি শাস্ত্র বেমন ব্যাকরণ অধ্যয়নের প্রয়োজনঅর্থাৎ প্রবর্তক সেইরূপ "তেইস্থবাং" ইত্যাদি শাস্ত্রের সমধর্মী এবং "রাক্ষণেন" ইত্যাদি শাস্ত্রের সমধর্মী এবং "রাক্ষণেন" ইত্যাদি শাস্তের বিভৃত ব্যাখ্যাত্মরূপ। স্থতরাং "ইমানি চ ভূমঃ শক্ষাঞ্গাদনন্য প্রয়োজনানি" এর অর্থ হলো ব্যাকরণ অধ্যয়নের প্রবর্তক আর্ত্র এই শাস্ত্রগুলি আছে। সেই শাস্ত্রগলির প্রথম অংশ উদ্ধৃত করে ভাষ্যকার তাদের সমগ্র অংশের স্ট্রনা করছেন। পরে সেই সমগ্র অংশের উল্লেখ করে ব্যাখ্যা করেছেন॥ ১২॥

মূল

ি ''ৰেইসুকাঃ''। ডেইসুকা হেলয়ো হেলয় ইণ্ডিকুৰ্বভঃ প্রাৰভ্-, ৰুক্তস্মাদ্ আক্ষণেন ন শ্লেচ্ছিত্বৈ নাপভাষিত্বৈ শ্লেচ্ছো হ বা এষ বদপশকঃ শ্লেচ্ছামা ভূমে ভাষোয়ং বাাকরেণমুঁ ''ডেইসুকাঃ'॥ ১৩॥

অসুবাদ — "তেই হুরাঃ", [এই প্রতীকের (সমগ্রবন্ধ থকাংশকে প্রতীক বলা যায়) দ্বারা যে শান্তবাক্য স্টিত হয়েছিল, তাহা প্রদর্শিত হচ্ছে]। সেই অস্বেরা 'হেলয়ঃ' হেলয়ঃ এইরপ উচ্চারণ করে পরাভ্ত [পরান্ধিত] হয়েছিল। সেইজন্ম ব্রাহ্মণ ক্লেফন করবে না। অপভাষা প্রয়োগ করবে না। ষা অপশন্ধ [অশুদ্ধ শন্ধ] তাই মেছে। আমরা যেন মেছে না হই এই হেতু [মেছে না হওয়ার জন্ম] ব্যাকরণ অধ্যয়ন কর্তব্য। তেই হুরাঃ [এই প্রতীকের দারা যে শান্তবাক্য স্টিত হয়েছিল তা সমাপ্ত হলো। ১০॥

িবৃত্তি - "তেই সুরা:" ইত্যাদি বাক্য বেদের ব্রাহ্মণভাগের অন্তর্গত কোন গ্রন্থ থেকে ভাষ্যকার উদ্ধৃত করেছেন। কালবশে বেদের অনেক অংশ লুগু হুৱে যাওয়ায় এইসকল বাক্য বর্ডমানে প্রচলিত কোন আন্ধণগ্রছে পাওয়া বাক্ষা না। মাধ্যন্দিন শাথার শতপথ আন্ধণে 'তেহস্থরা আত্তবচলো হেহলব হেহলব ইত্যাদি পাঠ আছে [শতপথ আন্ধণ ৩)২।১)২৩]

শক্ষশক্তিপ্রকাশিকা গ্রন্থে জগদীশ তর্কালয়ার "সাধুভি ভাষিতব্যং নাপল'শিতবৈ ন মেচ্ছিতবৈ" এই প্রকার পাঠ উদ্ধৃত করেছেন। [শক্ষশক্তি
প্রকাশিকা-২০]। তিনি মেচ্ছিতবৈ শক্ষটির তৃতীয়াস্তরূপে ব্যাখ্যা করেছেন।
বলেছেন "মেচ্ছিতবৈ মেচ্ছমাত্রসক্ষেতিভৈ:।" কিন্তু প্ররূপ পাঠ কোন শ্রুভিতে
নাই। মেচ্ছিতবৈ শক্ষটি মেচ্ছধাত্র উত্তর "কুত্যার্থে তবৈকেন্ কেন্সম্বন:"
[এ৪।১৪] স্থাত্র তব্যার্থক তবৈ প্রত্যুর্ম হওয়ায় "মেচ্ছমাত্রসক্ষেতিতৈ:"—'কেবল ক্রেছ্-সম্প্রদায়ে অর্থবিশেষের প্রতিপাদকরূপে নির্দিষ্ট এরূপ অর্থ হতে পারে না। "নাপভাষিতবৈ" পদটিও ঠিক "মেচ্ছিতবৈ" পদান্স্যারে সিদ্ধ। স্ক্তরাং 'মেচ্ছিতবৈ" এর অর্থ হবে মেচ্ছন করা উচিত।

'তে২স্থরাঃ" ইত্যাদি বাক্য বেদের কোন ব্রাহ্মণগ্রন্থ থেকে উদ্ধৃত করা हरप्रह—हेहा रेना हरप्रह । बाञ्चन हान त्राप्त अरुर्ने । यहि **जानस्य** বলেছেন "মন্ত্রাহ্মণয়োর্বেদনামধেয়ম্" [আপভাষ যজ্ঞপরিভাষাস্ত্র ১।৩০]। মন্ত্র ও ব্রাহ্মণের নাম বেদ। পূর্বে বেদের শ্বরপবিষয়েও মতভেদ ছিল, আপভন্থ ৰজপরিভাষা স্থান্তের হরদত্তকত বৃত্তি থেকে জানা যায়। ''কৈশ্চিনান্তাণামেব বেদ্দ্ আখ্যাতম্। কৈশ্চিং কল্পুত্রাণামপি। উভয়নিরাদার্থময়মারভঃ।" কোন কোন ব্যক্তি কেবল মন্ত্রভাগকেই বেদ বলেছেন, কেছ কেই শ্রেতিস্ত্রকেও বেদ বলে স্বীকার কংছেন। এই উভয় মতের খণ্ডনের জন্ত আপছম্ব এই স্ত্র প্রণয়ন করেছেন। ছল:শান্তের পরিচয় প্রদক্ষ মন্তের স্বরূপ বলা হয়েছে; স্থতরাং মন্ত্রবিষয়ে সন্দেহ উঠে না। প্রশ্ন হয় এই ত্রাহ্মণ কাকে বলে? এর উত্তরে আপত্তম বলেছেন যে বাক্যগুলি যজ্ঞাদিকর্মের বিধি সেইগুলি ব্রাহ্মণ। "কর্মচোদনা ব্রাহ্মণানি " [আ:ए: ১।০৪]। কর্মবিধির সহিত সম্বন্ধ যে অর্থবাদ, সেপ্তলি ব্রাহ্মণেরই অংশ, উহারা বিধির উপকারক। "ব্রাহ্মণশেষোহর্থবাদঃ" [আপ: य: ।০,]। অর্থবাদ গুলি চার খেণীতে বিভক্ত, নিন্দা, প্রশংসা, পরকৃতি ও পুরাকর। 🕝 "নিন্দাপ্রশংসাপরক্তিঃপুরাকর্ক্ত" অংখলায়ন [আ: সু: ১।৩৬] নিন্দা —বে অথবাবে কোন একটি নিষিক কর্মের নিন্দা বুঝায় ভার নাম নিন্দা। বেমন-বংজ্ব দক্ষিণারণে রঞ্জ দানের নিন্দা করা হয়েছে 'বো বহিষি রজতং

দ্দাতি পুরাস্য সংবৎসরাদ্ গৃহে রুদস্তি।" যে কুশসাধ্যযাপে রক্ষত দক্ষিণা দেয় একবৎসরের পূর্বেই তার গৃহে রোদন আরম্ভ হয়।

প্রশংসা যে অর্থবাদ কাহারও প্রশংসার উদ্দেশ্নে প্রবৃত্ত হর তার নাম -প্রশংসা অর্থবাদ। যেমন—'যজমানো বৈ প্রভরঃ'' [তাণ্ডা ব্রাহ্মণ ৬।৭] দর্শ-পূর্ণমাসাদি যাগে বেদিতে আন্তীর্ণ প্রভর নামক ক্শকে যজমানের শ স্দৃশ বলে প্রশংসা করা হয়েছে।

পরকৃতি –বে অর্থবাদ এমন এক উপাখ্যানকে অবলম্বন করে বর্ণিত হয় বে উপাখ্যানে বৰ্ণিত কৰ্তা একজন মাত্ৰ তাকে পৰকৃতি বলে [তন্ত্ৰবাতিক ২।১।৩৩]। পুরাকল্প—যে উপাধ্যানের বণিত ঘটনার কর্তা এক নম্ব কি**ন্ত** অনেক,-– এইরূপ উপাধ্যানের প্রতিপাদক অর্থবাদকে পুরাকর বলে। [ভন্নবাতিক ২।১। ৩] আপত্তরজপরিভাষাপুত্তের কপদিস্বামি প্রণীত ভাষ্যে [১। ৫-৩৬] পরকৃতি **ও পুরাকর** নামক শোষোক্ত অর্থবাদের সম্বন্ধে কিছু মতভেদ দেখ ষায়। কপদিস্বামী বলেছেন—কেহ কেহ'মনে করেন বে উপাধ্যানে বণিত ·ঘটনার কর্তা বছসংখ্যক ব্যক্তি, সেইরূপ উপাধ্যানের প্রতিপাদক অর্থবাদের নাম পুরাকর। এখানে লক্ষণীয় এই—তন্ত্রবাতিকে "অনেক কর্তার" মানে একের আধক অর্থাৎ হুইজন কর্তা হলেও পুরাকল্ল হতে পারে। কিন্তু কপদি-স্বামীর উব্ভিতে বুঝা যায়, যে ঘটনার কর্তা তুই সেই ঘটনার প্রতিপাদক বৈদিক উপাথ্যানকে পুৱাকর বলা চলে না। 🔓 কপদিস্বামীর মতে বে উপাখ্যানে বণিত ঘটনার কর্তা নিদিষ্ট নাই, সেইরূপ উপাখ্যানের প্রতিপাদক অর্থবাদকে পুরাকর বলে। তিনি এই পুরাকরের উদাহরণ দিয়েছেন—"আপো বা ইদমত্যে সলিলমাদীং" স্ষ্টির পূর্বে এই জগং জলাকারে ছিল। এই চার-প্রকার অর্থবাদ ব্যতীত অন্তপ্রকার অর্থবাদও আছে। যজাদিকর্মের বিধি ও অৰ্থবাদ ভেদে ব্ৰাহ্মণ হুই শ্ৰেণীতে বিভক্ত। তাৰ মধ্যে "ভে১হুৱা:" ইত্যাদি অর্থবাদ একাধারে নিন্দা ও পুরাকল্প [মতান্তবে পরক্বতি]। বৃহদারণ্য-কোপনিষদ্ ভাষ্যবাতিকে অর্থবাদের অনুরূপ তিন প্রকার ভেদ দেখা ষায় (৬০)।

⁽৬•) বিবোধে গুণবাদ: সাদস্বাদোহবগাহিতে।
ভূতাৰ্বাদভাদাৰ্থবাদভিদ: মত: ॥

- (১) যে স্থলে অন্য প্রমাণের সঙ্গে অর্থবাদ বাক্যের আপাততঃ বিরোধ প্রতীয়মান হয়, কিন্তু পর্যবসানে তাহা শুতিরূপে পরিণত হয়, সেই স্থলে সেই অর্থবাদ 'গুণবাদ' নামে কথিত হয়,। যথা "ঘল্লমানো বৈ প্রশ্নরই [তাঃ বাঃ ৬।৭]। এখানে যজের কঠা যক্ষমানের সহিত (৬১) কুশমৃষ্টির অভিন্নতা ব্যানো হয়েছে। প্রত্যক্ষ প্রমাণের দারা কুশমৃষ্টি ঘল্লমান থেকেই ভিন্ন প্রতীত হয়। স্বতরাং প্রত্যক্ষ প্রমাণের সঙ্গে অর্থবাদের আপাতত বিরোধ ব্যা গেল। কিন্তু উক্ত অর্থবাদের তাৎপর্য হচ্ছে কুশমৃষ্টির প্রশংসা। যল্পমান যেরূপ যাগজিয়ার নির্বাহক হয়, এই কুশমৃষ্টিও সেইরূপ যাগজিয়ার নির্বাহক। এইভাবে প্রশ্নর ক্রিয়াইত বিল্পমৃষ্টিতে বজ্মানের সাদৃষ্ঠ বলায় বিরোধ দ্বীভৃত হয় বলে উক্ত অর্থবাদ্যি গুণবাদ।
- (২) যে অর্থবাদ অন্যপ্রমণেদার। জ্ঞাত কোন বস্তুকে প্রকাশিত করে তাকে অনুবাদ বলে। বেমন "অগ্নিহিমস্ত ভেষজম্" ৬২) অগ্নি শীতের ঔষধ অর্থাৎ বিনাশক। অগ্নি যে শীতের নিবারক তা সকলে প্রত্যক্ষের মারা জানে। অন্তএব সকলের জ্ঞাত এই বস্তুকে উক্ত অর্থবাদ প্রকাশিত করছে বলে এইজন্স উহা অন্থবাদ নামক অর্থবান।
- (৩) বে অর্থবাদের প্রতিপাত পদার্থ, অন্তপ্রমাণের বারা বিরোধ প্রাপ্ত হয় না বা অন্তপ্রমাণের বারা জাতও নয়, সেই অর্থবাদ ভূতার্থবাদ নামে কথিত হয়। যথা :—''ইক্রো হ যত্ত্র বৃত্রার বজ্ঞং প্রজহার, স প্রস্তৃত্তত্ত্ব (ছবং" [শতপথ ব্রাহ্মণ ১)২)২) ইক্র বে সম্য বৃত্রকে বজ্রের বারা প্রহার করে ছিলেন, তখন সেই বজ্র বৃত্রের শরীরে স্থভিহত হয়ে চারভাগে বিভক্ত হয়েছিল।

[देख: मः १ 815a])

⁽৬১) তত্র প্রকৃতীটো চতপ্রে বর্তমৃষ্টর নিছমন্তে, প্রথমা দর্ভবৃত্তির দ্রৈঃ সংস্কৃতা বেভাং কুছ্বসাং নিশীরতে, বিশ্বতিসংক্ষকরে দেবলগ্রহা দর্ভাবেলগারি বা চ প্রার্থনা ছাপিতা ওবতি। সা প্রথম ইন্তাতে। (প্রোতপদার্থনির্বচন ইপ্রিপ্রকরণ ৮৭)। প্রকৃতি ইপ্রতে [দলপূর্ণ নাস বাবে] চার সৃষ্টি কুল কেবল করা হয়। তার সংখ্যা সম্প্রত প্রথম কুলগৃষ্টি প্রভাৱ নামে অভিহিত হয়। বচ্চের বেধির যে স্থানে কুছু নামক তোমপাত্র হাপন করা হয়, সেই স্থানকে প্রথমে সম্রপ্ত প্রথম কুলস্ক্রীর বারা আক্রাছিত করে তার উপর কুছুকে রাখা হয় এবং বিশ্বতি নামক উত্তরাগ্র কুলবর, বা বাগবেদির উপনের থাকে, তার উপরেও এই প্রভাৱ নামক কুলসুষ্টি স্থাপন করা হয়। বাগসমান্তির কিছু পূর্বে এই প্রভাৱকে আহ্বনীয়াগ্রিতে নিক্ষেপ করা হয়।

⁽৬২) কঃবিদ্ৰেকাকী চরতি কউবিজ্ঞানতে পুনঃ। কঃবিদ্ধিন্স্য কেবলং কিংবিদাৰপনং মহৎ ॥ পূৰ্ব একাকী চরতি চল্লমণ ভারতে পুনঃ। অগ্নিটিন্স্য কেবলং ভূমিগাৰপনং মহৎ ॥

অন্তপ্রমাণের বারা এই ইক্ত বুতা হরের ঘটনা জানা যায় না বলে অন্ত প্রমাণের সঙ্গে বিরোধও হয় না এবং অন্তপ্রমাণের দারা জ্ঞাতও নয়। এই জ্বন্ত এই ব্দর্থবাদ ভূতার্থবাদ নামে ক্রিড। মহাভায়কারের প্রদর্শিত—''তেৎস্থরা হেলয়ে। ছেলয়:" ইত্যাদি অর্থবাদটিকে ভূতার্থবাদের মধ্যে ধরা যায়। "তেহ-স্থরাঃ" ইত্যাদি বাক্যের সার অর্থ এই যে –কোন একদময় স্বস্থরের মুদ্ধে দেবতাদের নিকট পরাজিত হয়ে দেবতাদের পরাজ্যের উদ্দেশ্যে কোন যজের ष्प्रकान करत । यद्धत षर्कानकारन षर्दात्र । एवजारनत উদেশে—'(इ ष्यत्रः' 'হে অরয়' [হে শক্তগণ, হে শক্তগণ] এইরূপ শব্দপ্রয়োগ করতে গিয়ে 'অরয়ঃ' শব্দের 'র'ম্বানে ল উচ্চারণ করে। যজ্ঞাদি কর্মের অমুষ্ঠানের মধ্যে এরূপ অশুদ্ধ-শব্দের প্রয়োগের ফলে অহ্বরগণ দেবতাদিগের নিকট পরাব্দিত হয়েছিল। এইজন্ম ব্রাহ্মণ মেছন অর্থাং অন্তন্ধ শব্দের প্রগোগ করবে না। অপশব্দ বা অন্তন্ধ শব্দ এথানে শ্লেছ বলে অভিহিত ইয়েছে। আমরা যাতে শ্লেছ অর্থাৎ অপশব্দ প্রযোগকারী না হই এইজন্ম ব্যাকরণের অধ্যধন কর্তব্য। "হেহলয়ং" এই প্রয়োগের কোন অংশে অণ্ডদ্ধি দোষ, আছে এই বিষয়ে, নানান্ধনের নানামত। এই হেতু এথানে একটু বিচার করা বাচ্ছে। কেহ কেহ বলেন "ছে অলয়ঃ" এইখানে 'হৈছে প্রয়োগে হৈহয়োঃ'' (৬৩)। এই স্তাহ্নসারে প্রতন্ত্রর হওয়া উচিত ছিল। প্লুতশ্বর হলে এখানে প্রকৃতিভাব হতো (১৪)। তাতে সদ্ধি হতো না, কিন্তু এথানে আকার হতো "হে অলয়"। স্বতরাং এখানে এই প্রভন্তনিত প্রকৃতিভাব না করে সদ্ধি করায় "হেলয়ং" "হেলয়ং" এইধানে অগুন্ধিদোষ ঘটেছে।

⁽৬৩) "হেছে প্ররোগে হৈছরোঃ" [পাঃ বঃ দাযাদৰ]। হৈছে প্ররোগে ব্রাক্ত বন্ধ বাকাং বর্ততে তর হৈছযোগের প্রতাভবতি। [কাশিকা] দূর থেকে স্থোধনের নির্মিত্ত বে বাকোর প্রবোগ করা হর, নেই বাকো বনি 'হে' বা 'হে' শব্দ থাকে, তাহলে সেই 'হৈ' এবং 'হে' শব্দের প্রত্তহবে। [অজ্ঞের অর্থাৎ বাকোর টি ভাগের প্রত্তহবে না]। বেশন—'হেও বেবলত' এই বাকো 'হে' শব্দের প্রতহর। 'দেবদত 'হৈ'। এই বাকো হৈ শব্দের প্রত্তহর। এথানে প্রত্তহবারার উল্লেশ্ হে ও হৈ শব্দের পর 'ও' এই অকটি বেগা কর। হয়েছে। প্রত্তবরের তিন মানো বলে 'ও' অকটি প্রত্তহর ব্যাবার উল্লেশ্ হরর ব্যাবার উল্লেশ্ হরর পর ব্যাব্দেত হয়।

⁽৩৪) "প্রত্যাগৃহা অটি নিতান্" [৬।১।১।১২৫] আচ্ [বরবর্ণ] পত্তে থাকলে প্রত্যর ও প্রাপ্ত নামক ব্যারর প্রকৃতি ভাব হয় , সভি হয় না।

অপবে বলেন "অয়ীৎশ্রেষণে পরশু চ" [পাঃ স্থঃ ৮।২।৯২] এই স্ত্রের মহাভারে পতঞ্চলি বলেছেন সমন্ত প্রৃতই বিকরে প্রত হয়। এইহেতু এছলে প্রত্তহর না করার প্রত প্রযুক্ত প্রকৃতিভাব না হওয়ায় কোন দোষ হয় নাই(৬৫)। এরা বলেন বীপা অর্থে পদের বিদ্ধ হয় ৬৬)। এরানে "হেইলরঃ হেইলরঃ" পদস্দায়াত্মক বাক্যের বিদ্ধ করায় অভিদ্ধি দোষ ঘটেছে।

অন্ত কেহ কেহ বলেন—এথানে বজার ইচ্ছাছুসাবে পদসম্দারের তুইবার উচ্চারণ করা হয়েছে (৬৭)। বীপ্সা অর্থে দ্বিত্ব করা হয় নাই অর্থাৎ কোন স্ক্রাস্থারে দ্বিত্ব করা হয় নাই। স্বতরাং দ্বিত্ব করার বে দোষ সে দোর এখানে
প্রসক্ত হয় না। কিন্তু 'অরবঃ' এই শন্দের অন্তর্গত 'র' স্থালে 'ল' উচ্চারণ করে
'অলয়ঃ' এইরপ বিকৃতি ঘটানো হয়েছে। ইহাই এই বাক্যের অন্তদ্ধি। এই
শেষাক্ত মতটি সমীচীন মনে হয়।

''মেছা মা ভূমেতাধ্যেমং ব্যাকরণম্"— এই হলে 'মেছে' শক্ষটির প্রসিদ্ধ অর্থের সহুতি হয় না। 'মেছে' শক্ষের চুইটি অর্থ প্রসিদ্ধ। একঅর্থ—দেশবিশেষ (৬৮)। অপর অর্থ মমুক্তভাতিবিশেষ (৬৯,। এই চুই অর্থের বে অর্থই এথানে গ্রহণ করা

⁽৬ঃ) "সর্বান্ধত: সাহসমনিজতা বিভাবা বক্তব্যা" [মহাভাবা] পশ্পশাআছিকের উদ্দোত্তীকা। এব: প্রকৃতিভাব প্রকরণের প্রোচ্মনোরমার "বক্তব্যা" ছলে "কর্তব্যা" এইরপ পাঠ আছে। উন্ন ভাবোর অর্থ হচ্ছে — বাঁনা সাহস ইচ্ছা করেন না অর্থাং শাস্তভাগ করতে ইচ্ছ ক্রেন না তা ও সমভ প্রনুদ্ধনে বিক ল্ল প্লাতের প্রয়োগ করতে পারেন। তাতে ব্যাকরণ শান্তের লজন জনিত দোব হর না।

⁽৬৬) ''নিতাৰীপ্সরো:'' [পাঃ হঃ ৮।১৪]। আঙীকো বীপারাং চ ছোডো প্লস্য বির্চনং সাং। [সিকার কৌষুনী বিরুক্ত প্রক্রিয়।] পৌনংপুক্ত বাাত্তি আর্থে পদের বিদ্ধ হর। গঙেহখনর:'' এইটি পদ্ধ নর, কিন্তু 'হে'ও 'অস্যঃ' পণের সম্পাররূপ বাক্য। এইজক্ত এখানে এই কুরাকুরারে বিহু হতে পারে না।

⁽৬৭) বাক্যের এইরাণ ঐচ্চিক বিছ "অনাবৃত্তিঃ শনাদনাবৃত্তিঃ শনাৎ" (বিঃ হঃ ৪/৪/২২) - ইড়াাদি ছলে দেখা বার ।

⁽৬৮) ''কুফসারস্ত চরতি মূগো যত্ত বহাবত:।

স জৈলো যজিলো দেশো রেজ্পেশতত: গরঃ॥ [বস্দংহিতাবাবত]
''প্রত্যত্তো রেজ্পেশানাব'' [অথর কোষ ভূমিবর্গ]
চাতুর পাবাবস্থানং যদিন খেশে ন বিষাতে।
তং রেজ্প্রিবর্গ প্রার্থ:'' [বংহ্বর প্রশীত অমরকোষ (ভূমিবর্গ—৭) বিবেক্টাকার
উক্ত্

^{.(}৬৯) ''ভেলা: কিরাতশবরপুলিলা মেচ্ছফাডরঃ''।

হোক না কেন, তাতে বাক্যের অর্থের সঙ্গতি রক্ষিত হর না। এইজন্ত এথানে 'প্রেক্ষ' শব্দের প্রসিদ্ধ অর্থ পরিত্যাগ করে যোগার্থ গ্রহণ করতে হবে। নিন্দার্থক স্লেক্ষ্ থাতুর উত্তর কর্মবাচ্যে 'হুঞ্' প্রত্যের (৭০) করে 'ম্রেক্ষ্' শব্দ সাধন করতে হবে। অতএব 'ম্রেক্ষ্' শব্দের এথানে অর্থ হবে নিন্দনীর ; দেশবিশেষ বা মন্ত্র্যাজাতিবিশেষ নয়। ব্যাকরণশাস্থানিষ্পন্ন শব্দের উচ্চারণ না করে বজ্ঞাদিকর্মে তার বিপরীত শব্দের উচ্চারণ করলে উচ্চারণকারীর পাপ হয়। এইজন্ত এইঙ্কপ অন্তন্ধ উচ্চারণের কলে উচ্চারণ কর্তা নিন্দনীয় হয় (৭১)। ''তেহত্বরা হেহলমো হেহলমঃ' ইত্যাদি বাক্য প্রচলিত কোন রান্ধণে দেখা যায় না। মাধ্যানিন শাখার শতশ্ব রান্ধণে "হেহলবো হেহলবঃ" এইরূপ পাঠ দেখা যায় এবং উপসংহারে "তত্মাদ্ রান্ধণো ন মেক্ছেৎ" এইরূপ পাঠ আছে। এখানে 'অরয়ঃ" এই শব্দের 'র' ছানে 'ল' এবং 'য়' ছানে 'ব' করা হয়েছে। ইহাই শতপথ রান্ধণাক্ত বাক্যে অশুদ্ধি॥ (৭২)॥ ১৩॥

মূপ

''ছাই: শব্দ:।'' ছাই: শব্দ: ব্যর্ভো রক্ভো বা,
মিখ্যাপ্রান্ত্র্যান ভমর্থমাহ।
স বাখাজ্ঞো বজমানং হিন্তি,
যথেক্ত্রশক্র: ব্যর্ভো২পরাধাং ॥ ইভি ॥

ছষ্টাঞ্জান্ মা প্রযুক্ষাহি ইভ্যধ্যেয়ং ব্যাকরণম্। "ছষ্ট: শব্দঃ" ॥১৪॥

⁽৭০) 'অবর্ডরি চ কারকে সংজ্ঞারাম্''[গাঁংহং ৩৩)১৯] এই সুত্র অনুসারে "ল্লেচ্ছ" ছলে বঞ্প্রতার করা হরেছে।

এখানে 'দ্লেচ্ছু' শব্দ বৌধিক হওয়ার স্থাত্তের অন্তর্গত 'সংজ্ঞায়াম,' এই অংশের সন্ধিত বিরোধের আশব্দ উপস্থিত হতে পারে। কিন্তু এই প্রের মহাস্তাবো ''সংজ্ঞায়াম্" এই অংশটি প্রত্যাখ্যাত হওয়ার উক্ত আশব্দার অবকাশ হর না।

⁽৭১) 'দ্ৰেচ্ছা নিন্দ্যাঃ শাগ্ৰবোধিত বিপন্ধীতামুঠানাদ্ধিত ভাবঃ।" [শন্দকৌস্তম্ভ] দ্ৰেচ্ছাইতি কৰ্মণি ঘঞ্য" [মহাভাব্য প্ৰদীপ।]

[&]quot;নমু ক্লেচ্ছো নাম পুরুষবি:শবো দেশবিশেবো বা স কথমগশনঃ অত আছ—'ঘঞি,ভ'। নিন্দা-বচনাদ্ ক্লেচ্ছা,ভোলিভি ভাবঃ। নিন্দা চ শান্তবোধিভবিপনীভোচ্চারণেন পাপসাধনভাং। এবং চু ফ্লেন্ট্ডাসা নিন্দা। ইতার্থ ইভি দিক্''[মহাভাষ্য প্রদীপৌন্দোক]

⁽৭২) "ইদং ভাচাধিব প্রসিদ্ধং ক্রেভিগাঠমসুস্তা ব্যাখ্যাতম্। আরং চ পাঠঃ কচিচ্ছাখারা-মবেষণীরঃ। মাধ্যন্দিনানাং শক্তাথবাদ্ধণে তু 'হেলবো হেলব' ইতি পাঠছা জন্মান্ ব্রাহ্মণো ন মেচ্ছেদ্বিতি পঠাতে। তত্র ফকারস্থানে বকারোহণান্দ ইতি স্প্টবেষ। [শক্ষেক্তিক্

আৰু গাল: — "ত্ই শন্তঃ । [এই প্রতীকের ছারা বে শাল্পবাক্য স্টিড হ্রেছে তাহা প্রদৰ্শিত হচ্ছে] ডিলান্ড প্রভৃতি] স্বর ও [অকারাদি] বর্ণের [অন্তপ্রকার] উচ্চারণ নিমিন্ত [যে] শন্ত্য তুই [হয়] [সে শন্তা] মিথ্যাপ্রযুক্ত হিরার] ডিচারণকারীর তাৎপর্য বিষয়ীভূত যে অর্থ] সে অর্থকে প্রকাশিত করে না। সেই বাক্যরণ বল্ধ বল্ধমানের [যক্তকর্তার] হিংসা করে থাকে। [উলাহরণ যথা] বেমন 'ইক্রশক্রণ" [এই শন্তাটি] ডিলান্তাদি] স্বরের [অন্তপ্রার উচ্চারণের] নিমিন্ত [বে অপরাধ অর্থাৎ দোব, সেই] অপরাধে বল্ক কর্তাকে হিংসা করেছিল। [অনিষ্ট ফল উৎপাদন করেছিল]। আমরা [যেন] তুই শন্তের প্রয়োগ না করি—এইজন্ত ব্যাকরণের অধ্যয়ন কর্তব্য। 'তৃষ্টঃ শন্ধঃ' [এই প্রতীকের ছারা যে শাল্পবাক্য স্টিড হয়েছিল, তাহা সমাপ্ত হলো] ॥ ১৪॥

বিশ্বতি—ইক্র ব্টার পূত্র বিশ্বরূপের প্রতি অসন্তুষ্ট হয়ে, বিশ্বরূপকে বধ করেছিলেন। তাতে ব্রটা তৃঃবিত ও কুরু হয়ে ইক্রের বধের নিমিত্ত র্র্ত্র নামক নিজের পূত্র উৎপাদনের উদ্দেশে এক যজের অস্ট্রান করেন। সেই যজেটি অভিচার কর্মরূপে অস্ট্রতিত হয়েছিল। অপরের হিংদার জন্ম যে যজ্ঞ করা হয় তাকে অভিচার কর্ম বলে। সেই গজ্ঞে "বাহেক্রশক্রর্বর্ধ ব্ল" এই বাক্যের দারা আছতি প্রদান করা হয়েছিল। এই ব্যাক্যের 'শক্র' শক্ষটি প্রদিদ্ধ বিদ্বেষকারী [অমিত্র) অর্থে প্রযুক্ত হয় নাই, কিন্তু বোগিকরূপে ব্যবহৃত হয়েছিল। শদ>শাতনে অর্থাৎ মরণ অর্থে শদ্ধাতুর উত্তর পিচ্করে, তার উত্তর উণাদিক ক্রন্প প্রায় করে এখানে 'শক্র' শব্দ সিরু হয়েছে। শদধাতুর উত্তর পিচ্করায় 'শ্' এর পর অকারের বৃদ্ধি হয়ে 'শাক্র" এই প্রকার অকারমূক্ত 'শক্র' শব্দের পাঠ করার হয়েছে বলে নিপাতনে (৭৩) 'শক্র' শব্দী সাধু হয়েছে (৭৪)।

⁽৭৩) "নিপান্তন নামান্তানূলে প্রয়োগে প্রাপ্তেইজানুশপ্রথোপকরণম্'' [পরিভাবেন্দ্শেখর ১১৭ পরিভাবা]। ব্যাকরণের প্রাফ্রাবে বেরণ প্রয়োগ হওয়৷উচিড, সেরূপ প্রথোগ না করে জ্ঞপ্রহার প্রয়োগ করার নাব নিপাতন। এখা ন ব্যাকরণ শারাক্রাবে 'শক্র' এইরূপ প্রয়োগ হওয়া উচিড ছিল, কিন্তু পানিনি প্রজ্ঞাবিপণে 'শাক্র' এইরূপ পাঠ না করে, 'শক্র' এইরূপ পাঠ করেছেন। গাণিনির 'শক্র' এইরূপ প্রয়োগ করার ফলে 'শাক্র' গ্রেছেন। গাণিনির 'শক্র' এইরূপ প্রয়োগ করার ফলে 'শাক্র' গ্রেছাগটি অভদ্ধ হল্পেছে। শক্র প্রয়োগট শুক্ত হল্পেছে।

⁽৭৪) 'শন' ধাতুর উত্তর পিচ, প্রতার করলে 'মিতাংগ্রবং'' [৬।৪।৯২] শুরামুসারে অন্তাবর্ণর পূর্বর্ণের দীর্ঘস্থলে হুল হরে বার। এই রুগের কল্প কোন করনে করন। করতে হর না। শিক্ষপেন, ধাতুর শিনি] উত্তর কুল ভ্রমানিক] প্রতার করে প্রজ্ঞাধিগণে 'শক্র' এইরূপ ভকারবৃত্ত পাঠ থাকার: নিগাতনে 'ন' হানে 'ভ' আবেশ করলেও 'শক্র' গদ সিদ্ধ হতে পারে। তার অর্থ হবে শন্তিতা। ইক্রের শন্তিতা। আর শংধাতু থেকে 'শক্র' শন্ত সিদ্ধ করুলে অর্থ হবে ইক্রের শাভরিতা। অর্থাৎ বাতক।

'ইন্দ্রণক্র' এই শব্দে বচীতংপুরুষ সমাস করলে তার অর্থ হয়। ইন্দ্রের ঘাতক। তা হলে 'ইন্দ্রশক্রবর্ধ'অ' এই বাক্যের অর্থ হয় 'ইন্দ্রের ঘাতক বৃদ্ধিপ্রাপ্ত হও।' ঘটার এইরপ অর্থ ই অভিপ্রেত ছিল। ষষ্ঠীতংপুরুষ সমাস হলে "ইন্দ্রশক্ত শব্দটির অস্তাম্বর উদান্ত হয়। কিন্তু ঋত্বিকের অনবধানতাবশত এই শব্দটির উচ্চাংগে তিনি অস্ত্যোদাত উচ্চারণ না করে "আহাদাত্ত" করেছিলেন। ইন্দ্রশক প্রণাদিক রন প্রত্যয়ের (৭৫) দ্বারা নিষ্পন্ন বলে তার আদিম্বর উদাত্ত হয়। वहाडी हि नमान कतरन समहे चानियत উनाख (शटक यात्र अवः नमखनां मन অবশিষ্ট স্বরগুলি অমুণাত হয়। এখানে ঋতিক বছত্রীহি সমাদে যে স্বর হয় সেই. ম্বরই উচ্চারণ করেছিলেন। এরূপ বিপরীত অর্থের জ্ঞানের ফলে স্বটার **হল্পের** ফল বিপরাত হয়েছিল। তিনি চেমেছিলেন এমন একপুত্র হবে যে ইক্রকে বধ করবে। কিন্তু তাঁর যজ্ঞে শ্বরের উচ্চারণের বৈপরীতা হওয়ায় ইন্দ্রই তার পুত্র রুত্রকে বধ করেছিলেন। এইরূপ আমরা যজ্ঞাদি কর্মের অফুষ্ঠানে অন্তদ্ধ শব্দ উচ্চারণ করলে আমাণের ঈপ্সিত ফল না হয়ে অনীপ্সিত ফল হবে। ব্যাকরণের জ্ঞান থাকলে অশুদ্ধ শব্দের উচ্চারণ না করে শুদ্ধশব্দের উচ্চারণ করে আমরা ঈপ্সিত ফল পাব। অতএব আমাদের ব্যাকরণ অধ্যয়ন করা উচিত। পাণিনীয়শিক্ষাতে (৭৬) ও এই শ্লোকটির পাঠ আছে। তবে সেখানে "চুষ্টঃ শক্কঃ" এই চুটি শব্দের স্থানে "মন্ত্রো হীনঃ" এইরূপ পাঠ আছে। পাণিনীয় শিক্ষা থেকে ভাষাকার এই লোক সংগ্রহ করেন নাই। কারণ পাণিনীয় শিকাটি কারও রচিত (৭৭) নয় কিন্তু সঙ্কলিত এবং তাহা মহাভাষ্যকারের পরবর্তী বলে মনে হয়। স্বতরাং মহাভাষ্যকার এই শ্লোকটি কোনু পূর্ববর্তী শিক্ষাগ্রন্থ খেকে গ্রহণ করেছেন। শিক্ষাগ্রন্থে 'মন্ত্রো হীন: স্বরতো' ইত্যাদি পাঠ থাকলেও মহাভাষ্যকার তাকে পরিবর্তিত করে ''চুষ্টঃ শব্দঃ" ইত্যাদিরূপে, উপন্তম্ভ করেছেন। তার কারণ হচ্ছে এই – স্বষ্টার যজ্ঞে "ইক্রশক্রবর্ত্বস্থ" এই বাক্যকে

⁽৭৫) ''ৰজেলাগ্ৰন্ধ বিপ্ৰকৃত্তকুৰপুৰভজোগ্ৰন্থেরভেল গুক্তকুলৌরবজেরমালাঃ [উপাদি ২ম পাদ] বর্ল্ডা উনবিংশতিঃ। ইদিইল্ডাং'' – সিদ্ধান্থকৌম্দী।

^{&#}x27;ৰন্' প্ৰতাৱের 'ন্' এর ইংসংজ্ঞা হয় ব'লে এই প্ৰতাষ্টি 'নিং' হয়। ঞিদন্ত ও নিদন্ত শক্ষেত্ৰ আদিশার উদান্ত হয়। ''ঞিতাদিনি ভাষ'' [৬।১।১৯] ''ঞিতি দিতি চ নিতামাদিকদাতো ভবতি। [কাশিকা]। ইন্দ্ৰশলটি নিংপ্ৰতাৰাত্ত হওগায় তাৰ আদিশাৰ 'ই' কাৰ উদান্ত হয়।

⁽१७) शानिनीय मिका-- ६२

⁽৭৭) "অধ শিকাং প্রবক্ষামি পাশিনীয় মতং বখাঁ" [পাশিনীয় শিকা] পাঁশিনীয় শিকাকে বে দকল বোক আছে তার অনেক্ষালি লোক 'নারদীয় শিকা' প্রভৃতি শিকাপ্রছে' দেখতে গাওয়। বার। এই কয় বিনি পাশিনীয় শিকাকে বর্তমান রূপ দিরেছেন তাকে এই পাশিনীয় শিকার স্বচরিতা। নাবলে সকলন কর্তা বলাই সমীচীন।

মন্ত্র বলে যে উচ্চারণ করা হয়েছিল, সেটি বাছবিক পক্ষে মন্ত্র নয়। প্রামাণিক বেদজ্ঞগণ পূর্বপরস্পরাক্রমে যে সকল বেদভাগকে মন্ত্র, বলে ব্যবহার করে পাকেন, সেই গুলিই মন্ত্র। 'ইন্দ্রশত্র্বর্দ্ধস্ব' বা "বাছেন্দ্রশত্র্বর্দ্ধস্ব" ইহা বেদে পঠিত থাকলেও ঘটার করিত বাক্যের অন্থকরণরণেই পঠিত আছে। বৈদিক শিষ্টসম্প্রদায় মন্ত্র বলে গ্রহণ করেন নাই। অভএব এখানে ''মন্ত্রো হীনঃ'' এই রূপ'পাঠের সন্বতি নাই দেখে ভাষ্যকার ডার পরিবর্ডে "ছুট্ট: শব্দ:" এই স্থাপাঠ গ্রহণ করেছেন। এটা মন্ত্র না হলেও 'উহ' স্থাল বেমন ১ব্রছ না থেকেও [পুর্বায় ত্বা জুইং নির্বপামি ত্বাহা] ঐ বাক্য উচ্চারণ হতে যজের ফল হয়, শেইরপ "ইন্দ্রশক্রবর্দ্ধন্ব" এই বাক্যপ্রয়োগের ফলেও [শুদ্ধ উচ্চারণ যদি হোত] অ**ভীষ্ট ফল হোত। বজ্ঞাদিকর্মে মন্ত্র অন্তন্ধ উচ্চারণ করলেও বে**মন প্রত্যবায় इद, त्मरेक्षण व्यथस्यापियस्य উচ্চারণে वा लोकिक मरश्रूष्ठ वारकाद व्यववर्गापि তুষ্ট উচ্চারণেও প্রত্যবাধ হব। এটার তাই ঋতিগ্লোবে হয়েছিল। এইজন্ত ভাষ্যকার "ঘুটা শব্দা" এইরূপ পাঠ করেছেন। পাণিনীয় শিক্ষাদিতে 'মন্ত্রা' শক্ষের উল্লেখ পাকলেও সেই 'মন্ত্র:' শব্দের অর্থ 'বাক্য' এইরূপ বুঝতে হবে। ইহাই সেথানকার ভাৎপর্য। কেহ কেহ মনে করেন "স্বাহেন্দ্রশক্রর্বর্দ্ধন্থ" ইহা বে মন্ত্র নয় তদ্বিধয়ে কোন প্রমাণ নাই। বজ্ঞকর্মে মন্ত্রের একশ্রুতি হরের বিধান আছে (৭৮)। ''ইন্দ্রশত্র্বর্দ্ধন্ব'' হলে একঞ্রতি স্বরের উচ্চারণ করা উচিত ছিল। তানা করে, ঋত্বিক্ যে ইক্রশক্রণস্কটির আদিশ্বর উদান্তরূপে উচ্চারণ করেছিল তাতেই "অরাপরাধু''-তর্থাৎ অরদোষ (৭৯) হয়েছিল। সেই তৃষ্ট শক উচ্চারণের ফলে ঘটার যজের ফল বিপরীত হয়েছিল।

⁽৭৮) উদ্ভি, অনুণ্ডিও পরিত —এইগুলির মধ্যে প্রন্যেক প্রথমভাবে উচ্চারণ করতে হয়। বেধানে পৃথক পৃথমভাবে উদারণির উচ্চারণ না করে সানাঞ্জাবে অকারাণি বংশির উচ্চারণ করা হয়, দেইখানে "একশ্রুভি" সর উচ্চারিত হয় ইছাই বৃবংত হবে। সাচ 'স্বরাবিহাগং" বিশাকরণ নিদ্ধান্ত ক্রানিধি । এই একশ্রুভির অগর নাম "প্রচন্ধ"। ক্রান্তায়ন প্রণাত 'ত্রু-বন্ধুং প্রাতিশাথো' একশ্রুভির 'জান' বর বলে নিদ্ধেল করা হলেছে। মহাভাবাকার এই একশ্রুভিরে "বরুন্বর্বাম লগে অভিছিত করের মধ্যে কোন একটি স্বর্বত্ব পৃথম্ভাবে উচ্চারণ লাকরে, তাদের বৈশক্ষণ বিবকান। করে সামাঞ্জাবে স্বর্বর্বের উচ্চারণ করা হয় ভাগাই "একশ্রুভি।" মহাভাবা ও কৈরটে [ভাগা২৭৪ স্বরের বিবেব বিবরণ আছে।

⁽१३) "বজ্ঞকৰ্ণালপন্য সামহ" [১।২।৪]। বল গ্ৰহি মন্ত্ৰ একক্ষডি:ভাজপাদীন বল 'লছা" [সিছান্তকৌৰ্দী সাধারণখন প্ৰকাশ] "বদি বা একক্ষতাবাদেবাত প্ৰভাগঃ।" [পদমঞ্জনী ১।১] "কেচিছ্ৰ একক্ষডিপ্ৰসংসংপ্ৰদাৰে ভোলবাদেবেক্ত ব্ৰহ্ণাক্ষ দুইদ্দিন্ড।ছঃ" [ব্যাকরণসিদ্ধান্ত-ক্ষণান্দি ১।১]

এই উদান্ত, অমুদান্ত স্বরিত এবং একশ্রুতি স্বরের প্রয়োগ বেদে বিশেষভাবে ব্যবস্থত হয়। লোকিক সংস্কৃতে খরের ব্যবহার নাই একথা বলা বায় না। পাণিনির অষ্টাধ্যায়ীতে বৈদিক প্রয়োগের জন্ম যে সকল স্তরের রচনা করা হরেছে তাতে বিশেষভাবে বেদের কথা উল্লিখিত আছে (৮০)। যে সকল বৈশিকপ্রয়োগ কেবল বেদের মন্ত্রভাগে কিংবা কেবল ব্রাহ্মণ ভাগেই হয়ে থাকে, সেই সকল প্রয়োগ সিদ্ধির জন্ম যে সকল স্তা রচিত হয়েছে তাতে ^{ক্ষা}ইভাবে "মত্র" অথবা "ব্রাহ্মণ" শব্দের উদ্ভেখ আছে (৮১)। হ্মরের মধ্যে যে দকল হর কেবল বেদেই হয়ে থাকে তাদের জ্বন্ত ও বিশেষস্ত্র প্রণয়ন করা হয়েছে (৮২)। লৌকিক সংস্কৃত ভাষায় যদি খবের ব্যবহার না থাকতো তা হলে পাণিনির ঐসকল স্থতে "মন্ত্র" "ব্রাহ্মণ" শব্দের উল্লেখ করা এবং বিশেষ স্ত্রপ্রশয়ন করার ব্দাবশ্বকতা থাকতো না। কাব্যপ্রকাশকার মন্মট ভট্ট, দাহিত্যদর্পশকার বিশ্বনাথ কবিরাজ প্রভৃতি আৰম্বারিকগণের মতে উদান্ত, অসুদান্ত ও শ্বরিত প্রভৃতিশ্বর বেদেই বিশেষ অর্থের প্রত্যায়ক হয়, গৌকিক সংস্কৃতে ঐসকণ স্বয়ের ষারা কোন অর্থের বৈলক্ষণ্য হয় না (৮৩)। বৈয়াকরণগণ আলঙ্কারিকগণের এইমত স্বীকার করেন না। তাঁদের মতে লোকিক সংস্কৃতেও উদান্তাদিশবের অর্থবিশেষ প্রতীতিজ্বনকত্ব আছে। পূর্বেই এই বিষয় দেখান হয়েছে।

⁽৮০) "ছন্দাসি পুনর্ববোরেকবচনম্" [১৷২৷৬১]। "ছন্দাসি সহ:" (৬২.৬৭] "নেডরাচ্ছৃন্দাসি" (৭১১৬৬) ইত্যাদি।

⁽৮১) ''নত্রে ঘদহবংশশব্দহাজুচ্কুসমিজনিজ্যে। লেঃ'' [২।৪৮০]। ''নত্রে ব্বেৰপচননৰিখ-ভূবীরা উদাত্তঃ'' [৩,৩।৯৬,। ''নত্রেশাভাবেরাজনঃ'' [৬।৪১৪১] ইত্যাদি। ''বিভীয়া রাজণে', [২।৩।৬০]।

⁽৮২) ''ৰাছ্লাৰাত্ত ব্যৱ্জনসি' [ভাষা১১৯]। ''বিভাৰাজ্জনসি'' [ভাষা১৬৪] ''প্রাদি'হনসিং বহুলম্'' [ভাষা১৯৯]

^{&#}x27;বরবিধৌদ্দলোহধিকারাভাবাং।'' [শলকোন্তত ১০১] ''ন চ বরস্ত বেদমান্তবিষয়ক্ষান্তন্ত্র [লোকিকে] তংগ্রবৃত্তপালারলোর্ন প্রশাসিকিতি বাচাম্। তবিধে দ্বন্দলীতানধিকারাং।'' [বাকরণসিদ্ধান্তস্থানিধি] ''এং ন ভাষারাং বাঞা নাভ্যেবেতি আমান্তঃ পরাভাঃ, বরবিধো দ্বনোহধিকারাভাষান্ত'। ['বিভাষাক্রদান' স্ক্রের সম্প্রক্রন্ত্র, সাধারণ্যর প্রকরণ]

⁽৮৩) ' ইন্দ্ৰণক্ৰিতাফুৰ্ণ বেৰ এব ন কাব্যে খৰে। বিশেষপ্ৰতীতিকৃৎ'' [কাৰ্যপ্ৰকাশ ২০১৯] "কাৰ্যমাৰ্গে খৰোন গণাতে ইতি চ নয়ে'' [কাৰ্যপ্ৰকাশ ২৮৪] ১

[&]quot;मत्रश्रदम এव विरमवकुर, म कारना ।" [माहिल पर्गम २।२७]

আর একটা কথা এই—অনেকে বলেন বহুদেশের লোকেরা বেদপাঠ সর্বপ্রকারে অশুদ্ধ ভাবেই করে থাকে। তাঁদের এই কথা সমীচান মূনে হয় না। কারণ উদাত্ত, অস্থানান্ত ও শ্বিত স্বরের বিশেষভাবে উচ্চারণ ব্যতীতও বেদের একশ্রুতি স্বরের একপ্রকার পাঠ আছে। উদাত্ত প্রভৃতি বিশেষ স্বর উচ্চারণ না করে অকার প্রভৃতি বর্ণের হ্রস্থ, দীর্ঘ, প্রতাদির যথাযথ উচ্চারণ করলে একশ্রুতিশ্বর উচ্চারিত হয়। তাতে কোন দোষ হয় না। ইহা পাণিনিস্থ্য ও তার ব্যাখ্যাদি থেকে জানা (৮৪)। যায়। তবে, উদাত্তাদিশ্বরের উচ্চারণে অধিকফল হয়, একশ্রুতি স্বর্থোগে উচ্চারণে সেই অধিক ফল হয় না (৮৫)। মহর্ষি পাণিনি কতকণ্ডলিস্থল ব্যতীত যজ্ঞকালে পঠিত মন্থের 'একশ্রুতিস্বরের বিধান করেছেন (-৬)। ওঁকারযুক্তরূপে মন্ত্রের পাঠ করলে মন্ত্রের উচ্চারণে বে সকল ক্রিট, দোষ হয় তার পরিহার হয় (৮)। বন্ধদেশে সবমন্ত্রই ওঁকারযুক্ত করে পাঠ করা হয় ॥১৪॥

মূপ

"বদধীতম্।"

''বদধীভমবিজ্ঞাতং নিগদেনৈব শব্যাতে। অনগাবিব শুকৈধো ন ভজ্জলভি কর্ছিচিং ।" ভক্ষাদনর্থকং মাধিগীমহীভাধোয়ং ব্যাকরণম্। ''যদধীভম্।''

1154.1

জানুবাদ:—"বদধীতম্" [এই প্রতীকের বারা যে শাস্থবাক্য স্থচিত হয়েছে ভা প্রদর্শন করা হচ্ছে]। যাহা জধীত জর্বাৎ পঠিত হয়, অবচ [উদান্তাদি

⁽४८) काणिका [)।२।०७]

⁽৮६) मधुनदसम्प्रत्नेथय-- नाथाद्रनेथय धक ३० - "विकाशास्त्रमिन" स्व ।

⁽৮৬) "বল্ল ক্রণাজপনাথ্যবাস্থ্" (১)১১১)

ন্দিন) "বহু, নক্ষতিন্তিক্তং চ ৰচ্ছিত্ৰং বদৰভিচেন্। বদনেধান প্ৰকাচ বাজবানং চ বদ্ধবেৎ ॥ ভাগোৰাৰ প্ৰনুষ্ঠেন সৰ্বং চাৰিকানং ভবেবং ॥ (বোলিখাকাৰ্যাই)

স্বরের সহজে ব্যাকরণ শাল্পীয় সংস্কারের জ্ঞান না থাকায় বা অর্থজ্ঞান না থাকায়]
বিশিষ্ট্রপে জ্ঞাত না হয়ে, কেবল পাঠের দ্বারা উচ্চারিত হয়, অগ্নি জিল্ল
[ভ্রমাদিতে] পদার্থে শুদ্ধ ইন্ধন হেমন প্রজলিত হয় না, সেইন্ধপ সেই অধ্যয়ন কোন কার্যকরী হয় না অর্থাৎ নিক্ষল হয়। আমরা নিক্ষল অধ্যয়ন না করি, এই
ভালা ব্যাকরণ অধ্যয়ন কর্তব্য ॥ ১৫॥

বিবৃত্তি:—শব্দের উদাত্ত প্রভৃতি স্বরের জ্ঞান ব্যাকরণদারা সম্ভব হতে পারে। প্রকৃতি প্রত্যয় প্রভৃতির জ্ঞান ব্যাকরণের দ্বারাই হয়। শব্দের অর্থজ্ঞানও ব্যাকরণের অধীন। বেদ অধ্যয়ন করে বেদের অক্ষরগুলির গ্রহণ অর্থাৎ কণ্ঠস্থ করা হয়। বেদ কণ্ঠস্থ করে যদি তার অর্থজ্ঞান না করা হয়, তাহলে শুকপাধী প্রভৃতি যেমন বুলি শিক্ষা করে আবৃত্তি করে সেইরূপ অর্থজ্ঞানশূল বেদাধ্যায়ী বা অক্সশাস্বাধ্যায়ী যথন সেই সব শাস্থ্র উচ্চারণ করে, তথন ভার সেই উচ্চারিত শাস্ত্রাকা কোন কাজে লাগে না; ভক্ষে স্বভাছতির মত তা নিফল হয়। মন্ত্রাদির অর্থজ্ঞান পূর্বক যজ্ঞাদিতে প্রয়োগ করা হয়। অর্থজ্ঞান না থাকলে অফুষ্ঠান করা যায় না। বেদের অর্থজ্ঞানের অভাবে আত্মজ্ঞানও সমৃদিত হয না। ফলত অর্থঞানের অভাবে কর্মকাগুাত্মক বেদ থেকেও অভীষ্ট ফল পাওয়া যায় না এবং উপনিষদ থেকেও জ্ঞান হয় না। স্থতরাং বেদ থেকে ফল পেতে হলৈ অর্থজ্ঞান আবশুক। এই অর্থজ্ঞান ব্যাকরণ থেকেই হয়ে থাকে। স্বভরাং ব্যাকরণাধ্যয়ন না করলে বেদ বা অন্তান্ত শান্তাধ্যয়ন নিক্ল হয়ে যায় বলে, যাতে সেই অধ্যয়ন নিক্ষল না হয় তজ্জন্য ব্যাকরণাধ্যয়ত অবশ্য কর্তব্য। ১।২৩ নিৰুক্তেও এই শ্লোকটি উদ্ধত হয়েছে। এই শ্লোকটি নিৰুক্তকার বা মহাভাৱ-কার কোন শাগ্র থেকে উদ্ধৃত করেছেন তা জানা যায় না। নিঞ্চক্তে উদ্ধৃত এই লোকের একটু পাঠান্তর আছে। মহাভাল্যে বেখানে 'যদধীতম' এইরূপ পাঠ দেখা যায় সেথানে নিরুক্তে "যদ্গৃহীতম্" এইরূপ পাঠ দেখা যায়। নিরুক্ত অম্পারে এই শ্লোকটির পূর্বার্ধ এইরূপ হয়—"যদ্গৃছীতমবিজ্ঞাতং নিগদেনৈব শব্দাতে।" এর অর্থ, যাহা শব্দমাত্তে গৃহীত হয়েছে যার অর্থাংশ অপরিক্ষাত, বাহা কেবল পাঠের ঘারা উচ্চারিত হয় (৮০ নিগদেন = পাঠের ঘারা।

⁽৮৮) 'গুঃীজ শগতঃ, অধিক্রাজ্ তু অর্থতঃ"—শনকৌন্ত ১।১।

^{&#}x27; "ভ র গৃহীতং শব্দ ডঃ, অবিজ্ঞাতুসর্থ ১ ইতি বোধান্। [সহাভাব্যপ্রদীপ উল্মোভ ১৷১]

[&]quot;গৃহীতং শব্দ ঃ। অবিজ্ঞাতমৰ্থতঃ প্ৰকৃত্যাদিবিভাগোন চেন্তাৰ্থঃ। [বাছরণ[দুকান্তপ্ৰধানিবি

নিক্ষকে এই স্নোকের পূর্বে জ্ঞানের প্রশংসা ও জ্ঞানের নিন্দা করা হরেছে (৮৯)। মহাভাগ্যকার জ্ঞানের প্রশংসা ও জ্ঞানের নিন্দার জ্ঞা নির্ক্ষজাত্বত স্নোক উদ্ধৃত করেন নাই। তবে মহাভাগ্যকারের সিন্ধান্ত পরবর্তী "বদ্ধৃহীতম্" ইত্যাদি স্নোকের দারা বে বিষরটি প্রতিগাদিত হরেছে, পরবর্তী "বদ্ধৃহীতম্" শ্লোকে তাহা স্বস্পইভাবে বলা হরেছে। এইজ্ঞা মহাভাগ্যকার পরবর্তী শ্লোকের প্রদর্শনই লাঘবের অন্নরোধে সমীটীন মনে করেছেন।

এখানে দেখা বাচ্ছে বে, নিক্সকার যাস্ক এবং মহাভাষ্যকার পতঞ্চলি—
এই উভরের মতে অর্থজ্ঞানশৃন্ত বেদের অধ্যয়ন নিক্ষল। পূর্বমীমাংসাদর্শনের
মন্ত্রলিকাধিকরণে [মীমাংসাদর্শন ১।২।৩১-৫৭ পুত্র] যজ্ঞকর্মে অর্থল্পরণ করে
মন্ত্রের প্রয়োগের কথা বলা হরেছে। তাতে বুঝা যায়, যার অর্থজ্ঞান নাই তার
উচ্চারিত মন্ত্রের কোন ফল হর না। সেই ব্যক্তির উচ্চারিত মন্ত্রের ছারা
অন্তর্গিত ক্রিয়াও নিক্ষল হর।

কিন্তু বাগবজ্ঞাদি কর্মে এবং বর্তমানের স্বার্ত কর্মেও দেখা যায় জনেক বাজনিক কর্মকারী ব্যক্তি মন্ত্রাদির অর্থ নাজেনেও কর্ম করেন বা করান। তাথেকেও ফল হতেও দেখা যায়। এতব্যতীত শাস্ত্রে ব্রহ্মতেক্সের কামনা

⁽৮৯) "স্থাপুররং ভারহ্রেঃ কিলাকুল, অধীত্য বেদং ন জানাতি বাহর্থম। বোহর্পজ ইৎ সকলং ভাষমন্ত্র, নাক্ষেতি জানবিধূত গাপ্রাঃ" বে ব্যক্তিবেদ অধ্যয়ন করে তার অর্থে অনভিজ্ঞ সেই ব্যক্তি গুৰুত্বকের মত [এখানে গুৰু কাঠের অভ্যের মত] কেবলমাত্র ভারেরই বাহক" বিনি অর্থে অভিজ্ঞ, তিনি ইস্থলোকে সমন্ত কল্যাণের ভাগী হন এবং জ্ঞানের প্রভাবে সমন্ত পাণকে বিনষ্ট করে প্রলোকে স্বর্গের অধিকারী হন ॥

ব্ৰুতসংহিতাৰ এইৰাৰ একটি লোক দেখতে পাওৱা বাৰ-

[&]quot;বধা ধরক্ষনভারবারী, ভারদ্য বেতা ন তু চক্ষনসা।

अवः हि गाञानि बङ्कवीठा, চार्यव् कृताः वहवत् वहि ॥"

বেষদ গৰ্মত চন্দ্ৰনকাঠ বহন কৰে, ভাৱের জ্ঞান ভাব থাকে কিন্তু চন্দ্ৰবের জ্ঞান ভার থাকে না। সেইরূপ বে ব্যক্তি অনেকশান্ত অব্যাহন কল্পেও ভার অর্থে অন্তির্ক্তি, সে ব্যক্তি গ্র্মতিক মত ক্ষেত্রক বর্ষ্য করে অর্থাৎ ভার অধ্যয়ন ব্যর্থ হয়, শেই অধ্যয়নের ধারা সেইব্যক্তির কোল লাভ হয় না।

করে পঞ্চম বর্ষীয় বালকের উপনয়ন দেওয়ার বিধান আছে (১০)। পঞ্চমবর্ষের বালকের উপনয়ন হলে তার পক্ষে সন্ধ্যাবন্দানা অবশু কর্তব্য। কিন্তু পঞ্চমবর্ষের বালকের গায়জী বা সন্ধ্যাবন্দানার মন্ত্রের অর্থজ্ঞান সন্তব্য নয়। অথচ পঞ্চমবর্ষের বালকের যথন উপনয়নের বিধান আছে, তথন বুঝা য়াছে সন্ধ্যাবন্দানার মন্ত্রের অর্থজ্ঞান না থাকলেও সেই বালকের কেবল মন্ত্রোচ্চারণ থেকেও কললাভ হবে। এ থেকে বুঝা য়ায় অবস্থাবিশেবে অর্থজ্ঞান না থাকলেও মন্ত্রের উচ্চারল সম্পূর্ণভাবে নিফল হয় না। তবে অর্থজ্ঞান বাগলে অধিক ফললাভ হয়, অর্থজ্ঞানা-ভাবে নামান্ত ফল হয়। মহাভারে বা নিফকের যে অর্থজ্ঞানশৃন্ত ব্যক্তির মন্ত্রোচ্চারণ নিফল বলা হয়েছে সে নিফলের অর্থ ফলবিশেবের অভাব। ইহাই বুঝতে হবে। পূর্বমীমাংসার মন্ত্রলিগধিকরণে অর্থের স্থারকরণে মন্ত্রের উপ-বোগিতা স্থাক্ত হলেও স্থলবিশেবে অর্থের প্রকাশ না হলেও মন্তের ব্যর্থতা স্থাকৃত হয় নাই। অনুষ্টের জনকরণেও স্থলবিশেষে মন্তের উপযোগিতা আছে (১১) ইহা স্থীকৃত হয়েছে। অত্তর্ব অর্থজ্ঞান না থাকলেও মন্ত্রের উচ্চারণ সম্পূর্ণ ব্যর্থ হয় না, কিন্তু অর্থজ্ঞান সত্বে মন্তের উচ্চারণ থেকে ষেক্রপ বিশিষ্ট ফললাভ হয়, অর্থজ্ঞানাভাবে সেরূপ বিশিষ্ট ফললাভ হয় না॥ ১৫॥

মূল

"বছ প্ৰবৃঙ্কে।"

বস্তু প্রযুত্ত কুশলো বিশেবে
শকান্ বধাবদ্ বাবহারকালে।
সোহনস্তমাপ্রোতি জয়ং পরত্র
বাগ্রোগবিদ্ হয়তি চাপশকৈঃ।।

ক: ? বাগ্ৰোগবিদেব। কৃত এতং ? বো হি শলাঞ জানাত্যপশলানপ্যসৌ জানাতি। বথৈব হি শলজানে ধর্ম এবমপশলজানেহ
প্যধর্ম। অথবা ভ্রানধর্ম: প্রাপ্রেডি। ভ্রাংসোহপশলা অরীরাংসঃ শলা ইতি। একৈক্স্য হি শলস্য বহুবোহপ্রংশাঃ। ভদ্-

^{(&}gt;•) उन्नवह नकार्यमा कार्यः विश्वमा शक्या । [प्रमुनः विश्व र १००]

⁽৯১) ভাট্টণীপিকা [১ম অধ্যার ২ম পার ৪র্ছ অধিকরণ]

যথা—গৌরিতাসা শব্দ গাবী গোণী গোতা-গোণোত লিকেত্যেন-মান্যো বংবোহপজ্পোঃ। অথ বোহবাগ্যোগবিদ্, অজ্ঞানং তস্য শ্রণম ॥১৬॥

ভাষান—"যন্ত প্রযুত্তে" [এই প্রতীকের দারা যে প্রমাণ বাক্য স্টেড হয়েছে তাহা প্রদর্শিত হচ্ছে]। যে নিপুণ [ব্যক্তি] শন্ধ প্রয়োগের সময়, [অর্থ] বিশেষে শন্ধের যথায়থ প্রয়োগ করেন, সেই বাগ্যোগবিদ্ [শন্ধতন্ত জ্ঞ] পরলোকে অনস্ত জয় [অর্থাং অভ্যুদ্য] প্রাপ্ত হন এবং অপশন্ধ অর্থাং অভ্যন্ধর দ্বিত হন কে [অপশন্ধের—অর্থাং অভ্যদ্শন্ধর দারা দ্বিত হন কৈ [অপশন্ধের—অর্থাং অভ্যন্ধশন্ধর দারা দ্বিত হন]? [যিনি] বাগ্যোগবিং [শন্ধতব্জ] [তিনি] ই। কেন ইহা [হয়]? যিনি শন্ধ [ভ্র শন্ধ] জানেন, তিনি অপশন্ধও [অভ্যন্ধ শন্ধও] জানেন। যেমন [ভ্র শন্ধ] জানেন ধর্ম [হয়], এইরূপ অপশন্ধের আনের জানেন। যেমন [ভ্র শন্ধের জ্ঞানে ধর্ম [হয়], এইরূপ অপশন্ধের আর্থার প্রাপ্তি হয়। যেহেত্ অপশন্ধ অধিক, [সাধু] শন্ধ [অপশন্ধের অপেকা] আর । যেহেত্ এক একটি [সাধু বা ভ্রম] শন্ধের বহু অপশন্ধ বিদ্ধান্ধর হিত্যাদিরূপ বছু আন্তান [আছে]। আর যিনি অবাগ্যোগবিদ্ [শন্ধতব্জানশৃত্য] অজ্ঞান তাঁর শরণ।। ১৬।।

বিবৃত্তি—ব্যাকরণে যে শব্দ যে অর্থে প্রকৃতি প্রত্যয় প্রভৃতির দার। বৃংশাদিত হয় সেইশব্দ সেই অর্থে সাধু বা শুদ্ধ শব্দ। সেই অর্থের পরিত্যাগ করলে এবং অন্ত অর্থে সেই শব্দের প্রয়োগ করলে ব্যাকরণ বৃংশাদিত হলেও, ব্যাকরণের অনভিপ্রেত সেইরূপ অর্থে সেই শব্দ অপশব্দ অর্থাং অশুদ্ধ শব্দ। বর্তমানে প্রথম পুরুষের একবচনে 'ভবতি' পদ ব্যাকরণে বৃংপাদিত হয়েছে। 'ভবতী' এই স্থীলিল শব্দের সম্বোধনে প্রথমা বিভক্তির একবচনেও 'ভবতি' এই, রূপ ব্যাকরণে বৃংপাদিত। ব্যাকরণ সম্মত এই অর্থকে পরিত্যাগ করে কেহ যদি অন্ত অর্থে ভবতি' এই শব্দটির প্রয়োগ করে, তাহলে সেইশব্দ অপশব্দ হবে। বেমন কেহ যদি 'বং ভবসি" এইরূপ প্রয়োগের পরিবর্তে "বং ভবতি" এইরূপ প্রয়োগ করে তাহলে অশুদ্ধ হবেই। 'ব' শব্দের একটি অর্থ ধন। যার ধন নাই [অবিভ্যমানংখংযক্ত] এই অর্থে "অন্ত" শব্দ সাধু [শক্ত]। কিন্ত অন্থ

প্রায়ে 'অম্ব' শব্দের প্রয়োগ করলে তা শুদ্ধ হবেই। পশুজাতিবিশেষ ব্ঝাবার মডিপ্রায়ে অব্দে 'অম্ব' শব্দের প্রয়োগ করলে সেই 'অম্ব' শব্দি অশুদ্ধ হবে। কোন বিশেষ দেশে গক্ষকে ব্ঝাবার জন্ম "গোণী" এই অপভ্রংশ শব্দের ব্যবহার করা হোত। 'গো' অথে এই ''গোণী" শব্দ অশুদ্ধ। কিন্তু পাত্রবিশেষ ব্ঝাবার অভিপ্রায়ে যদি 'গোণী' শব্দের ব্যবহার করা হয়, তা হলে দেখানে ''গোণী" শব্দিকে সংস্কৃত সাধু (শুদ্ধ) শব্দ বলে ব্ঝাতে হবে। এইভাবে সর্বত্ত অথ বিশেষ অবলম্বন করে শব্দের সাধুত্ব (শুদ্ধতা) এলং অসাধুত্ব (শুদ্ধতা) ব্যবহাপিত হয়েছে (১০)।

যিনি বিশেষ নিপুণ, তিনিই অর্থ বিশেষ ব্যাতে শব্দের যথাযথ প্রয়োগ করতে পারেন, অন্যের পক্ষে তা সম্ভব নয়। শব্দের প্রয়োগ বিষয়ে এই যে নিপুণতা তা ব্যাকবণের অধ্যয়নের ছারাই অর্জন করতে হয়, অন্য প্রকারে তা সম্ভব নয়। এই শ্লোকে যে "বাঙ্গ্রোগবিদ্" শব্দটি আছে, তার অর্থ — "বাঙ্ক্ লব্দ ; তার যোগ = অর্থ বিশেষের সহিত্ সম্বন্ধ, বিদ্ = তার [শব্দার্থ সহন্ধের] জ্ঞাতা; অর্থ বিশেষের সহিত শব্দের যে সম্বন্ধ, তাহা থিনি জ্ঞানেন তিনি 'বাগ্যোগবিৎ'। এইরূপ অর্থ গ্রহণ করলে 'বাগ্যোগবিদ্' শব্দ থেকে "বৈয়াকরণ" এই অর্থ পাওয়া যায়।

"বাগ্যোগবিদ্" শব্দের অন্তর্গত 'যোগ' শব্দের অর্থ বিদি "চিন্তর্ন্তিনিরোধ" গ্রহণ করা হয়, তাহলে তার অর্থ অন্তর্নপ হবে। বৈয়াকরণগণের সিদ্ধান্তে শব্দের তুই প্রকার স্থরূপ আছে। কার্য ও নিতা। •ইহাদের মধ্যে শব্দের কার্য স্থরূপটি ব্যাবহারিক। যে সকল শব্দের হারা আমর লৌকিক ব্যবহার ক্ষেত্রে মনের ভাব প্রকাশ করি, সেই সকল শব্দ ব্যাবহারিক। ইহা শব্দের ক্রিত স্থরূপ। শব্দের হাহা নিত্যস্থরূপ তাহা পার্মার্থিক। ব্যাবহারিকশব্দে বর্ণের পৌর্বাপ্ররূপ ক্রম আছে, এইক্রম বাস্তবিক পক্ষেশব্দে নাই, কিন্তু বাস্তব শব্দের

⁽२२) ''व्यवर्गागामझः भक्ताः माधरवा विषयः स्टरत ।

নিমিত্তভদাৎ সৰ্বত্ৰ সাধুষ্ণ সমৰস্থিতম ।।", 🛛 বাক্যপদীয় ১।১০০ 📗

[&]quot;আৰপনে গোণীতি কৰিয়োগাভিধানে চ অব ইতি সাংক্ষৰ" [পুণারাজনীকা]

[&]quot;স এব শব্য কচিদৰ্থে কেন্টিরিমিন্তেন প্রবৃত্ত: সাধৃংদাধাই সাধু: বধাইখেংখনকো ধনাভার-নিমিন্তক: সাধুন্ধাতিনিমিন্তকোই সাধু:। পবি চ গোণীশক্ত: সাধ্যাৎপ্রযুক্ত: সাধুন্ধাতিনিমিত্ত-কোই সাধুং"। [মহাভাষাপ্রদীপ ১١১]

অভিব্যশ্রক ধ্বনির বে ক্রম সেই ক্রম শব্দে আরোপিত হয়ে কার্বশন্ত্রপে প্রক্রীক্ত
হয়। নিত্য কোটন্রপ শব্দ এই আরোপিতক্রমের হারা বৃক্ত হয়ে ব্যাবহারিক
অবস্থায় উপস্থি হয়। শব্দের বে নিতাশ্বরূপ অর্থাং নিত্য কোটাত্মক বে
শব্দ তাহাই সমন্ত জগভের উপাদান কারণ এবং নিমিন্তকারণ। বিনি বাগ্বোগবিদ্, বিনি এই নিত্যচৈত্তশ্বরূপ শব্দরক্ষে চিন্তের বৃত্তির নিরোধের
সম্পাদনে অভিক্র তিনি অজ্ঞানবন্ধন অভিক্রম করে এইশব্দ রক্ষের সহিত ঐক্য
প্রাপ্ত হন [বাকাপদীয় পুণারাজ্ঞটীকা ১৷১৩২]। এই বিষয়টি পরিক্রট করবার
ক্রম্ব পুণারাজ্ব বাক্যপদীয়ের [১৷১৩৩] টীকায় কোন অজ্ঞাত গ্রন্থ থেকে তিন্তি
ক্রোক উদ্ভূত করেছেন:—

প্রাণর্ভিমতিকান্তে বাচন্তবে ব্যবস্থিত:।
ক্রমসংহারবোগেন সংক্রত্যান্থানমান্থনি।।
বাচ: 'সংস্থারমাধার বাচং জ্ঞানে নিবেশ্র চ।
বিজ্জ্য বন্ধনাস্থলা: কুরা তাং ছিন্নবন্ধনাম্।।
স্ব্যোতিরান্তরমাসাত্য ছিন্নগ্রন্থিহম্।
পরেণ স্ব্যোতিবৈক্তং ছিন্না গ্রন্থীন প্রপত্ততে।।

বাক্ অর্থাৎ শব্দের বে বথার্থ ব্রহণ, ভাহা প্রাণবার্র ব্যাপারের অভীত। ক্তরাং প্রাণবার্র ব্যাপারকে প্রাণায়ামের দ্বারা নিরুদ্ধ করতে না পারলে, শক্ষরদ্বের বথার্থ ব্যাপারকে প্রাণায়ামের দ্বারা নিরুদ্ধ করতে না পারলে, শক্ষরদ্বের বথার্থ ব্যাপের অন্থায় বার না। যিনি বাক্তব্বের উপলব্ধি করতে ইচ্ছুক, তাঁকে প্রাণয়ামের অভ্যাসের দ্বারা 'কৃন্তক' করে প্রাণবার্র ক্রিয়ার রোধ করতে হবে। এই অবস্থায় তিনি বাক্তব্বে অবস্থিত হতে পার্বেন অর্থাৎ তাঁর শক্ষরদ্ধ বিষয়ক সবিকল্প সমাধিলাভ হবে। ভারপরে বে যোগে [সমাধিতে] ক্রমের অবভাগ হর না সেই অক্রম অর্থাৎ নির্বিকল্পক সমাধির সহায়ে আত্মাকে আত্মাতেই সংস্কৃত করতে হবে অর্থাৎ নির্দের ব্যারপ প্রতিষ্ঠিত করতে হবে। এইরূপ সমাধি লাভ হলে বাক্ত্রের শক্ষরদ্ধে যে সকল অজ্ঞান কল্পিত মল সংস্কৃষ্ট হবে আছে, তা থেকে সেই বাক্তব্বের ভব্দি সাধিত হর। নির্বিকল্প সমাধি অবস্থায় চিত্তের পূর্ণ হৈর্ঘ সাধিত হওয়ায়, যথার্থ বন্ধর গ্রহণে চিত্তের যে সামর্থ্য অন্তির্যক্ত হয়, তার প্রভাবে শক্ষরদ্ধের যথার্থ ব্যান্থবিক্ষ অভিবৃদ্ধি হয়। এই অবস্থায় বাক্তব্বের সহিত ব্যান্থ প্রভিত্তাত্ব বে বাজাবিক্ষ অভেদ বিভ্যমান, তা সেই যোগীর দৃষ্টিতে প্রভিভাত

হয়ে যায়। চৈতভাময় যে 'বাক্তন্ব' তার থেকে অজ্ঞানকল্পিত মলের বিয়োগ হলে, সেই বাক্তন্ত অজ্ঞান সম্মাণ্ড হয়ে যায়। সর্ধপ্রকার অজ্ঞানকল্পিত বন্ধন থেকে বিমুক্ত যে বাক্তন্ত তাহাই স্বয়ংপ্রকাশ ব্রহ্ম। বিনি 'বাগ্রোগ্রিষ্ণ' তিনি এই পরম স্বোতিঃ অর্থাৎ স্বয়ং প্রকাশমান শব্দব্রহ্মের সহিত ঐক্যালাভ করেন অর্থাৎ মোক্ষলাভ করেন। বৈয়াকরণগণ এই 'বাক্-তন্ত' ও উপনিষৎপ্রতিপান্ধ স্বয়ং জ্যোতিব্রহ্মের মধ্যে কোন পার্থক্য স্বীক্রের করেন না। অতএব বৈয়াকরণ সম্প্রদায়মতে বিনি বাক্তন্তের সাক্ষাৎকার লাভ করেছেন।

এইভাবে দেখা গেল 'বাগ্যোগবিদ' শব্দের যে অথ'টি ব্যাবছারিক ক্ষেত্রর সহিত সম্বন্ধ সেই অথ'টিই এখানে গ্রহণ করলে সামঞ্জন্ম রক্ষিত হয়। যিনি শব্দ ও অথের সম্বন্ধ বিষয়ে অভিজ্ঞ, তিনি ব্যবহারকালে অথ'বিশেষে শব্দের যথায়থ প্রয়োগ করতে সমথ'। স্কৃতরাং এখানে পভঞ্জলি 'বাগ্যোগবিদ' শব্দের দারা তাঁকেই লক্ষ্য করেছেন, অতএব দেখা যাছে এখানে বাগযোগবিদ শক্ষ্টির বৈয়াকরণ অর্থে প্রয়োগ হয়েছে (৯৩)।

"যন্ত প্রযুঙ্জে কুশলো বিশেষে" ইত্যাদি শ্লোকের শেষভাগে "ত্যুতি চাপশক্রৈং" এই বাক্যটি আছে। "ত্যাতি" অর্থাৎ 'ত্তু হয়' এই ক্রিয়াপদের কোন
কর্তার নির্দেশ নাই। যদিও "বাগ্যোগবিৎ" এই পদটি "ত্যাতি" এই ক্রিয়াপদের নিকটে উচ্চারিত হয়েছে তথাপি সেই 'বাগ্যোগবিৎ' পদের সম্বন্ধ
"ত্যাতি" এই ক্রিয়াপদের সব্দে আহে কিনা, এ বিষুয়ে সন্দেহ হতে পারে।
এই সন্দেহ নিরাকরণের জন্ত মহাভাষ্যকার "ত্যাতি" ক্রিয়ার কর্তা কে – এই
বিষয়ে বিচারের অবতারণা ক্রেছেন।

⁽৯৩) নাগেশভট্ট এথানে বৈদ্বাক্ষণ অর্থেই "বাগ্বোগবিং" শক্টিকে ব্যাখ্য করেছেন—
"বাচো বোগং প্রকৃতিপ্রভাষবিভাগেন অর্থবিশেষপর্ত্ত্র, হবন্ত্রীতি বাগবোগবিং"। (মহাভাষ্য
প্রদীপোল্যোক্ত) বাক্ অর্থাং শদের, যোগ—প্রকৃতি প্রভাগের বিভাগের বারা অর্থবিশেবের
প্রকিনাদনসামথা—ইহা বিনি জানেন তিনি বাগবোগবিং। শন্ধবি শবের সহিত অর্থবিশেবের
সম্বন্ধ আছে বলেই, কোন বিশেষ শদের বাবা কোন বিশেষ অর্থের প্রতীতি হয়। শদের এবং
অর্থের এই যে পরম্পর সম্বন্ধ, ইহা প্রকৃতি প্রভাগ বিভাগ বারা ভানতে পারা বায়। অত্রব ধিনি
বাগ্রোগবিদ্ অর্থাং বৈদ্বাক্রণ, তিনি প্রকৃতি প্রভাগের বিভাগের বারাই শদের অর্থবিশেষ
প্রতিপাদনের যে যোগ্যভা ভাহা জানতে পারেন। বাক্—শন্ধ, বোগ—সম্বন্ধ, বিং—জ্ঞাভা।
এই সমস্ত্র পদ্যির আক্ষরিক অর্থ—শদের যে (অর্থের সহিত্ত) সম্বন্ধ, ভার বিনি জ্ঞাতা অর্থাং
শন্ধ ও অর্থের যে প্রস্পর সম্বন্ধ—সেই সম্বন্ধ বিনি জ্ঞানেন।

এখানে ভাষ্যকার পূর্বপক্ষপে বংগছেন—যিনি বৈয়াকরণ তিনি অশুদ্ধ শব্দ-বেকে পৃথগ্ভাবে শুদ্ধ শব্দকে জানেন বলে অশুদ্ধ শব্দেরও তাঁর জ্ঞান আছে। তিনি ষেমন শুদ্ধ শব্দ জানেন, তেমনি অশুদ্ধ শব্দও জানেন। শুদ্ধশব্দের জ্ঞান থেকে বৈয়াকরণের গেরূপ ধর্মগাভ হয় সেই ধর্মের ফলে ঐহিক ও পারগোকিক অভ্যাদয় [কল্যাণ] লাভ হয়, সেইরূপ অশুদ্ধশন্দের জ্ঞানের ফলে তাঁর অধর্মের প্রাপ্তি অবশ্রম্ভাবী। শ্লেমার জনক স্নিগ্ধবস্তুর ভোজন করলে তা থেকে শ্লৈমিক বোগ উৎপন্ন হয় এবং তার বিপরীত রক্ষবস্তুর আহার করলে সেই লৈমিক রোগ দুরীভূত হয় । এখানে দেখা যাছে—পরস্পর বিরুদ্ধস্বভাব বিভিন্ন বস্তু খেকে বে বিভিন্ন ফল উৎপন্ন হয়, দেই ফলও পরস্পার বিপরীত স্বভাবের হয়ে থাকে। স্থতরাং বৈয়াকরণের সাধুশব্দের জ্ঞান থেকে যেমন ধর্মলাভ হয়, সেইরূপ অসাধুশব্দের জ্ঞান থেকে অধর্মের প্রাপ্তি হবেই। ভাষ্যকার এইকথা বলে পরে षात्र এकটा कथा वनारहन-- अथवा विदाकतरावत धर्म षराया षर्भ विमी हरत। কারণ সাধুশব্দের অপেক্ষা অসাধু শব্দ সংখ্যায় অনেক বেশী। এক একটি সাধু শব্দ যে অর্থের বোধক হয়, সেই অর্থের বোধক অসাধু শব্দ অনেক। যেমন দুষ্টাস্ত হিদাবে বলেছেন "গোঃ" এই একটি সাধুশব্দের অপভংশ [অশুদ্ধ] গাবী, গোণী ইত্যাদি অনেক শব্দ আছে। সাধুশব্দের জ্ঞান করতে গেলে অসাধু শব্দের জ্ঞান অবশ্রস্তাবী। যে বৈশ্বাকরণ নয়, সে অঞ্চ। এই অজ্ঞতাই অবৈয়া-করণের অধর্ম থেকে অব্যাহতিলাভের একমাত্র হেতু। যে অজ্ঞ, শাম্বের দৃষ্টি-তেও সে কমার্। পত্ত, পক্ষী, দরীস্প প্রভৃতি জন্ধ বান্ধণ হত্যাদি নিধিক আচরণ থেকে কোন পাপ খ্য়না। এইরূপ মাহুষের মধ্যে ধারা অজ্ঞ, তারা পশুর সমান। তাদের পক্ষে অশুদ্ধশব্দের উচ্চারণ দোষজ্বনক হতে পারে না। **ষ্মতএব এধানে ''হয়তি" ক্রিয়ার কর্তা—ক্ষন্ত কেউ নয় কিন্তু** যিনি 'বা<mark>গ্যোগ-</mark> াবদ্' অর্থাৎ বৈশ্বাকরণ ভিনিই ইহার কর্তা। ইহাই – এই পূর্বপক্ষাত্মক ভাল্সের मात्रारम् ॥ ७७ ॥

मृम।

বিষ্ম উপকাস:। নাজ্যস্তায়াজ্ঞানং শরণং ভবিত্মহঁতি। বো হুজানন্ বৈ বাহ্মণং হস্তাৎ সুৱাং বা পিবেৎ, দোহণি মক্তে পতিত: স্থাং ॥ ১৭॥ জাসুবাদ—[এই] উপস্থাস [বাক্য] বিষম [অসকত]। অজ্ঞান জাতাস্ক:
শ্বণ হতে পারে না। যে না জেনে ব্রাহ্মণ বধ করে, অথবা হ্রা পান করে,
দেও পতিত হয়—ইহা মনে করি॥ ১৭॥

প্রদার্থকান:—''অত্যস্তায়'' এই পদটি একটি জবার, অত্যস্ত শব্দের চতুর্ণী নয়। অর্থ = অত্যস্ত। বিষম: = [এধানে] অসকত অর্থাৎ অযুক্ত। উপত্যাস: =বাক্য [''অজ্ঞানং শরণম্'' এই বাক্য]।। ১৭।।

বিবৃত্তি—অশুদ্ধ শব্দের জ্ঞান থেকে বৈয়াকরণের পাপ হবে আর অবৈয়া-করণের অশুদ্ধ শব্দের উচ্চারণ থেকেও পাপ হবে না— অজ্ঞানই অবৈয়াকরণের পাপ হতে অব্যাহতি পাবার হেতু —এই কথা পূর্বে পূর্বপক্ষী বলেছিল। পূর্ব-পক্ষীর বাধকরণে এখন দিলান্তী বলছেন—"বিষম উপভাদঃ"। অর্থাৎ ঐ পুর্বোক্ত কথা [বৈয়াকরণের পাপ, অবৈয়াকরণের অব্যাহতিলাভ ইত্যাদি] অসমীচীন। যারা শাস্ত্রে অধিকারী তাদের শাস্তাত্মশীলন ষেমন অবশু কর্তব্য সেইরপ শান্ত্রনির্দিষ্ট বিধি ও নিষেধপরিপালনও অবশ্রুকর্তব্য। যে অজ্ঞ দে তুইটি অপরাধে অপরাধী হয়। শাম্বের অনুশীলন যাহা তার অবশ্যকর্তব্য তাহ! না করার জন্ম এক অপরাধ। দ্বিতীয়ত: শাস্তজ্ঞান না থাকায়, অজ্ঞব্যক্তি শাস্ত্রামুকূল আচরণের বর্জন এবং শাস্ত্রনিষিদ্ধ আচারের অষ্ঠান করে অপরাধভাগী হয়। অজ ব্যক্তি এইভাবে ভার অজ্ঞানের জ্ঞ দ্বিগুণ পাপে পাপী হলেও তার ক্ষজ্ঞতাকে তার পাপ থেকে অব্যাহতিলাভের হেতুরূপে যে বর্ণনা করা হয়েছে, তাহা কোনরূপে মুক্তির ধারা সমর্থিত হতে পারে না। স্বভরাং ইহা বিষম উপস্থাস। যদিও অজ্ঞানবশত পাপ, জ্ঞানীর পাপ অপেক্ষা লঘু পাপ, তথাপি সেই অজ্ঞান কিন্নপ, কোথায়, তাহা বিচার্ধ। শাল্পে ব্রাহ্মণহত্যা, স্থরাপান, চৌর্য, মিধ্যাভাষণ প্রভৃতিকে পাপ কর্ম বলা হয়েছে। গেই সকলশান্ত্র না জেনে যদি কেহ ব্রাহ্মণহত্যাদি কর্ম করে, তা হলে তার নিষেধশান্ত্র না জানা হেতু যে পাপ লঘু হবে, এটা কিন্তু শান্তের অভিপ্রায় নয়। এই সকল শান্তের জ্ঞান থাকুকু বা না থাকুক, ভাতে কিছু আদে যায় না। যদি কেই আত্মণকে আত্মণ বলে জেনে হত্যা করে, সে কেত্তে সেই ঘাতক ব্যক্তি ব্রাহ্মণ্ছত্যার নিষেধশাল্প না জানলেও তার সম্পূর্ণ পাপ হবে। তবে যদি কেছ আন্ধণকে আন্ধ্ৰণ বলে না জেনে বধ করে বা স্থরাকে স্থরা বলে না জেনে জলভ্ৰমে স্থাৰ পান কৰে, তাহলে•সে ক্ষেত্ৰে তাৰ বাৈন্ধণ হত্যাৰ বা স্বাপানের সম্পূর্ণ পাপ হবে না। এইরপ অজ্ঞানই তার পাপের অল্লভার হৈত্ হবে। শাল্লাফুশীলন না করে যে শাল্ল বিবয়ক অজ্ঞান—তার হারা পাপের অল্লভা সম্পাদিত হবে না। এই যুট্টি অপশব্দের সম্বন্ধেও প্রয়োজ্য। যদি কেই নিবেধশাল্প না জেনে যজ্ঞাদি কর্মে অপশব্দ প্ররোগ করে, তাহলে তার সেক্ষেত্রে অভ্যন্ধ শব্দ প্রয়োগ করে বা তারবা অভ্যন করে আভান পাপ থেকে অব্যাহতি লাভের হেতু হতে পারে না।। ১৭।।

মূল

এবং তর্হি "সোহ নস্তমাপ্রোতি জন্নং পরতা বাগ্যোগবিদ্ ছ্যাতি চাপশবৈদঃ"। কঃ ? অবাগ্যোগবিদেব। অধ্যো বাগ্-যোগবিদ্ বিজ্ঞানং তস্তা শরণমু।। ১৮।।

আমুবাদ—তা হলে [বৈয়াকরণের পাপশহা হলে] সেই বাগ্যোগবিদ্
[বৈয়াকরণ] পরলোকে অনস্ত জয় প্রাপ্ত হয় এবং অপশন্ধসমূহবার। দ্বিত
হয়। কে ? [উত্তর] অবাগ্যোগবিদ্ [ব্যাকরণজ্ঞানহীন]। আর বিনি
বাগ্যোগবিদ্, বিজ্ঞান তাঁর শরণ [পাপ থেকে অব্যাহতিলাভের হেতু]॥ ১৮॥

বিশ্বজি—পূর্বের ভাষ্যে বলা হয়েছে অবাগ্যোগবিদ্ অর্থাৎ অবৈয়াকরণ ব্যাকরণের অঞ্চান বশত অসাধু শব্দের প্রয়োগ করে যে পাপ থেকে অব্যাহতি পাবেন তা হতে পারে না। হতরাং পূর্বপক্ষী যে বলেছিল, "অজ্ঞানই শরণ অর্থাৎ পাপ থেকে অব্যাহতি পাবার হেত্" পূর্বপক্ষীর সেই কথা খণ্ডিত হয়ে গেছে। কিন্তু পূর্বপক্ষী যে আর একটি আশব্দা করেছিল "বৈয়াকরণের সাধু শব্দের জ্ঞান থেকে যেমন ধর্ম হবে, সেইরূপ অসাধুশব্দের জ্ঞান থেকে অধর্ম হবে।" এই আশব্দার উত্তর তো দেওয়া হয়নি। তার উত্তর কি হবে? তার উত্তর কি সিদ্ধান্তী এভিরে গেলেন? না। সেই উত্তর দিবার জন্ম এখন ভাষ্যকার "এবং তহি" ইত্যাদি বাক্যের অবতারণা করেছেন। সে অর্থাৎ বৈয়াকরণ পরলোকে অনন্ত জন্ম অর্থাৎ দীর্ঘকাল স্থপভোগাদি প্রাপ্ত হয়। এই কথার থারা ব্রা যাছে, বিনি বৈয়াকরণ তিনি সাধুশব্দের জ্ঞান পূর্বক সাধুশব্দের প্ররোগ করে, সেই সাধুশব্দের প্ররোগ বশত ধর্মের লাভ করে অর্গাদিতে ক্রার্কাল স্থপভোগ করেন; সাধুশব্দের জ্ঞানমাত্রথেকে ধর্মলাভ পূর্বক স্থগাদি

লাভ করেন না। যদি সাধুশব্দের জ্ঞান থেকেই ধর্মলান্ত হোত তা হলে জ্ঞান্ত্রপ ভাবে অসাধুশব্দের জ্ঞান থেকে অধর্মও হোত। কিন্তু এখানে তো বৈয়াকরণের অধর্মকলের কথা ভাষ্যকার বলেননি। স্তরাং অনম্ভারপ্রাপ্তি মাত্রের কথা ভাষ্যকার কতু্র্কি অভিহিত হওয়ায়, ভাষ্যকারের উক্ত অভিপ্রায়ই জ্বানা যায়। আর শ্লোকের "হয়তি চাপশবৈঃ" এই অংশের ব্যাখ্যায় ভায়কার বলুলেন "কে অপশব্দ বারা দৃষিত হয় ? [উত্তরে] অবাগ্যোগবিদ্ই।" ভাষ্যকারের এই কথায় স্পষ্ট বুঝা যাছেছে যে, বৈয়াকরণ অপশব্দ দ্বারা দ্বিত হয় না। ভাহলেই আমরা দেখতে পাচ্ছি, বৈয়াকরণ সাধুশব্দের ও অসাধুশব্দের পরিচয় জানেন বলে, অসাধুশব্দের প্রয়োগ না করে, সাধুশব্দের প্রয়োগ করেন, সেই প্রয়োগ থেকে তিনি ধর্মলাভ পূর্বক পরলোকে অনন্ত জয় প্রাপ্ত হন। আর অবৈয়াকরণের সাধু অসাধুশব্দের বিবেকজ্ঞান না থাকায় সে অসাধু শব্দেরও প্রয়োগ করে বলে, সেই অসাধুশন্ধ প্রয়োগঞ্জনিত দৃষিত অর্থাৎ পাপপ্রাপ্ত হয়। ইহাই ভাষ্যপর্বালোচনা থেকে ভাষ্যকারের অভিপ্রায় বলে বুঝা যায়। অপশব্দ অর্থাৎ ব্যাকরণ প্রতিপাদিত যে শুদ্ধ শব্দ, সেই শুদ্ধশব্দ ব্যতীত অস্তা যে সকল অশুদ্ধ শব্দ, সেই অশুদ্ধশব্দ সমূহ ধারা বৈয়াকরণ দূষিত হতে পারে না—ইহা উপরে বলা হলো। শুদ্ধ শব্দের জ্ঞান করতে গেলে, অশুদ্ধ শব্দের জ্ঞান অবর্জ-নীয়। একটি উদ্দেশ্য সাধন করতে গেলে, সেই উদ্দেশ্য সিদ্ধির অমুকূল যত্ত্ব থেকে আফুষত্মিকরপে অবর্জনীয়রপে যদি কিছু দিল্ধ হয়ে যায়, তবে দেহলে আমুষ্পিকরূপে দিন্ধ বস্তুর পৃথক্ ফল থাকে না। কেন্দ্র বস্তুর চাক্ষ্ব প্রত্যক করতে গেলে চক্ষ্র উন্মীলন করতে হয়। চক্ষ্র উন্মীলন ব্যতীত দর্শনব্যাপার নিষ্পন্ন হয় না। এথানে দর্শনব্যাপারের বা ফল [হুথ ইত্যাদি] চক্ষ উদ্ধী-লনেরও তাই ফল, অন্তকোন ফল চক্ষ্র উন্মীলনের দেখানে নাই। এইবপ যিনি সাধুশব্দের জ্ঞান অন্ধন করেন, তাঁকে অপশব্দ থেকে পৃথক্করে সাধুশব্দের জ্ঞানলাভ করতে হয় বলে তাঁর পক্ষে অপশব্দ অর্থাৎ অসাধুশব্দের জ্ঞান অবজ্ঞ-নীয় বলে সাধুশব্দের জ্ঞানের যা ফল আছুষন্ধিকভাবে অসাধুশব্দের জ্ঞানের ও তাহাই ফল, পৃথক্ফল নাই। স্বতরাং অরাধুশকের জ্ঞান থেকে অধর্মরূপ ·পৃথক্ফল হতে পারে না। সাধুশব্দের জ্ঞাম থেকে সাধুশব্দের প্রয়োগ করে ধর্ম ্লাভ হয়, অসাধুশব্দের আ**ছ্**ষ্**ৰিক জা**নেরও সেই ধর্মলাভই ফল, অধর্ম নয়।

এইজন্য এখানে ভাষ্যকার বলেছেন—"অথ যো বাগ্যোগবিদ্ বিঞানং জক্ত শরণম্"—বিনি বৈয়াকরণ জ্ঞানই তাঁর পরিজাণের উপায় (১৪।

এখানে একটা প্রশ্ন হতে পারে—"সোহনন্তমাপ্নোতি ·····বাগ্ বোগবিদ্ ছ্যাতি চাপশবৈদ্ ।" এই শ্লোকে "অপশবৈদ্য ছ্যাতি" চ" অর্থাৎ 'অপশবেদর বারা দ্বিত হন' এই দ্বিত হওয়ার কর্তা কে ? সন্নিধানে "বাগ্ যোগবিদ্" শব্দ আছে। স্থতরাং দেই "বাগ্ যোগবিদ্" শব্দের অর্থ বৈরাকরণেরই দ্বিত ক্রিয়ার সহিত অন্বয় হওয়া উচিত বলে—"বাগ্ যোগবিদ্ই" অর্থাৎ বৈরাকরণই অপশব্দের বারা দ্বিত হবেন। অথচ ভাষ্যকার বললেন "কঃ ? অবাগ্ যোগবিদেব ।" কে 'অপশব্দ বারা দ্বিত হয় ? অবাগ্ যোগবিদই ।" অবাগ্ বোগবিদের অর্থাৎ অবৈয়াকরণের দ্বিত হওয়া ক্রিয়াতে অন্বয় কি করে হলো ? এখানে তো শ্লোকে "অবাগ্ যোগবিদ্" শব্দ নাই।

এর উত্তরে কৈয়ট বলেছেন—"ত্য়াতি চাপশকৈঃ" এই "ত্য়াতি" কিয়াপদের সন্ধিনে "বাগ্বোগবিদ্" শব্দ থাকলেও বাগ্বোগবিদের সব্দ ত্য়াতি কিয়ার অন্বরের সামর্থ্য অর্থাৎ বোগ্যতা নাই। বাগ্বোগবিদ্ অর্থাৎ বৈয়াকরণ অপশব্দের বারা দ্বিত হন না—ইহা পূর্বে বলা হয়েছে। বৈয়াকরণের অপশব্দ বারা দ্বিত হন না—ইহা পূর্বে বলা হয়েছে। বৈয়াকরণের অপশব্দ বারা দ্বিত হওয়ার সামর্থ্য আছে বাগ্যোগবিদের নাই বলে অবাগ্যোগবিদ্ শব্দটি অধ্যাহার করে তার সব্দে হেয়াতি শব্দের সম্বন্ধ করতে হবে। মীমাংসা দর্শনে— "প্রতিলিম্বাক্যপ্রকরণস্থানসমাধ্যানাং সমবায়ে পারদৌর্বল্যমর্থবিপ্রকর্বাৎ" [মীমাংসাদর্শন তৃতীয়াধ্যায়, ওয় পাদ-১৩] ইত্যাদি অধিকরণে লিম্ব অর্থাৎ সামর্থ্যকে বাক্য, প্রকরণ, স্থান ও সমাধ্যা থেকে বলবন্তর বলা হয়েছে। স্থানই এথানে সন্ধিধি। কৈয়টে উক্ত প্রকরণ শব্দের অর্থ 'সন্নিধি' এই কথা বলেছেন নাগেশভট্ট (১৫)॥ ৩৮॥

⁽৯৪) সংক্রোকার পরে এই পশ্শাহ্নিকেই—'জানে ধর্ম ইতি চেন্তগাহ ধর্মঃ'' এই পূর্বপক্ষ বার্তিকের সমাধানে পুনরায় এই বিষয়ের বিচারের অবতারণা করে/ছেন।

⁽৯৫) 'প্ৰকৃষণাং সাৰ্ব্যৰেগীয় ইত্যাহ—অবাদ্বোগৰিবিতি ॥" [মহাভাব্যপ্ৰণীপ ১١১] 'প্ৰকৃষণাদিতি সন্মিৰ্থিয়তাৰং" [বহাভাব্যপ্ৰণীপেন্ধ্যত ১১১]

মূল

ক পুনরিদং পঠি ১মৃ ? জাজা নাম ল্লোকাঃ। কিঞ্চ ভো:, শ্লোকা অপি প্রমাণম ? কিঞাত: ? যদি শ্লোকা অপি প্রমাণম, অয়মপি শ্লোকঃ

প্রাণং ভবিতৃমহ ডি--

বতুত্বরবর্ণানাং ঘটানাং মণ্ডলং মহৎ। পীতং ন গময়েৎ স্বৰ্গং কিং তৎক্ৰতুগতং নয়েৎ।

ইভি। প্রমন্তগাভ এষ ভত্তভবভ:। বস্তু প্রমন্তগাভস্তৎ প্রমাণম। ' यख अयुष्ट्रक" ॥ : >॥

অনুবাদ—ইহা [এইপদ্য] কোথায় পঠিত [আছে]? ভ্ৰান্ধা নামক লোকসমূলায় [আছে, তাহাদের মধ্যে এই পদা পঠিত আছে]। কি হে, লোকও প্রমাণ ? তাতে কি [লোক স্কল প্রমাণ হলে ক্তি কি ?] লোকসকল যদি প্রমাণ হয় [তা হলে] এই লোকও প্রমাণ হতে পারে—তাম্রবর্ণ [সুরা] ঘটের বিপুল মণ্ডল [সমূহ] পীত হলেও [পান করলেও] [যদি ভাহা] স্বর্গমনের হেতু না হয়, বজ্ঞস্থিত তাহা [স্বরা] কিরপে স্বর্গপ্রাপ্ত করাতে পারে ? ইহা পুঞ্জোর [বুদ্ধদেবের] প্রমন্তগীত [বেদ বিরোধ অবলম্বন করে উক্তি]। যাহা অপ্রমন্তগীত [বেদের অবিরোধে উক্তি] তাহা প্রমাণ। ''যম্ব প্রযুক্তে'' [এই প্রতীকের মারা যে প্রমাণবাক্য স্থিচিত হয়েছিল, তার প্রদক্ষ সমাপ্ত হোল]।। ১>।।

বিবৃত্তি—"বন্ধ প্রযুক্তে" ইত্যাদি শ্লোক ভাষ্যকার প্রমাণরূপে উদ্ধৃত করেছেন। ইহা কোন গ্রন্থ থেকে উদ্ধৃত হয়েছে, তাহা বলবার জন্ম ভাষ্যকার নিজেই প্রশ্ন উঠিরেছেন—"ক পুনবিদং পঠিতম্ ?" কোথায় এই সোক অর্থাৎ পত্ত পঠিত আছে ? এই স্নোকের প্রামাণ্যের সমর্থন অভিপ্রায়েই – এই প্ররের উত্থাপন হয়েছে। এই প্রশ্নের উত্তরে বলা হয়েছে 'আজা' ১৬)

⁽२७) এই লোকট কভারন প্রণীত বলে বুঝা বার। কারণ সকল ব্যাপ্যাকরিই ইহাকে কাতাারন প্রণীত ব্লেছেন। কাতাারন প্রণীত এইরূপ অনেক লোক ছিল। এসব লোকের নাম "আলা" বলে অভিহিত হয়েছে। তবে "আলা:" পদটি আল শব্দের বছৰচনান্তরূপ কিংবা ''ভ্ৰাক্ৰা' শ'দের বছবঃনান্তরূপ ডঃ আঁর এখন নিশ্চর করা বাছ মা। ব্যাখ্যাকাররা ভ্রাক্সাখ্যলোকাঃ" এইরাপ উরেধ করে:ছন। কেউ স্পষ্টভাবে "ভাল" এইরাপ অকারাস্ত বলেই নাই বা স্থাকারন্তেও বংগন নাই। নাগেশভট্ট বুলেছেন 'ব্যা**লা। নাম কাজার**ন প্র**ণীডা: নোকা** ইজাছ:।'

নামক কতকগুলি লোক আছে, তাদের রচরিতা কাত্যারন। সেই প্লোক সমূহের মধ্যে এই প্লোকটি পঠিত। বেদবিশাসী আছিকগণ শব্দ প্রমাণরূপে প্রতিকেই প্রধান বলেন। শ্রুতিভিন্ন শ্রুতির অন্তর্কুল ও শ্রুতির অবিরোধী শ্বৃতি সমূহকৈও শব্দপ্রমাণরূপে বেদবিশাসী আছিকগণ গ্রহণ করেছেন। যে কোন শ্লোককে প্রমাণ বলে গ্রহণ করলে অনেক প্রকার অব্যব্দার সভাবনা হয়। বৌদ্ধ ও কৈন সম্প্রদায়ের অন্তর্গত বেদবিরোধীরা বৈদিক অন্তর্গানের নিন্দাস্থাক অনেক প্রমাণ রচনা করেছিলেন। প্লোকমাত্তকে প্রমাণ শ্রীকার করলে সেই সকল প্লোকের প্রামাণ্যও অন্তর্গত হতে পারবে না। সৌ্রোমণি থাগে স্থরার ছারা হোম করবার বিধান আছে (২৭)। সেই হোমের অবশিষ্ট স্থরা পান করারও বিধি আছে। যক্ষে হোমাবশিষ্ট স্থরার পান বেদবিহিত বলে ধর্ম, অধর্ম নয়। বৌদ্ধ সম্প্রদায়ে ইহার নিন্দার জন্ম সেকালে একটি শ্লোক প্রচলিত ছিল:—

"ষতুত্বরবর্ণানাং ঘটীনাং মণ্ডলং মহৎ। পীতং ন গময়েৎ স্বর্গং কিং তৎ ক্রতুগতং নয়েৎ।।"

এই লোকটি কোন্ এদ্বে আছে তা জানা যায় না। মহাভাষ্যকার এই লোকের প্রণেতার উদ্দেশ্যে "তত্ত্বতঃ" [পৃজ্যশু] এইরপ সম্মানস্চক বিশেষণ বলেছেন। ইহাতে অনেকে মনে করেন—বুদ্দেবে স্বয়ং সোঁতামণিযাগের ধর্মন্ব পশুনের উদ্দেশ্যে এই শ্লোক রচনা করেছিলেন।

পূর্বে তামার ঘটে স্থরা রাধার রীতি ছিল। সেইজন্য এই শ্লোকে বলা হয়েছে, ভাশ্রবর্ণ ঘটের মহং মণ্ডলকেও [মহাসম্দায়ও] যদি কেছ পান করে অর্থাৎ যদি কেছ প্রচুর স্থরাপান করে তা হলেও সেই স্থরাপানকর্তা স্থরা-শানের ফলে স্থর্গলাভ করতে পারে না। এরপ অবস্থায় যজ্ঞে অল্পমাত্র হুরা-শানের ফলে সেই যজ্ঞকর্তা স্থর্গে যাবেন—ইহা যুক্তিযুক্ত হতে পারে না। বেদবিরোধীরা এই ধরণের মারও অনেক শ্লোক রচনা করে গেছেন। লোক-মাত্রকে প্রমাণ বলে স্থীকার করলে সেইসব শ্লোকও প্রমাণক্রপে গৃহীত হবে। ভাতে বেদবির্হিত অনেক কর্মায়ন্ত্রানের পরিত্যাগের প্রস্ক হরে। স্থতরাং

⁽৯৭) কলিছুগে নৌত্তাম্পিৰালে হয়ার ব্যবহার নিবিদ্ধ। সাধ্বীচার্বপ্রণীত পরাশরসংছিতা-ভাব্য এবং নির্নিয়নিক্তর "কলিবজ্ঞ" প্রকরণে উল্লিখিত।

মোক্মাত্রকে প্রমাণরপে গ্রহণ করা বেদবিশাসী আন্তিকগণের পক্ষে সম্ভবপর
নয়। অতএব বেদবিশাসী আন্তিকগণের দৃষ্টিতে "যত্ত্বরবর্ণানাম্" ইত্যাদি মোক অপ্রমাণ। আবার এই শ্লোকটি যদি অপ্রমাণ বলা হয়, তা হলে কাত্যায়ন প্রণীত পূর্বোত্মত "যন্ত প্রযুভ্তে" ইত্যাদি শ্লোকেরও প্রমাণ্য সম্থিত হতে পারে না। এইরূপ অবস্থায় ভাল্যকারের এই "যন্ত্র" ইত্যাদি শ্লোকেরেও প্রমাণরপে উদ্ধৃত করা উচিত হয় নাই। পূর্বপক্ষীদের ইহাই বক্তব্য।

তার উত্তরে ভাষ্যকার যা বলেছেন—তার তাৎপর্য হচ্ছে, কোন শ্লোকই
স্বাং প্রমাণ হতে পারে না। বেদবিশ্বাসী আন্তিকগণ যে কোন প্লোককে
প্রমাণরূপে গ্রহণ করতে সন্মত না হলেও বেদমূলক শ্লোককে তারা প্রমাণরূপে
অবস্থাই গ্রহণ করে থাকেন। কাত্যায়ন প্রণীত "যম্প্রপূত্তে" ইত্যাদি স্লোকের মৃগরূপ একটি শ্রুতিবাক্য আছে— 'এক: শব্দ: সম্যাগ জ্ঞাত: শাস্তাম্বিত:
স্প্রমূক্ত: স্বর্গে (৯৮) লোকে কামধুগ্ ভবতি' ইহার-তাৎপর্য এই —একটি
শব্দও যদি সম্যাগরূপে অর্থাং প্রকৃতি প্রত্যাদি বিভাগের দারা জ্ঞাত হরে,
শাস্ত্র প্রতিপাদিত সাধন প্রক্রিয়ার স্মরণপূর্বক যথায়থব্রূপে প্রযুক্ত হয়, তাহলে সেই
শব্দ প্রয়োগকারীর স্বর্গলোকে কামনার পূর্বতা সম্পাদন করে। যথায়থভাবে
ভদ্দ শব্দের প্রয়োগের দারা পারলোকিক কল্যাণ হয়—ইহা এই শ্রুতি বাক্যে
স্পর্ট ভাবে বলা হয়েছে। এই শ্রুতিবাক্যে যাহা প্রতি পাদিত হয়েছে কাত্যায়ন
প্রণীত 'বস্তু প্রয়ুভ্কে' ইত্যাদি শ্লোকেও তাহা বলা হয়েছে।

এতে বুঝা যাছে যে কাত্যায়ন প্রণীত শ্লোকটি শ্রুতিমূলক। এইজন্য ইহা প্রমাণ (৯৯। সৌত্রামণি যাগে স্থরাপানের নিন্দাস্থচক শ্লোকটি বেদুবিহিত অফুষ্ঠানের বিশ্বদ্ধবিষয়ক বলে প্রমাণক্ষপে গৃহীত হতে পারে না।

⁽৯৮) "একঃ পূর্বপররোঃ" [৬।১)৮৪] এই স্তরের মহাভাগ্যে এই শ্রভিগাকাটি উদ্ধৃত হয়েছে।
এট একট রাহ্মণগ্রন্থের বাকা। বে গ্রন্থ থেকে এই বাকাটি উদ্ধৃত হয়েছে, দে গ্রন্থ ভাষাকারের
সমব প্রচলিত ছিল, এখন নাই। এই বাকাটি বে একটি শ্রভিগাকা তাহা কৈরটের মহাহার্য্য প্রদাপ, হয়দত্তমিশ্রের পদমঞ্জরী, শনকোন্তত, বিবেশঃভট্ট প্রণীত ঝাকরণ দিছান্ত প্রধানিধি গ্রন্থ থেকে ব্যা বার। নাগেশ ভট্টের মতেও এটি শ্রভিষাকা। সাহিত্যাধর্ণকার বিশ্বনাথ করিরাজ ও ইহাকে শ্রভিক্রপে গ্রন্থ কবেছেন।

⁽৯৯) পূর্বনীমাংগারণনের প্রথম অধারের ভূতীর প্রু-িদর শ্বিতিগাদের ই প্রথম অধিকরণে বেষমূল ক সমন্ত স্থাতিশাল্রের প্রামাণ্য সমষ্টিত ক্রেছে।

এইপ্রসক্ষে একটা বিষয়ের আলোচনা এখানে করা যাছে। স্থ্যপান অত্যন্ত অনর্থজনক। কোন অবস্থাতে উহার সমর্থন করা যায় না। স্থতরাং বেদে সৌঝামণি যাগে যে স্থাপানের বিধান আছে, সেই স্থা যতই অল্প হোক না কেন, কোনরূপেই তার পান সমর্থনের যোগ্য হতে পারে না। এইরূপ একটি আশহা স্থভাবতই উথিত হয়।

এর উত্তরে বলা যায় যে— যারা বেদাদিশান্তবিশ্বাসী, তাঁরা মনে করেন শান্তই ধর্ম ও অধর্ম নির্ণয়ের একমাত্র কারণ। শান্ত্র ব্যুতীত পাপ ও পুণ্য নির্ণয়ের অক্স উপার নাই। শান্ত্রবিশ্বাসী ভর্ত্ ইরি আচার্যও এই কথা (১০০) বলেছেন। হাঁরা মনে করেন যুক্তির ছারা ধর্ম ও অধর্মের নির্ণয় করা যায়, তাঁদের কথায় ভর্ত্ ইরি কোনরূপ আস্থা প্রদর্শন করেন নাই। কুমারিল ভট্টও তন্ত্রবার্তিকে [১০০ মীমাংসা দর্শন] ধর্মও অধর্মের নির্ণয় শান্ত্রমাত্রপাত্ত হিহা যুক্তির ছারা প্রতিপাদন করেছেন। ধর্মাধর্মনির্ণয় যুক্তি ছারাই প্রতিপাত্র এই কথা হাঁরা বলেন এইরূপ যুক্তিবাদী সম্প্রদায় যে কেবল অধুনিক যুগেই বর্তমান তা নয়। স্প্রাচীন কালেও বেদবিরোধী যুক্তিবাদী সম্প্রদায়ের অন্তানার ছিল না। এইজন্ত আচার্য ভর্ত্ হরি তাঁর বাক্যপদীয়ের ব্রন্ধকাণ্ডে এই যুক্তিবাদী বা অন্ত্রমানবাদী (২০১) সম্প্রদায়ের মুক্তি সমুহের অপ্রামাণ্য প্রতিপাদন করার উদ্দেশ্রে বিশেষভাবে চেষ্টা করেছেন। অন্ত্রমানের উপর একান্তভাবে নির্ভর করা যেতে পারে না। এ বিষয়ে আচার্য ভর্ত্তহিরর একটি শ্লোক উদ্ধৃত করে, তাঁর সিন্ধান্তের পরির্চয় দেওয়া হচ্ছে—

⁽১০%) এটেদং পুণামিদং পাশমি:তাভিন্মিন, পদব্দে ৷

আচঙ্কিমধুবাণিং সমংশাল্পকোৰবম্ । [বাকাপদীর ১৪০]

এই কৰ্মট পূণ্য, এই কৰ্মট পাপ এই ছুট বিষয়ের নিৰ্ণয়ের স্বস্থ্য প্রত্যেক মানুষের পক্ষ্যে ভুজা ক্লপে শান্তের অপেক্ষা আছে।

⁽১০১) ' মুক্তিক; ৰ্বাণ জিরসুমানং বা।" [ভামতী ১।১।-]।

এখানে দ্রষ্টগু এই বে,—অর্থাগন্তিশ্রমণ নীমাংসক ও অবৈতবালী বেলান্তিগণের সমত। বৌদ্ধ, বিজ্বন, নৈরান্ত্রিক, বৈশেষিক, সাংখ্য, বৌদ্ধ প্রভৃতি দার্শনিকগণ অর্থাগন্তি প্রমাণ শীকার করেন নাই। মহাভারকার গভঞ্জনি থবং তার অনুগামা ভর্তৃরি—প্রভাক, অনুমান ও শশ এই তিনটি প্রমাণ শীকার করেছেন। সুভরাং নীমাংসক ও অবৈতবানী ভিন্ন দার্শনিকদের মতে 'যুকি' শব্দের অর্থ নাম্বান। স্থায় শার ও বেলাত শারের টীকানিতে অনেক্সিনে 'তর্ককে'ও যুক্তি শব্দের অর্থ করেশে অভিতিত কর। হরেতে।

''হক্তস্পৰ্শদিনাহক্ষেন বিষমে পথি ধাবতা।

অহুমানপ্রধানেন বিনিপাতো ন ত্ল'ভ:।।" [বাক্যপদীয় ১।৪২]

কোন আছ পার্বত্য পথের কিয়দংশ হস্তম্পর্শের ছারা সমতল অফুডব করে, অফুমানের ছারা পার্বত্য পথের অন্ত অংশেরও যদি .সমতার নিশ্চয় পূর্বক পর্বতীয় বিষম পথে ধাবিত হয়, তাহলে তার যেমন বিষম তুর্গতি হয়; সেইরূপ শাস্ত্রনিরপেক্ষ কেবল অফুমানের সাহায্যে যারা ধর্ম ও অধর্মের মত অতীক্রিয় বস্তুর নির্ণয় করে, তার অফুসরণ করে, তারাও কল্যাণের পথ থেকে বিচ্যুত হয়ে অছের মত তুঃপভাগী হয় (১০২)।

এই হেতু আমাদের স্বীকার করতে হবে—শাস্ত্রই ধর্ম ও অধর্ম নির্ণয়ের একমাত্র উপায়। শাস্ত্র যা কর্তব্য বলে নির্দেশ দেন, তা ধর্ম। সৌত্রামণি যাগে হোমাবশিষ্ট স্থরাপানে শাস্ত্র নিষেধ করেন নাই, কিন্তু অস্কুঞা দিয়েছেন। এই হেতু সৌত্রামণিযাগে স্থরাপান অধর্ম নয়, কিন্তু ধর্ম। যেখানে শাস্ত্র অস্কুঞা দেন নাই, কিন্তু নিষেধ করেছেন তাহা অধর্ম। সৌত্রামণিযাগভিন্ন স্থলে শাস্ত্র স্থরাপানের নিষেধ করেছেন, অতএব অন্তন্ত্র স্থরাপান অধর্ম।

শ্রীমন্তাগবতের একাদশ হবদ্ধ সৌত্রামণিবাগের হ্বরাপান সহদ্ধে অন্তপ্রকার ব্যাথ্যা করা হয়েছে। সেথানে বলা হয়েছে—নারীর সহদ্ধ, মাংসভক্ষণ এবং হ্বরাপান—এই সকল বিষয়ে মাহুষের স্বাভাবিক আসক্তি আছে। এই জন্ম এই সকল বিষয়ে মাহুষের প্রবৃত্তি উৎপাদনের উদ্দেশে শাল্পে কোন বিধান থাকতে পারে না। যে সকল বিষয়ে মাহুষের জ্বন্তপ্রকারে প্রবৃত্তি জল্মে না, কেবল সেই সকল বিষয়ে প্রবৃত্তি-উৎপাদনের জন্ম বেদাদি শাল্পের বিধি আছে। ঋতুকালে বিবাহিতা পদ্ধীর সম্পর্ক, যজ্ঞে দেবভার উদ্দেশে প্রদন্ত আছতির অবশিষ্ট মাংস ভক্ষণ, সৌত্রামণিবাগে হোমের অবশিষ্ট স্বরাপান—ইত্যাদি বিষয়ে শাল্পে যে বিধি দেখা বায়—তার উদ্দেশ্য নির্ত্তি। মাংসভক্ষণ, স্থাপান, স্বীসম্পর্কে মাহুষের যে স্বাভাবিক প্রবৃত্তি আছে, সেই প্রবৃত্তিকে নিয়ন্ত্রণ করবার জন্ম শাল্পে অমুক্তা দেওরা হয়েছে। এই

⁽১০২) যথা২কে বিষয়ে সিরিমার্গে চকুন্মন্তং নেতারমন্তরেণ ক্ষরা পরিপতন্ ককিছেৰ মার্গেকদেশং হন্তলাংশনাবগমাং সমষ্টিকান্তন্তগ্রভাগপারমণি তথৈব পরিপতন্ বথা পতনং লভতে ভ্রুবলাগস্কুর। বিনা তর্কামুশীতী কেন কেনামুমানেন কচিয়াহ্নিতপ্রতারোই দৃষ্টক্রের কর্ম্ব আগমক্ষয় প্রবর্তমানো মন্ত্রা প্রতাবারেন সংযুক্তাত ইতীর্থ: । — বাকাগদীরের পুণায়াক্ষীকা।

অহজার উদ্দেশ্য—যারা নারীসম্পর্ক, মাংসভক্ষণ ও শ্বরাপানের প্রতি আরুই, তারা উপরে প্রদর্শিত তিনটি ফল ব্যতীত অগ্রন্ধ মাংসভক্ষণ, নারীসম্পর্ক বা স্থাপান করবে না। এইভাবে অগ্রন্থল থেকে নিযুক্ত করে তাদের প্রয়ন্তিকে নিয়ন্তিত করা হচ্ছে—উজ্পান্থের অভিপ্রায়। কিন্তু বাহার প্রস্কল বিষয়ে কোন আকর্ষণ নাই, তাহাকে প্রস্কল বিষয়ে প্রবৃত্ত করা শাল্পের উদ্দেশ্য নয়। অভ্রের কেছ যদি সংসার ধর্মে প্রবৃত্ত না হয়ে ত্যাগের পথে যায়, কিংবা যজ্জ উপলক্ষে পশুহিংসা না করে, বা সৌত্রামণি যাগের অস্থান করে, সেই যজ্জে হোমের অবশিষ্ট স্থরাপান না করে, তা হলে সে শাল্পের দৃষ্টিতে অপরাধী হয় না (১০৩)।। ১০।।

মৃত্য

"অবিহাংসঃ"

অবিদ্বাংসঃ প্রত্যেভিবাদে নামে। যে ন প্রাক্তিং বিছঃ।
কামং তেষু তু বিপ্রোয় জীবিবায়মহং বদেং॥
অভিবাদে জীবনাভূমেভাধ্যেং ব্যাকরণম্।
"অবিদ্বাংসঃ"। ২০।।

তাসুবাদ—"অবিধাংসঃ" [এই প্রতীকের (বাক্যের অবরবের) ধারা বে শাস্ত্রবাক্য স্টিত হয়েছে, তাহা প্রদর্শিত হছে] যে সকল অবিধান্ [ব্যাকরণে অবিধান্ অর্থাৎ অবৈধাকরপ্র] প্রত্যন্তিবাদনে নামের প্রত্তর্যর উচ্চারণ করার পদ্ধতি জানে না । প্রবাস থেকে প্রত্যাবর্তন করে [সেই সকল ব্যক্তিকে] শ্বীসকলে 'অভিবাদনের মত "অয়ম্ অহম্" [এই আমি এইরূপ] বলবে । [আমরা] অভিবাদনে নারীর মত [পরিগণিত] না হই, এইজন্ম ব্যাকরণের অধ্যয়ন কর্তব্য । "অবিধাংসঃ" [এই প্রতীকের ধারা বে শাস্ত্র বাক্য স্টিত হয়েছিল, তাহা প্রদর্শিত হলো] ॥ ২০ ॥

(১০৩) কোকে বাৰালামিবমন্তনেবা, নিআন্তৰজ্বোন ঠি তত্ৰ চোদনা। বাৰন্থিত তেবু বিবাহনজ্ঞস্পাগ্ৰহৈৱাস নিবৃত্তি है। A

্ৰীৰম্ভাগৰত ১১ ০০১১]

ৰিবাছবিবয় এৰ ৰাৰায়: কাৰ্য: বজ এবা মিৰসেব। সৌগ্ৰামণ্যাং প্ৰয়া গ্ৰহণ উচ্চিত্ৰতে জন্মৈৰ স্থাসেবাজি নিয়ম: ক্লিয়তে। আপু ব বাবাধিবৰ্গত স্বাপ্ত নিবৃত্তি বিষ্টা। আৰু ভাৰ: নায়ং নিয়মবিধিরণি তু নি ভাগাজিখা অতো নিবৃত্তি পরিসংবৈধন। [শ্রীধ্রমামিটাকা]

বিবৃত্তি:—অভিবাদন ও প্রতাভিবাদনের পদ্ধতি ধর্মশান্ত্রে বর্ণিত আছে।
'অভিবাদন' শন্ধটি অভিউপসর্গ পূর্বক নিজন্ত 'বদ্' ধাতুর উত্তর 'ল্টে' [অল]
প্রভাব করে নিজার। এর উপসর্গ, প্রকৃতি ও প্রত্যয়ধারা লভ্য অর্থ হচ্ছে—
অন্তর্গ ভাবে যে উক্তি, সেই উক্তি করবার প্রেরণা। যেখানে কেহ কোন
গুরুজনকে অভিবাদন কবে, দেখানে গুরুজন তাকে আশীর্বাদ দেন অথবা তার
কুশল প্রভৃতি বিষয়ে প্রশ্ন করেন (১ ৪'। অভিবাদন না করলে, 'সেম্বলে
এইরপ আশীর্বাদ বা কুশল প্রশ্ন করা হয় না। অভবর আশীর্বাদ প্রদানে
অথবা কুশল প্রশ্নে গুরুজনের প্রেরণাই [গুরুজন যাতে আশীর্বাদ বা কুশল প্রশ্ন
করেন—তার প্রবর্তনা] অভিবাদের [অভিবাদনের] অভিপ্রায়। অভিবাদন
বিষয়ে ধর্মশান্তপ্রণেতা মন্থ্ বলেছেন ১০৫ —

"অভিবাদাৎ পরং বিপ্রো জ্যারাংসমভিবাদয়ন্। অসৌ নামাহহুমন্মীতি স্বং নাম পরিকীর্তয়েং।।

ব্রাহ্মণ গুরুজনকে অভিবাদন করার পরে নিজের নাম কীর্তন করবে।
বেমন—"অভিবাদয়ে দেবদর্ত্তাহহম্"— মামি দেবদক্ত [আপনাকে] অভিবাদন
করছি। এইরপ নাম অথবা গোত্ত উচ্চারণের দ্বারা অভিবাদন করলে, যাঁকৈ
অভিবাদন করা হয়, দেইরপ গুরুজনের কর্ত্তব্য এই য়ে, তিনি অভিবাদয়িতাকে
আশীর্বাদ করবেন। এইরপ স্থলে আশীর্বাদয়ারে শেষভাগে প্রযুক্ত নাম
অথবা গোত্তবাচক শন্তের যে স্বরবর্গটি দকল স্বরেব অপেক্ষা পরবর্তী দেইস্থর
বর্ণটিকে উদান্ত ও প্রত্ত উচ্চারণ করতে হয়—

⁽১০৪) ইহারই নাম প্রতান্তিবাদ বা প্রতান্তিবাদন। নাগেশভট্ট ৮২৮০ গরের মহাভাষ-প্রদানগান্তে ইহা বলেছেন —

^{&#}x27;'অভিবাদরিতরি অমুগ্রহভোতকমাশীবাশং কুশলাদিপ্রশ্বনাশ বা বাক্যমাত্রং প্রত্যভিব।দঃ।"

⁽১-৫) वरूमाहिङ। [मा ७ निक मान्त्रवर्ग] २।১>२।

এখানে মনুর লোকে যদিও 'বিশ্রঃ" এইকাণ আছে এবং তার অর্থ প্রাক্ষণ, তথাপি এখানে ক্ষিত্রির ও বৈশুকেও গ্রহণ করতে হবে। মেব্তিপি, কৃন্ক প্রভাতি বাখাকারর। ইহা বলেছেন।

প্রসক্ষক্ষে এখানে একটি বিষয় উল্লেখ করা :বাধ হয় অনুচিত হবে না। এই অভিনাদনের প্রকরণে সন্সংহিতার অ্প্রাচীন ভাষাকার মেধাতিথি প্রসক্ষক্ষে বলেছেন—পরিণত বরক্ষ শুজুও অভিযাদনের যোগা—ইহা মনুর সন্মত হলে মুনে হয় ! [মনুসংহিডায়ুমধাতিথিভাষা

পাতঞ্চল মহাভাৱ

"আয়ুমান্ ভব সৌম্যেতি বাচ্যোবিপ্রোহভিবাদনে। অকারশ্চাম্য নায়োহস্থে বাচ্যঃ পূর্বাক্ষরঃ প্লুতঃ ॥''

[মঃসং ২।১২৫] মাগুলিকসংস্করণ।

বিনি ংক্স্কন তাঁকে অভিবাদন করলে, তিনি সেই অভিবাদয়িতা -বান্ধণকে বলবেন —''আয়ুমান্ ভব সৌম্য"

. [হে প্রিয়দর্শন ! তুমি দীর্ঘায় হও] ১০৬) এবং সেই অভিবাদয়িতার নামের আছে যে স্বরবর্ণ থাকে, তাহা প্রত উচ্চারণ করবেন।

এইরপ স্থলে উদান্ত এবং প্রুতন্তর করার জন্ত পাণিনি স্ত্ত প্রণয়ন করেছেন।
মহর পূর্বোক্ত লোকের ব্যাধ্যায় মেধাতিথি বলেছেন প্রুতন্তর করার বিষয়ে
মহ অপেক্ষা পাণিনির প্রামাণ্য অধিক। শব্দের সাধুত্ব প্রতিপাদনের জন্ত পাণিনি
শান্ত্র প্রণয়ন করেছেন। এই জন্ত এবিষয়ে তাঁর প্রামাণ্য সর্বাপেক্ষা অধিক।
স্থতরাং পাণিনির স্ত্রে গ্রহণীয় (১০৭) প্রথমে,।

⁽১০৬) এথানে মেধাতি থ বলেছেন-গুকজন উপরে প্রদর্শিত 'আযুদ্মান্তব সৌমা' কেবল বে এইরূপই বলবেন, এমন কোন নিংম নাই। এইরূপ হুভেচ্ছাবেণ্ডক অপ্তপ্রকার বাকা প্রয়োগ করলেও তা অমুটিত হবে না। মুদুর উক্ত লোকেব ব্যাখ্যা বিষয়ে কিছু মতভেদ দেখতে পাওয়া বার। যাঁরা মমুসংহিতার আখা করেছেন তাঁদের মতানুসারে উপরে বাাথা প্রদর্শিত হয়েছে। পদমঞ্জরীকার হ্রণড্মিত্র প্রথমে মনুসংচিতার বাণ্ডিকারগণের মতানুষায়ী বাণ্ডা প্রদর্শন করে পরে নিজের মতামুসারে অপর একটি ব্যাখ্যা প্রদর্শন করেছেন। তিনি বলেছেন নাঢাশান্তে বেখানে প্রসক্ষত্রম অভিযাদনের রীতি প্রদর্শিত হয়েছে.— তাতে নামের পর একটি স্বডন্ত অকার যুক্ত করা হংহছে – ইচা দেখিতে পাওয়া যার। প্রতরাং এরপক্ষেত্রে নামের স্বর্বর্ণের মধ্যে **অভিন বরবর্ণ প্র**ত হবে এবং সেই নাংসর পর একটি **বতন্ত অ**কারের প্র**রোপ** করতে হবে। "আযুত্মান ভ্র সৌমা দেবদন্ত" অ' এইরূপ প্রত্যভিবাদন বাক্যের আকার হবে। এখানে দেবদন্ত শব্দের পরে 'ঔ [তিন] অহটি, অন্তিম বরবর্গি, ত চণ্ডার, তার বে তিন মাত্রা হয়েছে—ডাচা স্টিত করবার জন্ত ব্যবহৃত হয়েছে। হরদন্তকাবও বলেছেন প্রভাভিবাদন বাক্যের অন্তর্গত নামের শেষে 'শর্ম' বর্মন্' প্রভৃতি শকের প্রোগ কর। উচিত নয়। ''শর্মান্তং রাহ্মণভোকং বর্মান্তং ক্ষত্রিংসা তু। ওপ্তৰাদাল্লকং নাম প্রশস্তং বৈগুণুক্ররোঃ"॥ এই লোকের বার। ব্রাহ্মণ প্রভূতি বিভিন্ন बर्रात वाक्तिन कारमत नार त (करव 'नर्भन्' अकृति मरभत्र आतांन कतरनन, देश वना इरहरह । কিন্ত এই 'শৰ্মন্ প্ৰভৃতি শব্দ নামের অন্তৰ্গত ইঃ। মনে করার কোন কারণ নাই: [? দম#রী -- r12120]

⁽১০৭) প্রত্যভিবাব্যেকুল্লে [৽ †: সু: ৮৷২৷৮৩]

^{&#}x27;প্ৰতাতিবাদ্যে নৃষ ব ভিৰাছ মানো ১ ক্লৱা শিষং প্ৰ্যুগ্ৰন্ত ; তওঁ প্ৰেৰিবলে বদ্বাৰাং বৰ্ততে, অক্ত টে: প্লাৰ্ড ইয়াৰো ভ্ৰতি।" [কানিকা] !

ব্যাকরণাধ্যয়নের আহুবলিক প্রয়োজন

এই অভিবাদন ও প্রত্যভিবাদনের প্রসক্ষে মহু বলেছেন: —

"নামধ্যেস্য যে কেচিদভিবাদং ন জানতে।

তানু প্রাজ্ঞোহহমিতি ক্রয়াৎ দ্বিয়ঃ সর্বাস্ক্রথৈব চ।। মঃ সঃ২।১১৩]

বে সকল ব্যক্তি প্রত্যভিবাদন বাক্যের অন্তর্গত নামের [অথবা গোত্তের]
পুত করতে জানেন না, অভিজ্ঞ ব্যাক্তি তাঁহাদিগকে অভিবাদন কালে নাম
অথবা গোত্ত উচারণ করে অভিবাদন করেবে না, কেবল "অহম্" এইরূপ বলবে
অর্পাৎ "অহমভিবাদয়ে" [এই আমি অভিবাদন করিচি] এইরূপ বলবে।
স্ত্রীলোক সকলকেও [পুত করতে জাহ্বন বা না জাহ্বন] এইভাবে অভিবাদন
করবে।

মহাভাষ্যকারের কথায় বুঝা যাছে— যিনি ব্যাকরণ অধ্যয়ন করেন নাই, তিনি প্রত্যভিবাদন বাক্যে প্রত্ করার রীতি জানেন না। স্থতরাং ধর্মশান্দের উপদেশ অহুসারে তাঁকে নাম অথবা গোত্র উচ্চারণ করে অভিবাদন করা যায় না। স্ত্রীলোক সকলকেও ধর্মশান্দ্রের আদেশ অহুসারে নাম অথবা গোত্র উচ্চারণ করে অভিবাদন করা যায় না। তাহলে দেখা যাছে যিনি ব্যাকরণের অধ্যয়ন করেন নাই, তিনি অভিবাদন বিষয়ে নারীর তুল্য [নারীকে যেরূপ অভিবাদন করা হয় ব্যাকরণজ্ঞানহীন সেই পুরুষকে সেইরূপ অভিবাদন করতে হবে]। অভিবাদনে যাহাতে নারীর সহিত তুল্যরূপে পরিগণিত না হতে হয়, সেইজ্ল্যু বাাকরণের অধ্যয়ন কর্তবা। মহাভাষ্যকারের উদ্ধৃত এই "অবিধাংসং" ইত্যাদি স্লোকটি যদিও কোন শ্বতিগ্রন্থে দেখা যায় নাই, তুথাপি এটি যে শান্ত্রবাক্য, তাতে সন্দেহ নাই। কারণ ভাষ্যকার এর পূর্বে এবং পরে ব্যাকরণের অধ্যয়নেরপ্রয়োজন দেখাতে গিয়ে শান্ত্রবাক্যই উদ্ধৃত করেছেন। স্থতরাং মধ্যবর্তী এই বাক্যটি শান্ত্রবাক্য হলেই সামঞ্জ্যু রক্ষিত হয়। আরও কথা এই যে এই স্লোকে ব্দেণে এইরূপে বিধি প্রত্যয়ান্ত শব্দ আছে। স্থতরাং একটি এটি শান্ত্রবাক্যই হওয়া উচিত ॥২০।

মূল

'"বি হক্তিং কুৰ্বস্থি"

্যাজ্ঞিকা: পঠস্তি প্রযাজা: স্বিভক্তিকা: কার্যা ইতি। ন চাস্তবেং ব্যাকরণং প্রযাজা: স্বিভক্তিকা: শ্ব্যা: কর্তুম্, ''বিভক্তিং কুর্বস্থি"॥২১॥ আৰুবাৰ—"বিভজিং ক্বিন্ত" [এই প্ৰতীকের বারা যে শাস্ত্রবাক্য স্থাতিত হয়েছে, তাহা প্রদৰ্শিত হছে । যাজিকগণ পাঠ করেন, প্রধান্তসমূহকে বিভজিত ক্কারে । ব্যাকরণ ব্যতীত প্রধান্তসমূহকে বিভজিত যুক্ত করতে পারা যায় না । 'বিভজিং ক্বিন্তি'' [এই প্রতীকের বারা যে শাস্ত্রবাক্য স্থিত হয়েছিল, তার প্রসন্ত স্যাপ্ত হলো ।। ২১।।

বিব্লক্ত:--ব্ৰাহ্মণ, ক্ষত্ৰিয় ও বৈশ্য-এই তিনবৰ্ণ দ্বিদ্ধাতি। ইহাদের বিবাহ হওয়ার পর অগ্নির আধান কর্তব্য বলে শাল্পে নির্দিষ্ট হয়েছে। এই আধান হুই প্রকার শ্রেতি আধান এবং স্বার্ড আধান। আধান একটি অনুষ্ঠান। এই অমুষ্ঠানের ছারা অগ্নির সংস্কার অর্থাৎ সংস্কৃত অগ্নি উৎপাদন করা হয়। বিবাহ সংস্থারের দারা নারীতে 'ভার্যাত্ব' উৎপন্ন হয়। এই বিবাহিতা নারী বিবাহকারীর ভার্ষা হয় বলে, তার সম্ভান পবিত্র সম্ভানরূপে পরিগণিত হয়। এই ভাষা ধর্মকর্মে পতির সহকারিণী হয়। সেই জন্ম বিবাহিতা নারীকে তার পতির সহধর্মিণী বলা হয়। যে নারী বিবাহ সংস্কারের ছারা সংস্কৃত হয় নাই, তাতে ভার্যাত্ব উৎপন্ন হয় না। স্বতরাং তার সম্ভান শাস্ত্রনষ্টিতে পবিত্র বলে পরিগণিত হয় না এবং দে সহধর্মিশীপনে অধিষ্ঠিত হতে পারে না। এই বিবাহ যেরপ একট সংস্থার, সেইরপ আধানও একটি সংস্থার। বিবাহ সংস্থার বারা বেমন নারীতে ভার্যাত্র উৎপন্ন হয়, সেইরূপ আধান সংস্থাবের বার অগ্নিতে 'আহবনীয়ত্ব' প্রভৃতি উৎপন্ন হয়। শ্রোত আধানের দারা তিনটি অগ্নির সংস্থার সম্পাদিত হয়। এই তিনটি অগ্নির নাম,—গার্হপতা. আহবনীয় ও দক্ষিণাগ্নি। এই শ্রোত আধানের দারা সংস্কৃত অগ্নিতে আছতি প্রভৃতি প্রদান করলেই দর্শপৌর্থমাস, অগ্নিষ্টোম, বাজপেয় প্রভৃতি বৈণিক যাগ দিদ্ধ হয়। অসংস্কৃত কোন অগ্নি:ত এই দক্ষ যাগ করলে, তাহা অবৈধভাবে সম্পাদিত হওযায় সম্পূর্ণ বিষল হয়। শ্রোত আধান বেদবিহিত।

শার্ত আধান বেদবিহিত নয়, উহা গৃহ্বস্ত্রের বিধানাহ্নসারে সম্পাদিত হয়।
গৃহ্বস্ত্র শ্রুতি নয়—শৃতি। এই জন্য এই আধানেক শ্বার্ত আধান বলা হয়।
এই শ্বার্ত আধানের ঘারা সংস্কৃত অগ্নির নাম 'আবসধা' বা 'গৃহ্ব'। এই আবসধা
অন্ধিতে গৃহ্বস্ত্র বিহিত "পক্ষান্তেষ্টি" প্রভৃতিবাগের অন্ধ্রীন ক্রার বিধান আহে।
গৃহ্বস্ত্র বিহিত এই স্কৃদ যাগও অসংস্কৃত যে কোন অগ্নিতে অনুষ্ঠিত হতে পাকে
না; আবার বৈদিক যাগও আবসধা অগ্নিতে অনুষ্ঠিত হতে পারে না; এইরূপ

সৃত্ত্ত্ত্ববিহিত আহিবাগসমূহ ও "আহবনীয়" প্রভৃতি শ্রোত অপ্লিতে অস্ট্রত হতে পারে না।

শ্রোত আধানের পর যদি একবংসরের মধ্যে । ধন্ধমানের গৃহ্ছে কোন
মহাবিপদ্ ঘটে কিংবা আধানের পর সেই যদ্ধমান উদরব্যথায় আক্রান্ত হয়,
তা হলে সেই অবস্থায় প্রথমে যে অগ্নির আধান করা হয়েছিল, সেই অগ্নিকে
উদ্বাসন [পরিত্যাগ] করে পুনরায় অন্ত অগ্নির আধান করার বিধান
আছে (১০৮)। আধান করতে হলে যেমন "পরমানেষ্টি"র [যাগবিশেষের]
অস্কুঠান করতে হয়, পুনরাধানের সময়ও "পুনরাধেয়েষ্টি"র অস্কুঠান করতে হয়।
শাল্রোক্ত সমস্ত কর্মেই অস্কুঠেয় পদার্থগুলি তৃই প্রেণীত বিভক্ত। সমগ্র
অস্কুঠেয় বৃদ্ধগুলির মধ্যে বোনটি অন্ধ এবং কোনটি প্রধান। প্রযাদ্ধ নামক
যাগগুলি অন্কের অন্তর্গত (২০৯)। সমন্ত ইম্বির প্রকৃতি দর্শপূর্ণমাস, অন্ত সকল
ইম্বিই এই দর্শপূর্ণমাসের বিকৃতি (২১০)। যে সকল যাগের প্রব্যু ও দেবতা
শ্রুতিতে বিহিত আছে এবং যে সকল যাগে প্রাণিদ্রব্যের অপেক্ষা নাই, সেই
সকল যাগের নাম "ইম্বি" (২১১)। এই ইম্বির অন্বের মধ্যে প্রমান্তব্যপ্র

⁽১০৮) তৈ হরীয় সংহিতা—১।৫: যদি আধানাদনস্তরং যজমান উদর গ্রাথাবান স্যান্ যদি বা সংবংসরম্বেট তস্য মহতী বিপৎ স্যাৎ তদা নৈমিত্তিকীং পুনর, ধৈটেটিং বিধার•••। [শক্ষেক্তিভ পম্পাশাহ্নিক]। ব্যাকরণসিদ্ধান্ত হধানিধিতেও এইরপ বলা হরেছে। যস্য যজমানস্য আধান-কালাদারভ্য সংবংসরস্থাপ্তেরবাক ক্লাচিৎ পদার্থস্য হানিত্বতি, মহারোগো বা জানিতে, অহানি বা অ্যানন্ত্রতাদীনি নিমিন্তানি হবন্তি, স্পুনরাধানং করোতি।—

[[] শ্রেতপদার্থনির্বচন — ইষ্টিপ্রকরণ-৬২ ৫

⁽১০৯) প্রধানথাগাৎ পূর্বমিজ্ঞাতে থৈকে প্রযাজাঃ, ইন্টিবুপঞ্চ পক্তবাগেকেদেশ। প্রধান যাগের পূর্ব বাংগণের হারা যাগ করা হয়, তাংগরা প্রযাজ। সেই প্রযাজ ইন্টি যাগে পাঁচটি, পশু-যাগে ১১টি।

⁽১১০) দৰ্শপূৰ্ণমাসা্বিভীনাং প্ৰকৃতিঃ। – [আগভূষ্যজ্ঞপরিভাষাস্ক্রে ৬।৩১] দণপূৰ্ণমাসাবিভীনাং খেতিক্রত্বাতাংপ্রযুদ্ধভাব্পবৃদ্ধভঃ।

[[] আগম্বেষজ্ঞপরিভাষাপুত্রেরকপর্দিষ্বামীরভাষ্য]

⁽১১১) প্রত্যে বাদেবতাক অহাণিজবাকা: ক্রিয়া ইট্রয় ইতাভিশীরত্তে ,
— আণভব্যজ্পরিভাষাক্তের হরদভাচার্থপ্রতি ব্যাখ্যা গুড়ঃ]

দর্শপূর্ণমাসে পাঁচটি প্রযাজ বিহিত। 'পুনরাধেয়েটি' দর্শপূর্ণমাসের বিরুতি। এইজন্ত পুনরাধেয়েটিতেও পাঁচটি প্রযাজের অন্থর্চান করতে হয় (১১২) এই পুনরাধেয়েটির প্রযাজবাগের যে পাঁচটি মন্ত্র, সেই বিষয়ে বিধি আছে—

"প্রযাকাঃ দবিভক্তিকাঃ কার্যাঃ।"

ইছার অর্থ:— "প্রযাক্ষমন্ত্রগাতে বিভক্তি যোগ করে দিবে। এখানে প্রনিধানধান্য বিষয় এই যে, কেবল বিভক্তির প্রয়োগ কোন স্থলেই হয় না। আতএব এছলেও বিভক্তির প্রয়োগ করতে গেলে, তার অন্থনোধে প্রকৃতির প্রয়োগ অবশ্রুই করতে হবে। যে কোন প্রকৃতির সহিত বিভক্তির প্রয়োগ করলে তার অর্থের সহিত প্রযাক্ষের কোন সম্পর্ক থাকবে না। এই জন্ত প্রযাক্ষযাগের যে দেবতা, সেই দেবতার বাচক যে শব্দ, সেই শব্দের সক্ষেবিভক্তির প্রয়োগ করতে হবে—এইরূপ সিদ্ধান্তই এখানে সমীচীন।

প্রযাজ নামক যাগগুলি প্রধান যাগের অন্ধ—ইহা পূর্বে বলা হয়েছে।
প্রধান যাগের পূর্বে এই প্রযাজযাগগুলির অনুষ্ঠান করতে হয়। অন্থ্যাজ নামক
আরও ভিনটি যাগ আছে। এই অনুযাজও দর্শপূর্ণমাস প্রভৃতি ইপ্তির অল।
প্রধান যাগের অনুষ্ঠানের পদ এই অনুযাজ যাগগুলির অনুষ্ঠান করতে হয়।

এই প্রবাজ ও অম্যাজের দেবতাবিষয়ে যাজের নিরুজের অন্তম অধ্যায়ে বিচার পূর্বক দিন্ধান্ত করা হয়েছে যে, প্রবাজ এবং অম্যাজের দেবতা অগ্নি (১১৯)। তাহলে এখন স্পষ্ট বুঝা যাজে যে, প্রযাজ মন্ত্রে বিভক্তি প্রয়োগ করতে হলে অগ্নি শন্তের সহিতই সেই বিভক্তির প্রয়োগ করতে হবে। তৈতিবীর সংহিতার (১১৪) বলা হয়েছে, প্রথম আধানের দ্বারা যে অগ্নির আধান করা হয়, সেইঅগ্নি যদি অধিক ভাগের প্রাপ্তির আকাজ্ঞা করে বজমানের সন্তান এবং পশুর প্রতি উপত্রব করে, তাহলে সেই অগ্নিকে 'উদাসন' (পারিত্যাগ) করে,

⁽১১২) কোন বিকৃতি বাগে বদি কোন বিশেষবিধান থাকে, তাহলে পাঁচটির অধিক প্রবালের অনুষ্ঠান করতে হয়। বিশেষ বিধান না থাকলে পাঁচটি প্রযালই অনুষ্ঠেয়।

⁽১১৩) অথ কিং দেবতাঃ প্রবাজাস্বালাঃ ? আগ্নের। ইন্ত্যেকে । ত্নেলাদেবতা হতাপরম্। ... বিজ্যাকর । নালাদেবতা ইতাপরম্। নালাদেবতা ইতাপরম্। নালাদেবতা ইতাপরম্। নালাদেবতা ইতাপরম্। নালাদেবতা ইতাপরম্। নালাদেবতা ইতাপরম্। নালাদিনেবতা ইতাপরম্। নালাদিনেবতা ইতাপরম্। নালাদিনেবতা ইতাপরম্। নালাদিনেবতা ইতাপরম্। নালাদিনেবতা ইতাপরম্। নালাদিনেবতা হতাপরম্। নালাদিনেবতা হতাপরম্ভাচিকেবতা হতাপরম্। নালাদিনেবতা হতাপরম্। নালাদিনেবতা হতাপরম্ভাচিকেবতা হতাপরম্। নালাদিনেবতা নাল

⁽১>৪) ভাগণেয়: বা অগ্নিরাহিত ইচ্ছমান: প্রজাই পূন্ন ধ্রুমানলেয়াপদোনাবোধাস্য পুন্রাদ্ধীত, ভাগবেরেনৈবৈনং সম্প্রতাধো শান্তিরেবাসোধা। [ভৈত্তিরি,রুমংহিতা—১/৫,১]

প্রথমাধানেনাহিত্যেং। গ্রন্থার প্রধান্ত ব্যক্তরা ব্যক্তরা ব্যক্তরা ব্যক্তরা ব্যক্তরা প্রাধির্থান্য পুনরপাগ্রিমাণখাং।—সারণভাষ্য।

পুনরায় আধান করবে। এতে স্বগ্নিকে অধিক ভাগের হারা সৃষ্ধিত করা হয় স্মষ্ঠানই অগ্নির শান্তির উপায়।

অগ্নিকে 'উদ্বাসন' [পরিত্যাগ] করতে হলে প্রথমে 'উদ্বাসনেষ্টি' নামক ইষ্টির অন্ধান করতে হয়। তারপর 'পুনরাধেয়েষ্টি' নামক ইষ্টির অন্ধান করলে পুনরাধান সম্পন্ন হয়। এই 'পুনরাধেয়েষ্টিতে প্রযাজ্ঞের অন্ধানে বে প্রযাজ্ঞ মন্ত্র পরিবায়ে তৈত্তিরীয় সংহিতায় বিশেষ বিধান করা হয়েছে। সেথানে বলা হয়েছে যে, যিনি প্রথমে অগ্নির আধান করে, পরে সেই অগ্নিকে পরিত্যাগ করেন, তাঁর গৃহে বাক্ শুদ্ধ অবস্থায় থাকে না। অশুদ্ধ শব্দের সহিত সেই যক্তমানের গৃহের বাক্ সংস্ট হয়ে যায়। সেই সাম্ব্রিকরণা প্রাপ্ত বাহ্, তার উচ্চারণের ফলে যজ্মানের পরাভবের কারণ হয়। যক্তমানের এই পরাভব যাতে না ঘটে, তার জন্ত বিভক্তির প্রয়োগ করবে (১১৫)।

এই বিভক্তির প্রয়োগ কিভাবে করতে হবে, সে বিষয়ে আপস্তম্ব স্রোভিস্তরে স্পষ্ট নির্দেশ আছে।

পূর্বে যে পাঁচটি প্রযাজের কথা বলা হয়েছে, তাদের নাম এবং মন্ত্র যথাক্রমে প্রদশিত হচ্ছে—(১১৬)

নাম

১। সমিধ্

[এই নামটি নিত্য বছবচনাস্তরূপে ব্যবহৃত হয়]

২। তন্নপাৎ

৩। ইড্

্রএই নামটিও নিত্যবহুৰচনান্ত রূপে ব্যবহৃত হয়।]

৪। বহিঃ

৫। স্বাহা

মন্ত্ৰ

'সমিধোহগ্ন আজ্যস্ত ব্যন্ত'।

[তৈত্তিরীয় শাখায় 'ব্যন্ত' স্থানে 'বিয়ন্ত' এইদ্ধপ পাঠ করতে হবে।]

'তনৃনপাদগ্ৰ আব্দ্যন্ত বেডু'।

'ইড়োহগ্ৰ আৰু স্ত ব্যন্ত।'

[তৈত্তিরীয় শাখায় 'ব্যন্ত' স্থে

'বিশ্বন্ধু' পাঠ করতে হয়।]

'বহিরগ্ন আজ্যস্ত বেডু'।

'স্বাহাহয় আজ্যন্ত বেডু'।

ত্তৈভিরীয়স হিতা ২৷৬৷১

⁽১১৫) সং বা এত্স্য গৃহে বাক সভাতে বোংগ্রিম্বাসরতে, স বাচং সংস্টাং বলমান স্বৰোহত্বপরাভবিতে।বিভক্তরে। ভবন্তি বাচো বিধৃতৈ যলমানস্যাপরাভবার। [তৈত্তিরীয় সংহিতঃ
— ১।৫।২]

⁽১১৬) স্বিবোষ্ট্রতি, তনুন্পাতংবজ্ঞি, ইড়োধ্জ্ঞতি, বহিষ্ক্তি, বাহাকারং বজ্ঞি।—

এই প্রবাজ মন্ত্রগুলির মধ্যে প্রথম চারিটি মন্ত্রে বিভক্তির যোগ করতে হয়।
শেবের প্রযাজমন্ত্রে বিভক্তির যোগ করতে হয় না (১১৭)। এই সকল প্রবাজ
মন্ত্রে অগ্নিশন্তের সন্থোধনে একবচন বিভক্তির রূপের প্রযোগ আছে। প্রথম
চারটি প্রযাজ মন্ত্রে সন্থোধনাস্ত অগ্নিশন্তের পূর্বে যথাক্রমে সন্থোধন, সপ্তমী,
তৃতীয়া এবং বিতীয়া বিভক্তির একবচনে অগ্নিশন্তের যে রূপ হয়, তার প্রয়োগ
করতে হয় (১.৮)। তা হলে দেখা যাজে 'পুনরাধেয়েটি'ভি প্রথম চারিটি
প্রযাজমন্ত্রের পাঠ এইরূপ হবে (১১৯)।

- ১। সমিধ (যাগে)— "সমিধোহরেহেরে আজ্যস্ত বিরন্ধ" [ক্লফ বজুর্বেদের তৈ দ্বিরীয়শাধার পাঠ 'বিয়ন্ধ' অন্তশাধার 'বিয়ন্ধ' স্থলে 'ব্যন্ত' পাঠ হবে]
 - ২। তন্নপাৎ (যাগে !—"তন্নপাদগ্লাবগ্ন আঞ্চাশ্ৰ বেতু।"
- ৩। ইড (যাগ) ইডোহিন্নিনাহা আব্দ্য তা বিষক্ত' [এখানেও তৈজিরীয় শাধার পাঠ "বিষক্ত' অন্তশাধার পাঠ 'ব্যক্ত' হবে]।
- ৪। বহি: (যাগে) "বহিরগ্নিয় আজ্যত্তা বেতৃ"। প্রপ্রদর্শিত ময়ের সঙ্গে এই পরবর্তী ময়গুলিতে লক্ষ্য করলে উহাদের পরস্পরের বে পার্থক্য তা ব্রা যাবে।

সায়ণ মন্ত্রগুলির যথাক্রমে সম্বোধনান্ত অগ্নি শব্দের পূর্বে সম্থুদ্ধি, সপ্তমী, তৃতীয়া ও দ্বিতীয়া বিজ্ঞান্ত অগ্নি শব্দের প্রয়োগ করতে হবে বলেছেন। নাগেশভট্ট মহাভায়প্রদীপোন্দ্যোতে লিখেছেন – প্রযান্তের পাঁচটি মন্ত্রেই সম্বোধনান্ত অগ্নিশব্দের পূর্বে যথাক্রমে প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, ষদ্ধী ও সপ্তমী বিজ্ঞাক্ত অগ্নিশব্দের প্রয়োগ করতে হবে (১২০)। কিন্তু আগশহুমশ্রোত স্ত্রে

⁽১১৭) নেভ্ৰে।—আগত্ত্বশৌতপুত্র— ৽।২৮।৭

⁽১১৮) "স্বিধো অগ্ন আজান্ত বিষয়, ইত্যাদিষ্ চতুৰ্ প্ৰযাদ্ধান্ত্ৰ সৰ্ধান্তাদ্বিশালপথৰ সৰ্কান্ত সাম্বিকান বিশ্ব ।...িজক্ম: সংক্ষেত্ৰ সাম্বিকান কৰিছে। কৰিছিল কৰিছিল বিশ্ব । তিত্তি-স্বাদ্ধান্ত সাম্বিকান কৰিছিল। বিভিন্ন সাম্বিকান কৰিছিল। বিভিন্ন সাম্বিকান কৰিছিল। বিভিন্ন সাম্বিকান বিশ্ব সাম্বিকান বিশ্ব সাম্বিকান বিশ্ব বি

⁽১১৯) আগতদলোভদ্বের «ম প্রশ্নে এই অগ্নিশন্সে বিজ্ঞান্ধ বাংগ করবার জন্ম দুইপ্রকার প্রশাসী উরিখিত আছে।

⁽১২-) বিভক্ষক্ প্ৰথমাৰিতীয়াভূতীয়ান্ধীসপ্তমা এবেতি ভৌতসপ্ৰদায়ঃ। [মহাভাষা-প্ৰদীপোন্ধোন্দোত – শম্পণাহিক]

শেখা যাছে—অন্তিমপ্রযাজমন্ত্রে বিভক্তির যোগ হয় না। প্রথম চারিটি মত্রেই বিভক্তির যোগ হয়। নাগেশভট্ট যে পাচটিবিভক্তির উল্লেখ করেছেন—এ ক্লেজে তার সন্তাবনা নাই। এতহাতীত আপভদ্রোভস্ত্রে—সম্বোধন, সপ্তমী, তৃতীয়া ও দ্বিতীয়া বিভক্তির কথা বলেছেন। নাগেশভট্ট সন্থোধন, বিভক্তির কথা বলেন নাই! নাগেশভট্টের উক্তিতে শ্রৌতস্ত্রবিক্ষর্মার্থ প্রকাশ পাছে।

এখানে প্রকৃত বিষয়ের তথ্ব হচ্ছে — এই যে "পুনরাধেয়েষ্টি'তে প্রজাজ মন্ত্রে বিভক্তি অর্থাৎ বিভক্তান্ত শব্দের প্রয়োগ করতে হয়—মিনি ব্যাকরণ অধ্যয়ন করেন নাই, তিনি তো সেই বিভক্তি [বিভক্তান্ত] যোগ করতে পারবেন না। না পারলে তাঁর পক্ষে ঐ "পুনরাধেয়েষ্টি" কর্ম করা সম্ভব হবে না। এইজন্ত ব্যাকরণের অধ্যয়ন করা উচিত। এই প্রয়াজমন্ত্রে বিভক্তিযোগ করবার বিধি তৈত্তিরীয় সংহিতায় আছে। সেখানে বিধিবাক্যের আকার "বিভক্তয়ো ভবন্তি" এইরূপ বণিত আছে। মহাভাষ্যকার যে বিধি বাক্য উদ্ধৃত করেছেন তার আকার "প্রয়াজাঃ সবিভক্তিকাঃ কার্যাঃ" এইরূপ। মহাভান্যকার অন্ত কোন শাখা থেকে উক্ত বিধিবাক্য আহরণ করেছেন। এই বাক্য দেখে মনে হয় মহাভাষ্যকারের সময় অন্তকোন বেদশাখা প্রচলিত ছিল, যা এখন প্রচলিত নাই। তা থেকে মহাভাষ্যকার উহা উদ্ধৃত করেছেন। ২১।।

মূল

*'ধো বা ইমাম্'

বো বা ইমাং পদশ: স্বরশোহকরশ্যে বাচং বিদধাতি স আর্থিজীনো ভবতি। আর্থিজীনা: স্থামেত্যব্যেয়ং ব্যাকরণম্। 'বো বা ইমাম্।''॥ ২২॥

অনুবাদ — যিনি বাক্ অর্থাং শব্দকে, প্রত্যেকপদ, প্রত্যেক স্বর, প্রত্যেক অক্ষর [দারা] জানেন, তিনিই আর্থিজীন [ঋত্বিক্ কর্মের যোগ্য] হন। আমরা আর্থিজীন হতে পারি — এইজন্ত ব্যাকরণের অধ্যয়ন কর্তব্য ॥ ২২॥

পদার্থবর্ণনা: -- পদশ: - 'পদং' পদং' এইরপ বীপ্সা অর্থে ''সংখ্যৈকবচনাচ্চ বীপ্সারাম্'' [৫। ৪।৪৩] ক্লামুসারে 'শস্' প্রত্যায় হরেছে। অর্থ-প্রত্যেক পদ।

[🕈] স্বরণোহকরণত বাচং" এইরূপ পাঠান্তর অনেক পুতকে আছে।

"বরশং" "অক্রশং"— এই তুই স্থানেও পূর্বের মত শস্ প্রত্যয়:। অর্থ—প্রতিশ্বর প্রতিঅক্ষর।

আর্থিনীনঃ = ঋতিজ্শব্দের উত্তর 'ঋতিক্কর্মাহ তি' এই অর্থে ' যজ্ঞতিগ্ড্যাং তৎকর্মাহ তীত্যুপসংখ্যানম্' [১।৭১।১] এই বার্তিক স্তরে 'ঝঞ্' প্রত্যয় করে 'ঋতিক্' অর্থে 'আর্থিনীনঃ' পদ সিদ্ধ হয়। আর ঋতিজমহ তি অর্থাৎ ঋতিক্ প্রাপ্ত ইইবার যোগ্য যক্ষমান এইরূপ অর্থে—"যজ্ঞতিগ্ভ্যাং ঘথঞোঁ" [৫।১।৭১] এই স্বোহ্নসারে 'থঞ্' প্রত্যয় করে = যজ্মান অর্থে উহা নিম্পন্ন হয়॥ ২২॥

বির্তি—"যো বা ইমাম্" এখানে 'বৈ' এই অব্যয়ের সন্ধি হয়ে 'বা' এইরপ হয়েছে। বৈ' শব্দের অর্থ অবধারণ [নিশ্চয়]। 'বৈ' শব্দিটি 'য়ঃ' শব্দের পর পঠিত হলেও উহার অয়য় "সঃ" এই পরবর্তী শব্দের সঙ্গে হবে। এইজ্লাভ এই 'বৈ' শব্দকে 'সঃ' শব্দের পর এনে অয়য় করতে হবে। এইভাবে একজ্ঞানে পঠিত শব্দকে যে অভ্যস্থানে নিয়ে অয়য় করা হয়, সেরপজ্লে এইরপ শব্দকে ভিন্নক্রম বলা হয়। ইহার অভিপ্রায় এই যে, যে জ্বলে শব্দটি পঠিত হওয়া উচিত ছিল, সেল্পলে পঠিত হয় নাই। স্বতরাৎ উক্ত বাক্যটিকে অয়য় করবার সময় এইভাবে পাঠ করতে হবে ''য় ইমাং বাচং পদশঃ অয়য়য়শঃ বিদ্ধাতি সঃ বৈ আর্থিজীনঃ ভবিতি।"

'পদশং' — এস্থলে ''সংবৈষ্টকবচনাক্ত বীপাষাম্'' (১২১) এই স্তা অনুসারে একবচনাস্ক পদশব্দের উত্তর বীপা অর্থে 'শস্' প্রত্যেষ হ্যেছে। এখানে পদ বলতে স্থব্বিভক্তি যুক্ত বাঁ তিঙ্ বিভক্তি যুক্ত শব্দকে ব্ঝতে হবে। 'স্বর'শন্ধ এবং 'অক্ষর' শব্দের উত্তরও এইকপ 'শস্' [তদ্ধিতা প্রত্যেষ করে যথাক্রমে 'স্বরশঃ' ও 'অক্ষরশঃ' এই তুইটি পদ সিদ্ধ হ্যেছে। এখানে 'স্বর' শব্দের ঘারা উদাতা, অস্থদাতা, স্বরিত এবং একশ্রতি স্বর (১২২) ব্যুত্ত হবে। স্বর শব্দের

⁽১২১) [অইবায়ী বাহায়ত]—সংখাবাহিন্তা: প্রাতিপদিকেন্তা একবচনাচ্চ বীপারাং ছোডাারাং শন্পতারো ভবতাগ্যতরস্থান।—কাশিকা। সংখাবাচক প্রাতিপদিকের উত্তর এবং একবচনান্ত শর্কের উত্তর বীপা অর্থে বিক্তরে শন্ত্রপ্রতার হয়। ''পদশং'' এইবলে 'পদম, পদম,' এইরূপ বিগ্রহে বীপা অর্থে শন্। 'সরশং এবং অকরশং' এই বুই স্থলেন্ত এইরূপ বৃথতে হবে। তিনস্থলেন্ট একবচনান্ত শব্দের উত্তর 'শন্' প্রত্যর হয়েছে।

⁽১२२) यत উमार्डामिः। - मश्राह्यताश्रमीन এवः मक्रकेखिछ।

থাকা এখানে কেবল অকার, ইকার প্রভৃতি বর্ণকে বুঝানো হয় নাই। পরবর্তী অক্ষর শব্দের ঘারাই অকার প্রভৃতি শ্বরবর্ণ প্রতিপাদিত হয়েছে। কারণ এখানে অক্ষর শব্দের অর্থ ব্যঞ্জন বর্ণের সহিত শ্বরবর্ণ (১২৩)।

পাণিনির পূর্ববর্তী কোন বৈয়াকরণ তাঁর ব্যাকরণে বর্ণমাত্রকে 'অক্ষর' নামে অভিহিত করেছিলেন—ইহা মহাভাষ্যকার প্রত্যাহার আহ্নিকের শেষে [১৷১৷২] বলেছেন। তদম্পারে এথানে, অক্ষর শব্দের দ্বারা সমস্ত বর্ণ ই গৃহীত হতে পারে (১২৪)। অক্ষর শব্দের দ্বারা সমস্ত বর্ণের গ্রহণ হওয়ায়, শেষোক্ত ব্যাথ্যাটি এথানে ভাল। এই ব্যাথ্যাটি পূর্বব্যাথ্যা থেকে ব্যাপক বলে ইহা আদরণীয় (১২৫)।

এথানে 'বিদধাতি' ক্রিয়াপদটি যদিও করোতি' করে] এই ক্রিয়াপদের সমানার্থক তথাপি অর্থের সঙ্গতির জন্ম জানাতি' এই ক্রিয়াপদের অর্থে এখানে ব্যবহৃত। স্থতরাং ইহার অর্থ 'জানে'।

"আর্থিনীন" এই শক্টি 'ঝর্জি,' শক্ষের উত্তর "যজ্ঞারিগ্ ভ্যাং ঘথতে।" এই প্রেরে দ্বারা 'থঞা,' প্রত্যর করে দিন্ধ হয়েছে। এই প্রের ভবর ভবর অর্বৃত্তি হয়। এই অর্বৃত্তির সহিত পূর্ব প্রদাশিত প্রের অর্থ—ভাহার যোগ্য এই অর্থে 'যজ্ঞা,' ও 'ঝর্জিল্,' শক্ষের উত্তর যথাক্রমে 'ঘ' ও 'থঞা,' প্রত্যয়হয়। 'ঝর্জিমহ্ডি' এইরূপ বিগ্রহ্বাক্যে ঋর্জিল্ শক্ষের উত্তর থঞা, প্রত্যয়হয়ে থাকে। এই 'থঞা,' প্রভ্যয়ের 'ঞা,' ইৎসংজ্ঞক হওয়ার তার লোপ হযে 'খ' মাত্র অবশিপ্ত থাকে। সেই 'খ' এর স্থানে "আর্রেম্বীনীয়িয়ঃ ফ্টথছ্ঘাং প্রত্যাধানীনাম্" [গামহ] এই প্রে অর্পারে 'ঈন' আদেশ হয়। 'খঞা,'

⁽১২৩) অক্ষরং বাঞ্জন সহিতোহচ, ।—মহাভাবাঞ্জনীপ এবং শক্ষকীন্ত । শৌনক শ্রণীত ধক্প্রাতিশাথো বাঙ্জননহিত অথবা অনুষার সহিত ধ্বরবর্ণকে অক্ষর বলা হরেছে। "স্বাঞ্জনঃ সানুষারঃ গুলো বাহপি ধরোহক্ষরন্" [১৮/২৮] বাঞ্জনেন যুক্তোহ্নুষারেণ সহিতোহণবাহনুষারবাঞ্জনাভ্যাং রহিতঃ ধরঃ" অক্ষরসংজ্ঞকো ভবতি।—উববট কৃত প্রাতিশাখ্য ভাষা।

⁽১২৪) "বৰ্ণং বাহু: পূৰ্বপ্ৰে" ইতি ভাষাাদ্ৰণমাত্ৰমিতাতে। - মহাভাষা প্ৰদীপোন্দ্যাত।

⁽১২৫) যান্দের নিক্তে ব্বাহও, ২া২৪, ১১।৪১] অক্ষরশব্দের বাক্ ও জল, এই ছই অর্থ স্বীকৃত হয়েছে। এথানে এই ছই অর্থের একটি অর্থের্প্ত সঙ্গৃতি নাই বলে—ভাল্পের একটি অর্থও গৃহীত হবার বোগা নয়।

প্রতাষ্টি 'ঞিং' বলে তদিতে দ চামাদে:, [৭।২।১১৭] ১২৬) এই পুত্র অনুসারে ঋষিজ্শনের আদিখর 'ঋ' কারের বৃদ্ধি [আর] হয়ে 'আর্থিজীন' শব্দটি সিদ্ধ হয়।

এই 'নাজিকান' শব্দের অর্থ যিনি ঋতিক্প্রাপ্ত হ্বার বোগ্য অর্থাৎ যজমান
— যাগকর্তা। তাহলে দেখা যাচ্ছে— যিনি পূর্বোক্তপ্রকারে শব্দের জ্ঞান
অঞ্জন করেছেন, যিনি শব্দশাস্ত্রক্ত বৈয়াকরণ, তিনিই যজমান হ্বার যোগ্য
অর্থাৎ যজ্জকর্মের অন্তর্গাতা হ্বার যোগ্য।

'আবিজীন' শব্দের আরও একটি অর্থ আছে। ''যজ্জবিগ্ভ্যাং ঘথঞৌ" [৫।১া৭] এই স্ব্ৰে একটি বাতিক আছে—"যজ্ঞবিগ্ড্যাং তৎকর্মাহ তীত্যুপ-সংখ্যানম" যজ্ঞকর্ম ও ঋত্বিক্ কর্মের যোগ্য এই অর্থে— বপাক্রমে যজ্ঞ ও ঋত্বিজ শব্দের উত্তর যথাক্রমে 'ঘ' এবং 'বঞ্' প্রত্যায় হয়। তাহলে দেখা যাছে — যিনি ঋত্বিকের কর্মে যোগ্য তাঁহাকেও 'আর্থিন্সীন' শব্দে অভিহিত করতে পারা যায়। পূর্বোদ্ধত বাকোর 'আর্থিনীন' শব্দের ঘটি অর্থ হলো,—যজমান এবং ঋতিকের কর্মে যোগ্য অর্থাৎ ঋত্বিক্। অতএব বুঝা বাচ্ছে বে- বিনি শঙ্কশান্ত্রজ্ঞ—বৈয়াকরণ তিনিই স্বয়ং যাগের অনুষ্ঠাতা যঞ্জমান হতে পারেন এবং অন্ত কর্তৃক যাগের অন্তর্গানে ঋত্বিক্ হতে পারেন। মহাভাগ্রে উদ্ধৃত পূৰ্বোক্ত ৰাক্যের পৰ্যবদিত অৰ্থ হচ্ছে—যিনি বিদ্বান—বেদাৰ্থে অভিজ্ঞ তিনিই যাগের অন্তর্গান করবেন এবং তিনিই ঋত্বিকের কার্যপ্ত করবেন (১২৭)। গাঁর বেদার্থে অভিজ্ঞতা নাট টার যজমান হবার বা ঋষিক্ হবার যোগ্যতাও নাই। বেদার্থে অভিজ্ঞতা অর্জন করতে হলে ব্যাকরণে জ্ঞান থাক। আবশুক। অতএব যিনি অ্ব্যাদি ফলের কামনায় বয়ং যাগের অমুষ্ঠান করতে ইচ্ছুক এবং যিনি অক্টের অকুটিত যাগে দক্ষিণাদি লাভেচ্ছার ঋত্বিক্ হতে ইচ্ছুক—তাদের উভয়ের পক্ষেই ব্যাকরণশান্ত্রের অধ্যয়ন কর্তব্য ॥ ২২ ॥

⁽১২৬) ভদ্ধিতে ঞিতি ণিতি চ প্রতারে পরতোহস্কাচামাদেরচঃ স্থানে বৃদ্ধির্ভরতি।— কালিকা।

⁽১২৭) 'বিবান বজেত' 'বিবান বালরেদি'ভি বরোরণি বিছবোরধিকারাং। [মহাভাব্যপ্রদীণ] সকুৎ প্রবৃত্তস্যাভিত্তীলপ্রস্থাভ্রপরতে বৃত্তিমাহ—বিবানিতি—বেহার্ভ ইভার্থ:।—মহাভাব্যপ্রদীণোদ্যোতঃ বজনে বাজনে চ বিছব এবাধিকার ইতি ভাষ:।—শক্ষেভ্ত।

^{&#}x27;कृष्टिक्रमेर 'ভি' ইতি 'कृषिक् कथार 'ভি' ইতি চ বাৎপত্তা আর্থিনীনপদং বাজ্যবাদ্ধকাতর পরম্ ।
—ব্যাকরপসিদ্ধান্তক্ষানিধি ১/১/১।

मृम।

'চত্বারি'*

চৰাবি শৃঙ্গা অয়ো অস্ত পাদা ৰে শীৰ্ষে সপ্ত হস্তাসো অস্ত। [ঝক্সংহি**তা** ৪'৫৮।৩, বাঃ

मः ১१।১৯,

ত্রিধা ব**দ্ধো বৃষ্**ভো রোরবীতি মহো দেবো মউগা আবিবেশ॥ रमः मः अधार्

মহো দেবো মউঁগা আবিবেশ। কাঃ সং ৭ • 19]
'চহারি শৃঙ্গাণি' চহারি পদজাতানি নামাখ্যাতোপসর্গনি
পাতাশ্চ। 'এরো অস্তু পাদাং' এয়ঃ কালা ভূতভবিষ্যুহুর্তমানাঃ।
'দ্বে শীর্ষে' দ্বৌ শব্দাঘানো নিত্যঃ কার্যশ্চ। 'সপ্ত হস্তাসো অস্তু'
সপ্ত বিভক্তয়ঃ। 'ত্রিধা বহুং' ত্রিষু স্থানেষু বহু উরসি কঠে
শির্দীতি। 'র্যভো' বর্ষণাং। 'রোরবীকি' শব্দ করোতি।
কৃত এতং ? রৌতিঃ শব্দকর্মা। মহো দেবো মউ্গা আবিবেশে'
তি মহান্ দেবঃ শব্দঃ। 'মর্ড্যা' মরণধর্মাণো মন্ত্র্যান্তানাবিবেশ।
মহতা দেবেন নঃ সাম্যং যথা স্ত্যাদিত্যধ্যেয়ং ব্যাকরণম্ ॥২৩॥

অমুবাদ — ইহার [শব্দের — শব্দ ব্রেমার] চারিটি শৃঙ্গ, তিনটি পদ, ইহার ছইটি মন্তক, সাতটি হাত। [এই] বুষভ তিন প্রকারে বন্ধ [হয়ে] রব করছেন; মহানুদেবতা মর্ত্যের মধ্যে প্রবিষ্ট হয়েছেন।

'চারিটি শৃর' চার প্রকার পদসমূহ—নাম [স্ব্রিডজিযুক্তশব্ধ (১২৮)] [ডিঃবিভক্তি যুক্ত ক্রিয়াপদ (১২৯)] উপদর্গ এবং নিপাত। 'ইহার তিনটি

^{*} বর্তমান সময়ে — প্রতিপাদ্য বিষয়ের বিভাগ প্রদর্শনের জন্ত পুন্তকে 'প্যারাগ্রাফ' [para-graph] ব্যবহার করা হয়। প্রাচীন কালে একপ প্যারাগ্রাকের ব্যবহার ছিল না-। এই জন্ত প্রতিপাদ্য বিষয়ের বিভাগ দেখাবার জন্ত মহাভাষাকার অংনকন্থলে এইরূপ প্রতীকের দারা সেই সব প্রতিপাদ্য বিষয়ের বিভাগ কংছেন। এইগ্রন্থে পূর্বে প্রত্যেক স্থলে এইরূপ প্রতীকের অভিপ্রায় স্পষ্টরূপে ব্যাধ্যাকর। হরেছে, তারবারাই পাঠক 'প্রতীক' ব্যবহারের উদ্দেশ্য বুক্তে নিবেন। অভএব প্রত্যেক স্থলে ভার আর ব্যাধ্যা করবার প্রবার ব্যবহারন হবে না।

⁽১২৮) নামশব্দেন স্বৰন্ধ নমত্যাপাতাৰ্বং প্ৰতি বিশেষণীভবতীতি ব্যুৎপত্তেঃ [মহাছাযা– প্ৰদীপোন্দোভ]।

⁽১২৯) चाथाज्य — टिडचम् । – यहाचावादवीद्वभाष्माज।

পদ' তিন কাল--ভূত, ভবিশ্বং এবং বর্তমান। 'তুইটি মন্তক' শব্দের তুইটি দ্বন্ধ – নিত্য [উৎপত্তিবিনাশশ্যু] এবং কার্য [উৎপত্তিশীল]। 'ইহার সাতটি হন্ত'—সাতটি বিভক্তি। 'তিন প্রকারে বন্ধ'—তিন স্থানে বন্ধ—বন্ধংহলে, কণ্ঠদেশে এবং মন্তকে। 'রোরবীতি' শব্দ করছেন। কি কারণে ইহা [হচ্ছে—এই অর্থ পাওয়া যাচ্ছে] ? 'ক্ল, ধাতুর অর্থ শব্দ করা [রব করা —বঙ্গা]।

'মহান্ দেবতা মর্ত্যের মধ্যে প্রবিষ্ট হয়েছেন, মহান্ দেব—শব্ধ, [তিনি – সেই শব্ধরূপী দেবতা] মর্তা-মরণশীল [যে] মহয়, তাহাদের মধ্যে প্রবিষ্ট হয়েছেন।

মহান্ দেবের সহিত অমোদের যাতে সাম্য হতে পারে, এই [হেতু] ব্যাকরণের অধ্যয়ন কর্তব্য।। ২৩।।

পদ পরিচয়:—এই উদ্বৃত ঋক্টিতে তিনটি বৈদিক পদ আছে। —
'শৃঙ্গা' 'হস্তাস:' এবং মতাঁা। (১) শৃঙ্গা—ক্লীবলিঙ্গ, শৃঙ্গ শন্ধের প্রথমা
বিভক্তির বহুবচনের বৈদিক রূপ (১৩٠) লৌকিক প্রয়োগে এই স্থলে 'শৃঙ্গাণি'
এইরূপ হয়।

- (ে) হন্তাস: পুংলিক হন্ত শব্দের প্রথমার বহুবচনের বৈদিক রূপ (১৩,); লৌকিক প্রয়োগে এই দ্বলে 'হন্তাং' এইরূপ হয়।
- (৩) 'মউঁগা আবিবেশ' এন্থলে 'মউঁগা' এইরূপ বৈদিক সংস্কৃতেই হয়। লোকিক সংস্কৃতে ইহার ইলে 'মউগান্' এই প্রকার প্রয়োগ হয়। 'মউগান্+ অবিবেশ, এই অবস্থায় "দীর্ঘাদটি সমান পাদে" (১৭২)[৮।৩১৯] এই স্বত্ত

⁽১৩•) 'শেশ্চক্ষদি ৰহলম' [৬।১।৭•]। শি ইত্যেতস্য বছলং ছন্দ্দিসি বিষয়ে লোগো ভবতি।

— কাশিকা। উলাহরণ —'যা কেত্রা' এথানে লৌকিক সংস্কৃতে 'বানি কেত্রাণি' এই রূপ হয়।

⁽১৩১) আজ্নেরফুক্ [৭।১।৫০]। অবর্ণান্তাদলাতুত্তরস্য জনে রফ্গাগমো ভরতি ছল্দি বিবরে। কাশিকা।

উদাহরণ — 'ব্রাহ্মণাস: পিতর: সোমাস:', এখাবে লৌকিক সংস্কৃতের নিয়ম অনুসারে 'ব্রাহ্মণাস:' এইছুলৈ 'ব্রাহ্মণাঃ' এবং 'সোমাসঃ' এই ছুলে 'সোমাঃ' এইপ্রকার রূপ প্রাপ্ত ছিল।

^{্ (}১৩২) ন ইভাসুবর্ততে। দার্থাপুত্রবন্য পদান্তন্য নকার্ন্য ক্রতি আট পরতঃ, ভৌ চেরিমিড-নৈমিডিনো সমান পাদে ভবতঃ। ক্ষিক্তি [৮০০৮] প্রকৃতীধাদ বক্পাদ ইছ গৃহতে। কাশিকা।

অহাপারে 'নৃ' হানে 'ক' হয়। 'ক'র উকারের ইৎ সংজ্ঞা ও তার লোপ হওরার পর 'বৃ' মাত্র অবশিষ্ট থাকে। তারপর "আতোহটি নিতাম্" [৮।৩।৩] ১৩৩)। এই স্ত্রে অমুপারে 'য' কারের পরবর্তী আকার অমুনাসিক হয়। তারপর 'ভোভগো আঘো অপূর্বস্থা যোহশি' (১৩৪) [৮।৩)১৭] এই স্ত্রে অমুপারে 'ক' র 'র' স্থানে 'যৃ' হয়। তারপর 'লোপঃ শাকল্যস্থা' [৮।৩)১৯] এই স্ত্রে অমুপারে 'য' লোপ হয়ে 'মার্ড্রা আবিবেশ' এইরূপ প্রয়োগ সিদ্ধ হয়।

মহাভায়কার এই মন্ত্রের "মহো দেবং" এই অংশটিকে 'মহান্ দেবং' এই প্রতিশব্দের হারা ব্যাখ্যা করেছেন।

'মহান্+ দেবং' এই অবস্থায় বৈদিক ব্যাকরণ অন্থারে 'মহো দেবং' এই প্রকার প্রযোগ সিদ্ধ করা যেতে পারে। তাতে একটু কট্ট কল্পনা করতে হয়। এই জন্ম শুরুবজুর্বেদের বাজসনেয়ি সংহিতার ভাষ্যকার মহীধর অন্যভাবে এই প্রয়োগের সাধন করেছেন। তিনি বলেছেন 'মহ' এই অকারান্ত শক্ষের প্রথমা বিভক্তির একবচনে 'মহং' এইরূপ যে পদ হয়, তার সঙ্গে 'দেবং' এই শক্ষের সহযোগে সদ্ধি হলে 'মহোদেবং' এইরূপ প্রয়োগ সিদ্ধ হয়। 'মহং' শক্ষি 'মহান্' শক্ষের সমানার্থক বলে 'মহোদেবং, এর অর্থ 'মহান্ দেবং' হয় (১৩৫)॥ ২৩॥

⁽১৩৩) অটি পরতো রো: পূর্বসাংকারস্য স্থানে নিজ্যমনুনাসিকাংশশো ভবতি।—কাশিকা।

⁽১৩৪) ভো ভগো অঘো ইতোবং পূর্বসা অবর্ণপূর্বসাচ রো রেফস্য যকারাছেশোভবতি, জনি পর ডঃ।—কাশিকা।

⁽১০৫) মহতি=পূক্রতি মহতে বা জনৈরিতি মহো মহান্।—বাজসনেয়িসংহিতার মহীধর-ভাষা [১৭৯১]। এথানে 'মহতি' 'পূজরতি' এই বিগ্রহে ভালি মহ্ধাতুর উত্তর কতু বাচো অন্ত্র প্রায়ের করে 'মহ' শব্দ সিদ্ধাহন বিল নিল্লাইপ্রচাদিভ্যো লাগিনাচঃ' [৩০১০৬৪] এই কুল্লে পচপ্রভৃতি ধাতুর উত্তর কতু বাচো 'অন্তং প্রতায়ের বিধান কর। হরেছে, তথাপি এই কুল্লের মহাভাষো একটি বার্তিক পঠিত আছে—''অজ্বিধিঃ সর্বধাতুতাঃ।'' এই বার্তিকের বারা সমস্বধাতুর উত্তর 'অহ্' প্রতার বিহিত হবেছে। ক্রতরাং এছলে 'মহ' ধাতুর উত্তর কতু বাচো 'অন্তং প্রতায় কর'তে কোন বাধা নাই। যথন 'মহতি পূজরতি' এইরূপ বিগ্রহকর। হয়, সে সম্বয় মহধাতুর 'পূজা কর।' এরূপ অর্থ গ্রহণ কর। হয় না। কারণ তথন ধাতুর এরূপ অর্থগ্রহণ করলে 'মহং' শন্দের অর্থের সক্রতি থাকে না। এই জন্ম এই কুলে 'মহ' ধাতুর 'পূজত হওয়।' এইরূপ অর্থগ্রহণ করতে হবে। তা হলে যিনি পূজ্রত হন, 'মহ' শন্দের বারা তাকে বুঝাতে পারে। ক্রতরাং 'মহ' শন্দ এবং 'মহান্' শন্দ সমানার্থকরণে পরিগণিত ক্ষতে পারে। অথবা যিনি মহান্, তিনি সকলকে পূজা করেন, কাছাকেও আনাদ্র করেন ন—এইরূপ অর্থন এথানে গ্রহণ কর। বেতে পারে। বিত্রত কোন কট

বিবৃত্তি:—এই মত্ত্রে শব্দ ব্রহ্মণে বর্ণনা করা হ্যেছে। মহাভায়কার —ইহাই প্রতিপাদন করেছেন। ব্রহজ্বণে বর্ণিত হলেও সাধারণ বৃষ
অপেকা শব্দবন্ধন বৃষর কোন কোন বিষয়ে বৈলক্ষণ্যও প্রতিপাদিত হয়েছে।
সাধারণ বৃষরে তৃটি শৃষ, এই শব্দবন্ধ বৃষরে শৃষ চারিটি। ইতর বৃষরে পশ্চান্তাগে
ফুইটি পুদ, এই বৃষরে পশ্চাতে তিনটি পদ। অন্ত বৃষরে সমুখভাগে ফুইটি
হস্ত, এই বৃষরে সমুখভাগে সাতটি হস্ত। এখানে একটি প্রট্টরা এই যে—
বৃষরের হস্ত নাই, পদই আছে। এইজন্ত শাস্তে বৃষরে চতৃষ্পদর্গেই বর্ণনা করা
হয়েছে,। এখানে উদ্ধৃত "চ্ছারি শৃষ্ণ" ইত্যাদি মন্ত্রে বৃষরে সমুখবর্তী পদকে
হস্তরূপে বর্ণনা করা হয়েছে। সাধারণ বৃষের একটি মন্তক, এই শব্দরূপী বৃষরে
ফুইটি মন্তক। সাধারণ বৃষকে সাধারণতঃ একস্থানে বন্ধন করা হয়, এই বৃষ
তিন স্থানে বন্ধ।

সাধারণত কোন বাক্যে যতগুলি শব্দ থাকে —সেইগুলিকে প্রাতিপদিক ও আধ্যাত—এই ছুইভাগে বিভক্ত করা যায়। এন্থলে মহাভায়কারের ব্যবহৃত 'নাম' শব্দ 'প্রাতিপাদিক' শব্দের সমানার্থক। বিভক্তি ছুই প্রকার স্থপ্ বিভক্তি এবং তিঙ্বিভক্তি ১৬৬)। যে সকল শব্দের উত্তর স্থপ্ বিভক্তির বিধান আছে, তারা 'নাম' অথবা 'প্রাতিপদিক'। যে সকল শব্দের উত্তর তিঙ্বিভক্তির বিধান আছে তাহাদিগকে ধাতু বলে। এই তিঙ্বিভক্তি মুক্ত ধাতুঘটিত পদকে আধ্যাত বলে। এথানে মহাভায়কার 'নাম' থেকে

কলনা করতে হর না। অমর কোবের ভাসুজীদীকিতের টাকায় অর্গবর্গের শেষ লোকের ব্যাখারি এইরূপ অচ, প্রভারের বারা মহ'শন সিদ্ধ করা হরেছে।

'মহতে জনৈ:' এই রূপ বিগ্রহ করলে চুরাদি 'মহ' ধাতুর উত্তর 'বঞ্' প্রত্যান্তর বারা 'মহ' শব্দ সিদ্ধ কর। হরেছে ইহা ব্যতে হবে। এই মহ ধাতু অদন্ত হওয়ায় বঞ্প্রভার করনে মকারের পরবর্তী অকারের হালে বৃদ্ধির প্রান্তি না থাকার দেই অকারহানে আকার হবে না। এহলে "অকর্তরি চ কারকে সংজ্ঞারাম্'' [৩ ৩১৯] এই পুত্র অমুসারে কর্মবাচ্যে বঞ্জ্ প্রতার হরেছে বৃষ্তে হবে। বদিও এই পুত্রে পাণিমি 'সংজ্ঞারাম্' এই শব্দতির উপস্থাস করেছেন, তথাপি মহাভাগ্রকার পুত্রের 'সংজ্ঞারাম্' এই অংশের প্রত্যাথানে করেছেন বলে সংজ্ঞানা বৃষ্ণালেও 'বঞ্' প্রতার হতে কোন বাধা হয় না।

(১৯৬) বিভক্তিত [১।৪।১-৪]। বুপ্,ডিভৌ বিভক্তিশংকো ভঃ। সিদ্ধান্তকৌমুদী। পৃথগ্ভাবে 'উপদর্গ' ও 'নিপাতের' উল্লেখ করেছেন। নিজকের প্রথম অধ্যায়ের প্রারম্ভে যায়ও এইরপ নাম থেকে পৃথগ্ভাবে 'উপদর্গ' ও 'নিপাতের' উল্লেখ করেছেন। বস্থতঃ 'উপদর্গ ও 'নিপাত' নামেরই অস্তর্গত, নাম থেকে জির জাতীয় শব্দ নয়। রাম, হরি নদা, প্রভৃতি 'নাম' থেকে উপদর্গ ও নিপাতের কিছু বৈলক্ষণ্য আছে। ধাতুর সক্ষেই উপদর্গের প্রয়োগ হয়। ধাতুর সক্ষে মিলিত হয়েই উপদর্গ অর্থ প্রকাশ করতে পারে, স্বতন্ত্রভাবে কোন অর্থ প্রকাশ করতে পারে না। এইরপ নিপাতের প্রয়োগও অন্তশব্দের দহিত হলেই নিপাত নিজের অর্থ কে প্রকাশ করতে পারে, স্বতন্ত্রভাবে নিপাত কোন অর্থ প্রকাশ করতে পারে না। রাম, হরি, ঘট, পট ইত্যাদি নামগুলি নিজের অর্থ প্রকাশ করতে অন্তের অপেক্ষা করে না। এই বিশেষজকে লক্ষ্য করে 'নাম' থেকে 'উপদর্গ' ও 'নিপাতকে' পৃথগ্ভাবে উল্লেখ করা হয়েছে। 'উপদর্গ' বিশেষজ্ব আছে। উপদর্গের প্রয়োগ ধাতুর সঙ্গেই হয়; নিপাতের প্রয়োগ অন্ত শব্দের সঞ্জিত হয়েছে হয়ে থাকে। এইজ্বত 'নিপাত' থেকে 'উপদর্গ' পৃথগ্ভাবে গৃহীত হয়েছে (১৩৭)।

নিক্লকার বান্ধ, মহাভাষ্যকার পতঞ্জলি, বৃহন্দেবতাকার শৌনক শউপদর্গ এবং নিপাতকে নামের অন্তর্গতরপে গ্রহণ না করে, পৃথগ্ভাবে গ্রহণ করেছেন। এইজন্ম ইহ্দদের মতে পঞ্চারপ্রকার।

অপব এক সম্প্ৰদার পদসম্থকে পাঁচ শ্রেণীতে বিভক্ত করেছেন। তাঁদের মতে—নাম. আখ্যাত, উপসর্গ, নিপাত এবং কর্মপ্রধনীয়ভেদে পদ পাঁচ প্রকার। বখন প্র, পরা, প্রভৃতি শদ, ধাতুর পূর্বে প্রপুক্ত হয়ে ধাতুর অর্থকে বিশেষিত বা পরি থতিত করে, তখন তাঙুদিগকে উপদর্গ বলা হয়। আর বখন এই প্র, পরা প্রভৃতি শব্দ এই ভাবে সম্বন্ধ হয় না, কিন্তু সম্বন্ধের দ্যোতক হয়, সেই অবস্থার তাদের কমুপ্রিধচনীয় বলা হয়। [বাক্যপদীর ২১২০৬]।

ভর্ত্রি বাকাপদীয়ের ভৃতীর কাঙে পদের প্রেণীবিভাগ সহকে এই মতভেদের উল্লেখ করেছেন—

⁽১৩৭) পদের শ্রেণী বিভাগ সহকে আচাধগণের মতভেদ দেখা বার। পাণিনি হবন্ত ও তিওল্ডভেদে পদস্মৃহকে ছই ভাগে ভাগ করেছেন—''হপ্তিওল্ডং গলম্'' [১া৪া১৪] হবন্ত ও তিওল্ডকে পদস্জার অভিহিত কর। হয়। রাম, বট, পট ইত্যাদি শন্দের মত উপদর্গ ও নিশাভের উত্তরও হৃপ্ বিভক্তি হয় বলে পাণিনি ভাদের অবান্তর বিশেষ্ডকে উপেকা করে পদস্মৃহকে ছই শ্রেণীতেই ভাগ করেছেন। জাব্য ইহা মনে রাখা প্রয়োজন বে, রাম প্রভৃতি শন্দের উত্তর 'হপ্' বিভক্তির সর্ব্ত্ত কোপ হয় না, কিন্তু উপদর্গ ও নিপাতেব উত্তর বিহিত হৃপ্ বিভক্তিমান্তেবই লোপ হয়।

ব্যাকরণে যে সকল ক্রিয়াপদের সাধন করা হয়েছে, সেই ক্রিয়া পদগুলি বর্তমান, ভবিয়াও ও অতীত—এই তিন কালকে প্রকাশ করে। এই ভাবে শব্দ-শাস্ত্রের সহিত তিনটি কালের সম্বন্ধ আছে। এইছেতু শব্দস্বমভের বর্ণনায় তিন কালকে গ্রহণ করা হয়েছে। ব্যাকরণ শাস্ত্র অহলারে ক্রিয়াপদ না থাকলে কোন বাক্য সম্পূর্ণ হয় না। ব্যাক্যের পূর্ণতা ক্রিয়াপদের উপর নির্ভর করে। এই ক্রিয়াপদ গুলি তিনটি কালের কোন একটি কালকে প্রকাশ করে থাকে। এইক্রম্ব তিন কালকে শব্দয়্বমভের পদরূপে বর্ণনা করা হয়েছে। পদের শাহায়েয় য়েমন সমন্ত শরীরের সমনাগমনাদি ব্যাপার সম্পাদিত হয়, সেইরূপ কালপ্রতিপাদক ক্রিয়া পদের উপরই সমগ্র বাক্যের সম্পূর্ণ অর্থ প্রতিপাদন ব্যাপার নির্ভর করে। তিন কালকে শব্দয়্বছের তিন পদরূপে বর্ণনা করার এই অভিপ্রায়।

'স্ফোট' নামক যে অথগুশব্দের বিষয়ে পূর্বে বলা হয়েছে, তাহাই শব্দের নিত্য স্বরূপ। ব্যাকরণ শাস্মে যে প্রকৃতি প্রত্যয়াদির বিভাগ প্রদর্শিত হয়েছে, তাহাই শব্দের কার্যস্বরূপ। যে ধ্বনিকে বৈয়াকরণ সম্প্রদায় নিত্য স্ফোটের অভিব্যক্তির কারণ স্বীকার কবেছেন তাকেও শব্দের কার্যস্বরূপ বলা যায় (১৩৮)।

> বিধা কৈন্দিৎ পদং ভিন্নং চতুধা পঞ্চাহপি বা। অপোদ্ধ,ত্যৈব বাকোভাঃ প্রকৃতিপ্রতারাদিবং॥

বাক্য অখণ্ড বলে তার কোন_{্ধ} অবয়ব নাই। হতরাং এইরূপে পদের শ্রেণীবিভাগ পদেব অভগতি প্রকৃতি প্রতানাদির বিভাগের মত কালনিক।

(১৬৮) খবের ছুইটি বরপ — একটি ব্যঙ্গ্র এবং অপরটি বাঞ্জক। ইহাবের মধ্যে ব্যঙ্গ্য বরপটি নিত্য এবং ব্যঞ্জক বরপটি ক্রার্থ [অনিত্য]। কৈরটের ব্যাধ্য। থেকে ইহা ব্যা বায়। কোনটি শব্দের ব্যঙ্গ্য বরপ এবং কোনটি ব্যঞ্জক বরপ, সে বিষয়ে কৈয়ট স্পষ্ট কিছু বলেন নাই। মাধবাচায় স্বদর্শন সংগ্রহের পাণিনিদর্শনে এই মন্ত্রের ব্যাধ্যাকালে কৈয়টের ব্যাধ্যা গ্রহণ করেন্তে কোনটি ব্যঙ্গ্যক্ষকাপ, কোনটি ব্যঞ্জক বরপ সে বিষয়ে মৌনাবল্যন করেছেন।

ব্যাকরণ বিশান্তপ্রধানিবিতে বলা হয়েছে –

"ব্যন্ত্ৰকৰ্যস্থান্ডেদেন কাৰ্থনিত্যয়োৰ্থণাথভক্ষোটাস্থকয়োৰ্থ রম্

এর তাৎপর্য হচ্ছি—ব্যপ্তক ও ব্যঙ্গাভেদে শব্দ ছুই প্রকার। তারমধ্যে ব্যপ্তকশব্দ কার্য এবং ব্যঙ্গাশব্দ নিত্য। বর্ণান্মক শব্দ কার্য এবং অবধ্বক্ষোট নিত্য।

ৰণাশ্বক শব্দ বনতে প্ৰকৃতি, প্ৰত্যয় প্ৰভৃতি বুঝার। ব্যাকরণ শার্ক্ত প্ৰকৃতি প্ৰত্যয়াদিবিভাগ-স্বার। অধণ্ডক্ষোটেরই প্রতিগাদন কর। হয়েছে ৭ প্রকৃতি, প্রত্যয় প্রভৃতি নিত্য অধণ্ড কোটের শব্দের এই তৃইটি বিভিন্ন স্থান্সপকে শব্দ্যভের মন্ত্রক রপে বর্ণনা করা হয়েছে। শরীরের মধ্যে মন্তর্কই প্রধান। হন্ত পদ, প্রভৃতির অভাবেও শরীরের কিছু কার্যকারিতা থাকে; মন্তর্কের অভাবে শরীরের কোন কার্যকারিতা থাকে না; সে অবস্থায় শরীর থাকলেও তার অবস্থা না থাকার মতই হয়। শব্দের এই তৃইটি স্থান্সপকে যদি পরিত্যাগ করা হয়, তাহলে শব্দের ও কোন কিছু থাকে না। এইজন্ত নিত্য ও কার্য স্থান্সকে শব্দ্যভের মন্তর্করপে বর্ননা করা হয়েছে।

প্রথমা, দ্বিতীয়া প্রভৃতি সাতটি বিভক্তিকে শব্দব্যভের হন্তরণে বর্ণনা কর। হয়েছে। হন্ত না থাকলে শরীর বিকল হয়, শরীরের কার্যকারিতা অনেক জংশে নই হয়; এইরূপ সাতটি বিভক্তিকে ত্যাগ করলে বাক্যের অঙ্গ হানি ঘটে, বাক্যের অর্থপ্রকাশের সামর্থ্য অনেক জংশে নই হয়ে য়ায়। এই কারণে এই সাতটি বিভক্তিকে শব্দব্যভের হন্তরণে বর্ণনা করা হয়েছে।

এই শব্দব্যভ তিন স্থানে বন্ধ; সাধারণ র্যভকে গোশালায় বা গোঠে বিদ্ধন করা হয়। কিন্তু শব্দ ব্যভ হৃদ্য, কণ্ঠ ও মস্তকে বন্ধ। বর্ণের উচ্চারণ স্থান—এই তিনটি; এইজন্ত শব্দব্যভকে এই তিন স্থানে বন্ধ বলে বর্ণনা করা হয়েছে। পাণিনীয়শিক্ষায় বর্ণের উচ্চারণস্থান আটটি উল্লিখিত হয়েছে—

> অটো খানানি বর্ণানাম্বঃ কঠঃ শিবভথা। জিহ্বামূলং চ দস্তাশ্চ নাদিকোটো চ তালু চ॥

বর্ণের উচ্চারণস্থান আটটি—হাদয, কণ্ঠ শীর্ষ, জিহ্বামূল, দস্ত, নাদিকা, ওষ্ঠ এবং তালু।

এতে দেখা যাছে—মহাভাষ্যের সহিত পার্ণিনীয় শিক্ষার বিরোধ হচ্ছে। এই বিরোধের সমাধান করতে গেলে বলতে হয়—মহাভাষ্যে যে কঠ্মানের কথা

ব্যপ্তক। যাহা ক্ষোটের অভিব্যপ্তক তাকে বর্ণ বলে গ্রহণ করলে ক্ষোটের অভিব্যপ্তক ধনিও কার্য-শন্দরপে গৃহীত হতে পারে। বাক্যপদীয় প্রভৃতি গ্রন্থে ধ্বনিকে ক্ষোটের অভিব্যপ্তক বলা হয়েছে। স্বত্তরাং ধ্বনিকে শন্দের কার্যস্করপ বললেও কোন দোষ হয় না।

অর্থের অভিষয়েক অধওশন্ত 'ফোট' নামে অভিহিত হয়—ইহা পূর্বে বলা হয়েছে। [২২ পূর্হার ১৯ নং ও ২০ নং পাদটীকা ক্ষষ্টব্য]। ফোট শব্দের এইরূপ ব্যাখ্যার দার। ফোটশব্দের অবিভাগ্লক অথই প্রতিপাধিত হবেছে। ফোট যেমন অর্থের অভিব্যক্লক সৈইরূপ ধ্বনির ও ব্যক্তাই বটে। এই ব্যক্তা অর্থেও ফোট শব্দের ব্যুৎপত্তি শাব্দে প্রদিশিত হয়েছে।

⁹'ক_ৰটাতে ৰাজাতে বৰৈরিতি ফোটঃ'।

[[]কেনোপনিষদের শাক্ষর ৰাক্যভাষ্যের আনন্দগিরিটাক! ১'৪

বলা হয়েছে, তার দ্বারা কঠের সন্নিহিত মুখের অন্তর্গত সমস্ত স্থানের কথাই ব স্থানিত হয়েছে —(১৩৯)। স্থান্তরাং মহাভায়ের সহিত পাণিনীয়শিকার কোন বিরোধ নাই।

মহাভায়ে উদ্ধৃত এই "চ্বারি শৃদা" ইত্যাদিমন্ত্রের তাৎপর্য অবলম্বন করে ভর্তৃহবি একটি শ্লোক রচনা করেছেন —

অপি প্রযোজনুরাত্মানং শব্দমন্তরবন্ধিতম্।
প্রাহর্মহান্তর্মান (বাক্যপদীয় ১০১৭)

প্রযোজা অর্থাৎ উচ্চারণকর্তার আত্মারপে অন্তরে অবস্থিত শব্দকে মহান্
র্যভ্রপে বর্ণনা করা হয়েছে। এই যে শব্দক্রন্ধ, সাধক, নিজের সাধনার ইহার
সহিত সাযুব্দ্য লাভ করেন। মাধবাচার্য তাঁর সর্বদর্শন সংগ্রহের পাণিনীয়দর্শনে
— এই মন্ত্র উদ্ধৃত করে ব্যাধ্যা করেছেন। এই ব্যাধ্যায় মাধাবাচার্য মহাভায়কারের ব্যাধ্যা অন্ত্রপর করেছেন এবং এই মন্ত্রটি যে শব্দক্রব্দের প্রতিপাদক,
তারও উল্লেখ করেছেন (১৪০)।

নিক্ষক্ত পরিশিষ্টে [নিক্ষকের ত্রেরোদশ অধ্যায়ে] এই মন্ত্রটিকে যজ্ঞ প্রতি পাদকরণে ব্যাখ্যা করা হয়েছে। চার বেদ, যজ্ঞরূপী ব্যভের চারিটি শৃক। প্রাতঃসবন, মাধ্যন্দিন সবন এবং তৃতীয় সবন এই তিন্টি সবন (১৪১) যজ্ঞ-বৃষ্যভের তিন্পদ। প্রায়ণীয়ও উদয়নীয় (১৪২) এই তুইটি বজ্ঞব্যভের তুইটি

⁽১৩১) 'কণ্ঠ' ইত্যানন মুখান্তগ তি কণ্ঠা বিস্থান মুপলক্যতে। [মহাভাষ্য প্রদীপোন্দ্যোত]

⁽১৪০) মহাভাষ্য কার এই মন্ত্রের 'রোরবীতি' শব্দের ব্যাখা করেছেন — 'শব্দং করোতি'।
মাধবাগার্য বলেছেন 'শব্দ' শব্দন প্রপঞ্চো 'বিবক্ষাতে'। এছনে 'শব্দ' শব্দের প্রতিপাদ্য বিশ্বপ্রপঞ্চ।
এর তাৎপর্য হচ্ছে — বাগতে ছটি বস্তু প্রামাদের জ্ঞানের বিষয়ীভূত হয় — শব্দ ও অর্থ বা নাম ও
রূপ। ইংাদের মধ্যে ঘট, পট বৃক্ষ প্রভৃতি শব্দ [নাম] গুলি এক অথও শব্দের নানারূপে বিকাশ।
এই সকল শব্দের [নামের] সহিত অবিচ্ছেলভাবে সম্বদ্ধ রূপের [ঘট, পট প্রভৃতি অর্থের]
উৎপত্তির কারণও সেই অধিতীয় অথও শব্দব্রদ্ধ। মাধবাচার্য যেমন এই মন্ত্রটিকে শব্দব্রদ্ধের
প্রতিপাদকরূপে ব্যাখ্যা করেছেন — সেইরূপ ভর্তুরের এই মতও তার কারিকায় পাই।

⁽১৪১) 'সৰন' শব্দের অর্থ যজ্ঞ। অগ্নিষ্টোম প্রভৃতি সোমবাগে প্রাতঃকালে, মধ্যাহ্ন এবং সারংকানে ভিন্নভিন্ন পদ্ধতি ক্রমে যে যজ্ঞের অনুষ্ঠান কর। হয়, তার নাম 'সবন'।

⁽১৪২) প্রায়শীয় এবং উদয়নীয়—এই ছুইটি বিভিন্ন ছুটি ইছির [বাগাবিশেবের] নাম। সোমবাগে এই ছুইটি ইউর অনুষ্ঠান করতে হল।

মন্তক। গায়ত্রী প্রভৃতি সাতটি ছন্দ: (১৪৩), এই ষক্তর্যভের সাতটি হন্ত।
মন্ত্রাহ্মণ এবং কর [যক্তের অনুষ্ঠানবিধি], এই তিনটির দ্বারা যক্তর্যভ তিন
ভাবে বন্ধ। ঋগ্মন্ত, যজুর্মন্ত এবং সামমন্ত্রের দ্বারা এই মহান্ দেব থক্ত মন্ত্রের
মধ্যে প্রবিষ্ট হয়েছেন। এই শেষোক্ত বাক্যের দ্বারা মন্ত্রেরই যে যক্তে অধিকার
তাহা স্টিত হয়েছে (১৪৪)।

যদিও নিরুক্ত পরিশিটে যজের প্রতিপাদকরূপে এই মদ্রের ব্যাথায় করা হয়েছে, তথাপি এই ব্যাথ্যা অবলম্বনে এই মদ্রের মারা সকল য়জ্ঞেরই প্রতিপাদন করা হয়েছে ইহা বলা যায না। যে সকল পদার্থকে য়জ্ঞরমভের অবয়ব-রূপে কল্পনা করা হয়েছে সে সকল পদার্থ সোমযোগেই বিহিত আছে—ইহা দেখা যায়। স্বতরাং নিরুক্ত পরিশিটের এই ব্যাথ্যা অনুসারে এই মন্ত্রটির তাংপর্য সোম্যাগেই পর্যবিদ্যত হয়েছে।

মীমাংসাদর্শনের শাবর ভাষ্টেও [১।২।৪৬] এই মন্ত্রটি যজ্ঞের প্রতিপাদকর্মপে ব্যাথ্যাত হয়েছে। কিন্তু নিক্ষক পরিশিষ্টের ব্যাথ্যা অপেক্ষা শাবর ভাষ্টের ব্যাথ্যায় কিছু বৈলক্ষণ্য দেখা যায়। নিক্ষক পরিশিষ্টে চার বেদকে চারিশৃঙ্গরূপে কল্পনা করা হয়েছে। শাবরভাষ্টে হোতা, অধ্বযু উদ্গাতা ও ব্রহ্মা এই চারজন প্রধান ঋত্বিক্কে চার শৃঙ্গরূপে বর্ণনা করা হয়েছে। নিক্ষক্ত পরিশিষ্টে প্রায়ণীয় ও উদয়নীয় নামক ইষ্টিছয়কে শীর্ষরূপে কল্পনা করা হয়েছে। শাবরভাষ্টে যজ্ঞমান এবং যজ্ঞমানপত্নীকে যজ্ঞব্যভের শীর্ষ বলা হয়েছে। নিক্ষক্তপরিশিষ্টে মন্ত্র, ব্রাহ্মণ ও কল্প—এই তিনটি দ্বারা যজ্ঞবৃষভকে বন্ধ বলা হয়েছে; শাবহভাষ্টে ঝক্, যজুং ও সাম—এই তিন বেদের দ্বারা যজ্ঞবৃষভকে বন্ধ নলাই। শাবহভাষ্টে কাম্যফলকে বর্ষণ করে বলে যজ্ঞকে বৃষভ বলা হয়েছে। "রোরবীতি" এই অংশের কোন বিশেষ ব্যাথ্যা শবরস্বামী করেন নাই, কেবল 'ক' ধাতুর অর্থ

⁽১৪০) বৈদিক ছন্দ: গটি - গারত্রী, উঞ্চিক, অমুষ্টপ,, বৃহতী, পঙ্কি, ত্রিষ্ট্রপ, ও জগতী।

⁽১৪৪) 'চ্ছারি শৃক্তে বেদা বা এত উক্তাঃ। এরোংস্য পাদাং স্বনাদ্ধি এটি।। বে শীর্ষে প্রারণীণাংস্থ দ্বাদাং স্থ হলাংস। এধা বদ্ধারণা বন্ধা মন্ত্রাহ্মশকলৈঃ। ব্যভো রোর্বীতি স্বনক্ষেণ ভগু,ভিঃ বন্ধুভিঃ সামভিগ্রেনমুগ,ভিঃশংসন্তি বন্ধুভিগ, তি সামভিঃ তুবভি, স্কোদেব ইত্যেব হি মহান দেবো বন্ধজঃ। মুঠ্য লাবিবেশেতি এব হি,মুকুবানাবিশতি বন্ধনায়।

[নিক্ত প্রিশিষ্ট ১৩াণাঃ]

শক্ষ করা (১৪৫) এইটুক্ বলেছেন। ঋষেদভাল্যের উপোদ্ঘাতে যেথানে মীমাংসাক্ষ উদ্ধৃত করে—মন্ত্রের অর্থপ্রকাশনসামর্থ্য আছে ইহা সমর্থন করা হয়েছে—সেইখানে সায়ণ—এই মন্ত্রটির শবরস্বামীর ব্যাখ্যা উদ্ধৃত করেছেন। শবরস্বামী "রোরবীতি" এই অংশের কোন বিশেষ ব্যাখ্যা না করলেও সায়ণ ইহার ব্যাখ্যা করেছেন। সায়ণ বলেছেন—যজে যে ভোত্র ও শল্পাদির পাঠ করা হয় (১৪৬)। এই যজ্ঞর্যভ পুনঃপুনঃ ভোত্র ও শল্পাদি শক্ষ করে থাকেন (১৪৭)। এই মন্ত্রটি গুরু যজুর্বেদের বাজসনেয়ি সংহিতার ১৭ অধ্যায়ে ১১ সংখ্যক মন্ত্র। ভাষ্যকার মহীধর বলেছেন—এই মরের প্রতিপাত্য যজ্ঞপুরুষ। গুরু যজুর্বেদের তুইজন ভাষ্যকার প্রসিদ্ধ—উন্ধৃটি ও মহীধর। এরা উভ্যেই প্রথমে এই মন্ত্রের প্রতিপাত্য যজ্ঞ পুরুষকে ব্যাখ্যা করে শেষে শন্ত্রেরের প্রতিপাত্য বজ্ঞ পুরুষকে ব্যাখ্যা করে শেষে শন্ত্রেরের প্রতিপাদকরূপে এই মন্ত্রের ব্যাখ্যা করেছেন। বিস্তার ভ্রে তাহা এখানে উল্লিখিত হলো না।

মীমাংসাশান্তে প্রমাচার্ধ কুমারিল ভট্ট তন্ত্রবাতিকে এই মন্ত্রকে স্থের প্রতিপাদকর্মপে ব্যাখ্যা করেছেন। তন্ত্রবাতিকে প্রথমে শবরস্বামীর ব্যাখ্যার তাৎপর্ব প্রদর্শিত হয়েছে। তারপর ভট্নপাদ নিজের মতে ব্যাখ্যা করেছেন এই মন্ত্রকে। তিনি যা বলেছেন—তার তাৎপর্য এই—গবাময়ন নামক সত্রে (১৬৮)

⁽১৪৫) চতত্রে। হোত্রা শৃঙ্গাণীবান্ত। ত্রেরাহত্ত পাণা: সবনাভিপ্রারম্। বে শীর্ষে পড়াবজ্ঞমানে)। সপ্ত হন্তাদ ইতি ছন্দাংসি অভিপ্রেত্ত্ব। ত্রিধা বন্ধ ইতি ত্রিভির্ণের বন্ধ:। ব্যক্ত: কামান বর্ণতীতি। রোরবীতি শক্ষক্ষা। মহো দেবো মর্ত্যানবিবেশ ইতি মনুক্যাধিকারাভিপ্রায়ম্। [মীমাংসাদর্শন শাবরভাব্য ১।২।৪৬]

⁽১৪৬ প্রগাতমন্ত্রদাধাগুণিনিষ্ঠগুণাভিধানং জোত্রন্। অপ্রগীতমন্ত্রদাধাগুণিনিষ্ঠগুণাভিধানং শক্তম্থ মীমাংসাদর্শন কুতৃহলবৃত্তি ২।১১০। যে সকল মন্ত্র গানরূপ, তাদের হারা গুণীবস্তুর [দেবতাদির] গুণেব কথনকে স্থোত্র বলে। যে সকল মন্ত্র গান নর, তাদের হারা গুণীর গুণ কীর্তনের নাম শত্র। অর্থাং সাম মত্রের হারা শুতির নাম শত্র। ব্যাত্ত্র হারা শুতির নাম শত্র। ব্যাত্ত্র শক্তে বারা শুতির নাম শত্র। ব্যাত্ত্র শক্তে সাধারণভাবে শুতি বুঝালেও যাজ্ঞিক সম্প্রদারে ভোত্র শব্দ উক্তার্থক।

⁽১৪৭) রোরবাতি ভোত্রশন্তাদিশকান পুন: পুন: করোতি। [রুংফ্রেডারোপদ্বাত সাহুণ]

⁽১৪৮) সোমবাগ বিশেবের নাম 'দত্র'। গোতিটোম প্রভৃতি অক্সান্থ সোমবাগে বোলজন ধাত্তিকর প্রয়োজন হয়। এই বোলজন ধাত্তিকের মধ্যে—হোতা, অধ্বর্যু, উল্পাত। ও ব্রহ্মা --এই চারজন ধাত্তিক, প্রধান। এতহাতীত মৈত্রাবদণ, প্রতিপ্রহাত্ত্যে, প্রভাতা, বান্ধণাচ্ছংসী, আছোবাক, নেই, আলীধু, প্রাবস্তুৎ, উল্লেডা, হ্রন্ধণা, প্রতিহর্তা এবং পোতা নামক বারজন সহকারী বাত্তিক, সোমবাগে বৃত হয়ে থাকেন।

'বিষ্বং' নামক একাছে (১৪৯) এই মন্ত্রটির বিনিয়োগ হয়। এই 'বিষ্বং' নামক একাছে দেবতা স্থা। এই 'বিষ্বং' নামক একাছে হোতার অফরেটর 'আজ্যা' নামক ভোত্রে এই মন্ত্রটির বিনিয়োগ আছে। এই ভোত্রের দেবতা অগ্নি। যে মন্ত্রের যে কর্মে বিনিয়োগ হয়, সেইমন্ত্র সেই সেই কর্মের সহিত সংস্টা দেবতা বা ত্রব্য প্রভৃতির প্রতিপাদন করে। এম্বলে যেটি যাগ তার দেবতা স্থা অথচ হোতার অমুর্চেয় 'আজ্যা' নামক ভোত্রের দেবতা অগ্নি। এই উভয়ের সামঞ্জন্ম রক্ষার উদ্দেশ্যে ভট্রপাদ বলেছেন—এই মন্ত্রে যাগের দেবতা স্থারির সহিত অভিন্নরূপে ভোত্রের দেবতা অগ্নির স্থাতি কর। হ্যেছে। অগ্নি ও আদিত্য উভয়ই তেজঃ স্বরূপ হওয়ায় এই মন্ত্রে উভয়ের ঐক্য কল্পনা করা সম্ভব হয়েছে (১৫০)। দিবসের চারিপ্রহর, এই আদিত্যরূপী র্যভের চারি শৃঙ্গ। শীত, গ্রীম্ম এবং বর্ষা—বংসরের মধ্যে এই তিনটি ঋতু প্রধান। শীত ঋতুর মধ্যে হেমন্ত ঋতু, গ্রীম্ম ঋতুর মধ্যে বসন্ত ঋতু এবং বর্ষা ঋতুর মধ্যে শ্বং ঋতুকে অন্তর্ভূত করলে তিন ঋতুতেই বংসরের পর্যবান হয়

কিন্দু 'সত্রে' এই যোলজন ঋতিক, বাতীত 'গৃহপতি' নামক আর একজন ঋতিকের প্রয়োগন হয়। এই ছাবে 'সত্রে' ১৭জন ঋতিকের আবগুকতা আছে। সত্রের আর একটি বিশেষত্ব আছে। জ্যোতিষ্টোমাদি অক্স যাগে যিনি সজমান, তিনিই যজের ফলভাগী হন। যারা ঋতিক, তারা যজে গৃত হরে যজের সহায়তা করেন এবং যজান্তে দক্ষিণা প্রাপ্ত হন। অক্স সোম্যাগে যারা ঋতিক, হন ভাগের আহিতাগ্রি' অথাং অগ্রিং আনান করতে হবে একপ নিয়ম নাই। সত্রে যারা ঋতিক, হন ভাগের প্রতিকেক 'আহিতাগ্রি' হতে হবে। আবে সত্রে বাবে। ঋত্বিক, হন ভাবা যজামানও হন। এই সত্রে ঋতিক, ও যজামানের কোন ভেদ নাই। সত্রের অমুষ্ঠান করে থাকেন। এই সত্রে ঋতিক, ও যজামানের কোন ভেদ নাই। সত্রের অমুষ্ঠান করে থাকেন। তাণ্ডাব্রহ্মগের সায়ণভাবোর উপোদ্যাত, মামাংসাদর্শনের যত অধ্যারের ১ম অধিকরণ এবং দশম অধ্যারের যঠ পাদের ১৪শ ও ১৫শ অধিকরণে ইহা বিশাদভাবে বণিত।

(১৪৯) 'একেনাছা যেবু স্বত্যাপৰিদমান্তিন্ত একা**হা**ঃ

[আপ**ক্তর**্যজ্ঞ পরি**ভাষাস্**ত্রের কপ**দিস**্মীৰ ব্যাখ্যা ৪০০]

'একেনাহ্না হতাণারিসমাগ্রির্যেষাং তে একাহাঃ—'

[আপত্ত্যজ্ঞপরিভাষাস্থ্রের হরদত্ত্তব্যাখ্যা ৪।৩]

যে সকল সোম্বাগে 'হত্যার' পরিসমাথি একদিনে হর, তাদের নাম একাহণ দোমলভার রসের বার। পোম্যাগে আছতি দিতে হয়। বদ বাহির করবার জন্ম বেদবিহিত পদ্ধতি অনুসারে সোমলভাকে কুটভে হয়। ইহাত্তক 'হত্যা' বলে।

(১৫٠) भौमाःमारकोञ्जछ [১।२।७৮]

্ং৫১ । এই ভিনটি ঋতু আদিত্যরূপী ব্যভের ভিনটি পদ। উদ্ভরায়ণ ও দক্ষিণায়ন এই চুইটি অয়ন এই বুষভের চুইটি শীর্ষ। আদিত্যের সপ্ত অখ [সাতটি ছোডা বা সাতবর্ণের সাতটি কিরণ] এই বুষভের সপ্ত হস্ত। আদিত্যের উদয়, আকাশের মধ্যভাগে অবস্থান এবং অন্তকে উপলক্ষ্য করে -সোমবাগে তিনটি সবনের অফুষ্ঠান করা হয়। এই তিনটি সবনে এই আদিত্য-স্বাপী বৃষদ্ভ বন্ধ। 'বৃষভ' শব্দ বর্ষণার্থক 'বৃষ' ধাতু খেকে নিষ্পন্ন (১৫২)। সূর্য থেকে বৃষ্টি হয়। সূর্য বৃষ্টির হেতৃ। এইজন্ম তাঁকে 'বৃষভ' রূপে ছাতি করা হয়েছে। মেঘের ঘারা এই আদিতারূপী বৃষভ শব্দ [গব্দ ন] করে থাকেন। ইহার উদয়ে সকল মামুষ উৎসাহ সহকারে নিজ নিজ কর্মে প্রবৃত্ত হয়। এই উৎসাহ সম্পাদন ব্যাপারে ইনি সকল পুরুষের হৃদয়ে প্রবিষ্ট হয়ে থাকেন (১৫৩)। এই মন্ত্রটি ঋথেদ সংহিতার তৃতীয় অইকের অইম অধ্যায়ের জ্যোদশ স্ক্তের তৃতীয় মন্ত্র কার্ম কার্ম কার্ম কার্ম বিশ্ব বিশ্ স্থক্তের দেবতা বলে কীতিত হয়েছে। যিনি স্থক্তের প্রতিপান্থ তিনিই স্থক্তের দেবতা। স্বতরাং এই মন্ত্রকে পাঁচ প্রকারে ব্যাখ্যা করা উচিত। সায়ণ তা না করে তই প্রকারে ব্যাখ্যা করেছেন। তিনি নিরুক্তপরিশিষ্টের অনুসরণ করে যজ্জরপী অপ্লির শুতিরূপে এই মন্ত্রের প্রথমে ব্যাখ্যা করেছেন। তারপর তন্ত্র-

⁽১৭১) ঋ খণ সংহিতার ২য় অষ্টক ৩য় অধারে 'শভবামীয়' হকের বিতীয় ঋকে তিনটি ঋতুর কথা বলা হয়েছে। যাক এই মছের ব্যাধায় বৎসরে যে তিনটি মাত্র ঋতু তাহা বলেছেন। [নিকক ৪।২৭ টা ঋক সংহিতার [২০০১৬,৩] পাঁচটি ঋতুর কথাও আছে। সেথানে হেমন্ত ও লিশির ঋতুকে একটি ঋতু বলে গ্রহণ করা হয়েছে।—ইহা সারণাচার্য এবং যাক [৪।২৭ নিকক] বলেছেন। ঋক সংহিতার হলবিশেষে [২০০১৬১২] ছর ঋতুর কথাও বলা হয়েছে। মলমাস বা অবিক মাসংক একটি অতিরিক্ত ঋতুরূপে গ্রহণ করে বেদে [ঋক সংহিতা ২০০১৬১৫ এবং অথব ক্সছিতা ১০১৭২৬] সাতটি ঋতুর কথাও বলা হয়েছে।

⁽১৫২) ঋষিবৃষিভাাং কিং [উণাদিস্ত্র ৩ ১২৩] এই সূত্র অসুসারে বৃষ+অভচ্='বৃষভ' শল সিদ্ধ হয়। এই অভচ্ প্রভায় কিং হওয়ায় এখানে ঋকারের শুণ হয় নাই।

⁽১০০) চন্দার শৃল্পতি রাপকবারেণ যাগ্রন্তা: কর্মকালে উৎসাহং করে।তি। হৌত্রে দ্বান্ত বিষ্বৃত্তি হোতুরাক্সে বিনিযুক্ত:। তন্ত চ আয়ের্ডালক্ষণটি তাদৈবতত্ব দংক্তবাদাদিত। রূপেণায়িস্ততি ক্পর্বাতে। তন্ত্র চন্দারি শৃল্পতি দিবস্বামাণাং গ্রহণম্। ত্রেছেং স্যা পালা ইতি শীতোক্ষর্বাকালাঃ। দে শীর্ষে ইত্যায়নাভিপ্রারম্। সন্ত হতাইতাবন্তিঃ। ত্রিখা বন্ধ ইতি স্বনাভিপ্রারেশ। ব্রহ্ ইতি বৃষ্টিহেত্ত্বন স্থতিঃ। রোর্বীতি ক্রন্তিন্ত্রা। সর্বলোকপ্রসিদ্ধের্নান্ত্রনাক্রিক সংগ্রাক্তিনির্ক্তিন্ত্রিক সংগ্রাক্তির্বাপ্রকালিক স্বপ্রক্তিন্ত্রান্ত্রনাতিক সংগ্রাক্তির্বাপ্রকালিক স্বিশ্বন্ত্রনাহ সর্বপ্রক্তির্বাপ্রবিশ্বনাতিক সংগ্রাক্তির্বাপ্রকালিক স্বিশ্বন্ত্রনাহ স্বিশ্বন্ত্রনাহ বিশ্বনাতিক সংগ্রাক্তির্বাপ্রকালিক স্বিশ্বন্ত্রনাহ বিশ্বনাতিক সংগ্রাক্তির্বাপ্রকালিক স্বিশ্বন্ত্রনাহ বিশ্বনাধিক সংগ্রাক্তির সংগ্রাক্তির সংগ্রাক্তির সংগ্রেক্তান্ত্রনাহ বিশ্বনাধিক সংগ্রাক্তির সংগ্রেক্তান্ত্রনাহ বিশ্বনাধিক সংগ্রাক্তির সংগ্রাক্তির স্বিশ্বন্ত্রনাহ বিশ্বনাধিক সংগ্রাক্তির সংগ্রাক্তির সংগ্রাক্তির সংগ্রাক্তির সংগ্রাক্তির সংগ্রাক্তির সংগ্রাক্তির সংগ্রাক্তির সংগ্রাক্তিক সংগ্রাক্তির সংগ্রাক্তিতির সংগ্রাক্তির সংল্লাক্তির সংলাক্তির সংল্লাক্তির সংলাক্তির সংলাক

⁽১০৪) 'অগ্নিস্গাৰ্বোগুভানামভভনো দেবভা' [সায়ণভার আদা১৩]

বার্তিকের অম্পরণে স্থর্যের স্থান্তিরনেপ ব্যাখ্যা করেছেন। তবে সায়ণ উক্ত তুইটি
তাস্থ্যে অম্পরণে ব্যাখ্যা করলেও সম্পূর্ণভাবে তাহাদের অম্পরণ করেন নাই।
কোন কোন অংশ তিনি নিজের সম্পূর্ণ স্বাধীনতা প্রদর্শন করেছেন। সায়ণ এই
প্রসঙ্গে বলেছেন—বৈয়াকরণ সম্প্রদায় এই মন্ত্রকে শম্বরন্ধের প্রতিপাদকরণে গ্রহণ
করেছেন। অন্ত কেহ কেহ এই মন্ত্রকে অম্যভাবে ব্যাখ্যা করেছেন (১৫৫।
সায়ণ এই শেষোক্ত ব্যাখ্যাতার নাম এবং ব্যাখ্যাপদ্ধতি সম্বন্ধে কিছু পলেন
নাই।

পণ্ডিতম্বল্য কোন কোন ব্যক্তিকে বলতে শোনা গেছে একটা মন্ত্ৰের বা ংবেদবাক্যের অনেক অর্থ-করলে কোন অর্থটা ঠিক [স্থায্য] তা আমরা কিকরে বুঝবো। আর কোন অর্থটাই বা আমরা গ্রহণ করবো ইত্যাদি। বেদের একটা অর্থই হওয়া উচিত। একটা বেদ বাক্যের যে অনেক অর্থ করা হয় ·সেটা পণ্ডিতদের ব্যাখ্যাকৌশল মাত্র। বাস্তবিকপক্ষে একটি মন্ত্রের বা একটি বেদবাক্যের একপ বিভিন্ন ভাবেব নানা অর্থে তাৎপর্য থাকতে পারে না। এর উত্তরে আমরা দেই সব প্রতীচ্যবিদ্যাভিমানীদের বলবো আধুনিক যুগের অধ্যাত্ম সমাট প্রমহংস শ্রীরামকৃষ্ণ নিজ সাধনার দারা বৈদিক্যুগ থেকে আবন্ত করে ব্রাহ্মধর্ম পর্যন্ত সকল ধর্মমতের প্রতিপাত বস্ত্রসাক্ষাৎকার পূর্বক বলে গেছেন সমস্ত উপায়ের [প্রের] ছারা সেই এক ঈশ্বরকে লাভ করা যায়। অতএব দৈত, অদৈত, বিশিষ্টাদৈত, শুদ্ধাদৈত, শিবাদৈত, শিববিশিষ্টাহৈত, শাক্তাহৈত, কেবলাহৈত, ইত্যাদি যত বাদ আছে সে স্কলই সত্য, কোনটি মিথ্যা নয। যুগাচার্য স্বামী বিবেকানন্দ ও বলেছেন অনেক আচার্য বেদব্যাখ্যায় বিষম ভ্রমে পতিত হন তারা নিজেদের মতটিকে স্কল বেদবাকোর অর্থরূপে গ্রহণ করেন। এথেকে বুঝা যাচ্ছে স্ব মতই বেদবাক্য থেকে নিজ নিজ অভিমত অর্থ গ্রহণ করতে পারেন। বেদ একদেশীর শাল্প নহ, কিন্তু কল্পতক। অতএব বেদেব একপ্রকার অর্থ করে শ্রীরামকৃষ্ণ পরমহংসের ভাষার মতুযার বুদ্ধি করা নিবুদ্ধিতার কাজ চাডা আর কিছু নয়। একবছ কি করে নানা রূপ হতে পারে এই প্রশ্নের উন্তরেও তিনি বলেছেন ঈশ্বর সাকার, নিরাকার আবার সাকার

⁽১৫৫) শালিকান্ত শলক্ষণরতরা চন্দারি শৃংক্ষতি চন্দারি গদকাতানি নামাখ্যাতে চোপসর্গ নিপাতান্চেত্যাদিনা ব্যাচক্ষতে। অপরেম্বরণরখা বিশ্বেদসংহিতা সার্বভাষ্যঞাচ্যুঞ্চ]

নিরাকারের পার কত কিছু। এর তাৎপর্ব হচ্ছে জাগতিক বন্ধর দৃষ্টান্তে দ্বার বা বন্ধকে ব্রতে যাওয়া বা ব্রানো সন্তব নয়। বে বন্ধ মনবৃদ্ধির আতীত তাকে ওদ্বৃদ্ধির দ্বারাও সম্পূর্ণভাবে জ্বানা যায় না। বিনি বেভাবে কথঞ্জিদ জেনেছেন তিনি তাঁকে দ্বৈত অদ্বৈত ইত্যাদি আখ্যাদিয়েছেন। এক ঈশ্ব নানারপ হতে পারেন এবিষয়ে তিনি দৃষ্টান্তও দিয়ে গেছেন বহুরূপীর। এবিষয়ে বহু বিচারের অবকাশ আছে। স্বামীবিবেকানন্দের বাণীসমূহও আলোচ্য। স্থতরাং এবিষয়ে আর কিছু নাবলে মৌনাবল্যনই শ্রেয়ঃ মনে করি। কেবল একটি কথা বলে এই প্রসদ্ধেষ করছি।

প্রাচীন বেদ ব্যাখ্যাতা মহর্ষি যাস্ক স্থল বিশেষে এক একটি মন্ত্রের নানা-প্রকার ব্যাখ্যা প্রদর্শন করেছেন (১৫৬)। পূর্বাচার্য-গণের এইরূপ একটি মন্ত্রের একাধিক ব্যাখ্যা অনভিমত নয়। স্করোং এইরূপ ব্যাখ্যার প্রতি আমাদের দেশের প্রাচীন পরস্পরাগত পদ্ধতি অসুসারে শিক্ষাপ্রাপ্ত পণ্ডিতগণ কখনও অপ্রধার ভাব আনতে পারেন না॥২৩॥

মূল

অপর আহ

"চন্থারি বাক্ পরিমিতা পদানি তানি বিছ্রান্ধণা বে মনীবিণঃ। গুহা ত্রীপি নিহিতা নেঙ্গরন্তি তুরীয়ং বাচো মনুব্যা বদন্তি॥"

'চছারি বাক্পরিমিভা পদানি।' চছারি পদজাভানি নামাখ্যাভো-

(১৫৬) নিম্নজের ভূতীর অধারে একটি মন্ত উদ্ধৃত হরেছে—
'ব্রা স্পর্ণা অমৃতস্য ভাগমনিমেবং বিদ্যাভিদরতি।
ইনো বিদ্যা ভূবন্য গোণাঃ স বা ধীরঃ পাকমত্রাবিবেশ।"
এই মন্ত্রটির আ্যান্থিক ও আধিগৈবিক ভেগে বিভিন্ন প্রকারের ব্যাখ্যা করা হরেছে।
এইরূপ নিরুক্তের পঞ্চম ভ্যারে

"একর। প্রতিধা পিবং সাকং সরাংসি তিলেডম,। ইস্কঃ সোধুস্য কাণুকা"

এই মন্ত্ৰের বার্জিক পক্ষে ও নৈক্ষত পক্ষে ভিন্ন ছিন্ন ছটি ব্যাখ্যা প্রবর্শিত হরেছে ১

পদর্গনিপাতাশ্চ॥ 'তানি বিছ র্ত্তাহ্মণা যে মনীবিণ:।' মনদ ঈষিণে মনীবিণ:। 'গুছা ত্রীণি নিহিতা নেকয়ন্তি।' গুছায়াং ত্রীণি নিহিতানি নেকয়ন্তি ন চেষ্টন্তে। ন নিমিষ্ডাত্র্যাং । 'তুরীয়ং বাচোনস্থ্যা বদন্তি, তুরীয়ং বা এত্ছাচো ষ্মান্থ্যায়্ বর্ততে চতুর্থমিত্যর্থ:। চতারি॥২৪॥ [শক্সংহিতা ১।১৬৪।৪৫]

ভাষুবাদ:—অপরে বলেন। শব্দের চার শ্রেণী পরিমিত [বিভক্কা]
[শব্দের পরিচ্ছিল্ল চার প্রকার পদ সমূহ]। যাহারা মনকে বলীভূত করেন
[এরপ] ব্রাহ্মণগণ [বৈষাকরণগণ] সেইসকল [পদকে] কে জানেন।
[অজ্ঞানরূপ] গুহায় অবস্থিত তিনটি [তিনপ্রকার] পদ স্পলিত হয় না
[প্রকাশিত হয় না]। মহুবাসকল [অবৈয়াকরণগণ] শব্দের চতুর্ব [রূপটিকে]
বলে। "চন্বারি বাক্ পরিমিতা পদানি" [এই অংশের অর্থ] চার প্রকার
পদসমূহ—নাম, আধ্যাত, উপদর্গ ও নিপাত [এবং পরা, পশ্যন্তী, মধ্যমা ও
বৈধরী]। "তানি বিত্ ব্রাহ্মণা যে মনীষ্ণিঃ" [এই অংশের অর্থ] = মনের
বলীকরণকর্ত্গণ। "গুহা ত্রীণি নিহিতা নেক্মন্তি" [এই অংশের অর্থ]
হুদ্মরূপগুহায় এবং অজ্ঞানরপগুহায় তিনটি [তিন প্রকার শক্ষ] অবস্থিত
[হয়ে] ইক্সন করে না—চেষ্টা করে না প্রকাশিত, হয় না ইহাই ভাষার্থ।
"ত্রীয়ং বাচো মহুয়া বদন্তি" [এই অংশের অর্থ] = শব্দের ইহা তৃরীয় রিপ] ই
বাহা মহুয়সমূহে [অজ্ঞমহুয়সমূহে) অবস্থান করে – চতুর্থ [ত্রীয় ইহায় অর্থ
চতুর্থ] ইহাই অর্থ। "চন্বারি" [এই প্রতীকের বারা হব শাল্প বাক্য স্টেচত
হরেছিল তার প্রসক্ত সমাপ্ত হল]।।২৪।।

বিবৃত্তি:—'চত্বারি'—এই প্রতীকের বারা পূর্বে বে শাল্প বাক্য প্রদর্শিত হরেছিল, সেই শাল্প 'শস্করন্ধ' অর্থের যেমন প্রতিপাদক সেইন্ধণ, বজ্ঞ, বজ্ঞপুক্র ইত্যাদিরও প্রতিপাদক। ক্তরাং দেই পূর্বোক্ত "চত্বারি শৃলা" ইত্যাদি শাল্প প্রকান্তিকভাবে ব্যাকরণের অধ্যয়নের প্রয়োজন প্রদর্শন করতে নাও পারে। অবচ এখানে ভাষ্যকার ব্যাকরণের অধ্যয়নের প্রয়োজন প্রদর্শন করবার অক্সই নানা শাল্পবাক্য উদ্ধৃত করেছেন। ঐ প্রয়োজন প্রদর্শন করতে বে শাল্পবাক্য উদ্ধৃত হরেছে, তাতে অক্সান্ত অনেক অর্থ প্রদর্শিত হওয়ার প্রকৃত প্রস্ক থেকে ভিন্ন প্রসার্শন কর অব্যারণা করা হরে গেছে। এইন্ধপ আশান্ধা করে মহাভান্তনার 'চত্বারি' এই প্রতীকের বারা অপর কেহ বে অক্স শাল্প উদ্ধৃত করেন ভাহাপ্রদর্শন

করবার জন্ত বলছেন 'অপর আহ' অপরে বলেন। এই অপর বলতে কে, সঠিকভাবে তাঁর নাম প্রভৃতি জানা যার না। ভাশ্যকারও তাঁর নামের উল্লেখ করেন নাই। টীকাকারগণও এ বিষয়ে নীরব।

এই মন্ত্রে শব্দকেই বুঝানো হয়েছে। ইহাই অপরের বক্তব্য। ভাষ্যকারও এই অপরের মত মেনে নিরেছেন, এটা ভাষ্যকারের বচনভঙ্গী থেকে বুঝা ষায়। 'চন্ধারি বাক্ পরিমিতা পদানি' এখানকার 'পদানি' শব্দের অর্থ 'শব্দ' বলাই অভিপ্রেত। স্বপ্তিওম্বং পদম [১١১৪] এই প্রোম্পারে মুব্বিভক্তিমুক্ত ও তিঙ্বিভক্তিযুক্তকে পদবলে গ্রহণ করলে এই মন্ত্রের তৃতীয় ও চতুর্থ পাদের আন্থেরি সজ্বতি হয় না। তৃতীয় ও চতুর্থ পাদে বলা হয়েছে ডিন প্রকার পদ অজ্ঞান গুহায় অবস্থিত হয়ে প্রকাশিত হয় না, মামুষ চতুর্থ পদকে বলে। এখান-কার ভিন প্রকার পদ বলতে যদি নাম, আখ্যাত, উপসর্গ এই ভিন প্রকার পদ গ্রহণ করা হয়, তাহলে এই তিন প্রকার পদ অবৈয়াকরণদের নিকট বেমন প্রকাশিত হয় না, সেইরূপ চতুর্থ নামক 'নিপাত' ও প্রকাশিত হয় না বলে তিনপ্রকার পদ প্রকাশিত হয় না—এই উক্তির সামঞ্জ থাকে না। এবং মানুষ চতুর্থ পদ বলে এই চতুর্থ বলতে যদি নাম, আখ্যাত, উপসর্গ ও নিপাতের অক্সতমকে ধরা হয় তাহলেও অসঙ্গতি হয়। মাত্রুষ নাম, আখ্যাত, উপসর্গ ও নিপাত এই চারপ্রকার সব শব্দ ইতো বলে অর্থাৎ উচ্চারণ করে, এদের মধ্যে কেবল একটিকে উচ্চারণ করে এমন তো নয়। এইজ্বন্ত 'পদানি' এই শব্দের অর্থ শব্দ বলেই গ্রহণ করটে হবে। শব্দ বললে পরা, পশুস্তী মধ্যমা ও বৈথরী এই চারপ্রকার শব্দকে যেমন বুঝায় সেইরূপ নাম, আখ্যাত প্রভৃতিকেও ৰুঝাবে। এদের মধ্যে তিনপ্রকার শব্দ অর্থাৎ পরা, পশ্যন্তী ও মধ্যমা এই তিন প্রকার শব্দ অজ্ঞদের নিকট প্রকাশিত হয় না—। মাত্রষ বৈধরীরূপ চতুর্থ শব্দই বলে—এই কথার সামঞ্জন্ম সিদ্ধ হয়। মহাভান্তপ্রদীপোন্দ্যোতকার নাগেশভট্ট বলেচেন নাম, আখ্যাত, উপদর্গ ওনিপাত এই চারপ্রকার পদের প্রত্যেকেই চার অংশ বিশিষ্ট (:৫৭)। নাম—মধ্যমা—পশুন্তী—পরা, আখ্যাত—মধ্যমাপশুন্তী— পর। উপদর্গ-মধামা-পশুন্তী-পরা। নিপাত-মধ্যমা-পশুন্তী-পরা। ¹চত্তারি বাক্পরিমিতা' এধানে 'বাক্' শন্ধটি পূথক বা অসমস্ত নয়। কিন্তু 'বাচঃ

⁽১৫৭) একৈকস। নাম-দিরপেলা চতুর্ব: ভালম্। একৈকলা চতুরংশস্থাং। [বহা ভাষ্য-প্রাদীপোদ্যোত—পশ্পশাহ্নিক]

পরিমিতা, এইরূপ ৬টাতংপুক্র সমাসে—'বাক্পরিমিতা' শব্দটি নিষ্পার হরেছে (১৫৮)। 'পরিমিত' শব্দের উত্তর নপুংসকলিকে প্রথমার বহুবচনে 'বস্
বিভক্তি করে বৈদিক প্রয়োগে 'পরিমিতা' পদ সিদ্ধ হয়েছে (১৫৯)। তার অর্থ
হচ্ছে 'পরিমিতানি'। তাহালে দেখা বাচ্ছে—'চ্ছারি রাক্পরিমিতা পদানি"
এই ঋক্পাদের [চ্ছুর্থ-ভাগ] অর্থ হচ্ছে—"শব্দের চারটি পরিমিত পদ (সমূহ)।"
'পরিমিত' এর অর্থ হচ্ছে পরিছিল্ল। কিন্তু শব্দের চারটি পদ পরিছিল্ল বললে অব্পের অসকতি হয়। পরিছিল্ল বলতে সীমাবিশিষ্ট বা সীমিত বুঝার। শব্দের বৈধরী বা মধ্যমা পরিছিল্ল হলেও পক্তরী বা পরা তো পরিছিল্ল নয়। পক্তরী বা পরা বাক্ অনাদি ও অনস্ত (১৮) বলে অপরিছিল্ল। অতএব এখানে 'পরিমিতা' এর অর্থ হচ্ছে এই পরিমিত অর্থাৎ চারসংখ্যার পরিমিত। পাঁচ প্রকার শব্দ নাই। স্বতরাং নাম, আখ্যাত, উপসর্গ ও নিপাতরূপ শব্দের প্রত্যেকের এই চার চার অংশ আছে ইহাই "চ্ছারি বাক্পরিমিতা পদানি" এই বাক্যের অর্থণ।

"তানি বিত্র ক্ষিণা যে মনীষিণঃ।" এই দিতীয়পাদে 'তানি' এই সর্বনামপদটি প্রথম পাদোক্ত 'পদানি' কে ব্যাচ্ছে। দেই পদসকল অর্থাৎ শব্দ সকলকে [পদশব্দের 'শব্দ' অর্থ ইহা পূর্বেই বলা হয়েছে] ব্রাহ্মণেরা জানেন—যে ব্রাহ্মণেরা মনীষী। কিছু সেই শব্দ সকলকে ব্রাহ্মণেরা জানেন—ইহা অসকত। ক্ষত্রিয়েরা বা বৈশ্রেরাই বা সেই শব্দকে জানবেন না কেন? শব্দজানের প্রতি ব্রাহ্মণত্ব জাতি তো প্রয়োজক নয়। এই জন্ত প্রথানে ব্রাহ্মণ শব্দের অর্থ বিদ্যালয় তারা। এখানে 'ব্রহ্মন্' শব্দটি বেদার্থ ক 'ব্রহ্ম [বেদ] বিদ্যালথ টি ব্রহ্মণ বিগ্রহে অণ্প্রতায় হয়। ''ব্রাহ্মাকোই জাতে)' [৬।৪।১৭১] এই স্ক্রান্সারেটি ব্রহ্মন্ শব্দের অন্ র লোপ না হওয়ায' আদিশ্বরের বৃদ্ধি করে 'ব্রাহ্মণ' শব্দ শিক্ষ হয়েছে। এইজন্য তার অর্থ হল বেদজ্ঞ। বেদজ্ঞ মাত্রই শব্দের সকল শ্বরূপ জানতে পারেন না। এইজন্য বিশেষণ দেওয়া হয়েছে—'' যে মনীষিণঃ''

⁽১৫৮) वा क् निविधिजानोष्ठि वशीखर भूकवः। - महाखावाधकीरभाष्माछ।

⁽১৫২) পরিমিত + অস্ —শেশ্ছম্পনি বত্তম (৬।১,৭০) এই সংগ্রে—শির লোপ হয়েছে। লৌকিক প্রবোপে 'পরিমিতানি' এইরূপ হয়। বৈশিক প্রবোগে পরিমিতা।

⁽১৬•) বলনাদি অন্তঃ চ পরং ব্রহ্ম চিজ্রপং উদক্ষরং নিবিকারং শক্ষপথ্। সৈব পঞ্জীসংক্তা পরা বাক্ ? [শিবদৃটিবৃত্তি ২।২] • •

বারা মনীবী। মহাভাষ্তকায় "মনীবীর" অর্থ বলেছেন "মনস ইবিণঃ" মনের নির্দ্রণকারিগণ। ঈষ উঞ্জে অথবা ঈশ এখর্ছে (অদাদি] ঈষ্ বা ঈশ্ধাতৃর উত্তর ঔণাদিক ইনি প্রত্যয় করে ঈবিন্' শব্দ সিদ্ধ হয়। ঈশ্ধাতুর 'শ্' স্থানে প্ৰোদরাদিত্ব বশত 'ষ্' হয়। যদিও এই ছটি ধাতুর অর্থের সঙ্গে এখানে নিরম্রণকারিত্ব অর্থের সামঞ্জন্ম হয় না তথাপি "ধাতৃনামনেকার্থতাং" ধাতৃর **অনেক অ**র্থ হয় এই নিয়মে এখানে ঈষ ধাতুর বশীভূত করা রূপ অর্থ পাওয়া ৰায়। স্বতরাং "মনীযিণঃ" এই শব্দের অর্থ হলো মনকে যাঁরা বশীভূত করেন তাঁৰা। ''মনসঃ" এই পদে কৰ্মে ষষ্টাবিভক্তি বুঝতে হবে। এখন মনকে বনীভৃত করেন কাঁহার । এই প্রশ্নের উত্তরে নাগেশ বলেছেন বৈয়াকরণেরা (১৬১)। যারা ব্যাকরণ জানেন তাঁরা বেদের অর্থ বুঝতে পারেন। তাঁরা বেদের অর্থ জানেন বলে বেদোক্ত কর্মের অমুষ্ঠান করে শুষ্চিত হন। শুদ্ধচিত হরে সেই বেদে চিত্ত মিন] জয়ের যে সকল উপায় বিহিত হয়েছে সেই উপার অবলখন করে মনকে বনীভত করেন। কিন্তু যারা ব্যাকরণ জানে না তারা বেদাদি-শাম্থের অর্থ জানতে পারে না। অর্থ না জানার ফলে মনকে বশীভূত করবার কৌশলও তাদের কাছে অজ্ঞাত থাকে। অতএব দেখা যাচ্ছে 'মনীবী' হচ্ছেন বৈয়াকরণ। মনীধী বৈয়াকরণ ব্রাহ্মণ অর্থাৎ বেদজ্ঞ ব্যক্তিই শব্দের সেই সকল রূপ জানেন—ইহাই ''তানি বিদুর্বাহ্মণা, যে মনীষিণঃ।" এই বিতীয় পাদের অৰ্থ ।

"গুহা ত্রীণি নিহিতা নেকরন্তি," এই তৃতীয় পাদের অর্থ প্রকাশ করবার জন্ত ভাককার বলেছেন "গুহায়াং ত্রীণি নিহিতানি নেক্ষযন্তি, ন চেইস্তে—ন নিমি-বন্তীত্যর্থ: ।"

শ্রুতিবাক্যে পঠিত 'গুহা' এই শক্ষটি সপ্তমীবিভক্তিযুক্ত গুহা শব্বের বৈদিক রূপ। 'গুহা' শব্বের উত্তর সপ্তমী বিভক্তি [ঙি] করে 'স্থপাং স্থল্ক্' স্থ্যাম্পারে সেই সপ্তমী বিভক্তির লোপ করে 'গুহা' এই বৈদিক রূপ সিদ্ধ হয়েছে। লৌকিক সংস্কৃতে এর আকার হয় 'গুহায়াম্'। এই জন্য ভায়াকার ব্যাখ্যাতে 'গুহায়াম্' বলেছেন। এই গুহা শব্বের অর্থ কি ? এই প্রশ্নের উত্তরে কৈয়ট

⁽১৬১) চিন্তপদ্ধিক্ৰমেণ ৰশীকৰ্তালো বিষয়ন্তলেভো ব্যাবৃদ্ধা হিংসক। বা, তে চ বৈদ্বাক্ষণাঃ ১ [বহাভাব্যপ্ৰবীপোন্দ্যোভ]

বলেছেন ''অঞ্চানমেব গুহা" এখানে অজ্ঞানই হচ্ছে গুহা। নাগেশ বলেছেন— 'অজ্ঞান এবং ক্রম্মাদি। (১৬২) 'ক্রদ্যাদি—' এখানকার 'আদি' শব্দে নাভি, ও মুলাধার বুঝতে হবে। শারদাতিলকের টীকায় এবং অন্তক্ত আছে পরাবাক্ মুলাধারে অবস্থিত, পশ্রস্তী নাভিচক্রে স্থিত আর মধ্যমা হৃদয়ে স্থিত। স্বতরাং হুদয়, নাভি ও মূলাধারে জক্ষানে আবৃত হয়ে মধ্যমা, পশুস্তী ও পরা নামক তিনটি রপ [শব্দের তিনটি রূপ] 'নেক্সফ্টি—' স্পন্দিত হয় না—চেষ্টা করে না অর্থাৎ প্রকাশিত হয় না। উক্ত মন্ত্রের তৃতীয় পাদের অন্তর্গত যে 'নিহিতা' শ**স্কটি** আছে, সেটি 'নিহিত' শব্দের নপুংসকলিঙ্গে প্রথমার বছবচনের রূপ। 'নিহিত' শব্দের উত্তর প্রথমার বছবচনে 'জস্' করে অস্শসো: নিঃ [৭।১।২০] স্ত্রে নপুংসক-লিঙ্গে 'জসের' স্থানে 'শি' করে 'শেশ্ছন্দসি বছলম্' [।:।৭•] স্তাস্থ্সারে 'শি'র লোপ করে 'নিহিতা' এই রূপটি বৈদিক প্রয়োগে সিদ্ধ হয়েছে—। *লৌ*কিক সংস্কৃতে তার রূপ হয় নিহিতানি' অর্থাৎ অবস্থিত [হ্রদয়াদি গুহাতে উক্ত ডিন প্রকার শব্দ অব্যাহত । 'নেক্যন্তি' শব্দের অর্থ করেছেন ভায়াকার ন চেইছে' চেষ্টা করে না। শব্দের চেষ্টাই সম্ভব নয়, অতএব চেষ্টা না করা অর্থপ্ত অসকত হয়। এই জন্ম ভাষ্মকার বললেন "ন নিমিষন্থীত্যর্থ:" অর্থাৎ প্রকাশিত হব না। উক্ত তিন প্রকার শব্দ হ্রদয়াদিতে অজ্ঞানাবৃতরূপে অবস্থিত হয়ে প্ৰকাশিত হয় না—এই অৰ্থ ই "গুহা ত্ৰীণি নিহিতা নেক্ষস্তি।" এই ভৃতীৰ পাদ থেকে পাওয়া গেল। কিছু এই মন্তের ছিডীয় পাদে বলা হয়েছে মনীৰী ব্রাক্ষণের। শব্দের চারিটি রূপ (শ্বরূপ) জানেন। আর তৃতীয় পাদে বলা হলো শব্দের তিনটি স্বরূপ হৃদয়াদি গুহাতে অবস্থিত থেকেও প্রকাশিত হ্য না। স্তরাং বিতীয় ও তৃতীয় পাদের অর্থের পরস্পর বিরোধের প্রসঙ্গ হলো। বিরোধের পরিহারের জন্ত কৈয়ট বলেছেন "ব্যাকরণপ্রদীপেন ভু তানি প্রকাশস্কে' ব্যাকরণক্রপ প্রদীপের ধারা সেই তিনপ্রকার শব্দ প্রকাশিত হয়। এই কথার ছারা বুঝা গেল তৃতীয় পাদে যে বলা হয়েছে—শব্দের তিনটি রূপ গুহাতে অবস্থিত হয়েও প্রকাশিত হয় না। সেটা অবৈয়াকরণের নিকট। ভৃতীয় পালে 'অবৈয়াকরণদের বা অঞ্চদের' এইকণ উল্লেখ না থাকলে ও অর্থাৎ সেটা বুঝিয়ে ষাচ্ছে। অতএধ তৃতীয় পাদে 'অজ্ঞানাম্ বা অবৈয়াকরণানাম্' এইরূপ পদের অধ্যাহার বরতে হকে। তাতে তৃতীয় পাদের সম্পূর্ণ অর্থ এইরূপ হবে—

१२७२) थहा वक्षानः क्षत्रावित्रणा ह। — महाज्ञानाश्रवीरणात्कार्षः। 🍍 🔻

"অজগণের [অবৈরাকরণগণের] হ্রব্যাদিশুহাতে অজ্ঞানাবৃত তিনপ্রকার শব্দ প্রকাশিত হয় না।" এইরূপ অর্থগ্রহণ করলে দিতীয় ও তৃতীয় পাদের অর্থেব বিরোধ হয় না। এইজন্ত নাগেশ তৃতীয় পাদের অর্থব্যাখ্যা করতে গিয়ে বলেছেন—বৈয়াকরণেরা শাস্ত্রজ্ঞানবলে এবং শাস্ত্রজ্ঞানন্দনিত যোগাভ্যাদবলে **অজ্ঞানান্ধকার বিদী**র্ণ করে শব্দের সমন্ত শ্বরূপ জানতে পাবেন (১৬৩)। "তুরীবং বাচো মন্থ্যা বদস্তি।" এই চতুর্থ পাদের ব্যাখ্যায় ভাষ্যকার বলেছেন 'তুরীয়ং বা এতদাচো মন্মন্মন্তেম বর্ততে চতুর্থ মিত্যর্থ:।' শব্দের এই চতুর্থ রূপ বাহা মহয়সকলে অবস্থান করে। চতুর্থ স্বরূপ হচ্ছে 'বৈধরী' যাহা আমরা উচ্চারণ করি বা স্পষ্টভাবে ভনি। সেই বৈধরীরপ শব্দের আশ্রয় হচ্ছে আকাশ। মহাভান্তকার "তম্ম ভাবস্বতলো [৫।১।১১৯] সৃত্তে বৈধরী শব্দকে আকাশের গুণ বলেছেন। স্থতরাং এই বৈধরী শব্দ মন্তুল্যে থাকবে কি করে অর্থাৎ মারুষ ভার আশ্রয় হবে কি করে ? এই প্রশ্নের উদ্ভবে নাগেশ বলেছেন ''জানবিষয়তয়া ত্বাচশ্চতুর্থমিত্যম্বয়ং'' [পশ্পশাহ্নিক মহাভাষ্য প্রদীপোদ্যাত]। জ্ঞানের বিষয়ক্ষপে মাকুষেতে অবস্থান করে যে শব্ধ তাহা শব্দের চতুর্থ স্বরূপ এইরূপ অর্থ ব্রুতে হবে। বৈধরী শব্দ সকল মানুষের জ্ঞানবিষয় হয় অর্থাৎ কি বৈয়াকরণ কি অবৈদ্বাকরণ দকলেরই জ্ঞানের বিষযক্তপে বৈধরীরূপ চতুর্থ শব্দ যাহা বিভামান [আকাশে] তাহা মনুয়সকল বলে—উচ্চারণ কবে—বৈধরী শব্দবিষ্যক জ্ঞানবান্ মাহ্ব-ইহাই চতুর্পাদের অর্থ। নাম, আখ্যাত, উপদর্গ নিপাতের চতুর্থ ष्यः न বা রূপ বৈথবী শব্দ অ্বৈয়াকরণ ও উচ্চারণ করে। কৈষটে বলা হযেছে— অবৈয়াকরণ চতুর্থ শব্দ বলে। এখানে 'অবৈযাকরণ' ইহা বলার প্রয়োজন चाह्य तत्न मत्न इत्र ना । कात्रन ठजूर्य दिवधी सक्त मकत्न हे [मकन मझ्य] **ৰখন বলেন তখন 'অবৈয়াকরণ'** বলে কার ব্যাবৃত্তি করা হবে। স্বতরাং চতুর্থ শব্দটি মান্ত্ৰ উচ্চারণ কৰে অপর তিনটি উচ্চারণ করতে পারে না। বৈদাকরণ সকল শব্দ জানতে পারেন, অবৈয়াকরণ তিনপ্রকার শব্দ জানে না। চতুর্থ শব্দকে কানের ছারা শুনে শুনে বলতে পারে কিন্তু চতুর্বশব্দকে সম্পূর্ণভাবে জানতে পারে না। ব্যাকরণশাস্ত্রের জ্ঞান না থাকায় প্রকৃতি প্রত্যয়াদি বিভাগের জ্ঞান না পাকায় প্রকৃত পক্ষে জানতে পারে না। অবৈয়াকরণ এই বৈধরী

⁽১৬৩) বৈয়াকরণন্ত শার্রবনের জন্মন্তরোগের চ গুংলাকারং বিগার্থ সর্বংকারাজীতি ভাবঃ।
—মহাভাষাপ্রদীপোলেন্দীত পশ্লশাহিক। '

শক্ষকে বললেও শুদ্ধভাবে বলতে পারে না—ইহাও এথানে না বলা থাকলেও ব্ৰে নিতে হবে। তা হলে দেখা যাছে ব্যাকরণশান্তের জ্ঞান না থাকলে সকল শক্ষকে জ্ঞান যার না, ব্যাকরণ শান্তের জ্ঞান থাকলে সকল শক্ষ জ্ঞানতে পারা বায়। অতএব সকলশক্ষের জ্ঞানের জ্ঞান বাকরণ অধ্যয়ন কর্তব্য। ইহাই—এই মরের তাৎপর্য। 'চত্মারি' এই প্রতীকের থাবা যে শান্ত্র স্বাহিত হয়েছিল, দেই শান্তপ্রসন্থ সমাপ্ত হলো। [পূর্বমন্ত্রে সমাপ্ত হয় নাই কারণ এই শান্তপ্র 'চত্মারি' ধারা ব্রুষা যায়]।।২৪।।

यून

উত্তত্ব:

উত ব: পশ্মর দদর্শ বাচ মৃত ব: শৃথর শৃণোভ্যেমাম্। উভো ভূমৈ তথং বিদ্যাল জারেব পতা উশতী সুখাসা:॥[ঋ: সং-১০.৭১৪]

'উতদ্বং' অণি খবেক: পশুরণি ন পশুতি বাচম্, অণি খবেক:
শ্বরণি ন শৃণোত্যেনামিত্যবিদ্ধানমহার্ম। 'উতে। ছবিফ তবং বিদ্রো' তহুং বির্ণুতে: 'জায়েব পত্য উশতী স্বাসাঃ।' তদ্ যথা জায়া পত্যে কাময়মানা সম্ আছানং বির্ণুতে, এবং বাগ্ বাগ্বিদে স্থামানং বির্ণুতে। বাঙ্নো বির্ণুটাদাম্বানমিত্যধ্যেরং ব্যাকরণম্॥ উত্তা ২৫॥

অধুবাদ:—'উতত্বং' [এই প্রতীকের দারা স্থাচিত শাস্ত্র প্রদর্শিত হছে].
অপরে শব্দকে দেখেও দেখে না। আবার অন্যে ইহাকে [শব্দক] শুনেও
শোনে না। [পতির] কামনা করে উত্তম বস্ত্র পরিহিতা জায়া [পত্নী] যেমন
পতিকে [পতির নিকট] প্রকটিত [নিজেকে] করে, সেইরূপ [বাক্-শন্ধ]
কিন্তু অন্যের [বৈয়াকরণের] নিকট শরীব [নিজ অরূপ] প্রকাশিত করে।
'উতত্বং' [উতত্ব, ইত্যাদি প্রথম পাদের অর্থ প্রদর্শিত হচ্ছে] অপরে, কেহ কেহ
[বৈয়াকরণ ভিন্ন] শব্দকে দেখেও দেখে না [অর্থজ্ঞানের অভাব বশত প্রকৃত্ত,
পক্ষে জানে না]। অপর কেই ইহাকে । বাক্কে] শুনেওশ্যানে না [অর্থ-

জ্ঞানাভাবে শোনে না]। [মন্ত্রের] (এই) অর্ধ্ভাগ অজ্ঞাকে [আজ্ঞার লক্ষণ] বলছে। 'উত ঘুলৈ ভছং বিসপ্রে' [এই তৃতীর পাদের অর্থ বলা হচ্ছে] শরীরকে [অরপকে] বিরত করে [প্রকটিত করে], 'জায়েব পত্য উশতী স্থাসাং' [চতৃপপাদের অর্থ বলা হচ্ছে], যেমন পিতির] কামনা করে উত্তমবন্ত্র পরিহিতা পত্নী পতির নিকট নিজ্ঞের আত্মাকে [অরপকে] বিরত করে, এইরপ বাক্ [শক্ষ] বাগ্বিদের [বৈয়াকরণের] নিকট নিজ্ঞের আত্মাকে [অরপকে] বিরত প্রকটিত করক—এই হেতু ব্যাকরণের অধ্যয়ন কর্তব্য। 'উতত্বং' প্রতীকের ঘারা যে প্রসঙ্গ উত্থাপিত হয়েছিল তাহা সমাপ্ত হলো]॥২৫॥

বিবৃত্তি:—মহাভাশ্যকার এই মন্ত্রটি ঋথেদসংহিতার দশম মণ্ডলের ৭১ তম অধ্যারের ৪থ লোকরপে উদ্ধৃত করেছেন। উক্ত মন্ত্রের - প্রথম পাদে বে 'উত' শব্দটি আছে, সেটি একটি নিপাত। 'অপি' শব্দের বা অথ', এখানে উত' শব্দের পেই অথ'। অথ'ণি অপি = ৩। এই 'উত' শব্দটির ক্রম ভিন্ন অথ'ণি এই শব্দের পর বসাতে হবে। তাহলে এইরপ ক্রম হবে— তঃ বাচম্ পশ্যন্ উত্ত ন দদর্শ।'

'ত্' শক্টির অথ অন্ত বা অপর। এখানে বৈযাকরণ থেকে অন্ত। এই
প্রথম পাদের অথ হবে—বে, শক্রের অথ জানে না—এইরপ অন্ত ব্যক্তি
[অবৈয়াকরণ] শক্কে দেখেও—অর্থাৎ গুরুর নিকট থেকে বেদাদিশ্রবণ করে
প্রতাহ উদ্ভম রূপে তার মেড্ণাস করেও অর্থ না জানার ফলে দেখে না।
ব্যাকরণ অধ্যয়ন না করায় বেদাদির অর্থ জানতে পারে না। এই অবস্থায়
সেই ব্যক্তি বেদ [বেদাদি শাস্ত্র] অভ্যাস করেও প্রকৃত পক্ষে শক্ষকে জানে
না। বেদাদি শাস্ত্র অধ্যয়নের ফল হচ্ছে অর্থজ্ঞান। অর্থজ্ঞান না করে যে
বেদাদি শাস্ত্রের অধ্যয়ন করে, তার সেই অধ্যয়ন শুক্পাথীর বৃলি প্তার মন্ত
বার্থ।

'উত দঃ শৃথয় শৃণোত্যেনাম্' এই দিতীয় পাদেও সেই পূর্বকথিত 'দ্বঃ' শকটি
'দান্ত' অথে প্রযুক্ত। স্বতরাং বিতীয় পাদের অথ'ও পূর্বের মত—অর্থাৎ
বৈরাকরণ ভিন্ন জন্ত ব্যক্তি এই শব্দক শুক্রর নিকট থেকে বা অন্তের নিকট
থেকে শুনেও অর্থ জ্ঞান না থাকায় প্রকৃত পক্ষে শোনে না। অর্থ জ্ঞানহীনভাবে
শক্ষ শোনা ঢাকে গৈল প্রভৃতির শক্ষের [শ্বনির] শোনার মত ব্যর্থ প্রার।

মন্ত্রের এই প্রথম পাদ বা অর্ধ ভাগে অর্থ জ্ঞানশৃত্য বা অবৈয়াকরণের নিলঃ। করা হরেছে।

'উতো ছবৈ তথং বিসমে' এই তৃতীয় পাদে যে 'উতো' এইরপ শব্দি দেখা যাছে সেটি উত + উ এই তৃটি শব্দের সন্ধি করে এ নিপায় রূপ ব্রতে হবে। তৃটি নিপাত মিলে এরপ 'উতো' হযেছে। এই তৃটি নিপাতের সম্দিত অথ হছে—'কিস্ক'।

'হ্বিম' এই পদটি অন্তার্ধক সর্বনাম 'হ্ব' শব্দের চতুর্থীর একবচনের রূপ। অন্তকে অর্থাৎ বৈয়াকরণকে = বৈয়াকরণের উদ্দেশ্যে। ক্রিয়েয়া যমভিপ্রৈতি [বাঃ সুঃ ১০৮৫] পুত্ত অনুসারে এখানে অন্তকে অভিপ্রায করে—উদ্দেশ্য করে— এই অর্থে চতুর্থী হযেছে।

'তয়ং' এই পদটি বৈদিক রপ। 'তন্' শব্দের উত্তর বিতীয়ার একবচনে 'অম্' করে "বাচন্দসি" [৩।৪।৮৮] স্থারের অমুর্ত্তি বশত 'অমি পূর্বঃ' [৬।১।১・৭] স্থারে 'অম্' এর অকারের পূর্বরূপ না হওয়ায উকারের 'য়ণ্' আদেশ করায় 'তয়ম্' এই রপসিদ্ধ হয়েছে। লৌকিক সংস্কৃতে এর রূপ হয় 'তন্ম্'। এর অর্থ' হচ্ছে 'শরীর'কে' অর্থাৎ অ্রুপকে।

"বিসম্রে" এই শক্টি 'বি' উপসর্গ পূর্বক হু ধাতুর উদ্ভর বৈদিক নিয়মে বর্তমান কাল অর্থে লিট্ 'ত' হয়ে (১৬৪) সিদ্ধ হয়েছে। এর অর্থ হচ্ছে—বিবৃত্ত করে = প্রকটিত করে। বিবৃত্তকরে—এই ক্রিয়ার কর্তার বোধক কোন পদ — এই তৃতীয় পাদে নাই। এইজন্য—প্রথম পাদন্তিত 'বাচম্' পদটি প্রথমা বিভক্তিতে পরিবৃত্তিত করে এখানে অব্যা করতে হবে। স্থতরাং সম্পূর্ণ তৃতীয় পাদিটির আকার হবে—'বাক্ উত্ত উ দ্বন্মৈ তত্বং বিসম্রে।' শব্দ, কিছ অন্যের = বৈয়াকরণের নিকট নিজের শরীর অর্থাং স্বরূপকে বিবৃত্ত প্রকাশিত বিবৃত্তি করে—ইহাই সমগ্র তৃতীয় পাদের অর্থা। যাহার ব্যাকরণের জ্ঞান আছে, সেই ব্যক্তি সেই জ্ঞানের সাহায্যে শব্দের স্বরূপ কানতে পারে—ইহাই তাৎপর্ষ।

বাক্ [শক্] নিজের শরীরকে অর্থাৎ শ্বরপকে অন্য বৈযাকরণের নিকট বিবৃত করে কিরপ ভাবে—ইছা ব্ঝাবার জন্ম দৃষ্টাস্ত প্রদর্শন করেছেন শ্রুতি চতুর্থপাদের দারা—'জায়ের পত্য উশতী স্থবাসাঃ'।

⁽১৬৪) इन्हिंग लुड्बड्बिंडेः। - [नाः रुः ७,८।७]

বশ্ কাষ্টো অর্থাৎ ইচ্ছা অর্থের বোধক বশ্ ধাতৃর উত্তব 'শতৃ' প্রত্যর করে তার জীলিকে 'উশতী' পদটি সিদ্ধ হয়েছে। স্বতরাং 'উশতী' পদের অর্থ হলোং 'কামনাবতী'। পতির কামনাবতী—পতির কামনা করে যে পত্নী। ভাল্যকার এর ব্যাথ্যার 'কামর্মানা' ইহা বলেছেন। তাহলে পতির কামনাবতী জারা—পত্নী। আর কিরপ বিশেষণযুক্তা পত্নী? তার উত্তরে বলছেন 'স্থবাসাঃ উত্তম বস্ত্র যাহার। শ্রুতু সানের পর উত্তমবস্ত্র পরিহিতা ইহাই অর্থ। এইরপ বিশেষণবিশিষ্টা পত্নী, 'পত্যে' পতির উদ্দেশ্যে অর্থাং পতির নিকট। তৃতীর পাদ হতে 'বিসম্বে' পদটির অন্থ্যক করতে হবে এই চতুর্থপাদে। সেই 'বিসম্বেশ পদের অন্থ্যক ব্রিতে হবে। স্বত্রাং চত্তর্থ পাদের সম্পূর্ণ আকার হবে—"উশতী স্থবাসাঃ জারা স্বম্ পত্যে বিসম্বে ইব।" এর অর্থ হচ্ছে "শ্রুত্মাতা উত্তমবস্ত্র' পরিহিতা পতির কামনাবতী পত্নী বেমন পতির নিকট নিজেকে বিরত করে"

এই দৃষ্টান্ত অনুসাবে] সেইরপ বাক্ [শক্ষ] ও অন্ত বৈষাকরণের নিকট নিজের অরপকে প্রকাশিত করে। এইরপ তৃতীয় পাদে বাক্যের অর্থের সমাপ্তি হবে। তা হলে দেখা যাছে—এইমন্ত্র বলছেন—বৈষাকরণের নিকটই শক্ষের সমন্ত অরপ উদ্ঘাটিত হব। ব্যাকরণ জ্ঞানের দারা বৈষাকরণ, শক্ষের অর্থ জেনে শান্ত্রীয় কর্মাদির অনুষ্ঠান এবং বেদার্থজ্ঞান হতে যোগরূপ উপায় জেনে যোগান্ত্যাস করে শক্ষের সমন্ত অরপ জানতে পারেন। 'অবৈষাকরণ' বেদাদিশান্ত ভনে বা অন্ত্যাস করেও অর্থজ্ঞানের অন্তাবে শক্ষকে দেখে না বা ভনে না—তার শক্ষের অধ্যয়নান্ত্যাস ও শ্রবণ ব্যর্থ হয়। অত্রবে শক্ষ যাতে আমাদের নিকট তার অরপ বিবত করে—অর্থাৎ যাতে আমরা শক্ষের অরপ জানতে পারি—সেই হেতু আমাদের ব্যাকরণের অধ্যয়ন করা উচিত। ইহাই এই মন্ত্রের তাৎপর্ব—মহাভান্তকার ইহাই ব্যাঝ্যার দার। প্রদর্শন করেছেন। 'উত্তর্থ', এই প্রতীকের দারা যে শান্ত ফ্রিড হয়েছিল সেই শান্ত্রের অর্থ করা হলো বা তার প্রস্ক সমাপ্ত হলো॥২৫॥

মূল

'সক্তমিৰ'—

সক্ত্রমিব ভিত্তনা পুনস্তো ক্ত্রমীরা মনসা বাচযক্তত।

অত্রা স্থায়: স্থ্যানি জানতে ভব্তৈষাং লক্ষ্মীনিহিভাষি বাচি॥ [গ্ল সং ১০।১৭:২]

'সক্তঃ' সচতেছুর্থাবো ভবতি, কসতে বা বিপরীভাদ বিকসিতো ভবতি। 'ভিডউ' পরিপবনং ভবতি ভতবদা তুল্লবদা। 'বীরাঃ' ব্যানবস্তঃ। 'মনসা' প্রজ্ঞানেন। 'বাচমক্রত' বাচমক্রবত। অত্রা স্থায়ঃ স্থানি জানতে। কং ব এব ছর্গো মার্গঃ, একগম্যো বাধিষয়ঃ।কে পুনজ্ঞে। বৈলাকরণাঃ। কৃত এতং ? 'ভজৈবাং লক্ষী-র্নিছিভাবি বাচি' এবাং বাচি ভদ্র। লক্ষ্মীনিছিভা ভবতি। লক্ষ্মীনিছিভা ভবতি। লক্ষ্মীনিছিভা ভবতি।

ত্মকুবাদ:—'সক্ত্রিব' [এই প্রতীকের হারা স্থাচিত প্রয়োজন প্রদাণিত হচ্ছে]। 'সচ' ধাতু থেকে নিম্পন্ন 'সক্ত্র' [শব্দের অর্থ] হুর্ধাব [হুংশোধ বাকে পরিষ্কৃত করা অতি কট্টনাধ্য] হয়। বিপরীত 'কস্' ধাতু থেকে [নিম্পন্ন) [অর্থাৎ 'কস্' ধাতুর 'ক কার ও 'স' কারেগ বৈপরীত্যে নিম্পন্ন]। [সক্ত্র্লু শব্দের অর্থ] বিক্সিত্ত [যাহা ফুলে উঠে] হয়। 'তিতউ' [শব্দের অর্থ] পরিপবন হয়। [এই] তিতউ তত্তবং [বিষ্ণার বিশিষ্ট] অথবা [এই তিতউ] তুরবং [বহুছিদ্রবিশিষ্ট]। ধীরগণ' ধ্যানযুক্ত ব্যক্তিগণ]। মনের হারা নেনের কার্য প্রজ্ঞারহারা। 'বাক্কে করে থাকেন'— অন্তর্মন্দ থেকে [ন্ডন্ন শব্দকে] পৃথক্ করে থাকেন। এখানে সথা হয়ে সথ্যকে প্রাপ্ত হয়—এথানে [অর্থাণ্ট প্রত্তুল শব্দে সমদৃষ্টি লাভ করে সাযুক্ত্য প্রাপ্ত হয়। কোথায় [কাহার সহিত সাযুক্ত্য প্রাপ্ত হয়] এই ধ্র হর্মা প্রাপ্তিযোগ্য 'বাকের' বিষয় [অর্থাং শ্রুতিকপ বাকের বিষয়]। তাহারা হারা প্রাপ্তিযোগ্য 'বাকের' বিষয় [অর্থাং শ্রুতিকপ বাকের বিষয়]। তাহারা কারা [যারা এই একমাত্র জ্ঞানের হারা প্রপ্তিযোগ্য বন্ধে সাযুক্ত্য প্রাপ্ত হয়' ভাবা কারা) ? বৈয়াকরণগণ। কিহেতু ইহা [বৈয়াকরণগণ কেন ব্রন্ধের দহিত সাযুক্ত্য লাভ করেন] ? ভন্তা ই"হাদের শক্ষ্মী নিহিতা [আছেন] 'অধিক (১৬৫)

⁽১৬৫) মহাভাষ্যে উন্ত এই মন্ত্রে যে 'অধি' শক্টি আছে, মাগেশভট্ট তার অর্থ করেছেন 'অধিক'। সেই অনুসারে এথানে 'অধি' শক্ষের 'অধিক' এই অর্থ গ্রহণ করে অনুষাদ করা হয়েছে। মহাভাষ্যে এই মন্ত্রের চতুর্থপাদের যে ব্যাখ্যা করা হয়েছে, তার পর্যালোচনা করলে মনে হয়—মহাভাষ্যকার এই 'অধি' শক্ষের এরপ 'অধিক' অর্থ গ্রহণ করেন নাই। তিনি অধিশন্দের অধিকরণ বাপ অর্থ গ্রহণ করে। 'অধি' শক্ষের 'অধিক' এই অর্থ গ্রহণ করে। যেতে পারে;

বাকে'—ইহাদের বাকে ভদ্রা কিন্যাণময়ী লক্ষ্মী নিহিতা আছেন। লক্ষ্মী লক্ষণের দারা প্রকাশনের দারা [অজ্ঞানকে নিবৃত্ত করতে] সমর্থ হয়। 'সক্তর্মিব' [এই প্রতীকের দারা স্থচিত কার্য সমাপ্ত হলো] ॥২৬॥

ভাবার্থ ঃ— চালনীর ধারা বেরূপ তৃষ থেকে পৃথক্ করে সক্ত্রকে [ছাতৃ — ববের ছাতৃ] গ্রহণ করা হয়, সেইরূপ শব্দশাস্থ্য [বৈয়াকরণ] ব্যক্তিগণ অপশব্দ [অশুদ্ধ অপভ্রংশ শব্দ] থেকে বাক্কে পৃথগ্ভাবে জানতে পারেন। ব্যাকরণ শাস্ত্রের ধারা 'বাক্স্রেরপের প্নঃপ্নঃ পর্বালোচনা করায় তারা [বৈয়াকরণেরা] একমাত্র জ্ঞানের ধারা প্রাপ্তিযোগ্য বে ব্রহ্মতত্ত—যাহা বাক্যের হথার্থস্বরূপ তাঁহাকে অবগত হয়ে, সকল বন্ধর স্বরূপকেই অধিতীয় ব্রহ্মতত্ত্রপে দর্শন করে সর্বত্ত সমৃদ্ধাপ্রাপ্ত হন। বেহেতৃ এই বৈয়াকরণনের অফুশীলনের বিষয়ীভূত বাক্তত্বে স্বপ্রকাশক ব্রহ্মস্বরূপ সংবিৎ সন্ধিতিত আছেন।। ২৬।

বিবৃত্তি:—এই মত্ত্র 'অক্ত' এবং 'অ্ত্রা' এই তৃইটি বৈদিক প্রয়োগ আছে। 'অক্তে' এই প্রয়োগটি কুধাতুর উত্তর লুঙের প্রথম পুরুষের বহু বচনে [আত্ম-

কি 'অধি' শব্দের 'অধিকরণ' এই অধান্ত অপ্রসিদ্ধ নয়। 'অধিকরি' এই অবারীভাব সমাস নিজ্পর পাবে 'অধি' শক্ষটি অধিকরণ অর্থেই প্রবৃক্ত হয়েছে; ইহা সিদ্ধান্তকোম্দীর অবারীভাব সমাস প্রকরণে দেখা বার।

এখানে একটি প্রস্নহতে পারে—এই মত্ত্রের চতুর্বপাবে 'বাচি' এই সপ্তমী বিভক্তান্ত পদ আছে। এছলে এই সপ্তমী বিভক্তান্ত গারে —এই মহের চতুর্বপাবে 'বাচি' এই সপ্তমী বিভক্তান্ত পদ আছে। এছলে এই সপ্তমী বিভক্তান্ত বারাই 'অধিকরণ' রূপ অব প্রকাশ শানের কোন সার্থকতা থাকে না। এর উত্তরে বক্রব্য এই যে—এরপ ক্ষেত্রে সার্থকতানা থাকলেও বেদে এইরূপ প্ররোপের আভাব নাই। ''উপদেশেই অসুনাসিক ইং" [১।৩।২] এই স্ত্রের মহাভাব্যে প্রস্কর্জনে একটি বৈদিক বাক্যাংশ উদ্ধৃত করা হ্রেছে—''অল্ল আ। অটিডঃ'' এছলে 'আ।' শলটি 'আঙ,' এই অব্যুরের একটি বৈদিক রূপ [৬।১।১২৬]। এথানে অল্লে এই সপ্তম্যুক্তগদের সহিত প্রযুক্ত হয়েও 'আঙ,' শল অর্থাংশ বিভক্তির অর্থ' অধিকরণের ছোতন করেছে। ইহ। সিদ্ধান্ত কৌমুদ্দীর বৈদিক বর প্রকর্পের স্থাবিভক্তির অর্থ' অধিকরণের ছোতন করেছে। ত উল্লিখিত আছে। এই সন্তের সায়ণ ভাবে। এই 'অর্থি' শল অধিকরণ অর্থে ব্যাখ্যাত হয়েছে।

এই নৱে 'বাডি' এই সপ্তমী বিভক্তির বারাই অধিকরণ অধ' প্রকাশিত হচ্ছে বলে অধিকরণ অধের ভোজক 'অধি' শুনের কোন আবতকতা নাই—ইহ। স্থতিত করবার উদ্দেশে ভাষ্যকারের ব্যাধার 'অধি' শব্দ কিংবা তার কোন প্রতিশব্দের উদ্দেশ করা হর নাই।

নেপদে] 'ঝ' প্রত্যর করে নিপার (১৬৬)। লৌকিক সংশ্বতে এছলে 'অক্বড' এইরপ প্ররোগ হয়। 'অত্তা' এই বৈদিক প্ররোগটি 'এতদ্' শব্দের উত্তর সপ্তমী বিভক্তিতে 'ত্রল্' প্রত্যুয় করে 'ত্র' এর অকারের দীর্ঘ (১৬৭) করে নিপার হয়। লৌকিক সংশ্বতে এছলে 'অত্ত' এইরপ প্রয়োগ হয়। 'তিতউ' শব্দটি অমর কোবে পুংলিক বলে নির্দিষ্ট আছে। মহাভাব্যকার এই শব্দকে নপুংসকলিকে প্ররোগ করেছেন। স্থতরাং ইহা নপুংসক লিকও।

এই মত্রের প্রথমেই বে 'সক্ত^{নু}' শব্দ আছে, মহাভায়্তকার তার তৃইপ্রকার ব্যুৎপত্তি প্রদর্শন করেছেন।

প্রথমে 'সচ্' [ষচ্] ধাতৃ থেকে (১৬৮) 'সক্ত্ব' শব্দ সিদ্ধ করেছেন। 'সচ্' [বচ্] ধাতৃর অর্থ সমবায়। এথানে সমবায় শব্দের অর্থ কোন বন্ধার সব্দে মিলিত হওয়া। সক্তব্ব ত্বের সঙ্গে মিলিত থাকে। এই তৃব থেকে সক্তব্বক পৃথক করা কটসাধ্য। সেইজ্লা ভাল্লকার বলেছেন—সচ্ ধাতৃ থেকে বে সক্তব্বিশার হয়. তার অর্থ 'হুধ'বি' অর্থাৎ হুংশাধ – বাকে শুদ্ধ করতে বিশেষ প্রয়াস করতে হয়, তাহাই সক্তব্ব [ছাতৃ]। কস্ ধাতৃ থেকেও সক্তব্ব শব্দ নিষ্পার হয়েছে, ইহাও মহাভাল্লকার বলেছেন। প্রথমে ষচ্ ধাতৃ] সচ্] থেকে 'সক্তব্ব'

⁽১৬৬) 'নত্ত্বে ঘদহ্বরণশবৃহদ্ধান্ত্র্পমিজনিভাোলে:' [২৪।৮০] এই বিশেষ স্ত্রে লৃঙ্ লকারে বিহিত চিন প্রতারের লৃক্ হয়ে—'ঝ' ছানে 'জভ' পক্ষে অত হরে দল্ধি করে 'জজভ প্ররোগ সিদ্ধ হয়েছে। লৌকিক প্ররোগে এখানে 'চিন'প্রতারের লৃক্ হর না। সেইজ্লভ 'জজভ" এর পবিবর্তে অক্কৃষ্ড হয়।

⁽১৬৭) খারি তু সু ঘ ম কু ন ও কুত্রোক্রযাগাম, [৬।৩)১৩০] এই বৈদিক পত্র অনুসারে 'অত্র' এই পদের অন্তর্গত 'ত্র' এর অকারের দীর্ঘ হরে 'অত্রা' এই প্ররোগ দির্দ্ধ হর। কৌকিক প্ররোগে দীর্ঘবিধারক এই প্রত্তর প্রধৃত্তি হর না। সেইজক্ত গৌকিক সংস্কৃতে 'অত্র' এইরুগই হয়।

⁽১৬৮) ধাতুপাঠে সহ্ ধাতু মুখ গ্রহকারাদি 'বচ্' এইলপ পাঠ আছে। 'ধাছাদে বং' সং' [৬।১।৬৪] এই প্রোম্নারে বে' এর ছালে 'স' করে নিতে হবে। 'বচ্' সমবারে এই উভরপদী ধাতু ধাতু বহুসন্মত হলেও সর্বসন্মত নর। [মাধবীর ধাতুবৃত্তিভাদি জটবা], বাঁদের মতে এই উভরপদী নাই, তাঁদের মতে 'বহ্ সেবনে' এই ধাতুই সমবার অর্থে ব্যবহৃত হর। এক একটি ধাতু অনেকার্থ হত্তরার, এরপ প্ররোগ দোবাবহু নয়। উজ্জনত প্রশীত উপাদিবৃত্তিতে [১।৭০] সেচনার্থক সচধাতু থেকে সত্তর্শক সিক্ষারঃ।"

^{্শব্দ} সিদ্ধ করেছেন (১৬০)। পরে কস্ধাতু থেকে 'সক্ত্ব'শব্দের বৃংপন্তি দেখিয়েছেন। কদ্ ধাতৃর অর্থ গতি—ইহা পাণিনীয় ধাতৃ পাঠে আছে। ধাতৃ-সমূহ অনেকার্থক (১৭০)। এইজন্ত এই কস্ধাতৃর বিকাস প্রিক্টিত হওরা —এখানে ফুলে উঠা] অর্থও অম্প্রচিত নয়। বিকাস অর্থে বর্তমান এই কস ধাতৃর উত্তর 'উণাদয়ো বছলম্' [এখা১] এই স্থ্রাম্বসারে তুন্' প্রতায় হয়ে, তার অন্তর্গত সকার ও ককারের পরস্পর বৈপরীত্য হয়ে (১৭১) 'সক্তনু' পদ নিষ্পন্ন হতে পারে। এই ব্যুৎপত্তি গ্রহণ করলে সন্ত: শব্দের অর্থ হয়—যাহা বিক্ষিত হয় [বিকসিতো ভবতি] যাহা ফুলে উঠে। তিতউ' শক্ষের অর্থ পরিপবন [চালনী]। ভাষ্যকার এই শব্দটি 'তন্' ধাতু অধবা তুদ্ধাতু থেকে নিষ্পন্ন করেছেন (১৭২)। 'তন্' ধাতু থেকে তিতউ শব্দ দিন্ধ করলে তার অর্থ হয়, 'বিস্থাবযুক্ত [ততবং]। তুদ্ধাতু থেকে তিতউ শব্দ সিদ্ধ করলে তার অর্থ হবে ছিদ্রযুক্ত [তুরবং]। চালনী বিস্তারযুক্ত ও ছিদ্রযুক্ত হওয়ায়—এই কুইটি অথেরি সঙ্গতি এখানে আছে। তারপর মহাভাষ্যকার ধীর শব্দের অর্থ করেছেন—ধ্যানযুক্ত [ধ্যানবন্তঃ]; ধ্যা [ধ্যৈঞ্চিন্তায়াম্] ধাতু থেকে ধীর শব্দ সিদ্ধ করেছেন। কিন্তু উণাদিসত্তে [২।২৪] ধা ধাতু থেকে ধীর শব্দ নিষ্পন্ন করা হয়েছে।

মন:শব্দের অর্থ ভাষাকারের মতে 'প্রজ্ঞান'। স্থতরাং এখানে মনঃশব্দের মনোব্যাপারে লক্ষণা করা হয়েছে—ব্যতে হবে। লক্ষ ধাতু থেকে লক্ষ্মী লক্ষ্ম হয়েছে। যার লক্ষ্মণ—ভাসন—অর্থাৎ প্রকাশ আছে, ভাষাই লক্ষ্মী। এইরূপ অর্থ গ্রহণ করে এথানে স্বয়ং প্রকাশ ব্রহ্মকেই লক্ষ্মী শব্দের ছারা ব্যানো হয়েছে। ভাষ্যকার ইহা স্টিত করেছেন। কৈয়ট প্রভৃতি ব্যাধ্যাকারগণ মহাভাষ্যের এইরূপ অভিপ্রায় বর্ণনা করেছেন।

⁽১৬৯) ষচ্ [সচ্]+ তুন — সজনু । সিত্তনিস্থিমসিসচাবিধাঞ্জুশিভান্তন্ [উণাদিক্তম অধ্যার। এখানে এই 'তুন'প্রভারের 'ন্'এর ইং সংজ্ঞা হর। স্বভরাং ইংার লোণ হর। প্রভারের নকারের ইং সংজ্ঞাবশতঃ এই নিংগ্রভার্যন্ত শব্দের আধিবর উপাত্ত হয়। ক্রিভার্যন্তাদি-বিভার্খ।১১৯৭]। এথানে সক্তুশব্দের আদি অকার উপাত্ত।

⁽১৭·) সাধৰীয় ধাতুষুত্তির=ভূথাতু ভ্ৰষ্টৰা।

⁽১৭১) পृংবাদরা विভাগ वर्गवा उद्यः। वहां छावा धानी न ।

⁽১৭২) উপাদিসত্তি এই 'ঠিডট' শক্ষীকে বিভারাপ ক তন্ ধাতুর ঘারাই সিদ্ধা করা হরেছে। জ্ঞানোতে ড'ডি: সন্বচ্চ। [উপাদি ৭ম অধ্যার ৫০০]।

এই মন্ত্ৰটির সংক্ষেপে এইরপ ভাৎপর্বে ব্যাখ্যা করা বার— চালনীর ছারা বেরপ ভূবের নিছাসন করে সজ্বর সারভাগের গ্রহণ করা বারু, কেইরুশ বৈয়াকরগণগণ ব্যাকরণ শাস্ত্রের সাহাব্যে অপশক [অশুদ্ধ শক্ষ] থেকে শুদ্ধশক্ষেকে পৃথক্ করে থাকেন। এই বৈয়াকরণগণ শব্দের ক্ষম বিচার করতে করতে, ইহার মূল তথ্য যে ব্রহ্ম, সেই ব্রহ্মের সাক্ষাৎকার লাভ করে সর্বত্ত সমন্তি প্রাপ্ত হন, এবং অবশেবে ব্রহ্মে লীন হয়ে বান (১৭৩)।

এই মন্ত্রটি নিজক্তের চতুর্থ অধ্যারে দশম খণ্ডে 'ভিডউ' শক্তের প্ররোগ প্রদর্শনের উদ্দেশে প্রদর্শিত হয়েছে। যারুম্নি এই প্রদক্ষে এই মন্ত্রটির ব্যাধ্যাও করেছেন (১৭৪) সেখানে তিনি ভিডউ শক্ষের ধেরপ ব্যুৎপত্তি প্রদর্শন করেছেন, মহাভাগ্যকার তা থেকে ঈবৎ ভিন্নভাবে ব্যুৎপত্তি দেখিরেছেন। বাদ্ধ বলেছেন—"ভিডউ পরিপবনং ভতবদ্ বা ত্রুরদ্ বা ভিলমাত্রত্রমিতি বা।" মহাভাগ্যকার "ভতবদ্ বা ত্রুরদ্ বা" এই অংশটুক্ বলে শেষাংশ পরিভাগে করেছেন। কৈরট 'ভডবদ' এই অংশের ব্যাধ্যা করেছেন—"বিভারত্রক্তম্"— যার বিভার আছে। ভন্ধাত্র বিভার অর্থ থাকাম কৈরটের এই ব্যাধ্যা অসকত হর নাই। নিজক্তের টীকাকার 'ভড' শক্ষের চর্ম অর্থ গ্রহণ করে ব্যাধ্যা করেছেন—'ভডেন চর্মণা নহুম্"—তড অর্থাৎ চর্ম, ভার দ্বারা বছ। (১৭৫) "ভিলমাত্রত্রম্" এই অংশের ব্যাধ্যায় তুর্গাচার্য বলেছেন—যাতে ভিলের মড ক্সেক্ত ছিল্ল আছে—"ভিলমাত্রাণি ত্রানি বা ভলিরিভি ভিডউ"। যান্ধ ও মহাভাষ্যকার কক্ত্ শক্ষের ব্যাধ্যায় সমান রীভি অক্তম্বণ করেছেন। মহাভাগ্যকার এই মন্ত্রটিকে বৈরাকরণগণের প্রশংসান্ধণে ব্যাধ্যা অন্ত্রসারে বাক্ষের

⁽১৭৩) প্ৰথমে মহাভাষ্যপ্ৰদীপোন্দ্যোতে এবং পরবর্তী সময়ে ব্যাকরণসিদ্ধান্তত্বধানিবিতে এই প্ৰকাষ তাংপর্ব প্রদৰ্শিত হরেছে।

⁽১৭৪) সভৰু মিব পৰিপৰ্বেৰ পুনন্তঃ । সভৰু: সচতেই ধাৰো ভবভি । কসতেৰ্বা স্যাহ্ বিপরীভত বিকসিতো ভবতি । বত্ৰ ধীরা মনসা বাচমকুষত, প্রজানম । ধীরাঃ প্রজানবন্তো থানিবস্তঃ । তত্র সংখ্যঃ স্থানি সংস্থানতে ভত্তৈবাং কন্মীনিহিতাধিবাচি ইতি ।—নিকক্ত ৪।১০ ।

⁽১৭৫) মৰে হন্ন ছুৰ্গাচাৰ্বের সমন্ন চালনী চৰ্মনিমিড রজ্জু বারা বাঁধা হোজ।

⁽১৭৬) এথানে লক্ষ্য করলে বৃকা বার—বাকের ব্যাথার তাৎপর্ব ছুর্গাচার্বের ব্যাথা থেকে বেদ একটু বৃক্তঃ। বাক 'বাক,' শব্দের অর্থ করেছেন 'প্রজ্ঞান' [বাচমকুবৃত প্রজ্ঞানন্]। বাক বৃক্তরান সলরে প্রচাসিত 'বাক,শব্দের শব্দ অর্থ গ্রহণ করেন নাই।

ব্যাধ্যার অভিপ্রায় এইরূপ, সক্তন্তে [ছাতুকে] যেরূপ চালনী ছারা পরিছ্ত করা হয় সেইরূপ যে যজে বা সমাজে জ্ঞানী অর্থাৎ বিচারশীল মনীবিগণ মনের সাহায্যে বাক্কে পরিছত করে প্ররোগ করেন, সেই যজে বা সমাজে একই শাল্রে পরিশ্রমশীল এই জ্ঞানী ব্যক্তিগণ পরস্পরের জ্ঞানের উৎকর্য জ্ঞানতে পারেন দ্যেত্তে এই জ্ঞানী ব্যক্তিগণ বাক্তে প্রশংসনীয় লক্ষ্মী [বিজ্ঞান] নিহিত আছে। এই সকল জ্ঞানী ব্যক্তির জ্ঞান উন্নত হওয়ায়, সেই জ্ঞানের ছারা তারা অপরের জ্ঞানের উৎকর্ষ ব্যুতে পারেন। যাদের জ্ঞান উন্নত নয়, তারা পরের জ্ঞানের উৎকর্ষ হৃদয়ক্তম করতে পারে না— ইহাই এথানকার অভিপ্রায়।

পূর্বেই বলা হয়েছে একটি বেদমন্ত্রের অনেকপ্রকার ব্যাখ্যা ভারতীয় পূর্বাচায় গণের অসমত নয়। বেদের "সব্যাহক্রমস্ত্রের" ভাষ্য প্রবালোচনা করলে, উপরে উদ্ধৃত মন্ত্রগলির বিনিয়োগ অহুসারে অভ্যপ্রকার অর্থ প্রতীয়মান হয়। কিছু প্রামাণিক মহাভাষ্যকার যে অর্থ প্রদর্শন করেছেন—সেই অর্থে এই সকল মন্ত্রের তাৎপর্য নাই, তাহা অতি সাহসিক ব্যক্তি ভিন্ন কেহ বলতে পারেন না (১৭৭)॥ ২৬॥

মূল

'সার্শ্বতীম্'

যাজিকাঃ গঠন্তি 'আহিতাগ্নিরপশব্দং প্রযুজ্য প্রায়শ্চিন্তীয়াং সারস্বতীমিটিং নির্বপেদ্' ইতি। প্রায়শ্চিন্তীয়া মা ভূমেত্যধ্যেয়ং ব্যাকরণম্।' সারস্বতীম্॥ ২৭॥

অনুবাদ—'নারস্বতীম্' [এই প্রতীকের হারা বে প্রয়োজনের স্থচনা করা হয়েছে, তাহা প্রদর্শিত হচ্ছে]।

যাঞ্জিকগণ পাঠ করেন—'আহিতা গ্লি অপশব্দের প্রয়োগ করলে প্রায়শ্চিন্তের অফুকূল 'লারস্বতী ইষ্টি'র অফুষ্ঠান কর্বে।' আমরা প্রায়শিচন্তের যোগ্য না হই —এই কারণে ব্যাকরণের অধ্যয়ন [আমাদের] কর্তব্য। সারস্বতীম্ প্রিতীকের দ্বারা স্থাচিত প্রয়োজনবর্ণন সমাপ্ত ছলো] ।। ২৭ ॥

⁽১৭৭) "এতে চ মেরা: সর্বাস্ক্রমভাব্যেস্ক্রতা বিনিযুক্তা অপি ভাষ্যপ্রামাণ্যাদেউংভাংপ্য কা
অপীতিবোধান । মহাভাষ্যনীপোচোড।

বিবৃত্তি— যিনি শাস্ত্রোক্ত পদ্ধতি অনুসারে অগ্নির আধান করেন তাঁকে আহিতায়ি বলা হয়। আহিতায়ি ব্যক্তি যদি [যজাদিতে] অশুদ্ধ [অপল্রংশ]। শন্ধ উচ্চারণ করেন, তা হলে তাঁর পাপ হয়। সেই পাপের নির্ত্তির জন্ত তাঁকে প্রার্থিত কর্মকে প্রার্থিত বলা হয়। প্রার্থিত শন্ধি প্রার্থ ও 'চিত্ত' এই তুইটি শন্ধের সম্পোলনে সিদ্ধ হয়েছে (১৭৮)। প্রপূর্বক ইণ্ ধাতুর উত্তর "পুংসি সংজ্ঞায়াং ষঃ প্রায়েণ ৩৩০১৮" এই প্রোন্থসারে 'ঘ' প্রত্যয় করে অথবা "অরুর্তির চ কারকে সংজ্ঞায়াম্ ৩৩০৯৯" এই প্রোন্থসারে ঘঞ্ প্রত্যয় করে 'প্রায়' শন্ধিটি সিদ্ধ হয়। এখানে প্রায়শন্দ অকারান্ত পুংলিক। 'চিত্তী [চিং' সংজ্ঞানে' এই ধাতুর উত্তর 'ক্তিন্' প্রত্যয়ের হারা 'চিত্ত' শন্ধ নিষ্পান্ন হয় (১৭৯)। এইভাবে নিষ্পান্ন যে 'প্রায়শিত শন্ধ, তার ব্যাখ্যা বিভিন্ন শ্বতিশাস্তে করা হয়েছে। 'তপঃ' শন্ধের অর্থ রুছ্নসাধ্য ক্রিয়া। এই রুছ্নুনাধ্য ক্রিয়ার নিশ্চ্য [স্থির সম্বন্ধা] পূর্বক যে কর্মের অন্থল একটি শ্বতিবাক্য পদমঞ্জরীতে উদ্ধত হয়েছে,—

''প্রায়ো নাম তপ: প্রোক্তং চিন্তং নিশ্চয় উচ্যতে। তপোনিশ্চয়সংযোগাৎ প্রায়শ্চিন্তমিতিশ্বতম্॥''

'প্রায়' শব্দের অর্থ তপঃ, 'চিন্ত' শব্দের অর্থ নিশ্চয়; যে ব্যাপারে এই 'তপঃ' এর নিশ্চয়ের সম্বন্ধ আছে অর্থাৎ প্রথমে কৃচ্ছ্রসাধ্যব্যাপীরের অন্প্র্চানের স্থির নিশ্চয় করে যে ক্রিয়া অন্ত্রন্তিত হয় তাকে 'প্রায়শ্চিন্ত' বলে।

ভটোজী দীক্ষিত তাঁর প্রণীত সিদ্ধান্তকৌমুদীর ''প্রোচ্মনোরমা'' নামক টীকায় এই প্রায়ন্চিত্ত শব্দের অন্তর্রপ ব্যাখ্যার অমুকূল একটি স্মৃতিবাক্য প্রদর্শন করেছেন,—

⁽১৭৮) এথানে অকারাস্ত 'প্রার' শব্দের পর 'চিন্ত' শব্দ থাকার 'প্রার' শব্দের পর 'হটে'র ['নৃ'র] আগম হয়। দিদ্ধান্তকৌ মূদীতে 'সমানাশ্ররবিধি' নামক প্রকরণের শেবে একটি বচন পঠিত আছে। তাতে বলা হরেছে—'প্রার' শব্দের পর 'চিন্তি' বা 'চিন্ত' শব্দ থাকলে প্রার শব্দের পর 'হটে'র আগম হয়। ''প্রারশু চিন্তিভিন্নোঃ''। মহাভাবো উক্ত বাক্যের পরিবর্তে অক্তর্ম প বাক্য পঠিত আছে—''প্রারশ্য চিন্তিভিন্নোঃ হতকারো বা'' এর অর্থ—প্রার শব্দের পর চিন্তি বা চিন্ত শব্দ থাকলে প্রার শব্দের হট, আগম হয় অথবা প্রারু শব্দের অন্ত্য অক্যুরের ছানে অন্ত্য আবেশ হয়। [মহাভাব্যপ্রদীপ—৬)১)১৭৭]

⁽১৭৯) চিতীসংক্রানে জিন্ নপ্সেকে ভাবে ক:।—পংসঞ্জরী

'প্রায়: পাপং বিনিদিষ্টং চিত্তং তক্ত বিশোধনমু"

'প্রার' শব্দের অর্থ পাপ, যে ক্রিয়ার বারা পাপের বিনাশ হয়, তার নাম প্রায়শিত্ত। উপরি উদ্বত্ত্টি শ্তিবাক্য থেকে 'প্রায়ং' শব্দের পরস্পর বিভিন্ন দুইটি অর্থ জানা গেল,—এক অর্থ তপঃ, অপর অর্থ পাপ। উদ্বত তৃইটি বাক্যেরই প্রামাণ্য আছে, স্বতরাং তৃইটি অর্থই প্রামাণিক (১৮০)।

উপরে প্রাথশিত শব্দের খোঁ গিক অর্থ প্রদর্শিত হয়েছে। প্রাথশিত শব্দিত শব্দিত শব্দিত শব্দিত শব্দিত শব্দিত শব্দিত শব্দিত করে, খোঁ গালু ৷ এই জন্ম প্রাচীন স্বতিনিবন্ধকারগণ এই শব্দের পর্ব বিশিত বে অর্থ গ্রহণ করেছেন — সেই অর্থ ই গ্রহণীয়। কেবল মাজ পাপ করের উদ্দেশে শাল্পে যে ক্রিয়া বিহিত হয়েছে, তার নাম প্রায়শিতত্ত (১৮১)। প্রাথশিততি শব্দিত অর্থ ও প্রাথশিততাশব্দের অর্থের অন্তর্মণ।

উপরি উদ্ধৃত ''আহিতারিপরশব্ধং প্রযুক্তা প্রায়শ্চিত্তীয়াং সারস্বতীমিষ্টিং
নির্বপেং" এই বাকাটি কোন ব্রাহ্মণ গ্রন্থের বাক্য। মহাভায়কার অনেকস্থলে
ব্রাহ্মণ বাক্য উদ্ধৃত করবার আরম্ভে 'যাজ্ঞিকাঃ পঠন্তি' এইরপ প্রয়োগ করেছেন।
এখানেও এইরপ 'যাজ্ঞিকাঃ পঠন্তি' এইরপ আরম্ভে বলেছেন। তাতে নিশ্চয়
করা যায় যে এই শ্রুতিবাকাটি একটি ব্রাহ্মণ বাক্য। তবে কোন্ ব্রাহ্মণ গ্রন্থ
থেকে মহাভায়কার এই বাকাটিকে উদ্ধৃত করেছেন তা এখনও জানা বায়
নাই।

এই বাক্যের প্রথমে যে 'প্রারশ্চিন্তীরা' শব্দটিআছে, তার অন্তর্গত 'প্রারশ্চিন্ত' শব্দের অর্থ পাপক্ষালন ; ইহা কৈয়ট ও নাগেশভট্রের ব্যাখ্যা থেকে বুঝা বার। পাপক্ষালনের সাধন যে ইষ্টি তাকেই এখানে প্রারশ্চিন্তীয়া ইষ্টি (১৮২) বলা হরেছে। ভার পরবর্তী বাক্যে মহাভান্তকার প্রারশ্ভিন্তশন্ত্রের কর্মবিশেষ অর্থ গ্রহণ করে 'প্রায়শ্চিন্তীয়' শব্দটির প্রয়োগ করেছেন (১৮৩)। এই ব্রাহ্মণবাক্যে

⁽১৮০) প্রারস্যেতি নির্দেশাংকারান্তপ্রতিক্রস্থেপারাচী প্রারশক্ষঃ, 'প্রারো নাম তপঃ প্রোক্ত টিভং নিশ্চর উচাডে" ইতি স্বৃত্যে। 'প্রারঃ পাপমিতি' স্থাভরাৎ পাপরাচাণি। বহুশবেক্স্পেশ্ব – সমাসাক্ষরিধি।

⁽১৮১) পাশক্ষরাত্রনাধনকে বিধিবোধিত: কর্ম প্রারভিত্তর,। তার্ভয়গুরক্তর কৃষ্ণ ক্ষরভিত্তক।

⁽১৮২) প্রারন্টিনীরামিতি ভবার্থে বৃদ্ধান্তঃ।—মহাভাব্যপ্রদীপ। ভবার্থ ইভি। প্রারন্টিছ নাধনবেদ তদ্যবধী।—মহাভাব্যপ্রদীপোল্যোভ।

⁽১৮৩) প্রারশ্ভিতার পাণবোধনার স্রুতিস্থিতিতার কর্মণে হিতাভারিবিভোগণাধনা বা ভূমেতার্থঃ। মহাভাগ্যক্ষীপ।

বলা হ্রেছে,—আহিতায়ি অন্তর্গক উচ্চারণ করলে প্রায়শ্চিন্ততার্হ হবেন।
পাপ জন্মালে তার কালনের জন্য প্রায়শ্চিন্তের অন্তর্গন করা হয়। ক্তরাং
বুঝা যাছে যে, আহিতায়ির পক্ষে অন্তর্গন প্রয়োগ পাপজনক। কিন্তু
এখানে মনে রাখতে হবে—সকল অবস্থায় অন্তর্জ শব্দের প্রয়োগ পাপজনক
নয়, যজ্ঞের অন্তর্গন কালেই অন্তর্জ শব্দের উচ্চারণ পাপজনক। মহাভাগ্রকার
পরে এই পম্পশাহ্নিকেই এইরপ সিন্ধান্তে উপনীত হরেছেন। যারা ব্যাকরণের
অধ্যয়ন করে নাই, তাদের নিকট শুল্ধ ও অন্তন্ধ শব্দের পার্থক্য জ্ঞাত।
এইজন্ত তাহাদের পক্ষে যে কোন অবস্থায় অন্তন্ধ শব্দের উচ্চারণ অসন্তার্দিত
নয়। স্তরাং অন্তন্ধ শব্দের উচ্চারণ থেকে অব্যাহতি লাভের জন্য ব্যাকরণের
অধ্যয়ন কর্ম্বরা। ২৭।।

মূল

''দশম্যাং পুত্রস্তু''

যাজিকা: পঠন্তি 'দশমুত্রকালং পুত্রস্ত জাভক্ত নাম বিদ্যাদ্ ঘোৰবদাদ্যন্তরন্ত: হুমবৃদ্ধ ত্রিপুরুষান্কমনরি প্রতিষ্ঠিতং তদ্ধি প্রতিষ্ঠিততমং ভবতি ব্যক্তরং চত্রক্তরং বা নাম কৃতং কুর্যান্ন তদ্ধিতমি'তি। ন চান্তরেণ ব্যাকরণং কৃতভাদিতা বা শক্যা বিজ্ঞাতুম্। 'দশম্যাং পুত্রস্তু'। ২৮॥

অনুবাদ—'দশন্যাং পূত্ৰখ' [এই প্ৰতীকের স্বারুল বে প্রয়োজন স্থাচিত হয়েছে তাহা বলা হচ্ছে]।

বাজিকেরা পাঠ করেন—[পুরুজন্মাবার] দশদিন পরে [নব] জাত পুরের নাম করবে [নাম রাথবে]। বে নামের আদিতে ঘোষবান্ বর্ণ [থাকবে] মধ্যে অন্তঃস্থা (১৮৪) বর্ণ থাকবে; [যে নাম] 'বৃদ্ধ' সংজ্ঞক শস্ক হবে না। [নামকরণ সংস্থারের যিনি অধিকারী—পিতা তাঁর] তিন পুরুষের অভিধায়ক [শক্ষের অন্তরপ] হবে; অরি অর্থাৎ শক্রতে যে নাম প্রতিষ্ঠিত নয়—সেইরপ নাম অতিশয় প্রতিষ্ঠিত [প্রসিদ্ধ] হয়, তুই অক্ষর অথবা চার অক্ষর ক্রদন্ত নাম রাথবে, তদ্ধিত [নাম] করবে না। ব্যাকরণ [জান] ব্যতীত কৃৎ বা

⁽১৮৪) ব, র, ল, বকে সাধারণত: অন্তঃত্ব বর্ণ বলা হর। এথা ন এই শকুট অকারান্ত নর, কিন্তু আকারান্ত অন্তঃহালক। "অন্তঃহালক আদন্তঃ" লযুণকেল্পেগর সংজ্ঞাপ্রকর্মণ।

তদ্ধিত জানতে পারা যায় না। 'দশম্যাং পুত্রস্ত' [এই প্রতীকের বারা যে প্রয়োজন স্টেত হয়েছিল তাহা সমাপ্ত হোল]।। ২৮।।

বিবৃত্তি---জামাদের শাস্ত্রে মাহ্নবের জন্ম থেকে মৃত্যুপর্যন্ত কভকগুলি 'সংস্কার' বিহিত আছে। সেই সংস্থার সকলের মধ্যে 'নামকরণ' ও একটি সংস্থারস্কপে প্রচলিত আছে। শাস্ত্রীয় পদ্ধতি অনুসারে 'নামকরণ' সংস্কারের ঘারা নৰজাত বালকের নাম রাখা হয়ে থাকে। পুত্তের জন্মের অশোচ সমাপ্ত হলে একাদশ দিনে এই নামকরণ সংস্থার করা হয়। 'নামকরণ' সংস্থারে পুত্তের যে নাম রাখা হয়, সেই নাম কিন্ধপ হবে, তাহা উপরে উদ্ধৃত শাস্ত্র বাক্যে বলা হয়েছে। বর্মের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ এবং য র ল ব—এই বর্ণগুলি ঘোষবান্। নামের আদিতে এই বর্ণগুলির কোন একটি বর্ণ থাকবে। নামের মধ্যবর্তী বর্ণ অন্তঃস্থা অর্থাৎ অস্তস্থ হবে (১৮৫)। ব্যাকরণে-আকার, একার ও ঐকারকে বৃদ্ধিসংজ্ঞা করা হয়েছে (১৮৬)। যে শব্দের আদিশ্বর এই বৃদ্ধিসংজ্ঞক বর্ণ অর্থাৎ যে শব্দের প্রথম স্বরটি আ, ঐ বা ও হয়, তার নাম 'রুছ' (১৮৭) হয়। যেমন 'রাম' শস্কটি বুদ্ধসংক্ষক। কারণ রাম শব্দে হুটি স্বর আছে, 'রু' এর পর 'আ' এবং 'মু' এর পর অ'। এই ছটি খরের মধ্যে আদি খর আটি বৃদ্ধিসংক্রক। এইরূপ 'বৃদ্ধ' সংজ্ঞক শব্দ নাম রাখবে না। তারপর 'অিপুরুষানুকম্' শব্দটির বারা এখানে ইহাই স্টিত হয়েছে – যিনি নামকরণ সংস্কারের কর্তা [পিতা], তাঁর পূর্ববর্তী তিনপুরুষের যে নাম, সেই নামের অহুক্ততি অর্থাৎ সাদৃত্য যে শব্দে থাকে, সেইরপ নাম রাধবে। । যদি পূর্বপুরুষের নামের সহিত 'চন্দ্র' কি 'নাথ' শব্দ সংস্ট থাকে, তা হলে নবজাত কুমারের নামেও সেইরপ শব্দ সংযোজিত করতে ছবে। পূর্বপুরুষের নাম অন্তুসারে কাহারও নাম 'হরচন্ত্র' কাহারও বা নাম 'জীবনাথ' হবে। 'অয়াণাং পুরুষাণাং, সমাহার: এইরূপ সমাহার খিগু সমাস

⁽১৮৫) ক থেকে ম পৰ্যন্ত মৰ্পের নাম স্পৰ্নৰণ ; শ, ব, স হ এই শুলি উন্ন বৰ্ণ । স্পৰ্শন্ত উন্নের অধানতী বলে ব র ল ব কে অন্তঃস্থাবৰ্ণ বলা হয় । "স্পর্ণোম্বোর্মধ্যে ভিঠন্তীতি ভদর্মঃ। লবু অন্যান্ত্ৰশ্বর সংজ্ঞাঞ্জনন ।

⁽১৮৬) বৃদ্ধিনাদৈচ, [১।১।১]। আকার ঐকার উকারণ্চ আদেশানাদেশনাধারণ্যেন বৃদ্ধি সংজ্ঞান্যাং। ব্যাকরণসিদ্ধান্তহথানিধি।

⁽১৮৭) दृष्टिवंद्यांशंसाधिकपृत्कम् [১।১।१९]। यश्मभूषात्रयष्टिकानासशः शर्वा भूर्र्दाश्च, तृक्ति-अरुद्धः, म दृष्टम कः मृगर।.....वश्यमविविक्तुक्तम्। वाभरविभिष्णावारमकम्।भि। वाकिश्य-मिकाकस्थानिवि

করে প্রথমে ত্রিপুরুষম্' এই শব্দ দিদ্ধ হয়; তারপর ত্রিপুরুষম্ অম্কাবতীতি ত্রিপুরুষ উপপদ পূর্বক অমু উপদর্গের উত্তর কৈ শব্দে কৈ ধাতৃর উত্তর মূলবিভূজাদিত্বাং 'ক' প্রত্যয় করে 'অন্তেষামপি দৃষ্ঠতে। এই স্ত্রাম্নারে 'অমু' শব্দের উ কারের দীর্ঘ হয়ে—'ত্রিপুরুষানৃক্ম' শব্দ দিদ্ধ হয়। 'অনবি প্রভিষ্ঠিতম্'—এই অংশের তুইটি অর্থ হতে পাবে। (১) নৃশব্দের অর্থ মাত্রহ। নৃ শব্দের সহিত নঞ্সমাসে—'অনু' শব্দ নিপার হয়, তার সপ্তমীর একবচনে 'অনরি' এইরূপ হয়। অনরি প্রতিষ্ঠিতম্— এই অংশের অর্থ যাহা মন্মগুলোকে প্রতিষ্ঠিত নয় অর্থাৎ দেবতার যে নাম সেই-রূপ নাম রাথবে। (২) অরিশস্বের অর্থ শত্রু। অরিশব্দে 'নঞ্' তৎপুরুষ করলে 'অনবি'রপ দিদ্ধ হয়। অনবৌ প্রতিষ্ঠিতম্ এইরূপ বিগ্রন্থ করে অনরি প্রতি-ষ্ঠিতম্ শব্দ সিদ্ধ হয়। অথবা ন অরিপ্রভিত্তিম—এইরপ নঞ্ সমাস করে 'অনরিপ্রতিষ্ঠিতম্' দিদ্ধ হয়। তার অর্থ হচ্ছে—হে নাম শত্রুর নাম নর দেইরূপ নাম রাখতে হবে (১৮৮)। রুংপ্রত্যয়ান্ত নাম রাখতে হবে, যেমন '(नवन ख', '(नवन ख' मत्मव (भरव 'नख' मस ंना + क [क रूप इर्था छात्र] इर-প্রত্যবাস্ত হওয়ায় ঐ নাম রাধার যোগ্য। তদ্ধিতান্ত নাম রাধা নিষেধ--বেমন 'তমুশৌক্লা' এই নামের শেষে 'শৌক্লা' শব্দটি তদ্ধিতাম্ব [শুক্ল শব্দের উত্তর 'গুণবচনব্রাহ্মণাদিভ্যঃ' স্ত্রে 'গুঞ্' তদ্ধিত প্রত্যায়] হওয়ায় এইরূপ নাম রাধলে পুণ্য হবে না অথচ পাপ হবে। যে ব্যক্তি গৃহস্থাপ্রমে অবস্থান করেন, তাঁর পুত্র জন্মাবার সম্ভাবনা থাকার পুত্রজন্মে তাঁরপক্ষে নামকরণ সংস্কার অবভা कर्जरा। এই नामकदा मश्कारत छेलघुक नाम निर्वाहरन गांकदरनद अरलका আছে বলে, গাহ স্থাব্যাপারের অন্তর্গত কর্তব্যের যথাবধ সম্পাদনের জন্ত ব্যাক-রণের অধ্যয়ন করা উচিত ;—ইহাই এখানে মহাভায়কার এই শাল্পবাক্য-প্রদর্শনের যারা স্থচিত করেছেন।। ২৮॥

म्म।

'হ্ৰদেবো অসি'

'স্দেৰে। অসি বৰুণ যস্ত তে সপ্ত সিদ্ধৰঃ। অমুক্তরস্তি কাকুদং সূর্য্যং সুবিরামিব।। [ঋ সং ৮।৬১।১২]

⁽১৮৮) অমসুবাহিরিভিরে ইতি বার্বঃ। মহাভাষ্যপ্রদীপোন্দ্যাত।

"ক্দেবো অসি বরণ।" সভাদেবোহসি। 'ৰস্ত তে সপ্ত সিদ্ধবং' সপ্তবিভক্তরঃ। 'অসুকর্ষ্টি কাকুদম্।' কাকুদং ভালু। কাক্ৰিহ্বা, সাহস্মির্দ্যত ইতি কাকুদম্। পূর্যাং সুবিরামিব।'

্ তদ্ বধা—শোভনাম্মিং স্বিরামগ্রিরন্তঃ প্রবিশ্র দহতি, এবং তে সপ্ত সিদ্ধাং সপ্তবিভক্তরভাবসুক্তরন্তি। তেনাসি সত্যদেবঃ। সভ্যদেবাঃ ভাষেত্যধ্যেরং ব্যাকরণম্। 'স্দেবো অসি'॥২৯॥

জ্মুবান—'স্বেবো অসি' [এই প্রতীকের বারা বে প্রয়োজন স্থাচিত হয়েছে ভাহা প্রদর্শিত হচ্ছে]

হে বরুণ! জুমি হুদেব হয়েছ। যেহেতু সপ্ত সম্দ্র [তোমার] কাকুদকে [তালুকে] [আপ্রার করে] প্রবাহিত হছে। আপ্রি, বেরুপ ছিদ্রবহল শোভনা লোহপ্রতিমাকে [মলহীন করে]। 'বরুণ হুদেব হরেছ' সত্যদেব হয়েছ। 'বেহেতু তোমার সপ্ত সম্দ্র' সপ্ত বিভক্তি। 'কাকুদকে [আপ্রায় করে] প্রবাহিত হচ্ছে'—কাকুদ—তাল্। কাকু—জিহ্বা, সেই [জিহ্বা] ইহাতে উৎক্ষিপ্ত হয়, এইজন্ত [ইহা] কাকুদ। 'বেরুপ ছিদ্রবহল শোভনা লোহপ্রতিমাকে'—বেরুপ শোভনা হ্বিরা [ছিদ্রবহল] লোহ প্রতিমাকে, অপ্রি অভ্যন্তরে প্রবেশ করে দক্ত করে, এইরুপ তোমার সপ্তসমূত্র—সপ্তবিভক্তি তালুকে [আপ্রায় করে] প্রবাহিত হচ্ছে। সেই ভুল্ল তুমি সভ্যাদেব হ্রেছ। আমরা সভ্যাদেব হতে পারুব, এইহেতু ব্যাকরণের অধ্যয়ন কর্তব্য। 'স্থাদাবো অসি' এই প্রতীকের ছারা বে প্রয়েশনের স্কান করা হ্রেছিল তাহা সমাপ্ত হল্য।।।।

দিল্পতি—'যন্ত তে মধ্য সিদ্ধবং' এই ছলে 'বল্ড' এই ষটা বিভজিটি পঞ্চমীর ছানে হরেছে। বেদে এইরূপ বিভজিব্যতায় অনেকবার কল্য করা গেছে। পূর্বে এবিবরে ব্যকরণের প্রমাণও উদ্ধৃত করে দেখান হয়েছে। স্থতরাং 'বল্মাং' এই অর্থে 'বল্ড' এইরূপ প্রয়োগ করা হয়েছে। গৌকিক সংস্কৃতে 'স্মীম্' এই প্রকার রূপ হয়। বৈদিক সংস্কৃতে 'স্মীম্' এইরূপ ও হয় (১৮৯)। স্মী শম্বের অর্থ লোহ প্রতিমা ইহা অমরকোবে দেখা যায় (১৯০)। মহাজায়কার এখানে

⁽১৮৯) প্ৰীমিডিপ্ৰাণ্ডে 'অগিপূৰ্বঃ' [৬/১ ১০৭] ইডাত্ৰ 'বা ছদ্দদি' [৬/১/১০৬] ইডাগুৰুন্ত্য।
বৰ্ণাবেশঃ 1—নহাখোগুলিল বা শক্ষাক্তেও এর অমুদ্রল ব্যাখ্যা করাহরেছে।

⁽১৯০) সুৰ্মী ছুণাংয়:প্ৰতিষা।--অধন্মকোৰ শুমাৰ্ক-তঃ।

'স্মী' শব্দের 'শোভনা উমী' [শোভনাষ্মীম্] এইরপ অর্থ গ্রহণ করেছেন।
নাগেশভট্ট মহাভাগ্য প্রদীপোদ্যোতে 'স্মী' শব্দের 'শোভনা অয়ঃ [দোহ]
প্রতিমা' [১৯১] এইরপ ব্যাধ্যা করেছেন। ইহা পর্যালোচনা করলে মনে হয়
এখানে 'স্থ' শব্দের অর্থ শোভন এবং 'উমী' শব্দের অর্থ লোহ প্রতিমা – এইরপ
অভিপ্রায় প্রকাশ করা হয়েছে। অতএব মহাভাগ্যকারের অভিপ্রায় অমুসারে
'উমী' শব্দের অর্থ লোহ প্রতিমা —ইহা স্বীকার করতে হবে। 'স্থবি' শব্দের
অর্থ ছিন্তা। এই স্থবি শব্দের উত্তর ভূমা অর্থে [বাহল্য অর্থে] মন্বর্ণীয় 'র'
প্রত্যারের দ্বারা (১৯২) 'স্থবির' শব্দ নিষ্ণায় হয়েছে। এই 'স্থবির' শব্দের অর্থ
হচ্ছে বহল ছিন্তুম্কত।

এই মন্ত্রটি বঞ্চণের ছতি। বঞ্চণের ব্যাক্রণজ্ঞানকে লক্ষ্য করে তাঁকে সভাদেব বলে প্রশংসা করা হয়েছে। সাত বিভক্তির প্রত্যেক বিভক্তিতে অনন্ত শব্দরাশি সিদ্ধ হয়। এইজন্ত এই মন্ত্রে সপ্ত বিভক্তিকে সপ্ত সম্প্রক্ষণে বর্ণনা করা হয়েছে। মন্ত্রের শেষাংশেব উপমার [ক্র্যাং স্থবিরামিব] ছারা বলা হয়েছে এই যে—অগ্নি যেমন সচ্ছিত্র লোহপ্রতিমার অভ্যন্তরে প্রবেশ করে তাকে দগ্ধ করে; দগ্ধ করার ফলে সেই প্রতিমা সকল প্রকার মল কলম্ব থেকে মৃক্ত হয়ে ছাইছ হয়; সেইরূপ যাহার শক্ষ্যান হয়েছে, তাঁর সকল প্রকার পাপ নষ্ট হয়ে যায়, তিনি পবিত্র হয়ে ছার্গ প্রাপ্তির অধিকারী হয়ে থাকেন। ব্যাক্রণের অধ্যয়নই শক্ষ্যানের একমাত্রে উপার। অভ্যন্তর ব্যাক্রণের অধ্যয়নই শক্ষ্যান উৎপাদনের ছারা হর্গপ্রাপ্তির সাধন—ইহা এই মন্ত্রে উপমাছারা প্রতিপাদিত হয়েছে। হুর্গপ্রাপ্তিন রূপ ফলের উদ্দেশে ব্যাক্রণের অধ্যয়ন কর্তব্য (১০৩)।

ইহা প্রতিপাদনের উদ্দেশে মহাভাষ্যকার পতঞ্চলি এখানে এই মন্ত্র উদ্ভূত করেছেন।। ২৯।।

⁽১৯১) প্ৰমাং শোভনাময়:প্ৰতিমাম্।—মহাভাগ্ৰেদীপোন্দ্যাত।

⁽১৯২) উব-ক্ষম মৃজ-মধোর: [e।২।১•৭]
ভূমনিকাপ্রশংসাক নিত্যবোগেং ডিশারনে।
সহক্ষেত্তি বিবকারাং ভবস্তি মতুকাহয়ঃ। মহাভাষা e।২,৯৯৮ ৢ

⁽১৯৩) खानन वर्गशासिः कनमिल्रास्यः। – महासामाधानी लाल्लासः।

মূল

কিং পুনরিদং ব্যাকরণমেবাধিজিগাংসমানেভাঃ প্রয়োজনমন্বাধ্যায়তে, ন পুনরক্তদণি কিঞ্চিং ? ওম্ ইভ্যেবমুক্তনা * বৃত্তান্তনা শমিভ্যেবমাদীঞ্ শব্দান পঠন্তি॥ ৩০॥

ভাষা গাদ—কি কারণে ব্যাকরণই অধ্যয়ন করতে ইচ্ছ্কেগণকে [বাাকরণের] প্রয়োজন বলা হচ্ছে; অন্ত কিছুর [বেদের] অধ্যয়নেচ্ছ্বগণকে [প্রয়োজন বলা হয় না]। 'ওম্' এইরূপ উচ্চারণ করে প্রপাঠক ক্রমে 'শম্' প্রভৃতি শক্ষরাশির অধ্যয়ন করে থাকে।। ৩০।।

বিব্রত্তি—অধিপূর্বক অধ্যয়নার্থক 'ইঙ্'ধাতুর উত্তর 'সন্' প্রত্যয় করে, শেই সমন্ত 'অধিজিগাংস' ধাতৃর উত্তর 'শানচ্' প্রত্যয় করে—''আধিজিগাং-সমানেভ্যঃ" এই পদ নিষ্পন্ন হয়েছে। ইচ্ছা অথে সাধারণত 'সন্' প্রত্যয় ह्य। त्राक्तर्भत्र व्यक्षप्रत्न श्रदृष्ठि উৎপाদনের উদ্দেশে ব্যাক্রণের প্রয়োজন पना हरबरह । याराद ताकदर अधायराद देम्हा आरह, छाराद रमहे देम्हा থেকেই ব্যাকরণের অধ্যয়নে প্রবৃদ্ধি হবে। এরপ অবস্থায় ব্যাকরণের অধ্যয়নে প্রবৃত্তি উৎপাদনের উদ্দেশে প্রয়োজন বর্ণনার কোন সাধ্কতা দেখা যায় না। এইজন্ত এখানে 'দন্' প্রত্যান্ত্রের অন্ত অর্থ গ্রহণ করতে হবে। আশহা বা সম্ভাবনা · অর্থেও 'সন্' প্রত্যায় হয় (১৯৪)। এখানে সেই সম্ভাবনা অর্থে 'সন্' প্রত্যায়ের ধ্রোগ করা হরেছে—এইরপ ব্যাখ্যা করতে হবে। তা হলে "ব্যাকরণম্ व्यथिविशारम्यात्नछाः'' देछानि व्यर्ग्यत बरेब्रभ व्याया स्टब-वात्मव ব্যাকরণ অধ্যয়ন করার সম্ভাবনা আছে অর্থাৎ যারা ব্যাকরণের প্রয়োজন স্বাধনত হলে, ব্যাকরণের অধ্যয়নে প্রবৃত্ত হতে পারে, তাদের উদ্দেশে প্রয়োজন বলা হচ্ছে। বন্ধতঃ যাদের বোগ্যতা না থাকার কোন কালে ব্যাকরণের অধ্যরনে প্রবৃত্ত হওয়ার সভাবন। নাই, তাদের উদ্দেশে ব্যাকরণের প্রবোধন वर्गना निवर्षक। मन् প্राज्याय देव्हा वर्ष दे ममधिक श्रीमा । .. धरेक्छ थवात्न अस्तारम 'मन्' थाजारम्य देम्हा अर्थ थमभिज हरम्ह । वचर्ज थवात्न বে সম্ভাবনা অথে ই 'সন্' প্রত্যয়ের ব্যাখ্যা করা উচিত, তার বৃক্তি উপরে প্ৰদৰ্শিত হল।

^{· * &#}x27;ওম্ইড্যাক্" — পাঠা তর।

⁽১৯৪) वशकाया — ७३११ व्हेरेया १

তৈত্তিরীয়সংহিতা প্রভৃতি বৈদিক গ্রন্থে 'প্রপাঠক' দেখা যায়।

এক একটি ঋধ্যায়কে বিভিন্ন 'প্রপাঠকে' বিভক্ত করা হয়েছে। এই
প্রপাঠককেই এখানে মহাভাষ্যকার 'বৃত্তাস্ত' শব্দের ধারা উল্লেখ করেছেন।

এক একটি প্রপাঠকে প্রায় এক একটি বিষয়ের আলোচনা আছে। তা হলে

দেখা যাচ্ছে, সাধারণভাবে এক একটি প্রপাঠক এক একটি বিষয়ের প্রকরণ।
ইহা লক্ষ্য করে মহাভাষ্যকার 'প্রপাঠক' শব্দের পরিবর্তে 'বৃত্তাস্ত' শব্দের ব্যবহার
করেছেন। 'বৃত্তাস্ত' শব্দের প্রকরণ অধ্বে ব্যবহার যুক্তিহীন নয়।

যারা বেদের অধ্যয়ন করে, তাদের অধায়নের পূর্বে এবং পরে প্রণক [ওঁ] উচ্চারণ করবার বিধান আছে—

ব্ৰহ্মণঃ প্ৰণবং কুৰ্যাদাদাবন্তে চ সৰ্বদা।

স্রবত্যনোকতং পূর্বং পরস্তাচ্চ বিশীর্ঘতে ॥ [মহু ২য় জঃ]

বেদের পাঠের আরম্ভে ও সমাপ্তিতে প্রণব উচ্চারণ করবে। আরম্ভে প্রণব উচ্চারণ না করলে বেদক্ষরিত হয় এবং সমাপ্তিতে প্রণব উচ্চারণ না করলে বেদ বিশীর্ণ হয়ে যায়। ওঁকারটি আবার স্বীকৃতির স্থচক। এই কারণে বেদের অধ্যরনের পূর্বে প্রণবের উচ্চারণের দারা গুরুর প্রতি শিয়ের আমুগত্যও স্থচিত হয়। এই কারণে বেদের অধ্যয়নের পূর্বে প্রণবের উচ্চারণের প্রথা আছে। সেই প্রথাকে কক্ষা করে এখানে পতঞ্চলি 'ওমিত্যুক্তনা' ইহা লিখেছেন।

এখানে ভাষ্যে যে আশ্বা করা হয়েছে—তার অভিপ্রায় এই—বারা বেদের অধ্যয়ন করে, বেদাধ্যয়নের প্রয়োজন বর্ত্ত্বনা করে তাদের অধ্যয়নে প্রবৃত্তি উৎপাদন করতে হয় না। তারা কোনরূপ প্রয়োজনের অপেক্ষা না করেই বেদাধ্যয়নে প্রবৃত্ত হয়। ব্যাকরণের অধ্যয়নে প্রবৃত্তি উৎপাদনের উদ্দেশে বিস্তৃতভাবে প্রয়োজনের বর্ণনা করা হয়েছে। ইহার ঘারা ঘারা ব্যাকরণের উৎকর্ষ অপেক্ষা অপকর্ষই দ্যোতিত হচ্ছে। ভাষ্যে 'শমিত্যেবমাদীন্' বলা হয়েছে। এয়লে 'শম্' শস্টি অবর্ষবেদের ''শয়োদেবীরীইরে" ইত্যাদি ব্যাক্তে। ভাষ্যকার প্রথমে বৈদিক শব্দের উদাহরণ প্রস্তুত্তে অব্ববেদের প্রথমে উল্লেখ করেছিলেন। এখানেও দেই রীতির অস্ক্রমণ করেছেন।।৩০।।

মূল।

भूतावज्ञ **এ**डमात्रीर मःऋ'रताखरकानः। खाञ्चल। व्याक्तलः

 ^{&#}x27;সংস্কারকালোভরম্' পাঠান্তর।

^{🕂 &#}x27;ভঙংখানকরণ নাদাস্প্রদানজেভ্যো' পাঠান্তর।

শাৰীরতে। তেতাকতংহানকরণার্থানাকতেতা বৈদিকা: শকা উপনিশ্যকে। তদদ্যকে ন তথা। বেদম্বীত্য করিতা বজারো ভবজি। বেদারো বৈদিকা: শকা: সিদ্ধাং, লোকার্ক লৌকিকা অনর্থকং ব্যাকরণমিতি। তেতা এবং বিপ্রতিপন্নবৃদ্ধিত্যোহধ্যেতৃত্য: স্থান ত্থা আচার্ব ইদং শাল্রমঘাচাই ইমানি প্রারোকনানি অধ্যেয়ং ব্যাকরণমিতি॥৩১॥

আমুবাদ—পূর্বালে এই বিভি] ছিল, [উপনয়ন] সংখারের উত্তরকালে বাম্পান ব্যাকরণের অধ্যয়ন করতেন। সেই সেই [উচ্চারণ] স্থান, করণ [আজ্ঞান্তর প্রবন্ধ], এবং অস্প্রদানে [বাফ্ প্রবন্ধ] অভিচ্ছ সেই সকল [ব্যক্তি]কে বৈদিক শন্ধ সমূহের [বেদের]উপদেশ করা হোত। বর্তমান সময়ে তাহা সেরূপ নাই। বর্তমান সময়ে প্রথমে] বেদ অধ্যয়ন করে [বিবাহাদি ব্যাপারে] অ্যাবৃক্ত [ব্যগ্র] হয়ে বক্তা হন [বলতে আরম্ভ করেন]—বেদ থেকে বৈদিক শন্ধ সকল আমাদের [কাছে] জ্ঞাত হয়েছে; লোকিক শন্ধ সকল লোক থেকে [আমাদের জ্ঞাত হয়েছে] [অতএব] ব্যাকরণ অনথ কি [নিজ্ঞান্ধন]। এইরূপ বিরুদ্ধ বৃদ্ধিসম্পন্ধ সেই অধ্যয়ত্গণকে আচার্য [অধ্যাপক—মহাভাষ্যকার] স্থন্ধদ হয়ে (বন্ধু ভাবে] এই প্রয়োজন প্রতিপাদক শাল্পের অধ্যয়নের] এই সকল প্রয়োজন [ম্বাচ্চ, ম্বতএব] ব্যাকরণের মধ্যয়ন কর্তব্য ।। ৩১ ।।

বিশেব্বজন্য :—'তেভাততংখানকরণায়প্রদানক্রেভাঃ' এই অংশে 'তেভাততংখানকরণনাদায়প্রদানক্রেভাঃ' এইরপ পাঠান্তর প্রচলিত পৃতকে আছে। সেই পাঠ ভদ্ধ নয়। অমু-প্রদান শন্দের অব বাছ্ প্রবম্ব। নাদ বাহ্ প্রবন্ধের অন্তর্গত। নাগেশভট্ট মহাভাত্ত প্রদীপাদ্যোতে 'অমুপ্রদান' শন্দের ব্যাখ্যা করেছেন—'অমুপ্রদানং নাদাদিবাত্ত্র্যম্বঃ' স্থতরাং প্রচলিত্ত পাঠে 'নাদ' শক্ষাইশ্ব আধিক্য সমর্থন যোগ্য নয়।। ৩১।।

বিবৃত্তি :—পূর্বমহাভায়ে ব্যাকরণের প্রয়োজন বর্ণনার বিরুদ্ধে যে আশহা উত্থাপিত হরেছিল, সেই আশহার সমাধান করা হচ্ছে। মূথের বে অংশে বাষুর সংযোগ হুরে, যে বর্ণ উচ্চারিত হয়, তাকে সেই বর্ণের স্থান বলে। বর্ণের উচ্চারণ করতে হলে, ঐ সকল স্থানে বাছুর সংবোগ সম্পাদনের জন্ত মূথের

মধ্যে কঠ, ভালু, প্রভৃতির ব্যাপারের বারা বাযুতে ক্রিরা উৎপাদন করতে হর। স্থের মধ্যে এই বে ব্যাপার হর, সেই সকল ব্যাপারের নাম 'করণ' বা আভ্যন্তর প্রকর'। এই স্বাভ্যস্তর প্রবন্ধের বারা প্রথমে বর্ণ উচ্চারিত হলেও তাতে স্পষ্টতা আসে না। এই স্পষ্টতা সম্পাদনের জ্বন্ত অন্ত প্রকার ব্যা**পা**রের অপেকা থাকে, এই ব্যাপারের নাম 'অনুপ্রদান' বা বাহ্য প্রয়য়। এই বাহ্ প্রযন্ত্র মৃথের বাহিরে শরীরের অভ্যন্তরে নিষ্পাদিত হয়। মৃথের বাহিরে এই প্রয়ত্ম হর বলেই ইহাকে বাহ্যপ্রয়ত্ম বলে। স্থান, করণ এবং অম্প্রদানের বিষয় সাক্ষান্তাবে ব্যাকরণে আলোচিত না হলেও, যাহারা ব্যাকরণ অধ্যয়ন করে, তাহাদের এই দক্ত বিষয়ে অভিজ্ঞতা থাকা আবশ্যক। এই দক্ত বিষয়ে অভিজ্ঞতা না থাকলে, ব্যাকরণের অধ্যয়ন কোন রূপে চলতে পারে না। এই সকল বিষরে 'শিক্ষায় আলোচিত হয়েছে। অতএব বাহারা ব্যাকরণে ব্যুৎপত্তি লাভ করতে ইচ্ছ্ক, তাদের 'শিক্ষা' অধ্যয়ন করতে হয়। ইহা লক্ষ্য করেই মহাভায়কার বলেছেন প্রথমেই যার। ব্যক্রণ অধ্যয়ন করভ, ভারা স্থান, করণ এবং অর্প্রদানে অভিজ্ঞ হয়ে বেদের অধ্যয়নে প্রবৃত্ত হত। "তুল্যান্ত প্রবত্নং দবর্ণম্" [১।১।১] এই স্ত্তের মহাভায়ে স্থান, করণ ও অম্প্রদানের আলোচন। ৰুৱা **হৰেছে** ॥৩১॥

মূল

উক্ত: শব্দ:। বরপমপ্যক্তং ; প্রযোজনাক্ত পুযুক্তানি। শব্দামুশাসনমিদানীং কর্তব্যম্ ॥৩২॥

জ্বাদ্ধ:-শব্দ বলা হয়েছে। [শব্দের] স্বন্ধপণ্ড বলা হয়েছে। ব্যাকরণ অধ্যয়নের] প্রয়োজনও বলা হয়েছে। এখন শব্দাস্থাসন [শব্দের উপদেশ] করতে হবে।।৩২।।

বিবৃত্তি:—এবানে মহাভায়কার বলছেন—শব্দ, তাহার বরণ এবং ব্যাকরণ অধ্যয়নের প্রবোজন বলা হয়েছে। ইহাদের মধ্যে "গৌরদ্বঃ পুরুবঃ হলী" ইত্যাদি গ্রন্থে শব্দ বলা হরেছে। "যেনোচ্চারিতেন সাম্বালাঙ্গলকর্দ ধুরবিবাণিনাং সম্প্রভারে ভবতি"। এই বাক্যে শব্দের ব্রন্ধণ নিরূপণ করা হরেছে। আর "রক্ষার্ধ বেদানামধ্যের ব্যাকরণম্" এইখান থেকে আরম্ভ করে "সত্যাদেবাঃ ভাষেজ্ঞধ্যেরং ব্যাকরণম্" এই পর্বন্ধ গ্রহের হারা ব্যাকরণ অধ্যরনের প্রয়োজন বলা হয়েছে। মহাভাষ্যকার এইগ্রন্থে প্রথম থেকে আরম্ভন্
করে এতদুর পর্যন্ত যা কিছু বলেছেন, তার উপসংহার করবার জন্ম এখানে
বললেন—"উক্তঃ শক্ষঃ" ইত্যাদি। প্রথম থেকে এপর্যন্ত গ্রন্থের দ্বারা ব্যাকরণ
শাস্ত্রের বিষয় শক্ষ এবং ব্যাকরণের প্রয়োজন বলা হয়েছে—ইহা পরিক্ষ্ট করার উদ্দেশ্যেই এই উপসংহার করা হয়েছে।

নাগেশ ভট্ট এখনে মহাভাষ্যের উক্তরূপ তাৎপর্ষ বর্ণন। করেছেন। তিনি আরও বলেছেন বিষয় এবং প্রয়োজন নিরূপণ করাতেই সম্বন্ধ এবং অধিকারীও নিরূপিত হয়ে গেছে। এই জন্ত মহাভাষ্যকার পৃথগ্ভাবে সম্বন্ধ ও অধিকারী বলেন নাই (১০৫)

এখানে আর একটি বিষয় লক্ষ্য করার বোগ্য—যে বিষয় পূর্বে বলা হয়েছে' তার উল্লেখ করে, এর পর বা বলা হবে, তরে ক্ষ্চনা করার উদ্দেশে গ্রন্থের মধ্যে পূর্ববর্ণিত বিষয়ের সংক্ষেপে বর্ণনা করে, পরবর্তী প্রতিপাল্য বিষয়ের উল্লেখ করার রীতি আছে (১৯৬)। ইহার দ্বারা পূর্ববর্তী সন্দর্ভের সহিত পরবর্তী সন্দর্ভের সৃষ্ঠিত হয় এবং শিষ্যের বৃদ্ধি পরবর্তী প্রতিপাল্য বিষয়ে অবহিত হয়। এই ক্লে মহাভাষ্যকার 'উক্তঃ শব্যঃ অতিপাল্য বিষয়ে ক্রের্বারা প্রবৃত্তী গ্রন্থের সারাংশ সঙ্কলন করে 'শব্দাহ্যশাসন্মিদানীং কর্তব্যম্' এই বাক্যের ব্রারা পরবর্তী গ্রন্থের প্রতিপাল্য বিষয় ক্ষিত করেছেন ॥৩২॥

মূল

তৎ কথং কর্তব্যম্ ? কিং শব্দোপদেশ: কর্তব্য:, আহোস্থিদপ-শব্দোপদেশ:, আহোস্থিত্ভয়োপদেশ ইতি।। ৩৩ ॥

অমুবাৰ:—সেই [শৰামূশাসন] কি প্ৰকারে করতে হবে ? শব্দের উপদেশ

⁽১৯৫) অনুস্পাংহারে। গ্রন্থ্য বিষয়প্ররোজননিরপণ্যেতাবত। কৃত্মিতি বোধরিতুম্। তেনৈৰ সম্মাধিকারিণাবুলাবিভি ভৌ পুখঙ্নোকে। ।—মহাভাষ্যপ্রনীপোন্দ্যে।ভা

শাল্তের ছুইপ্রকার সবদ্ধ আছে—(১) শাল্তের সহিত বিষয়ের সম্বন্ধ এবং (২) বিষয়ের সহিত প্রয়োজনের সব্দ্ধ। শাল্তের সহিত বিষয়ের বে সম্বন্ধ, তার নাম প্রতিপাদ্যপ্রতিপাদকভাষ সম্বন্ধ। বিষয়ের সহিত প্রয়োজনের সম্বন্ধ। বিষয়ের সহিত প্রয়োজনের সম্বন্ধ। বিষয়ের সহিত প্রয়োজনের প্রথমির উদ্দেশে শাল্র রচিত হয়, বিনি সেই প্রয়োজনের প্রার্থী, তিনিই শাল্তের অধিকারী।

⁽১৯৬) ব্ৰহ্মহত্ৰ শাৰ্ষৰভাষ্য ১৷১]০; দেখা যায়, এই য়ীতি শাৰ্ম্বভাষ্য প্ৰভৃতিতে বৰ্ণিত আহে। শাৰ্মকভাষ্যে ২য়, ৩য় ও ৪ৰ্থ স্বধান্যের আমতে ও এইয়ীড়ি আহে।

করতে হবে ? অথবা অপশব্দের উপদেশ [করতে হবে] কিংবা উভয়ের উপদেশ: [করতে হবে] নিংবা উভয়ের উপদেশ:

বিবৃত্তি:—এথানকার মুলের 'কিম্' শক্ষাট প্রশ্নের হুচক। 'অপশব্ধ' এই শক্ষাটির অথ' অসাধু অথ'ৎ অশুদ্ধ শব্দ। 'এই অপশব্ধের' প্রতিছম্ভিচাবে এখানে 'শব্দ' এই শক্ষাটি প্রযুক্ত হয়েছে। হুতরাং এখানে 'শব্দ' এই শক্ষাটির অর্থ শুদ্ধ শব্দ—সাধুশব্দ। যদি ব্যাকরণে কেবল শুদ্ধ শব্দের উপদেশ করা হ্র্য অর্থাৎ সমস্থ শুদ্ধ শব্দ সংগ্রহ করে ব্যাকরণে পাঠ করা হয়, তা হলে সেই সকল শুদ্ধশব্দ ব্যাতীত অশুশব্ধগুলি যে অপশব্দ, তা ব্রুতে পারা যাবে। এইরূপ কেবল অপশব্ধগুলির যদি ব্যাকরণে পাঠ করা হয়, তা হলে সেই সকল অপশব্ধ ভিন্ন অন্থ যে সকল শব্দ অবশিষ্ট থাকবে, সেগুলিই শুদ্ধ শব্দ ইছা ব্রুতে পারা যাবে। ব্যাকরণে শুদ্ধশ্দ এবং অপশব্ধ—এই উভয় প্রকার শব্দের পৃথগ্ভাবে পাঠ করলে, অনায়াসে শুদ্ধ ও অশুদ্ধশব্দে স্প্রভাবে জ্ঞানতে পারা যাবে। এথানে পূর্বোক্ত তিনটি ভিন্নভিন্ন প্রশ্ন এইরূপ বিভিন্ন তিনটি অভিপ্রায়কে অবলম্বন করে উথাপিত হয়েছে।। ৩৩।।

মূল

অক্সতরোপদেশেন কৃতং স্যাৎ। তদ্বধা,— ভক্যনিঃমেনাভক্য-প্রতিবেধা গম্যতে। 'পঞ্চ পঞ্চনখাভক্যাঃ' ইত্যক্তে গম্যত এতদ্ অতাহন্যে অভক্যা ইতি। 'অভক্যপ্রতিবেধেন বা ভক্যনিয়মঃ। তদ্বধা 'অভক্যো প্রাম্যক্রটাং' 'অভক্যো প্রাম্যশ্করঃ' ইত্তে গম্যত এতদ্ 'আরণ্যো ভক্য' ইতি। এবমিহাপি। বদি তাবচ্ছবৈদাপ-দেশঃ ক্রিয়তে, 'গৌরিত্যেতিমিয়্পদিষ্টে গম্যত এতদ্ 'গাব্যাদয়োহ-পশকাং' ইতি। অধাপ্যপশকোপদেশঃ ক্রিয়তে, গাব্যাদিরপদিষ্টের্গম্যত এতদ্ গৌরিত্যেব শক্য' ইতি। ৩৪।।

 আবণ্য [বনে ভাত] [কৃষ্ট বা শ্কর] ভক্য। এখানে ও [শবাহশাসন হলেও] এইরপ। বদি শব্দের উপদেশ [পাঠ] করা হয়, 'পোঃ' এইশব্ধ উপদিট হলে,—ইহা ব্বতে পারা বায় য়ে,—গাবী প্রভৃতি অপশব্ধ। আরু বদি অপশব্ধের উপদেশ করা হয়—'গাবী' প্রভৃতি শব্ধ উপদিট হলে ইহা ব্বতে হয় য়ে—'গোনী' প্রভৃতি শব্ধ উপদিট হলে ইহা ব্বতে হয় য়ে—'গোঃ' এইটি শব্ধ। ৩৪।।

বির্তি – শন্ধ এবং অপশন্ধ এই উভরের উপদেশ [পাঠ] করলে কনিও স্পাইভাবে উভরের জান হতে পারে, তথাপি উভরের উপদেশ অধিক প্ররাস সাপেক বলে গৌরবগ্রন্থ। এই কারণে মহাভায়কার বলছেন,—উভরের উপদেশে প্রয়োজন নাই। শন্ধ ও অপশন্ধ – এই উভরের মধ্যে একতরের উপদেশ করলেই প্রয়োজন সিদ্ধ হবে। মহাভায়কার এখানে ছটি দৃষ্টান্থ প্রদর্শন করে এই বিষয়টি পরিস্ফুট করেছেন। তিনি বলেছেন—ভক্ষ্যের নির্ম করলে, তার হারা অভক্ষ্যের নিরেধ প্রতীত হয়। "পঞ্চ পঞ্চনখা ভক্ষ্যাঃ" — গঙার, খাবিধ [সজাকা], গোধা, শশক, এবং কুর্ম এই পাঁচটি পঞ্চনখ যুক্ত প্রাণী ভক্ষ্য (১৯৭), ইহা বললে, এই পাঁচটি ব্যতীত ইহাদের সমানশ্রেণীর পঞ্চনখযুক্ত অপর প্রাণী—বানরাদি অভক্ষ্য, ইহা অনার্যাসেই ব্রুতে পারা। এইরূপ 'গোঃ" প্রভৃতি সাধুশন্দের উপদেশ করলে, ইহা ব্যতীত, ইহার সমানার্থক 'গাবী' 'গোণী' 'গোতা' 'গোপোভলিকা' প্রভৃতি শন্ধ বে অপশন্ধ, ইহা সহজেই ব্রুণ যায়। অথবা অভক্ষ্যের নিরেধ করলে, তার হারা ভক্ষ্যের নির্ম প্রতীত হয়। 'গ্রাম্য কৃত্ত অভক্ষ্য' গ্রাম্য শ্ক্র অভক্ষ্য' গ্রাম্য শ্ক্র অভক্ষ্য' গ্রাম্য শ্করের অভক্ষ্যতা প্রতীতির

্বানীকিরামারণ কিছিলাকার ১৭৩৯ শল্যক: বড়্গী। গুল্কিকাকারশল্যাব্ তস্বালো অন্তবিশেষ: ইত্যন্যে। [রাষাভিঃবৌরটকা]

পঞ্চ পঞ্চৰণ ভক্ষা ব্ৰহ্মক্ত্ৰন্য বৈধিশঃ। বৰ্ষাশাৱং প্ৰসাধিতে বা ভক্ষ্যে ক্ষান্যকেশঃ॥ [বৃহাভানত শান্তিশৰ্ক ১৯১৭ •]

न क्यादार करतानकाकारक स्वतिकान्।

क्टकार्याण मन्त्रिक्षीन मर्वाम् शक्न्यारक्या ॥

पंप्तिवर मनाकः भावार वक्ना क्वनमारख्या।

क्कानि भक्तरवरावत्रमुद्रोररेक्करखान्छः ॥ [मन्त्ररविखा >१-->৮]

⁽১৯২) পঞ্চ পঞ্চৰখ্য জক্ষা ব্ৰহ্মক্ষত্ৰেশ রাঘৰ। শল্যকঃ খাৰিখো গোখা দশঃ কুৰ্যক পঞ্চয়ঃ।।

সংস্ন সংক্ষ আরণ্য অর্থাৎ বন্তক্কৃট এবং বন্তশ্কর যে জক্ষ্য ভাষাও ব্রতে পারা বায়। এইকপ 'গাবী' প্রভৃতি অপশব্দের উপদেশ করলে 'গোই' প্রভৃতি শব্দ যে জন্ধ ভাষা আনারাসে ব্রতে পারা বায়। অতএব দেখা বাজে ব্যাকরণে শুদ্ধশ্ব এবং অপশব্দ—এই উভয়ের উপদেশের কোন প্রয়োজন নাই। যদি ব্যাকরণে উপদেশ করতেই হয়, ভাছলে ইহাদের মধ্যে যে কোন একটির উপদেশ করলেই অনায়াসে ঈল্পিত প্রয়োজন সিদ্ধ হতে পারে। মহাভাগ্যকার 'পঞ্চ পঞ্চনখা ভক্ষ্যাং" এই বাক্যকে নিয়ম বলেছেন। পূর্বমীমাংসান্দর্শনের সিদ্ধান্ত অন্থ্যারে ইহা নিয়মবিধি নয় কিন্তু পরিসংখ্যাবিধি, মীমাংসকদের মতে বিধি তিন প্রকার—(১) অপূর্ববিধি, ২ নিয়মবিধি এবং (৩) পরিসংখ্যাবিধি,—

বিধিরত্যক্তমপ্রাপ্তে নিরমঃ পাক্ষিকে সতি। ভত্ত চান্তত্ত চ প্রাপ্তে পরিসংখ্যেতি গীরতে।। [ভন্তবার্তিক]

(১) যাহা অত্যন্ত অপ্রাপ্ত অর্থাৎ যে বিষয় পূর্বে কোন প্রমাণের ছারা জ্ঞাত হয় নাই, তহিষয়ে যে বিধি হয়, ইহাকে 'অপূর্ব বিধি বলে। যেমন 'অগ্নিহোত্রং জুহোতি'। কুমানিলডট্রের অন্থবর্তী মীমাংসকদের মতে - ইহার অর্থ অগ্নিহোত্র নামক হোমের ছারা ইট্ট হিছার বিষয়ীভূত বিশ্ব উৎপাদন করবে (১৯৮)। এই বাক্যের ছারা ইট্ট শ্বর্গ বিশ্বয়ীভূত বিশ্ব প্রতি 'অগ্নি-হোত্র' নামক হোমের করণতা, প্রতীত হয়ে থাকে। ইট্টবস্তুর প্রতি হোমের এই করণতা এই বাক্যের অর্থজ্ঞানের পূর্বে প্রত্যক্ষাদি কোন প্রমাণের ছারা জ্ঞাত হয় নাই। অতএব এইরূপ অজ্ঞাত বস্তুর জ্ঞাপক হওয়ায় 'অগ্নিহোত্রং জুহোতি' এই বাক্যটি অপূর্ববিধি। (২) যে স্থলে অন্থ প্রমাণের ছারা বিভিন্ন হুইটি পক্ষ বৈক্লিক ভাবে জ্ঞানের বিষয় হয়ে আছে, দে স্থলে যদি বিধিবাক্যের ছারা প্রমাণান্তর প্রাপ্ত তই পক্ষের মধ্যে অন্থতর পক্ষেপর্বানা ছটে, তবে সে স্থলে নিয়মবিধি স্বান্ধত হয় থাকে। দর্শ এবং পূর্ণমাদ প্রস্থাত গাগে পূরোডাশ ছারা হোম করা হয়। তণ্ডল অথবা যবের চূর্ণের সঙ্গে উষ্ণ জল (১৯৯) মিপ্রিভ করে সেই চূর্ণকে কুর্মান্ধতি পিণ্ড করতে হয়।

⁽১৯৮) "অগ্নিহোত্রং জুহোডি' এই বাক্যের উরূপ্রকার অর্থ ভাট্টমীমাংসকসম্প্রদায়ের সন্মত। বেক্তে তারা এই বাক্যের 'অগ্নিভাত্রংহাকেব ইঞ্জ ভাবরেং" এইরূপশাক্ষবোধ বীকার করেছেন।

⁽১৯৯) এই উক্তলক 'মদন্তী' শবে অভিঙিত করা হয়। বে পাত্রে এই লগ রেবে অগ্নিতে উত্তপ্ত করা হয়, সেই পাত্রের নাম ও 'মদন্তী'। [বৌজ্বপূর্ণবিনির্চন, ইটি প্রকল্প]

গাৰ্হপত্য নামক অগ্নিতে মৃত্তিকানিমিত কপালে (২০০) এই পিণ্ডকে ভৰ্জন করলে, সেই কুর্মাকৃতি পিণ্ড পুরোড়াশ নামে অভিহিত হয়ে থাকে। এইরূপ পুরোড়াশ নির্মাণ করতে বে চূর্ণের প্রয়োজন হয়, সেই চূর্ণ করবার পূর্বে ধান্ত কিংবা যবকে তুষ-বহিত করে নিতে হয়। ধান্ত বা যবের উপরিভাগ থেকে তুষের অপসারণ নথের ছারা করতে পারা যায়, আবার উদুখলে ধান্ত বা যব রেথে ভাতে মুধলের আঘাত করলে ও তুবের অপসারণ হতে পারে। যে ছলে নথের ৰারা চিরে তুষের অপসারণ করা হয়ে থাকে, দে খলেম্বলাঘাতের প্রয়োজন হয় মা। আবার বে হলে মুধলাঘাতের বারা তুষের অপসারণ করা হয়, সে হলে নথ বিদলনের 'নথের ধারা তুষ চিরার] অপেক্ষা থাকে না। অতএব এরপ স্থলে অবঘাতের [মৃষলাঘাতের] পাক্ষিক প্রাপ্তি আছে। নিয়ত প্রাপ্তি নাই। এইরূপ অবস্থায় ''ত্রীহীন অবহস্তি'' এই বিধির দ্বারা অব্যাতের নিয়ত প্রাপ্তি সম্পাদন কথা হয়েছে। পুরোডাশের জন্ম যে তণুল প্রস্তুত করতে হবে, সেই তঙ্বল কোন অবস্থাতেই নথবিদলনাদি অন্ত প্রকারে নিষ্পাদন করা চলবে না, সকল অবস্থাতেই দেই তণ্ড: ল অবণাতের দ্বারা সম্পাদন করতে হবে। এই নিয়ম বিধির কোন দৃষ্টফল সম্ভাবিত নয়। অবঘাতব্যতীত নথবিদলনাদি দারা ও তুষের নিবৃত্তি করা থেতে পারে। এইজন্য নিষমবিধির অদৃষ্ট ফল স্বীকার কর। হয়। এই অবদাত [মুষলাঘাত] থেকে একটি অপূর্ব [অদুষ্ট] উৎপন্ন হয়। এই অপুর্বটি, দর্শপূর্ণমাদাদি প্রধানযাগ জন্ত পরমাপূর্বের [দর্শপূর্ণমাদাদি প্রধান **বাগ হতে যে অপূর্ব** উৎপ**র হ**য়, দেই অপূর্ব স্বর্গাদি ফলের সাক্ষাৎ কারণ বলে তাকে পরমাপূর্ব বলে] উৎপত্তিতে সহায়তা করে। এই অবহাতজনিত অপূর্ব না থাকলৈ সেই পরমাপুর্বের উৎপত্তি হতে পারে না। এন্থলে এই অবঘাত বিধির দ্বারা অবহাতের অভাবপক্ষে প্রাপ্ত নথবিদলনাদির নিবৃত্তি হয়। (৩) ষে স্থলে একই বিষয়ে একাধিক বস্তুর অন্ত কোন প্রকারে মুগপৎ প্রাপ্তি ঘটে, সেই স্থলে বিধিবাক্টোব দ্বার। অন্যের নিবৃত্তি করে কোন একটি পদার্থের নিশ্চিতরূপে প্রাপ্তির সম্পাদন কবলে, সেইরূপ স্থলে পরিসংখ্যাবিধি স্বীকৃত হয। যেমন পান ভোজনাদি মাহুযের স্বাভাবিক রাগের [কামনার] বস্তু। এই স্বাভাবিক রাগের বশে গণ্ডার, কূর্ম, শশক, সম্ভাক্ত এবং গোধা এই পাঁচটি পঞ্চনথযুক্ত

⁽২০০) পুরোনাশের ভঙ্গনি ব্যবহৃত্ত ভূট অঙ্গনি উচ্চ অগ্নিপক মৃত্তিকানির্মিত পাত্রবিশেষের। নাম কণাল।

প্রাণীর ভক্ষণে যেরপ মাছ্যের প্রবৃত্তি হতে পারে, সেইরপ এই পাঁচটি ভিন্ন বানর প্রভৃতি অন্ত পঞ্চনথবিশিষ্ট প্রাণীর ভোক্ষনেও মামুষের প্রবৃত্তির স্ভাবনা, আছে। এক্রপ অবস্থায় সমস্ত পঞ্চনথবিশিষ্ট প্রাণীর ডক্ষণই মামুষের রাগপ্রাপ্ত। এন্তলে 'পঞ্চ পঞ্চনখা ভক্ষাঃ'' এইপ্রকার বিধিবাক্যের ঘারা উক্ত পাঁচটি পঞ্চনখ বিশিই প্রাণীর ভক্ষণ বিহিত হয়েছে। এই বিধি উক্ত পাঁচটি প্রাণীর ভক্ষণের বিধান করছে এরপ মনে করলে—এই বিধি ব্যর্থতায় পর্যবসিত হবে। কারণ এই বিবি ব্যতিরেকেও স্বাভাবিক রাগের বশে বানরাদি অন্য পঞ্চনথবিশিষ্ট প্রাণীর মত উক্ত 'শ**্যক' প্রভৃতি পাঁ6টি প্রাণীর ভক্ষণও প্রাপ্ত আছে।** যাহা অন্তপ্রকারে প্রাপ্ত হয়, তাহার জন্ম বিধির কোন অপেকা না থাকায় সেরপ স্থলে বিধিব বার্থ গায় পর্যবদান হওয়া বাতীত অন্ত কোন গতি থাকে না। এইজন্ত এই ক্ষেত্রে বিধির ব্যাপার প্রবৃত্তির দিকে স্বীকার না করে নিবৃত্তির দিকেই শ্বীকার করা হয়। উক্ত পাঁচটি পঞ্চনখবিশিষ্ট প্রাণী ব্যতীত অন্ত পঞ্চনখবিশিষ্ট বানরাদি প্রাণী ভক্ষণ করবে না, এইরূপ নিষেধের অমুকূলে 'পঞ্চ পঞ্চনথ ভক্ষ্যাঃ' এই বিধির তাৎপর্য ব্যাপ্যাত হয়। এইরূপ ব্যাখ্যার ফলে বিধির ব্যর্থতা নিবা-রিত হয়ে থাকে। যে স্থলে নিয়মবিধি স্বীকৃত হয়, সে স্থলে অন্তের নিরুদ্ধি হযে থাকে বটে, কিন্তু সেই নিবিতি **শব্দের দারা প্রতিপাদিত হ**য় না। অন্ত একটি বল্পর [অবহাতের] নিয়ত ভাবে শব্দের ধারা বিধান করলে অন্য বল্পর [নুখবিদ্বন প্রভৃতির] পক্ষান্তরে যে প্রাপ্তি আছে, সেই প্রাপ্তির আপনা থেকেই নিবৃত্তি ঘটে। এই নিবৃত্তিকে আর্থিক নিবৃত্তি বলে। পরিসংখ্যা বিধিস্থলে সেই বিধির ব্যর্থতানিবারণের জন্ম সাক্ষাৎ শব্দের দারাই অন্মের নিবৃত্তি স্বীকার করতে হয়। অতএব নিয়মবিধি ও পরিসংখ্যা বিধির মধ্যে মূলত পা**র্থক্য** এই বে. নিয়মবিধিস্থলে অন্যের নিরুত্তি অর্থসিদ্ধ, সাক্ষাৎ শব্দপ্রতিপাত্ত নর। পরিসংখ্যাবিধিন্থলে অন্তের নিবৃত্তি দাক্ষাৎ শব্দেরই প্রতিপাছ,—অর্থসিদ্ধ নয়। তা হলে দেখা যাচ্ছে যে 'পঞ্চ পঞ্চনখা ভক্ষ্যাঃ' এই বিধি বাক্যটি পূর্বমীমাংসক গণের সিদ্ধান্ত অনুসারে পরিসংখ্যাবিধি, নিয়মবিধি নয় (১০১)। এখন এখানে এই প্রশ্ন উঠে যে মহাভাগ্যকার 'পঞ্চ পঞ্চনখা ভক্ষ্যাঃ' এইরূপ বিধি-

⁽২০১) নিরম্বিধি এবং পরিসংখ্যাবিধির পার্থক্য কেবল যে ন্র্যমীমাংসকলেরই স্কৃত তা ন্র্য। ইহা পুর্মীমাংসার সূত্রকার কৈমিনি ও ভাতকার শ্বরকামী প্রভৃতিরও স্থাতা।

[[] भीबारमानर्नेन ऽ:२।🗪] ह

বাক্যকে পরিসংখ্যা বিধির অন্তর্গত না বলে 'নিরম' রূপে উরেধ করেছেন কেন? এখানে তাঁর অভিপ্রার কি? এর উত্তরে মহাভাগ্রপ্রদীপোদ্যোতে নাগেশ ভট্ট বলেছেন পরিসংখ্যান্থলে সাক্ষাদ্ভাবে অস্তের নির্ত্তি হয়। নিরমন্থনে সাক্ষাদ্ ভাবে অস্তের নির্ত্তি না থাকলেও, অস্তের নির্ত্তি অর্থসিদ্ধ ইহা স্বীকৃত হয়েছে। তা হলে 'নিরম' এবং 'পরিসংখ্যা' এই চুই প্রকার বিধিতেই কোন না কোন ভাবে অস্তের নির্ত্তি হয়ে থাকে। এই অক্তনির্ত্তি অংশে 'নিরম' এবং 'পরিসংখ্যার' যে সাম্য আছে, সেই সাম্যকে অবলম্বন করে 'নিরম' এবং 'পরিসংখ্যার, অভেদ আশ্রয় করে মহা গ্রাহার এখানে 'পরিসংখ্যাকে' ও 'নিরম' বলে উল্লেখ করেছেন (২০২)।। ২৪।।

মূল

किः भूनव्रत कृतिः । नयुषाक्त्सांभरम्भः । नयोशक्तिभरम्भः, भतोश्चानभम्भः ।

একৈকস্য শব্দস্য বহবোহপত্রংশাঃ। ভদ্ যথা 'গৌ'—রিভ্যস্য শব্দস্য গাবীগোণীগোভাগোপোতলিকেভ্যেবমাদয়োহপত্রংশাঃ। ইষ্টারখ্যোনং থবণি ভবভি॥ ৩৫॥

অনুবাদ:—এথানে [শব্দ ও অপশব্দের উপদেশের মধ্যে] কোন্টিপ্রশন্ততর ।

কাছববশক্ত শব্দের [শুদ্ধ লানে উপদেশ প্রশন্তবর]। শব্দের [সাধুশব্দের]
উপদেশ লঘুতর; অপশব্দের [অদাধুশব্দের] উপদেশ গুরুতর। এক একটি
[সাধু] শব্দের বহু অপভাংশ [অসাধুশব্দ] [আছে]। যেবন 'গোঃ' এই [সাধু]
শব্দের গাবী, গোণী, গোতা, গোপোতলিকা ইত্যাদি প্রকার অপভাংশ সকল
বিআছে]। ইপ্সিত বন্ধর শিক্ষ শব্দের] বর্ণনা ও [সিদ্ধ] হয়॥৩৫॥

বিবৃত্তি:—মহাভায়কার শব্দের উপদেশ বিষয়ে প্রথমে তিনটি বিকল্প উঠিরেছিলেন। শব্দের উপদেশ অথবা অপশব্দের উপদেশ কিংবা শব্দ ও অপশ্বদ্ধ এই উভয়ের উপদেশ। সেই তিনটি বিকল্পের মধ্যে যথন তার ব্যাখ্যা

⁽২০২) নৰ্ন্য পৰিসংখাছাং কথা নিরস্থেন ব্যবহারঃ ? অভি চ নিরস্পরিসংখারোর্ডেনঃ। পাক্ষিকাপ্রাপ্তিকাপ্রাপ্তাপেনরিপুরণকলো নির্মা, অভনিবৃত্তিকলাচ পরিসংখা ইতি চেং। ন। নির্বেহ্পাপ্রাপ্তাপেনরিপুরণকপ্রন্থান্যার।' প্রার্থান্তনিবৃত্তঃ সংস্থলকেম্বালিজ্যোক্ষেঃ। —
স্থান্যান্যান্যাক।

করেছিলেন তথন তৃটি বিকল্পেরই ব্যাপ্যা করেছিলেন। ভক্ষ্যের নিয়মের ধারা থেমন অভক্ষ্যের নিষেধ ব্ঝায় সেইরূপ শব্বের [সাধুশব্বের] উপদেশের বারা অসাধুশব্দেরও পরিচয় হয়ে যায়। এইটি প্রথম বিকল্লের ব্যাখ্যা। অভক্ষ্যের নিষেধের দারা বেমন ভক্ষ্যের নিয়ম হয় সেইরূপ অপশব্দের উপদেশের দারা তদতিরিক্ত শব্দগুলি সাধুশব্দ ইহা জানা যায়। এইটী দ্বিতীয় বিকল্পের ব্যাখ্যা। কিন্তু ভাষ্যকার **পূ**র্বে তৃতীয় বিকল্পটি উঠানেও তার ব্যাখ্যা করেন নাই। উত্তর প্রদানকালেও দেশ যাচ্ছে তৃতীয় বিকল্পের কোন প্রসঙ্গ উঠান নাই। এই ভাবে তৃতীয় বিকল্প উঠিয়ে তার সম্বন্ধে কিছু বললেন না কেন? এইরূপ একটা আশঙ্কা হতে পারে। তার উত্তরে বলা থেতে পারে যে, মহাভায়কার পতঞ্চলি নি**ল্টে**ই উক্ত তৃতীয় **পক্ষে**র অনাবশুক্তার স্থচনা করেছেন। তিনি পূর্বেই ''অস্তরোপদেশেন ক্বতং স্থাং।'' অস্ততেরের উপদেশের দ্বারা শ্র্কার্যণাসন সিক্ষ इटर याय। माधूनत्कत উপদেশ অथवा जमाधूनत्कत উপদেশের दारा नकाञ्चामन দিদ্ধ হয়ে যায়। ভাশুকারের এই উক্তির দারা বুঝা যাচ্ছে তিনি তৃতীয় পক্ষটি হেয বলেই পূর্বেই স্থচিত করে দিয়েছেন। শব্দের উপদেশ বা<mark>অপশব্দের উপদেশের</mark> দারা শব্দের জ্ঞান সিদ্ধ হলে—উভয়ের [সাধু ও অসাধু শব্দের] উপদেশ অত্যন্ত গৌরবগ্রস্ত বলে ব্যর্থ। এই জন্ত এগানে ভাষ্যকার প্রশ্ন উঠিয়েছেন "কিং পুনরত্র জ্যামঃ" "জ্যায়ঃ" প্রশস্ত শব্দের উত্তর ঈয়স্থন্ প্রত্যয় করে নিষ্পান্ন। প্রশস্ত শব্দের স্থানে জ্ঞ্যা আদেশ এবং 'ঈয়স্থন্' এর ঈকার লোপ করে 'জ্ঞায়দ্' শব্দ সিদ্ধ হয়। তৃইটি বল্পর মধ্যে একের অতিশয় উৎকর্ধ বুঝালে তদ্ বাচকশব্দের উত্তর তরপ্বা ঈয়স্ন্প্তায় হয়। এখানে শব্বের উপদেশ এবং অপশব্বের উপদেশ এইত্টি বস্তুর মধ্যে একের উংকর্ধ বুঝাবার জ্বন্য প্রশস্ত শব্দের উত্তর ঈয়স্ন্ প্রত্যয় করায় উক্ত হুইটি পক্ষের কোন্ পক্ষটি প্রশস্তর ইহাই প্রশ্লের তাৎপর্য রূপে পর্যবসিত হয়েছে।

এর উত্তরে ভাষ্যকার বলেছেন "লঘুষাচ্ছকোপদেশ"। শব্দের অর্থাৎ
সাধুশব্দের উপদেশই প্রশাস্তর, বেহেতৃ সাধুশব্দের উপদেশে লাঘব আছে।
অপশব্দ বা অসাধুশব্দের উপদেশ অপেকা সাধুশব্দের উপদেশে লাঘব আছে।
ইহারই ব্যাখ্যা করেছেন—'লঘীয়াস্থব্দোপদেশং" শব্দের উপদেশ লঘ্তর।
"গ্যীয়ানপশব্দোপদেশং" অপশব্দের উপদেশ গুরুতর। অপশব্দের উপদেশ
কেন গুরুতর? এই প্রশ্নের উত্তরে বলেছেন "একৈকত্ত শক্ত বহুবোহ

পভংশা:।" এক একটি সাধুশব্দের অনেক অপশব্দ আছে। বেমন একটি 'গৌ:' এই সাধুশব্দের গাবী, গোণী, ইতাাদি অনেক অপশব্দ আছে। অতএব সাধুশব্দের উপদেশে যে লাঘৰ আর অসাধুশব্দের উপদেশে গৌরব ইছা স্পষ্টই প্রতীত হচ্ছে। এইভাবে সাধুশব্দের উপদেশে লাঘব আছে বলে, সাধুশব্দের উপদেশ করলে, তদ্ভিন্ন শব্দগুলি যে অপশব্দ অর্থাৎ অসাধুশব্দ তাহা অনায়াদে জানা যাবে। তার পর মহাভাষ্যকার বলেছেন-এই সাধুশল্পের উপদেশে কেবল লাঘব আচে বলেই যে সাধুশব্দের উপদেশ 'জ্যায়ান্' অর্থাৎ প্রশস্তর, তা নয় কিন্তু এই সাধুশব্দের উপদেশ কবলে ইটের অয়াখ্যানও হয় বলে সাধুশব্দের উপদেশ [क्यायान्] প্রশন্তর । ''ইটের অলাখ্যান" ইট অর্থাৎ ঈপ্সিত হচ্ছে শস্কের [দাধুশব্দের] জ্ঞান। মহাভাষ্যকার পতঞ্চলি 'অথ শব্দায়ু শাসনম্' এই প্রথম ভাষ্যের দারা ''শব্দের অর্থাৎ সাধুশব্দের জ্ঞানই শব্দায়শাসন [ব্যা**করণ] শান্ত্রের সাক্ষাৎ প্রয়োজন'' ইহা প্রতিপাদিত করেছেন।** অতএব সাধুশব্দের জ্ঞান ইট। তার অশ্বাধ্যান অর্থাৎ বর্ণনা বা প্রতিপাদন করা হয়, যদি সাধুশব্দের উপদেশ করা হয়। সাধুশব্দের উপদেশ থেকে সাক্ষাদ্ ভাবে ঈপ্সিত সাধুশব্দের জ্ঞান হবে। যে ব্যক্তি নিজের ঈপ্সিত বন্ধ চায়, সে সেই ঈপ্সিত ব**ন্ধর** প্রাপ্তিতে বিলম্ব সহু করে না, তাহাতে সে ত্রান্বিত হয়। সাধুণক্ষের জ্ঞান যাহার ঈপ্সিত সে অপরের [আচার্ধের] নিকট থেকে সাধুশব্দের উচ্চারণ তনে সাধুশব্দের জ্ঞানলাভ করবে। কিন্তু অসাধুশব্দের উপদেশ করতে অসাধুশব্দগুলি থেকে ভিন্ন শব্দ সাধু শব্দ এইরূপ জ্ঞান উৎপন্ন হতে বিলম্ব হবে। ইহা সাধুশৰজ্ঞানের ইচ্ছুক ব্যক্তির ঈপিত নয়। স্বতরাং সাধুশব্দের উপদেশই তাদৃশ ব্যক্তির পক্ষে ইটের প্রতিপাদক—ইহা বুঝতে হবে। কৈরট আর একটি কথা বলেছেন। তিনি বলেছেন সাধুশব্দের প্রয়োগ থেকে ধর্ম হয়। তা হলে সাধুশব্দের উপদেশ করলে, তা থেকে সাধুশব্দের ख्वान इत्त, त्महे नाध्नत्कृत ख्वान त्थत्क नाध्नत्कृत श्वातात्र धर्म इत्त । धर्म हेष्टे । অতএব দেই ইষ্টধর্মের কারণ সাধুশক্ষের বর্ণনাটিও ইষ্ট বর্ণনা। ইট্টের সাধনও ইষ্ট ॥ ৩ঃ ॥

. गृज

व्यक्षे अभिक्ष भरमानामाम प्रकि किः भमानाः अधिनरहो अधि-

পদপাঠঃ কর্তবাঃ—গৌরখঃ পুরুষো হন্তী শক্নিমৃ গো ব্রাহ্মণ ইত্যেন্দারঃ শকাঃ পঠিতব্যাঃ ? নেত্যাহ। অনজ্যুপায় এব শকানাং প্রতিপত্তী প্রতিপদপাঠঃ। এবং হি জায়তে—"বৃহস্পতিরিজ্ঞায় দিব্যং বর্ষসহস্রং প্রতিপদোজানাং শকানাং শকাপারায়ণং প্রোবাচনান্তং জগাম।" বৃহস্পতিশ্চ প্রবক্তা, ইল্রেশ্চাব্যেহা, দিব্যং বর্ষসহস্ত্রন্মধ্যয়নকালো, ন চান্তং জগাম, কিং পুনরদ্যতে। যঃ সর্বথা চিরং জীবতি স বর্ষশতং জীবতি। চতৃতিশ্চ প্রকারে বিদ্যোপযুক্তা ভবতি। আগমকালেন, সাধ্যায় কালেন, প্রবচনকালেন, ব্যবহারকালেনেতি। তত্র চাস্যাগমকালেনৈবায়ঃ ক্রমং পর্যুপযুক্তং স্যাৎ। তত্মাদনভ্যপায়ঃ শকানাং প্রতিপত্তী প্রতিপদপাঠঃ॥ ৩৬॥

অষ্ট্রাদ :- এথন এই শব্দের [সাধুশব্দের] উপদেশ [কর্তব্যরূপে নিশ্চিত হলে, শব্দসমূহের জ্ঞানে [জ্ঞানের উপায়রূপে] কি প্রত্যেক পদের পাঠ কর্তব্য [হবে]— গাঃ, অখঃ, পুরুষো, হন্তী, মৃগঃ ব্রাহ্মণঃ—ইত্যাদি প্রকারে শব্দের পাঠ করা হবে ? না – এই উত্তরে দিচ্ছেন। এই প্রত্যেক পদের পাঠ শব্দ সকলের প্রতিপত্তিতে (জ্ঞানে] উপায় নয়। এইরূপ শোনা যায় [#ডি আছে]—বৃহস্পতি দিব্য [দেবভাদের সম্বন্ধী] একসহস্র বৎসর ইন্দ্রকে, প্রতিপদে পঠিত শব্ধ সমূহের শব্দপারায়ণ [শব্দপারায়ণ নামক শাস্ত্র] বলেছিলেন, [তাথাপি] শেষ প্রাপ্ত হন নাই [শেষ করতে পাজনে নাই]'। বুহস্পতি প্রবক্তা [অধ্যাপক], ইন্দ্র অধ্যেতা, অধ্যয়নের কাল দেৰতা সম্বন্ধ এক হাজার বংসর, অথচ শব্ধের শেষ প্রাপ্ত হন নাই [শব্দ শেষ করতে পারেন নাই], আধুনিক কালে আৰু কি [কথা]। অধুনা যে সৰ্বথা দীৰ্ঘকাল জীবিত থাকে [বাঁচে]সে [বডজোর] একশত বৎসর জীবিত থাকে। চার প্রকারে বিচ্ছা উপযোগিতা প্রাপ্ত হয়। আগম কালের **দা**রা [গুরুর নিকট **থেকে গ্রহণ** কালে] স্বাধ্যায়কালের ছারা [অধীত শান্তের অভ্যাস কালে] প্রবচন অর্থাৎ অধ্যাপনা কালের দ্বারা, এবং ব্যবহারকালের [যজ্ঞাদি কর্মে প্রয়োগকাল] স্বারা । বিদ্যা উপযোগিতা প্রাপ্ত হয়]। সে স্থলে [সেই চার প্রকারের মধ্যে] ज्ञानश्कारमहे [अहन कारमहे] हेरात [अछिनरम अवधरनकादी जाधुनिक

ব্যক্তির] সমস্ত আয়ু সমাপ্ত হয়ে বায়। স্কৃতবাং শব্দ সমূহের জ্ঞানে [জ্ঞান নিমিত্ত] প্রতিপদ পাঠ উপায় নয়।। ৩৬।।

वितुष्डि:--- भक् ७ व्यनभरक्त छेनात्मत मर्ट्या मरकत छेनात्म । वाहर हैरिहेद ष्यवाशान हय हेहा महाखायकात भूर्त तरमरहन। अथन अद उभद আশিষা হতে পারে—শব্দের [সাধু শব্দের] উপদেশ কি ভাবে করা হবে পূ যুত সাধু শব্দ আছে ভারএক একটি করে উপদেশ করা হবে অথবা অস্ত কোন উপায়ে সেই সাধুশব্দের উপদেশ করা হবে তার মধ্যে প্রথম উপায়ে অধাৎ প্রত্যেক সাধুশব্দের উপদেশ করলে, এই পক্ষে কিদোষ হতে পারে ভাহা প্রদর্শন করবার জন্ম বলছেন—'অবৈতস্মিন্ শক্ষোপদেশে' ইত্যাদি। এথানে 'অথ' শন্ধটি প্রশ্ন ব্যাবার জন্ম প্রয়োগ করা হয়েছে। প্রশ্ন 'অথ' শব্দের বাচ্যার্থ নয়. কিন্তু 'অথ' শব্দ প্রয়োগে স্থলবিশেষে প্রশ্নের ভাবটি দ্যোতিত হয়। যদিও প্রস্লার্থক 'কিম্' শন্দটি উক্তবাক্যে আছে, তথাপি 'কিম্' শন্দের বারা প্রশ্লার্থটি স্পষ্ট করা হয়েছে 'অথ' শব্দের দ্বারা প্রশ্ন অর্থ দ্যোতিত হয় বলে প্রশ্নার্থটি জম্পষ্টভাবে প্রতীত হয় ; সেই অম্পষ্টতা দূর করবার জক্ত পুনরায় 'কিম্' শস্থের প্রয়োগ করা হয়েছে। অথবা এখানে 'অথ' শন্ধটি আনস্তর্ধার্থকও বলা যেতে পারে। পূর্বে, শব্দের **উ**পদেশের কর্তব্যতা প্রস্তাবিত হয়েছে তাকে অপেকা করে, শব্দের উপদেশের প্রকার বিষয়ে ক্ষিক্ষাদা হয়েছে, পূর্ব প্রস্তাবিত কোন বিষয়কে অপেক্ষা করে পরবর্তী কোন বস্তুর কথনেও অথ শব্দটি ফলত আনস্তর্ব-অর্থের বোধক হয় (২০৩)। 'অবৈভন্মিন্ শঙ্কোপদেশে সতি' এই বাকাাংশটির ষপাশ্রত অর্থ—[অনন্তর] [এখন] ''এই শব্দোপদেশ হলে'। কিন্তু শব্দের উপদেশ 'হলে প্রতিপদের পাঠ কর্তব্য—এইরূপ বাক্যার্থ অসঙ্গত হয়ে যায়, এইজন্ত 'এতশ্বিন্ শন্দোপদেশে সতি' এই বাক্যাংনের অর্থ করতে হবে--"এই भरमत **উপদেশ** কর্তব্যরূপে নিশ্চিত হলে—মর্থাৎ সাধুশব্দের ই উপদেশ করতে हरत-हेहा निन्छि हरन।" এইরপ অর্থের সঙ্গে "কিং শর্মানাং প্রতিপর্জ্ঞো প্রতিপদপাঠ: কর্তব্য:" এই পরবর্তী বাক্যাংশের অর্থের সম্বতি অব্যাহত থাকে। "শকানাং প্রতিপত্তো" 'এই ছলে "শকানাং" এই শক্ষের অর্থ 'সাধু শব্দ সকলের'। 'প্রতিপত্তি' শব্দের অর্থ এখানে "জ্ঞান"। যদিও 'প্রতিপত্তি' শব্দের 'লাভ' এইরূপ একটি অর্থ আছে, তথালি শব্দের লাভটি জ্ঞানভিন্ন আর

^{- (}২-৯) পূর্বগ্রন্থতাপেকারান্ড ফলড আনভগারাখিরেকাং। [একছনে শাকর ভাষ্য ১।১।১]-

কিছুই নয় বলে সোজাহন্তি 'প্রতিপত্তি' শব্দের 'জ্ঞান' অর্থ গ্রহণ করা মৃত্তিযুক্ত মনে হয়। "প্রতিপদপাঠা" এখানে 'পদং পদং' এইরূপ নীপা অর্থে অব্যয়ীভাব সমাদ করে 'প্রতিপদম্' এই পদ নিপার হয়। "প্রতিপদং [অর্থাৎ প্রত্যেকপদের] পাঠা" এইরূপ বল্লীভৎপুরুষ সমাস করে 'প্রতিপদপাঠ' শব্দটি সিদ্ধ হয়। প্রত্যেক পদের পাঠ অর্থাৎ উচ্চারণ করে কি সাধুশব্দের উপদেশ করা হবে ?—
ইহাই এখানে প্রশ্নের অভিপ্রায়। ইহাই বুঝাবার জন্ম পরে বলেছেন—
"গোরশঃ শক্ষাং পঠিতব্যাং।" 'গোঃ, অশ্বং' ইত্যাদি রূপে কি এক একটি শব্দের পাঠ [উচ্চারণ] করা হবে ?

এইরপ প্রশ্নের উত্তরে মহাভাগ্যকার বলেছেন 'নেত্যাহ। অনভ্যপায় এষ শবানাং প্রতিপত্তো প্রতিপদপাঠ.'। না। শব্দসকলের জ্ঞানের নিমিত্ত এই প্রত্যেক পদের পাঠ উপায় নয়। এখানে "প্রতিপত্তো" এই শব্দে সপ্তমী বিভক্তির অর্থ 'নিমিন্ত', নিমিন্তার্থে সপ্তমী ''চর্মণি দ্বীপিনং হস্তি" এইস্থলে যেমন চর্মন শব্দের উত্তর নিমিত্তার্থে সপ্তমী। "শুব্দানাং প্রতিপত্তে।" এইম্বলে 'শব্দানাং' এখানে কর্মে ষষ্ঠা বিভক্তি। প্রত্যেক পদের [দাধুশব্দের ট্ পাঠ, শব্দদকলের জ্ঞানের উপায় নয় কেন ? এইরূপ প্ররের উত্তরেই যেন বলেছেন—"এবং হি শ্রমতে 'বৃহস্পতিরিক্রায়····· কিং পুনরত্বতে।" এধানে "বৃহস্পতিরিক্রায় দিব্যং বর্ষসহত্রং প্রতিপ্রদাক্তানাং শব্দানাং শব্দপারায়ণং প্রোবাচ নান্তং জগাম।" এটি একটি শ্রুতিবাক্য। ইহা অর্থবাদ বাক্য। অর্থবাদ বাক্য ব্রাহ্মণ ভাগের অন্তৰ্গত। ইহা কোনু আহ্বৰ অন্তৰ্গত ৈ তাহা জানা যায় না। মহাভায়কারও এই বাকাটি কোনু ব্রাহ্মণ গ্রন্থে আছে, তাহা জানতেন না মনে হয়। কারণ তিনিও বলেছেন "এবং হি শ্রয়তে" এইরূপ শোনা যায়। এই অর্থবাদ বাকাটি যে ব্রাহ্মণ গ্রন্থের অন্তর্গত তাহা যদি মহাভাষ্যকার জানতেন তাহলে—"এবং হি শ্রয়তে" এইরপ না বলে "যাজিকা: পঠন্তি" বলতেন অথবা কিছু না বলে কেবল এই শ্রুতি বাক্যটি উদ্ধৃত করতেন। স্থতরাং মহাভাগ্রকারও ইহা কিম্বনন্তীর মত লোকপরপারার শুনেছিলেন। ''দিব্যং বর্ষসহস্রম্" = দেবলোকে অর্থাৎ স্বর্গলোকের এক হাজার বৎসর। আমাদের মহন্তলোকের এক বৎসর বা ৩৬৫ দিনে দেবভাদের এক অহোরাত্র হয়। সেই অহোরাত্রের পরিমাণে এক হাজারু বংদর বৃহস্পতি ইন্সকে 'শব্দপারায়ণ' শাস্ত্র বলেছিলেন। মহান্তলোকের ৩৬০০০ হাজার

বংসর পরিমিত হচ্ছে দেবতাদের এক হাজার বংসর। এতদিন বলেও বৃহস্পতি সেই শব্দপারায়ণ শাল্প শেষ করতে পারেন নাই। "শব্দপারায়ণ" এই শব্দটি কেবল যৌগিক নয়। যে শব্দ থেকে কেবলমাত্র প্রকৃতিও প্রত্যয়ের অর্থই বুঝা যায় তাকে যৌগিক শব্দ বলে। যেমন 'পাচক' শব্দটি যৌগিক। কারণ 'পাচক' শব্দের অর্থ পাককর্তা। এই 'পাককর্তা' অর্থটি প্রকৃতি-প্রত্যয় লভা। পচ্ধাতৃত্রপ প্রকৃতির অর্থ পাক'। আর গুল [অক] প্রতায়ের অর্থ কর্তা। সেইরূপ এই 'শব্দপারায়ণ শব্দটি যদি যৌগিক হয়, ভাহলে ''শকানাংপারায়ণম্" 'শকানাং পারম্ ঈয়তে অনেন' অর্থাৎ যে শালের ঘারা শব্দ সকলের] সাধুশব্দের] পারপ্রাপ্ত হওয়া যায়, এইরূপ অর্থে ''শব্দ-পারায়ণম্" এই শব্দটিকে গ্রহণ করলে, তার দ্বারা বুঝা বায়—যে শাল্পে শব্দ সকলের পার প্রাপ্ত হওয়া যায়, সেই শাল্প। তাহলে ''শব্দানাং শব্দপারায়ণম্" এন্তলে সমাদের অন্তর্গত নয় এমন "শব্দানাং" এই শব্দটি ব্যর্থ হয়ে যায়। 'শব্দপারায়ণ' শব্দ পেকেই তো বুঝা যাচ্ছে—যে শব্দ সকলের পারগামী শাল্প। এইজভা এই ''শব্দপারায়ণম্" শব্দটিকে 'যোগক্রঢ়" বলতে হবে। যে শব্দের প্রকৃতি ও প্রত্যয়,—পৃথগ্ভাবে অর্থ না ব্ঝিয়ে দমিলিত ভাবে কোন প্রসিদ্ধ অর্থকে ব্ঝায়নে শব্দকে ऋঢ়বলে। আর যে শব্দের সেই রুঢ়বা প্রসিদ্ধ অর্থে প্রকৃতি ও প্রভারণত অর্থেরও অন্বয় হয় প্রকৃতি প্রভায়ণত অর্থ পরিভাক্ত হয় না— সেই শব্দটিকে 'যোগরুট' বলে। এখানে 'শব্দপারায়ণ" শব্দটি সমৃদিতভাবে শান্ত্রবিশেষকে বুঝাচ্ছে, যে^খনান্ত্রের হারা সকল শব্দের জ্ঞান হয়। এই অর্থে এখানে যৌগিক বা প্রকৃতিপ্রতায়গত অর্থেরও সমন্বয় হওয়ায় এই শব্দটি যোগর্চ হয়েছে (২০০)। এখন এখানে আর একটি প্রশ্ন হতে পারে – ''শব্দপারাষণম্" এই যোগরুড় শব্দের ছারা বুঝা গেল যে ''শান্ধবিশেষ" ই উক্ত *रक्त जर्भ। "मक्तानार मक्लाताञ्चनम्" अत्र जर्थ करला मक्तमम्ट्र ताधक এইরূপ অর্থ প্রকাশিত হওয়ায় এখানে পৃথক্ "শব্দানাং" এই শক্টিতে পুনক্ষক্তি লোষ হলো না। কিন্তু 'শক্ষপারায়ণম্ এই শক্ষ থেকে যে শান্তবিশেষ বুঝা গেছে সেই শান্তটি শব্দ সকলের বোধক শান্ত – এই

⁽२-८) नक्ति पिछि। नक्ति । नक्ति । नक्ति । विकास ।

[[] কৈয়ট--পশ্পশাহ্নিক-মহাভাষ্য প্ৰদীপ]

অর্থটিও বুঝা গেছে। কারণ ঐ শন্ধটি যোগর্ক বলে—তাতে থৌপিক অর্থ হছে যে শন্ধ সকলের পারগামী অর্থাং বোধক শান্তা। স্বতরাং শন্ধপারায়ণম্" এই শন্ধের দ্বারা যে অর্থ [শন্ধসকলের বোধক] পাওয়া গেছে, সেই অর্থের একাংশ যে "শন্ধ সকলের"—সেই অর্থ কৈ "শন্ধানাং" এই শন্ধটি ব্ঝাছে বলে 'অর্থের পুনক্ষক্তি হয়ে গেল। শন্ধের পুনক্ষক্তি নিবারিত হলেও অর্থের পুনক্ষক্তি দোষ থেকে গেল। এর উত্তরে কৈয়ট বলেছেন উক্ত শ্রুতিবাক্যে বে "প্রতিপদোক্তানাম্" এই শন্ধটি আছে — তার অর্থ হছে "প্রত্যেকপদে পঠিত"। প্রত্যেকপদে পঠিত কে গু এপানে বিশেয় কে গু প্রতিপদোক্তানাম্" এই শন্ধটি বিশেষণ বলে বুঝা যাছে, এই বিশেষণের বিশেয় হছে শন্ধ। প্রত্যাক পদে পঠিত হছে শন্ধ। এই শন্ধান বিশেয়টি যদিও 'শন্ধপারায়ণম্শ এই শন্ধ থেকে অর্থ সিদ্ধ রূপে গ্র্মানান হয় তথাপি স্পষ্ট করে সেই বিশেয়কে বুঝাবার জন্ত 'শন্ধানাম্" এই শন্ধির প্রয়োগ করা হয়েছে। 'শন্ধ' রূপ বিশেয়কে বুঝানো এই 'শন্ধানাম্" শন্ধের কার্য বলে অর্থের পুনক্ষক্তি হয় নাই (২০৫)।

মোটকথা—এই অর্থবাদ বাক্যের দ্বারা ইহাই জানা গেল প্রত্যেক পদের পৃথক্ পৃথগ্ ভাবে পাঠ করে সাধু শক্ষদকলের উপদেশক একগ্রন্থ ছিল, তারনাম ''শক্ষপারারণ''। বহস্পতি ইক্রকে দেবতাদের পরিমাণে এক হাজার বংসর ঐ শাল্প শুনিয়েছিলেন, কিন্তু শেষ করতে পারেন নাই। মহাভাষ্যকার বলেছেন—যেথানে বহস্পতি উপদেষ্টা আর ইক্র অংধ্যেতা বা শ্রোভা—উভয়েই বছবর্ষজীবী। তব্ও প্রত্যেক পদের পাঠ করে সকল শন্ধ শেষ কর্তে পারেন নাই, সেথানে আধুনিক কালের মাম্ম্য যে প্রত্যেক পদের পাঠ করে শক্ষান লাভ করতে পারেব না—তাতে আর বলার কি আছে। এখনকার মাম্ম্যের পক্ষে প্রভাবে শক্ষান লাভ সম্পূর্ণ অসম্ভব। "অগ্যন্থে" শক্ষটি একটি অব্যয়। বৃহস্পতি ও ইক্র প্রভৃতি দেবতাদের আয়ুঃ প্রাচীনকালের মাম্ম্যের চেম্বেও জনেক বেশী। সেই দেবতারা শক্ষণারারণ শাল্প শেষ করতে পারেন নাই। স্মৃত্রাং প্রাচীন কালের মাম্ম্যের তোর শেষ করতে পারেন নাই। আর আরকালকার মাম্ম্যের তো কথাই নাই। আর্জকালকার মাম্ম্যের মধ্যে

⁽২০০) তত্ৰ প্ৰতিপদোকানামিতি বিশেষণাভিধানার সমামানাবঁতালি শ্বানামিতাত । অংলোগ:। [মহাভাষ্যপ্ৰদীপোন্দোত-পশ্লাক্ক]

ষদি কোন মাছফ সবচেয়ে বেশীদিন বাঁচে, সে একশত বংসরই বাঁচে; ভার বেশী বাঁচে না। আবার এই সাধুশব্দের জ্ঞান কেবল গুরুর নিকট থেকে **७नल्य रा व्यक्षायन कवरण्य एव मण्जूर्य करव याव, जा नव। क्षयरम अक्वय निकट्ट** শ্রবণ বা অধ্যয়ন করে শব্দের প্রাথমিক জ্ঞান হয়। তারপর নিচ্ছে সেই শান্তের অভ্যাস অর্থাৎসেই শব্দগুলি আয়ন্তকরা এবং তার অর্থ নিশ্চয় করা ৰূপ দ্বিতীয় স্তরে শব্দের জ্ঞান, আরও পরিপক হয়। তারপর অধ্যাপনা কংলে তৃতীয়ন্তরে আরও শব্দের জ্ঞান স্থপরিপক হয়। শেষে সেই শব্দঞান, ব্যবহারের দারা অর্থাৎ যঞাদি কর্মে মন্ত্রাদির প্রয়োগ এবং মন্ত্রাদি ব্যতীভও কতকগুলি क्टब लोकिक थरप्राक्रनीय मरक्रु भरकात थरप्राम, भक्तकान वाता तरापत अर्थ ক্রেনে যোগাদি অভ্যাদরূপ ব্যবহারদারা তত্তপান লাভ করলে, তথন শব্দুজান সম্পূর্ণ হয়। মহাভাষ্যকার বলেছেন এই ভাবে চার অবস্থায় বিহার উপযোগিতা আছে। চার প্রকারে বিদ্যার উপযোগিতা প্রাপ্ত হলে তবেই বিত্যার সার্থকতা বা পূর্ণতালাভ হয়। "চত্ভিক প্রকাবৈর্বিজোপযুক্তা ভবতি, আগমকালেন, খাধ্যায়কালেন, প্রবচনকালেন, ব্যবহারকালেনেতি।" এখানে 'আগম' শব্দের অর্থ অধ্যয়ন—গুরুর নিকট থেকে প্রবণ। 'স্বাধ্যায়' শব্দের অর্থ অভ্যাস। ''প্রবচন'' শব্দের অর্থ অধ্যাপনা। আর 'ব্যবহার শব্দের অর্থ ফ্রাদি কর্মে প্রয়োগ। চারটি প্রকারের খারা বিগ্যা উপযুক্ত হয়। এখানে এই প্রকার শব্দের অর্থ 'কাল' এই কথা নাগেশ ভট্ট বলেছেন। চারটি কালের খারা বিভা উপযুক্ত অর্থাৎ উপযোগিতা প্রাপ্ত হয়। বিছার উপযোগিতার অধিকরণ হচ্ছে কাল, এই কাল বিভার উপযোগিতার অধিকরণ হলেও বিদ্যারও অধিকরণ হয়। হৃতরাং "চতুষু প্রকারেষু বা চতুষু কালেষু বিদ্যা উপযুক্তা ভবতি" এইরূপ বলা উচিত ছিল। তা না বলে "চতুভি:'' ইত্যাদিরপে তৃতীয়া কেন বললেন। ভার উত্তরে নাগেশ বলেন সেই আধারভৃতকালকে করণ বিবক্ষা করায় ভূতীয়ার নিদেশি করেছেন। তার ফলিত অর্থ হচ্ছে "চতুষ্ কালেষ্ ' অর্থাৎ চারিটি বিভিন্ন কালে বিদ্যার উপযোগ হয়। নাগেশ আরও বলেছেন— **षान्यकात्न ७ श्राधारकात्न अर्थाः अधार्यनकात्म ७ अ**ञ्जानकात्म त्नात्क विमार्थीत्क 'এই विमार्थी वृक्षिमान' वत्न आमत्र भूर्वक अन्नवञ्जामि मान करत । **অভএব আগমকাল ও বাধ্যায়কালে অন্ন**বন্তাদির লা**ভই** বিদ্যার উপযোগ। আর-তৃতীর অর্থাৎ অধ্যাপনাকালে অধ্যাপকের প্রতিষ্ঠা হয়, উক্তম শিষ্যপ্রাপ্তি হয়ে

তার দারা দক্ষিণালাভ ও সংকার প্রভৃতি হয়, এই প্রতিষ্ঠা প্রভৃতিই তৃতীরকালে বিদ্যার উপযোগ। আর চতুর্প কালে বা যজ্ঞাদির অস্থ্রানকালে অপশক্ষের প্ররোগজনিত যে প্রায়ন্টিত্তর, সেই প্রায়ন্টিত্তের অভাব, অলাদির সহিত্ত কর্মাস্থ্রান, দক্ষিণালাভ ও প্রতিষ্ঠা এইগুলি বিদ্যর উপযোগিতা। সাধুশক্ষের জ্ঞানবশত বিদ্যান ব্যক্তি যজ্ঞে অপশক্ষ প্রয়োগ করেন না। অতএর অপশক্ষের প্রয়োগ করলে যে প্রায়ন্টিত্ত করতে হত, তা আর বিদ্যাদম্পন্ন ব্যক্তিকে করতে হয় না। এইভাবে চারকালে বিদ্যার উপযোগিতা হলে তবেই সম্পূর্ণ অধ্যয়ন হয়। কেবলমাত্র গুরুর নিকট থেকে প্রবণ করলেই অধ্যয়ন সম্পূর্ণ হয় না। প্রত্যেক পদের পাঠের ধারা যদি শক্ষের জ্ঞান অর্জন করতে হয়, তাহলে শক্ষ্যান লাভ করা অসম্ভব হয়। যেহেতু আধুনিক কালের অল্লায়্র মান্তবের শক্ষের প্রবণ করতেই তার মৃত্যু উপস্থিত হবে; তার আর অভ্যাস, অধ্যাপনা ও যজ্ঞাদিকর্ম করা শৃত্যে বিলীন হয়ে যাবে। অধ্য অভ্যাসাদি না করলে বিদ্যা সম্পূর্ণ হলে না।

স্থতরাং প্রত্যেক পদের পাঠ, শব্দের জ্ঞানে উপায় হতে পারে না।

প্রত্যেক শব্দ পাঠ করে যে সমন্ত শব্দের [সাধুশব্দের] জ্ঞান সম্ভব নয়, এই বিষয়ে তৈত্তিরীয় ব্রাহ্মণে একটি আখ্যায়িকা আছে। কোন সময়ে ভরদ্বান্ধ নামক শ্বিই ক্রের আরাধনা করে ইক্রেকে সম্ভই করে তাঁর অন্থাহে তিনশত বংসর আয়ুং লাভ করেছিলেন। সেই তিনশত বংসরের সমন্ত বংসরেই তিনি গুরুগৃহে ব্রহ্মর্থ অবলম্বন করে বেদাধ্যয়ন কর্লেন। তিনশত বংসরের শেষে জরাজীর্গ হয়ে ভরম্বান্ধ বেদাধ্যয়ন অসমর্থ হয়ে ভয়ে আছেন দেখে, ইন্দ্র এসে ভরম্বান্ধকে জিজ্ঞাসা করলেন ভরম্বান্ধ উত্তর দিলেন—বেদ অধ্যয়ন করব। তথন ইন্দ্র নিজের যোগবলে শ্বক, যজুং ও সাম এই তিন্ন বেদুকু তিনটি বিশাল পর্বতরূপে পরিণ্ডকরে পূর্বে ভরম্বান্ধ্র অজ্ঞাত অবস্থায় সেই তিনটি পর্বতকে পৃথক্ তিন স্থানে স্থাপিত করে ভরম্বান্ধকে দেখিমে বললেন। এই দেখ ভরম্বান্ধ এই তিনটি পর্বত সমূহ বেদ। ভারপর ইন্দ্র বিন্ধ ভরম্বান্ধ এই তিনটি পর্বত থেকে তিন মুঠো ধূলা এনে ভরম্বান্ধকে দেখিমে বললেন এই দেখ ভরম্বান্ধ এই তিনটি পর্বত বেদ্ধ স্থত্ব তিন টি প্রত

ক্লপ আরও অনম্ভ বেদ আছে। তুমি তিনশত বংসরে এই তিন মৃষ্টি ধৃপাং পরিমিত বেদমাত্র অধ্যয়ন করেছ। এর অতিরক্তি এই বিশাল বেদ তোমার অক্তাত। স্বতরাং সমস্ভ বেদের অধ্যয়ন অসম্ভব। এই বলে ইক্র ভরষাক্তকে সবিতৃসম্বন্ধী অগ্নিবিদ্যার উপদেশ দিলেন। ভরম্বাক্ত সেই বিদ্যালাভ করে অমৃত হয়ে স্বর্গে গেলেন (১০৬)॥ ৩৬॥

মূল

কথং ভর্থীমে শব্দাঃ প্রভিপন্তব্যাঃ ? কিঞ্ছিৎসামাম্মবিশ্বেষ ল্লকণং প্রবর্ত্তাম্। বেনাল্লেন ষড়েন মহছে। মহছঃ শকৌঘান্ প্রভিপদ্যে-রন্। কিং পুনস্তং ? উৎসর্গাপবাদৌ। কশ্চিত্ৎসর্গঃ কর্তব্যঃ ক'শ্চদ-প্রাদঃ। কথংজাতীয়কঃপুনরুৎসর্গঃ কর্তব্যঃ কথংজাতীয়কেঃ প্রকংশ্বাদঃ ? সামান্মেনোৎসর্গঃ কর্তব্যঃ। তদ্যধা—"কর্মণ,ণ্" [৩২০]। তস্য বিশেষেশাপ্রাদঃ। তদ্যধা—"ক্যাডোইমুপসর্গে কঃ" [৩২০]॥ ৩৭॥

তার্বাদ:—তা হলে [প্রতিপদপাঠ, শক্জানের উপায় না হলে] কি রূপে এইসকল প্রতিপদ পাঠে ছজে য়] শব্দের জ্ঞানলাভ হবে ? কিছু দামাল ও বিশেষ বিশিষ্ট লক্ষণ [শাস্ত্র] প্রবর্তন করতে ∗হবে। যাহাতে অল্প প্রয়ন্ত্র বিশাল [বড়], বিশাল শব্দসমূহ [অধ্যেতৃগণ] জানতে পারবে [বিশাল থেকে বিশালতর শব্দ সমূহ জানতে পারবে]।

তাহা [সামান্ত বিশেষের অরপ] কি ? উৎসর্গ ও অপবাদ [সাধারণ এ বিশেষ]। কোন্কোন্ [লক্ষণ বা শাল্প] টি সাধারণ [ভাবে] করতে হবে, কোন্কোন্ [শাল্প] টি বিশেষ ভাবে [প্রণয়ন] করতে হবে। কি

আনন্ত্যাণাটারাশাং প্রতিপদপাঠো ন শক্যা ট [পৌতমধর্মকর সভাভং]

⁽২০৬) ভরণালো হ ত্রিভিরামূর্ভি র ক্ষর্বম্বাস। তংহ রীণং ছবিরং শরানমিক্র উপরজ্যোবার ভরনাল, বত্তে চতুর্বমায়ুদ্ ছাম্, কিমনেন কুর্যা ইতি। ব্রন্ধর্বমেবৈনেন চরেয়মিতি হোবার। তং হ ত্রান্ গিবিরুগানবিজ্ঞাতানিব দর্শরাঞ্চনার। তেখাং হৈ কেম্মামূষ্টিমাদদে। স হোবার ভরনাজেতামন্ত্রম । বেদা বা এতে। অনন্তা বৈ বেদাং। এতথা এতৈরিভিরায়্ভিরন্ববোর্টিমা । অথ ত ইত্রদদন্ত্রমেব। এই মং বিদ্ধি। অংবে সর্ববিদ্ধেতি। তথ্য হৈত্যায়িং সাবিজ্ঞান্তা তুলা স্বর্গ লোক্ষিয়ার। [তৈত্তিরীয় ব্রাহ্মণ ৩০০০] গোত্ম ধ্রম্ত্রের ব্যাখ্যায় হরদত্ত ও বলেছেন—

প্রকারে উৎসর্গ [সাধারণ] করতে হবে, কি প্রকারে আপবাদ [বিশেষ করতে হবে]? সামান্যের [সামান্য শাল্পের] বারা উৎসর্গ [সাধারণ-নিরম] করতে হবে। বেমন "কর্মণ্যণ্" [এ২।১]। বিশেষ [বিশেষ শাল্পের] বারা তার বাধ [করতে হবে]। বেমন "আতোহমুপসর্গে কঃ" [৩।২।১]॥ ৩৭॥

বিবৃত্তি: –প্রতিপদের পাঠ দারা সাধুশব্দের জ্ঞানলাভ অসম্ভব বলা হয়েছে। এখন বিজ্ঞাসা হওয়াই স্বাভাবিক যে তাহলে কি উপায়ে সমস্ত সাধুশব্দের জ্ঞান অর্জন করা যাবে। লোকের এই স্বাভাবিক জিজ্ঞাসাই, মহাভাষ্যকার প্রশ্নবাক্যে স্টিত করেছেন "কথং তহি ইমে শব্দাঃ প্রতি পত্তব্যা: ?" কি প্রকারে বা কি উপায়ে তা হলে এই দকল শব্দ জ্ঞাতব্য হবে ? প্রত্যেক পদের পাঠের দ্বারা যদি শব্দ সমূহের জ্ঞান লাভ অসম্ভব হয়, তা হলে অন্ত কি উপায়ে এই প্রতিপদপাঠে তৃজ্ঞেয়ে শব্দ সমূহের জ্ঞান অর্জিত হবে ? ইমে 🗕 শব্দের এই বিশেষণটির দারা ''এই সকল প্রতিপদ পাঠে দুজেমি" এইরূপ অর্থ প্রকাশিত হয়েছে। এই প্রশ্নের উত্তরে মহাভাষ্যকার বসছেন—''কিঞ্চিৎ সামাক্তবিশেষবল্লক্ষণং প্রবর্তাম, ধেনাল্লেন যত্তেন মহতো মহতঃ শক্ষোঘান্ প্রতিপদ্যেরন্।" সামান্য বিশেষযুক্ত কিঞ্চিং লক্ষণ প্রবৃত্ত কবতে হবে; যার দ্বারা অল্ল যত্নে বিশাল শব্দ সমূহ লোকে জ্ঞানতে পারবে। এই বাক্যে 'সামাক্তবিশেষবং' এই শব্দটি 'লক্ষণ' এর বিশেষণ। লক্ষণের আ**র একটি** বিশেষণ হচ্ছে 'কিঞ্চিং'। এই 'দামান্তবিশেষবং' বলতে কি ইবার্থে 'বতুপ্' প্রত্যয় করে দামান্ত ও বিশেষের' মত এই অর্থ গ্রহণ করতে হবে অথবা 'দামান্তবিশেষে)' এইরূপ হন্দদমাদ যুক্ত শন্দের উত্তর অন্তি অর্থে 'মতুপ্' প্রত্যয় করে - 'সামান্যবিশেষবিশিষ্ট' এইরূপ অর্থ বুঝতে হবে ? এইরূপ আশন্ধাব সমাধানে কৈয়ট বলেছেন—"সামান্তবিশেষো যশ্মিং ভৎসামান্ত-বিশেষবং" দামান্ত এবং বিশেষ আছে যাতে তাহা দামান্তবিশেষবং। স্কৃতরাং বুঝা যাচ্ছে ভাষ্যর এই শব্দটি "দামাগুবিশেষো" এই দ্বন্দ সমাসমুক্ত শব্দের উত্তর অন্তি অর্থে মতুপ্ প্রত্যয় বারা নিপ্সন্ন। সামান্ত ও বিশেষ যাহাতে আছে এইরপ যে লক্ষণ তাহা সামান্তবিশেষবং। কিন্তু যাহা সামান্ত বিশেষ তাহাই তোলকণ হয়; লকণটি সামান্ত বিশেষাত্মক। যেমনু গ্রুত্র লকণ সামাদি। সামা বা গলকম্বল প্রভৃতি গরুর লক্ষণ। এই গলকম্বল প্রভৃতি সমন্ত সক্র সামান্তথর্ম, আর গো মহিষ অধাদির মধ্যে গক্ষর বিশেষধর্ম।
গক্ষরতীত মহিবাদিতে এই সালাদি নাই, গক্ষমাত্রে আছে, এই জন্ত উহা
[সালাদি] বিশেষ। আর সকল গোসাধারণ বলে সালাদি সকল গক্ষর
সামান্ত ধর্ম। এইভাবে দেখা যাছে লক্ষণটি সামান্তবি বাত্মক। অথচ
মহাভাষো "সামান্ত বিশেষবলক্ষণং" সামান্তবিশেষযুক্ত লক্ষণ এই কথা বললেন
কিরপে? এই প্রপ্তের বলা বায় মহাভাষ্যে "সামান্তবিশেষবলক্ষণম্" এই
স্থলে লক্ষণ শশ্দের অর্থ পাণিনির অধ্যায়ীরূপ শাল্প। যাহার বারা লক্ষিত
হয় তাহা লক্ষণ। স্ত্রে বা শাল্পর বারা সাধুশক্ষ লক্ষিত হয়, এই জন্ত স্ত্রেরপশাল্পই এখানে লক্ষণ; আর লক্ষ্য হচ্ছে সাধুশক্ষ। এখন স্ত্রে বা শাল্প বখন
লক্ষণ শক্ষের অর্থ হলো, তখন এই স্ক্রে বা শাল্পে সামান্তের এবং বিশেষের
উল্লেখ আছে বলে শাল্প বা স্ক্রে সামান্তবিশেষবৎ হতে পারল (২০৭)।

এইভাবে সামান্য বিশেষবিশিষ্ট স্থারূপশান্ত প্রবর্তন করতে হবে, গার चात्रा महर महर नंद नमूह लाटक अब यदा कानाटक भावटा। ভारण ८य · "মছতো মহত: শকৌঘান্ প্ৰতিপজেৱন্" এই কথা বলা হয়েছে এখানে মহৎ বলতে 'বড' এইরূপ অর্থ নয়। বড বড শব্দ জানা যাবে ছোট, ছোট শব্দ জানা যাবে না এইরূপ তাৎপর্ষে "মহত:" শব্দের প্রয়োগ করা হয় নাই। কিন্তু এখানে 'মহৎ' শব্দের অর্থ অনেক। এক একটি স্থত্তের স্বারা অনেক সংখ্যক শব্দ সংগৃহীত হয়ে যাবে। প্রত্যেক পদের পাঠ করে করে শব্দের জ্ঞান করতে গেলে বে গুরুতর প্রয়াস করতে হত, সামান্ত বিশেষবিশিষ্ট স্থতের · ৰারা শব্দের জ্ঞানে অনৈক কম পরিশ্রম করতে হবে। হয়ত একটা স্ত্তের দ্বারা হাজার খানিক কি তার চেয়েও বেশী শব্দের জ্ঞান হয়ে যেতে পারে। "মহতো মহত:" এন্তল 'মহত ্ শব্দের দিতীয়ার বছবচনান্ত রূপটি "শব্দোদান্" ইহার विलंबन। वीन्मा अपर्व विष इरहाई। अत्नक अत्नक नम हानि = मामाश-বিশেষধান্ লক্ষণের ঘারা জানা যাবে। অথবা পূর্বের 'মছতঃ' এই শব্দটি 'মহ্ং' শব্বের পঞ্মীর একবচনের রূপ আর বিতীয় 'মহত' শব্বটি উক্ত শব্বের - বিতীয়ার বাহুবচনের ৰূপ—এইভাবে গ্রহণ করাও যেতে পারে। মহৎ থেকে মহৎ অৰ্থাৎ অনেক থেকে অনেক শব্দ সংগৃহীত হবে যাবে।

⁽২০৭) নতু-তথার কথালকণনা মচ্চোম্মুণণভিরত আহ সাবাভবিধেকাবিভি। লকক - নার্মিভার্কাঃ (বহাভার্মধীদৌক্ষোভি, পশাক্ষিক)

অধন এর উপরে মহাভাল্পকার প্রশ্ন উঠিছেছেন "কিং প্নছং" আহা কি?
অর্থাং যে সামাল্লবিশেববিশিষ্ট লক্ষণের প্রবর্তনের কথা বলা হরেছে সেই
সামাল্লও বিশেষ্যের শ্বরপটি কি ? এর উত্তরে মহাজ্ঞাল্লকার নিজেই বলেছেন—
"উৎসর্গাপবাদোঁ। কন্চিত্ৎসর্গ: কর্তরা: কন্চিত্লবাদ:।" সাধারণ ও
বাধক। কোন সাধারণ নিষম করতে হবে, আরার কোন বাধক বা নিশেষ
নিয়ম করতে হবে। সামাল্লের শ্বরপ হচ্ছে উৎসর্গ অর্থাং ব্যাপ্তি। হাহা
অধিক হলে ব্যাপ্ত তাহা সামাল্ল। আর নিশেষের শ্বরপ হছে অপবাদ
অর্থাং বাধক। "অপোল্লতে অনেন" বাধিত হয় ঘার হারা এইরূপ বৃৎপত্তিতে
অপপূর্বক বদধাতুর উত্তর করণ বাচ্যে হঞ্ প্রতাম করে অপবাদ শ্বটি নিশাল
হয়। তার অর্থ বাধক। বাহা সামাল্লকে বাধা দেয় তাহা অপবাদ! এই
ভাবে সামাল্ল ও বিশেষের শ্বরপ বলে মহাভাষ্যকার বলেছেন কোন উৎসর্গ
করতে হবে অর্থাং কতক কতক সাধারণ নিমম করতে হবে, আর কতক কতক

এই কথার উপরেই ভাষ্যকার নিব্দে প্রশ্ন উঠিয়েছেন 'কথংস্বাতীয়কঃ' পুনক্ষণর্গ: কর্তব্য: কথংস্বাতীয়কোংপবাদঃ' কিপ্রকারে সামান্তনিম্ব করা হবে। 'ক্ষংস্বাতীয়কঃ'' এই শব্দে 'প্রকারবং'' অর্থে 'জাতীয়র্' প্রত্যয় হয়েছে এবং প্রকার অর্থে কিম্ শব্দের উত্তর 'থম্' প্রত্যয় হয়েছে। এই জন্ম এখানে ''কথংস্বাতীয়কঃ'' শব্দের অর্থ কিম্বপপ্রকারবিশিষ্টক, তাংপর্যার্থ হচ্ছে কিপ্রকারে—কিম্বাপে।

এই প্রশ্নের উত্তরে মহাভাষ্যকার বলেছেন "সামান্তেনোৎদর্গ: কর্তব্য:। তদ্ বথা—কর্মণ্যণ্ তম্ম বিশেষণাপ্রাদ:। তদ্ বথা—আতোহ্মুপদর্গেক:।"

সামান্তস্ত্তের দারা সাধারণ নিষম কর। হবে। যেমন 'কর্মণ্যণ্"॥
বিশেষ স্ত্তের দারা সেই সাধারণ নিষমের বাধ করা হবে। ষেমন 'আতোহ
স্থপদর্গে কঃ।' 'উৎসর্গশন্ধের অর্থ সামান্ত বা সাধারণ। আর সামান্ত
শন্ধের অর্থপু সামান্ত। তা হলে ভাষোর 'সামান্যেন উৎসর্গঃ কর্তব্যঃ'' এই
অংশের অর্থ হবে "সামান্তের দারা সামান্ত করবে।'' এইরূপ অর্থ অন্থপপর।
প্নক্ষক্তিদোষও আছে। এইজন্ত 'সামান্যেন'' এই শন্ধের অর্থ করতে হবে
সামান্ত শাস্ত্র । আর ''উৎসর্গঃ'' এই শন্ধের অর্থ করতে হবে

এরণ অর্থ করলে আর অন্থপণতি হর না। সামান্ত ক্ষের ছারা সামান্ত নিরম করতে হবে।

আর নিশেষস্থারে বারা সেই সামান্তের বা সামান্ত নির্মের অপবাদ অর্থাৎ বাধ করতে হবে। এখানে "অপবাদ" শক্তি ভাববাচ্যে বঞ্জ বলে এর অর্থ হবে বাধ। সামান্য স্থা কি? ইহা ব্যাবার জন্য তদ্ বর্ধা 'কর্মণ্যণ্'? আর বিশেষ স্থা কি ইহা ব্যাবার জন্ত 'তদ্ বথা—'আতোহ-মুণসর্গে কং' ইহা ভাষ্যকার দৃষ্টান্ত হিসাবে প্রদর্শন করেছেন।

'কর্মণ্ড' এইটি সামান্ত স্ব্রে, কর্মকণ [কর্মকারকরপে বিতীয়ান্ত]উপপদ পূর্বক ধাতুর উত্তর + অণ্ প্রভায় হয়। যেমন 'কৃন্তং করোতি' এইরূপ বৃংপত্তিতে কৃন্তম্ এই কর্মরূপ উপপদ পূর্বক রু ধাতুর উত্তর অণ্ প্রভায় করলে 'কৃন্তকার' শন্ধ সিন্ধ হয়। এই একটি সামান্ত স্ব্রের বারা কৃন্তকার, কাণ্ডলাব, শন্তিবাদ, বৃংপত্তিবাদ ইত্যাদি অনেক শন্ধের জ্ঞান হয়ে যায়। আর "আতোহমুপদর্গে কঃ" এইটি বিশেষ স্ব্রে। উপদর্গ পূবে না থাকলে অর্থাৎ উপদর্গরূপ উপদদ না থাকলে আকারান্ত ধাতুর উত্তর 'ক', প্রত্যয় হয়।

কর্মণ্যণ্ স্ত্রে বলা হয়েছে কর্মরূপ উপপদ পূর্বে থাকলে বে কোন ধাতুর উত্তর অর্থাৎ সকল বাতুর উত্তরই অণ্ প্রত্যায়ের প্রাপ্তি আছে বলে উক্ত প্রত্যায়ের হল আনেক ব্যাপক হওয়ায় ইহা সামান্ত নিয়ম হলো। আর "আতোহ হপসর্গে কঃ" এইস্ত্রে বল। হলো উপসর্গ ভিন্ন উপপদ পূর্বে থাকলে কেবল মাত্র আকারান্ত ধাতুর উত্তর, ক প্রত্যায় হবে। স্তর্বাং এইস্ত্রের হল [কার্ব] আনেক সন্থটিত হয়ে গেল বলে এই স্ব্রেটি বিশেষ স্ত্রে। এর বারা সামান্ত নিয়মের্ব বাধ হবে। "কর্মণ্যণ্" এই সামান্ত স্থেরের বারা সব ধাতুর উত্তর অণ্প্রত্যায়ের প্রদান আকারান্ত ধাতুর উত্তরও "অণ্" প্রত্যায়ের প্রাপ্তি হয়েছিল। কিন্তু "আকোরান্ত ধাতুর উত্তর প্রপ্তারের বিধান করার আকারান্ত ধাতুর উত্তর প্রাপ্ত অণ্ প্রত্যায় বাধিত হয়ে যাবে অর্থাৎ অণ্ প্রত্যায় হবে না। এই জন্ত বিশেষ স্ত্রে সামান্তের অপবাদ অর্থাৎ বাধক হয় বলা হয়েছে। এই বিশেষের বারা সামান্যের বাধ বিষয়ে বছ বিচারের অবকাশ আছে। বাছল্য ভয়ে এথানে তার বর্ণনা করা হলো না। বাই হোক এই "আতোহত্বপদর্গে কঃ" এই বিশেষ স্ত্রের বারাও ধনদ, ধান্তদ্ধ, গোদ, ইত্যাদি বছশন্ধের জ্ঞান লাভ হয়ে বাবে। অতএব

এইভাবে সামান্ত ও বিশেষ স্থানের প্রবর্তন করতে ব্যাকরণের ধারা পাল্প যড়ে। সমুখার সাধুশবের জ্ঞান লাভ হবে, প্রতিপদ পাঠের ধারা শব্দের জ্ঞানলাভ অসম্ভব—ইহাই এবানে মহাভাষ্যকারের অভিপ্রায়॥ ৩৭॥

মূল

কিং পুনরাকৃতি: পদার্থ আহোবিদ্অব্যম্ ? উভর্মিত্যাহ। কথং জারতে ? উভর্থা হাচার্থেণ স্থাণি পঠিতানি। আকৃথিং পদার্থং মন্ধা "জাত্যাখ্যারামেকন্মিন্ বহুবচনমন্যতরগ্যাম্" [১৷২৷৫৬] ইত্যুচ্যতে। জব্যং পদার্থং মন্ধা 'সর্পাণাম্" [১৷২৷৬৪] ইত্যেকশেষ
আরভ্যতে ॥ ৩৮ ॥

ভাষুৰাদ: —পদের অর্থ কি জাতি অধবা দ্রব্য [ব্যক্তি]? উভয় [জাতি
এবং ব্যক্তি উভয়] — ইহা বলেন [বৈয়াকরণ]। কিরপে জানা ষায় ?
[উভয়ই যে পদের অর্থ তাহা কিরপে জানলে]। আচার্য [পাণিনি] উভয়
প্রকারেই ক্ত্রে সকল পাঠ করেছেন [উচ্চারণ করেছেন]। জাতি পদার্থ
[ইহা] মনে করে "জাত্যাখ্যায়ামেকশ্মিন্ বছবচনমন্ততরভাম্" ইহা [এই ক্ত্রে]
বলেছেন। দ্রব্য [ব্যক্তি] পদার্থ [ইহা] মনে করে 'সর্নপাণাম্' [সঙ্কপাণা
মেকশেব একবিভক্তে] এই [এইক্ত্রে] একশেব আরম্ভ করেছেন ॥ ৩৮ ॥

বিশ্বতি:—শলাহশাসনের প্রয়োজন বলা হয়েছে। কিন্তাবে শলের অহশাসন করতে হবে তাহাও বলা হয়েছে। সামাল্লস্থ ও বিশেষস্থের ছারা শলের উপদেশ করা হবে—ইহাই মহাভাগুকার পূর্বে বলে এসেছেন। শলের স্বরূপ অনেক পূর্বে বলেছেন। এখন জিজ্ঞাসা হয়—সামাল্ল স্থ বা বিশেষ স্থেগুলি বাক্যাত্মক বলে—সেই স্থেবাক্যের ঘটক পদের অর্থ কি। এই জিজ্ঞাসা হওয়ায় প্রশ্ন করছেন—'কি পুনরাক্তিঃ পদার্থ আহোত্মিদ্ প্রবাম্ ?' পদের অর্থ কি জাতি অথবা ব্যক্তি? এখানে প্রশ্নবাক্যের অন্তর্গতে 'আকৃতি' শলের অর্থ জাতি। 'আকৃতি' শলটি জাতি অর্থেই যে সমধিক প্রসিদ্ধ তাহা এই গ্রন্থের ১০ পৃষ্ঠায় বলা হয়েছে। যে পদার্থ হারা সকল ব্যক্তিতে একাকার জ্ঞান হয়, সেই পদার্থকে জাতি বলা হয়। সকল গোব্যক্তিতে ইহা গদ্ধ, ইহা গদ্ধ, এইভাবে একাকার জ্ঞান আমাদের হয় ; একাকার জ্ঞান একটি অন্থগত পদার্থ ব্যতীত হতে পারে না। এই অন্থগত পদার্থটি জাতি। গোন্থটি সকল গকতে অনুগত। এইজল উহা জাতি। এইরূপ অন্তর্গত ব্রুতে হবে।

·এই ভাৱে যে 'হ্ৰবা' **শব্দট উন্নিবি**ভ আছে, তাৰ মৰ্ব ব্যক্তি। অনাৰাৰণ *এ*ক একটি পথাৰ্থকে ব্যক্তি বলা হয়। ধ্ৰেমৰ প্ৰত্যেক গৰু এক একটি ব্যক্তি। এই লাভি ও ব্যক্তির মধ্যে কোনটি, পদের অর্থ ? ইহাই প্রশ্নের অভিপ্রার। এই প্রশ্নের উত্তরে মহাভাগ্যকার বলেছেন—"উভয়মিত্যাহ"। উভগ্রই অর্থাৎ কাভি **এবং ব্যক্তি এই উভবই পদের অর্ধ**। **উভবই পদের অর্থ**—মহাভারকার ইহা रनाएड-- शूर्वभनी विकामा कराइन-"क्षर आदएड" । वाडि धवर वाकि উভৰই যে পথের অর্থ, তাহা স্থানলে কিরপে ? পুঞ্জকার পাণিনি যে দক্ষ সামাল্পত্ত এবং বিশেষ প্ত ৰচনা করেছেন, সেই প্তেবটক পদের অর্থ बां ि बंदर वाकि উভयरे—रेश कि करव [निकाकी] बानल ? बंद छक्टत মহাভাত্তকার বলেছেন—'উভয়ধা ছাচার্বেণ স্থাণি পঠিতানি। আঞ্জিং পদার্থ মন্ধা 'ব্যাজাধায়ামেকন্মিন্ বছবচনমন্ততরস্তামিত্যচাতে। ত্রবাং भनार्थर यदा 'मद्रभानाम्'— ইত্যেকশেষ আরভ্যতে।" আচার্য [পাণিনি] उद्धव श्रकारव व्यवार कांजिरक भवाव वरण श्रह्म करत थवर वाकिरक भवाव বলে গ্রহণ করে প্রশাঠ করেছেন অর্থাৎ প্রতের রচনা করেছেন। জাতিকে পদার্থ বলে নিশ্চয় করে 'জাত্যাখ্যাঘামে কবিন বছবচনমন্ততবত্তাম"—এই হুত্ত রচনা করেছেন। এই স্বাের অর্থ হচ্ছে জাতি বুঝালে একত্ব অর্থে শক্তের উত্তর বিকল্পে বছবচন হয়। কেবলমাত্র ব্যক্তিই যদি পদের অর্থ রূপে नर्य निष रूछ, जारत 'मश्ननाबीरयः" रेजापि প্রযোগে बीरि [धान] ব্যক্তি অনেক বলে 'ব্রীহি' শব্দের উত্তর অনায়াদে বছবচন সিদ্ধ হয়ে যেত। সেই বহুবচনের অন্ত "কাত্যাখাাধামেকশ্বিন" ইত্যাদি স্ত্রে রচনা করবার প্রয়োজন হত না। অথচ পাশিনি এই পুত্র রচনা করেছেন। এই পুত্র রচনা থেকে বুৰা ৰাচ্ছে ছাতিও পদের অর্থ হয়। "সম্পন্নাত্রীহয়:" এম্বলে 'ব্রীহি" পদের অর্থ বীঞ্জি লাতি। জাতি একটি বলে সেই একত্ব অর্থে বছবচন হতে পাৰতো না। বিকলে বছবচন করবার জন্ত এখানে পাণিনি উক্ত হত্ত बह्ना करदाह्न। आवाद वाकिएक अमार्थ वरत निक्य करत शानिनि-"সক্ষণাণামেকশেষ একবিভক্তে।" এই ছলে একশেষ অর্থাৎ একশেষের প্রতি-शादक रख चात्रक करताह्न । दिनमाख काछिर यहि नव ख नहार्थ वरन निक হত তা হলে 'বাডি' এক বলে সেই একছবিশিষ্ট বাডি বুৱাডে বভাৰডই अक्षी महस्य धारात्र निष इत्य एएछ। अहे अकृषि मत्स्य धारात्र जननिष्टे

করবার জন্ত 'সরপাণাম্" ইত্যাদি স্ত্র রচনার প্রয়োজন হত না। অভিপ্রায়: এই যে—একপ্রকার বিভক্তি পরে থাকলে সমান জাকারেব তুই বা বছশবের मर्था এकि मन अवनिष्ठे शाक्टर — ইहाई इरम्ब मन्नुभागिमिन्तामि न्याबन সংক্রিপ্ত অর্থ। বেমন ত্তি গরুবুবাবার জন্ত তুইবার একট প্রথমাবিভক্তান্ত গৌল গৌশ্চ এইরূপ শব্দ প্রয়োগ করলে সেই তুইটি শব্দের একটি মাত্র অবশিষ্ট বাৰবে—দেখানে 'গাবে\' এইরূপ প্রয়োগ হবে। এইরূপ অনেক গরুকে। বুঝাবার জন্ম তিনবার বা তার অধিক ঐ এক আকারের শব্দের প্রয়োগ, করবেও তার মধ্যে একটি অবশিষ্ট থাকবে। "গৌল্চ গৌল্চ গৌল্চ" এইরুপ: উল্লেখ করলে ঐ ভিনটি শব্দের একটি অবশিষ্ট থেকে "গাবং'' এইরূপ विदान हरत। अथन क्वनमाख काछिहे यिन मध्य अरमद **वर्ष द्य, डाहरन** গোডভাতি তে। একটি। সেই একটি পদার্থ বুঝাবার জ্বন্স একবার 'গো' শব্দের প্রয়োগ তো এমনিই সিদ্ধ হয়ে যেত। তার জন্ত 'সর্মপাণাম্' ইত্যাদি স্থাব্যথ[°] হরে যেত। জাতি হুই নয় যাতে "পৌ: পৌ:" এইরপ ছইবার বা তিন চারবার শব্দের প্রয়োগের অবকাশ হত এবং এই চুই তিন শব্দের একটিকে অবশিষ্ট করবার আবস্তকতা ধাকত। কিন্তু 'ব্যক্তি' পদার্থ হলে একটি গো ব্যক্তিকে ব্ঝাবার জ্বন্ত একটি গো শব্দের, আর একটি গোব্যক্তিকে বুঝাবার জন্ম আর একটি গোশব্দের, এইব্রপ ভিন চার গো ব্যক্তি বুঝাবার জন্ম তিন বা চারবার গোশব্দের উল্লেখ করতে হয়। সেইখানে পাণিনির হুত্রের দার্থ কতা থাকলো বে এইরূপ সমান স্নাকারের একবিজক্তান্ত অনেক শব্দের মধ্যে একটি অবশিষ্ট থাকবে। অভএন এখানে ব্যক্তি পদের অর্থ বলে বুঝা যাছে। তাহলে দেখা গেল বে স্থলবিশেষে জাতি, পদের অর্থ হচ্ছে আবার কতকণ্ডলি স্থলে ব্যক্তি, পদের অর্থ হচ্ছে। পাণিনির ক্ষ বেকে ইহা বুঝা যাছে। লক্ষ্য অধের অন্থরোধে পাণিনি লক্ষণ [ক্তা] করেছেন। সর্বত্রই যে ব্যক্তিও জাতি এই উভয়ই পদের অর্থ হচ্ছে তা নয়। কিছ কোথায়ও কোন পদের অর্থ হচ্ছে জাতি। আর কোধায়ও বা অপর পদের অর্থ হচ্ছে ব্যক্তি। এইভাবে লক্ষ্যের অহুরোধে এক একটি পক্ষ [ফাডি বা ব্যক্তিরপ পক্ষ] স্বীকার করতে হয়। অতএব পাণিনি একটি মাছ পক্ষ আশ্রম্ম করলে সর্বত্র ব্যবস্থা নিজ হতে পারে না বলে—পর্বায়জ্ঞয়ে উভয়পক স্বীকার করে স্তুর রচনা করেছেন।

পদের অর্থ ব্যক্তি कি জাতি-এই বিষয়ে বাদীদের মধ্যে বহু বিবাদ আছে। কেহ কেহ ভাতিই পদের বাচ্যার্থ স্বীকার করেন। কেহবা ব্যক্তিই প্রের অর্থ বলেন। আবার কেই জাতি, আকৃতি [অবয়বসংস্থান] বিশিষ্ট व्यक्तित्व भमार्थ वरनन। याहादा त्कवनमाख कान्टित्क भमार्थ [वाह्यान'] শীকার করেন তাঁদের যুক্তি হচ্ছে এই—ব্যক্তিতে পদের শক্তি স্বীকার করলে কোন একটি ব্যক্তিতে পদের শক্তি স্বীকার করবে অথবা সকল ব্যক্তিতে পদের শক্তি শীকার করবে। কোন একটি ব্যক্তিতে পদের শক্তি শীকার করবে— পদ বেকে অন্ত ব্যক্তিরও বোধ হয় দেখা যায় অথচ অন্ত ব্যক্তিতে শক্তি নাই। পদ থেকে পদের অর্থের উপস্থিতিতে শক্তিঞান একটি কারণ। বেখানে পদ থেকে অন্ত ব্যক্তির উপস্থিতি হচ্ছে, দেখানে শক্তি না থাকার শক্তির জ্ঞানও নাই। শক্তির জ্ঞান না থেকে ব্যক্তির উপস্থিতি হচ্ছে বলে শক্তির জানকে আর পদার্থ উপস্থিতির কারণ বলা ধায় না। যাহা না থেকে যাহা উৎপন্ন হয়, তাহা তাহার কারণ হতে পারে না। স্থতরাং কোন একটি ব্যক্তিতে শক্তি ত্বীকার করা বেতে পারে না। আর যদি সমস্থ ব্যক্তিতে শক্তি স্বীকার করা হয়, তাহলে ব্যক্তি অনন্ত বলে, শক্তিও জনন্ত স্বীকার করতে হয়। তাতে মহাগোরৰ হয়ে বায়। ভার অনম্ভ ব্যক্তিতে অনম্ভ শক্তির জ্ঞানও সম্ভব নয়। এই জ্ঞা জাতিতেই শক্তি খীকার করতে হবে। জাতি এক বলে শক্তিজ্ঞান সহলেই হয়ে যায়। সমস্থ গৰুতে অহুগত একাকার জ্ঞান হয়ে থাকে বলে গোত্ব নামক জাতি সিদ্ধ হয়। নেই গোছ গোত্ৰণ ক্ৰব্যে অবন্ধিত। গোপদের শক্তি গোতে আছে জানলে **দৰ্বত্ত গোপদ খেকে গোত্মের উপস্থিতি হয়ে** বায়। গো প্রভৃতি ব্যক্তিতে শক্তি না থাকলেও গোঘদাতির সদে গোব্যক্তির সমবায় সম্বন্ধ থাকার জাতির জান श्रुष्ठ शिर्म राक्तिय स्मान ना हर्ष साजित स्मान श्रुष्ठ भारत ना वरन साजित জানে ব্যক্তি তুস্যজানজের হবে যায়। স্থতবাং ব্যক্তির জ্ঞান অনুপণর হয় না। এইভাবে গো**ণ্ডভৃতি শব্দ** বেমন গোপ্রভৃতিতে দ্বিত গোত্মাদি কাতির বাচক। সেইরূপ শুক্ল প্রভৃতি শব্দ ও শুক্লাদি গুণগত শুক্লাদি জাভির বাচক। ডিথ ডবিথ প্রস্থৃতি সংজ্ঞাববোধক শব্দও ডিখছ ডবিখছ ফাডির বাচক। বদিও একব্যভিতে স্থিত ধর্ম, জাতি হয় না, তথাপি ডিখ [কাঠের হাতী] **फ**निच [कार्टिव कविन] अकुष्ठिवक अिविन निविभाग एक क्व वरन विक्रिक

পরিণাম বা অবস্থা ভেদেও সেই এই ডিখ ইত্যাদি আনে হয় বলে ডিখছ-প্রভৃতি ছাতি খীকার করা হয়। এইরপ ক্রিয়াতেও ছাতি খীকার করা হয়। 'পচতি পচতঃ পচস্কি" প্রভৃতি থেকে অভিন্ন জ্ঞান হয় বলে খাতুর বাচ্যার্থ কে জাতি বলে শীকার করা হয়। ব'ারা ব্যক্তিতে পদের শক্তি শীকার করেন-তাঁদের যুক্তি হচ্ছে—গোপ্রভৃতি শব্ধ থেকে গো ব্যক্তিরই বোধ হয়। "গামানয়" "গাং বধান" ইত্যাদি বাক্য থেকে লোকে গোব্যক্তির আনয়ন, গোব্যক্তির বছন অর্থ ব্রে ব্যক্তির আনয়ন প্রভৃতি করে থাকে। গোম্বভাতির আনয়ন বা বন্ধন কেহ করে নাবা তাহা সম্ভবও নয়। স্থতরাং ব্যক্তিই পদের অর্থ। পদের শক্তি ব্যক্তিতে থাকে। ব্যক্তি অনস্থ হলেও অনম্ভ ব্যক্তিতে অনস্তশক্তি স্বীকার করবার কোন প্রয়োজন নাই। অনন্ত ব্যক্তিতে একটি শক্তি স্বীকার করা হয়। অনন্ত গো ব্যক্তিতে গোপদের একটি শক্তি আছে, বলে গৌরব দোৰ হয় না। আর অনন্ত গো ব্যক্তিতে গোপদের শক্তি জ্ঞানও অসম্ভব নয়। গোছ জাতিই উক্ত শক্তি জ্ঞানে উপলক্ষণ হয়। অর্থাৎ গোছরূপে গো ব্যক্তিতে শক্তিজ্ঞান হয়। 'গোছ' পকল গৰুতে আছে বলে সকল ব্যক্তিতে গোত্মের ছারা শক্তিজ্ঞান হয়ে যায়। গোছ প্রভৃতি জাতি উক্ত শক্তিজ্ঞানে বা গো প্রভৃতি পদক্ষর ব্যক্তির ভানে অমুগমক হয় বলে কোন দোষ নাই (২০৮)। জ্বাতিশক্তি ও ব্যক্তিশক্তি সহছে প্রায় সকল গ্রন্থে অল্পবিষ্ণর বহু বিচারের অবতারণা দেখা যায়। সংগ্রহ করলে— একটি বিশাল গ্রন্থ হয়ে থাবে। বিস্তার ভয়ে এবং প্রয়োজনা-ভাবে তার বিবরণ এখানে করা হল না। किकाञ्च পাঠক বিভিন্ন এছ থেকে ইচ্ছা করলে জানতে পারেন। এখানে পাণিনির স্ত্র থেকে মহাভায়কার (मिथिराइडन—क्वां कि এवर वाक्कि—केखाई क्वां क्वां भरत वर्ष । महाकां क्वां क्वां পাণিনির এই মতের উপর কোন মন্তব্য করেন নাই, প্রত্যুত পরে এই পম্পশা আছিকেই তিনিও এই উভয়কে পদের অর্থ বলে স্বীকার করেছেন। স্থতরাং আমরা ধরে নিতে পারি বৈয়াকরণদের মতে ভাতি ও ব্যক্তি উচ্চরই भवार्थ ॥ ७৮ ॥

⁽২০৮) তথাৎ লক্ষ্যসিদ্ধরে কচিৎপ্রদেশে কন্টিংগক: গরিগৃহতে। তা জাতিবাদিব আছ:— কাতিবেৰ শব্দেন প্রতিপাছতে, ব্যক্তীনামানস্তাৎ সম্বন্ধ্বপাস্তবাৎ । দ্বাভিবাদিনবাহ:— প্রকাশ ব্যক্তিবেৰ বাচ্যা, ছাত্তেত, পলক্ষণতাবেনাঞ্জপাদানত্যাদিবোনবকাশ:।

- বিভাজাব্যপ্রবীপ—ক্ষৈটি—পশ্লাদিক ।

মূল

কিং পুননিত্য: শব্দ আহোখিৎকাৰ্য: ! সংগ্ৰহ এতং প্ৰাধান্তেন পৰীক্ষিত্ব—নিডো বা স্যাৎ কাৰ্বো বেভি। ভলোক্তা দোবাঃ প্ৰাোক্তমান্তপুংক্তানি। ভল্ল খেব নিৰ্ণয়ঃ—বংঘ্যবং নিভ্যঃ, অধাপি কাৰ্য:, উভয়ধাপি লক্ষ্ণং প্ৰবৰ্তামু ইভি॥ ৩৯॥

অসু গণ:—শন্ধ কি নিত্য অথবা কার্য [ক্রিয়াসম্পাদ্য] ? সংগ্রহে ব্যাজি রচিত সংগ্রহ নামক গ্রন্থ] ইহা [শন্ধের নিত্যন্থও কার্যন্থ বিষয়ে প্রধান ভাবে পত্নীক্ষা করা হয়েছে [বিচার করা হয়েছে]—[শন্ধ] নিত্য হবে অথবা কার্য [হবে]। সেইখানে [সংগ্রহগ্রন্থে] দোষ সকল [শন্ধের নিত্যন্থ পক্ষে এবং কার্যন্থ পক্ষে সন্থাব্যমান দোষ সমূহ] অভিহিত হয়েছে এবং প্রয়োজন সমূহও অভিহিত হয়েছে। সেখানে [সংগ্রহে] এইরূপ নিশ্চয় [করা হয়েছে]। বনিও [শন্ধ] নিত্য, তথাপি কার্য। উত্তয় প্রকারেও [তুই পক্ষেও] লক্ষণ [ব্যাকরণশান্ধ] প্রবর্তন করার যোগ্য [প্রবর্তন করা বেতে পারে] ॥ ৩০ ॥

বিবৃত্তি:—শব্দের শ্বন্ধপ বলা হয়েছে। সামান্ত বিশেষ প্রের বারা শব্দের জ্ঞান উৎপাদন করা হবে—একথাও বলা হয়েছে। জাতিও ব্যক্তি উজরই শব্দের অর্থ ইহাও বলা হয়েছে। ব্যাকরণের প্রত্তের বারা শব্দজ্ঞান করা হবে—ইহা বলা হয়েছে। এর উপর আশ্বাহা হয় এই বে—শব্দ বদি নিত্য হয়, ভাহলে ব্যাকরণ প্রের বার্থ । কারণ নিত্যকে প্রত্তের বারা উৎপাদন করা বাবে না। আর বদি শব্দ কার্য [উৎপাদ্য] হয়, ভাহলে ব্যাকরণের বারা তার উৎপাদন সম্বর হতে পারে। এইরপ আশ্বা করে—জিজ্ঞানা করেছেন—"কিং পুনর্নিত্যঃ শব্দ আহোত্মিংকার্যঃ ?" শব্দ নিত্য অথবা কার্য ? এই প্রশ্নের উত্তরে মহাভাষ্যকার বলছেন—"সংগ্রহ্ এতং প্রাধান্তেন পরীক্ষিতংনিত্যো বা স্থাৎকার্যেবিতি।" ব্যাভি কর্তৃক রচিত সংগ্রহ নামক পাণিনিস্ত্রের ব্যাধ্যাত্মকগ্রহ ছিল। ভাতে একলক শ্লোক ছিল। সেই গ্রন্থ অভিশন্ধ বিভ্ত বলে কালক্রমে তার অধ্যয়ন অধ্যাপনা দ্রাসপ্রাপ্ত হয়। মহাভাষ্যকার বখন বলছেন সংগ্রহে ইহা বিচার করা হয়েছে, তখন ব্রাণ বাচ্ছে যে মহাভাষ্যকার ঐ গ্রন্থ দেখেছিলেন য়া পুর্বতন বৈন্নকিবাদ্যের নিকট থেকে ঐ সংগ্রহ গ্রন্থের বিষয় বস্তু গ্রেনেছিলেন।

সেইৰান্ত মহাভাষ্যকার বলছেন 'শব্দ নিত্য অথবা কার্ব' এই বিষয়টি সংগ্রহগ্রন্থে প্রধানভাবে বিচার করা হয়েছে। এই বিষয়টি প্রধান ভাবে বিচার করা হয়েছে বলাৰ বুঝা বাচ্ছে শব্দের সম্বন্ধে অন্তান্ত বিষয় সেই সংগ্রহ গ্রন্থে অপ্রধান ভাবে বিচার করা হরেছে, নিতাত্ব ও কার্যত্ব বিষয়ে প্রধান ভাবে বিচার কর। হরেছে। মহাভাষ্যকার 'শব্দ নিত্য অথবা কার্য'' এই প্রশ্নের উত্তর শ্বরং না দিয়ে, এইভাবে বে বললেন—ইছা সংগ্রহে বিচারিত হয়েছে তার অভিপ্রায় এই যে—এখানে আর বিচার করবার প্রয়োজন নাই; সেখানে । সংগ্রহ গ্রন্থে । বিচার করা হয়েছে এবং বিচারের দারা প্রতিপাদ্য বিষয় সিদ্ধান্থিত হয়েছে। অতএব সেই সংগ্ৰহ গ্ৰন্থে বিচাৰের দারা বাহা শ্বিরীকৃত হয়েছে ভাহাই "শব্দ নিত্য অথবা কার্য' এই প্রশ্নের উত্তর। সেই সংগ্রহগ্রন্থে কি ভাবে বিচার করা হরেছে---তার অতি সংক্রিপ্ত আভাগ মাত্র বলছেন—মহাভায়কার—''তত্ত্রোক্তাঃ দোষাঃ প্রয়োজনান্তপুঞ্জানি" অর্থাৎ শব্দ নিত্য হলে কি, দোষ হয় কার্য হলে বা কি নোষ হয় এবং শহ্ব নিত্য হলে ব্যাকরণ শাস্ত্রের কিভাবে কি প্রয়োজন সম্পাদিত হয়, শব্দ কার্ব হলেই বা ব্যাকরণের কিরূপ প্রয়োজন সিদ্ধ হয় এই সব বিষয় সেই সংগ্রহ গ্রন্থে বিচার করা হয়েছে। এই কথা থেকে আশকা হতে পারে সংগ্রহ গ্রন্থে যদি শব্দের নিতাত ও কার্যত বিষয়ে দোষ এবং উভয় পক্ষের প্রয়োজন বিচারিত হয়ে থাকে, তাহলে সেই বিচারের কি সার্থকতা আছে। বিচারের দ্বারা নির্ণয়ই হচ্ছে বিচারের ফল। অথচ দেখানে উভয় পক্ষেই দোষ এবং প্রয়োজনের বিচার করা হয়েছে। কোঁন একভর পক্ষের নির্ণয় করা হয় নাই। এইরূপ আশ্বার উত্তরে মহাভায়কার বলছেন— 'তত্ত ত্বেষ নির্ণশ্ব:, যদ্যেব নিত্য: তথাপি কার্য:, উভয়থাপি লক্ষণংপ্রবর্ত্যম্।" যদিও শব্দ নিত্য তথাপি কার্য [উৎপাছ]—উভয় প্রকারে অর্থাৎ ব্যাক্রণের স্ত্রে প্রবর্তন করা বাবে। বৈয়াকরণদের মতে ক্ষোটরূপ শক [বাক্যকোট] নিত্য। আর ঐ ফোটের অভিব্যঞ্জক ধ্বনি বা বর্ণরূপ শৰ অনিত্য। মীমাংদক মতে শব্দ বর্ণাত্মক। বর্ণদকল নিত্য, সেই বর্ণের **षिनाश्चक वाश्ववीश मररागा वा मरराग विखाग श्रुक वार् प्रमिछा वरन रम**रे বাঞ্চকের অনিতাতা বর্ণে আরোপিত হওয়ায় বর্ণকেও অনিতা বলে মনে হয়। বস্তুত বৰ্ণ অনিত্য নয়, কিন্তু নিত্য। বৰ্ণমাত্তই বিভূ, নিতা প্ৰব্য। বৰ্ণসমূহ নিত্য বলে বর্ণসমূহাত্মক পদও নিত্য। যদিও পৌর্বাপর্যন্তম অনিত্য

उशां कि क्रमिट वर्ग है अन्युक्त वर्ग अन्य निका । अन्यभूनाशाञ्चक वाका ছই প্রকার লৌকিক এবং বৈদিক। তল্মধ্যে বৈদিক বাক্য নিত্য, বেহেতু ভাতে भूक्रस्य टारम नारे । लोकिक वाका मास्रस्य भएमत शोर्वाश्रक भएविस्नाम বশত অনিতা। নার ও বৈশেষিক মতে বর্ণ অনিতা। কণ্ঠতালু প্রভৃতির ব্যাপারের দ্বারা বর্ণ উৎপন্ন হয়। উৎপন্ন হয়ে তৃতীয় ক্ষণে নষ্ট হয়। স্থতরাং বর্ণসমুদায়াত্মক পদও অনিত্য বা কার্য এবং পদসমুদায়াত্মক বাক্যও কার্য। বৈয়াকরণমতে পরা বা পশুন্তী বাক্ নিত্য। মধ্যমা ও বৈধরী অনিত্য বা কার্য। আবার সেই বৈয়াকরণদের অনেকের মতে পরা, পশুস্তী, মধ্যমা নিত্য। বৈয়াকরণসম্প্রদারে বাক্যকোটকে নিত্য বলে স্বীকার করা হয়। ঐ বাক্যকোট বন্ধত অথগু। তার কোন অবয়ৰ নাই। তবে যে পদগুলিকে আমরা বাক্যের অবয়ব মনে করি তাহা কল্পনা। এইভাবে কল্লিভ পদরপ অবয়ব বাক্যন্টোট খীকার করলেও কোন বিরোধ হয় না। বাস্তব অবয়ব বললেই বিরোধ হয়। কোন কোন বৈয়াকরণ নিত্য বর্ণক্ষোট স্থীকার করেন। আবার কোন কোন বৈয়াকরণ বর্ণব্যতিবিক্ত নিতা পদকোট স্বীকার করেন। নৈয়ায়িক এবং বৈশেষিক ধ্বনিকে শন্ধ বলেন। সেই ধ্বনি তুই প্রকার অবর্ণাত্মক শঙ্খাদিশৰ এবং বর্ণাত্মক সংষ্কৃত ভাষাদি। এই উভয়ই অনিত্য কার্য।

মহাভায়্যকার বলছেন—সংগ্রহে যদিও শব্দকে নিত্য স্বীকার করা হয়েছে, তথাপি কার্য শব্দও স্বীকার করা হয়েছে। অর্থাৎ ক্ষেটরূপ নিত্যশব্দ বেমন স্বীকার করা হয়েছে, সেইরূপ প্রকৃতি প্রত্যয় প্রভৃতি অনিত্য বর্ণাত্মক কার্যক্রপ শব্দও স্বীকার হয়েছে। এই বর্ণ ই ধ্বনি। এথানে দ্রষ্টব্য এই—য়িও মহাভাষ্যকারের সিদ্ধান্ত হছে ক্ষোটই ম্থ্যশব্দ, তথাপি লোকব্যবহারে ধ্বনি বা বর্ণাত্মক শব্দকে ব্যাকরণ প্রক্রিয়া হারা ব্যুৎপাদন করা হয় বলে, তাকেও শব্দ বে ব্যবহার ক্ষেত্রে প্রতিপাদন করা হয়। এই ধ্বনি বা কার্যশব্দের হারা পরস্পরা ক্রমে আসল ক্যোটাত্মক শব্দকে জানা যায়। এখন এই উভয় বিধ শব্দ স্বীকার করলে কিরূপে ব্যাকরণ শাত্মের সার্থকতা সিদ্ধ হয় থ এর উত্তরে বলা হয়। যে পক্ষে শব্দ নিত্য সে পক্ষে ব্যাকরণের প্রক্রিয়া হারা শব্দের ব্যুৎপাদন করা সন্তব না হলেও, ব্যাকরণের হারা সেই নিত্যশব্দ যে সাধু ইহা জানিয়ে দেওয়া হয়। স্ক্তরাং ব্যাকরণের প্রয়োক্রন শব্দের নিত্যম্ব পক্ষেও সিদ্ধ হয়ে যায় ৷ শ্বার শব্দ অনিত্য এই পক্ষে অনিত্যধ্বনিরূপ শব্দ যেমন কর্ছ,

ভালু প্রভৃতির সাহায্যে উৎপন্ন হয়; কণ্ঠতালু প্রভৃতি সেই অনিত্য শব্দের কারণ; সেইন্ধপ ব্যাকরণও প্রকৃতি প্রত্যয়াদির বিশ্লেষণের বারা সেই অনিত্য শব্দের উৎপত্তিতে কারণ হয় বলে শব্দের অনিত্য পক্ষেও ব্যাকরণ শাস্ত্রের প্রয়োজন আছে। এই জন্ম বলা হয়েছে [সংগ্রহে] "উভয়্বাশি লক্ষণং প্রবর্ত্যম্" শব্দ নিত্য এই পক্ষে এবং অনিত্য এই পক্ষেও ব্যাকরণ শাস্ত্র প্রবর্তন করতে হবে, ব্যাকরণের প্রয়োজনীয়তা আছে।। ৩০।।

মূল

[মহাভাষ্য]

কৰং পুনরিদং ভগৰতঃ পাণিনেরাচার্যস্য লক্ষণং প্রবৃত্তম্ ।
ব্যিতিক ব

্"সিছে শকার্থসম্বদ্ধে লোকতে হর্ণপ্রযুক্তে শকপ্রয়োগে শাছেণ শ্রমনিয়মঃ, বলা লৌকিকবৈদিকেবৃ"—বার্তিকগ্রন্থ ।। ১ ।।]।

[বার্ভিক]

সিজে শকার্থসম্বজে—

[মহাভাষ্য]

সিদ্ধে শব্দেহর্থে সম্বন্ধে চেতি। অথ সিদ্ধানস্য কং পদার্থং পূলিতাপর্যায়বাচী সিদ্ধান্ধ । কথং জ্ঞায়তে পূলক্টক্ছেরিচালির জ্ঞাবের বর্ততে; তদ্বধা—সিদ্ধা দ্যৌঃ, সিদ্ধা পৃথিবী, সিদ্ধানা-শমিতি। মন্তু চ ভোঃ কার্যেছপি বর্ততে; তদ্বধা—সিদ্ধ ওদনং, সিদ্ধান্থ সিদ্ধান ব্যাগ্রিতি। বাবতা কার্যেছপি বর্ততে, তত্ত্ব কৃত্ত এত প্রত্যপর্যায়বাচিনো গ্রহণম, ম পুনঃ কার্যে যা সিদ্ধানস্থিত। সংগ্রহে তাবৎ কার্যপ্রতিদ্বিভাবান মন্যামহে মিতাপর্যায়বাচিনো গ্রহণমিতি। ইহাপি ভদেব।

অথবা সম্ভোকপদান্যবধারণানি। তদ্বধা—অব্ ভক্ষো বাদ্ধ্র ভক্ষ ইতি। অপ এব ভক্ষতি, বাদ্ধ্যব ভক্ষতি ইতি গম্যতে।
এবসিহাপি সিদ্ধ এব, ৰ সাধ্য ইতি।

অথব। পূর্বপদলোপোহত জইব্য:—অত্যন্ত সিদ্ধ ইভি। ভদ্যধা—দেবদভো দন্তঃ সত্যভামা ভামেতি।

অথবা 'ব্যাখ্যানতে। বিশেষপ্রতিণতির্নত্তি সন্দেহাদলকণ্মি'ভি নিভাপর্য রবাচিনো প্রহণ্মিতি ব্যাখ্যাস্যাম: ॥ ৪০ ॥

জ্ঞানুবাদ:—ভগবান্ আচার্ব পাণিনির কিরপে এই লক্ষণ [ব্যাকরণস্ক] প্রকৃত্ত হরেছে ?

[সিঙ্কে শৰার্থ সহজে গোকতোহর্থ প্রবৃত্তে শৰপ্রয়োগে ধর্মনিরমঃ বথা লৌকিকবৈদিকেম্ শ—এই বাতিক বাক্যকে মহাভায়কার চারভাগে ভাগ করে ব্যাখ্যা করেছেন। এই আদি বাতিকবাক্য একটি। ইহা পরে জানা বাবে]

"শৰার্থ সম্ম সিদ্ধ থাকার।" শহু, অর্থ ও সম্ম সিদ্ধ থাকার।
আছা] সিদ্ধ শব্বের [সিদ্ধ এই শব্বের] পদার্থ [অর্থ] কি ? সিদ্ধ [এই]
শৰ্টি, নিত্য [অর্থের] প্রায় [প্রতিশব্ধ] [রূপে] [নিত্যঅর্থের] বাচক।

কিরপে জানলে [সিদ্ধ শব্দ নিত্যপ্র্যায় ইহা কিরপে জানলে]? বেংহত্
[সিদ্ধ শব্দ দি, কৃটয়, জবিচল ভাব [পদার্থ] সমূহে বর্তমান থাকে
[কৃটয় জবিচল পদার্থকৈ ব্ঝায়]। বেমন ম্বর্গ দিদ্ধ, পৃথিবী দিদ্ধ
জাকাশ সিদ্ধ। ওহে, কার্যরপ অর্থ সমূহেও [সিদ্ধ শব্দ] বর্তমান থাকে
[কার্য জার্থকেও ব্ঝায়]। বেমন জ্বল সিদ্ধ [হয়েছে] স্প [ভাল] সিদ্ধ,
য়বাস্ [যবের ছারা প্রস্তুত, খাজ] সিদ্ধ। বেছেতু কার্বেও বর্তমান থাকে
[কার্য কেও ব্ঝায় — সিদ্ধ শব্দ] ভাহলে কি হেতু এই নিত্যের পর্যায়রপে বাচকে
[সিদ্ধ শব্দের]র গ্রহণ [করা হচ্ছে]; কার্যে [কার্য অর্থের বাচক] বে সিদ্ধ
শব্দ [ভাহার গ্রহণ করা] হচ্ছে না।

সংগ্ৰহে [সংগ্ৰহ থাছে] কাৰ্বের প্ৰতিপক্ষ চাবহেতুক [কাৰ্বের প্ৰতিপক্ষ পদাৰ্থ ৰূপে সংগৃহীত হওয়ায়] নিত্য অথে বি বাচক পৰ্বায়ের [সিদ্ধ শক্ষের] গ্রাহণ হয়েছে—ইহা মনে করি। এখানেও [বার্তিক বাক্ষ্যেও] ভাহাই [নিত্য অথে বি বাচক সিদ্ধ শক্ষের গ্রহণ ।।

অথবা অবধারণ গুলি [নিশ্চয়গুলি] একপদযুক্ত আছে [একটি পদের আরাও অবধারণ বুঝার এইরূপ প্রয়োগ আছে]। যেমন "অব্ভক্ষ: বার্ডক্ষ:" এইরূপ স্থলে জনই ভক্ষণ করে, বার্ই ছক্ষণ করে—ইহা গম্যমান [অসাকাদ্

ভাবে আত] হয়। এইরূপ এখানেও [বাতিকগ্রহেও] সিক্ষই, সাধ্য নয় "সিদ্ধই এইরূপ অবধারণ হয়]।

অথবা এখানে। উক্তবাতিকপ্রছে] পূর্বপদের লোপ [করে প্রয়োগ করা হয়েছে, ইহা] বুরতে হবে। অত্যন্তসিদ্ধ [কে] [অত্যন্তপদলোশকরে] সিদ্ধ [ইহা বলা হয়েছে]। বেমন দেবদন্ত [দেবদন্ত শব্ধ প্রয়োগকরতে] দন্ত [এই রূপ বলা হয়] সত্যন্তামা [কে বুঝাতে] ভামা [এইরূপ বলা হয়]। অথবা 'ব্যাখ্যা হতে বিশেষপ্রতাতি হয়, সন্দেহবশত অলক্ষণ [কোন লক্ষণ অলক্ষণ অথবা ক্ষে অক্ষণ ইয়ে যায় না' এই হেতু [সিদ্ধ শব্ধাতিকে] নিত্য অর্থের বাচক [পর্বায়] রূপে গ্রহণ করা হয়েছে, ইহা [এইরূপ] ব্যাখ্যা করব। ৪০।।

বিবৃত্তি :—শব্বের অন্থশাসন শাস্ত্র আরম্ভ করা হচ্ছে বলে এযাবৎ ভাষাকার गरमय चक्रण, প্রয়োজন, শব্দের অর্থের चक्रण, कि ভাবে শব্দের উপদেশ করা হবে এইসব বিষয়ের আলোচনা করেছেন। তার পর বলেছেন শব্দ নিতাও वरि वदः कार्यं वरि । वाकितराव मुख्य पाना मरस्य कान छेरशामन कता হবে। এরউপর প্রশ্নের উত্থাপন করা হয়েছে ''কধং পুনঃ ইদং ভগবতঃ পানিনে রাচার্যস্ত লক্ষণং প্রবৃত্তম ।" মহাভাগ্যকার পাণিনিমূনিকে পূকার্হ বলে ভগবং শক্ষে বিশেষিত করেছেন। আর তিনি ব্যাকরণশাস্ত্রের আচার্বও। ডিনি িপাণিনি] কিরূপে এই লক্ষণ অর্থাৎ ব্যাকরণস্ত্ত প্রবৃত্ত করেছেন- রচনা ক্রেছেন। শব্দের ব্যুৎপাদনের জন্ত তিনি শাল্পরচনঃ ক্রেছেন। এখন শব্দ যদি নিতা হয়, তাহলে তো পাণিনি সেই শব্দের অটা হতে পাবেন না। আর ষদি শব্দ কার্য হয়, তাহলে অবশ্য পাণিনি সেই শব্দের অটা হতে পারেন। সন্দেহবশত জিজ্ঞাসা হয়েছে—পাণিনি শক্ষসকলের অষ্টা অথবা শ্বর্ডা, এইব্রপ সন্দেহে জিজ্ঞাসা বশত প্রশ্ন করা হয়েছে পাণিনি কিভাবে এই ব্যাকরণ শাস্ত্র প্রণয়ন করেছেন ? এই প্রশ্নের উত্তর দিবার জন্ত মহাভাষ্যকার বাতিক বাক্যের অবতারণা করেছেন 'সিদ্ধে শ্রনার্থসম্বন্ধে ইত্যাদি', বাতিক এছ পাণিনির হত্তের ব্যাখ্যাম্বরূপ। যদিও বার্তিককার তাঁর বার্তিকের দারা পাণিনির হত্তের অকর ব্যাখ্যা করেন নাই, তথাপি হত্তের তাৎপর্য ব্যাখ্যা ক্ষেছেন। ''দিদ্ধে শৰাৰ্থসম্বন্ধে ' ইত্যাদি বাকাটি বাভিককারের প্রথম বাক্য। এর পূর্বপর্যন্ত মাকিছু বলা হয়েছে সেগুলি মহাভায়কারেরই বাক্যাণ প্রভরাং

আৰু শৰাম্পাদনন্' থেকে আৰম্ভ করে 'কথং পুন্রিদমিত্যাদি বাক্য পর্বন্ত গ্রহ্ণ নহালায়। "দিছে শৰার্থসহন্তে লোকতোহর্থপ্রযুক্তে শৰ্পরাদে শান্ত্রেক ধর্ম নিরমঃ, ৰখা লোকিকবৈদিকের।" এই বাতিক গ্রন্থটি একটি সম্পূর্ণ বাক্য হতে পারে, কিন্তু মহাভায়কার উহাকে চারিটি বাক্যে ব্যবস্থাপিত করে ব্যাধ্যা করেছেন। বেমন (১) দিছে শন্ধার্থসহন্তে" শন্ধ, অর্থ ও তাহাদের সম্পন্ত নিত্য হলেও ব্যাকরণ শান্ত প্রবৃত্ত হতে পারে। ইহাই প্রথম বাক্যের অর্থ । (২) "লোকতঃ" শন্ধ, অর্থ ও তাহাদের সম্পন্ত নিত্য হহা কি করে জানলে এই প্রশ্নের উত্তরে বলেছেন "লোকতঃ" লোক হতে জানলাম। (৩) 'লোক ভোহর্থপ্রযুক্তে শন্ধপ্রযোগে শান্ত্রেণ ধর্ম নিরমঃ।" "লোকতঃ" এই শন্ধটি একবার উল্লিখিত হলেও, তার আর একবার আর্ভি করে তৃতীর বাক্যটি প্রশ্নকরতে হবে। লোকে অর্থজ্ঞানের জন্ত শন্ধপ্রযোগ করে, ইহা লোকে ব্যবহার দিছে। শান্ত্র বিয়াকরণাদি শান্ত্র) ধর্মের জন্ত কেবল নিয়ম করে দের [শান্ত্র শন্ধ্য উত্তরে উলাহরণ বলেছেন (৪) যথা লোকিকবৈদিকের্থ" যেমন লোকে এবং বেদে ধর্মের নিয়ম করা হয় ।

এখন যে প্রশ্ন প্রথমে উঠেছিল 'পাণিনি কি ভাবে স্ত্তের প্রবর্তন করেছেন, তিনি কি স্ত্তের হারা শব্দের স্থান্ট করেছেন অথবা বিছমান শব্দের শ্বন্থ করেছেন', এই প্রশ্নের উত্তরে মহাভায়কার "সিদ্ধে শব্দার্থসন্ধান্দ এই প্রথম বাতিকের অবতারণা করেছেন। এই বাতিকের সংক্ষিপ্ত অর্থ হচ্ছে; শব্দ, অর্থ এবং শব্দ ও অর্থের সম্বন্ধ এই তিনটি সিদ্ধ অর্থাং নিত্য। এই বাতিক থেকে প্রশ্নের উত্তর অর্থসিদ্ধ হয়ে গেল। যেহেতু শব্দ অর্থ ও তাদের সম্বন্ধ নিত্য, সেইহেতু পাণিনি স্ত্তেরে হারা শব্দের উপদেশে শব্দের বা শব্দ, অর্থ ও সম্বন্ধের শ্বন্থই করেছেন। তিনি শব্দের স্রন্থী নয় কিন্তু শ্বন্তা। "সিদ্ধে শব্দার্থ সম্বন্ধে" এই বাতিক স্থিত 'শব্দার্থ সম্বন্ধে' পদটি শব্দেক অর্থশ্চ সম্বন্ধন্ধ এইরূপ বিগ্রহে সমাহার হল্ব সমাস করে "শব্দার্থসন্থন্ধ" শব্দ নিজ্ঞান পূর্বক, তার উত্তর সপ্তমীর একবচন করে নিজ্পন্ন হয়েছে। সমাহারন্ধন্দে একবচন এবং নপুংসকলিক হয়। ইত্রেভের হল্বসমাস করণে উক্ত বাতিকের আকার হত্ত "সিদ্ধের্ শব্দার্থসন্ধের্"। মহাভায়কার উক্ত বাতিকের আর্থ ব্রাবাের জন্ত বলেছেন — 'সিন্ধে শব্দে অর্থ সম্বন্ধ হৈ চিতি'। মহাভায়কারের এই উক্তির হারা 'শব্দার্থ গেছে।

সিদ্ধ শব্দ নিত্য অর্থের বাচক আবার "নিষ্পন্ন" অর্থেরও বাচক হয়। এখানে বাতিকন্থিত সিদ্ধ শব্দের কোনু অবে' প্রয়োগ করা হরেছে—ইহা कानावात क्य श्रम करतहन - 'अथ निष्यक्ष कः भवाव': १' धर्वात भवाव' भक्षि অভি**ধেষ অর্থে প্রযুক্ত** হয়েছে ইহা বুঝতে হবে। সিদ্ধ শব্দের অর্থ কি ? এইরপই প্রশ্নের তাৎপর্য। এই প্রশ্নের উত্তরে মহাভায়কার বলেছেন-''নিত্যপর্বায়বাচী সিদ্ধ-শব্ধঃ'' 'পর্বায়েণবক্তরং শীলমস্ত্র' এই ভাবে প্রথমে উপপদ ভংপুরুষ সমাস করে, তারপর নিভাশ্ত নিভারপ অর্থের পর্যায়বাটী এইরপ ষ্ট্ৰীতৎপুৰুষ সমাস কৰে 'নিত্যপৰ্যায়বাটী' শন্ধটি সিদ্ধ হয়েছে। "সিদ্ধ ইতি শক্তঃ" এইরূপ মধ্যপদলোপী কর্মধার্য (শাকপাথি বাদিবৎ) সমাস করে — 'সিদ্ধ শক্টি' নিপাল হয়েছে। নিত্য অথে র প্র্যায় ক্রমে বাচক হচ্ছে সিদ্ধ শক্ষ। কথন ও 'নিতা' এই শন্ধটি নিতা অর্থের বাচক হয আর কথনও বা 'পিছে' এই শক্ষ নিত্য অংপরি বাচক হয় (২০৯)। মোট কথা হছে ভান্তকার 'নিত্যপর্যায়বাচী হিদ্ধ শব্দঃ' এই ভান্তের দ্বারা বলেছেন এথানে সিদ্ধ শক্টি নিত্য অর্থের বাচক, সিদ্ধ শব্দের অর্থ 'নিত্য'। মহাভাষ্যকার পূর্বে— "সিদ্ধ শব্দে অথে সথদ্ধে চ ' এই ভাষ্যের দ্বারা 'সিদ্ধ' এই শব্দটি—'শব্দ' [শব্দ এই শব্দের] 'অথ' ও 'সম্বন্ধ' এই তিনের দঙ্গে অন্বিত (দম্বন্ধ —ইহা ব্ঝিয়ে দিয়েছেন। তারপর আবার 'দিতাপর্যায়বাচী বিদ্ধশক্ষঃ এই ভাষ্যের দারা 'সিদ্ধ' শব্দটি নিত্যাৰ্থক —ইহা বলে দিলেন। তাতে বুঝাগেল শব্দ নিত্য, অৰ্থ নিত্য , এবং ঐ উভয়ের সংশ্বও নিত্য। বাক্যন্দোটাত্মক শব্দ এবং পদক্ষোটাত্মক শব্দ নিত্য। জাতিকোট্ও নিত্য ইহা পূর্বে বলা হয়েছে। কিন্ত যারা শব্দকে কার্য বলেন থেমন নৈয়ায়িক বৈশেষিক প্রভৃতি। বৈয়াকরণদেরও কেহ কেহ ধানিকে [বর্ণাস্থাকধানিকে] শব্দ বলেন, ধানি কার্য অর্থাৎ উৎপন্ন হয়। এঁদের মতে কিরূপে শব্দ নিত্য হবে ? এই প্রশ্নের উত্তরে কৈয়ট বলেছেন কাৰ্যক্রপ শব্দ অরূপত নিতা না হলেও প্রবাহ রূপে নিতা। একরকম শব্দ নষ্ট হযে যাচ্ছে, আবার সেই প্রকার শব্দ উৎপন্ন হচ্ছে এইভাবে প্রবাহরণে শব্দ নিত্য। যারা জাতিকে শব্দের অর্থ বলেন তাঁদের মতে জাতি নিতা বলে অর্থ ও (শব্দের অর্থ ও)

⁽২০৯) নিত্যসক্ষণসঃথিত পৰ্যায়েণ বাচক্তমেবাৰ্থং ক্লাচিল্লত্যশন আছে ক্লাচিৎ সিদ্ধ শন ইতাৰ্থঃ। কৈয়ট, মহাভাষা প্ৰদীপ ।

নিতা। আৰ বাৰের মতে ব্যক্তিই শক্ষের আর্থ তাঁলের মতে ব্যক্তি গ্রহণত অনিতা হলেও প্রবাহরণে নিতা। ক্ষত্রএর আর্থ ও নিতা হলো। শক্ষু এবং অর্থ নিতা হলো। শক্ষু এবং অর্থ নিতা হলো গক্ষ্মও নিতা। সর্ব সম্বন্ধী নিতা হলে সম্বন্ধও নিতা হলে সম্বন্ধও নিতা হলে সম্বন্ধও নিতা হলে। শক্ষ্মও অর্থের সম্বন্ধ ভারবৈশেষিকমতে শক্তি। মীমাংসক মতে প্রভাবে। শক্ষার প্রত্যায় প্রত্যায়ক। বৈরাক্ষরণ মতে শক্ষ্মও অর্থের সম্বন্ধ শক্তি; তবে এই অর্থায় প্রত্যায়ক। বৈরাক্ষমণ মতে শক্ষ্মও অর্থের সম্বন্ধ শক্তি; তবে এই অর্থায় প্রত্যায়ক। বৈরাক্ষমণ তাদের সম্বন্ধ নিতা। এই তিনটি নিতা হওয়ায় পাণিনি সেই শক্ষার্থসম্বন্ধের শ্বরণকর্তা মাত্র, প্রস্তা নয় ইহাই প্রতিশাদিত হয়।

সিদ্ধশন্ধ নিত্যাৰ্থক—একথা মহাভাষ্যকার পূর্বেই বললেন। তার উপর
পূর্বপক্ষী প্রশ্ন করছেন "কবং জ্ঞায়তে ?" মহাভাষ্যকারই পূর্বেপক্ষীর প্রশ্ন নিজে
উঠিয়েছেন। 'সিদ্ধ শব্দ যে নিত্য অর্থেক ব্ঝায়—ইহা কিকরে জ্ঞানলে'—
ইহাই এই প্রশ্নের অভিপ্রায়।

এর উন্তরে মহা চাষ্যকার বলছেন—"যং কৃটস্থেষবিচালিয় ভাবেয় বর্ততে; তদ্রধা সিদ্ধা গ্র্টোঃ, সিদ্ধা পৃথিবী. সিদ্ধাকাশমিতি।" এই ভাষ্যবাক্যে যে 'যং পদটি তাছে এটি একটি অব্যয়শক। সর্বনাম 'ষং' শক্ষ নয়। অব্যয় 'য়ং' শক্ষের উন্তর পঞ্চমী বিভক্তি করে, অব্যয়াদাপ অসঃ" (পাঃ স্থঃ ২া৪০২া) স্বোচ্চনারে সেই পঞ্চমীর লুক্ করে 'য়ং' পদ সিদ্ধ হয়েছে। এর অর্থ (য়হেছ্ ফ্রিছাং)। কৃটের (কামারদের নেই) মত অবস্থান করে যে তাকে কৃটস্থ বলে (২১১)। কৃটস্থ শক্ষের তাৎপর্যার্থ নিবিকার, অবিনালী। "বিচলিতৃং শীলমস্য' এইরূপ অর্থে বি উপদর্গ পূর্বক চল্ ধাতৃর উন্তর নিনিপ্রভায় করলে—'বিচালিন্' শক্ষ সিদ্ধ হয়। ন বিচালী — অবিচালী নঞ্ তৎপুক্ষ। অবিচালিন্ শক্ষের সপ্তমীর বছবচনে 'অবিচালিয়্' এইরূপ হয়েছে। বিচলন বা শ্পন্দন শৃষ্ট হলো অবিচালী। 'ভাবেয়্' এখানে 'ভাব' শক্ষের অর্থ পদার্থ । যেহেতৃ সিদ্ধ

⁽২১০) শ্লার্থরোঃ সম্বন্ধ শক্তিরূপং তাদাস্থামেবেত্যনাত্র প্রপঞ্চিত্য। মহাভাষ্য-প্রবীপোন্দোত -পশ্লাহিক।

⁽২>>) কুটমবোষৰ [কুট অৰ্থ ঘৰীভূত লোভা—অৰ্থাৎ ৰেই] ভৰ্জিভঙি বে, ভেনু, -সংস্থিতীশেষ্টি অৱধিনটেখিতাৰ্থ:। [মহাভাগাপ্ৰদালি — পশ্পৰাজিক]

শব্দি কৃটস্থ ও অবিচালি অর্থাৎনিত্য পদার্থে বর্তমান—নিত্যপদার্থ কৈ ব্ঝায়।
বেমন স্বর্গ সিদ্ধ, পৃথিবী সিদ্ধ, আকাশ সিদ্ধ এইরূপ ব্যবহার হয়। কোন কোন
বাজ্ঞিক স্বর্গকে নিত্য স্থীকার করেন। পৃথিবী ব্যাবহারিক ভাবে নিত্য ইহা
আনেকে স্থীকার করেন। নৈয়ায়িক বৈশেষিক আকাশকে নিত্য স্থীকার করেন।
মহাভাষ্যকারের মতেও আকাশ ব্যাবহারিক নিত্য। স্থতরাং এইসব নিত্য
পদার্থ কে ব্যাবার জন্য বেহেতু 'সিদ্ধা শব্দের প্রয়োগ করা হয়; অতএব সিদ্ধা

মহাজায়্রকারের এইরূপ উত্তরে কোন পূর্বপক্ষী অশ্বা করছেন—"নম্থ চ ভো: কার্যেপি বর্ততে।

কার্যেপির আছে তাকে কার্য বলে। উৎপত্তি থাকলে ভাব পদার্থ অবশুই বিনাশী হয়। সিদ্ধ শন্ধটি যেমন নিত্য পদার্থকৈ বুঝাবার জ্বল্য প্রয়োগ করা হয়,
নেইরূপ কার্য অর্থাৎ অনিত্যবস্তুকে বুঝাবার জ্বল্য প্রয়োগ করা হয়। যেমন অন্নসিদ্ধ, ভাল সিদ্ধ, যবাগৃ [যাউ] সিদ্ধ। তাহলে শসিদ্ধে শন্ধার্থসন্থনে" এই বার্তিকে নিত্য অর্থের বাচকরূপে সিদ্ধ শন্ধের প্রয়োগ হয় নাই—ইহা কিরূপ বুঝা যাবে ? সিদ্ধ শন্ধ ইবন উভয় অর্থ [অনিত্য ও নিত্য] বুঝায় তথন কেবল নিত্য অর্থে তাকে [সিদ্ধ শন্ধকে] গ্রহণ করা চলে না। ইহাই পূর্বপক্ষীর অভিপ্রায়। পূর্বপক্ষীর এইরূপ বক্তব্যের উত্তরে মহাভাষ্যকার বলেছেন—

"সংগ্রহে তাবং কার্যপ্রতিদ্বন্দ্রভাবান্ মন্তামহে নিত্যপর্যায়বাচিনে। গ্রহণমিতি ইহাপি তদেব।"

ব্যাভিক্ত সংগ্রহ নামক গ্রন্থে কার্যের প্রতিপক্ষভ্ত পদার্থ কৈ ব্ঝানু হয়েছে বলে, সেই গ্রন্থে সিদ্ধ শন্ধটিকে নিত্য অথের বাচক রূপে গ্রহণ করা হয়েছে — ইহাই মনে করি। কার্যের প্রতিঘলী হচ্ছে অকার্য অথাৎ নিত্য। সংগ্রহে সিদ্ধ শন্ধকে কার্যের বিরোধিরূপে গ্রহণ করা হয়েছে বলে সিদ্ধ শন্ধটি সেথানে নিত্য অথের বাচক হয়েছে। "কার্যপ্রতিঘল্খিভাবান্ মন্তামহে" এথানে "কার্য প্রতিঘল্খিভাবাং" এইরূপ পঞ্চম্যন্ত পদ ব্ঝতে হবে ঘিতীয়া বহুবচনান্ত পদ নয়। কার্যপ্রতিঘল্খিভাব হেতৃক নিত্য পর্যায়বাচক সিদ্ধ শন্ধের গ্রহণ সংগ্রহ গ্রহে করা হয়েছে। এখানে অর্থাৎ ব্যতিকবাক্যেও সেই নিত্যার্থক সিদ্ধ শন্ধের গ্রহণ করা হয়েছে—ইহাই মহাভাষ্যকারের অভিপায়।

সংগ্রহ গ্রন্থে নিতা অর্থে সিদ্ধ শব্দের গ্রহণ করা হরেছে। কিন্তু সিদ্ধ শব্দ নিতা অর্থ কৈ বেমন ব্রায় তেমন অনিতা কার্যা অর্থ কেও ব্রায়, নিতা অথে বেমন সিদ্ধ শব্দের প্রয়োগ দেখা যায় অনিতা অথে ও সেইরপ সিদ্ধ শব্দের প্রয়োগ দেখা যায়। তা হলে সংগ্রহ গ্রন্থের অনুসারে এথানে নিতা অর্থে ই সিদ্ধ শব্দের গ্রহণ করলে, তাতে কোন একতরপক্ষপাতিনা যুক্তি পাওয়া যায় না। এইরপ আশহার উত্তরে মহাভাষ্যকার নিতাঅর্থে সিদ্ধ শব্দের গ্রহণ বিষয়ে এখানে আর একটি পক্ষ উপস্থাপিত করছেন—"অথবা সন্ত্যেকপদাত্যক ধারণানি · · · · · সিদ্ধ এব ন সাধ্য ইতি।"

'এৰ' পদ অবধাৰণকে ছোতিত করে। অন্তবোগের ব্যবচ্ছেদক অর্থাৎ যার সঙ্গে 'এব' শব্দ উচ্চারিত হয় সেইশব্দের অর্থ ভিন্নকে ব্যাবৃত্ত [নিবৃত্ত] করে। ষেমন 'পার্থ এব' বললে অর্জুন ভিন্ন অপরে নয় এইরূপ অর্থ ব্রা যায়। এই 'এব' পদ পঠিত না হয়েও অনেক সময় একটি শব্দ সেই অবধারণ অর্থকে বুঝিষে দেয়। শব্দের সামর্থ্য বশত এইরূপ অর্থ প্রতীত হয়। বেমন "পডিম্ অন্থ্যরতি পতিব্রতা" এইরূপ বললে পতিব্রতা পতিকেই অন্থ্যরণ করে এইরূপ অবধারণ বুঝার। 'এব' শব্দ 'পতি' শব্দের সন্নিধিতে পঠিত না হলেও এখানে 'পডি' শব্দ অবধারণ অর্থ কে বুঝায়। এইরূপ অবধারণ অর্থের বোধক পদকে একপদ অবধারণ বলে। এইরূপ স্থলকে লক্ষ্য করে মহাভাষ্যকার বলেছেন-অবধারণার্থ ক একপদ সকল আছে। তার দৃষ্টান্ত তিনি দিয়েছেন অব্ভকঃ, 'বায়ুভকঃ'। এইরূপ শব্বের দোখাস্থলি অর্থ [প্রত অর্থ] হচ্ছে **জলভক্ষণকারী, বায়্ভক্ষণকারী। এইরূপ অর্থ গ্রহণ করলে এথানে 'অব্ভক্ষঃ"** এবং 'বাৰ্ভক্র' শব্দের প্রয়োগের কোন সার্থ কতা থাকে না। কারণ সকলেই **জল পান করে, দকলেই বায়ুগ্রহণ করে। জল বায়ু গ্রহণ না করে কেউ বাঁচে** ইছা দেখা যায় না। স্বতরাং কোন মূনি ঋষি বা এক বিশেষপ্রাণীকে বুঝাবার জন্ম এরপ অব্ভক্ষ: বা বায়ুভক্ষ: শব্দের যথন প্রয়োগ করা হয় তথন সেই শব্দ पृ**টिর অ**র্থ এইরূপ বুঝা যায়—জলই ভক্ষণকরে, জলভির অন্তকিছু ভক্ষণ করে না। বাষ্ট ভক্ষণ করে, বায়্ভির অন্তকিছু ভক্ষণ করে না। এইরূপে শব্দ ছুইটির সাৰ্বতা বন্দিত হয়। এধানে 'অপ্ শন্ধটি' বা 'বায়ু' শন্ধটি একটি থাকলেও **অবধারণ অর্থ'** বুঝাচ্ছে বলে ''একপদ অবধারণ'' হরেছে। এইরূপ ''সিছে-শৰাৰ্থ সৰছে' এই বাতিক-গ্ৰন্থে 'এব' পদ না থাকলেও কেবল এক 'সিছ্ক'

পদই 'সিদ্ধই' 'নিতাই' এইরপ অবধারণ অর্থ ধ্ঝিয়ে দিচ্ছে। সাধ্য অর্থ 'ৎ কার্য অর্থ কৈ এখানে 'সিদ্ধ' শব্দটি বুঝায় না। কার্য অর্থের ব্যাবর্তক হচ্ছে, এই সিদ্ধ শব্দটি। স্থতরাং এই বার্তিকে সিদ্ধ শব্দটি নিত্য অর্থে প্রযুক্ত হয়েছে, কার্য অথে নয়—ইহাই মহাভাষ্যকারের উক্ত বাক্যের অর্থ ।

মহাভাষ্যকার বাতিকবাক্যস্থিত 'সিদ্ধ' শব্দের নিত্যঅথে গ্রহণ করা হয়েছে ইহা বুঝাবার জ্বন্ত আর একটি কল্প [পক্ষ] উপস্থাপিত করেছেন—"অথবা পূর্বপদলোপাহত্র দ্রষ্টব্যঃ অত্যন্তসিদ্ধঃ সিদ্ধ ইতি। তদ্ বথা দেবদন্তো দত্তঃ, সত্যভাষা ভাষেতি।"

কোন একটি শব্ধ যে অর্থ কৈ বুঝায়—অনেক সময় লোকে, সেই শব্ধের একাংশ প্রয়োগ করেও সেই অর্থকে বুঝিয়ে থাকে। যেমন আঞ্চলালও এইরূপ ব্যবহার দেখা যায়। কোন লোকের নাম 'ক্লফচন্দ্র'। ভাকে 'ক্লফচন্দ্র' नारमं लार्क त्यात्र जातात्र 'कृष्कहल' मरमत अकरमम 'कृष्क' मरमत बातान ভাকে বুঝায়। এখানে 'কুফ্চন্দ্র' শব্দের উত্তর পদ 'চন্দ্র' লোপ করে বুঝানো হর। আবার কোথারও পূর্বপদের লোপ করে সমুদার শব্দের অর্থ বুঝানো হয়। যেমন 'হরিশ্চক্র' কে 'চক্র' শব্দের দারা বুঝানো হয়। এখানে 'হরি' এই পূর্বপদের লোপ করা হয়। পূর্বেও সম্পূর্ণ শব্দের একাংশ দিয়ে সম্পূর্ণ শব্দের অর্ণ বুঝানো হোত। এইজন্ত বার্তিককার একটি স্থ রচনা করেছিলেন —"বিনাপি প্রত্যয়ং পূর্বোত্তরপদয়োর্বা লোপো বাচ্যঃ" [বাঃ ৩২০০] প্রত্যয়েশ্ব লোপ না হয়েও পূর্ব বা উত্তরপদের বিকল্পে লোপ বলতে হবে। মহাভাষ্যকার এর ঘটি দৃষ্টান্ত দিয়েছেন—'দেবদন্ত' ইহা একজনের নাম। 'দেবদত্ত' শব্দের षात्रा मिटे राक्तिक मार्याधन करा वा त्यादना इया आवाद 'मिवहफ' धटे শব্দের 'দেব' এই পূর্বপদলোপকরে 'দত্ত' অংশের বারাও সেইব্যক্তিকে বুঝানো হয়। এইরূপ সত্যভামাকে 'ভামা' এই অংশের বারাও বুঝানো হয়। এইরূপে লোকে বেমন পূর্বপদের লোপ করে শব্দের প্রয়োগ করে সেইরূপ 'সিছে শব্দর্য সন্থৰে' এই বাৰ্তিকে যে 'সিৰে' পদটি আছে সেটি বাৰ্তিককার 'অত্যন্তসিৰে' এইরপ একটি সম্পূর্ণ শব্দের পূর্ববর্তী 'অত্যস্ত' পদটি লোপকরে 'সিছে' এইরপ একাংশ দ্বারা সেই 'অভ্যন্তসিদ্ধ' শব্দের অর্থ কেই বুঝিয়েছেন। 'সিদ্ধ' শব্দ নিভ্য অৰ্থ এবং কাৰ্য অৰ্থকে বুঝালেও এখানে বাৰ্তিকে 'অত্যন্তসিদ্ধ' পদাৰ্থকে বুঝাবার জন্তই বাতিককার 'সিদ্ধ' শব্দ ব্যবহার করেছেন। তাতে আর ক্মার্ব অর্থ কে বুৰা

যাবে না। কারণ কার্য পদার্থ অত্যন্ত সিদ্ধ নয়। "অস্তম্ অতিক্রাস্তঃ" অর্থাৎ যাহা বিনাশকে অভিক্রম করে অবিনাশী; ভাছাকে অভ্যস্ত বলা থেতে পারে। অবিনাশী অথে 'অত্যস্ত' শব্দটিকে গ্রহণ করলে 'অত্যস্তদিদ্ধ' শব্দের অর্থ হয় যাহা অবিনাশী সিদ্ধ। কাৰ্য পদাৰ্থ কৈ সিদ্ধ শব্দের ছারা বুঝানো হলেও কার্য পদার্থ বিনাশী বলে অত্যন্তসিদ্ধ হতে পারেনা। নিভ্য পদার্থ ই অত্যন্তসিদ্ধ। ফ্লুতরাং 'অত্যন্তসিদ্ধ' এই শব্দের'নিত্য' এই অর্থ লাভ হওয়ায়, সেই অত্যন্তসিদ্ধ শব্দের একদেশ 'সিদ্ধ' শব্দের ঘারা এখানে নিত্য পদার্থ কেই বুঝানো হয়েছে, কার্য পদার্থ কৈ বুঝানো হয় নাই। ইহাই ভাষ্যকারের বন্ধব্য। 'অভ্যন্তদিত্ব' শব্দের একদেশ 'অত্যন্ত' লোপ করে বার্তিককার 'দিব্ধ' শব্দের দ্বারা এখানে 'ষত্যস্তসিদ্ধ'কে বুঝিয়েছেন অথবা কার্য অথে রবাচক সিদ্ধ শব্দ প্রয়োগ করেছেন তার নিশ্চায়ক প্রমাণ বা যুক্তি কিছু বুঝা যাচ্ছে না—এইরূপ যদি আশহা হয়; তাতে সিদ্ধ শব্দের এথানে 'অত্যন্তসিদ্ধ' ই অর্থ ইহা নিশ্চয় করা যাবে না। ফলতঃ সন্দেহই থেকে যাবে। এইরূপ আশবার উত্তরে মহাভাষ্যকার আর একটি কল্লের [পক্লের] উত্থাপন করেছেন—"ত্বপরা "ব্যাখ্যানতো বিশেষ-প্রতিপত্তির্নহি সন্দেহাদলকণম'' ইতি নিত্যপর্বায়বাচিনো গ্ৰহণমিডি ব্যাখ্যাস্থামঃ।" কোন লক্ষণ বাক্যে বা স্তব্ৰে অর্থবিষয়ে সন্দেহ উপস্থিত হলে সেই লক্ষণ বাক্যকে বা স্ত্রকে ব্যাখ্য করে ভার বিশেষ অর্থের নিশ্চয় করভে ছবে। বিশেষ নিশ্চয় সন্দেহের নিবর্তক। সন্দেহ হয় বলে যে দেই আপ্তরচিত লক্ষণ বাক্যকে পরিত্যাগ করা বা স্থত্তকে [ঋষি প্রণীত স্ত্র] পরিত্যাগ করা—তা কোন মতেই চলবে না। ঋষি প্রণীত স্থবে বা প্রামাণিক আপ্রব্যক্তির বাক্যে সন্দেহ হলে তাকে ব্যাখ্যা করে তার বিশেষঅর্থ নিশ্চয় করে সন্দেহ দূর করতে হবে। সন্দেহ হয়বলে সেই আপ্তব্যক্তি কর্তৃক উক্ত লক্ষণ অলক্ষণ হয়ে যায় না বা ঋষিপ্রণীত স্ত্রে বা অমুশাসন বাক্য অপ্রমাণ হতে পারে না। এথানে "সিদ্ধে শব্বার্থ সম্বন্ধে" এই বাক্যটি বাতিককারেব অহুশাসন বাক্য। এই বাক্যে 'সিদ্ধ' শব্দের অর্থ নিত্য অথবা কার্য এইরূপ সন্দেহ হচ্ছে বলে এই বার্তিক বাক্যকে অপ্রমাণ বলে পরিত্যাগ করা যেতে পারে না। কিন্তু এইবাক্যকে স্পষ্টভাবে व्याशाक्त वात्कात व्यर्थ व विश्व निक्त कत्र इत्। महाखाराकान अहे ৰুধা বলে তরেপর বলছেন 'সিদ্ধে শব্দার্থ সম্বন্ধে' এই বাতিকন্থিত 'সিদ্ধ' শব্দটিকে নিতা অথের পর্যায় 'প্রতিশক্ষা বলে ব্যাখ্যা করব। তাতে এই শক্ষটি নিত্যার্থ ক

এইরপ নিশ্চয় হয়ে যাবে। নিশ্চয় হয়ে যাওয়ায় তদ্বিয়ে সন্দেহের নিবৃত্তি হয়ে যাবে। সন্দেহের নিবৃত্তি হলে বার্তিক বাক্যটি স্বতঃপ্রামাণ্যের ,প্রতিবন্ধকম্ক্র হবে।

এর অমুরূপ দৃষ্টান্ত হিদাবে একটি স্থলের উল্লেখ করা কর্তব্য মনে করে— এখানে উপতাস করছি। ত্রশ্বস্ত্তের ব্যাখ্যার আরম্ভে ভগবান্ শঙ্করাচার্য অধাাদের লক্ষণ করেছেন —''শ্বতিরূপ: পরত্র পূর্বদৃষ্টাবভাদ:।" এই বাব্যটি বেলাম্বমতে অধ্যাসের লক্ষণ বাক্য। কিন্তু কেহ কেহ বলেন এটা কোন প্রকারেই বেদান্তমতে অধ্যাদের লক্ষণ হতে পারে না। কারণ বেদান্তমতে মায়া এবং মায়ার কার্য সমন্ত জগৎ অনির্বাচ্য—মিখ্যা। এই জন্ম তাদের মতে রজ্জুতে যে সর্পের অধ্যাস হয়; সেম্বলে রজ্জ্বা রজ্জবন্দির চৈতন্য হচ্ছেন অধিষ্ঠান। সেই অধিষ্ঠানে দর্প হচ্ছে আরোপ্য। এই আরোপ্য দর্পটি ভ্রমকালে অভিনব অনির্বাচ্য ক্লপে রজ্জ্বচ্ছিন্ন চৈতন্তে উৎপন্ন হয়। এই সর্প রজ্জ্বভিন্ন অন্তত্ত্ব কোণায়ও পাকে না। রজ্জ্বতে বা রজ্জ্বক্সিল্ল হৈতন্যে ভ্রমকালে থাকে প্রাতিভাসিকরূপে; পারমার্থিক ভাবে থাকে না। স্থতরাং ঐ দর্প মিথ্যা। অক্সন্থানে স্থিত লোক ব্যবহারে পারমাধিকি দর্প -- রজ্জ্তে অন্তথা অন্তপ্রকারে ভাসমান হয়—ইহা নৈয়ায়িক, বৈশেষিক, ভাট্ট, পাতঞ্চল, প্রভৃতি বলেন। তাঁদের মতে আত্মা সত্য, জ্বগৎ ও সত্য। দেহ প্রভৃতি সত্য বন্ধতে সত্য আত্মার অন্তপ্রকারে অবভাস হয়ে আমি মায়ুষ, সংসারী ইত্যাদি ব্যবহার হয়। এইভাবে অধ্যাস বা ভ্রম স্বীকারে তাঁদের দৈতবাদে কোন হানি হয় না। যেহেতু অধিষ্ঠানও সভ্য এবং আরোপ্য ও সভ্য। কেবল আরোপ্য বস্তুটীর অন্য ভাবে আরোপ বাজ্ঞান হয় বলে জ্ঞানটি ভ্রম। বেদান্ত মতে বদি এইরপ স্বীকার করা হয়, ভাহলে ব্ৰহ্মরূপ আত্মাতে অন্তত্ত স্থিত বা সত্য দেহাদি অন্তপ্রকারে প্রকাশমান হয় এইরূপ অর্থলাভ হওয়ায় দেহাদি জগতের মিধ্যাত সিদ্ধ হয় না। তাতে অহৈতমতের হানি হয়। এইজন্ত বেদান্তমতে ব্রহ্ম বা জাত্মাতে অনিবাচ্য [সদসদনিবাচ্য] পদাথে ব অধ্যাস হয়। সেই অনিবাচ্য পদার্থ অন্তর থাকে না। কিন্তু বতক্ষণ পর্যন্ত ব্রহ্মে, প্রতীত হয়, ততক্ষণ তাহা দেই ব্ৰহ্মে থাকে.। বাধজান হলে যখন ব্ঝা ৰায় উহা ব্ৰহ্মে নাই, তখন সৰ্বথা ভার [অংগতের] অভিত বিলীন হয়ে যায়। এখন--"শ্বতিরূপ: পরত্ত পূর্বদৃষ্টাবভাদ:" এই ভগবচ্ছকবোক্ত অধ্যাদলকণ পাক্যটির যথাঞ্চত °অর্থ হচ্ছে ভিন্ন বস্তুতে পূর্বদৃষ্ট ভিন্নবস্তুর অসন্নিহিতের অবভাস—অর্থাৎ জ্ঞান বা জ্ঞায়মান। লক্ষণ বাক্যটির এইরূপ অর্থ গ্রহণ করলে শুক্তিতে রঞ্জতের অধ্যাসটির স্বরূপ এইরূপ হবে—রঞ্জত থেকে ভিন্ন বম্ব যে গুক্তি, সেই গুক্তিতে ; পূর্বে, হাটে বা নিজের ঘরের মধ্যে বাক্সে দৃষ্ট যে ভিন্ন [শুক্তিথেকে ভিন্ন] রজতরূপ বস্তু তার জ্ঞান হয়, আর সেই শুক্তিতে রজতটি অসন্নিহিত [অবর্তমান]। অধ্যাসের এই স্বরূপ হলে ভায়োক্ত লক্ষণটি অন্তথাখ্যাতিবাদীদের মতামুদারে দিদ্ধ হয়, অবৈতবাদে এইরূপ অধ্যাস সিদ্ধ হয় না। কারণ তাঁরা পূর্বদৃষ্ট অন্তবস্থিত রঞ্জের অবভাস ভিন্নবস্ত শুক্তিতে হয়—ইহা স্বীকার করতে পারেন না। ইহা স্বীকার করলে আরোপ্য রজতের মিথ্যাত্ব সিদ্ধ হয় না। অফুরপ ভাবে আত্মাতে আরোপ্যমান অনাত্মার মিধ্যাত্ম সিদ্ধ না হওয়ায় অনাত্মার সভ্যত্ত-সি**দ্ধির প্রসঙ্গ হও**য়ায় অধৈতবাদ শূল্যে বিলীন হয়ে যায়। অতএব সন্দেহ হয় যে ভায়কার ''শ্বতিরূপঃ" ইত্যাদি লক্ষণটিকি দ্বৈতবাদীদের মতামুগারে করেছেন অথবা নিজমতে করেছেন এইরূপ সন্দেহ হওয়ায় উক্ত অধ্যাসলক্ষণটি অলকণ হয়ে যায় অর্থাৎ এই লক্ষণটিকে অনির্বাচ্যবাদীদের লক্ষণ বলে গ্রহণ করা বায় না ৷ এর উত্তরে এই মহাভায়কারের উক্তিটি এখানে শ্বরণ করতে হবে "ব্যাখ্যানতো বিশেষপ্রতিপত্তি:" ইত্যাদি। অর্থাৎ ভগবছৰবোক্ত "শ্বতিরূপ:" ইত্যাদি লক্ষণ বাক্যকে ব্যাখ্যা করে বিশেষ অর্থ জ্ঞান লাভ করতে হবে। উক্ত লক্ষণ বাক্যের ব্যাখ্যা সংক্ষেপে এইরূপ করলে বিশেষজ্ঞান বশত সন্দেহ নিবৃত্তি হবৈ। যথা: 'পরত্র' পদের অর্থ ভিন্ন বস্তুতে। "স্বৃতিরূপ:" পদের অর্থ অসমানসন্তাক "পূর্বদৃষ্ট" শব্দের অর্থ পূর্বজ্ঞানজন্তসংস্কারবিষয়ীভূত। "অবভাদः" শব্দের অর্থ জ্ঞায়মান ও জ্ঞান। অর্থের অধ্যাস এবং জ্ঞানের অধ্যাস—এই দ্বিবিধ অধ্যাস সংগ্রহ করবার জন্ত 'অবভাস' শব্দটিকে কর্মবাচ্যে এবং ভাববাচ্যে ঘঞৰু বলে গ্রহণ করতে হবে। ফলত "অধিষ্ঠানাসমান সত্তাকাবভাদ" এইরূপ ফলিত অর্থ প্রাপ্ত হওয়ায় উক্ত ভগবৎপাদোক্ত অধ্যাস লক্ষণ সক্ষত হবে। কল্পতক্ষপরিমলে বিস্তৃত আলোচনা স্তইব্য ।।৪•।।

মূল

কিং পুনরনেন বর্ণ্যেন ? কিং ন মহতা কণ্ঠেন নিত্যশব্দ এবোপাতঃ, যম্মিলপোদীয়মানেহদন্দেহঃ দ্যাং ? মঙ্গলার্থম মাঙ্গলিক আচার্যো মহতঃ শান্ত্রোঘস্ত মঙ্গলার্থং সিদ্ধশব্দমাদিতঃ প্রযুঙ্কে। মঙ্গলাদীনি হি শান্ত্রাণি প্রথন্তে বীর পুরুষাণি চ ভবস্ত্যায়ুম্মংপুরুষাণি চ, অধ্যেতারশ্চ সিদ্ধার্থা যথা স্থারিতি।

অয়ংখৰপি নিত্যশব্দে। নাবশ্যং কৃটন্তেম্ববিচ। লিষ্ ভাবেষু বর্ততে। কিং তর্হি ? আভীক্ষ্যেইপি বর্ততে; যথা নিত্যপ্রহসিতঃ, নিত্যপ্রজাত ইতি। যাবতা আভীক্ষ্যেইপি বর্ততে, তত্ত্রাপ্যনেনবার্থঃ আৎ—ব্যাখ্যানতো বিশেষপ্রতিপত্তিন হি সন্দেহাদলক্ষণমিতি। পশ্যতি ছাচার্য্যে মঙ্গলার্থ শৈচব সিদ্ধশব্দ আদিতঃ প্রযুক্তো ভবিষ্যতি, শক্ষ্যামি চৈনং নিত্যপর্যায়বাচিনং বর্ণয়িতুমিতি। অতঃ সিদ্ধশব্দ এব উপাত্তো ন নিত্যশব্দ ইতি॥৪১॥

অনুবাদ: - এই বর্ণনীয়ের ব্যাখ্যের সিদ্ধ শব্দের ছারা কি [প্রয়োজন] [সিদ্ধ হবে] ? উচ্চ কণ্ঠে 'নিত্য' এই শব্দ কেন গৃহীত হলো না, যাহা [যে নিত্য ,শব্দী গৃহীত হলে অসন্দেহ [সন্দেহের প্রাগভাব রক্ষিত] ছোত ?

মঙ্গলের জন্য। মঙ্গলরূপ প্রযোজনবান্ আচার্য বিরক্ষচি—বার্তিককার]
বিশাল শান্ত্রসমূহের [বার্তিকসমূদায়াত্মক গ্রন্থের] মঙ্গলের জন্য প্রথমে [বার্তিক
গ্রন্থের প্রথমে) 'সিদ্ধ' এই শব্দের প্রযোগ করেছেন। যে 'সকল শান্ত্রের আদিতে
মঙ্গল থাকে, সেই সকল শান্ত্র বিস্তার লাভ করে [লোকে প্রচারিত হয়], সেই
সকল শান্ত্রের অধ্যয়নঅধ্যাপনাকারিগণ শান্ত্রবিচারে বিজয়ী হন, দীর্ঘায় হন
এবং সেই সকল শান্ত্রের অধ্যত্ত্বগণ সিদ্ধকাম হন। 'নিত্য' এই শন্ত্রটিও যে
অবশ্য [ঐকান্তিকভাবে] অবিনাশী ও দেশান্তরপ্রাপ্তিশ্ন্ত পদার্থকে ব্রায়, তা
নয। তা হলে কি ? [আর কাকে ব্রায়]। পৌন:পুন্ত অর্থকেও ব্রায়;
যেমন পুন: হান্ত করেছিল, পুন: পুন: জল্পনা [কথাবলা] করেছিল। যেহেত্ব্
[নিত্যশন্ধ। আভ ক্যা [পৌন:পুন্ত] অর্থকেও ব্রায়, সেথানেও [সেই নিত্যশন্ধ
প্রয়োগেও] ইহার দারাই [এই রীতিভেই] অর্থ [নিশ্চিত অর্থ গৃহীত] হবে—
'ব্যাথ্যার দারা বিশেষ জ্ঞান হয়, যেহেত্ব সন্দেহ বশত অলক্ষণ হয় না।'
'আদিতে প্রযুক্ত [ব্যবন্ধত] সিদ্ধশন্ধ মঙ্গল প্রয়োজনকই হবে ইহাকে [সিদ্ধশন্ধকে]
নিত্য অর্থের বাচক পর্যায় রূপে ব্যাথ্যা করতে পারক্ত—[ইছা] আচার্য

[বার্তিককার] দেখেছিলেন [নিশ্চয় করেছিলেন]। এইহেতু সিদ্ধ শব্দকেই গ্রহণ করেছেন, নিত্যশব্দকে [গ্রহণ করেন] নাই।।৪১।।

পদপরিচয় ঃ—'বর্ণোন' = চুরাদিগণীয় বর্ণ ধাত্র উত্তর কর্মবাচ্যে বংপ্রত্যয় করে [বর্ণি + যং] 'বর্ণা' শব্দ নিষ্পন্ন হয় ; তার তৃতীয়ার একবচনের রূপ। ইহার অর্থ — যাকে— যে সিদ্ধ শব্দকে ব্যাখ্যা করা হচ্ছে সেই ব্যাখ্যের [সিদ্ধ শব্দ] দারা। 'কিম' = প্রশ্নার্থে প্রযুক্ত হয়েছে। 'কি প্রয়োজন' - ইহাই প্রশ্নার্থ।

মান্দলিক: = অনিন্দিত ঈপ্দিত বস্তুর সিদ্ধিকে মন্দল বলে। মন্দল শব্দের: উত্তর "মন্দলং প্রয়োজনমস্তু" এইরূপ অর্থে ঠিক্' প্রত্যেষ করে 'ঠ এর স্থানে 'ইক' করে মান্দলিক শব্দ নিপ্দার হয়েছে। এর অর্থ মন্দল বার প্রয়োজন এমন আচার্য। আচার্বের বিশেষণ হয়েছে মান্দলিকটি।

নিত্যপ্রহসিতঃ = প্রউপসর্গ পূর্বক হস্ ধ্যুত্র উত্তর কুর্তবাচ্চে 'ক্ড' প্রত্যর করে 'প্রহসিতঃ' শব্দ সিদ্ধ হয়। তার অর্থ হাস্ত করেছিল [যে কর্তা] ৮ 'প্রহসিতঃ' শব্দের সঙ্গে শব্দের সমাস করে [নিত্যং] প্রহসিতঃ "নিত্য "বিত্য শব্দের হয়েছে। অর্থ হচ্ছে = পুনঃপুনঃ হেসেছিল। এইরূপ "নিত্য প্রজ্ঞান্তঃ" শব্দেরও ব্যুৎপত্তি ব্যুতে হবে। জ্লাধাতুর অর্থ কথা বলা ।।।।।।।।।।

বিবৃত্তি :— 'সিদ্ধ' এই শক্ষটি নিত্য অর্থকে ব্ঝায়, আবার কার্য বা উৎপাদ্ধ অর্থকেও ব্ঝায়। যেমন 'সিদ্ধমাকাশম্' এইরপ প্রয়োগ; আবার সিদ্ধ মন্ধ্য' এইরপও প্রয়োগ হয়। 'সিদ্ধে শব্দার্থসন্ধান' এই বার্তিকে 'সিদ্ধ' শব্দটি নিত্য অর্থে প্রযুক্ত হয়েছে, অথবা কার্য অর্থে প্রযুক্ত হয়েছে এইরপ সন্দেহ হলে মহাভাষ্যকার নানাভাবে এখানকার সিদ্ধ শব্দটিকে নিত্যার্থক বলেছেন। শেষে বললেন সন্দেহ স্থলে ব্যথ্যার ঘায়া নিশ্চয় উৎপাদন করে সন্দেহ দ্র করা হয়। অতএব উক্ত বার্তিক বাক্যস্থ সিদ্ধ শব্দটির ব্যাখ্যা করে নিত্য অর্থ গ্রহণ করা হল। মহাভাষ্যকারের এই কথায় পূর্বপক্ষী বলছেন — ''কিং প্রেরনেন বর্ণ্যেন। ••• অসন্দেহ: স্যাৎ।" বার্তিককার যদি নিত্য অর্থ ব্যাবার জ্বন্য সিদ্ধ শব্দের প্রয়োগ করে থাকেন, তা হলে তাঁর তাহা উচিত হয় নাই। কারণ সিদ্ধ শব্দটি বখন হার্থে বোধক শব্দ, নিত্য ও কার্য এই তুই অর্থের বোধক, তখন সিদ্ধ শব্দ নিত্যার্থক কি কার্যার্থক ? সন্দেহ হবেই, উক্ত বার্তিকবাক্যে সিদ্ধ শব্দ নিত্যার্থক কি কার্যার্থক ? সন্দেহ

হলে মহাভাষ্যকার বললেন ব্যাখ্যা করে একতর অর্থের অর্থাৎ এখানে নিত্য অর্থের গ্রহণ করতে হবে। কিন্তু এইব্ধপ ব্যাখ্যা করবার প্রয়োজন কি? বে 'সিদ্ধ' শব্দের অর্থনিশ্চরের জ্বন্ত ব্যাধ্যা করতে হচ্ছে, সেইরূপ ব্যাধ্যের 'সিদ্ধ' শব্দ বার্তিককার প্রয়োগ করলেন কেন? 'নিডা' অর্থ বুঝাবার যদি তাঁর প্রয়োজন ছিল, তাহলে তিনি 'নিতা' এই শক্টি কেন প্রয়োগ করলেন না। "নিত্যে শব্দার্থসম্বন্ধে" এইরূপ বার্তিক বাক্য রচনা করলে তো আর সন্দেহের অবকাশ থাকতো না। স্থতরাং সেই সন্দেহ দূর করবার জন্য আর ব্যাখ্যারও আবশুক্তা হতো না। পূর্বপক্ষীর এইরূপ আশহার উত্তরে মহাভাষ্যকার বলছেন—'মৰলাথ'ম্' মললের জন্ম। এইটি সংক্রিপ্ত ভাষ্য। এই সংক্রিপ্ত ভাষ্যের ব্যাখ্যা নিজেই মহাভাষ্যকার 'মাঙ্গলিক আচার্যো ষথা স্থারিতি' এই গ্রন্থে প্রদর্শন করেছেন। ভাষ্যের লক্ষণেই আছে "অপদানি চ বর্ণাস্তে" অর্থাৎ ভাষ্যকার নিজের কবিত সংক্ষিপ্ত পদগুলিকে নিজেই ব্যাখ্যা করেন। দেই জন্ম এখানে মহাভাষ্যকার 'মঙ্গলার্থ'ন্ এই সংক্ষিপ্ত পূর্ববর্ণিত পদটির নিজেই ব্যাখ্যা করেছেন। পূর্বেই বলা হয়েছে কাত্যায়ন, পাণিনি স্বজের উপর প্রায় চারহাজার বাতিকবাক্য রচনা করেছিলেন। হুতরাং তাঁর বার্তিক গ্রন্থটি বিশাল গ্রন্থ। এইরূপ একটি বিশাল গ্রন্থ রচনা করতে গেলে তার প্রথমে মন্নগাচরণ করা শিষ্ট সম্প্রদায়ের আবশুকীয় রীতি। বার্তিককার এই মঙ্গলাচরণ বিষয়ে অনবহিত ছিলেন না। তিনি বিলক্ষণভাবে জানতেন যে শাম্বের আদিতে মঙ্গলাচরণ করতে হয়। বাতিককারের মঙ্গলেরও প্রয়োজন ছিল। মঙ্গলের দ্বারা গ্রন্থসমাপ্তি হয় অথবা গ্রন্থসমাপ্তির বিদ্ধবংস হয়। এতদ্বাতীতও শাল্পের আদিতে মঞ্লাচরণ করা হলে যে শাল্পের আদিতে মঞ্চল বৰ্ণিত হয় সে শাস্ত্র লোকে প্রচারিত হয়, সেই শাস্ত্র থিনি অধ্যয়ন করেন বা অধ্যাপনা করেন তাঁদের শান্তবিচারে জয় হয়, সেই শান্ত যাঁরা অধ্যয়নাদি করেন তাঁরা দীর্ঘায় হন, এবং অধ্যয়নকারীরা তাঁদের কাম্য ফল লাভ করেন। বাতিককার এই সমন্ত জানতেন। সেই জন্ম তিনি তার বাতিক গ্রন্থের जामिए 'निजा' भरमत अर्याण ना वरत मिन्न' भरमत अर्याण करत्रहरू। 'সিদ্ধ' শব্দ ধ্রবণ করলে বা উচ্চারণ করলে মঙ্গল হয়। এইরূপ বলা সত্ত্বেও যদি পূর্বপক্ষী সম্পূর্ণ আখন্ত হতে না পারেন তাঁর মনে যদি সেই পূর্বোক্ত ভাব উদিত হয় অর্থাৎ বাতিককার গ্রন্থারন্তের প্রথমে মদলার্থক অন্তর্তুন 'অর্থ'

শব্দাদির প্রয়োগ করে অসন্দিগ্ধ 'নিত্য' শব্দের প্রয়োগ কেন করলেন না। 'অথ নিত্যে শব্দার্থ সম্বন্ধে' এই ভাবে যদি বার্তিক গ্রন্থ রচনা করতেন তা হলে তো আর কোন দোষ থাকতো না। মললাচরণও করা হোত আর সন্দেহের অবকাশও হোত না। এর উত্তরে মহাভাষ্যকার বলেছেন "অয়ং খৰপি নিত্যশব্দ তেওঃ সিদ্ধ শব্দ এবোপাতো ন নিত্যশব্দ ইতি।" মহাভাষ্যকার পূর্বপক্ষীকে বলছেন দেখ। তুমি বলছ বাতিককার ভোর গলায় অসন্দিশ্ধ 'নিড্য' শব্দের প্রয়োগ করলেন না কেন ? সিদ্ধ শন্ধটি সন্দিশ্ধ, कार पेहा दार्थ राधक वरन लाकिर मस्मर रहा। भावार मिर्ट मस्मर নিরাদের জন্ম ব্যাখ্যা করতে হয়। কিন্তু দেখ ! যে 'নিত্য'শব্দের ৰুণা তুমি বলছিলে সেই নিতা শব্দও কেবল মাত্র অবিনাশী ও উৎপত্তি রহিত নিতা অর্থকে যে বুঝায় তা নয়। কিন্তু 'নিত্য' এই শক্টিও ছার্থক। এই নিত্য শব্দটি পৌন:পুত্ত অর্থকেও বুঝায়। যেমন "নিতা আত্মা" এথানে অবস্থান্তর-শুস্তু অবিনাশী জন্মরহিত নিত্য অর্থ কৈ নিত্য শন্ধটি বুঝাচ্ছে। আবার "নিত্য প্রহসিত:" এইরপ প্রয়োগও হয়। এখানে 'নিতা' শব্দের উৎপত্তি বিনাশশূক্ত অর্থ হতে পারে না। কারণ হাস্তক্রিয়া কথনও উৎপত্তি বিনাশ শৃন্ত নয। কিন্তু এখানে 'নিত্য' শব্দের আভীক্ষ্য অর্থাৎ পোনঃ পুন্তই অর্থ । পুনঃ পুনঃ হাসছে ইছাই বুঝা যায়। স্থতবাং বাতিককার যদি তাঁর বাতিক গ্রন্থের প্রথমে 'নিতা' এই শব্দ প্রয়োগ করতেন "নিত্যে শব্দার্থ সম্বন্ধে" এইরূপ বলতেন তা হলেও লোকের সন্দেহ হোত 'নিতা' এই শব্দটি এখানে কি উৎপত্তি বিনাশ শূল অর্থ কে বুঝাছে অথবা পৌন:পুল অর্থ কে বুঝাছে। সন্দেহ হলে আবার দেই "ব্যাখ্যানতো বিশেষপ্রতিপত্তি:" অর্থাৎ ব্যাখ্যা করতে হোত, ব্যাখ্যা করে, তবে বিশেষ নিশ্চয় পূর্বক সন্দেহ দূর করতে হোত। তাতে লাভ কি হোত। লাভ তো হোত না বরং ক্ষতিই হোত। ক্ষতি এই যে প্রথমেই 'নিত্য' এই শব্দের প্রয়োগ করলে বার্তিককারের মঙ্গলাচরণ করা হোত না। 'নিতা' শস্কৃটি মঙ্গল জ্বনক নয়। 'সিদ্ধ' শস্কৃটি মঙ্গলজনক। বাতিককার ইহা .বিশেষভাবে ক্লেনে আদিতে 'সিদ্ধ এই শব্দের প্রয়োগ করেছেন। আর তিনি ইহা জানতেন যে এই সিদ্ধ শন্ধটিকে নিত্যের পর্যায় রূপে ব্যাখ্যা করতে পারব। স্থতরাং বার্তিককারের এই আদিতে 'সিদ্ধ' শব্দের প্রয়োগ অতীব বুরিম ভার স্টেনা করে দিছে। এও প্রয়োগে ছুইকার্য সিদ্ধি মুদ্দাচরণ করা

এবং শব্দার্থ সহক্ষের নিভাছ বুঝান। 'নিভা' শব্দের আদিতে প্রয়োগ করে, ব্যাধাা করে নিভা অর্থের বাচকত্ব বলে প্রতিপাদিত করলেও মঙ্গলাচরণ কার্য নিষ্ণায় হোত না। ভার জন্ম অন্য কোন 'অর্থ' শব্দের অতিরিক্ত প্রয়োগে মঙ্গলাচরণ সিদ্ধ হলেও গৌরব দোষ হয়ে যেত। 'অর্থ' শব্দের ছাব। মঙ্গলাচরণ, আর 'নিভা শব্দের ছারা নিভা অর্থ বুঝানো, এতে গৌরব দোষ হোত। আদিতে 'সিদ্ধ এই শব্দের প্রয়োগে একটি শব্দের ছারা উভয় কার্য সিদ্ধ হওয়ায় লাঘ্ব রক্ষিত হয়েছে। এইজন্ম বাতিককার আদিতে 'সিদ্ধ' শব্দের প্রয়োগ করেছেন, 'নিভা' শব্দের প্রয়োগ করেন নাই॥ ৪১।

মূল

অথ কং পুনং পদার্থং মদৈষ বিগ্রহঃ ক্রিয়তে—"দিদ্ধে শব্দে অর্থে সম্বন্ধে চ" ইতি ? আকৃতিমিত্যাহ। কৃত এতং ? আকৃতিহি নিত্যা দ্রব্যমনিত্যম্। অথ দ্রব্যে পদার্থে কথং বিগ্রহঃ কর্তব্যঃ ? সিদ্ধে শব্দে অর্থসম্বন্ধে চেতি। নিত্যো হার্থ বিতামধৈ রভিসম্বন্ধঃ ॥৪২॥

অনুবাদ ঃ—[আছা] কাকে [কোন বস্তুকে] পদের এথ মনে করে 'সিদ্ধেশবদ অর্থে সম্বন্ধে চ' এইরপ বিগ্রহ [সমাস বাক্য] করছ ? আরুতিকে [পদের অর্থ মনে করে] ইহা বলেন। কিহেতু ইহা [আরুতি পদের অর্থ] ? আরুতি নিত্য, দ্রব্য [ব্যক্তি] অনিত্য। দ্রব্য [ব্যক্তি], পদের অর্থ হলে কিপ্রকার বিগ্রহ করবে ? 'সিদ্ধে শব্দে অর্থসম্বন্ধে চ' এইরপ [বিগ্রহ করব]। অর্থের সহিত অর্থবানের [শব্দের] সম্বন্ধ নিত্য ॥৪০॥

বিবৃত্তি ঃ—'নিদ্ধে শব্দার্থসম্বন্ধে' এই বার্তিকবাকান্থিত 'সিদ্ধ' শব্দটি 'নিত্য' অর্থের বাচক ইহা মহাভাগ্যকার বহু যুক্তি দারা প্রতিপাদন করে এলেন। তার পূর্বে মহাভাগ্যকার 'সিদ্ধে শব্দার্থসম্বন্ধে' এই বাক্যের বিগ্রহ বাক্য প্রদর্শন করেছেন সিদ্ধে শব্দে অর্থে সম্বন্ধে চ ইতি। অবশ্রু 'সিদ্ধে' এই শব্দটি সমাসের অন্তর্গত নয় বলে বিগ্রহ বাক্যে 'সিদ্ধে' এই শব্দের উল্লেখ করা নিশ্রায়ান্ধন বলে মনে হলেও প্রকৃতপক্ষে নিশ্রায়ান্ধন নয়। কারণ মহাভাগ্যকার 'সিদ্ধে শব্দার্থসম্বন্ধে" এই বার্তিক বাক্যের অন্তর্গত পদগুলির অর্থের সম্বন্ধ কিরূপ হবে তাকে লক্ষ্য করেই প্রন্থ বিগ্রহ বাক্য প্রদর্শন করেছেন ক্ষমাসের পূর্বে বা পরে যে পদ প্রীকে, সেই পদটি বিশ্বমাসের অন্তর্গত

প্রত্যেক প্রের সঙ্গে সৃষ্ণ হয় এইরূপ নির্ম আছে (২·৮)৷ শলার্থসন্থত্তে এইপদটি সমাহার बन्ध সমাসমুক্ত পদ। তার পূর্বে 'সিদ্ধে' এই পদটি আছে। উক্ত নিয়ম অমুদারে 'দিদ্ধে' এই পদটি 'শব্দ অর্থ ও সম্বন্ধ' এই তিনের সঙ্গে সম্বন্ধ হবে। 'শৰু' নিত্য এবং কাৰ্য এই উভয় প্ৰকার আছে ইহা মহাভায়কার[.] ৩৯ শংখ্যক গ্রন্থে দেখিয়েছেন। অবশ্য সেখানে কার্যাত্মক শব্দকে প্রবাহরূপে নিত্য বলে ব্যাথ্যা করেছেন কৈয়ট। আর অর্থ [পদের অর্থ] জাতি এবং ৰ্যক্তি উভয়ই পাণিনির সন্মত ইহা ৩৮ সংখ্যক গ্রন্থে দেখানো হয়েছে। এখন বার্তিককারের 'সিদ্ধে শব্দার্থ' সম্বাদ্ধ বার্তিকে সিদ্ধ শব্দারৈ অর্থ যখন নিতা বলেই গৃহীত হয়েছে, তথন ''সিদ্ধেশস্বে অর্থে সম্বন্ধে চ' এইরূপ বিগ্রহে সিদ্ধ শব্দ যদি 'শব্দ অর্থণ্ড সম্বন্ধ' এই তিনের প্রত্যেকের সহিত সম্বন্ধ হয়, তাহলে শব্দ ও নিত্য, অর্থ ও নিত্য, এবং সম্বন্ধ [শব্দ ও অর্থের সম্বন্ধ] ও নিত্য ইহাই পাওয়া ষায়। অর্থ নিত্য বললে সেই অর্থ অর্থাৎ পদের অর্থ টি কি যাকে নিত্য বলা হচ্ছে, সেই অর্থ টি কি জাতি অথবা ব্যক্তি এইরূপ সন্দেহ করে-প্রশ্ন করছেন "অথ কংপুন:পদার্থ[ং] মত্বা····· সম্বন্ধে চেতি"। আপনি: [মহাভাল্তকার] কোন্ বস্তকে পদের অর্থ মনে করে বার্তিক বাক্যের 'সিঙ্কে শব্দে, অর্থে সম্বন্ধে চ' এইরূপ বিগ্রহ করেছেন ?

এর উত্তরে মহাভাশ্যকার বলছেন 'আরুতিমিত্যাহ।' 'আরুতিম্' এইপদের পর "পদার্থ' মত্বা এম' বিগ্রহঃ ক্রিয়তে সিদ্ধে শব্দে অথে সম্বন্ধে চ ইতি।'' এই পূর্ববাক্যাংশটির অন্তরঙ্গ করে অর্থ ব্যুতে হবে। তাহলে সমগ্র বাক্যটি এইরূপ হবে "আরুতিং পদার্থ' মত্বা সিদ্ধে শব্দে অথে সম্বন্ধে চেতি বিগ্রহঃ ক্রিয়তে ইতি আহ।" তার অর্থ হবে "আরুতিকে পদার্থ মনে করে সিদ্ধে, শব্দে অথে সম্বন্ধে চ' এইরূপ বিগ্রহ করা হয়েছে' ইহা বলেন।" কে বলেন' তার কোন কর্তার নির্দেশ নাই। স্থতারাং বলা ক্রিয়ার কর্তা। মহাভাষ্যকার "ক্রমং" "বদামং" এইভাবে প্রত্যক্ষ [স্পট্টভাবে] উত্তমপূক্ষবের প্রয়োগ না করে নিজেকে প্রায়শঃ প্রথম পূক্ষবরূপে উল্লেখ করেন। ইহা অনেকস্বলে দেখা বাচ্ছে। তিনি নিজের অহন্ধার সম্পূর্ণ বিদর্জন দিয়ে, সর্বক্ত অতিবিনীত ভাবেই প্রতিপান্থ বিষয়ের উল্লেখ করেন। 'আরুতিমিত্যাহ'

⁽২০৮) 'দ্বনাং প্রং পরং বা উচ্চার্যমানং পদং প্রত্যেব মন্তিস্থলতে।

এই বাক্যে 'আকৃতিম্' পদের পর ঐরপ পূর্ববাক্যাংশের অন্থয়ক না করলে এখানে অথের সামঞ্জন্ম হবে না। 'ইতি' নিপাতের যোগে 'আকৃতিম্' এইরপ দিতীয়া না হয়ে প্রথমা হয়ে যাবে। এথানে 'আকৃতি' শব্দের অথ পূর্বের মত 'লাতি' বলেই বুঝতে হবে। পরবর্তী ভাষ্য গ্রন্থের দ্বারাও ইহা বুঝা যাবে। আকৃতি অর্থাৎ জাতিকে পদার্থ মনে করে ঐরপ [পূর্বাক্ত প্রকারে] বিগ্রহ করা হয়েছে, ব্যক্তিকে পদার্থ মনে করে বিগ্রহ করা হয় নাই কেন ওইরপ আশব্ধা করে পূর্বপক্ষী বলছেন 'কৃত এতং কি হেতু ইহা অর্থাৎ আকৃতিকে পদার্থ মনে করে বিগ্রহ করা হয়েছে, ব্যক্তিকে পদার্থ মনে করে বিগ্রহ করা হয়েছে, ব্যক্তিকে পদার্থ মনে করে বিগ্রহ করা হয় নাই কেন ইহার উত্তরে ভাষ্যকার বলছেন 'আকৃতিহিনিত্যা দ্রব্যমনিত্যম্।' থেহেতু জ্বাতি নিত্য, দ্রব্য অর্থাৎ ব্যক্তি অনিত্য। ব্যক্তিকে পদার্থ বলে গ্রহণ করলে "দিন্ধে অর্থে" এইরপ অন্থয় অসকত হয়ে যাবে। অথচ 'দিদ্ধে শব্দে অর্থে সন্থক্কেট' এইরপ বিগ্রহে নিত্য শব্দ, নিত্য অর্থ, নিত্য সম্বন্ধ এইরপ অর্থ পাওয়া যায়। ব্যক্তি অনিত্য, জ্বাতিনিত্য এইজন্য জাতিকে পদের অর্থক্রপে গ্রহণ করে উক্ত বিগ্রহ করা হয়েছে।

অনস্তর ভায়কার ব্যক্তিকে পদের অর্থ বৈলে গ্রহণ করলেও 'দিদ্ধে শন্ধার্থ' সন্থান্ধ' এই বার্তিক গ্রন্থের সমন্বয় করা যাবে এই অভিপ্রায়ে পূর্বপক্ষ উঠিয়েছেন ''অথ দ্রব্যে পদার্থে কথং বিগ্রহঃ কর্তব্যঃ ?' দ্রব্য অর্থাং ব্যক্তিকে পদার্থ বিলে গ্রহণ করলে 'দিদ্ধে শন্ধার্থ সন্থানে কিরুপে বিগ্রহ করা যাবে ? এর উত্তরে বলেছেন ''দিদ্ধে শন্ধে অর্থ সন্থান্ধ চ ইতি' দিদ্ধ শন্ধ, দিদ্ধ অর্থ সন্থান এইরূপ বিগ্রহে দিদ্ধে শন্ধটির 'শন্ধ' এই শন্ধের সঙ্গে এবং 'অর্থ সন্থান' এই শন্ধের সঙ্গে সন্থান করতে হবে। তার মানে ''শন্ধার্থ সন্থান' এই বার্তিকের পদটিকে এইভাবে ব্যুৎপাদন করতে হবে 'অর্থানাং সন্থান' ওই জাবে ব্যুৎপাদন করতে হবে 'অর্থানাং সন্থান' করতে হবে। তৎপুক্রব সমাসে সাধারণতঃ উত্তর পদের অর্থ প্রধান হয়। এই জন্ম 'অর্থ সন্থান হয়ে গাবে। তার পর 'শন্ধান্ধ শন্ধির অর্থ প্রধান হবে, অর্থ অপ্রধান হয়ে যাবে। তার পর 'শন্ধান্ধ অর্থ সন্ধান্ধ অনব্যোঃ সমাহারঃ'' এইরূপ বিগ্রহে সমাহার হন্দ্ব সমাস করতে হবে। সমাহার বন্দ্ব হলে সমাহারে একবচন ও নপুংসক্তিক হওয়ায় 'শন্ধান্ধ সন্থান্ধ,' এইরূপ প্রথমাবিভক্তিতে

রূপ হবে। সেই 'শব্দার্থ'দম্ম রূপ সমাহার ছন্দ্দমাদযুক্ত শব্দের সপ্তমীতে ''শবার্থ সম্বন্ধে" এইরূপ সিদ্ধ হরেছে। এইরূপ সিদ্ধ হওয়ায় ''সিদ্ধে শব্বার্থ সম্বন্ধে" এই বার্তিক বাঞ্যের অন্তর্গত অসমন্ত 'সিদ্ধে' এই পদটির অর্থ [নিত্য] 'শস্বাৰ' দৰছে' এই সমাসান্ত শস্বের অন্তর্গত 'শব্ব' এই শব্বের অর্থে এবং 'অর্থ'সম্বন্ধ' এই শব্দের অর্থে অন্বিত হবে, 'অর্থ'সম্বন্ধে'র অন্তর্গত 'অর্থ' এই শব্দের অর্থে অবিত হবে না। কারণ "পদার্থ: পদাথে নারেতি নতু भवारिथ करमरमन" भरमत [এकि भरमत] अथ⁴, अभन्न भनारथ⁴न [अभन्न পদের প্রধান অর্থের] সহিত অন্বিত হয়, পদার্থের [অপর পদার্থের] একাংশের সহিত অন্বিত হয় না। এইরূপ নিয়ম আছে। শব্দুক অর্থসম্বন্ধুক এইরূপ হল্ব সমাদ [সমাহার হল্ব] করাতে হল্বসমাদে সকল পদের অর্থ প্রধান বলে "সিছে" এই পদের অর্থ টি 'শব্দ' পদের অর্থের সঙ্গে এবং 'অর্থসম্বন্ধ' পদের অথেব সবে অবিত হবে। "অথ'সম্বন্ধ" শব্দটি ষষ্ঠীতংপুরুষসমাস নিষ্পান্ন হওয়ায় 'অর্থ' এইশস্কটি 'অর্থ'সম্বন্ধ' শস্কের একদেশ [একাংশ] হয়ে গেছে বলে 'সিদ্ধ' শব্দের অবর্ণ সেই 'অব্পেম্বন্ধ' শব্দের একাংশ 'অব্থ' শব্দের অথেবি সহিত অম্বিত হবে না। স্থতরাং ''সিদ্ধঃ শব্ধঃ'' অর্থাৎ নিত্য, শব্ধ, "দিদ্ধ: অর্থাপদম্ম অর্থাৎ নিত্য অর্থাপম্ম [পদের অর্থের নম্ম] এইরূপ অর্থে শব্দের নিত্যত্ব এবং অর্থশৈষ্ট্রের নিত্যত্ব প্রাপ্ত হওয়ায় অর্থ বা পদের অর্থকে ব্যক্তি বলে গ্রহণ করলে ব্যক্তি অনিত্য হলেও কোন দোষ হয় না। কারণ 'সিদ্ধ' এই শব্দের অর্থ টি তো ''অর্থ'সম্বন্ধের" অন্তর্গত ব্যক্তিরপ অর্থে অন্বিত হচ্ছে না। এই অভিপ্রায়ে মহাভায়কার বললেন ব্যক্তিকে পদের অর্থ त्राम श्राह्म क्रिया 'निष्क भरक व्यर्थनम्य **४' अर्थे** अर्थे क्रिया क्रिया हरत।

কিন্তু এইরূপ বললেও এর উপর প্রশ্ন উঠা স্বাভাবিক এই যে—অর্থ পদের অর্থ ব্যক্তি হলে, সেই ব্যক্তি অনিত্য বলে অর্থও অনিত্য হল । অর্থ বদি অনিত্য হয় তাহলে অর্থের সম্বন্ধ কি করে নিতা হবে ? অর্থ অনিত্য হলে সেই অর্থের বিনাশ হওয়ায়, তার সম্বন্ধও অনিত্য হয়ে যাবে । অথচ মহাভায়্যকার 'সিদ্ধে অর্থ সম্বন্ধে' এইরূপ বিগ্রহ প্রদর্শন করে, অর্থ সম্বন্ধকে নিত্য বলে স্কৃতিত করেছেন । ইহা তো অমুপ্পয়। এই প্রশ্নের উত্তরে কৈয়ট মহাভায়্যএদীপে বলেছেন অর্থ অনিত্য হলেও অর্থের সঙ্গে শস্ক্রের বে সম্বন্ধ সে
সম্বন্ধ হচ্ছে যোগাতা। সেই যোগাতার আশ্রেয় হচ্ছে শক্ষ ! শক্ষ নিত্য

বলে তাতে আন্ত্রিত বোগ্যতারপ সম্বন্ধও নিত্য হতে পারে(২০০)। এই বোগ্যতা হচ্ছে অর্থজ্ঞানজনকত্বযোগ্যতা। শব্দ, অর্থজ্ঞানের জনক হয়, শব্দের অর্থজ্ঞান জনকতার যোগ্যতা আছে, সেই যোগ্যতা হচ্ছে তাদাত্ম্য। পদের অর্থ নাই হলে বা ভবিষ্যতে উৎপন্ন হলেও শব্দ, সেই নাই বা ভাবী অর্থের জ্ঞান জন্মিরে দের বলে নাই বা ভাবী পদার্থ বৃদ্ধিতে উপস্থিত হয়। সেইবৃদ্ধিতে উপস্থিত অর্থের সঙ্গে শব্দের তাদাত্ম্য সম্বন্ধ নিত্য হতে পারে। যেহেতু শব্দে স্থিত সম্বন্ধটিও নিত্য হয়। আকাশ যেমন নিত্য সেইরূপ আকাশবৃত্তি শব্দেও নিত্য হয়। আকাশ যেমন নিত্য সেইরূপ আকাশবৃত্তি শব্দেও নিত্য মহাভাষ্যকারও বলেছেন "নিত্যো হর্থবিতান্যথৈরিভিসম্বন্ধং"। অর্থ আছে বাদের সেই শব্দসমূহের; অর্থের সহিত সম্বন্ধ নিত্য। ৪২।।

মূল

অথবা জব্য এব পদার্থ এর বিগ্রহো স্থাব্যঃ—সিদ্ধে শব্দে অথে সম্বন্ধে চেতি। জব্যং হি নিত্যমাকৃতিরনিত্যা। কথং জ্ঞায়তে ? এবং হি দৃশ্যতে লোকে মৃৎ কয়াচিদাকৃত্যা যুক্তা পিণ্ডো ভবতি, পিণ্ডাকৃতিমুপমৃত্য ঘটিকাঃ ক্রিয়স্তে, ঘটিকাকৃতিমুপমৃত্য কৃণ্ডিকাঃ ক্রিয়স্তে। তথা সুবর্ণং কয়াচিদাকৃত্যা যুক্তং পিণ্ডো ভবতি, পিণ্ডাকৃতিমুপমৃত্য ক্রচকাঃ ক্রিয়স্তে, ক্রচকাকৃতি-মুপমৃত্য কটকাঃ ক্রিয়স্তে। কটকাকৃতিমুপমৃত্য স্বস্তিকাঃ ক্রিয়স্তে। কটকাকৃতিমুপমৃত্য স্বস্তিকাঃ ক্রিয়স্তে। ক্রাকৃতিমুপমৃত্য স্বস্তিকাঃ ক্রিয়স্তে। প্নরপ্রয়াকৃত্যা যুক্তঃ থাদিরাক্সারস্বর্ণে কৃণ্ডলে ভবতঃ। আকৃতিরন্যা চান্যা চ ভবতি, জব্যং পুনস্তদেব। আকৃত্যপমর্দেন জব্যমেবাবশিষ্যতে ॥৪৩॥

অনুবাদ: - অথবা দ্রব্য [উপাদান দ্রব্য ও ব্যক্তি] পদার্থ হলেই 'সিছে

⁽২০৯) অনিত্যেহর্ষে কথং সম্বন্ধস্য নিত্যতেতি চেদ্, যোগ্যভালকণ্ডাং সম্বন্ধস্য, তস্যাশ্চ শ্বশাসম্বাচ্ছসম্য চ নিতাতাদদোৰঃ।

⁽২১০) নমু তাদাস্মান্ত সম্বন্ধৰে কৰ্ম: তন্ত নিতাম্বিতি চেন্ন। নইতাবিবন্ধনোহণি বোধাৰোন্ধাৰ্থেন তদ্য তাদাস্মা: নিতামিত্যাশ্মাং। শব্দবৃত্তিধ্বলৈয়বাৰ্থ বৃত্তিধ্বাভেদমাপন্নত তাদাস্মান্থেনাদোৰ্থাক। 'শব্দত্ত চ নিতাগ্ৰাদি'তি। আকাশবন্তনিন্ধান্দিশি নিতাঃ। ব্যক্সকাভাবাত্ত্ৰ সৰ্বদোশসম্ভ ইতি। মিহাভান্তব্দীপোদ্যোত্ত্

শব্দে অর্থে সম্বন্ধে চ' এই [এইরপ] বিগ্রাহ যুক্তিযুক্ত। বেহেতু দ্রব্য নিত্য, আকৃতি [অবয়বসন্নিবেশ] অনিত্য। কিরপে জানলে? [দ্রব্য নিত্য, আকৃতি অনিত্য—ইহা কিরপে জানলে]। লোকে এইরপ দেখা যার—মৃত্তিকা কোন এক আকার বিশেষ বিশিষ্ট হলে পিও হয়; পিওাকারকে নষ্ট করে হোট ঘট করা হয়। ছোট ঘটের আকারকে নষ্ট করে হাঁতি উৎপাদন করা হয়। সেইরপ স্থবর্গ কোন এক আকারের ঘারা যুক্ত হলে পিও হয়; পিওাকারকে নষ্ট করে ফচক [অলম্বারবিশেষ] করা হয়, ফচকাকারকে নষ্ট করে কটক [স্থবর্ণালম্বারবিশেষ] করা হয়, কটকাকারকে নষ্ট করে অত্তিক [স্থবর্ণালম্বারবিশেষ] করা হয়, কটকাকারকে নষ্ট করে অত্তিক [সোনার আর এক প্রকার অলম্বার] করা হয়।

[সেই ক্চকাকারাদি থেকে] পুনরায় স্বর্গ, পিগুাকারে আবর্তিত [হয়]।
পুনরায় অপর আকারের বারা যুক্ত হয়ে [স্বর্গপিগু] থদির কাষ্টের অগ্নির
বর্গ সদৃশ বর্গবিশিষ্ট কৃণ্ডল যুগল হয়]। আকৃতি [অব্যবসন্ধিবেশক্রপ আকার]
ভিন্ন ভিন্ন হয়; কিন্তু দ্রব্য তাহাই [থাকে]। আকারের বিনাশে দ্রব্যই
অব্বিষ্টি থাকে॥ ১৩॥

বিব্ল'ড :---মহাভায়কার, কোন শ্রুতি বাক্য বা স্থত বা বাতিক প্রভৃতির ব্যাখ্যায় নানাপ্রকার নৈপুণ্য প্রদর্শন করেন। নানা পক্ষ অবলম্বন করে ব্যাখ্যার কৌশল প্রদর্শন পূর্বক সিদ্ধান্ত স্থাপন করা, মহা ভায়কারের এক অম্ভুত প্রতিভার কার্য। পূর্বে 'সিদ্ধে শব্দার্থ সম্বন্ধে' এই বার্তিকের ব্যাখ্যায় আক্কৃতি অর্থাৎ জাতিকে পদের অর্থ স্বীকার করে বিগ্রন্থ বাক্য প্রদর্শন করেছেন। আক্রতি বা স্বাতির নিত্যতা নিবন্ধন তাতে 'সিদ্ধ' এই বিশেষণের অন্বয় দেখিয়েটেন। এখন দ্রব্যকে পদের অর্থ স্থীকার করে তাতে [দ্রব্যে] 'সিদ্ধ' এই বিশেষণের সামঞ্জ প্রতিপাদনের জন্ম বলছেন—'অথবা দ্রব্যে এব পদার্থে" ইত্যাদি। এথানে দ্রষ্টব্য এই যে—মহাভান্তকার পূর্বে দ্রব্যকে অনিত্য বলেছিলেন আর আক্বতিকে নিত্য বলেছিলেন,—আর এখন ঠিক তার বিপরীত বলছেন—দ্রব্য নিত্য আর আকৃতি অনিত্য। এতে পরস্পর বিরুদ্ধার্থ কথন রূপ দোষ ভাগ্রকারের উপর আপতিত হয়। কিন্তু বস্তুত তা নয়। তিনি এই ভাবে বিক্লমার্থবাদী নন। তাঁর বাক্যের অর্থ, গম্ভীর। পূর্বে তিনি আকৃতি শব্দে জাতি এবং দ্রব্য শব্দে ব্যক্তিকে বুরিয়েছিলেন। জাতি নিত্য, भवांकि वाक्ति व्यनिष्ठा—रेश भवदक्षवांनी देवराकद्रण ७ व्यवस वक्षवांनी दवनान्ति ভিন্ন-প্রায় সকলেই স্বীকার করেন।

আৰ এখন আকৃতি শব্দে আকার, বা সংস্থান [অব্যবসন্ধিবেশ] এবং দ্রব্য শব্দে কার্ষের উপাদান দ্রব্যকে বুঝিয়েছেন। মহাভাল্যকারের বাক্যগুলির দিকে দৃষ্টিপাত করলে ইহা বুঝা যায়—ঘটাদি কার্ধের উপাদান মৃত্তিকাদি দ্রব্য নিত্য, আর মৃৎপিণ্ড, কপালাদি আকার [অবয়বসল্লিবেশ] অনিত্য। মৃত্তিকা পিণ্ডের আকারে কথন অবস্থান করে, আবার পিণ্ডাকার নষ্ট হয়ে কথনও কপালাকারে, কথনও ঘটাকারে অবস্থান করে; স্থতরাং পিও, কপাল, ঘটাদি আকার [অব্যব্বিক্তাদ] অনিত্য। মৃত্তিকারণ দ্রব্য নিত্য। পিও, চূর্ণ, কপাল, ঘট প্রভৃতি আকৃতি [অবয়বসন্নিবেশ বা দংস্থান] গুলি পরিবর্তিত বা বিনষ্ট হলেও সর্বত্ত মৃত্তিকা কিন্তু অন্তগতভাবে থাকে। স্থতরাং মৃত্তিকারপ দ্রব্য নিত্য; পিণ্ডাদি আফুতি অনিত্য। এইরপ স্থবর্ণ দ্রব্য নিত্য —কটক কুণ্ডল প্রভৃতি আঞ্চতি অনিতা। তবে মৃত্তিকারণ দ্রবাবা স্বর্ণরূপ দ্রবাও বাস্তবিক নিতা নয়। কোন সময় প্রলয়াদিকালে মৃত্তিকা প্রভৃতি দ্রব্যেরও বিনাশ হয়। তাহলে মহাভায়কার কি করে এই মৃত্তিকা প্রভৃতি দ্রব্যকে নিত্য বললেন ? এইরূপ প্রশ্নের উত্তর ছই প্রকারে করা যায়। প্রথমত নিতা মানে আপেক্ষিক নিতা অর্থাৎ অধিককালস্থায়ী। পিতু, কপালাদি আকারের অপেক্ষা মৃত্তিকা অনেক অধিক কালস্থাযী। এই হেতু মৃত্তিকারপ দ্রব্য নিতা, আর পিণ্ড কপালাদি আরুতি অনিত্য—অল্লকালস্থায়ী। দ্বিতীয় উত্তর এই —পিণ্ড, কপাল প্রভৃতি বিকার পদার্থকে বিচার করলে দেখা যায় উহার: অর্থাং এই বিকার, মৃত্তিকা ব্যতীত আর কিছু নয—উহারা কেবল নাম মাতা। উহাদেব স্বরূপ মৃত্তিকাই। এইভাবে মৃত্তিকাকে গ্রহণ করে বিচার করলে দেখা যাবে, এ মৃত্তিকাও তার কারণ দ্রব্য ভিন্ন কিছু নয়। স্থুতরাং মৃত্তিকা, জ্বল, তেজঃ প্রভৃতি সমস্ত পদার্থ শেষ পর্যন্ত তাদের মূল কারণ শব্দ ব্রহ্ম ভিন্ন আর কিছু নয়। বৈয়াকরণদের মতে ঐ শব্দ ব্রহ্মই বিব্যতিত হয়ে সমস্ত গবাদি শব্দ ও পৃথিব্যাদি অর্থ রূপে জগতে প্রতিভাত হয়। অতএন সেই শব্দবন্ধই সত্য বা নিত্য, অভ্যসমন্তই অনিত্য। এই শব্দবন্ধকেই মহা-[']ভায়কার এথানে 'দ্রব্য' শ**ব্দের ঘারা** গুচুভাবে বুঝাতে চেয়েছেন। আর সেই শব্দবক্ষের সমন্ত কার্যকে 'আঁকুডি' শব্দের ধারা ব্রিয়েছেন। স্থভরাং 'আকুডি অনিত্য, দ্রব্য নিতা', মহাভায়কারের এই উক্তি উপপন্ন হয়। সম্ভূ শব্দেক অর্থ ব্রহ্মতত্ব বলে অর্থ নিত্য হতে পারে। ঘট শব্দের অর্থ ঘটোপাধ্যবিদ্যির বন্ধ। মৃত্তিকাশব্দের অর্থ মৃত্তিকাবিচ্ছির বন্ধ। এইভাবে অসত্য উপাধ্যবিচ্ছির বন্ধতন্তই দ্রব্যপণের খারা বোধ্য হওয়ায় "দ্রব্য নিত্য" এবং কারণীভূত বন্ধবন্ধতে আরোণিত আক্বতি বা আকার অসত্য বলে অনিত্য, এইরূপ মহাভায়কারের অভিপ্রায় ব্যাখ্যা করা যায়।। ৪৩॥ (২১১)।

মূল

আকৃতাবিপি পদার্থ এব বিগ্রহো স্থায়ঃ—সিদ্ধে শব্দে অর্থে সম্বন্ধে চেতি। নমু চোজমাকৃতিরনিত্যেতি। নৈতদস্তি। নিতদস্তি। নিতদস্তি। নিতদস্তি। কথম্ ! ন কচিছপরতেতি কৃষা সর্বল্রোপরতা ভবতি, দ্বব্যান্তরন্থা তৃপলভ্যতে। অথবা নেদমেব নিত্যলক্ষণম্—ধ্রুবং কৃটস্থমবিচাল্যনপায়োপজনবিকার্যান্থপত্যবৃদ্ধ্যব্যয়যোগি যতন্তি। কিং পুনস্তব্মং ! তম্ম ভাবস্তব্ম,। আকৃতাবিপি তবং ন বিহন্যতে। কিং পুনস্তব্মং !

অসুবাদ—আকৃতি [সংস্থান], পদের অর্থ হলেও "সিদ্ধে শব্দে, অর্থে, সম্বন্ধে চ" এই বিগ্রহ স্থায় [যুক্তিযুক্ত]। আকৃতি অনিত্য, ইহা [আপনি] বলেছেন। ইহা হয় না [না, উহা ঠিক নয়]। আকৃতি নিত্য। কিরূপ [আকৃতি কিরূপে নিত্য] ? কোন স্থলে উপরত [জ্ঞানের অবিষয়] হলোবলে সর্বন্ধ উপরত হয় না! অস্ত অব্যে—[আশ্রয় প্রব্যান্তরে] স্থিত রূপে কিন্তু উপলব্ধ হয়। অথবা 'যাহা প্রব, কুটস্থ, বিচলনশ্স্ত, বিনাশ, পরিণাম ও বিকার রহিত, উৎপত্তিরহিত, বৃদ্ধিরহিত ও অব্যয়যোগী তাহা নিত্য' ইহাই নিত্যের লক্ষণ নয়। [কিন্তু] যাহাতে [যাহা বিনষ্ট হলেও] তত্ত্বের বিঘাত [বিনাশ] হয় না—তাহাও নিত্য। তত্ত্ব কি ? তাহার [বস্তুর] ভাব তত্ব। আকৃতিতে ও [আকৃতি নষ্ট হলেও] তত্ব বিনষ্ট হয় না ॥ ৪৪॥

বিবৃত্তি—মহাভায়কার ''দিদ্ধে শব্দার্থসম্বন্ধে'' এই বার্তিক গ্রন্থের বিগ্রহ দেখিরেছিলেন—''দিদ্ধে শব্দে অর্থে সম্বন্ধে চ''। এইরূপ বিগ্রহে পদের অর্থণ্ড

⁽২১১) এইভাবে সেই সেই অসত্য উপাধিধার। অবচ্ছিন্ন ত্রন্ধতন্তকে 'দ্রব্য' শব্দের অর্থ বলে বীকার করতে—দ্রব্যের নিতান্ধ সিদ্ধ হওয়ার দেই ত্রন্ধতন্তে কল্লিত সংস্থানরূপ আকৃতি বেমন অনিত্য হল্প, সেইরূপ, ক্লাতিও আকৃতিশনের বাচা বলে—সেই জ্লাতিও অনিত্য হল্প। স্থতরাং এই পক্ষে এখানে আকৃতি শব্দের ধারা সংস্থান এবং জাতি—উত্যবেক গ্রহণ করতে কোন অনুগণতি হল্প না।

নিত্য বলে প্রতিপাদিত হওয়ায় পূর্বপক্ষী প্রশ্ন করেছিলেন পদের অর্থ কি? ভার উত্তরে মহাভায়কার বলেছিলেন—'আফুতি' পদের অর্থ। সেথানে 'আকৃতি' শব্দের দারা জাতিকেই তিনি অভিপ্রেত করেছিলেন। কারণ অবৈতবাদী ভিন্ন সকল আন্থিক দর্শনামুসারীর। জাতিকে নিত্য বলেন। সংস্থান অর্থাৎ অবয়বসন্ধিবেশকে কেছ নিভ্য বলেন না। স্বতরাং মহাভায়কারের প্রথম উক্তিতে আফুতি শন্ধটি জাতির বাচক। তারপর দ্বিতীয় উক্তিতে মহা-ভাষ্যকার 'দ্রব্যকে' পদের অর্থ বলে দ্রব্যের নিত্যতা এবং আক্বতির অনিত্যতা দেখিয়েছিলেন। সেই বিভীয় উক্তিতে মহাভাষ্যকার পিণ্ড, ঘটকা প্রভৃতিকে ষাকৃতি বলেছিলেন। তাতে আকৃতি শব্দে তিনি অবয়বসন্নিবেশকে বুঝিয়ে-ছিলেন। থেহেতু অবয়ব দল্লিবেশ অনিতা। কিন্তু দেই ধিতীয় উক্তিতে তিনি 'জাতিকে' আকৃতি শব্দে লক্ষ্য করেন নাই। কারণ জাতিরপ আকৃতির নিত্যতা তিনি প্রথমে বলে এসে আবার তার অনিত্যতা বললে—তাঁর উক্তিতে পরম্পর বিরোধের প্রদক্তি হয়ে যেত। মহাভাষ্যকার দ্বিতীয় পর্বায়ে 'দ্রব্যকে' পদের অর্থ বলে, তার [এব্যের] নিত্যতা বলেছেন। সেখানে দ্রব্য বলতে তাঁর দৃষ্টান্ত ছাঃ। মৃত্তিকাপ্রভৃতি কারণ দ্রব্যকে বুঝা গেছে। মৃত্তিকা প্রভৃতি কারণ দ্রব্য বস্তুত নিত্য না হলেও মৃত্তিকাদির বিকার পিণ্ড, চুর্ণ, কপালাদির তুলনায় মৃত্তিকাদি দ্রব্য দীর্ঘকাল স্থায়ী বলে আপেক্ষিক নিত্য।

এখন তৃতীয় পর্যায়ে মহাভাষ্যকার বলছেন—আরুতিকেও পদের অর্থ বলে শীকার করণেও "দিছে শব্দে অর্থে সম্বন্ধে চ' এইরূপ বিগ্রহ করা যাবে, তার মানে আরুতি নিতা ইহাই শীকার করতে হচ্ছে। এখানে অর্থাৎ এই তৃতীর পর্যায়ে মহাভাষ্যের উচ্চারিত 'অরুতি' শব্দের অর্থ 'জাতি' ইহা বলা শ্বায় না। কারণ এই জাতিরূপ আরুতি যে নিতা তাহা মহাভাষ্যকার প্রথম পর্যায়ে বলে, এসেছেন। তার অনিত্যতার আশকাই উঠে নাই; বার জন্য এই তৃতীর পর্যায়ে সেই জাতির অনিত্যতার খণ্ডন করে নিত্যতা বলতে পারেন। স্বতরাং এই তৃতীর পর্যায়ে মহাভাষ্যকারের "আরুতাবিপ পদার্থে" এইছলে "আরুতি' শব্দের অর্থ—সংস্থান [অবয়বসন্ধিবেশ] বলেই গ্রহণ করতে হবে। এই সংস্থানরূপ আরুতিকে এখন নিত্য বলায় পূর্বপক্ষী আক্ষেপ করছেন—"নম্থ চোক্তমারুতিরনিত্যেতি।" 'আরুতি অনিত্য' এই কথা মহাভাষ্যকার বিতীর পর্যায়ে বলেছিলেন। সেই বিতীয় পর্যায়ে উক্ত 'আরুতি' •শক্ষের অর্থ ষে

সংস্থান [ব্যাভি নয়] ভাহা পূৰ্বেই বলা হয়েছে। বিভীয় পৰ্বায়ে কৰিভ 'আফুডি' শব্দের সংস্থান অর্থ গ্রহণ করকে, এই ভৃতীয় পর্বায়োক্ত 'নমুচোক্ত মাক্বতিরনিত্যেতি' এই পূর্বপক্ষীর কথাও সঙ্গত হয়। নতুবা দ্বিতীয়পর্বায়ে কথিত আঞ্জি শব্দের 'জাতি' অর্থগ্রহণ করলে মহাভায়কারের কথার বিরোধ হয় [हेहा भूर्विहे (प्रथान हरशह] वरन, कृजीय भर्यास (प्रहे प्रहाकांवाकारवर উক্তির উপর পূর্বপক্ষীর আক্ষেপও অযুক্ত হয়ে যায়। পূর্বপক্ষীর এই আক্ষেপের উত্তরে মহাভাষ্যকার বললেন—''নৈতদ্ভি, নিত্যাক্বতিঃ'' 'না, ইহা নয় অর্থাৎ আরুতি অনিত্য নয়, কিন্তু আরুতি নিত্য।' মহাভাষ্যকারের এই উত্তর্গাক্য থেকেও বুঝা যায় যে, ডিনি এখানে সংস্থানরূপ আকৃতির অনিত্যতার নিষেধ করে নিজ্যভার কথা বলছেন। তিনি যদি এখানে জাতিরপ আঞ্চতির অনিজ্যতার নিষেধ করে নিত্যতার কথা বলতেন তাহলে তিনি—"নৈতদন্তি, আকৃতিনিত্যাইত্যুক্তমু'' মর্থাৎ—'না আকৃতি অনিত্য নয়, কিন্তু নিত্য ইহা [আমি] পূর্বে বলেছি' এইরূপই বলতেন। কারণ তিনি প্রথম পর্যায়ে -**আ**কৃতিকে নিত্য বলে এসেছেন। কিন্তু ভাষ্যকা**র সেভা**বে বললেন না। তিনি ''নিত্যাক্বতিঃ' 'আকৃতি নিত্য' এইভাবে বগলেন। অতএব স্পষ্টই বুঝা যাচ্ছে তিনি [মহাভাষ্যকার] দ্বিতীয় পর্যায়ে সংস্থানরূপ আরুতিকেই **অনিত্য বলেছিলেন। এখন আবার তৃতীয় পর্যায়ে সেই সংস্থানরপ** আক্বতিকে নিত্য বলছেন। এতে কেহ প্রশ্ন করতে পারেন এইভাবে মহাভাষ্যকারের উক্তিতে তো পৃবাপরবিরোধের প্রদক্তি হলো। তার উত্তরে বলব—এই বিরোধের সমাধান তো মহাভাব্যকার স্বয়ং 'কথম্' 'ন **ক্ষচিত্বপরতা' ইত্যাদি** নীচের বাক্যের দ্বারাই করে দিয়েছেন। দেই নীচের পঙ্জির বাখ্যা করা হচ্ছে। "কথম্' । মহাভাষ্যকার যথন বল্পেন ''নৈতদ'ভি নিজ্যাকৃতি:'' না এইরপ নয় আকৃতি নিজ্য। তথন পূর্বপক্ষী বলছেন 'কথম্' আকৃতি কিরপে নিতা ? পূর্বপক্ষীরএই প্রশ্লের উত্তরে মহাভাষ্যকান্ন বলছেন—"ন ৰচিত্বপরতেতি কৃষা দর্বজ্ঞোপরতা ভবতি, .এব্যান্তরন্থা ডু উপলভ্যাভে" কোনন্থলে [কোন দ্রব্য অর্থাৎ ব্যক্তিভে] উপরত অর্থাৎ নির্ভ হলো বলে দর্বতা নির্ভ হয় না। [ব্যক্তিতে,] উপলব্ধ হয়। কোন গোব্যক্তিয় ধ্বংস হলে সেই ব্যক্তিতে গৰুর সংস্থান [অবয়বসন্নিবেশ] উপরত অর্থাং ক্রানের অবিষয় ছলেও অভ্যন্ত্র

অর্থাৎ অন্ত গোব্যক্তিতে গোদংস্থানদ্ধপ আরুতি উপলব্ধ হয়। এখানে প্রশ্ন **হতে পারে একটি গোব্যক্তিতে হে অ**বয়বসন্ধিবেশ [সংস্থান] থাকে, অপর গোব্যক্তিতে তো সেই অবয়বসন্ধিবেশ থাকে না। গোব্যক্তিগুলি যেমন ভিন্ন ভিন্ন সেইরূপ গোব্যক্তিগত অবয়বসন্নিবেশও ভিন্ন ভিন্ন। তাহলে সংস্থান বা অবয়ব-দল্লিবেশকে এখানে 'আকৃতি' শব্দের অর্থ বলে গ্রহণ করলে তো মহাভায়কারের এই কথার সামঞ্জ হয় না। মহাভাষ্যকার বলছেন—একটি দ্রব্য বা ব্যক্তিতে, আহৃতি উপরত হলেও অন্তত্ত—অন্ত ব্যক্তিতে উপলব্ধ হয়। মহাভাগ্যকারের এই কণা থেকে বুঝা যাচ্ছে এধানে একই আঞ্চতি ভিন্ন ভিন্ন ব্যক্তিতে থাকে। একটি ব্যক্তি মরে গেলেও জগতে অন্য ব্যক্তিতে সেই আক্বতি থাকে: তাতে সেই আঞ্জি উপলব্ধ হয়। সংস্থানকৈ আঞ্জি বলে গ্ৰহণ করলে সংস্থান এক নর বলে ভাষ্যের উক্ত বচন সঙ্গত হয় না। এব উত্তরে বলা যায় ব্যক্তিগুলি ভিন্ন ভিন্ন হলেও ধেমন "ইহা গরু" 'ইহা গরু" এইরূপ অনুগত জ্ঞান হয়। সেখানে অমুগমক হচ্ছে জাতি। এই জাতি রূপ আঞ্চতি থেমন সকল ব্যক্তির অমুগমক, সেইরূপ ভিন্ন ভিন্ন ব্যক্তিগত ভিন্ন ভিন্ন সংস্থানেরও অমুগমক এই জাতি। প্রত্যেক গরুকে দেখলে, তালের অবয়ব সন্নিবেশ ভিন্ন ভিন্ন হলেও দেই অবয়বদলিবেশগুলির মধ্যে এমন একটা দাদৃগু আছে, যাতে আমরা মহিষ প্রভৃতির অবয়ব সন্নিবেশ থেকে সমস্ত গরুর অবয়ব সন্নিবেশকে ভিন্ন একজাতীয় অবয়ব দল্লিবেশ বলে বুঝতে পারি। স্থতবাং দকল গোবাক্তিতে অবয়বস্ত্রিবেশগুলি এক অনুগত জাতিবিশিষ্ট অবয়বস্ত্রিবেশ বলে, গো-ব্যক্তিগত অবয়বসন্নিবেশগুলিকে এক বলা যেতে পারে [গোণভাবে এক বলা ষার]। স্থতরাং একটি গোবাক্তি মারা গেলে তাতে অবয়বদন্লিবেশরপ আকৃতি না দেখা গেলেও অপর গোবাক্তিতে দেই অব্যবসন্ধিবেশ দেখা যায়। এইভাবে মহাভাষ্যের উক্তি দক্ষত হয়। মহাভাষ্যকারের এইরূপ উক্তি থেকে বুঝা গেল সংস্থানরূপ আকৃতি নানাদ্রব্যে অর্থাৎ ব্যক্তিতে থাকে বলে কোন ব্যক্তি নষ্ট হলেও অপর ব্যক্তিতে উপলব্ধ হয়। এর দারা কিন্তু সংস্থানক্ষপ আঞ্চতি ষে নিত্য তাহাতো বুঝা গেল না। সংস্থানগুলি একজাতীয় বলে, বস্তুত এক নয়, অতএব নিতাও নয়। এর উত্তরে বক্তব্য এই যে—এখানে মহাভাষ্য-কার পারমার্থিক নিত্যভার কথা বা ব্যাবহারিক নিত্যভার কথা বলেন নাই, কিন্তু প্রবাহরণে নিত্যতার কথাই বলেছেন। অভিপ্রায় এই যে—পামমার্থিক

ভাবে নিত্য হচ্ছে একমাত্র ব্রন্ধতন্ত্ব, ব্যাকরণঅনুসারে শব্দবন্ধ। আর ব্যাবহারিকভাবে নিভা হচ্ছে, আকাশ, কাল, দিকু, জাতি ইভ্যাদি। এবং প্রবাহরূপে একপ্রকার নিভ্যতা স্বীকার করা হয়। যেমন সমূহের এক একটি তরত্ব তীরে এসে বিলীন হয়ে গেলেও অন্তান্ত তরত্ব উঠছে, আবার সেই তর্ম বিলীন হলেও অপর তর্ম উঠছে – এইভাবে প্রবাহ বা, ধারারূপে ভরন্থ নিতা। প্রত্যেক তরন্থ বিনাশী হলেও ধারারপে নিতা। এইরপ এই ব্দগতে এক একটি গোৰ্যক্তি বিনষ্ট হলেও অপর অপর গোব্যক্তি উৎপন্ন হচ্ছে, সেইগুলির বিনাশেও অন্ত গোব্যক্তি থাকছে—এইভাবে দ্রব্য বা ব্যক্তিকেও বেমন প্রবাহরপে নিভ্য বলা যায় সেইরপ সংস্থান অর্থাৎ অবয়বসন্লিবেশও প্রবাহ রূপে নিতা। একটি গোসংস্থান নষ্ট হলেও অপর গোসংস্থান উৎপন্ন श्रष्ट, मिं नहे श्ला आद वकी श्रष्ट,—बहेसार माश्रान श्रान श्राहकरण নিত্য। ''সংস্থানতাবচ্ছিন্নব্যকীনামন্তওময়া ব্যক্ত্যা বিনা অনাদিকাপস্থাবর্তনম্, সংস্থানস্থ প্রবাহনিত্যতা।' অর্থাৎ ভূত, ভবিষ্যৎ ও বর্তমানে যত সংস্থান (থাকে) ভাহাদের অন্তভম সংস্থান কোন কালে নাই এমনটা নয়। এমন कान कान भाउषा यार ना, रय कारन कान ना कान मरश्चान थाक ना। এইরপ প্রবাহ নিত্যতাই সংস্থানের নিত্যতা, মহাভাষ্যকারের অভিপ্রেত। তাঁর এই অভিপ্রায় পরবর্তী গ্রন্থের দার। তিনি প্রকটিত করেছেন।

উহাই বলছেন—"অথবা নেদমেব নিত্যলক্ষণম্ ধ্রুবং কুটস্থম্ · · · · · ভিন্নিতাং বিশিংস্করণ্ডাং ন বিহল্পতে।"

ধ্রুবম্ = অহা বন্ধর সহিত স্বাভাকিক সম্বন্ধূন । কৃটস্থম্ - আগন্তক বস্তুর সহিত সম্বন্ধূন্ত (২১২)।

অবিচালি – অপরিণামী। অনপারোপজনবিকারি = 'অপায়ক্ট উপজনক্ট বিকারক্ট' এইভাবে ক্ষমমান করে প্রথমে 'অপায়োপজনবিকারাঃ' পদ দিদ্ধ হয়। তারপর 'অপায়োপজনবিকারাঃ দন্তি অস্ত্র" এইরূপ অর্থে মত্বর্থীয় 'ইনি' প্রত্যয় করে 'অপায়োপজনবিকারি' এইরূপ পদ দিদ্ধ হয়। তারপর 'ন অপায়োজনবিকারি' এইরূপ নঞ্ তৎপুরুষ সমান করে 'অনপায়োপজন

⁽২১২) ধ্রুমন্ স্বাভাবিকবন্ধরস সূর্গরাজ্জন। কুটছণ আগন্তকেল সংস্থনজ্জিন। অবিচালি অপরিণালি। অপালোপজনবিকারনজ্জিমিডালোব ব্যাখ্যানন্—অনুংগঞ্জাবৃদ্ধাবারবোগি ইতি। বড়্ভাববিকাররা হত্যাং বানেন ভাবেল উচাতে।—অন্নভট্টঃ /

বিকারি' ইহা দিদ্ধ হয়। অথবা ''অপায়শ্চ উপ**জ**নশ্চ অপায়ো**পজ**নৌ, অপায়োপজনে চ তো বিকারে চেতি অপায়োপজনবিকারে, তৌত্তঃ অস্ত ইতি অপায়োপজনবিকারি, ন অপায়োপজনবিকারি অনপায়োপজনবিকারি" এই-ভাবে ও সিদ্ধ করা যায়। এখানে 'অপায়' শব্দের বারা বিনাশ এবং অপক্ষয় এই তুইটি অর্থ গৃহীত হয়েছে বলে 'অনপায়' শব্দের ছারা বিনাশ ও অপক্ষ-ক্রপ বিকারের অভাব নিত্যবন্ধতে আছে—ইহা বুঝা যাচ্ছে। 'উপজন' শব্দের ঘারা জন্ম এবং অন্তিত্ব বুঝায় বলে 'অমুপক্তন' অর্থে জন্ম এবং জন্মের পর অন্তিত্বের নিষেধ নিত্য বস্তুতে করা হয়েছে ইহা বৃঝা যায়। 'বিকার' শব্দের দ্বারা 'বৃদ্ধি' বুঝায় বলে 'অবিকারি' বলতে বৃদ্ধিশূন্ত বুঝা যায়। 'অবিচালি' শব্দের স্বারা পরিণামরূপ বিকাররাহিত্য বুঝা গেছে। তাহলে "অবিচাল্যনপায়োপঞ্চন-বিকারি" এই অংশের দার। 'জায়তে, অন্তি, বিপরিণমতে, বর্ধতে, অপচীয়তে নশুতি, এই ছয়টি ভাববিকারের নিষেধ করায় নিত্যবস্তুতে ছয়টি ভাববিকার থাকে না— ইহা সিদ্ধ হয়। "অনপায়োপজনবিকারি" এই শব্দের দ্বারা যাহা বলা হয়েছে—'অহৎপত্তি, অবৃদ্ধি, অব্যয়যোগি' এই তিনটি শব্দের ধারাও তাহাই বলা হরেছে। অতএব 'অনপায়োপঞ্চনবিকারি' শব্দেরই ব্যাখ্যা হচ্ছে 'অহংপত্তাবৃদ্ধাব্যয়যোগি। 'অহংপত্তি' শব্দের ঘারা জন্ম ও সন্তার নিষেধ করা হয়েছে। 'অবৃদ্ধি' শব্দের ছারা বৃদ্ধির নিষেধ করা হয়েছে। 'অব্যয়যোগি' শব্দের দ্বারা অপক্ষয় ও বিনাশের নিষেধ করা হয়েছে। 'অন্তৎপত্তি = নান্তি উৎপত্তির্যস্ত্রণ এইরূপ বিগ্রহে বছব্রীহি সমাদে—এই শব্দটি সিদ্ধ হয়েছে। অবৃদ্ধি = 'নাম্ভি বৃদ্ধি র্যস্ত' এইরূপ বিগ্রাহে 'অবৃদ্ধি' শব্দ সিদ্ধ হরেছে। व्यवाग्ररगाणि = ''वाग्रच रगांगः वच्छ वच्छि, वाग्ररगाणि, न वाग्ररगाणि व्यवागरगांगि'' এইভাবে এই শব্দ সিদ্ধ হয়েছে। অথবা 'অব্যয়শু যোগোহণ্ড অন্তি' এইদ্ধপ विश्राद्य-डिटा निष्क इरम्राह्य वना यात्र। ध्वन मस्याद्य वर्ष व्यविनानी वर्षा । मधकीत विनाम इरम । यमन-'भवानि वाकिक्ष সম্বন্ধীর বিনাশ হলেও গোড়াদি জাতির বিনাশ হর না। 'কুটম্ব' শব্দটি 💁 ধ্রুব' শব্দের ব্যাখ্যা। তাহলে উক্ত মহাভায়বাক্যের অর্থ এইরূপ হয়— বাহা সম্বন্ধিবিনাশেও অবিনাশী এবং জন্ম, অন্তিত্ব [জন্মের পর অভিত্ব] বৃদ্ধি, পরিণাম, অপক্ষ ও বিনাশরপ বড্ভাববিকারশৃত্য তাহা ভিতা-ইহাই বে নিত্যের লক্ষণ তা নয় কিছ যাহাতে [যাহা বিনষ্ট হলেও] তত্ত্বের বিঘাত

হয় না—তাহাও নিতা। মহাভায়কারের এই উক্তির ঘারা বুঝা বাচ্ছে—
গ্রুব, কৃটস্থ ইত্যাদি লক্ষণের ঘারা লক্ষিত ব্রহ্মবস্তু নিতা। আর গোড়াদি
জাতি নিতা। এইরপ সংস্থানও নিতা। ব্রহ্মবস্তু কৃটস্থ, গ্রুব ইত্যাদি
বিশেষণের ঘারা লক্ষিত বলে তাহা পরমার্থত নিতা। আর গোড়াদি
জাতির জন্ম প্রভৃতি ছ্যটি বিকার নাই, এবং সংস্কা গোব্যক্তির বিনাশেও
অবিনাশী, ইহা বৈশেষিক—প্রভৃতি অনেক বাদী বলেন। এই জন্ম
গোড়াদি জাতিও নিতা। শক্ষরক্ষবাদী বৈয়াকরণের দৃষ্টিতে শক্ষরক্ষ পারমার্থিক
নিতা। গোড়াদি ব্যাবহারিক নিতা।

কিন্তু সংস্থান অর্থাৎ অব্যবসন্ধিবেশ বিনষ্ট হলেও মহাভাগ্যকার বলছেন-উহাও নিত্য। কেন নিতা ? তার উত্তরে বলেছেন—"যশ্বিংক্তং ন বিহন্ততে" অর্থাৎ যাহ। বিনষ্ট হলেও তার তব বিনষ্ট হয় না, তাকেও নিত্য বলা যায়। এই নিত্যকে প্রবাহরপে নিত্য বল। হয়। যেমন—গোব্যক্তি নষ্ট হলেও সেই গোব্যক্তির তত্ত্ব অর্থাৎ স্বব্ধপ গোত্ত – তাহা নষ্ট হয় না । একটি গোব্যক্তি নষ্ট হলেও অপর গোব্যক্তিতে গোত্ব থাকে। অপর গোব্যক্তিতে গোত্বের জ্ঞান হয়। এই হেতু গোব্যক্তিকেও নিত্য বলা যায়। প্রবাহরণে গোব্যক্তি সকল নিত্য। এক একটি গোব্যক্তি নষ্ট হলেও অপর অপর গোব্যক্তি জগতে থাকে বলে গোব্যক্তি দকল প্রবাহরূপে নিত্য। এইরূপ দংস্থান বা অবয়ব সন্ধিবেশগুলির মধ্যে এক একটির বিনাশ হলেও অন্তান্ত গোব্যক্তিতে অন্তান্ত অবয়বসন্নিবেশরপ আরুতিও নিতা। অবশ্য উহা প্রবাহরপে নিতা। মহাভান্তকার এইভাবে প্রবাহরণে নিত্যকেও সিদ্ধ শব্দের অর্থ বলে গ্রহণ করে "সিদ্ধে শব্দার্থসক্ষমে" এই বার্তিকের যোজনা করেছেন। "তদপি নিত্যং যক্ষিংস্তত্ত্ব, ন বিহন্ততে।" এই মহাভাগ্নে 'তত্ত্ম' শক্ষটির উল্লেখ আছে। উক্ত শব্দের অর্থ জানবার জন্য পূর্বপক্ষী জিজ্ঞাসা করছেন—"কিংপুনম্বত্তম্য" অর্থাৎ 'তত্ত্ব কি ? তত্ত্বের স্বরূপ কি ? ইছার উত্তরে মহাভায়কার বলেছেন— "তক্ত ভাবন্তব্বম্" তাহার ভাব—অর্থাৎ ধর্মিরূপবন্তর প্রকারীভূত ধর্মকে ভাব বলে। সেই প্রকারীকৃত ধর্মই বল্পর তব। যেমন 'ঘট' রূপ ধর্মীর প্রকারীকৃত ধৰ্ম হচ্ছে 'ঘটাৰ।' এই ঘটাৰই ঘটের তথ। বল্পবৃত্তি ধৰ্মকেই এখানে তথ বলা হয়েছে। এই অভিপ্রায়ে মহাভায়কার বলেছেন—"আফুতাবণি তত্তং ন বিহ্নতে ।'' এর অর্থ হচ্ছে—"আকুতে বিহতায়ামণি তত্তং তদ্বৃত্তি ধর্ম:

ন বিহ্নুতে"। অর্থাৎ আরুতি বিনষ্ট হলেও তত্ত্ব বা তদ্বৃত্তি ধর্ম নাই হয় না। বিষমন গরুর অবয়ব স্থিবিশ নাই হলেও সেই অবয়বস্থিবেশবৃত্তি ধর্ম বে গোড় তাহা নাই হয় না। এক একটি গোবাজি নাই হলে সেই সেই গোবাজিছিছিত অবয়বস্থিবেশ নাই হলেও অপর অপর গোবাজিছিত অবয়বস্থিবেশে নাই হলেও অপর অপর গোবাজিছিত অবয়বস্থিবেশে অয়্পত গোড়রপ ধর্ম বা জাতি থাকে। সেই আতির বিনাশ হয় না। যদিও গোড়রপ ধর্ম বা জাতি সমবায় সহজে গোবাজিতে থাকে, গোর অবয়বস্থিবেশে থাকে না। অতএব গোড়রপধর্মটি অবয়বস্থিবেশ রুত্তি নায়, তথাপি গোড়রপ ধর্ম, সামানাধিকরণাসহজে গোর অবয়বস্থিবেশে থাকে বলে গোড়রেপ গর্ম, সামানাধিকরণাসহজে গোর অবয়বস্থিবেশে থাকে বলে গোড়রেক গোর অবয়বস্থিবেশের আর্থার তার তার অর্থান গোড় নাই হয় না বলে তাকেও অয়িৎ অবয়বস্থিবেশরূপ আরুতি বিনষ্ট হলেও তার তর অর্থান গোড় নাই হয় না বলে তাকেও অয়িৎ অবয়বস্থিবেশরূপ আরুতিকেও নিত্য বলা যায়। স্ক্তরাং তাহা যদি পদের অর্থা হয় তাহলেও উক্ত বার্তিক গ্রান্থের অর্থার অদামঞ্জন্ত হয় না। ইহাই মহাভাষ্যকারের অভিপ্রায় ॥ ৪৪ ॥

মূল

[মহাভাষ্য]

অথবা কিং ন এতেন—ইদা নিত্যম্, ইদমনিত্যম্ ইতি। যদ্পিত্যং তং পদার্থং মধ্যৈ বিপ্রহঃ ক্রিয়তে—সিদ্ধে শব্দে অর্থে সম্বন্ধে চেভি।

কথং পুনজ্ঞ রিতে – সিদ্ধঃ শব্দোহর্থঃ সম্বন্ধশ্চেতি।

[বার্তিক]

ক্রোকভঃ ।। [দ্বিতীয় বার্তিক]

[মহাভাষ্য]

যলোকেহর্থমর্থমূপাদায় শব্দান প্রযুঞ্জতে। নৈষাং নির্ততী ষদ্ধং কৃষ্ঠি। যে পুনঃ কার্যা ভাবাঃ নির্ততী তাবতেষাং যত্নঃ ক্রিয়তে। তদ্ যথা ঘটেন কার্যং করিষ্যন্ কৃষ্ঠকারকুলং গভাহ কুরু ঘটং, কার্যমনেন করিষ্যামীতি। ন তদ্বছেশান্ প্রযোক্যমাণো⇒ বৈয়াকরণ-

^{* &#}x27;প্রযুক্ষমাণো' পাঠান্তর।

কুলং গছাহ কুরু শব্দান্ প্রযোক্ষ্য ইতি। তাবত্যেবার্থমূপাদায় শব্দান্ প্রযুগ্ধতে ॥ ৪৫ ॥

অপুবাদ ঃ—অথবা 'ইহা নিভ্য' ইহা অনিভ্য' ইহার দারা [এটরপ বিচারের ছারা] আমাদের কি [প্রয়োজন]। বাহা নিত্য তাহাকে পদের অর্থ মনে করে [নিশ্চয় করে] "সিদ্ধে শব্দে অর্থে সম্বন্ধে চ' এই বিগ্রহ করা হয়। শব্দ সিদ্ধ [নিত্য] অর্থ সিদ্ধ এবং সম্বন্ধ সিদ্ধ—ইহা কিরপে জানলে ? 'লোক থেকে' [মাহুষের কাছ থেকে]। যেহেতু লোকে [বিশের মানব]ভিন্ন ভিন্ন অর্থ কৈ গ্রহণ করে [উদ্দেশ্য করে, ব্ঝাবার অভিপ্রায়ে] শব্দ সকল প্রয়োগ [উচ্চারণ] করে। ইহাদের [শব্দ সকলের] নিষ্পাদনে [উৎপাদনে] যত্ন করে না। যে সকল পদার্থ কার্য [উৎপান্ত] ভাহাদের উৎপত্তিতে যত্ন করা হয়। বেমন—ঘটের দ্বারা কার্য [প্রয়োজন] সম্পাদন করবে এই হেতু [লোকে] কুম্ভকারের গৃহে গমন করে বলে – ঘট [নির্মাণ]কর, উহার বারা [আমি] কার্য [প্রযোজন] সম্পাদন করব। সেইরপ শব্দ সকল প্রয়োগ করবে বলে [সেইহেড়], বৈয়াকরণের গৃহে গমন করে, শব্দ সকল কর [নির্মাণ কর] [আমি] ভাহাদের [শব্দ সকলের] প্রয়োগ করব—এইরূপ বলে, না। সেই পরিমাণেই [বৈয়াকরণের গুহে না গিয়েই] অথ কৈ গ্রহণ করে [অথ কৈ বুঝাবার উদ্দেশ্য করে] শব্দ সকলের প্রয়োগ করে।। ৪৫।।

বিবৃত্তি:—পদের অর্থ আরুতিও হয় আবার দ্রব্যও হয়। পাণিনিকর্তৃক উভয়ই পদার্থ বলে স্বীকৃত হয়েছে—ইহা পূর্বে বলা হয়েছে। এবিষয়ে বাতিক বারের অভিমত কি ? তাহা জানবার কৌতৃহল হলে 'নিদ্ধে শস্বার্থসহদ্ধে' এই বাতিক গ্রন্থের মহাভাল্যকার কৃত ব্যাখ্যা খেকে বুঝা যায় আরুতিও পদার্থ হয় আবার দ্রব্যও পদার্থ হয়। আরুতি শন্দের ছইপ্রকার অর্থ মহাভাল্যকারের ব্যাখ্যা থেকে পাওয়া গেছে, জাতি এবং সংস্থান। দ্রব্যশন্ধেরও ছই প্রকার অর্থ ব্র্বা যায়, ব্যক্তি এবং উপদানদ্রব্য। উক্ত বাতিকগ্রন্থের সিদ্ধ শস্কটি নিত্য স্থর্পর ব্রোধক ইহা ব্র্ঝাবার জন্ত মহাভাল্যকার পদের অর্থকে কথনও জাতি বলে গ্রহণ করে তার নিত্যত্ম বলেছেন, কথনও বা সংস্থান বলে গ্রহণ করে তার নিত্যতা প্রতিপাদন করেছেন। আবার কথনও দ্রব্যক্ত পদের স্বর্থকের গ্রহণ করে তার নিত্যতা প্রতিপাদন করেছেন। আবার কথনও দ্রব্যকে পদের

⁴সংস্থান' রূপ অর্থটি বন্ধত নিত্য নয় কিন্তু প্রবাহরূপে নিত্য। দ্রব্য অর্থাৎ উপাদান দ্ৰব্য মন্ত্ৰিকা প্ৰভৃতিও বস্তুত নিত্য নয়, কিন্তু আপেক্ষিক নিত্য। স্বাতিরপ অর্থটি বৈশেষিকাদি মতে নিত্য হলেও বেদান্তমতে বা ব্যাকরণ মতে পরমার্থত নিত্য নয়। এইরূপ অবস্থায় বার্তিকের 'সিদ্ধ' শস্কৃটির নিত্য অর্থ গ্রহণ করলে পদের অর্থ বছতে নিতা না হওয়ায় বাতিকগ্রন্থের অসামঞ্জ হয়ে যায়। এই অসামঞ্জ আশহার পরিহার করবার জন্য মহাভায়কার বলছেন "অথবা কিং ন এতেন—ইদং নিত্যম-----সম্বন্ধে চেতি।" আক্বতি নিত্য, দ্রব্য অনিত্য বা দ্রব্য নিত্য সংস্থানরূপ আরুতি অনিত্য ইত্যাদি বিচারে কাজ কি ? আকৃতি বা দ্রব্য যদি অনিত্য হয় বা নিত্য হয় হউক্। তথাপি জগতে কিছু নিত্য বস্তুতো আছে। যে বস্তু নিত্য তাকেই পদের অর্থ বলবো। তাকে [সেই নিত্যবস্থকে] পদের অর্থ বললে 'সিদ্ধে শব্দার্থ সম্বন্ধে' এই বার্তিকের 'সিদ্ধে শব্দে অর্থে সম্বন্ধে চ' এইরূপ বিগ্রহ উপপন্ন হবে। কারণ 'শব্ধ' যে নিত্য তাহা পুর্বেই বলা হয়েছে। এখন অর্থকেও নিত্য বলা হল। শব্দ এবং অর্থ উভয়ই নিত্য হলে সেই উভয়ের সম্বন্ধও নিত্য হবে। এখানে মহাভাগ্যকার "বাহা নিত্য তাকেই পদের অর্থ বলে গ্রহণ করব" এইভাবে পদের অর্থকে নিত্য বললেন, কিছ সেই অর্থ টি কি ? যাহা নিত্য অথচ পদের অর্থ: এই বিষয়ে মহাভাষ্যকার কিছু স্পষ্ট করে বললেন না। স্থতরাং কোন বস্তু পদের অর্থ তাহার নিশ্চয় हल ना। মहाভাষ্যপ্রদীপে কৈয়ট বলেছেন—যথন যথন শব্দ উচ্চারণ করা হয় তথন তথন অর্থাকার বৃদ্ধি অর্থাৎ বৃদ্ধবৃত্তিরূপ জ্ঞান উৎপন্ন হয় (২১৩)। এর ব্যাখ্যায় নাগেশ বলেছেন-বাহিরের বস্তু পদের অর্থ নয়, কিন্তু অর্থাকার বৃদ্ধিতে উপস্থিত হয় যে বৌদ্ধ পদার্থ তাহাই পদের অর্থ। বৌদ্ধ বলতে বুদ্ধিবৃদ্ধিরপজ্ঞানে বিষয়ীভূত অর্থ'। প্রশ্ন হতে পারে দেই বৌদ্ধ অর্থ নিত্য হলো কিরপে ? তার উত্তরে কৈয়ট এবং নাগেশ উভয়েই বলেছেন প্রবাহরূপে নিত্য (২১ । তাহলে দেখা যাচ্ছে এখানেও ঠিক বন্ধত নিতাবন্ধ পদের অর্থ বলে গৃহীত হলো না, কিন্তু প্রবাহরূপে নিত্যের গ্রহণ হলো। এখানে কৈয়ট

⁽২১৩) বদা যদা শব্দ উচ্চারিত তদা তদা অর্থাকার। বুদ্দিকপজারতে ইতি প্রবাহনিত্যখাদর্থস্য নিত্যখন্। মহাভাষ্যপ্রনীপ।

⁽२) । वाकः भनार्थ। न मान्यदार्थ विषयः किन्नः, म क्र श्रवाहनिन्नः हैन्छ । वाकावाद्यकोरभाष्मानः।

ও নাগেশের উপর বক্তব্য এইবে, ষদি তাঁরা প্রবাহরূপ নি্ত্য পদার্থকে পদেক षर्थ वरण धर्ग करतानन, जाहरण अवार्त्राभ वास्ति, वा मरशान वा सवाअ निजा হয় বলে সেই পদার্থগুলিকে পদের অর্থ স্বীকার না করে তাঁরা আবার এক বৌদ্ধ অর্থকে পদের অর্থ বলে গ্রহণ করলেন কেন? এতে কি লাভ হলো। এবং এতে কি ঠিক ঠিক মহাভান্তকারের অভিপ্রায় ব্যক্ত হলো? আমাদের মনে হয়, "সিদ্ধে শব্দার্থসন্ধর" এই বার্তিকের প্রথম ভাষ্য হচ্ছে 'সিদ্ধে শব্দে অর্থে সম্বন্ধে চ,; ভাষ্যের ব্যাখ্যায় কৈয়ট বলেছিলেন—জ্বাতিরূপ অর্থ নিত্য; দ্রব্যরূপ অর্থকে পদের অর্থ বললেও সমন্ত শব্দের বাচ্যার্থ হচ্ছে সেই সেই অসত্য উপাধির বারা অব্ছিন্ন ব্রহ্মতত্ত্ব। ব্রহ্মতত্ত্ব নিত্য বলে পদের অর্থন নিত্য হয়। ঘট শব্দের অর্থ হচ্ছে ঘটত্বাব্ছিন্ন ব্রহ্ম; গো শব্দের অর্থ হচ্ছে গোত্মাবচ্ছিন্ন ব্রহ্ম। এই মতে জ্বাতিও অবিগাকল্পিত বলে পরমার্থত নিত্য নয়। এইভাবে "যংনিত্যং তং পদার্থং মত্বা" এই মহাভাষ্যের ব্যাখ্যায়ও সেই অগত্য উপাধির দ্বারা অবচ্ছিন্ন ব্রহ্মতত্তকেই পদের অর্থ বলে গ্রহণ করলে পূর্বোক্ত দোষের সম্ভাবনা হত না, অথচ পদের নিত্য অর্থটিও স্পষ্ট ভাবে ব্যক্ত হত। অ তিরিক্ত বৌদ্ধ অর্থের ও কল্পনা করতে হত না। ষাই হোক মহাভাষ্যকার প্রথম থেকেই ' দিদ্ধে' ইত্যাদি বাতিক গ্রন্থের বিগ্রহ করে এদেছেন 'দিকে শব্দে অর্থে সম্বন্ধে চ' এইরূপ। 'দিদ্ধ' শব্দের 'নিড্য' অর্থ ই তিনি গ্রহণ করেছেন। মহাভাষ্যকারের কথিত বাক্যে প্রশ্ন হতে পারে 'শব্দ নিত্য' 'অর্থ নিত্য' এবং তাদের 'সম্বন্ধ নিত্য' ইহা কি করে জানা গেল গ মহাভাষাকার উহা কি করে জানলেন ৷ এইরূপ প্রশ্ন মহাভাষ্যকার "কথং পুনজারিতে দিরঃ শব্দোহর্থ: দম্বরুক্তেতি।'' এই গ্রন্থে উত্থাপিত করেছেন। এই প্রশ্নের উত্তররূপে মহাভাষ্যকার দ্বিতীয় বাতিকাংশ "লোকতঃ।" এই গ্রন্থটি উপস্থন্ত করেছেন এবং পরে তার ব্যাখ্যা করেছেন। এখানে 'লোক' এইশব্দের তাৎপর্যার্থ হচ্ছে অনাদিলোকব্যবহারপরপরা।'' লোকে ইদানীং অর্থকে বুঝাবার জন্ম শন্ধ প্রয়োগ করে; এর পূর্বকালেও এইভাবে ব্যবহার করত; তার পূর্বেও করত। স্করাং লোকের এই যে শব্দার্থ সবন্ধের ব্যবহার তাহা অনাদি। এই লোকের ব্যবহার বলতে বৃষ্কদের অর্থাৎ শব্দার্থাভিজ্ঞ মাস্থদের ব্যবহারই বুঝতে হবে। সাধারণ অজ্ঞ মাস্থবের ব্যবহার নয়। কারণ অজ্ঞাদের ব্যবহারকে প্রমাণ বলে ক্ষকার করা যায় না। বৃদ্ধেরা, কোন্

শব্দের কি অ৹´, কোন্ শব্দের সংক কোন্ অংথ*র সংক্ষ আছে, ভাহা জেনে वावशांत करवन । हेमानीः कालव वृत्कता आवाव পूर्ववर्जी वृक्षत्मव वावशांत পেকে শব্দার্থসম্বর্বিষয়ে বৃংপত্তি [জ্ঞান] লাভ করেন। অনিত্য বস্থ विষয়ে লোকের যেরপ ব্যবহার হয়, শব্দার্থ সম্বন্ধের ব্যবহার তা থেকে বিলক্ষণ, এই জন্ম নিত্য। কি ভাবে লোকব্যবহার বারা শন্ধার্থসমন্ত্রের নিত্যতা জানা যায়—ইহা বুঝাবার জন্ত মহাভাষ্যকার বলছেন "যলোকে অর্থম্ অর্থম্ উপাদায় · · · · · · তাবত্যেবার্থমুপাদায় শব্দান্ প্রযুক্ততে।'' লোকে কোন অর্থ অপরকে ব্ঝাবার জন্ত শব্দ প্রয়োগ করে। সেইশব্দ শুনে অপরের অর্থজ্ঞান হয়। শবশুনে যথন তার অর্থের জ্ঞান হয়, তথন ব্রুতে হবে শব্দের সঙ্গে অর্থের সম্বন্ধ আছে। যার দঙ্গে যার দক্ষম নাই, তাদের মধ্যে একটিকে জানলে নিয়ত ভাবে অপরটির জ্ঞান হয় না। যেমন পর্বতের জ্ঞান হলে নিয়ত ভাবে নদীর জ্ঞান হয় না। কিন্তু হন্তীকে জ্ঞানলে হন্তিপকের [মারুতের] শারণ হয়। হন্তীর দক্ষে হন্তিপকের সম্বন্ধ আছে এইভাবে শব্দ শুনলে অর্থের স্মরণ হয়, বা অথের জ্ঞান হলে তার বাচক শব্দের জ্ঞান হয় বলে শন্ধ ও অর্থের সঙ্গে পরস্পর সম্বন্ধ আছে, ইহা অবশ্য স্বীকার করতে হবে। কোন লোক অপর ব্যক্তির জ্ঞানোৎপাদনের জন্ম বলন "এই বনমধ্যে এক হন্দর সরোবর আছে"। এই শব্দ থেকে শ্রোতার অর্থ জ্ঞান হল। এখানে বক্তা পূর্বোক্ত শব্দ গুলিকে উৎপাদন করে না, বা তার অর্থগুলিকে উৎপাদন করে না, কিন্তু পৃথথেকে ঐ শব্দ ছিল, বক্তা উচ্চারণের দারা ঐ শ্বকে অভিব্যক্ত করেছে মাত্র; অর্থও ছিল, বক্তা অর্থ-গুলিকেও উৎপাদন করে না, কিন্তু শব্দের উল্লেখ করে দেই শব্দদম্ব অর্থ অপরকে বুঝায় অর্থাৎ অপরের অর্থজ্ঞান উৎপাদন করে; অর্থের উৎপাদন করে না। এথেকে বুঝা যায় শব্দ নিত্য, অর্থণ্ড নিত্য এবং তাদের সম্বন্ধ নিতা। এই বিষয়টি স্পষ্ট করে বুঝাবার জন্ম মহাভায়কার বলেছেন – লোকে কার্য অর্থাৎ অনিত্য বস্তুর ব্যবহার করবার জন্য যেমন সেই বল্পর উৎপাদনে যত্ন করে, সেইরূপ শব্দার্থসম্বন্ধের ব্যবহার করবার জন্ম শক্ষের উৎপাদনে যত্ন করে না। যেমন ঘটে জলরাখা প্রভৃতি কার্হের জন্ম লোকে কুম্বকারের গৃহে গমন করে, বলে ঘটতৈরী কর, আমি সেই ঘটের - बाরা আমার প্রয়োজনীয় কার্য সম্পাদন করব । এইভাবে শব্দের প্রয়োগ

করবার জন্ত কেউ বৈষাকরণের গৃহে গিয়ে বলে না — শব্দ ভৈরী কর আমি প্রয়োগ করব অর্থাৎ অর্থ ব্রাবার জন্ত শব্দের প্রয়োগ করব, কিন্তু বিয়াকরণের গৃহে না গিয়ে বা শব্দের নির্মাণ বিষয়ে জন্ত কোন বত্ব না করেই শব্দের প্রয়োগ করে। এইরপ শব্দের ব্যবহার থেকে ব্রা যায় যে 'শব্দ নিত্য।' এখানে মহাভাষ্যকার স্পষ্টকরে অর্থ বা সম্বন্ধের নিত্যতা বিষয়ে পৃথক্ করে না বললেও তাঁর শব্দ্বাবহারের উল্লেখ থেকেই অর্থ ও সম্বন্ধের নিত্যতা ব্রা যাছে। যেমন কোন লোক অপরকে কোন অর্থ ব্রাবার জন্ত যেরূপ শব্দের সৃষ্টি বিষয়ে যত্ন করে না, সেইরপ সেইশব্দের অর্থের স্পন্ধি থাকে, করা কেবলমাত্র উল্লেখ থাকে, অর্থ ও থাকে সম্বন্ধ ও থাকে, বক্তা কেবলমাত্র উল্লেখ্য করে লারা শব্দের অভিব্যঞ্জন করে, শব্দ অভিব্যক্ত হয়ে সেই শব্দমন্থ অর্থকে শব্দই ব্রিয়ের বিষয়ে প্রত্রাং শব্দ, অর্থ, ও তাদের সম্বন্ধ যে নিত্য, তাহা এই লোক ব্যবহার থেকে জানা যায়—ইহাই মহাভাষ্যকারের বক্তব্য ॥ ৪৫॥

মূল

[মহাভাষ্য]

যদি তর্হি লোক এষু প্রমাণম্, কিং শাস্ত্রেণ ক্রিয়তে ?
বিতিক]

লোকতোহর্থপ্রযুক্তে শব্দপ্রয়োগে শাল্তেণ ধর্মনিয়মঃ।।

[তৃতীয় বার্তিক]

[মহাভাষ্য]

লোকতোহর্থপ্রযুক্তে শব্দপ্রয়োগে শান্তেণ ধর্মনিয়মঃ ক্রিয়তে। কিমিদং ধর্মনিয়ম ইতি। ধর্মায় নিয়মো ধর্মনিয়মঃ। ধর্মারথো বা নিয়মো ধর্মনিয়মঃ। ধর্মপ্রয়োজনো বা নিয়মো ধর্মনিয়মঃ। ।। ৪৬।।

আমুবাদ: — যদি লোক [লোকব্যবহার] এই সকল বিষয়ে [শব্দ, অর্ধ ও সম্বন্ধে অথবা শব্দ সমূহে] প্রমাণ, তা হলে শাস্ত্র কি করে? "লোকব্যবহার থেকে অর্থাজ্ঞান্ত্রপ প্রয়োজনের ক্ষন্ত শব্দের প্রয়োগ [সিদ্ধ হলে] শাস্ত্রের ব্যাকরণ শাল্পের] ছারা ধর্মনিয়ম [করা হয়]। [বার্তিকের অর্থ']। লোক ব্যবহার হতে অর্থ জ্ঞান প্রয়োজনে শব্দপ্রয়োগে, শাল্পের ছারা ধর্মনিয়ম করা হয়। এই ধর্মনিয়মটি কি ? ধর্মের নিমিন্ত নিয়ম ধর্মনিয়ম। ধর্মার্থ কি নিয়ম ধর্ম নিয়ম। ধর্ম প্রযুক্ত নিয়ম ধর্মনিয়ম।। ৪৬।।

বিবৃত্তি:—মহাভাষ্যকার "লোকতঃ" এই বার্তিকাংশের ব্যাখ্যায় বলে এলেন অনাদিলোকব্যবহার থেকে শস্বার্থ সহজের নিত্যত্ব জানা যায়। তার উপর প্রশ্ন করা হচ্ছে "যদি তর্হি লোক এষু প্রমাণং কিং শাল্তেণ ক্রিয়তে।" শব্দ, অর্থ ও সম্বন্ধের নিত্যত্ব যদি লোকব্যবহার থেকে জ্ঞানা যায়, ভাহলে শব্ধ, অর্থ ও সম্বন্ধ বিষয়ে লোকব্যবহারই প্রমাণ বলে বুঝা যায়। ব্যাকরণের দ্বারা শব্দ নিষ্পান্ত হয় না, ইহাও বুঝা যাচ্ছে। তাহলে এই ব্যাকরণ শান্ত কি করে ? ব্যাকরণ শান্ত্র ব্যর্থ হয়। লোকের অধা থ যদি অনাদিবুদ্ধব্যবহার পরম্পরা থেকেই সাধারণ মামুষ শব্দের প্রয়োগ করে থাকে, সেক্ষেত্রে ব্যাকরণের কোন প্রয়োজন নাই। ইহাই প্রশ্নকারীর অভিপ্রায়। ইহার উত্তরে মহাভাষ্যকার "লোকভোহর্থ প্রযুক্তে শব্দ প্রয়োগে শান্তেণ ধর্মনিয়মঃ।" বার্তিক উদ্ধৃত করেছেন। যদিও বার্তিক গ্রন্থে "লোকতঃ' এই শস্কটি একবার উল্লিখিত আছে অথাপি অর্থের সঙ্গতি করবার জ্বন্য মহাভাষ্যকার এই 'লোকতঃ' শন্ধটি আর একবার আবৃত্তি করে "অর্থ প্রযুক্তে শন্ধপ্রয়োগে" এই বার্তিকাংশের সঙ্গে সম্বদ্ধ করে উদ্ধৃত করেছেন। এথানে ''লোকতঃ" এই শব্দের সম্বন্ধ না করলে অর্থসঙ্গতি হবে না। এই বার্তিক বাক্যন্থিত 'লোকতঃ' শব্দের অর্থ লোকব্যবহার হতে অর্থাৎ অনাদি বুদ্ধব্যবহার পরম্পরা থেকে। 'অর্থ প্রযুক্তে' 'অর্থেন প্রযুক্তে' তৃতীয়াতৎ পুরুষ সমাসে নিষ্পন্ন। এখানে 'অর্থ' শব্বের ''অর্থজ্ঞান'' এইরূপ অর্থ বুরুতে হবে। অর্থজ্ঞানের জক্ত প্রযুক্ত যে শব্দপ্রয়োগ তাহা লোকব্যবহার থেকে দিদ্ধ থাকায়—ইহাই "লোকতোহথ'প্রযুক্তে শব্দপ্রয়োগে'' এই বাতিকাংশের অর্থ। "অপরের অর্থজ্ঞান হোক্" এই উদ্দেশ্যে অপরে শব্দ প্রয়োগ করে; এই শব্দ প্রয়োগ লোকব্যবহার থেকে মাহুষ জেনে করে থাকে। এইভাবে লোকব্যবহার থেকে জেনে মামুষ অপরের অর্থজ্ঞানের জন্য শব্দের প্রয়োগ করে; এইভাবে শব্পযোগ প্রাপ্ত হলে ''শান্ত্রেণ ধর্মনিয়মঃ'' ব্যাকরণ শান্ত্র জানিয়ে দেয় এই শব্দের 'এই প্রকৃতি, এই প্রতায়'। এই ভাবে প্রকৃতি প্রত্যুয়ের বিভাগ জেনে

মাধুশব্দপ্রয়োগ করলে ধর্ম হয়, অভাণা অসাধু শব্দের প্রয়োগে ধর্ম হয় না। হুতরাং ব্যাকরণ শাস্ত্র শব্দ তৈরী করে না বা শব্দের প্রয়োগ সাক্ষাদ্ভাবে জানায় না, কিন্তু কোন্তুলি সাধুশক তাহা জানিয়ে দিয়ে সেই সাধু শক্ষে প্রযোগ করলে ধর্ম হয় এইরূপ নিয়ম করে দেওয়াই ব্যাকরণ শাস্ত্রের কাজ। এইখানে ব্যাকরণ শান্ত্রের প্রয়োজনীয়তা আছে। মহাভাষ্যকার এই বার্তিকের সলে 'ক্রিয়তে' এই ক্রিয়াপদ অধ্যাহার করে বার্তিকবাক্যের অথে'র সঞ্চতি করে দিয়েছেন। তারপর তিনি "ধর্মনিয়ম:" এই শস্টির অর্থ করবার জন্ত প্রশ্ন উঠিয়েছেন "কিমিদং ধর্মনিয়ম ইত।" ধর্মনিয়ম ইতা কি ? ধর্মনিরমের অর্থ কি ? এইপ্রশ্নের উত্তর দিবার জন্ত মহাভাষ্যকার 'ধর্মনিয়ম' শন্টির তিন প্রকার বিগ্রহ প্রদর্শন করেছেন। প্রথমে "ধর্মায় নিয়মঃ ধর্মনিয়মঃ" এইভাবে চতুৰ্থী বিভক্তির ধারা বিগ্রহ প্রদর্শন করেছেন। কিন্তু এইভাবে চতৃথান্ত ধর্ম শব্দের উল্লেখ করলেও এখানে চতৃথাতিৎপুরুষ সমাস করে ''ধর্মনিয়ম:'' শক নিষ্পন্ন হয়েছে ইহা মহাভাষ্যকারের অভিপ্রায় নয়। কারণ পাণিনি "চতুর্থী তদথার্থবিলিহিত স্থধর কিতঃ" [পাঃ ফঃ ২।১।৩৬] এই স্তের দারা বলেছেন চতুর্থ্যন্ত শব্দের অংথ র জন্ম যে বল্প, সেই বল্পবাচক শব্দ এবং বলি, হিত, সুগ, রক্ষিত এই সকল শব্দের সহিত চতুর্পণ্ড শব্দের সমাস হয়। বেম্ন 'কুণ্ডলায় হিরণাম্' কুণ্ডলহিরণাম্। এখানে চতুথ জি শব্দ কুণ্ডল-শব্দ, সেই কুওল শব্দের অ্বর্থ যে অলকার বিশেষ, ভাহার জন্য হচ্ছে স্থবর্ণ, সেই স্থবর্ণের বাচক শব্দ হিরণ্য শব্দ, অতএব এখানে সমাস হল। সেইরূপ "ধর্মায় নিরম:" এই বিতাহে চতুর্থী সমাদের প্রাপ্তি হয়েছিল। কিন্তু পাণিনি বলি ও ব্ৰক্ষিত শব্দের উল্লেখ করে নিয়মিত করে দিয়েছেন—প্রকৃতি বিকৃতিভাব স্থলেই তাদখ্যে চতুর্থী সমাস হবে। 'ধর্ম এবং নিয়ম' এই উভয়ের মধ্যে কেহ কাঞার ও প্রকৃতি নয় বা কেহ কাহার ও বিকৃতি নয়।

স্তরাং এখানে 'ধর্মশু নিয়মং' সম্বাদানে ষষ্ঠান্তপদের সদে ষষ্ঠাতংপুক্ষ সমাস হবে। তবে যে মহাভাষ্যকার "ধর্মায় নিয়মং" এইভাবে বিগ্রহে চতুর্থী প্রয়োগ করেছেন—তাঁর অভিপ্রায় হচ্ছে—ষষ্ঠী বিভক্তি সম্বাদানিত বিবাধক বলে এখানে ষষ্ঠীর অর্থ তাদপ্তিরপ সম্বাধ্ব কুলা ধর্মায় এইরপ চতুর্থীর প্রয়োগ কুরা হয়েছে। তারপর মহাভাষ্যকার বিতীয় বিগ্রহ দেখিয়েছেন—'ধর্মাথেবি বা নিয়মং ধর্মনিয়মং।' এই বিগ্রহে মধ্যপদলোপী

কর্মধারয় সমাস করে 'অর্থ' পদের লোপ করা হয়েছে। বেমন "শাকপ্রির: পার্থিব:" শাকপার্থিব: সমাস হয়। এধানেও সেইরপ ব্রুতে হবে। তৃতীয় বিগ্রহে মহাভাষ্যকার বলেছেন "ধর্মপ্রযোজনো বা নিষ্ম: ধর্মনিষ্ম:"। এখানেও শাকপার্থিবাদিবং মধ্যপদলোপী কর্মধারয় হয়েছে ৷ তবে "ধর্মঃ প্রয়োজনং যত্ত্ব' ধর্মপ্রয়োজন:" অর্থাৎ ধর্ম হচ্ছে প্রয়োজন যার [যে নিয়মের] এইভাবে যদি "ধর্মপ্রয়োজন" শন্ধটির অর্থ গ্রহণ করা হয় তাহলে 'ধর্মার্থ: নিয়মঃ'' এই দ্বিতীয় বিগ্রহের দক্ষে তৃতীয় বিগ্রহের কোন **ভেদ থাকে না**'। কারণ সেই দ্বিতীয় বিগ্রহে ''ধর্মঃ অর্থ': যস্তা'' এইরূপ বছত্রী**হি সমাস করে** 'ধর্মার্থ:' শস্কটি ব্যুৎপাদন করতে হবে। ধর্মায়' ইতি 'ধর্মার্থ:' এইভাবে যদি "ধর্মাথ":" শস্কটিকে চতুর্থী তংপুরুষ সমাস নিষ্পন্ন করা হয় তাচলে এই চতুর্থী সমাদটি নিত্য দমাদ বলে—"ধর্মাথ" নিষ্মঃ" এইরূপ বিগ্রহ করে, দেবানকার 'অর্থ' শব্দের লোপ করা যাবে না। নিতাসমাসের একাংশলোপ ব্যা**করণের** অমুশাসনবিক্লন। তাহলে বছত্রীহি সমাস করেই [ধর্মঃ অর্থ: বস্তু] 'ধর্মার্থ' শব্দটি গ্রহণ করতে হবে। দেখানে "ধর্মার্থ'' শব্দের অন্তর্গত অর্থ শব্দের অর্থ হচ্ছে 'প্রয়োজন', অন্ত কোন অর্থ দেখানে সম্ভব হবে না। তাহলে দ্বিতীয় বিগ্রহ ও তৃতীয় বিগ্রহে অর্থের কোন প্রভেদ থাকবে না। তাতে তৃতীয় বিগ্রহ প্রদর্শন ব্যর্প হয়ে যাবে। এইজন্ত কৈয়ট বলেছেন—'ধৰ্মপ্ৰযোজন ইতি'—লিঙাদিবিষয়েণ নিয়োগাখ্যেন ধৰ্মেণ প্রযুক্ত ইত্যর্থ:।" অর্থাৎ লিঙ্লোট্, তব্য, অনীয়, লেট্ এই দকল প্রত্যয়ের বাচ্যার্থ যে নিয়োগরূপ ধর্ম তার দ্বারা প্রযুক্ত। এই বিষয়টি একটু প্রিষ্কার করে বলা আবশ্যক। এইজন্য নাগেশের ব্যাপ্যা অফুসারে এথানে বিবৃত করছি। প্র+যুজ্ধাতুর উত্তব করণবাচ্যে ল্যুট প্রত্যয় করে যে প্রয়ো-জন শব্দ নিম্পন্ন হয় তাহা নপুংসক বিশ্বহয়, 'প্রয়োজনম্' এই প্রকাররপ হয়। তার অর্থ 'ফল'। কিন্তু এখানে মহাভাষ্যে যে "ধর্মপ্রয়োজনঃ" শব্দের অন্তৰ্গত 'প্ৰয়োজন' শব্দটি আছে তাহা 'কৃত্যলুটোবছলম্" [৩০১১৩] স্ব্ৰাফু-সারে 'প্রযুক্তাতে 'অসে)' এইভাবে কর্মবাচ্যে ল্যুট্ প্রত্যন্ন করে নিষ্পন্ন হয়েছে। ধর্মেণ প্রযুক্ত্যতে [অদে] এইরূপ অর্থে ল্যট্ করে, 'প্রয়োক্তন' এই ক্বংপ্রত্যয়ান্ত শব্দের যোগে 'ধর্ম' শব্দের উত্তর কর্তায় ষষ্ঠী করে ষষ্ঠীতংপুরুষ সমাস হয়েছে— 'ধৰ্মশু প্ৰয়োজনঃ' 'ধৰ্মপ্ৰয়োজনঃ' এইভাবে 'ধৰ্মপ্ৰয়োজন' শুৰু নিষ্পন্ন হলে

তার সঙ্গে 'নিয়ম' শন্ধের 'ধর্মপ্রয়োজনঃ নিয়মঃ' এইরপ বিগ্রাহ করে শাকপার্থি--বাদিত্ব অমুসারে সমাস করে 'ধর্মনিয়মঃ' শব্দ সিদ্ধ হয়। এখানে অর্থাৎ 'ধর্ম--প্রবোজনঃ' এই শব্দের অন্তর্গত 'ধর্ম' শব্দের অর্থ কার্য বা নিয়োগ। প্রভাকর মীমাংসক মতামুদারে তাঁরা লিঙ্, লোট, তব্য প্রভৃতি প্রত্যয়ের বাচ্যার্থ কর্ষি বা অপূর্ব স্বীকার করেন। যাগাদি ক্রিয়াক্তর এবং যাগাদিক্রিয়ার প্রয়োক্তক रुष्ट अपूर्व। এই अपूर्व एक्यन यांगामिकियांनामा, आवाद मिटेक्रण এই অপূর্বই যাগাদিক্রিয়ার প্রবর্তক। অপূর্ববশতই লোকে যাগাদিতে প্রবৃত্ত হয়। এই মপূর্বকে প্রভাকরমভামুদারীরা 'কার্য' নামে —'নিয়োগ' নামে অভিহিত করেন। যাগাদিবিষয়ক্ত্বতিদাধা বলে এই অপূর্ব কার্য। আবার এই অপূর্বই নিজের বিষয় যে যাগাদি ক্রিয়া, তাতে পুরুষকে নিযুক্ত করে বলে—এর नाम 'निरम्नान'। এই 'निरम्नान' निक्षांपित वाठ्यार्थ। এই निरम्नान, कार्य वा অপূর্বকে প্রভাকরম তামুসারীরা ধর্ম বলেন। এই 'অপ্র্ররপ ধর্ম কর্তৃ কি নিষুক্ত হয় নিষম' এইরপ অর্থ এখানে ''ধর্মপ্রয়োজনো নিয়মঃ" এই মহাভাষ্যাংশের তাৎপর্ষ বলে বুঝতে হবে। ধর্মের দ্বারা অর্থাৎ অপূর্বদার। যে নিয়ম প্রযুক্ত হয়— নিয়ন্ত্রিত হয়, সেই নিয়ম হচ্ছে "ধর্মপ্রয়েজনঃ নিয়ম"। কি সেই নিয়ম ? এই প্রশ্নের উত্তরে নাগেশ বলেছেন অসাধুনিবৃত্তি—অর্থাৎ অসাধুশব্দের প্রযোগের নিবৃত্তি হয় যে নিয়ম থেকে সেই নিয়ম হচ্ছে কায় বা অপূর্বের দারা **প্রযুক্ত। শাল্পে** যে বিধি আছে, সেই বিধি বা অপূর্বের দ্বারা অসাধুশব্দের নিবৃত্তি করা হয়। ইহা ব্যাকরণশাম্মের দ্বারা ধর্মনিষম। স্থতরাং মহাভাষ্য কারের দিতীয় বিগ্রহের অর্থ হচ্ছে [ধর্মার্থনিয়ম] 'ধর্মফলক নিয়ম', যে নিয়মের কল বা প্রয়োজন হচ্ছে ধর্ম। আর তৃতীয় বিগ্রহের অর্থ হলো ধর্মপ্রয়োক্য-নিয়ম, যে নিয়ম ধর্মের দারা প্রযুক্ত হয়। এইভাবে অর্থেব ভেদ থাকায় মহাভাষ্যকারের ব্যাখ্যায় কোন দোষ নাই ॥ ৪৬ ॥

মূল

বিভিক]

—যথা লোকিকবৈদিকেষু ॥১॥ [চতুর্থ বার্তিক]
[মহাভাষ্য]

প্রিয়তদ্বিতা দাক্ষিণাত্যাঃ—'যথা লোকে বেদে চ ইতি

প্রবোজনো 'বধা লৌকিক বৈদিকেষিতি' প্রযুঞ্জতে। অথবা যুক্ত এবাত্র তদ্ধিতার্থ:, যথা লৌকিকেষু বৈদিকেষু চ কৃতান্তেষু। লোকে তাবং "অভক্ষ্যো গ্রাম্যকুক্টঃ" "অভক্ষ্যো গ্রাম্যক্কর" ইত্যুচাতে। ভক্ষ্যং নাম ক্ষুংপ্রতিঘাতার্থমুপাদীয়তে। শক্যং চানেন শ্বমাংসাদিভিরপি ক্ষুৎপ্রতিহস্তম্য। তত্র নিয়মঃ ক্রিয়তে—ইদং ভক্ষ্যমিদমভক্ষ্য-মিতি। তথা খেদাংশ্রীষু প্রবৃত্তিভ্বিতি। সমানশ্চ খেদাবগ্রেমা গ্রম্যায়াং চ অগ্রম্যায়াং চ। তত্র নিয়মঃ ক্রিয়তে—ইয়ং গ্রম্যা, ইয়মগ্র্যোতি॥ ৪৭॥

জমুবাদ—''বেমন লৌকিক পদার্থসমূতে ও বৈদিক পদার্থসমূতে'' [নিয়ম দেখা যায়]।। ১।। ্বাতিক]

ভাষ্যার্থ বিশ্বনদেশীরগণ ভদ্ধিভপ্রির; 'বেমন —লোকে ও বেদে এইরপ প্রযোগের কর্তব্যভাব, [নিক্ষণদেশীরগণ] 'বেমন লোঁকিকে ও বৈদিকে' ইছা প্রয়োগ করেন। অথবা এথানে ভদ্ধিত প্রপ্রায়ের] এর অর্থা সক্ষই, বেমন লোঁকিক ও বৈদিক সিদ্ধান্তসমূহে। লোকে 'গ্রাম্য ক্রুট অভক্ষ্য' 'গ্রাম্য শ্কর অভক্ষ্য' ইহা বলা হয়। ক্ষুধার প্রতিকারের জন্ম ভক্ষ্য পদার্থ গ্রহণ করা হয়। এই ক্ষুধার্ত ব্যক্তি কুকুরের মাংস প্রভৃতির দারাও ক্ষ্ধার নির্ত্তি করতে পারে। সেইখানে [ভক্ষণবিষয়ে] নিয়ম করা হয়—ইহা ভক্ষ্য. ইহা অভক্ষ্য। সেইরপ—রাগ বশত স্থীতে প্রত্তি হয়। গম্য এবং অসম্য স্থীতে ভ্ল্যভাবে থেদ [রাগ] নির্ত্তি হয়। সেখানে—'ইহা গম্য, ইহা অসম্য এইরপ নিয়ম করা হয়। ৪৭।।

বিরুতি—লোকব্যবহার থেকে জেনে মাস্থ অপরকে অর্থ ব্রাবার অস্থ শব্দ প্রয়োগ করে। ব্যাকরণশাস্ত্র কেবল সেই শব্দের প্রয়োগ বিষয়ে ধর্মের নিয়ম করে দেয়—'গাধুশব্দের প্রয়োগ করবে'। ইহা বাতিককার বলে এসেছেন; মহাভাস্যকারও বাতিকের ব্যাখ্যা দার। তাহা প্রকটিত করেছেন। এখন সেই ধর্মনিয়ম ব্যাবার জন্ত বাতিককার দৃষ্টান্ত প্রদর্শন করছেন—''যথা লৌকিক বৈদিকেয়্" যেমন লোকিক ও বৈদিক পদার্থ বিষয়ে [নিয়ম করা হয়]। মহাভাষ্যকার উক্ত বাতিকগ্রন্থের ব্যাখ্যা করবার জন্ত প্রথমে বলছেন 'প্রিয়তিছিতাঃ দাক্ষিণাত্যাঃ" দক্ষিণদেশীয়গণ তদ্ধিত প্রত্যােরর প্রয়োগ করতে ভালবাসেন।

মহাভাষ্যকারের এইউজি থেকে বুঝা যাচ্ছে বার্ডিককার কাত্যায়ন দক্ষিণদেশীয় ছিলেন। দক্ষিণদেশীয়েরা তত্বিতপ্রিয় বলে কি করে জানা গেল 📍 এই প্রশ্নের উত্তরে মহাভাষ্যকার বলৈছেন—'ষেমন—বেখানে লোকে ও বেদে' এইরূপ শব্দ প্রয়োগ করলে কার্যনির্বাহ হয়ে যায়, দেখানে বাভিক্কার – 'যেমন লৌকিকে এবং বৈদিকে' এইরূপ শব্দ প্রয়োগ করেছেন। "লোকে ভব:" **'লোকিক:**', বেদে ভব:' 'বৈদিক:" এইভাবে লোফ এবং বেদ*স্বের উত্তর— 'ভব্ৰছবঃ' অথে 'ঠঞ্-' প্ৰতায় করে লৌকিক এবং বৈদিকশন্ধ নিষ্পন্ন হয়। লোকে এবং বেদে বললে বুঝা যায়, যাবং লোক হচ্ছে অবয়বী, আর সেই লোকে কথিত কতিপয় পদার্থ হচ্ছে অবয়ব। এখানে লোক শব্দের অর্থ (म)क्तात्रादशाः । এইয়প সমস্ত (दम অবয়বী, বেদে কথিত পদার্থ অবয়ব। অতএব এখানে লোক বা বেদকে অববয়বী, এবং দেখানে প্রাপ্ত পদার্থকৈ অবয়ব ধরলে সেই অবয়বাবয়বিভাবে বলা ষেতে পারে—"থেমন লোকে [নিয়ম]বেদে[নিয়ম]"এইরূপ বললে কোন ক্ষতি হয় না বরং শব্দের লাঘব হয়। বার্তিককার এইরূপ প্রয়োগ না করে—লোকসমূদায়, বেদসমূদায় अवः (लाकनम्नारंशक व्यवश्व, ७ (वननम्नारंशक व्यवश्व व्याधात्रवारंशकारंशकारंका কল্পনা করে যে ''নৌকিকবৈদিকেষ্" এইরূপ প্রয়োগ করেছেন—ভাতে তার তদ্ধিতপ্রিয়ত্বস্থচিত হয়েছে - এইরূপ তাংপর্যে মহাভাষ্যকার প্রথমে বার্তিক-কারের উপর কিঞ্চিং উপহাদ করেছেন। কিন্তু মহাভাষ্যকার এই কথা বলে পরে যেন নিজেরই দোষদংশোধন করবার জন্ম বললেন—"অথবা যুক্ত এবাজ তদ্বিতার্থ:। যথা লৌকিকেষু বৈদিকেষু চ ক্বতান্তেষু।" অথবা এখানে তদ্ধিত প্ৰত্যয়ের অর্থ যুক্তিযুক্ত। যেমন লৌকিক ও বৈদিক সিধান্তসমূহে। 'লোক' শব্দ ও 'বেদ' শব্দের উত্তর 'অধ্যান্মাদেঠঞিষ্যতে' এই বাত্তিক স্ত্রাহ্নদের 'ঠঞ্' প্রত্যর করে 'লৌকিক' ও 'বৈদিক' শব্দ নিষ্পন্ন হয়েছে। লোক ও বেদ সমুদায় ষ্মবয়বী এবং সেই সোকে ও বেদে আছে যে সব পদার্থ তাহার। অবয়ব, এই-ভাবে অবয়বাবয়বিভাব কল্পনা করলে ''যথা লোকে বেদে চ'' এইরূপ বলা কিন্তু মহাভাষ্যকার বলছেন—এখানে লোক ও বেদকে ভিন্ন ধরে, সেইবেদে ও লোকে কথিত যে সিদ্ধান্ত শব্দ ও অর্থ, তাকেও ভিন্নধরলে লোক ও বেদ শব্দের উত্তর তদ্ধিত প্রত্যায়ের আবশ্যকতাথাকে। কারণ লোকে ও বেদে এই শক্ষের ছারা আরু লোক বেদ সম্ভূত কা লোক বেদ কবিত সিদ্ধান্তকে ধরা গায়

ন:। অথচ লোক বেদকথিত দেই সিদ্ধান্তকে ব্ঝাতে হবে। এইজন্ত 'লোক' ও 'বেদ' শব্দের উত্তর ভদ্ধিত প্রভাৱ করে 'লৌকিক' এবং 'বৈদিক' শব্দ্ধ নিম্পাদন পূর্বক বাতিককার প্রয়োগ করেছেন। অতএব এখানে বাতিকবারের ভদ্ধিত প্রভারের প্রয়োজন থাকায় ভদ্ধিত প্রভারের অর্থ মৃক্তিসকত হয়েছে। 'কুভান্ত' শব্দের অর্থ সিদ্ধান্ত। সিদ্ধান্ত তৃইপ্রকার শব্দ ও অর্থ, উভরই সিদ্ধান্ত (২১)।

এখানে 'গৌকিক' এইশব্দের অর্থ শ্বভিতে নিন্দ্র। 'বৈদিক' এই শব্দের অর্থ শ্বভিতে নিন্দ্র, ইহা কৈয়ট বলেছেন। কিন্তু শ্বভিতে বা শ্রুভিতে বিদ্ধান্ত শব্দ নিবদ্ধ থাকতে পারে, দিল্লান্ত অর্থ কিরপে নিবদ্ধ থাকবে ? এইরপ আশব্দার উত্তবে নাগেশ ভট্ট বলেছেন ''তৎপ্রভিপাদকবাকোর্যু ইভার্থ:" দিল্লান্তপ্রভিপাদক বাক্যসমূহে ইহাই অর্থ। সিদ্ধান্তপ্রভিপাদক বাক্যে অর্থ বর্ণিত থাকে। তা হলে ''যথা লৌকিকবৈদিকেয়ু'' এই বাভিকের ভাৎপর্যার্থ হচ্ছে যেমন শ্বভিতে উপনিবদ্ধ দিল্লান্ত প্রভিপাদক বাক্য সমূহে ও শ্রুভিতে উপনিবদ্ধ দিল্লান্ত প্রভিপাদক বাক্যসমূহে [নিযম করা হয়, সেইরপ্রাক্রণশাল্পে ধর্মের নিয়ম করা হয়]

লৌকিক দিদ্ধান্ত বাক্যে অর্থাৎ শ্বৃতিতে উপনিবদ্ধ দিদ্ধান্ত প্রতিপাদক বাক্যে কি ভাবে নিয়ম করা হয় ইছাই মহাভাষ্যকার প্রথমে প্রদর্শন করছেন 'লোকে তাবং "অভক্ষ্যে গ্রামাকুক্টঃইয়মগ্র্যোতি।" "অভক্ষ্যঃ গ্রামাকুক্টঃ" 'অভক্ষ্যঃ গ্রামাক্করঃ" এই তুইটি শ্বৃতি বাক্য মহাভাষ্যকার কোন শ্বৃতি থেকে উদ্ধৃত কবেছেন তা ঠিক জানা যায় না। তবে ইহার অক্সরপ বাক্য বোধায়ন ধর্মপত্রে উল্লিগিত আছে 'অভক্ষ্যাঃ পশবো গ্রাম্যাঃ, তথা ক্কৃটস্করম্।" গ্রামাকুক্ট বা গ্রাম্যান্ত্রর ভক্ষণ করবে না। শ্বৃতিতে গ্রামাকুক্ট ও গ্রামান্ত্রর ভক্ষণ নিষিদ্ধ করা হয়েছে। মহাভাষ্যকার এই শ্বৃতিবাকো কিভাবে নিয়ম করা হয়েছে তাহা ব্যাবার জন্ম বলেছেন "ভক্ষ্যং চ নাম ক্ষ্যতিহাতার্থম্পাদীয়তে"। এই বাক্যটির অর্থের সক্ষতি করতে হলে বলতে হবে 'ভক্ষাং চ নাম তৎ যৎ ক্ষ্প্রতিঘাতার্থম্পাদীয়তে'। একটি 'তং' পদ ও একটি 'যং' পদ অধ্যাহার করতে হবে। ভক্ষ্য পদার্থ তাহা

⁽১১) নাগ্ৰহণাৰহতিবিদাপ:, কিং ভটি লোকবেদব্যভিরিজসিদ্ধান্তশন্ধভিষয়শ ইভার্থ:। মহাত্যাগ্রাপ – কৈয়ট।

যাহা ক্থানিবৃত্তির জন্ম গ্রহণ করা হয়। "শক্যং চানেন শ্বমাংদাদিভিরপিঃ কুংপ্রতিহন্তম্", এথানে 'অনেন" বলতে 'কুধার্ত ব্যক্তি কড়'ক' ইহাই বুঝতে হবে। শ্বধার্ত ব্যক্তি কুকুরের মাংদ প্রভৃতির দ্বারাও শ্বুধা নিবৃত্ত করতে সমর্থ হয়। এই মহাভায়বাকো 'কুং' পদটি স্থীলিক কুণ্শস্থের প্রথমা-বিভাক্তির একবচনান্ত রূপ। এবং ইহা কর্মকারক। উক্তকর্মে প্রথমা হয়েছে। এর ক্রিয়া হচ্ছে ''শক্যম্।" শকঃ শক্তে শক্ ধাতৃর উত্তর কর্মবাচ্যে 'শকি সকোশ্চ" পা: স্থ: ৩।১।১১] স্ত্রে বৎ প্রভায় করা হযেছে। কর্মনাচ্যে ক্রিয়া কর্মের অধীন হয়। কর্ম এথানে 'কুং'। উহা স্বীলিক একবচনান্ড বলে, তার অন্থুসারে ক্রিয়া পদটি 'শক্যা' এইরূপ হওয়া উচিত ছিল। অথচ মহাভায়কার এথানে ''শকাম্" এইরূপ নপুংসকলিঙ্গে প্রথমার একবচনের রূপ প্রযোগ করলেন কেন ? ইহা কি ব্যাকরণের অন্তশাসন বিরুদ্ধ হয় নাই ? ইঙার উত্তরে কৈয়ট বলেছেন শাক্ধাতুর উত্তর কর্মবাচ্যে যে ক্বত্যপ্রতায় [যৎপ্রত্যয়], এখানে হয়েছে ; সেই কর্মটিকে কোন বিশেষভাবে না বৃঝিয়ে সামান্যভাবে সেই কর্মকে নপুংসকলিবান্ত 'তং' প্রভৃতি কোন দর্বনামের ছার। বুনিয়ে প্রথমে শক্ধাতুর উত্তর যৎ প্রত্যয় করা হয়েছে। সেই হেতৃ উহা ""শক্যং" এইরূপ নপুংসকলিন্ধের একবচনের রূপ প্রাপ্ত হযেছে। ভারপর ^ব ক্ষুং" এই কর্মপদের সঙ্গে 'শক্য' শব্দের সম্বন্ধ হওয়ায় তার স্বীলিক্ষত্ব প্রাপ্তা হলে এই স্ত্রীলিকত্ব পরে প্রাপ্ত হচ্ছে বলে বহিবক। আর "শক্যম্" এই নপুংসক-লিলের সংস্থারটি পূর্বসিদ্ধ বলে অন্তরঙ্গ। অন্তএন বছিরঙ্গ 'দ্বীঘ' আর অন্তর্জনপুংসকলিক সংস্থারকে বাধাদিতে পারে না। ''অসিদ্ধং বহিরক্ষমন্তরক্ষে এই পরিভাষা থেকেও পাওয়া যায়; অন্তরঙ্গ কার্যে বহিরঙ্গকার্য অনিদ্ধ। এইরূপ প্রয়োগ শান্ত্রে বহু দেখা যায়। ''নহি দেহভূতা শক্যং ত্যক্তরুং কর্মাণ্যশেষত: [গীতা ১৮৷৩১] ''ড্রন্টুং শকামধোধ্যায়াং নাবিদাল চ নান্তিক:" ্রামায়ণ ১।৬।৮]। ধাহা হউক্ ভক্ষণ বিষয়ে মাহুষের রাগ বশত যে কোন বস্তুর দ্বারা ক্রিবৃত্তি প্রাপ্ত আছে। সেইখানে অর্থাৎ সেই ভক্ষ্যপদার্থ বিষয়ে শান্ত্র [স্মৃতি শান্ত্র] "অভক্যঃ গ্রাম্য কৃক্টঃ" ইত্যাদি বাক্যে নিয়ম করে দিলেন 'ইহা ভক্ষা ইহা অভক্ষা"। এখানে গ্রাম্যকুটু বা গ্রাম্যশূকর প্রভৃতির ভক্ষণের নিষেধের ধারা শাল্প তদ্ভিন্ন ভক্ষাবম্বর ভক্ষণের অস্মোদন কর্নেছেন। এখানে ইহাই নিয়ম, একের নিষেধের ছারা অপরের অন্নমোদন। এইভাবে

থেদবশত অথাৎ চিত্তের থেদ বা কামনিবৃত্তির জন্য মাছ্যবের স্ত্রীতে প্রবৃত্তি হয়।
মাছ্যবের দেই প্রবৃত্তি গম্যা এবং অগম্যা স্ত্রীতেও প্রাপ্ত থাকে। শাক্ত
'পরদারান্ন মর্শরেং' অর্থাৎ পরস্থীগমন করবে না, ইত্যাদি নিষেধের হারা
শাস্থ বিধি অন্থসারে বিবাহিত নিজ স্ত্রীগমনের অন্থযোদন রূপ নিয়ম করেন।
এই দৃষ্টান্ত এন্থসারে ব্যাকরণ শাস্প জন্য জ্ঞান পূর্বক সাধুশন্দের প্রয়োগ করলে
ধর্ম হয়, অসাধু শন্দের প্রয়োগ করলে অধর্ম হয়, অতএব অসাধুশন্দের প্রয়োগের
নিষেধরূপ নিয়ম ব্যাকরণ শাস্তের হার। করা হয়।। ৪৭।।

মূল

বেদে খন্বপি "পয়োব্রতে। ব্রাহ্মণে। যবাগ্রতো রাজন্য আমিক্ষা-ব্রতো বৈশ্য" ইত্যুচ্যতে। ব্রতং নামাভ্যবহারার্থমুপাদীয়তে। শক্যং চানেন শালিমাংসাদীন্তপি ব্রতয়িতুম্। তত্র নিয়মঃ ক্রিয়তে। তথা বৈল্বঃ খাদিরে৷ বা যুপঃ স্তাদিত্যুচ্যতে। যুপ্শচ নাম পশ্বরুবন্ধার্থমুপাদীয়তে। শক্যং চানেন যৎ কিঞ্চিদিপ কাঠমুচ্ছি-ত্যানুচ্ছি-ত্যু বা পশুরুবন্ধুমু। তত্র নিয়মঃ ক্রিয়তে।

তথা অগ্নৌ কপালান্যধিশ্রিত্যাভিমন্ত্রয়তে "ভৃগ্নামঙ্গিরসাং [ঘর্মস্থা] তপদ। তপ্যধ্বম্" [বাজদনেয়িসংহিতা ১।১৮]। অন্তরেণাপি মন্ত্রমগ্রিদহনকর্মণ কপালানি সন্তাপয়তি। তত্ত্ব চনিয়ম: ক্রিয়তে—এবং ক্রিয়মাণমভ্যুদয়কারি ভবতীতি।

এবমিহাপি সমানায়ামর্থগিতে (ক) শব্দেন চাপশব্দেন চ ধর্ম-নিয়মঃ ক্রিয়তে—শব্দেনৈবার্থোইভিধেয়ো নাপশব্দেনেতি। এবং ক্রিয়মাণমভ্যুদয়কারি ভবতীতি ।।৪৮॥

অনুষাদ: —বেদেও 'ব্রাহ্মণ পায়োব্রত, ক্রিয় যবাগ্রত, বৈশু আমিকা ব্রত' ইহা বলা হয়। ভোজনের জন্ম যাহা গ্রহণ করা হয় তাহা ব্রত। ব্রত পালন কারী, শালি তণুলের অন্ন, মাংসাদিও ব্রতরূপে গ্রহণ করতে পারে। সেথানে [ব্রতরূপে ভোজনে] নিয়ম করা হয়। সেইরূপ 'বিৰকাষ্টের বা খদির কাষ্টের যূপ হবে' ইহা [বেদে] বলা হয়। পশুবদ্ধন করবার জন্ম যুপ গ্রহণ করা হয়। সেই পশুবদ্ধনকারী ব্যক্তি যে কোন কাষ্ঠ ভক্ষণ [চাঁছা ছোলা]

⁽**ক) ''মর্গাবগভৌ'' পাঠান্ত**ব।

করে বা তক্ষণ না করে পশুবন্ধন করতে পারে। সেখানে [কাঠবিশেষরূপ দুপ বিষয়ে] নিয়ম করা হয়।

সেইক্লপ অগ্নিতে কপাল সকল স্থাপন করে মন্ত্র পাঠ করে 'ভূগুগোত্তীর-গণের অবিরা গোত্তীয়গণের তপালাবারা তপ্ত হও'। মন্ত্র [মন্ত্রোচ্চারণ] ব্যতীতও দাহক্রিয়াকারী অগ্নি কপাল সকলকে সম্থ্যু করে। সেখানে [কপালের ইক্ষা করণে] নিয়ম করা হয়— এইরূপ [মন্ত্র পাঠ পূর্বক সম্থ্যু করা হলে] করা হলে অভ্যুদর কারী [অদ্টোংপাদনকারী] হয়। এইরূপ এখানে ও [শব্দ প্রয়োগ বিষয়ে] শব্দের [সাধুশব্দের) হারা এবং অপশব্দের [অসাধুশব্দের] হারা অর্থক্রান সমান ভাবে হলেও ধর্মের নিমিন্ত নিয়ম করা হয়, সাধুশব্দের হারা অর্থের কথন করবে, অসাধুশব্দের হারা অর্থের কথন করবে না। এইরূপ করা হলে [তাদুশ অফ্রান] অভ্যুদয়কারী [অদুইজনক] হয়। ৮।।

বিবৃত্তি:—লৌকিক নিষম অর্থাৎ শ্বতিশাল্মোক্র নিয়মদেথিয়ে মহাভাগ্যকার এখন বৈদিক নিয়ম দেখাবার জন্যে বলছেন 'বেদে থল্বপি" ইত্যাদি। 'থলু' এবং 'অপি' এই হুইটি নিপাত নিশ্চয় অর্থের গ্লোতক। মহাভাগ্নে 'পয়োব্রতো বান্ধণো যবাগৃত্রতো রাজ্জুআমিক্ষাত্রতো বৈশ্বঃ" এইরূপ বাক্য ঠিক বেদে পঠিত বাক্য নয়। কিন্তু বেদে ব্রাহ্মণের ব্রত, ক্ষত্রিয়েব ব্রত ও বৈশ্রের ব্রত সম্বন্ধে যেরপ বাক্য আছে, তার অর্থ গ্রহণ করে সেইরপ তাংপর্যে মহাভায়কার এখানে বাক্যরচনাপূর্বক উল্লেখ করেছেন। 'ব্রত' বলতে কতকগুলি উপবাদাদি অষ্ঠানকে ব্ঝায়। সেই সমন্ত অনুষ্ঠানে ভোজনবিশেষকেও ব্ৰভ বলা হয়। কোন ৰাগ্যক্ত বা তপস্থাবিশেষে যে ভোজনের নিয়ম পালন, সেইরূপ নিয়ম পালনে, আহ্মণ কেবল হৃষ্ণ পান করে থাকবেন, ক্ষত্রিয় কেবল ষ্বাগু [যবের षात्रा निर्मिত থাত বিশেষ] ভক্ষণ করে থাকবেন, বৈশ্য কেবল আমিক্ষা অর্থাৎ ছানা ভক্ষণ করে থাকবেন। তুধ গরম করে ঘন করে তাতে দধি সংযোগ করলে যে বন্ধ উৎপন্ন হয় তাকে 'আমিক্ষা' বলে। স্কতবাং উহা ছানাবিশেষ। বেদশাল্পে এইরূপ নিয়ম করা হয়েছে। এখন ব্রভান্নগারী মামুষ উত্তম শালি তণুলের অন্ন এবং মাংস প্রভৃতি ভোজন করেও ব্রতপালন করতে পারেন, কিন্তু সেই ভোজন বিষয়েই এথানে বেদশান্ব নিয়ম করে দিয়েছেন-ব্রাহ্মণ ্কেবল হ্রমপানই করবেন, ক্ষাত্রিয় কেবল ঘবাগৃ ভক্ষণ করাবেন, বৈভাকেবল ছানা ভক্ষণ কর্বেন; তৃথা প্রভৃতি, একটি ভোজনের নিয়ম করে ভঙির বস্তুর ভোজনের নির্ত্তি করে দেওয়া হয়েছে। 'প্রোত্রতঃ' 'প্যঃ ব্রতং যশু' এইরূপ বিগ্রহে বছ্বীহিসমাসনিষ্পন্ন শব্দ। এইরূপ 'যবাগ্রতঃ' এবং 'আমিক্ষাত্রতঃ' শব্দের ব্যুৎপত্তি বুঝতে হবে।

মহাভাল্যকার বৈদিক নিয়মের তিনটি উদাহরণের উল্লেখ এখানে করেছেন। প্রথম উদাহরণের কথা বলে দ্বিতীয় উদাহরণের কথা "তথা বৈলঃ থাদিলে৷ বা ·····নিয়ম: ক্রিয়তে।" এই গ্রন্থে বলেছেন। বৈদিক যজ তিন প্রকার, ইষ্টি, পশু ও দোম। যে যাগে ওষধি দ্রব্য অর্থাৎ ধান যব প্রভৃতি দ্রব্যের দারা ৰাগ সম্পাদন করা হর, ভাহাকে ইষ্টি যাগ বলে। যেমন দর্শপূর্ণমাসাদি যাগ। ষে যাগে পশুর ছারা কর্ম সম্পাদন করা হয় ভাহাকে পশুযাগ বলে। যেমন অখ্যমেধাদি যাগ। দোমলতার রস নিদাসন করে তাহার দারা যে যাগ সম্পাদন করা হয় তাহাকে সোমযাগ ধলে। গেমন 'অগ্নিষ্টোম' প্রভৃতি যাগ। সোম্যাগেও অপ্রধানভাবে পশুর আছতি দিতে হয়। পশুকে বন্ধন করার জ্জ যুপের প্রয়োজন। এই যূপ বেলকাঠ বা ধরেব কাঠের দারা নির্মাণ ছেবে –ইহাই বেদে নিয়ম কঃেছেন। সেই যুপনির্মাণ করতে ২লে কাঠকে চেঁছে খুব মস্থা করতে হয়। আটটি কোণ করতে হয়, 'ষূপং তক্ষোতি' 'ষ্পমষ্টা**ল্রী করোতি' ইত্যা**দিরণ যূপের নির্মাণ প্রক্রিয়াও বেদে আছে। যাই হোক যাগে পশুর অনেক সংস্থার আছে। তাব মধ্যে পশুকে যূপে বন্ধন করা একটি সংস্কার। পশুকে যে কোন কাঠে বন্ধন করা ষেতে পারে, বা কাঠকে না চেঁছে ৩ তাতে পভকে বাঁধা যেতে পারে। কিন্তু বেদ নিয়ম কবে দিলেন—বিৰ অথবা খদির কার্চের যুপ করতে হবে। সেই কার্চ অবঙ্গ ভালভাবে পালিশ প্রভৃতি করতে হবে। কাবণ যুপ বললেই টাছা ছোলা। কাষ্ঠকে বুঝায়। এই নিয়মেও বিৰ ব। খদিব কাষ্ঠেব বিধান করে অন্ত কার্চের নিবৃত্তি করে দেওয়া হয়েছে।

তারপর মহাভায়তার— বৈদিক তৃতীয় নিয়মের উল্লেখ করেছেন—
"তথাগ্রে কপালায়ধিপ্রিত্য · · · অভ্যুদয়কারি ভবতীতি।" থালার বেমন
কানা কিছুটা উঁচু থাকে দেইরূপ ছই আঙ্বল উঁচু কানাই বিশিপ্ত মাটির
[পোডান] থালাকে 'কপাল' বলে। দেই কপাল আগুনের উপর স্থাপন
করে কপালকে উষ্ণ করার বিধি বেদে আছে। উষ্ণ করার সময় এই মন্ত্রপাঠ
বরতে হয় — "ভূগুনামন্দিরসাং ঘর্মদা তপদা তপ্যুধ্বম্।" • 'ভূগোরপত্যানি'

এইরূপ ভৃগুশব্দের উত্তর বছবচনে যে অপত্য প্রত্যয় হয়, সেই অপত্য প্রত্যয়ের — "তদ্রাজ্ঞ বছষ্দুক্ তেনৈবান্ত্রিয়াম্ পাঃ ২।৪।৬২" অর্থাৎ বছবচনে তদ্রাজ্ঞ-প্রত্যয়ের লুক্ হয়ে "ভূগবঃ" পদিদ্ধ হয়। এথানে 'ভৃগ্নাম্' পদটি ঐ বছবচনে অপত্যার্থক 'ভৃগু' শব্দের ষষ্ঠীর বছবচনের রূপ। স্ক্তরাং উহার অর্থ ভৃগুর অপত্যগণের। এইরূপ ''অঙ্গিন্দাম্" পদেরও অর্থ 'অঙ্গিরার অপত্যগণের'।

'তপদা' এই পদের অর্থ তাপের দ্বারা বা তপস্তার দ্বারা। 'ঘর্মদা' এই পদটি বাজসনেম্মি সংহিতাতে [বর্তমান সংস্করণে] দেখা যায় না। স্থতরাং "ভৃগৃনামঙ্গিরসাং তপদ। তপ্যধন্" এই মন্ত্রের সংক্ষেপে অর্থ হচ্ছে—[কে কপাল সকল] ভৃগুর অপত্যগণের এবং অন্ধিরার অপত্যগণের তপস্তার দারা বা তাপের দারা তপ্ত হও। কপালগুলিকে অগ্নিতে [অগ্নির উপরে] স্থাপন করে মন্ত্রপাঠ না করেও তপ্ত করা যায়, আবার মন্ত্র বলেও তপ্ত করা যায়। কিন্তু বেদে নিয়ম করে দিয়েছেন—মন্ত্র উচ্চারণ করেই কপাল সকলকে তপ্ত করতে হবে। মন্ত্র উচ্চারণ করে তপ্ত করলে তা থেকে অভ্যুদয় অর্থাৎ একটি অদৃষ্ট উৎপন্ন হয়; স্থতরাং মন্ত্র উচ্চারণ না করে তপ্ত করলে সেই অদৃষ্ট উৎপন্ন হয় না। এথানেও মস্ত্রোচ্চাবণপূর্বক কপাল সকলের তপ্ত করা বিধির ছারা মজ্রোচ্চারণ না করে কপালের তপ্ত করার নিবৃত্তি রূপ নিয়ম করা হয়েছে। মহাভান্তকার এই বৈদিক তিনটি নিযমের উদাহরণ প্রদর্শন করে এবং পূর্বে ছুইটি লৌকিক মিয়মের উদাহরণের বর্ণনা করে, ব্যাকরণশাস্ত্রের ধর্মনিযমের উপসংহার করছেন—"এবমিহাপি……অভ্যুদয়কারি ভবতীতি।" পূর্বোক্ত লৌকিক ও বৈদিক নিয়মের দৃষ্টান্তের মত শব্দপ্রয়োগবিষয়েও সাধুশব্দের বা অসাধু শব্দের দ্বারা তুল্যভাবে অর্থজ্ঞান হলেও ধর্মের নিয়ম করা হযেছে— যে সাধুশব্দের প্রয়োগের ছারা অর্থের অভিধান [কথন, বোঝান] কববে, অসাধুশস্বের প্রয়োগ করে অর্থের অভিধান করবে না। এথানেও সাধু শস্বের প্রয়োগের বিধান করে অসাধু শব্দের প্রয়োগের নিবৃত্তিরূপ নিয়ম করা হয়েছে। এইরূপ সাধু শব্দের প্রয়োগ করলে অভ্যুদয় অর্থাং ধর্ম হয়। অক্তথা হয় না — ইহাই মহা**ভা**য়্যকারের ভায়্যের তাৎপর্য ৪৮॥

্মূল

[বার্তিক]

'অস্ত্যপ্রযুক্তঃ' [দ্বিতীয় সংখ্যক বার্তিকের অংশ | মহাভাষ্য]

সন্তি বৈ শকা অপ্রযুক্তাঃ তদ্ যথা—উষ, তের, চক্র পেচ ইতি। কিমতো যং সন্ত্যপ্রযুক্তাঃ ? প্রয়োগাদ্ধি ভবাঞ্বলানাং সাধ্যমধ্যবস্থতি। য ইদানীমপ্রযুক্তা নামী সাধবঃস্থাঃ। ইদং তাবদিপ্রতিষিদ্ধম্—যতচাতে সন্তি বৈ শকা অপ্রযুক্তা ইতি। যদি সন্তি নাপ্রযুক্তাঃ, অথাপ্রযুক্তা ন সন্তি। সন্তি চ অপ্রযুক্তাশেচতি বিপ্রতিষিদ্ধম্। প্রযুগ্ধান এব থলু ভবানাহ—সন্তি শকা অপ্রযুক্তা ইতি। কশ্চেদানীমন্তো ভবজ্জাতীয়কঃ পুরুষঃ শকানাং প্রয়োগে সাধুঃ স্থাং? নৈত্বিপ্রতিষিদ্ধম্। সন্ত্রীতি তাবদ্রামা যদেতাঞ্ছান্ত্রবিদঃ শাস্ত্রেণান্ত্রবিদ্ধতে। অপ্রযুক্তা ইতি ক্রমো যন্ত্রোকেই প্রযুক্তা ইতি। যদপুচাতে কশ্চেদানীমন্তো ভবজ্জাতীকঃ পুরুষঃ শকানাং প্রয়োগে সাধুঃ স্থাদিতি, ন ক্রমোইআতিরপ্রযুক্তা ইতি। কিং তর্হি ? লোকেই প্রযুক্তা ইতি। নত্ন চ ভবানপাভান্তরো লোকে ? অভান্তরোইহংলাকে ন বহং লোকঃ ॥৪৯॥

অনুংদি:-আছে, অপ্রযুক্ত (অব্যবহৃত । [বাভিকামবাদ]

[ভাগাহ্মবাদ]

[পূর্বপক্ষী] [কতকগুলি] শন্ধ আছে [কিন্তু] প্রযুক্ত [ব্যবঞ্জ] হয় না। যেমন—উষ, তের, চক্র, পেচ ইত্যাদি।

[অন্ত কোন প্রথমপূর্বপক্ষীর বিরোধী পূর্বপক্ষী] আছে অথচ অপ্রযুক্ত
[ইহা] যদি [হয়] তাতে কি [হলো] ?

প্রথম পূর্বপক্ষী] আপনি [সিদ্ধান্তী] শব্দ সকলের প্রয়োগ থেকে [শব্ধেব] সাধুত্ব নিশ্চয় করেন। এখন ষেগুলি [যে শব্ধগুলি] অপ্রযুক্ত ঐগুলি সাধু হতে পারে না।

[কোন তটন্থ (বিচারে লিপ্ত নয)] [আপনি ' যে বলছেন ''শব্দ সকল আছে অথচ 'অপ্রযুক্ত'—ইহা বিক্লন। যদি [শক্ষ] থাকে [তাহলে]? অপ্রযুক্ত নয়, আর যদি অপ্রযুক্ত [হয়, তাহলে] নাই। আছে অথচ অপ্রযুক্ত —ইহা বিক্লন। আপনি প্রয়োগ করেই বলছেন—শব্দগুলি আছে, অথচ অপ্রযুক্ত। [প্রথম পূর্বপক্ষীর উপর উপহাস] আপনার তুল্য অন্ত কোন্ ব্যক্তি প্রথন আছে—যে শক্ষের প্রয়োগে সাধু [কুশল হয়] হতে পারে]?

প্রথম পূর্বপক্ষী] না ইহা বিকন্ধ নার। আছে এইকথা বলছি—
ব্যেহতু শাস্ত্রজ্ঞাণ [ব্যাকরণশাস্ত্রজ্ঞা শাস্ত্রের দ্বারা এই শক্ষণ্ডলির সংস্থার
[প্রকৃতি প্রত্যায়ের বিশ্লেষণ দ্বারা ব্যুংপাদন] করে থাকেন। অপ্রযুক্ত ইহা
বলছি [এইজন্ম] যেহেতু লোকে অপ্রযুক্ত। আর যে আপনি বলছেন—
"আপনার তুল্য অন্য কোন্ ব্যক্তি এখন শক্ষের প্রয়োগে সাধু আছে ?' [এই
বিষয়ে] [শক্ষণ্ডলি] আমাদের কর্তৃক অপ্রযুক্ত—ইহা বলছি না। [দ্বিতীয়
পূর্বপক্ষী] তাহলে কি ? [প্রথম পূর্বপক্ষী] লোকে অপ্রযুক্ত [ইহা বলছি]।
[দ্বিতীয় পূর্বপক্ষী] আমি লোকের ভিত্রে, কিন্তু আমি লোক নই॥ ৪৯॥

বিবৃত্তি:—মহাভায়কার প্রথম সংখ্যক বাতিক ব্যাখ্যা করেছেন। এখন দিন্তীয় বাতিক ব্যাখ্যা করবার জন্ম বাতিকগ্রন্থ উদ্ধৃত করছেন 'অল্পপ্রযুক্তঃ'। ''অল্পপ্রযুক্তঃ' এইটুক্ট দ্বিতীয় বাতিক নয়। কিন্তু দ্বিতীয় বাতিক সম্পূণ্ হচ্ছে "অল্পপ্রযুক্ত ইতি চেল্লাথে শন্ধপ্রযোগাং।' মহাভায়ালার ব্যাখ্যার বিষয় বিভাগের স্থবিধার জন্ম "অল্পপ্রকু ইতি চেল্লাথে শন্ধপ্রযোগাং' এই সম্পূর্ণ বাতিকের 'অল্পপ্রযুক্তঃ'' এই অংশটি প্রথমে উপস্থাপিত করেছেন। "অল্পপ্রযুক্তঃ'' এই অংশটিকে মহাভায়াকার পূর্বপক্ষীর উপস্থাপনীয় আশন্ধারণে ব্যাখ্যা করেছেন। বাতিকে যে অল্পি অপ্রযুক্তঃ' এইভাবে একবচনের প্রযোগ আছে, তাহার অর্থ' এই নয় বে 'একটি শন্ধ অপ্রযুক্ত আছে।' কিন্তু জ্ঞাতি অভিপ্রায়ে ওগানে একবচনের প্রযোগ হয়েছে। স্বতরাং শন্ধবিশিষ্ট কতক-গুলি শন্ধ অপ্রযুক্ত অব্যবহৃত, ইহাই বাতিকগ্রন্থের তাংপর্য। সেই জন্ম এই ব্যাতিকের ব্যাখ্যায় মহাভাষ্যকার "সন্তি বৈ শন্ধা অপ্রযুক্তাঃ'' এইরপ্ বছবচনের প্রযোগ করে পূর্বপক্ষীর আশন্য প্রকটিত করেছেন। পূর্বপক্ষীর বক্তব্য এই ফেব্রাতিককার ও মহাভায়কার উভয়েই পূর্বে বলেছেন 'অনাদির্দ্ধব্যবহাক্য

পরস্পরা থেকে জেনে লোকে অপরকে অর্থ ব্যাবার জন্ত শব্দ প্রয়োগ করে, ব্যাকরণশান্ত সেইথানে ধর্মনিয়ম করে—'সাধুশন্তের প্রয়োগ করেবে, অসাধু শন্তের প্রয়োগ করেবে না।' এথেকে ব্যা যাছে যে সকল শন্তের প্রয়োগ আছে বা শিষ্টেরা যে সকল শব্দ প্রয়োগ করেন সেইগুলি সাধু; সেই শব্দই ব্যাকরণ শান্ত প্রকৃতি প্রত্যায়ের বিভাগ করে ব্যংপাদন করে। অথচ এমন কভকগুলি শব্দ দেখা যাছে যেগুলিকে ব্যাকরণে ব্যুৎপাদিত করা হয়েছে, কিছু লোকে. সেইশব্দ গুলির প্রয়োগ নাই। পূর্বপক্ষী সেইরপ শব্দগুলির মধ্যে ক্যেকটির উল্লেখ করছেন, যেমন—উষ, তের, চক্র, পেচ।

পূর্বপক্ষী মনে করেছেন যে শব্দ প্রযুক্ত হয়, তাহ। সাধু হয়, যা অপ্রযুক্ত তাহা অসাধু। ব্যাকরণশাস্থ্র সাধু শব্দের ব্যংপাদন করে, অসাধু শব্দের ব্যংপাদন করে না। অপ্রযুক্ত শব্দ অসাধু। এখন ব্যাকরণ শাস্থ্য যি অপ্রযুক্ত অথাং অসাধু শব্দের ব্যংপাদন করে তাহা অপ্রমাণ হয়ে পড়বে। পূর্বপক্ষীর মনে মনে এইরপ অভিপ্রায় থাকলেও 'সব্ব কথা প্রকাশ না করে বলেছেন—'অপ্রযুক্ত অর্থাং যাহার প্রয়োগ করা হয় না এইরপ শব্দ সকল আছে, যেমন উষ, তের, চক্র, পেচ।'

পূর্বপক্ষী এইকথা বলাতে অপর কোন ব্যক্তি [বিনি, ২য় পূর্বপক্ষী অথবা পূর্বপক্ষী ও সিদ্ধান্তীর বিচারে লিপ্ত নন] বলছেন—''কিমতো বৎসন্তাপ্রযুক্তা:" ? 'অপ্রযুক্ত [অব্যবহৃত] শব্দ যদি থাকে' তাতে ভোমার কি ক্ষতি হলো? অন্ত ভটস্থ ব্যক্তির এইরূপ কথায় প্রথম পূর্বপক্ষী বলছেন—"প্রযোগাদ্ধি ভবাঞ্জনাং সাধুঅম্—নামী সাধবং স্থাঃ।'' আপনি [সিদ্ধান্তী] প্রয়োগ—থেকে শব্দের সাধুঅ নিশ্চয় করেন। উষ, ডের চক্র, পেচ—ইত্যাদি শব্দের প্রয়োগ নাই। তাহলে এই শব্দগুলির প্রয়োগ নাই বলে —ইহারা অসাধু হউক্। পূর্ব্বশক্ষীর এই কথায় তটস্থ ব্যক্তি [দ্বিতীয় পূর্বপক্ষী] বলছেন—''ইদং তাষদ্বি প্রতিষিষম্ —প্রয়োগে সাধুং ল্যাৎ" আপনার [১ম পূর্বপক্ষীর] কথা পরস্পর বিক্ষন্ধ] থেহেতু ঘট প্রভৃতি পদার্থের দ্বারা জল আনম্বন ক্রিয়া প্রভৃতি কার্য না হলেও, সেই ঘটাদির সত্তা থাকে। কিন্ত শব্দের সত্তা প্রয়োগ থেকেই জানা যায়। প্রয়োগ না হলে শব্দের সত্তা জানা ন্যেতে পারে না। অথচ আপনি বলছেন—শব্দ আছে, অপ্রযুক্ত। স্বতরাং আপনার কথা বিক্ষন্ধ। শব্দ যদি থাকে—তাহলে প্রযুক্ত হতে পারে না। আর যদি

অপ্রযুক্ত হয়, তাহলে থুঝতে হবে—শব্দ নাই। আছে অথচ অপ্রযুক্ত ইহা [শক্ষের বেলায়] বিরুদ্ধ। আপনি স্বয়ং প্রয়োগ করেই বলছেন, শক্ষ আছে কিছু অপ্রযুক্ত। আপনি নিজের কথার বিরোধ নিজে ব্রতে পারছেন ना-এই অভিপ্রায়ে তটম্ব ব্যক্তি :ম পূর্বপক্ষীকে উপহাসযুক্ত বাক্য বলছেন, আপনার জাতীয় অন্ত কোন্ ব্যক্তি আছে, যিনি এইরপ শব্দ প্রযোগে পটু ? তটস্থ ব্যক্তির এইরূপ কথায় প্রথম পূর্বপক্ষী তার পূর্বপক্ষ দৃঢ় করবার জন্ম বলছেন – "নৈতদ্বিপ্রতিষিদ্ধন্। সন্তীতি · · · · · অম্মাভিরপ্রযুক্তাঃ অর্থাৎ আমার কণা বিরুদ্ধ নয়। কারণ ব্যাকরণশান্তে প্রকৃতি প্রত্যয় প্রভৃতি **দেখে শব্দগুলির সন্তা**র অনুমান করেছি। আর আপনি [তটস্ব]যে উপহাস করেছিলেন সাপনার মত কোন ব্যক্তি এইরপ শব্ব প্রযোগে পটু ইত্যাদি। আমার উপর এই দোষও আপতিত হয় না। যেহেতু আমি 'শব্দগুলি অপ্রযুক্ত' বলেছি কিন্তু "আমি শব্দগুলির প্রয়োগ করি না" এই কথা বলি প্রথম পুরপক্ষীর এই কথা শুনে তটস্ত ব্যক্তি প্রশ্ন করছেন— "কিং তহি? শক্তলি আপনার কর্তৃক অপ্রযুক্ত নয় তে। কি? কার কর্তৃক অপ্রযুক্ত ? ইহার উত্তরে প্রথম পূর্ব পক্ষী বলছেন — "লোকে ২প্রযুক্তা ইতি।" অর্থবুঝাবার জভ্য এই শব্দগুলি লোকে ব্যবহৃত হয় না। ভটস্থ ব্যক্তির পুনরায় আক্ষেপ—''নতু চ ভবানপ্যভ্যন্তরো লোকে"। আজ্ঞে আপনিও ভো লোকের অন্তর্গত। লোকে অপ্রযুক্ত হলে আপনার কর্তৃক ও এই শব্দগুলি অপ্রযুক্ত। তা হলে মাপনি যে বলেছিলেন—'আমার কর্তৃক অপ্রযুক্ত—ইহা আমি বলছি না'—আপনার সেই বাক্য অসঙ্গত হয়ে গেল। তটস্থ ব্যক্তির এইরপ আন্দেপের উত্তরে প্রথম পূর্বপক্ষী বলছেন—''অভ্যন্তরোহহং লোকে ন ত্বহংলোকঃ" আমি লোকের ভিতরে বা লোকের অন্তর্গত কিন্তু আমি লোক নয়। অর্থ বুঝাবার জন্ম যারা শব্দ প্রয়োগ করে তারাই এখানে 'লোক' শব্দের অর্থ। আমি অর্থ বুঝাবার জন্ম 'উদ, তের' প্রভৃতি শব্দের প্রয়োগ কৰি নাই, কিন্তু শৰুগুলির কেবল স্বন্ধেরই উল্লেখ করেছি; স্থতরাং আমি লোক নয়। ইহাই প্রথম পূর্বপক্ষীর অভিপ্রায়। এইভাবে প্রথম পূর্বপক্ষী তার অপ্রযুক্ত শব্দের সত্তা স্থাপন করে—ইহাই প্রতিপাদন করল যে অপ্রযুক্ত শব্দ যথন আছে, তথন দেই অপ্রযুক্ত শব্দগুলি অসাধু; ব্যাকরণশাস্ত্র দেই সকল শব্দের ব্যুৎপাদন করায় ব্যাকরণ অপ্রমাণ হলো।। ৪১।।

মূল [বার্তিক]

অক্ত্যপ্রযুক্ত ইতি চেন্নার্থে শব্দপ্রয়োগাং॥ ২॥

[মহাভাষ্য]

অস্তাপ্রযুক্ত ইতি চেং, তন্ন। কিং কারণম্ ? অর্থে শব্দ প্রয়োগাং। অর্থে শব্দাঃ প্রযুক্ত্যন্তে, সন্তি চৈষাং শব্দানামর্থা ষেম্থের্ প্রযুক্ত্যন্তে॥ ৫০॥

তামুধাদ: — [পূর্বপক্ষ] অপ্রযুক্ত শব্দ আচে। [সিদ্ধান্ত] না; তাহা
নয়। [শহা] কারণ কি দ [উত্তর] অর্থে শব্দের প্রয়োগ হয় এই হেতুক।
[বাতিকাম্বাদ] অথে [অর্থ বুমাবার জ্ব্য] শব্দের প্রয়োগ হয়। এই
শব্দগুলির [উব, তের ইউগদি শব্দের] অর্থ আছে, যে সকল অর্থে [অর্থ বুমাবার জ্ব্য] শব্দগুলি প্রযুক্ত হয়। ৫০। [ভাগাম্বাদ]

বিরুতিঃ—'অস্তাপ্রযুক্তঃ' এই বাতিকাশের দারা পূর্বোক্তরূপে যে আশকার উত্থাপন করা হয়েছে দেই আশকাৰ উত্তর দিবাৰ জন্ম ''অস্ত্যপ্রযুক্ত ইতি চেন্নার্থে শব্দপ্রযোগাং" এই সম্পূর্ণ বার্তিক বলা হযেছে। আশস্বা হতে পারে যে ''অস্তাপ্রযুক্তঃ" এবং ''মন্তাপ্রযুক্ত ইতি চেন্নার্থে শব্দপ্রযোগাৎ" এই উভযকে বাভিক বলে স্বীকার করলে ''অস্ত্যপ্রযুক্তঃ'' অংশটি পুনরুক্ত হয়ে পডে। এর উত্তরে বলা হব ''ন অর্থে শব্দপ্রয়োগাং" এই অংশটি নিষেধ ব্ঝাচ্ছে, যার নিষেধ বুঝাবে, সেই নিষেধ্য অংশটিকে উপস্থাপিত করবার জন্ত "অন্ত্যপ্রযুক্তঃ" অংশটির উল্লেখ করা হয়েছে বলে পুনরুক্তি দোষ হয় না। ধাই হোক্ পূর্বপক্ষী আশঙ্কা করেছিল উষ ইত্যাদি শব্দগুলি আছে, অপচ লোকে প্রযুক্ত হয় না। তার উত্তরে বাতিককার এবং বাতিকের ব্যাখ্যা**কার পতঞ্চ**লি উভয়েই বললেন অর্থে অর্থাৎ অর্থবিষরক জ্ঞানেব জন্ম পদগুলির প্রয়োগ করা হয়। অন্যলোকের যাতে অর্থজ্ঞান উৎপন্ন হয়, তার জন্ম অপরে 'উষ' ইত্যাদি শব্দগুলির প্রয়োগ করেন। বাতিককার ও ভাষ্যকারের কথা থেকে বুঝা যাচ্ছে, যে 'উষ, 'তের' ইত্যাদি শব্দগুলির অর্থ আছে অর্থাৎ অর্থের জ্ঞান হয়। অর্থের জ্ঞান হয় বলে, সেই অর্থজ্ঞানের দ্বারা তাদের বাচক শব্দের প্রয়োগের অফুমান করা যায়। যেথানে বৈথানে অর্থের জান লোকের ্হয়. সেই সেই স্থলে সেই সেই অথে র বাচক শব্দের প্ররোগ দেখা যায়।
স্থতবাং "উব' ইত্যাদি শব্দগুলি, লোকে প্রযুক্ত, যেহেতু সেই সেই অথ জ্ঞানের
জ্বনক" এইরূপ অমুমানের দ্বাবা শব্দগুলি প্রযুক্ত [লোকে ব্যবস্থত] ইহাই
সিদ্ধ হয়, পূর্বপক্ষীর আশহিত অপ্রযুক্ত নয় (২১৬)॥ ৫০॥

মূল [বার্তিক]

অপ্রয়োগঃ প্রয়োগান্তবাং ॥ ৩॥

(মহাভাষ্য)

অপ্রয়োগঃ খৰপোষাং শদানাং স্থাষ্যঃ। কুতঃ ? প্রয়োগাক্তাং। যদেতেষাং শদানামর্থেহ্নাঞ্জান্ প্রযুগ্ধতে। তদ্ যথা
— উষেত্যস্ত শদস্তার্থে ক য্য়মুষিতাঃ, তেরেত্যস্তাপে কিংয ্যং
তীর্ণাঃ, চক্রেত্যস্তাপে কিংয্য়ং কৃতবস্তঃ, পেচেত্যস্যাপে—কিং
যুয়ং পক্ষরস্ত ইতি।। ৫১।।

অনুবাদ:—প্রয়োগের ভেদ আছে বলে [উষইত্যাদি শব্দের] অপ্রয়োগ [বাতিকামবাদ]। [মহাভাষ্যামবাদ]। এই শব্দগুলির [উষ ইত্যাদি শব্দের] অপ্রয়োগ যুক্তিযুক্তই। কি হেতু [কিহেতু অপ্রয়োগ ন্যায়] ? প্রয়োগের ভেদ আছে [এই হেতু]। যে হেতু এই শব্দগুলির [উষ ইত্যাদি শব্দের] অবে [অথ জ্ঞানের জন্ম] [লোকে] অন্য শব্দের প্রযোগ করে। যেমন— 'উষ' এই শব্দের অথে (অর্থ বুঝাবার জন্ম] 'ক যুষম্যিতাঃ," তের' এই শব্দের অথে 'কিং যুয়ং তীর্ণাঃ, 'চক্র' এই শব্দের অথে 'কিং যুয়ং ক্রত্বন্তঃ," 'পেচ' এই শব্দের অথে 'কিং যুয়ং কর্বন্তঃ " এই রূপ [প্রয়োগ করে] ॥ ৫: ॥

বিবৃত্তি: —পূর্ববাতিকের শেষাংশে এবং তার ব্যাখ্যারূপ মহাভায়ে বলা হয়েছে, য়েহেতু 'উষ' 'তের' ইত্যাদি শব্দের অর্থ জ্ঞান হয়, সেই হেতু সেই অর্থের বাচক শব্দের প্রয়োগ হয়, শব্দ গুলি প্রযুক্ত, অপ্রযুক্ত নয়।

⁽২১৬) অর্থে শব্দপ্রয়োগাং। অর্থসন্তাবঃ শব্দপ্রয়োগে লিক্ষম্। ন হি বিনা শব্দেনার্থ-প্রতারন্ম্পশ্রতে॥—মহাভাগ্রপ্রদীপ।

অংশ শদপ্ররোপাৎ ইতি। অর্থবিদ্য দ্জানার শদপ্রয়োগাণিতার্থঃ।—সংগভারপ্রদীপোন্দোত।
- * "ক মুদ্রং" পাঠিন্তের। 'ক মৃদং' পাঠাতর।

অনুমানের ছারা শবশুলি লোকের প্রযুক্ত বলে জানা যায়। এখন তৃতীয় সংখ্যক বার্তিকে বার্তিককার অস্তমতে উব, তের ইত্যাদি শব্দ গুলির অক্সভাবে অপ্রযুক্তত্বের আশহা করছেন। মহাভান্তকারও বার্তিক অফুসারে ব্যাখ্যা করে শব্দগুলির অপ্রযুক্তত্বের কারণবর্ণনা করেছেন। "অপ্রয়োগঃ প্রয়োগান্যভাং" এই বার্তিক বাক্যে "অপ্রয়োগঃ" এই পদের সঙ্গে "উষ, তের ইত্যাদিশস্বানাম্ লোকে" এইব্নপ বাক্যাংশ অম্বিত করে অর্থ ব্রুতে ছবে। "লোকে উষ তের ইত্যাদীনাং শব্দানাম্ অপ্রয়োগঃ" এইরূপ বাক্য হবে। স্বতরাং তার অর্থ হচ্ছে—'লোকে 'উষ 'তের।' ইত্যাদি শব্দের প্রয়োগের অভাব আছে। কি হেতু এই সকল শব্দের প্রয়োগের অভাব আছে? ইহার হেতুরণে "প্রয়োগান্যবাৎ" এই বাতিকাংশটিকে বুঝতে হবে। "প্রয়োগান্তবাৎ" এই শন্ধটির এইরূপঅর্থ —"প্রযুজ্যতে ইতি" এইরূপ অর্থে প্রউপদর্গপৃ্বক যুক্ত ধাতৃর উত্তর কর্মবাচ্যে ঘঞ্প্রত্যয় করে এপানে 'প্রয়োগ' শব্দটি নিষ্পন্ন হয়েছে ব্রুতে হবে। যাহাকে প্রয়োগ করা হয় তাহাই এথানে 'প্রয়োগ' এই শব্দের দ্বারা বুঝানো হয়েছে। কাকে প্রয়োগ করা হয় ? শব্দকেই প্রয়োগ করা হয়। হৃতরাং এথানে 'প্রয়োগ' বলতে শব্দকেই ব্রুতে হবে। "প্রয়োগ: অভঃ ষশ্র [অর্থন্স] ' দ প্রয়োগান্তঃ' তম্ম ভাবঃ প্রয়োগান্তত্বম্।" অর্থাৎ যে অর্থের বোধক অন্ত শব্দ আছে,। তাহা 'প্রয়োগান্ত'। যে অর্থ ব্ঝাবার জন্ত অন্ত শব্দের প্রয়োগ করা হয়। যেহেতু 'উষ তের' ইত্যাদি শব্দের যে যে অর্থ, সেই সেই অর্থ ব্ঝাবার জন্ত অন্তশস্ত্রের প্রয়োগ করা হয়। ইহাই 'প্রয়োগান্তবাৎ' শব্দের অর্থ (২১৭ । স্থতরাং সমগ্র বার্তিক বাক্যের অর্থ এইরূপ হলো— "বেহেতু 'উষ, তের' ইত্যাদি শব্দের ষা যা অর্থ, সেই সেই অর্থের বোধক অন্তান্ত শব্দের প্রয়োগ করা হয়, সেইহেতু 'উষ, তের' ইত্যাদি শব্দগুলির লোকে প্রয়োগ হয় না।" মহাভায়কার এই বাতি কের এইরূপ অর্থ ব্যাখ্যা করবার জন্ত বলেছেন—এইশনগুলির [উব, তের ইত্যাদির] অপ্রয়োগ স্থাযাই। 'থলু' ও 'অপি' এই ছুইটি নিপাত অবধারণাথক। উহার ক্রম ভিন্ন হবে—অর্থাৎ ''ভায্যঃ'' এইশব্দের পরে 'ধ্বপি' এইরূপ ক্রম ব্রুতে হবে। কেন স্থাব্য ? এই প্রমের উত্তরে মহাভাষ্যকার ব্যাব্যা করে ব্ঝিষেছেন—'উষ' এই-শক্ষটি বস্ নিবাদে + কত্বিচে । লিটের মধ্যমপুরুষের বছবচনের [অ] রূপ।

⁽२)१) थ्यूबाउ रेजि थातानः मनः ताश्यः रनाधिनाशि फ्वारिकारः । 🗣 नातम ।

এই 'উব' শব্দের অর্থ—'[তোমরা] বাস করেছিলে' এই অর্থ ব্ঝাবার জ্ঞালাকে— "ক যুষম্ উবিভাং" এইরপ ভিরণব্দের প্রােগ করে। এথানে 'উব' শব্দটি পরােক্ষ অভীত কালকে ব্ঝার, যেহেতু পরােক্ষ অভীতে লিট্ হর। আর "উবিভাং" এই শক্টি বস্ ধাতুর উত্তর অভীত কাল মাত্রে 'ক্ড' [নিঠা] প্রত্যের হরেছে বলে কেবলমাত্র অভীতকাল সামান্তকে ব্ঝাছে। স্করাং 'উব' এইশব্দের যা অর্থ, সেই অর্থ তাে "উবিভাং" শক্টি ব্ঝাতে পারে না। 'উবিভাং' শব্দি উব' শব্দের সমানার্থক নর। এইক্স 'উবিভাং' শব্দের সক্ষে 'ক্ড' এবং 'ব্রম্' এই হুইটি শক্ষ উচ্চারণ করা হরেছে। তাতে 'ক' এই শব্দটি পরােক্ষ অর্থকে ব্ঝাছে এবং 'ব্রম্' শব্দটি মধ্যমপুরুষের আভিম্বা এবং বছবচন ব্ঝিরে 'উব' শব্দের সমানার্থক হরে গেছে (২১৮)। 'উব' এই পদটি কত্বিচা নিক্ষা। 'উবিভাং' এই পদটিও বসধাতু অকর্মক বলে তার উত্তর কত্বিচা নিক্ষা। 'উবিভাং' এই পদটিও বসধাতু অক্মক বলে তার উত্তর কত্বিচা স্পাত্রর্থকির্মকশ্লিষশীঙ্শ্বাসবস্কনক্রকীর্যভিভাশ্ট'' [পাংশং গ্রাহা হারহে।

এইরূপ 'তের' পদটি তু **প্রবন্দন্তরণয়োঃ, ত**্রু ধাতুর সিটের কত্বিচ্যে মধ্যমপুরুষের বছবচনের রূপ [তৃ + লিট্ কড় জ], এর অর্থ, ভোমরা সম্ভরণ করেছিলে বা অতিক্রম করেছিলে। এই অর্থের জ্ঞানের জন্ত 'কিং যুধং তীর্ণাঃ' **্বিপাঠান্তর আছে রু ব্**ষংতীর্ণাঃ] এইরূপ অন্তশব্দের প্রয়ো**গ** লোকে করে থাকে। প্লবন বা সম্ভৱণ, গমনাৰ্থক বলে তৃ, ধাতুটি গমনাৰ্থক হওয়ায়, গমনাৰ্থক ধাতুর উত্তর কর্তৃবাচ্যে ঐ 'গত্যর্থাকর্মক" ইত্যাদি ক্ষত্রে ত্ধাতুর উত্তৰ কর্তৃবাচ্যে ক্ত প্রত্যয় করে 'তীর্ণাঃ' পদ সিদ্ধ হয়। এইরূপ 'চক্র' এই পদটি ডু কুঞকরণে—কুধাতুর উত্তর কর্তৃবিচ্যে পরশৈপদে লিটের মধ্যম পুরুষের বছবচনে 'থ [অ] প্রতায় করে নিষ্পন্ন হয়েছে। তার অর্থ 'তোমরা সকর্মক বলে সকর্মকধাতুর [গমনার্থকভিন্ন] *কু*ধাতু করেছিলে' উত্তর কতৃবিচ্যে ক্ত প্রত্যর হয় না বলে 'চক্র' এই পদের অর্থ ব্ঝাবার জ্বন্ত কভূবিচ্যে জ্ববতু প্রত্যয়ান্ত 'কৃতবন্তঃ' 'কিং যায়ং কৃতবন্তঃ' এইরূপ অন্তশক্ষের প্রয়োগ করা হয়েছে। এইভাবে 'পেচ' পদটিও ডুপচষ্ পাকে, পচ্ধাতৃ + লিট্

⁽২১৮) বদাপূবেতাসা উবিতা ইতি সমানার্থো ন ভবতি পরোক্ষতাদেঃ বিশেষস্যানবগমান্ত্রাণি-তৎ প্রত্যারনার পরিভয়সহিতঃ প্রবৃত্যতে —ৈকৈয়ই।

কত্মধ্যমশুক্ষ বছবচন পরশৈপদে থ [অ] প্রত্যয়ান্ত। অর্থ পূর্ববং তোমরা পাক-করেছিলে। এইধাতৃ ও সকর্মক বলে তার অর্থ বৃঝাতে "পকবন্তঃ" এইরূপণ জবতু প্রত্যমান্ত শব্দের প্ররোগ করা হয়েছে। এইজাবে 'উর' প্রভৃতি শব্দের অর্থ বৃঝাতে লোকে ঐরূপ অন্তশন্ধ যেহেতু প্রয়োগ করে, সেইহেতু প্র 'উর' প্রভৃতি শব্দের অপ্রয়োগ ন্তায্য—এই কথা বাতিককার ও মহাভাষ্যকার বলনেন। প্রথম পূর্বপন্দী অপ্রয়োগের হেতু দেখাতে না পেরে সিদ্ধান্তীর উপর দোমের আপত্তি দিয়েছিলেন; আর এই বাতি কৈ বা মহাভাষ্যে যে অপ্রয়োগের কথা আছে, সেই অপ্রয়োগের হেতু হচ্ছে অন্তশব্দের প্রয়োগ, অতএব অপ্রয়োগ ন্তায্য ইহাই এই বাত্তি ও ভাষ্যের তাৎপর্য। ৫১ ।৷

মূল [বার্তিক] অপ্রযুক্তে দীর্ঘসত্রবং॥ ৪॥ [মহাভাষ্য]

যত্তপ্যপ্রস্ক্রাস্তথাপ্যবশ্যং • দীর্ঘসত্রবল্পকণেনাক্রবিধেয়াঃ। তদ্যথা দীর্ঘসত্রাণি বার্ষশতিকানি বার্ষসহস্রিকাণি চ; ন চাতত্ত্বে কন্চিদপ্যাহরতি। কেবলম্বিসংপ্রদায়ো ধর্ম ইতি কৃষা যাজ্ঞিকাঃ শাল্পেণাকুরিদধতে।। ৫২।।

অমুবাদ:—অপ্রযুক্ত [শব্দ] বিষয়ে দীর্ঘসত্তের মত [দীর্ঘসত্ত ইদানীং অপ্রযুক্ত হলেও অন্যকালে যেমন প্রযুক্ত হোত, সেইরূপ কতকগুলি শব্দ ইদানীং অপ্রযুক্ত হলেও কালান্তরে প্রযুক্ত হোত] বিভিকার্থ]। [ভাষ্যার্থ] যদি ও [উব প্রভৃতিশব্দ] অপ্রযুক্ত [অব্যবহৃত]তথাপি দীর্ঘসত্তের মত লক্ষণের ঘারা [ব্যাকরণ শাল্পের ঘারা] সংস্কার্য। বেমন—শতবৎসরব্যাপী, সহ্ত্য-বৎসরব্যাপী দীর্ঘসত্ত্রকল [বেদ থেকে জানা যায়] কিন্তু আজকাল কোনলোকও [সেই সকল দীর্ঘসত্তের] অমুষ্ঠান করে না। কেবল ঋষিসম্প্রদায় [বেদাধ্যয়ন]ধর্ম,—এইহেতু [বিজ্ঞাণ বেদাধ্যয়ন করেন] বাজ্ঞিকগণ শাল্পের ঘারা [কল্প-শ্রের ঘারা]বলে থাকেন ॥ ৫২ ॥

বিবৃত্তি-পূর্বে বাতি ককার ও মহাভাষ্যকার পূর্বপক্ষীর মতাবলম্বনে

 ^{&#}x27;বছপাপ্রযুক্তা অবগ্যং' [তথাপি, পাঠ নাই] পাঠান্তর।

বলেছেন—'উব' প্ৰভৃতি শক্ষণ্ডলি যে অৰ্থ বুঝার সেই অৰ্থ বুঝাবার জন্ম লোকে অন্তশব্দ ব্যবহার করে, সেইজন্ত ঐ 'উব' ইত্যাদি শব্দগুলি অপ্রযুক্ত। এখন বাতিককার ও মহাভাষ্যকার উভয়েই উত্তররূপে "শবশুলি অপ্রযুক্ত হলেও 'ব্যাকরণ শাল্পে দেগুলির ব্যুৎপাদন করা যায়'' ইছা বলবার জন্ত দীর্ঘসত্তের উদাহরণ দিয়েছেন। "অপ্রযুক্তে দীর্ঘসত্তবং"—এইটি চতুর্থ বার্তিক। এর আৰ্থ হচ্ছে দীৰ্ঘসত সকণ পূৰ্বে অহাষ্টিত হোত, এখন অহাষ্টিত হয় না। অন্ত্রটিত না হলেও বেমন বেদাধ্যয়নকারী ব্যক্তিরা সেই সকল 'সত্ত্র' বেদের যে অংশে পঠিত আছে, সেই বেদাংশ অধ্যয়ন করেন এবং বাজিকেরা ্[যজ্ঞাহুষ্ঠানকারী ঋষির।] ক্লকুত্তের সাহায্যে সেই সকল দীর্ঘসত্তের কথা বলে থাকেন: সেইরূপ "উষ, তের" ইত্যাদি শব্দ সকল অপ্রযুক্ত হলেও ব্যাকরণশান্তে তাহাদের প্রকৃতি প্রত্যয়দির বিশ্লেষণ করে সেই সকল শব্দের অফুশাসন কর্তব্য বলে, ব্যাকরণশান্ত্রে তাদের ব্যুৎপাদন অক্যাধ্য নয়। আশহা হতে পারে—ব্যাকরণশাল্প প্রয়োগমূলক—প্রযুক্তশব্দ [সাধুশব্দ] ব্যাকরণস্ত্র রচনা করা হয়েছে। এখন 'উষ, তের' मकन (मर्थ ইত্যাদি অপ্রযুক্ত শব্দগুলির প্রকৃতি-প্রতায় বিশ্লেষণ করে ব্যাকরণস্ত্র যদি ঐ স্কল শন্ধের সংস্থার করে, তা হলে তো ব্যাকরণশান্ত অপ্রমাণ হয়ে পড়ে। এর উত্তরে নাগেশ বলেছেন, বর্তমানে বা পাণিনি যথন স্ত্তগুলি রচনা করেন, সেইসময় শৰ্ণুলি অপ্রযুক্ত হলেও কালান্তরে [অতীতে] শৰ্ণুলি প্রযুক্ত হত---ইহা পাণিনি দিব্যদৃষ্টি সহায়ে জেনে ঐ সকল শব্দের প্রকৃতি প্রত্যয়াদিদারা ব্যুৎপাদনের নিমিত্ত স্তা রচনা করেছেন, অতএব তাঁরস্তা অপ্রমাণ হতে পারে না (২১৯)। কল্পত্তে পাওয়া যায়-একশত বংসর বা একহান্ধার বংসর ব্যাপী এক একপ্রকার সত্ত অহাষ্ঠিত হত। জ্যোতিটোম যাগ ভিন প্রকার---একাহ, অহীন এবং সত্ত। একদিনে বে সোম্বাগ অমুষ্ঠিত হয়ে সমাপ্ত इइ, তাকে 'এकाह' वरल। একদিনের অধিক ছই, তিন, ইত্যাদিরপে ১২ দিন পর্যস্ত যে সোম্যাগ অমুষ্ঠিত হয়, তাহাকে 'অহীন' ১২ দিনের উপর, তের, চৌদ্দ দিন, একমাস, ছয়মাস, একবৎসর শত বংসর সহস্রবংসর ইত্যাদি দীর্ঘকালে অহান্তিত সোমধাগকে সত্র বলে। শত-

⁽২১৯) নৰ প্ৰযুক্তাসুশাননে নিৰ্গিছাজালগাৰ্থামাণ্যং গাদত মাহ সংগ্ৰতি ইন্তি। পানিনেৰ্ব্যাক্ষণপ্ৰণয়ন কালে ইতাৰ্থ:। মহাভাষ্যপ্ৰদীপে দ্যোত।

বংসর, সহস্র বংসর পর্যন্ত বে সত্র সকল অফুটিত হত, সেগুলিকে দিই ত বলা হয় অনেক যজ্মান মিলে সত্তের অফুটান করতেন। কাত্যায়ন শ্রোতস্ত্তে [২৪।৫।২৩—২৪] "শতসংবংসরং সাধ্যানম্। সহস্রসংবংসরং বিশ্বস্ঞাম্" ইত্যাদিরপে সাধ্যান অয়ন নামক শতবংসরব্যাপী সত্তের এবং সহস্রসংবংসর ব্যাপী বিশ্বস্ঞাময়ন নামক সত্তের উল্লেখ আছে। "অহানি বাভিসংখ্যত্তাং" [জৈ:স্থ: ৭।৩১—৪০] এই মীমাংসাস্ত্তে বংসরকে দিন বলে উল্লেখ করা হয়েছে। সহস্রবংসর মাহুষ বাঁচতে পারে না—এইজন্ত এখানে বংসর বলতে দিন বুঝতে হবে। অপরে বলেন এখন মাহুষ শতবর্ষজীবী হলেও পূর্বে মাহুষ বিশেষ করে ঋষিরা শতবংসরের অধিক সহস্র বংসর পর্যন্ত বাঁচতেন বলে এখানে বংসরের অর্থ দিন ধরবার কোন হেতু নাই। বংসর অর্থ ই এখানে গ্রাহ্য।

ঋষিসম্প্রদায় = বেদাধ্যয়ন। অন্থবিদধতে = সংস্কার করেন। অন্থবিধেয়াঃ = সংস্কারের বোগ্য।। ৫২।।

মূল

[বার্তিক]

मर्दि एम्भा छद्य ॥ ७॥

[মহাভাষ্য]

সর্বে খন্থপি এতে শব্দা দেশান্তরেষু * প্রযুজ্যন্তে। ন চৈবোপলভ্যন্তে গ। উপলক্ষো যত্নঃ ক্রিয়তাম্। মহান্ হি • শব্দস্য
প্রয়োগবিষয়ঃ—সপ্তদ্বীপা বস্থমতী, ত্রয়ো লোকাঃ, চছারো বেদাঃ
সাঙ্গাঃ সরহস্যা বহুধা ভিন্নাঃ ×, একশতমধ্বযুশাখাঃ, সহস্রবর্মা
সামবেদঃ, একবিংশভিধা বাহ্ব্চ্যম্, নবধা—থর্বণোবেদঃ, বাকোবাক্যম্, ইতিহাসঃ, পুরাণম্, বৈভক্ষিত্যতাবাঞ্জ্লস্য প্রয়োগবিষয়ঃ। এতাবন্তং শব্দস্য প্রয়োগবিষয়মনমুনিশম্য 'সন্ত্যপ্রযুক্তা'
ইতি বচনং কেবলং সাহস্মাত্রম্। এতিশ্বংশ্চাতিমহতি শব্দস্য

^{* &#}x27;ৰেশ স্তার' পাঠান্তর। + 'ন চৈত উপলতাতে' পাঠান্তর। 0 'মহান্ শনসা' পাঠান্তর। × 'বিভিনাঃ'পাঠান্তর।

প্রয়োগবিষয়ে তে তে শব্দান্তত্ত্ব তত্ত্ব নিয়তবিষয়া দৃশ্যস্তে। তদ্
যথা—শবতির্গতিকর্মা কথোজেষেব ভাষিতো ভবতি, বিকার
এনমার্যা ভাষন্তে শব ইতি। হন্মতিঃ স্থ্যাষ্ট্রেষ্, রংহতিঃ প্রাচ্যমধ্যেষ্বা, গমিমেবছার্যাঃ প্রযাঞ্জতে। দাতিলবনার্থে প্রাচ্যেষ্,
দাত্ত্রম্পীচ্যেষ্। যে চাপ্যেতে ভবতোহপ্রয়ক্তা অভিমতাঃ শব্দা
এতেষামপি প্রয়োগো দৃশ্যতে। কং বেদে। তদ্ যথা !—
সপ্তাদ্যে রেবতী রেবদ্য [ঋ সং ৪।৫১।৪], যদ্যে রেবতী
রেবত্যাং তদ্য, যত্ত্বাং নরঃ শ্রুত্যং ব্রহ্ম চক্র [ঋ সং ১।১৬৫।১১],
যত্ত্বা নশ্চক্রা জরসং তন্নাম্ [ঋ সং ১।৮৯।৯]+।। ৫৩।।

অনুবাদ :--সব (এইসব শব্দ) অন্তদেশে প্রযুক্ত হয়] [বার্তিকাছবাদ] ।। [ভায়ামুবাদ] এই সকল শব্দ অন্ত দেশে ব্যবহৃত হয়। [আশবা] এই শব্দওলির [উষ, তের ইত্যাদি শব্দের ; উপলব্ধি হয় না। [উত্তর] উপলব্ধির নিমিত্ত বত্ব কর ৷ শব্দের প্রয়োগের ত্বল বিশাল [ব্যাপক] সপ্ত্রীপসমন্থিত পৃথিবী, তিন লোক [ভূলোক, ভূবলোক স্বর্লোক], অঙ্গের সহিত, রহস্তের সহিত চার বেদ বছপ্রকার ভিন্ন ভিন্ন, - একশত এক অধ্বয়ু [যজুর্বেদের] শাথা, সামবেদ সহস্রশাখাযুক্ত, ঋগ্রেদ একবিংশতি শাখাবিশিষ্ট, অথব বিদ নয়শাখায় বিভক্ত, উক্তি প্রত্যুক্তিরপশাস্ত্র, ইতিহাস, পুরাণ, চিকিৎসাশাস্ত্র এই পরিমিত শব্দের প্রয়োগের স্থল। শব্দের এতাবৎ প্রয়োগস্থলের আলোচনা না করে "অপ্রযুক্ত [শব্দ] আছে" এই কথা বলা কেবল সাহসমাত্র [হঠকারিতামাত্র]। শব্দের প্রয়োগের এই অতি বিশাল কেত্রে, সেই সেই [নির্দিষ্ট]শব্দ সকল, সেই সেই স্থলে নিয়ত অর্থে প্রযুক্ত দেখা যায়। যেমন—গমানার্থক ভগাতু কমোজদেশেই কৰিত [ব্যবহত] হয়। আর্ধেরা ইহাকে বিকার [মৃতপ্রাণী] व्यर्थ 'नव वरन वावशांत्र करतन। इन्त्रधांकु [गमनार्थक] ख्वारहे, दश्ह धांकु পূর্বদেশে ও মধ্যদেশে, আর্ষেরা কিন্ত [গমনার্থে] গম ধাতুকেই প্রয়োগ করেন ।

 ^{* &}quot;বিকার এবৈনম" পাঠান্তর। ৪ 'ক্রাচ্যবধ্যমের্' পাঠান্তর। 'তদ্বধা' পাঠ নাই
 কল্পুন্তকে।

১ 'রেবভী রেবন্যা: অমূব' এই গাঠান্তর দেখা বার, উহা অভদ্ধ গাঠ 1

২ 'বন্মে নর: শ্রুত্যং' ইত্যাদি পাঠান্তর. **অঙ্জ।**

পূর্বদেশে দাতি [দা ধাতৃ] ছেদনার্থে, উত্তরদেশে দাত্র আর্থে [ব্যবহার করে]। আর আপনার এই যে সকল অভিমত অপ্রযুক্ত [অপ্রযুক্তরূপে অভিমত] শব্দ, উহাদেরও প্রয়োগ দেখা বায়।

[পূর্বপক্ষী] কোধার ? [উত্তর] বেদে। সপ্তাশ্তেরেবতী রেবদ্ব [হেণ্
বিজ্ঞালী দেবগণ! আপনারা 'সপ্তাশ্তে' বিত্তকে আলোকিত করেছেন]।
যথাে রেবতী রেবতাাং তদ্ব [হে বিত্তশালী দেবগণ! যাহা সম্পৎপূর্ণ,
সেইরূপ আলোকে আপনারা আমাদিগকে আগোকিত করেছেন]। যতাে নরঃ
শ্রুত্যং ব্রহ্ম চক্র [হে বীরগণ! যে প্রার্থনা ঐকান্তিকভাবে শ্রুত হয়, তােমরা
আমার জন্ম তাহা করেছ ।। যতাে নশ্চকা জরসং তন্নাম্ [যেথানে তােমরা
আমাদের শরীরের জরাকে দৃচ করেছ]।। ৫৩।।

বিবৃত্তি ঃ—বাতিকার ও মহাভায়কার পূবে ফলেছেন—''উষ, তের" প্রভৃতি শব্দগুলি প্রাচীনকালে প্রযুক্ত হত, যেমন দীর্ঘসত্ত। এখন বাতিক্কার বলছেন—এই আধুনিক কালেও সেই সকল শব্দ অভাদেশে প্রযুক্ত হয়। এই দেশে বর্তমানে প্রযুক্ত না হলেও অভাদেশে বর্তমানকালেই প্রযুক্ত হয়। স্থতরাং পূর্বপক্ষী যে বলেছিল, শন্ধগুলি অপ্রযুক্ত, পূর্বপক্ষীর ঐ কথা সম্পূর্ণ অযুক্ত। বাতিককার দেশান্তরে শব্দুগুলি প্রযুক্ত হয় বলেছেন। মহাভায়কার বাতিকের ব্যাখ্যায় বললেন—দেশান্তরে বেমন এই সকল শব্দ প্রযুক্ত হয়; সেইরূপ এই দেশেও ভিন্ন ভিন্ন শান্তে—এ সকল শব্দ প্রযুক্ত হয়। বার্তিকের 'দেশাস্তরে' শব্দটি লোকান্তর, বিষয়ান্তরের উপলক্ষণ। পূর্বপক্ষী বলছেন— "ন চৈত উপলভ্যন্তে" অৰ্থাৎ এই 'উষ তের' ইত্যাদি শ**ন্ধণ্ডলি কোথাও দেখা** যাচ্ছে না। তার উত্তরে মহা**ভা**য়তার বলেছেন—শক্তের প্রয়োগের কেত অতি ব্যাপক। এই সপ্তদ্বীপা সম্পূর্ণ পৃথিবীতে শব্দের প্রয়োগ হয়। পুরাণ শান্মে এই পৃথিবীতে সাভটি দ্বীপের বর্ণনা আছে—জমুদ্বীপ [ভারতবর্ষ জম্বু-ৰীপের অন্তর্গত], প্লক্ষীপ, শাল্মলিঘীপ, কুশ্ৰীপ, ক্রোঞ্চ্ছীপ, শাক্ষীপ এবং পুৰুরদ্বীপ। এই সমস্ত দ্বীপে লোকে শব্দের ব্যবহার করে। তিন লোক— ভূলোক, ভূবলোক এবং স্বৰ্গলোক। যদিও এই তিন লোকের মধ্যে পৃথিবী অন্তর্গত হয়েছে, তথাপি পৃথিবীতে শব্দের ব্যবহারের বাছল্য আছে বলে সপ্তৰীপা বহুমতী বলে পৃথিবীর পৃথগ্ভাবে উল্লেখ হয়েছে [নাগেশ]। ভুবলোকের হারা অতল, বিভল, স্বতল, তলাতল, বলাতল, মহাতল ও পাতাল

নামক অধোদেশে সপ্তলোকের গ্রহণ ব্রতে হবে। অর্লোকশন্তের ধারা— স্বৰ্গ, মহং, জন, তপঃ ও সত্যলোক ব্যুতে হবে। স্বভরাং তিনলোক বলতে এখানে চতুর্দশভূবন ব্ঝতে হবে। এই চতুর্দশভূবনে শব্দের ব্যবহার আছে। তারপর শব্দ দকল দমভ শাল্রে ব্যবহৃত হয়েছে। দেইসব শাল্রের উল্লেখ করেছেন মহাভাষ্যকার—প্রথমে চার বেদ। এই চারবেদের ব্যাখ্যার মহাভাষ্যকার বলেছেন – অধ্বর্ণাধা একশত এক। বজ্ঞে বজুর্বেদের মল্লের কাজই প্রধানভাবে হয়ে থাকে, এবং সেই যজুর্বেদের কাজ বিনি করেন তাঁকে অধ্বর্ বলে। এইজন্ত অধ্বর্ণাধা বলতে যজুবে দের শাধাদকল ব্যতে হবে। সামবেদ সহস্রবর্ত্মা, 'বর্ত্মান্' শব্দের ধারাও এখানে শাখাকেই ব্ঝাচ্ছে, স্বতরাং দামবেদের এক হাজার শাখ।। "একবিংশতিধা বাহনুচ্যম্" ঋথেদে সবচেয়ে বেশী মন্ত্র আছে বলে সেই বেদ ধারা পড়েন – তাঁদিগকে বহব্চ বলে। 'বহৰ্চানামায়ারঃ' অর্থাৎ বহৰ্চগণের বেদ এই অর্থে 'ঞ্য' প্রভার করে 'বাহনুচাম্' শব্দ নিষ্পন্ন হয়। স্বভরাং 'বাহনুচাম্' বলভে ঋষেদ। সেই ঋষেদের একুশটি শাখা। ''নবধা আথব'লো" অথবর্ন শব্দের উত্তর 'তেন প্রোক্তম্' হতে অণ্প্রত্যয় করে 'আপ্রব'ণ' শব্দ দিন্ধ হয়। সেই আথবর্ণ শব্দের উত্তর আবার 'ভমধীযতে' অর্থে ঠক্ প্রত্যয় করে আথব্যনিক' শব্দ নিষ্পন্ন হয়। ভারপর আবার আথর্বণিকদের বেদ এই অর্থে আথর্ব ণিক শব্বের উত্তর অণ্ প্রত্যয় এবং ইক প্রত্যয়লোপ করে 'আথব'ণঃ' পদ সিদ্ধ হয়। তার অর্থ অথব বৈদ। অথব বৈদের নয়টি শাখা। এইভাবে সমস্ত বেদ ১১৩১টি শাধার বিভক্ত ৷ তারপর বেদের অব ছয়টি—শিক্ষা, কর, ব্যাকরণ, নিক্লক, ছন্দঃ, ক্লোতিষ। রহস্ত বলতে উপনিষদ্ অংশকে ব্রতে हरत। "वारकावाकाम्" উচ্যতে ইতি वाकः भूव निक्व वहनम्। व्यर्थार वाहा বলা হয় ভাকে বাক বলে, ভার অর্থ পূর্ব পক্ষের উক্তি। 'উচ্যতে ইভি বাক্যম্ উত্তরপক্ষবচনম্। অর্থাৎ 'বাক্যম্ বলতে এখানে উত্তরপক্ষের উক্তি ব্ৰতে হবে। 'বাক-চ বাক্য: চ অনবো: সমাহার:' এইরপ সমাহার पच ममान करत 'वारकावाकाम्' भन निष्मत इरहर । रव भारत भूव भरकत उक्ति ও উত্তরপক্ষের উক্তি থাকে ভাহাকে ব্যকোবাক্যং' শাল্প বলে। অবশ্র ভগবান্ শক্ষাচার্য ছালোগ্য উপনিষদের ভাষ্যে ত**ক্ষাল্পকে 'বকোবাক্যম্'** বলেছেন। 'ইতিহাস' শব্দের অর্থ বে শাল্পে 'পূর্ব কালীন ব্যক্তিদের চরি এবর্ণনা **পাকে**

সেই শাস্ত। বেমন রামায়ণ, মহাভারত। পুরাণ – স্টি, প্রলয়, বংশাস্থ বিষয় বংশাস্থ থাকে ভাহাকে পুরাণ বলে। বৈষ্ঠক = চরক, ক্ষাত প্রভৃতি চিকিৎসা শাস্ত। মহাভাষ্যকারের এই নব উলিখিত শাস্ত্রের ঘারা অভাত্ত শাস্ত্রও তাঁহার অভিপ্রেত বলে ব্যুতে হবে। উপবেদ, ধর্মশাস্ত্র, মীমাংসা, ভায়শাস্ত্র, মহাপুরাণ, উপপুরাণ, চতু:ষষ্টি কলাবিভা, কাব্য, নাট্য ইত্যাদি শাস্ত্রও ব্যুতে হবে। অবশ্র শিষ্ট বা আগুবাক্যই গ্রাহ্ন। নান্তিক প্রভৃতির বাক্যকে মহাভাষ্যকার শক্ষের প্রয়োগের স্থলকপে গ্রহণ করেন নাই।

এই ভাবে চতুর্দশ ভূবন, বেলাদি বিশাল শাস্ত্রসমূহ শব্দের ক্ষেত্র। এই দমভ শান্ত্র আলোচনা না করে, অন্তান্ত লোকে না গিয়ে যে ব্যক্তি বলে এই শক্তালি 'অপ্রযুক্ত' তার মত মহামৃঢ় আব কে আছে—এই অভিপ্রায়ে মহাভাষ্যকার বলেছেন ঐরপ 'অপ্রযুক্ত' বলা হঠকারিতা। তারপর মহাভাষ্য-কার বলেছেন ভিন্ন ভিন্ন শব্দ আবার ভিন্ন ভিন্ন দেশে ভিন্ন ভিন্ন অর্থে ব্যবস্থত হয়। যেমন "শবভির্গতিকর্মা" ধাতৃকথনে "ইক্দিতপৌ ধাতৃনির্দেশে' এই স্আহ্নারে ইক্বা শ্তিপ্ প্রত্যয় হয়। 'শুধাতু ব্ঝাবার জন্ম শ্তিপ্প্রত্যয় করে 'শবতিঃ' এইরূপ হয়েছে। স্থতরাং 'শবতি' মানে ভ্ধাতু। গতি হবেছে কর্ম যার অর্থাৎ গভার্থক। ভ্রধাতুর গমন অর্থে কম্বোজনেশেই প্ররোগ হয়। আর আর্ধেরা বিকার অর্থেমৃত প্রাণীর দেহকে বুঝাবার জন্ত 'শব' শব্দের প্রয়োগ করেন। গমনার্থক 'হন্ম' ধাতু স্থরাষ্ট্রেই প্রযুক্ত হয়। গমনার্থক 'রংহ' ধাতৃ পূর্বদেশ ও মধ্যপ্রদেশে ব্যবহৃত হয়। আর্হেরা গমন অর্থ বুঝাবার জন্ত 'গম্ন' ধাতুরই প্রয়োগ করেন। পৃথপেশে ছেদন অর্থে দা ধাতৃর প্ররোগ হয়। আবার উত্তরদেশে 'দাতি' শব্দকে দাত্র [কাটারি] অর্থে ব্যবহার করে। এইভাবে শব্দের বিচিত্র প্রয়োগ দেখা যায়। আব পৃবৰ্পকী যে, উষ, তের, চক্র পেচ' প্রভৃতি শব্দকে অপ্রযুক্ত বলেছিলেন,— মহাভাষ্যকার সেই শক্তালি বেদে প্রযুক্ত আছে—ইহা দেখাবার জন্ত 'তের' এবং 'পেচ' শব্দের উল্লেখ নাই তথাপি এইরূপ বেদ পাওয়া যাবে যে (तनवारका के घुटेंगि नत्कत अत्याग (नथा वार्त, क्षेट्रे अखिशायटे महाजावा-কারের বুঝতে হবে। তা ছাড়া তো ভিনি শব্দের বিশাল ক্লেবের উরেখ करतरहन। इष्ठद्वार अयन अध्यक्त मुक नाहे, भागिनि, दांत अञ्चामन

করেছেন। অতএব প্রযুক্ত শব্দেরই অনুশাসন করার পাণিনি ব্যাকরণ প্রমাণ॥ ৫৩॥

মূল

[মহাভাষ্য]

কিং পুনঃ শব্দস্য জ্ঞানে ধম´আহোঝিং প্রয়োগে ? কশ্চাত্র বিশেষঃ ?

[বার্তিক] জ্ঞানে ধম´ইতি চেত্তথা২ ধম´ঃ॥ ৬॥ [মহাভাষ্য]

জ্ঞানে ধম'ইতি চেত্তথাইধর্মঃ • প্রাপ্নোতি। যোহি শব্দাঞ্জানাত্যপশব্দানপ্যসৌ জানাতি। যথৈব শব্দজ্ঞানে ধর্ম এবমপশব্দজ্ঞানেইপ্যধর্মঃ। অথবা ভূয়ানধর্মঃ প্রাপ্নোতি। ভূয়াংসো হুপশব্দা
অল্পীয়াংসঃ শব্দাঃ। একৈকস্য শব্দ্য বহবোইপভ্রংশাঃ। তদ্যথা—
গৌরিত্যস্য গাবী গোণী গোতা গোপোতলিকেত্যেবমাদয়োইপভ্রংশাঃ

11 68 11

অনুবাদ: — [পূর্বপক্ষ] শব্দের জ্ঞানে ধর্ম অথবা প্রয়োগে [ধর্ম] ?
[অপর পূর্বপক্ষ] এখানে [শব্দের জ্ঞান বা প্রয়োগ বিষয়ে] বিশেষ [ডেদ]
কি ? (ভাষ্যান্সবাদ)

[পূর্ব'পক্ষরপ বার্তিক] যদি জ্ঞানে ধর্ম ইহা [বল] তাহলে অধর্ম [ও প্রাপ্ত হয়] ।। ৬॥ [বার্তিকাছবাদ]

(ভাব্যামুবাদ স্ভানে ধর্ম—ইহা যদি হয়, সেইরূপ অধর্ম প্রাপ্ত হয়। যে,
শক্ষ সকল [সাধুশকা] জানে, সে, অপশক্ষসকল ও [অসাধু শক্ষও] জানে।
শক্ষজানে [সাধুশকানে] যেমনই ধর্ম [হয়], অপশক্ষজানেও এইরূপ
অধর্ম [হয়], অথবা বহুতর অধর্ম প্রাপ্ত হয়। যেহেতু অপশক্ষ বহুতর
[অধিকসংখ্যক]; শক্ষ (সাধুশক্ষ) অল্লতর [অল্লসংখ্যক]। এক একটি
সাধুশক্ষের বহু অপশ্রংশ [আছে]। যেমন—'গেটি' এই সাধুশক্ষের গাবী,

 ^{&#}x27;ख्यार्यदर्शिंशीं गांशिकत ।

গোণী, গোতা, গোপোতলিকা—ইত্যাদি প্রকার অপস্রংশ সকল [আছে]॥ ৫৪ ॥

বিবৃত্তি:---মহাভায়কার প্রথমেই 'শকাহুশাসন' শান্ত আরম্ভ করা হচ্ছে वर्**ण--- मर्ल्य श्वत्र**भ, मञ्ज्ञात्मित्र श्राम्यत्म कथा वर्ण वर्गकद्रभमाञ्च अधायन উচিত—ইহা দেখিছেচেন। ভারপর ব্যাকরণশান্ত্র কিভাবে শব্দের উপদেশ করে—তাহা বিশেষভাবে প্রতিপাদন করে, শব্দের প্রকার ভেদ, অর্থের স্বরূপ, শব্দ, অর্থ ও তাহাদের সম্বন্ধের নিত্যতা প্রতিপাদন পূর্বক শব্দ প্রয়োগের শোকব্যবহারপূর্ব কল্প কীর্তন করে ব্যাকরণের ধর্মনিয়মকারকতা প্রদর্শন করেছেন। তারপর 'অপ্রযুক্ত শব্দের সংস্কারজনকতানিবন্ধন ব্যাকরণশাস্ত্র অপ্রমাণ'-এই প্রকার পুর্বপক্ষীর আশঙ্কা খণ্ডন করে শব্দের প্রযুক্ততা স্থাপন করেছেন। এখন সাধুশব্দের জ্ঞানে ধর্ম অথবা প্রয়োগে ধর্ম-এই বিষয়ে দিদ্ধান্ত স্থাপনের নিমিত্ত প্রথমে পূর্ব পক্ষ বার্তিক অমুসারে পূর্ব পক্ষীর আশঙ্কা প্রদর্শন করছেন—"কিং পুন: শব্দশু জ্ঞানে ধর্ম জাহোন্থিৎ প্রয়োগে" ? সাধু-শব্দের জ্ঞান থেকে ধর্ম উৎপন্ন হয়, অথবা জেনে প্রয়োগ বা ব্যবহার করলে ধর্ম উৎপন্ন হয় ? এইরূপ পূর্ব পক্ষীর বাক্য শুনে, তটস্থ কোন ব্যক্তি অথবা ষিতীয় কোন পূর্বপক্ষী—জিজ্ঞাসা করছেন—"কশ্চাত্ত বিশেষঃ ?" অর্থাৎ শব্দের জ্ঞান মাত্র থেকে যদি ধর্ম হয়, অথবা জ্ঞানপূর্বক শব্দের প্রয়োগ ্ উচ্চারণ] থেকে যদি ধর্ম হয়, তাহলে বিশেষ বা প্রভেদ কি ?

ইহার উত্তরে পূর্ণপক্ষ রূপে বাতিককার বলেছেন – সাধুশব্দের জ্ঞান থেকে যদি ধর্ম হয় বলে স্থীকার করা হয়, তাহলে অধর্মও হবে। "জ্ঞানে ধর্মঃ অথবা প্রয়োগে" এইরূপ স্থলে সপ্তমীর অর্থ 'জনকতা' বলে বুঝতে হবে। অর্থাৎ সাধুশব্দের জ্ঞান ধর্মের জনক বা প্রয়োগা. ধর্মের জনক। বাতিকে যে বলা হয়েছে—"জ্ঞানে ধর্ম ইতি চেৎ, তথা অধর্মঃ" এর যথাশ্রুত অর্থ হছে—'সাধুশব্দের জ্ঞান যদি ধর্মের জনক হয়, তাহলে সেইরূপ অধর্মের জনক হবে।'' কিছু যাহা ধর্মের জনক, তাহা আবার কিরূপে অধর্মের ক্লনক হবে। ' ধর্ম ও অধর্ম প্রক্ষার বিক্ষার বলে, যেই বন্ধ ধর্মের জনক হয়, সেই বন্ধ অধর্মের জনক হতে পারে না! অত্তএব বার্তিকগ্রন্থ জসক্ষত মনে হয়। এইরূপ আশহা হলে মহাভাষ্যকারের কথা শ্বরণ করতে হয়। মহাভাষ্যকার পূর্বে বলেছিলেন—"ব্যাধ্যানতো বিশেষপ্রতিপত্তি নি হি সন্দেহাদলক্ষণম্" ব্যাধ্যা থেকে শব্দের

বিশেষ অর্থের জান হয়, সন্দেহবণত লক্ষণ বা লক্ষণবাক্য অলক্ষণ হয় না এইজন্ত মহাভাৱকাৰ উক্ত বাভিক গ্রন্থের ব্যাখ্যা করে বলেছেন—শঙ্কের অর্থাৎ দাধুশব্দের জ্ঞান অর্জন করতে গেলে, তার আমুষ্টিক ভাবে অদাধু শব্দের ক্ষান অবর্জনীয়ভাবে অজিত হয়ে যায়। ব্যাকরণ শাস্ত্র থেকে প্রকৃতি প্রত্যয়াদির বিশ্লেষণজনিত সাধুশক্ষে জ্ঞান হলে সেই সাধু শব্দ ভিন্ন অন্ত শব্দগুলি যে अत्राधु এই क्यान मल मल इत्रहे. তाকে वर्জन कडा शास्त्र ना। जाइल अथन সাধুশব্দের জ্ঞান থেকে যদি ধর্ম স্বীকার করা হয়, সাধুশব্দের জ্ঞানের অবশ্রস্তাবী রণে অজিত অসাধু শব্দের জ্ঞান থেকে অধর্মও হবে; অধর্ম অবশ্রই স্বীকার করতে হবে। এইরূপ অর্থ করার বাতিক গ্রন্থ অসকত হয় না। মহাভাগ্রকার এই কথা বলে, তারপর বলেছেন; অসাধু শক্তরান থেকে কেবল অধর্ম হবে —এইমাত্র নয়; কিন্তু অধিক অধর্ম হবে। কারণ সাধু শব্দের অপেকা অসাধুশস্বের সংখ্যা অনেক বেণ। একটি সাধু শব্দকে জানলে সেই সাধু শব্দের পর্বায় অসাধু শব্দ অনেক থাকায়, অনেক অসাধু শব্দের জ্ঞান অবশ্যস্তাবী হবে। তাতে একটি সাধুশব্দের জ্ঞানথেকে যদি একটি ধর্ম হয়, তাহলে তার পর্যায় অনেক অসাধু শব্দের জ্ঞান থেকে অনেকগুলি অধর্ম হবে। একটি সাধু শব্দের জ্ঞানজন্ত একটিধর্ম যদি, অসাধু শব্দজ্ঞানজন্ত অধর্মসমূহের মধ্যে একটি অধর্মকে নষ্ট করে—ইহা স্বীকার করা হয়, তাহলেও অসাধু শন্ধ অনেক বলে, তজ্জ্ব অধর্মের সংখ্যার আধিকাই সিদ্ধ হবে। অসাধু শব্দের সংখ্যা যে অনেক বেশী তাহা জানাবার জন্ম মহাভান্যকার বলেছেন 'গৌঃ' এই একটি সাধু শব্দের অপভ্রংশ রূপ অসাধু শব্দ গাবী, গোণী, গোতা, গোপোতলিকা ইত্যাদি আছে। স্তরাং সাধুশব্দের জ্ঞানে ধর্ম স্বীকার করলে উক্তরূপে বহু অধর্মণ্ড উপস্থিত হবে বলে স্বীকাব করতে হবে।। ৫৪।।

> মূল [বার্তিক]

আচারে নিয় 🗀 ॥ ।।।

[মহাভাষ্য]

আচারে পুনশ্বিনিয়মং বেদয়তে—''তেহস্থরা হেহলয়ো হেহলয় ইতি কুর্বস্তঃ পরাবভূব্" রিতি॥ ৫৫॥ জমুবাদ :— [শব্দের] প্রয়োগে নিয়ম [সাধুশব্দ প্রয়োগ করবে অসাধুশব্ধপ্রয়োগ করবে না—এইরপ নিয়ম] ॥ १॥ [বার্তিকাম্বাদ]। [ভাছাম্বাদ]
বেদ [শব্দের] প্রয়োগ বিষয়ে নিয়ম জানান—সেই অস্বরেরা হে জলিগণ,
হে জলিগণ—এইরপ উচ্চারণ করে পরাঞ্চিত হয়েছিল ॥ ৫৫॥

বিরুত্তি:—শব্দের [সাধুশব্দের]জ্ঞানে ধর্ম স্বীকার করলে, শব্দের জ্ঞান লাভ করতে গেলে অসাধুশব্দের জ্ঞান অবগ্রন্থাবী বলে সাধুশব্দের জ্ঞান থেকে থেমন ধর্ম হবে, দেইরূপ অসাধুশন্দের জ্ঞান থেকে অধর্মও হবে। এই হেতু— শব্দের জ্ঞানে ধর্ম = এই পক্ষটি যুক্তিযুক্ত নয়। এই পক্ষটি বেদবিরুদ্ধ (২২০)। '**স্বত**এব বাতিককার ''শব্দের প্রয়োগে ধর্ম'' এই পক্ষে নিয়মের ক**থা** বলেছেন "'আচারে নিয়ম:" এখানে বাভিকে'আচার' শব্দের অর্থ 'প্রয়োগ'। স্থভরাং শব্দের অর্থাৎ সাধুশব্দের প্রয়োগে [উচ্চারণে] নিয়ম আছে বা নিয়ম জ্ঞাপিত হয়েছে। মহাভান্তকার বার্তিক গ্রন্থের ''নিয়ম" এর ব্যাখ্যা করেছেন "মাচারে পুন ঋষি নিয়মং বেদয়তে"। মহাভাষ্যের ঋষি শব্দের অর্থ বেদ। যেহেতু ''তেহস্থরা" ইত্যাদি বেশবাক্য ঋষিকত্ ক রচিত নয়। যদিও মহাভাষ্যকার বেদসমূহ বিভিন্ন ঋষি প্রণীত বলেছেন, তথাপি তাহা সর্বদম্মত নয় বলে, ঋষিশব্দের এখানে 'বেদ' অর্থ গ্রহণ করা হয়েছে। বেদ নিয়ম জ্ঞাপন করেছেন - এই কথা বলে মহাভাষ্যকার "তেহস্তরা: হেহলয়ে হেহলয়:" ইত্যাদি" শ্রুতি উদ্ধত করে নিয়মের জ্ঞাপন ব্ঝিয়ে দিয়েছেন। অহ্বেরা "হেংলয়ো হেংলয়:" ইভ্যাদি অশুদ্ধ বা অসাধু শব্দ উচ্চারণ করার ফলে পরাব্দিত হয়েছিল। এ (थरक त्या यात्म् त्य ष्यमाधूनत्मत अः त्यान त्थरक ष्यस्त्रतमत ष्यध्य 'हर्विहन। এ থেকে আরও বুঝা গেলে যে—'দাধুশব্দের প্রয়োগ থেকে ধর্ম হয়।' স্ক্তরাং ''তেহহুরা:'' ইত্যাদি শ্রুতি থেকে এই নিয়ম জ্ঞাপিত হল ''সাধুশন্ধের প্রয়োগ করবে, অসাধুশব্দের প্রয়োগ করবে না।" এখানে এই নিয়মই বার্তিককারের বার্তিকের তাৎপর্য। এই সম্বন্ধে বিশদ বিবরণ :৩ সংখ্যক মহাভায়ের বিবৃতিতে দ্রষ্টব্য। সাধুশব্দের প্রয়োগ থেকে যে ধর্ম হয়—তার জ্ঞাপক অন্ত-শতিও পূর্বে উল্লিখিত হয়েছে—''একঃশব্ধ: সম্যপ্তজাতঃ স্থপ্রযুক্তঃ স্বর্গে লোকে চ কামধুগ্ ভবতি।"॥ ৫৫॥

⁽২>•) এবং চ প্ররোগাদেবাধর্যকর্মোংগীতি জ্ঞানাক্ষর ইতি বেদবিক্লক্ষরিতি ভাবং।—
সংভাষাপ্রকীপোক্ষোত।

মূল
[মহাভাষ্য]
অস্ত তৰ্হি প্ৰয়োগে।
[বাৰ্তিক]
প্ৰয়োগে সৰ্বলোকস্য ॥ ৮ ॥
[মহাভাষ্য]

যদি প্রয়োগে ধর্ম:, সর্বো লোকোহভূদেয়েন ব্জ্যেত।
কশ্চেদানীং ভবতো মংসরো যদি সর্বো লোকোহভূদেয়েন যাজ্যেত ?
ন খলু কশ্চিমংসরঃ। প্রয়োনথ ক্যং তু ভবতি। ফলবতা চ নাম
প্রয়াজেন ভবিতব্যম্। ন চ প্রয়াজঃ ফলাদ্ ব্যতিরেচ্যঃ। নমু চ যে
কৃতপ্রয়াজে সাধীয়ঃ শব্দান্ প্রয়োক্যাজে, ত এব সাধীয়োহভূদেয়েন
যোক্যাজে।

ব্যতিরেকোহপি বৈ লক্ষ্যতে—দৃশ্যন্তে হি কৃতপ্রযন্ত্রাশ্চাপ্রবীণাঃ, অকৃতপ্রযন্ত্রাশ্চ প্রবীণাঃ। তত্র ফলব্যতিরেকোহপি স্যাং॥ ৫৬॥

আকুবাৰ: — [মহাভায়] তা হলে [শব্দের] প্রয়োগে [ধর্ম—এই পক্ষ]
হউক [বীকৃত হোক]। [বাতি কি] প্রয়োগে [ধর্ম এইপক্ষে] সকল
লোকের [ধর্ম প্রসদ হবে]। [মহাভাষা] যদি [শব্দের] প্রয়োগে ধর্ম হয়,
তা হলে সকল লোক [মাছ্য] অভ্যাদয়ের [ব্যাদি] বারা যুক্ত হবে। [পূর্বপক্ষ]
যদি সমস্ভ গোক অভ্যাদয়ের বারা যুক্ত হয় [তাতে] এখন আপনার বেষ কেন ?
[উত্তর] না আমার বেষ নাই। প্রয়েরে ব্যর্থতা হয়। প্রয়ম্ম কলকনক হওয়া
উচিত। প্রয়ম্ম কলবানে পাকবে না এটা ঠিক নয়।

[পূর্বপক্ষ] যাহারা প্রযন্ধ করে তাহারা সাধুতরভাবে [উত্তমরূপে] শব্দের [সাধুশব্দের] প্রয়োগ করবে, এবং তাহারাই [উত্তমরূপে] অধিকতর অভ্যুদরের ঘারা মুক্ত হবে? [উত্তর] ব্যতিরেকও দেখা যায়—দেখা যায় যারা [ব্যাকরণশান্মে] প্রযন্ধ করে তায়া [শব্দপ্রয়োগবিষয়ে] অকুশল [হয়], আর যারা [ব্যাকরণে] প্রযন্ধ করে না, তারা [শব্দ প্রয়োগে] কুশল হয়। সেইস্থলে। শব্দপ্রয়োগের কুশলতা ও অকুশলতায়] ফলের ব্যতিরেক ও হবে।। ৩৬।।

বির্ত্তি-পূর্বে বার্তি ককার এবং মহাভাষ্যকার শব্দের প্রয়োগে নির্মের কথা বলেছেন। তাতে মহাভাষ্যকার নিক্তের মতামুসারে বলছেন—"অস্ক তহি প্রয়োগে" অর্থাৎ শব্দের জ্ঞানে ধর্ম অথবা প্রয়োগে ধর্ম—এই তৃই পক্ষের মধ্যে 'জ্ঞানে ধর্ম' এই পক্ষে দোষ বলা হয়েছে। ঐ পক্ষে যদি দোষ থাকে-আর প্রয়োগে বদি নিয়মই থাকে তা হলে "শব্দের প্রয়োগে ধর্ম হয় ' এইপক্ষই স্বীকার করা হউক। ইহার উত্তরে অথবা এইরূপ আশহার উত্তরে বাতি ককার শব্দের প্রয়োগপকে দোষের আপত্তি দিছেন—'প্রয়োগে সর্বলোকশু।" "শব্দের প্রয়োগে ধর্ম" এইপক্ষ স্বীকার করলে সকল লোকের ধর্ম ও তজ্জন্ত . জভাুদয়ের [স্বর্গাদির] প্রসন্দ হবে। মহাভাষ্যকারও এই বার্ভিকের ব্যাখ্যায় বললেন—যদি শব্দের প্রয়োগে ধর্ম স্বীকার করা হয়, তাহলে সব লোক অভ্যুদয় প্রাপ্ত হবে। বাতি ককার ও মহাভাষ্যকারের এই কথায় কোন পূর্বপক্ষী বলছেন—'কশ্চেদানীং……মুদ্রেত গু' বদি সাধুশন্দের প্রয়োগকরে ধর্মজ্ঞ ত অভূটিয়—সকল লোকের সম্ভাবিত হয়, তাহলে তো সেটা কোন দোষের নয়, পরস্ক তাহা মঙ্গলেরই হেতু হয়। আপনার [বাতি কিকারের ও ভাষ্যকারের] ত'তে [সকলের অভ্যুদয় প্রাপ্তিতে] দ্বেষ কেন ? ইহার উত্তরে মহাভাষ্যকার বলেছেন—''ন ধলু কশ্চিৎ……ন চ প্রযন্তঃ ফলাদ্ ব্যতিরেচ্যঃ"। না, আমার **८चर नार्टे । मकन लारक अ**ज्ञानय श्राश्च श्रद — এইটা দোষ नय, किन्न श्रद्धारिश ধর্ম স্বীকার করলে প্রযন্ত্র অর্থাৎ ব্যাকরণ শাস্ত্রে প্রযন্ত্র ব্যর্থ হবে। আমি ব্যর্থতা **एमारबंद कथा** है वन्नि । **भरकद श्रायारिश धर्म हर्रन एकन व्याकद्रवन्मार**खद অধ্যয়নপ্রয়ন্ত্র ব্যর্থ হবে ? এই প্রশ্নের উত্তরে মহাভাষ্যকার প্রয়য়ের ব্যর্থ তার কথা বলেছেন। অভিপ্রায় এই, শব্দের প্রয়োগে ধর্ম হলে সকল লোক শব্দের প্রয়োগ করে ধর্মলাভ করবে। যারা ব্যাকরণ শান্তাধ্যয়নে প্রয়ত্ব করে নাই, তারাও শব্দের প্রয়োগ করে ধর্মপ্রাপ্ত হবে, আর ব্যাকরণ শাস্ত্রে প্রথম্ব করে, শব্দের প্রয়োগ হারা করবেন তাঁরাও তুল্যভাবে ধর্মপ্রাপ্ত হবেন। ব্যাকরণ শাল্পের অধ্যয়নে প্রষত্ম বার্থ হল। কারণ ব্যাকরণ শাল্পের অধ্যয়নে প্রবন্ধ করে যদি ধর্ম বা তজ্জন্য অভ্যুদয় প্রাপ্ত হ ওরা যায়, ভাহলে ব্যাকরণে প্রমন্ত্রতি আর অভ্যুদরের কারণ হবে না। স্থতরাং ব্যাকরণে প্রমন্থ বার্থ হবে। অশ্বয় ও ব্যতিবেকের শ্বারা কারণতা নির্ণয় হয়। তৎসূত্রে তৎসভা— হচ্ছে অন্বয়। তদসতো তদসতা হচ্ছে ব্যতিরেক। বেমন মৃত্তিকা সত্তে

